Barcode - 4990010204956
Title - Bengal Legislative Assembly Proceedings (1998) vol.111, no. 2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1146
Publication Year - 1998
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13

Vol. 111 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and Eleventh Session

(March, 1998)

(The 25th, 26th, 27th, 28th, 30th March 1998)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in
West Bengal Legislative Assembly

Price Rs. 237/-

Vol. 111 No—II

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Hundred and Eleventh Session

(March, 1998)

Acc. No. 9868
Date 1.11.2001
Call No. 328 BL/v. 111 No II (98)
Price Rs 237/-

(The 25th, 26th, 27th, 28th, 30th March 1998)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## SHRI K.V. RAGHUNATHA REDDY

## Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department. Hill Affairs Deptt.
2. Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department.
4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department.
5. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department and Science & Techonology Department.
6. Shri Santi Ghatak, Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department.
7. Shri Subhas Chakraborti, Minister-in charge of Transport Department, & Sports Department.
8. Shri Mohammad Amin, Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Department of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation.
10. Shri Gautam Deb, Minister-in-charge of Department of Housing and Public Health Engineering.
11. Shri Partha De, Minister-in-charge of Department of Health & Family Welfare.
12. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce & Industries Department.
13. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge of Department of Higher Education.
14. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Food processing, Horticulture and Sundarban Affairs Department.
15. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of S.C., S.T. & OBC Welfare

16. Smt. Chhaya Bera, Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI

17. Shri Asok Bhattacharya Minister-in-charge of Department of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning.

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Department of Youth Services, Environment and Tourism

19. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation.

20. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture)

21. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Irrigation & Waterways Department.

22. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department.

23. Shri Nanda Gopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation and Development Department.

24. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Fisheries Department.

25. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Department.

26. Shri Upen Kisku, Minister of State for S.C.S.T. and OBC Welfare Department

27. Shri Pratim Chatterjee, Minister of State for Department of Fire Services.

28. Shri Mrinal Banerjee, Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction.

29. Shri Pralay Talukdar, Minister-in-charge of Cottage & Small Scale Industries Department.

30. Shri Bansa Gopal Choudhury, Minister-in-charge of Department of Technical Education & Training

31. Shri Anisur Rahaman, Minister-in-charge of Animal Resources Development Department.

32. Shri Nisith Adhikary, Minister-in-charge of Law and Judicial Department.

33. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forests Department.

34. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department.

35. Shri Birendra Kumar Maitra, Minister-in-charge of Agriculture Marketing Department

36. Shri Satya Ranjan Mahata, Minister-in-charge of Relief Department.

37. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Social Welfare & Jails Department.

38. Smt. Anju Kar. Minister of State of Mass Education Extention Department.

39. Shri Maheswar Murmu, Minister of State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department.

40. Shri Nimai Mal, Minister of State Department of Library Services.

41. Dr. Shrikumar Mukherjee, Minister of State of Civil Defence Department.

42. Shri Kamalendu Sanyal, Minister of State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department.

43. Shri Susanta Ghosh, Minister of State of Transport Department.

44. Smt. Minati Ghosh, Minister of State of Health & Family Welfare Department.

45. Smt. Bilasi Bala Sahis, Minister of State of Forests Department.

46. Shri Ganesh Mondal, Minister of State of Irrigations & Waterways Department.

47. Shri Monohar Tirkey, Minister of State of Public Works Department.

48. Shri Dhiren Sen, Minister of State of Excise Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

**SECRETARIAT**

**Secretary : Shri Sudhangshu Ranjan Chattopadhyaya**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdul Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
4. Abu-Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri, (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankure, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
18. Bagdi, Shri Natabar [241 - Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142- Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Calcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28. Banerjee, Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)—Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rash Behari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39 Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
4[illegible]. [illegible]kat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee. Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
[illegible]. Bhattacharjee, [illegible] Sudhir (118-Falta—South 24 Parganas)
44. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [1[illegible] Bis[illegible]pur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC) Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61 - Nadia Murshidabad)
49. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
51. Biswas, Shri Kanti [89-Sandeshkhali (S[illegible])—North 24-Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora[illegible]ra)
55. Bose, Shri Shyama Prosad (271-Burdwan Sou[illegible]—Burdwan)
56. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur—South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)
68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Ranigunj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankura)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Shibprasad (272-Khandaghosh (SC)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283- [illegible]nur (SC)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—H[illegible]oghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)—North Dinajpur[illegible]
83. Das, Shri Nirmal [illegible]-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

## *Alphabetical List of Names of Members of the* West Bengal Legislative Assembly

87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri S[illegible]indra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das, Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24 Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)
101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himagshu (279-Purbasthali—Burdwan)
108. Duta, Shri Sabuj (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [199-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Paganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabinda (171-Uluberia South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West--Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (284-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla--Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]
132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]
134. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura]
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]
136. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Golsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

146. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]
152. Kundu, Shri Ranji (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum]
156. M. Ansar Uddin, Shri (167-Jagatballavpur—Howrah)
157. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar (210-Contai North—Midnapore)
166. Mainul Haque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]
171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)

## Alphabetical List. of Names of Members of the West Bengal Legislative Assembly

176. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Ram Chandra [290-Khejuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manikchak—Malda)
182. Mandal, Shri Subhas (286-Bhatar—Burdwan)
183. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque, Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab, Shri (52-Suti—Murshidabad)
187. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapur)
192. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas]
193. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
197. Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
203. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
204. Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Kamal (182-Chandanagore—Hooghly)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)
215. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)
216. Mukherjee, Shri Samar (43-Ratua—Malda)
217. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
218. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
219. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Calcutta)
220. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)
221. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
222. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
223. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
224. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)
225. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
226. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
227. Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)
228. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
229. Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)
230. Nazmul Haque, Shri, (225-Kharagpur Rural—Midnapore)
231. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
232. Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]
233. Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]
234. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Mushidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Setalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24 Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)—Purulia]
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Smt [illegible] Kamalendu (70 Pal[illegible]ra—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sa[illegible]k[illegible] Howrah]
270. Saren, Shri Subhas Chandra [299-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24 Parganas)
272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24 Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbor—South 24-Parganas)
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—South 24-Parganas]
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra-Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Monohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24 Parganas)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 25th March, 1998 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 10 Ministers of State and 157 Members.

[11-00 - 11-10 a.m.]

### Starred Questions
### (to which Oral Answers were given)

### স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার জন্য আবেদন ফি

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চাকুরি প্রার্থীদের স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার জন্য আবেদন করতে হলে ২৫০ টাকা ফি দিতে হবে; এবং

(খ) সত্যি হলে, চাকুরি প্রার্থী বেকার যুবক-যুবতীদের কথা বিবেচনা করে এই ফি ধার্যের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) হ্যাঁ, শুধু তফসিলি জাতি ও উপজাতি প্রার্থীর ক্ষেত্রে ফি ৬০ টাকা।

(খ) বিষয়টি বিবেচনাধীন আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে, এই সার্ভিস কমিশনের পরীক্ষার ফি কমাবার কথা সরকারের বিবেচনাধীন আছে। আমার প্রশ্ন হচ্ছে, এই যে ২৫০ টাকা, এটা কি তুলে দেবেন বা কমিয়ে একটা নির্দিষ্ট ফি ধার্য করবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** পরীক্ষার জন্য কতটা ব্যয় হবে, কতটা আয় হবে, সবটা দেখে একটা সিদ্ধান্ত নেওয়া হবে যে কতটা তুলে দেওয়া হবে। গোটা বিষয়টা খোলা মনে বিচার-বিবেচনা করে করা হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি যতদুর জানি যে, অর্থ দপ্তরের এই সরকারের একটা গভর্নমেন্ট অর্ডার আছে এবং তাতে পরীক্ষার ফি সরকার ধার্য করবে না। এ ক্ষেত্রে আমার জিজ্ঞাস্য যে সরকারের অর্থ দপ্তর সেই নির্দেশ লঙ্ঘন করে এবং যেখানে পি. এস. সি এবং অন্যান্য ক্ষেত্রে পরীক্ষার ফি নেয়, সেখানে এই সার্ভিস কমিশনের ক্ষেত্রে এই রকম উচ্চহারে ফি ধার্য করলেন কেন? বিষয়টি যদি বিবেচনাধীন থাকে তাহলে যাদের কাছ থেকে এই বছর এই বাড়তি ফি নেওয়া হয়েছে সেই বাড়তি ফি কিভাবে ফেরত দেবার কথা ভাবছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** চাকুরীর ক্ষেত্রে প্রার্থী নির্বাচন করার ব্যাপারে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে কলেজ সার্ভিস কমিশন আছে, সেখানে এই প্রার্থীদের বাছাইয়ের কাজ হয় এবং এই ব্যাপারে আংশিক একটা টাকা সংগ্রহ করা হয়। এটা অন্যান্য রাজ্যে আছে এবং আমাদের রাজ্যেও আছে। এক্ষেত্রে স্কুলগুলির শিক্ষক বাছাই করার জন্য যে টাকা ব্যয় হবে তা সংগ্রহ করার জন্য একটা অংশ ফি হিসাবে ধার্য করা হয়। এ বছর যে ফি নেওয়া হয়েছে তার টাকা ফেরত দেবার বিষয় বিবেচনাধীন নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা দেখছি যে, এই সার্ভিস কমিশনে যারা দরখাস্ত করেছে তাতে প্রার্থীর সংখ্যা ৪ লক্ষ ছাড়িয়ে গেছে। বাস্তবিক পক্ষে কত প্রার্থী এই চাকুরির জন্য আবেদন করেছেন এবং এই ফি-এর ভিত্তিতে সার্ভিস কমিশনের বা সরকারের কত টাকা প্রয়োজন হচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে চারটি আঞ্চলিক কমিশন আছে তাদের কাছে জমা পড়বে তাদের কাছ থেকে হিসেবটা এখনও সরকারের কাছে আসেনি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** শিক্ষক কমিশনের মাধ্যমে নিয়োগ হবে, কিন্তু ডাইড-ইন-হারনেস ক্ষেত্রে কি হবে? আগে আমরা জানতাম ডাইড-ইন-হারনেসের ক্ষেত্রে ডি. আই. এ.-র কাছে একটা পুল থাকে এবং সেখান থেকে নিয়োগ করা হয় ওয়ারিশানদের। আমার প্রশ্ন, এখন এই সার্ভিস কমিশনের মধ্যে দিয়েই কি ডাইড-ইন-হারনেস কেসগুলি আসবে, নাকি এরজন্য পূর্বের পদ্ধতিই বহাল থাকবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মৃত্যুজনিত সহানুভূতিসূচক নিয়োগের ক্ষেত্রে দুটি নিয়ম আছে। স্থায়ী পদে নিয়োগের জন্য বিদ্যালয়ের কাছ থেকে আয়োগের কাছে নাম আসতে হবে

বিধি মেনে, কিন্তু সহানুভূতির কারণে যাদের নিয়োগ করা হয় তাদের জন্য আলাদাভাবে চিন্তা করা দরকার। তারজন্য সরকার বিধি প্রণয়ন করেছেন যে, যেখানে কোনও শিক্ষক বা শিক্ষাকর্মীর অকালমৃত্যু জনিত কারণে কেউ আবেদন করবেন তিনি তার শিক্ষা পরিদর্শকের মাধ্যমে সেই আবেদন করবেন। তারপর স্কুল কর্তৃপক্ষ বাছাই করে তিনজনের নাম জেলা স্কুল পরিদর্শকের কাছে পাঠাবেন এবং জেলা স্কুল পরিদর্শক স্ক্রুটিনি করে তিনটি নাম আয়োগের কাছে পাঠাবেন। তারপর ঐ তিনটি নামের মধ্যে থেকে একজনের নাম আয়োগ স্কুলের কাছে পাঠাবেন। এক্ষেত্রে পরীক্ষার কোনও প্রয়োজন নেই। আয়োগের কাছে শুধু আইন পালন করবার জন্য নামগুলি যাবে এবং সঙ্গে সঙ্গে তারা সই করে ফাইল ফেরত দেবেন। শুধুমাত্র অকাল মৃত্যুজনিত সহানুভূতিমূলক নিয়োগের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য হবে তা নয় ডেপুটেশন নিয়োগ অর্থাৎ কোন শিক্ষক ছুটিতে গেলে সেই পদে অস্থায়ীভাবে নিয়োগের ক্ষেত্রেও এই একই প্রযোজ্য হবে। এর ফলে স্কুল সার্ভিস কমিশনের কাছ থেকে নাম না আসা পর্যন্ত অপেক্ষা করতে হবে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পিকার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, দাঁতনে গতকালের বিধ্বংসী ঘূর্ণীঝড়ে বহু মানুষ মারা গেছেন। অসংখ্য মানুষ .....

**মিঃ স্পিকার ঃ** না, না, এসব এখন হবে না। বসুন বসুন। আফটার কোয়েশ্চেন আওয়ার বলবেন।

**(গোলমাল)**

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, এটা একটা মানবিক ব্যাপার। বহু মানুষ সেখানে মারা গেছেন। এই পরিস্থিতিতে যদি এরকম বলেন তাহলে আমরা হাউস বয়কট করছি।

**(তুমুল হট্টগোল)**

**(এই সময় সমস্ত কংগ্রেস সদস্যগণকে সভাকক্ষ ত্যাগ করতে দেখা যায়)**

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** স্কুল সার্ভিস কমিশনে পরীক্ষার ফি যে ২৫০ টাকা ধার্য করা হয়েছে সেটা কি ক্যাবিনেটে বসে সিদ্ধান্ত হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এরজন্য ক্যাবিনেটে বসে সিদ্ধান্ত গ্রহণের কোনও প্রয়োজন নেই, সেজন্য ক্যাবিনেট থেকে কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** মন্ত্রী মহাশয় আগামী বছর এই ফি কমাবার কথা বিবেচনা করা হবে বলেছেন। আমার জানার বিষয় হল, যারা চাকরিরত অবস্থায়, বেটার স্কোপের জন্য আবেদন করবেন তাদের ক্ষেত্রেও কি একই হারে ফি নেওয়া হবে; নাকি

পৃথকভাবে বিষয়টা চিন্তা করা হবে?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ বেকার হোন বা সাকার হোন—সবাইকে একই হারে ফি দিতে হবে।

**শ্রী অমর চৌধুরি** ঃ ফি কমানোর ব্যাপারটা আপনার বিবেচনাধীন এবং সেটা পরীক্ষার আয়-ব্যয়ের হিসেব দেখে বিবেচনা করা হবে বলে বলেছেন। আমার প্রশ্ন হল, কলেজ সারভিস কমিশনে যে একজামিনেশন হয় তাতে যে ফি ধার্য করা হয় সেখানে কস্ট ওরিয়েনটেড ফি এটা বিবেচনা করা হয় না, তবে এই ক্ষেত্রে এই ধরনের কথা আসছে কেন?

[11-10 – 11-20 a.m.]

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ কলেজ সারভিস কমিশনের ফি ২৫০ টাকার থেকে অনেক বেশি। এই ক্ষেত্রে নানা ধরনের কাজের জন্য যে অর্থ ব্যয় হবে, যেহেতু এখানে প্রচুর প্রার্থী আসবে, বহু পরিমাণে কেন্দ্রে পরীক্ষা নিতে হবে, কমপিউটারের জন্য ফি দিতে হবে সেই জন্য ফি ধার্য করা হয়েছে। ব্যায় সংকুলান হলে এটা বিবেচনা করব।

**শ্রী কামাক্ষ্যানন্দন দাসমহাপাত্র** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ডায়েড ইন হারনেসে স্কুল থেকে ৩ জনের নাম সুপারিশ করে পাঠাতে হবে। আমি জানতে চাই ডায়েড ইন হারনেসে যদি ৩ জনের কম থাকে তিন জনের নাম যদি পাওয়া না যায় এই ক্ষেত্রে কি হবে?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ সরকারের আগের বিজ্ঞাপনে আছে তফসিলি জাতি, উপজাতি এবং আদিবাসী প্রার্থীদের নিয়োগ করতে পারে যদি তালিকায় একটা নাম থাকে, তাতে কোনও অসুবিধা নেই, তারা নিযুক্ত হতে পারে। ডায়েড ইন হারনেসে তফসিলি জাতি এবং আদিবাসী. নেই এমন কোনও বিষয়ে কোন যোগ্য প্রার্থী পাওয়া না যায় সেই ক্ষেত্রে একটা নাম পাওয়া যায় তাহলে সেটা বিবেচনা করা হবে।

**শ্রী রামপদ সামন্ত** ঃ মাননীয় শিক্ষামন্ত্রী বললেন যে এই খরচের ব্যাপারে বিচার-বিবেচনা করে এই ফি কত খানি কমানো হবে সেটা পরবর্তীকালে ঠিক করা হবে। কিন্তু বিজ্ঞাপনে দেখা গিয়েছে যে একটা সাবজেক্টে বিশেষ করে হিস্ট্রিতে একটা জোনে, মেদিনীপুর পুরুলিয়া বাঁকুড়া জোনে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে সিডিউল কাস্ট সিডিউল ট্রাইব বাদ দিয়ে ১০ থেকে ১২টি পদ আছে। অর্থাৎ পরীক্ষার্থীরা পরীক্ষা দিয়ে ১০-১২ জন যোগ্য বলে বিবেচিত হবে একটি জেলায়। এটা দাঁড়াচ্ছে যে একটা জেলায় কয়েকটি মাত্র ভেকেন্সী রয়েছে যদি জোনের ভিত্তিতে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়। এখানে খরচের প্রশ্ন রয়েছে।

এই ক্ষেত্রে তাহলে ভেকেন্সী বাড়ানো হল না কেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** একটা অঞ্চল, যেমন আপনি যে অঞ্চলের কথা বললেন, তিনটি জেলা নিয়ে, বাঁকুড়া পুরুলিয়া এবং মেদিনীপুর, একটা অঞ্চল হয়েছে এবং সেই অঞ্চলে একটা প্যানেল হবে। প্রার্থীরা, তাদের যে আবেদন পত্র তাতে তারা উল্লেখ করবে যে তারা কোন জেলায় শিক্ষক পদ গ্রহণ করতে চায়। এমনও হতে পারে পুরুলিয়া জেলার আবেদনকারীকে মেদিনীপুরে নিয়োগ করতে হতে পারে। সেই জন্য একটা অঞ্চলে অভিন্ন তালিকা তৈরি হবে। অঞ্চল ভিত্তিক তালিকা তৈরি হবে যাতে যে কোনও জায়গায় নিয়োগ করতে পারা যায় সেই সুযোগ রাখার জন্য।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে সারভিস কমিশনের পরীক্ষা হবে এই পরীক্ষার মধ্যে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য সুযোগ সুবিধা থাকছে, তার সঙ্গে যারা বিকলাঙ্গ তাদের ক্ষেত্রে বিশেষ কোন সুযোগ-সুবিধা রেখেছেন এবং রাখলে কি ধরনের সুযোগ রেখেছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** দেবপ্রসাদ সরকার মহাশয়ের প্রশ্নের জবাবে আমি বলেছি তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য ফি হচ্ছে ৬০ টাকা। আর্থিক দিক থেকে যারা বিকলাঙ্গ তাদের ফি কমানোর ব্যাপারে কোনও সুযোগ রাখা হয়নি। সেজন্য অন্যক্ষেত্রে সেটা বিবেচনার সুযোগ নেই। শুধু তফসিল জাতি এবং আদিবাসী, তাদের প্রার্থীদের জন্য আড়াইশো টাকার পরিবর্তে ৬০ টাকা ফি ধার্য করা আছে।

**শ্রী পরেশনাথ দাস ঃ** আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি, স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার্থীদের জন্য আমাদের রাজ্য ২৫০ টাকা ফি ধার্য করেছেন, অন্য রাজ্যে এর সর্বোচ্চ এবং ন্যূনতম পরিমাণ কত?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** স্কুল সার্ভিস কমিশন ভারতবর্ষে আর কোথাও নেই। এই ব্যাপারে পশ্চিমবাংলা অগ্রদূত বলা যেতে পারে। কলেজ সার্ভিস কমিশন সব রাজ্যে আছে। সেখানে ফি'র পরিমাণ এর থেকে অনেক বেশি।

## মানবাধিকার সম্পর্কে পাঠক্রম চালু

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ে (১৯৯৮-৯৯) আর্থিক বছরে রাজ্যে মানবাধিকার সম্পর্কে পাঠক্রম চালু করছেন;

*(খ) সত্যি হলে, নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয়ে এই ধরনের পাঠক্রম চালু করার কোনও পরিকল্পনা আছে কি; এবং*

(গ) থাকলে, কবে থেকে তা চালু হবে বলে আশা করা যায়?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :**

(ক) সঠিক নয়;

(খ) ৯৮-৯৯ সালে কোনও পরিকল্পনা নেই;

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি—আপনি বললেন, ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ে মানবাধিকার সম্পর্কে কোনও পাঠ্যক্রম চালু হচ্ছে এই রকম কোনও খবর আপনার কাছে নেই—স্বাভাবিক ভাবে আমাদের এখানে নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয়ে যা রাজ্য সরকার গঠন করেছেন। সেখানে ১৯৯৮-৯৯ সালে এই ধরনের পাঠ্যক্রম চালু করার কোনও পরিকল্পনা নেই। আজকে মানবাধিকার সারা পৃথিবীতে একটা আলোচ্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমাদের রাজ্য এইক্ষেত্রে যদিও উন্নত, অন্যান্য রাজ্য এবং সারা পৃথিবীতে এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। এই ক্ষেত্রে নাগরিকদের সচেতনতা বৃদ্ধি করার জন্য মানবাধিকার যা লঙ্ঘিত হচ্ছে, সে সম্পর্কে আইনকানুন কি আছে এরজন্য, অ্যাওয়ারনেস বৃদ্ধি করবার জন্য আমাদের যে শিক্ষাক্রম রয়েছে, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় স্তরে রাজ্য সরকারের এই রকম কোনও পরিকল্পনা আছে কি না? নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয়ে আগামী শিক্ষাবর্ষে এই ধরনের কোনও পাঠ্যক্রম চালু করবার কথা রাজ্য সরকার ভাবছেন কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** আমরা এখুনি নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয়ে এই ধরনের কিছু চালু করার কথা ভাবছি না এইজন্য যে, আমাদের বিশ্ববিদ্যালয়টি ১৯৯৭-৯৮ সালে আমরা স্থাপন করেছি। তার কাজ আমরা শুরু করতে যাচ্ছি এই বছরের জুলাই থেকে। কয়েকদিনের মধ্যে ভর্তির বিজ্ঞপ্তি বেরোবে। স্বভাবতই আমরা একেবারে প্রাথমিক ভাবে আর্টস এবং কমার্সের বিষয়গুলো নিয়ে ভাবছি। তারপর বিজ্ঞান এবং কিছু ভোকেশন্যাল সাবজেক্টস-এর বিষয়গুলো চালু করা হবে। এই রকম অবস্থায় আমরা ঐ বিশ্ববিদ্যালয়ে এখুনি মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলো চালু করার কথা ভাবছি না।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** অন্য কোন বিশ্ববিদ্যালয় স্তরে যে শিক্ষাক্রম আমাদের

রাজ্যে আছে, যেমন কলকাতা বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, এই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিতে কলেজ স্তরে, গ্রাজুয়েশন স্তরে এই রকম কোর্স চালু করার কথা সরকারের বিবেচনাধীন আছে কি না? যদি থাকে, সে সম্পর্কে আপনি কিছু বলবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্য সঠিক ভাবে মানবাধিকারের গুরুত্ব সম্পর্কে বলেছেন। এখন এই ধরনের প্রস্তাব বিশ্ববিদ্যালয়গুলো গ্রহণ করে থাকে। নতুন কিছু বিষয় সম্পর্কে আমাদের দিল্লিতে যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আছে, ওঁরা রাজ্যগুলোকে জানিয়ে দেন যে কোনগুলোকে অগ্রাধিকার দিয়ে বিশ্ববিদ্যালয়গুলো চালু করতে পারে। এ সম্পর্কে আমরা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছ থেকে কিছু পাইনি। বিশ্ববিদ্যালয় থেকে এই ধরনের প্রস্তাব সরকারের কাছে আসেনি, প্রস্তাব এলে পরে নিশ্চয় বিবেচনা করব। সঙ্গে সঙ্গে মাননীয় সদস্যদের জানাই যে, আমরা কিন্তু এই বছর থেকে আমাদের যে এনভায়রনমেন্ট সেটা নিয়ে আমরা সবাই সচেতন এবং সঠিকভাবে সেটা নিয়ে প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিকভাবে পড়ানোর বন্দোবস্ত করা হচ্ছে। ১৯৯৮-৯৯ সালের শিক্ষাবর্ষ থেকে আমাদের যে সর্বভারতীয় সংস্থা আছে, ইউ জি সি, তাদের যে নির্দেশিকা সেই অনুসারে আমরা করছি। ভবিষ্যতেও এই ধরনের কিছু এলে পরে আমরা বিচার-বিবেচনা করব।

[11-20 – 11-30 a.m.]

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয় আগামী জুলাই থেকে শুরু হবে, আমি জানতে চাইছি যে, এই শিক্ষা কোন কোন জেলায় এবং কোথায় কোথায় খোলা হবে এটা জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, আমরা এই বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু করছি। ইতিমধ্যে কাগজে বিজ্ঞাপন বেরিয়েছে, আবার কয়েক দিনের মধ্যেই কাগজে বিজ্ঞাপন বেরুবে। জানিনা কোথায় কোথায় কেন্দ্রগুলো হচ্ছে, তবে মূল কেন্দ্র হচ্ছে বিশ্ববিদ্যালয়ের কলকাতাতে। বিভিন্ন জেলাতে কতগুলো কলেজকে বেছে নেওয়া হয়েছে, এই রকম ৩৫টি সেন্টার বেছে নেওয়া হয়েছে যেখান থেকে ছাত্ররা ভর্তির ফর্ম নেবে এবং রেজিস্ট্রেশন হবে। এবং ওই সেন্টারগুলোর মাধ্যমেই ছাত্ররা ওই বিশ্ববিদ্যালয়ের মেটারিয়াল তৈরি করবে সব জেলাকে কেন্দ্র করেই করা হচ্ছে। ৩৫টি কেন্দ্রকে বেছে নেওয়া হয়েছে, আগামীদিনে তার কাজ শুরু হবে। তার ভেতরে সব কটি জেলাকেই নথিভুক্ত করা হবে। উত্তরবঙ্গ থেকে শুরু করে দক্ষিণবঙ্গ জেলার বিভিন্ন কলেজ, আমার কাছে কয়েকটির নাম আছে ৩৫টি সেন্টারের নাম নেই।

*কলকাতার সরকারি এবং বেসরকারি কলেজ, পুরুলিয়া, মেদিনীপুর, বাঁকুড়া, জলপাইগুড়ি, দার্জিলিং, কুচবিহার এইরকম সব জেলাতেই কেন্দ্র করে স্থাপন করা হচ্ছে। ভবিষ্যতে* আরও কেন্দ্র স্থাপন করা হবে।

**ডঃ রামচন্দ্র মণ্ডল** : আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, আপনি বললেন যে শুধু আর্টস এবং কমার্সের উপরে এই মুক্ত বিশ্ববিদ্যালয় হচ্ছে, এক্ষেত্রে ভোকেশনাল এডুকেশন, নন-ফর্মাল এডুকেশন বা সোশ্যাল এডুকেশনের বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে সেইদিকে লক্ষ্য রাখার জন্য কোনও পরিকল্পনা আপনার আছে কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় সদস্যর অবগতির জন্যে জানাই যে, এটা তো রাজ্যে এক নতুন ধরনের বিশ্ববিদ্যালয় এবং আমার মনে হয় এই বিধানসভাতে যে বিল আলোচনা করি তখন বলেছিলাম যে আমরা ধাপে ধাপে কি এটা করতে চাই। এবং ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় তার প্রসপেকটাস বার করেছে। আমি ভাইস চ্যান্সেলারকে বলেছি যে একটা করে কপি আপনাদের দেওয়া হোক। আমরা বিলে বলেছি যে, আমরা আর্টস এবং কমার্স দিয়ে কাজটা শুরু করছি, তারপরে বিজ্ঞান সেখানে আনব। এছাড়া বিভিন্ন ভোকেশনাল এবং নন কনভেনশনাল সাবজেক্ট এবং এমপ্লয়মেন্ট ওরিয়েন্টড সাবজেক্ট আনব। অথবা যারা গ্রামের মানুষ বিভিন্ন জায়গায় কাজকর্ম করছে তারা যাতে হাতে কলমে কাজ শিখতে পারে, ঘরে যারা আছেন গৃহিণীরা, অবসর সময়ে তারাও যাতে বিভিন্ন বিষয়ে শিখতে পারেন—এটা হচ্ছে সুদূরপ্রসারীর লক্ষ্যে। আমরা ইতিমধ্যে ইগনুর সঙ্গে যোগাযোগ করেছি, আমরা এর মধ্যে ইনফর্মেশান টেকনোলজি এটার সাহায্যে ধীরে ধীরে এগুবো। তবে একটু সময় লাগবে। আমরা প্রথমে এটা নিয়ে শুরু করছি, তারপরে বিজ্ঞান নিয়ে শুরু করব, তারপরে বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো তৈরি হয়ে যাওয়ার পরে ধাপে ধাপে আমরা এইগুলি পড়াবার বন্দোবস্ত করব।

**শ্রী ঈদ মহম্মদ** : মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন যে নেতাজী মুক্ত বিশ্ববিদ্যালয় এর বিভিন্ন জেলাতে যে পাঠক্রম চালু হচ্ছে, মুর্শিদাবাদ জেলাতে কোন কোন কলেজে এই ধরনের পাঠক্রম চালু করবার চিন্তা-ভাবনা করা হচ্ছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : আমরা প্রত্যেক জেলায় আবেদন জানিয়েছি কলেজের অধ্যক্ষদের কাছে। তারা যদি আমাদেরকে বলেন চালু করতে চান কিনা, এটা নির্ভর করছে সেই কলেজের উপরে, তাঁরা এটা চালু করতে রাজী কিনা। মুর্শিদাবাদ থেকে দু-একটা কলেজ আবেদন করেছে, সেটা আমরা গ্রহণ করেছি। আমার এখনি সেটা যতদূর মনে পড়ছে ২/৩টি কলেজ হবে, এর মধ্যে বহরমপুর কলেজ আছে, এছাড়া কোন কলেজ যদি এগিয়ে আসে আমরা সানন্দে রাজি আছি। এক্ষেত্রে কলেজকে একটু দায়িত্ব

গ্রহণ করতে হয়, ছুটির দিনে কলেজে পড়াশুনা হবে, শনিবার রবিবার খোলা থাকবে, ছাত্রদের ভর্তি সংক্রান্ত ব্যাপার আছে, ছাত্রদের কাছে বিভিন্ন জিনিস পৌঁছে দিতে হবে। আমরা অনেকগুলি কেন্দ্র বিভিন্ন জেলাতে খুলব এবং বলতে পারি শুধু ৩৫টি নয়, যে যে কলেজ এগিয়ে আসবে, যাদের সেই পরিকাঠামো আছে, আমরা তাদেরকে অন্তর্ভুক্ত করব।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এতক্ষণ যা বললেন, আমার বক্তব্য হচ্ছে এই সম্পর্কে নির্দিষ্টভাবে মানবাধিকার সম্পর্কে কোনও সিলেবাস কি তৈরি হয়েছে যা মুক্ত বিশ্ববিদ্যালয়ে পড়াবার ব্যবস্থার জন্য হবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** কোন বিষয়ে পড়ানো হবে কিনা সেটা ঠিক না হওয়া পর্যন্ত সিলেবাস তৈরি হয় না। আমরা যতদূর জানি এই ধরনের সিলেবাস কোনও জায়গায় তৈরি হয়েছে কিনা জানা নেই, কোন বিষয়ে পড়ানো হবে, সেটা ঠিক করার পরে সিলেবাস এর বিষয়টা আসে, সুতরাং সেই সিলেবাস তৈরি করার উদ্যোগ এখনও হয়নি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** আমাদের সাধারণ ইউনিভার্সিটির যে সিলেবাস এবং নেতাজী মুক্ত বিশ্ববিদ্যালয় চালু হচ্ছে যে সমস্ত কলেজে, তার মান কি একই আছে, না অন্য রকম আছে? এই নেতাজী মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে যারা ডিগ্রি অর্জন করবেন তাদের মানটা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এক হবে কিনা বলবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, এই যে সিলেবাস অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো হবে কিনা, নেতাজী মুক্ত বিশ্ববিদ্যালয় মূলতঃ ইগনুর তাদের যে সিলেবাস আছে, আমাদের রাজ্যের সঙ্গে একটু খাপ খাইয়ে সেটাকে অনুসরণ করতে হচ্ছে, ওদের যে মেটিরিয়ালস আছে, সবটাই ইংরাজিতে। আমরা ওদের কাছ থেকে অনুমতি চেয়েছি, মৌখিক ভাবে, তারপরে লিখিতভাবে করা হয়েছে, সেইগুলিকে আমরা আপাতত বিশ্ববিদ্যালয়ে ব্যবহার করব, আমরা যতদূর দেখেছি সেটা হচ্ছে, ওদের সিলেবাস খুব উন্নত মানের।

[11-30 – 11-40 a.m.]

অন্যান্য যে বিশ্ববিদ্যালয়গুলো আছে তার চেয়ে এর মান কোন অংশেই নীচু নয় এবং ইন্দিরা গান্ধী ওপেন ইউনিভার্সিটি তারা একটা সর্বভারতীয় মান বজায় রাখে। আমাদের এই মুক্ত বিশ্ববিদ্যালয়ে সেই মান বজায় রাখা হবে, আমি আপনাদের এই আশ্বাস দিতে পারি। যে ৩৫টি কলেজ সেন্টার খোলা হবে তাদের প্রিন্সিপালদের নিয়ে

একটা ওরিয়েনটেশন কোর্স করা হয়েছিল, সেখানে ভাইস চ্যাসেলার, রেজিস্টার তারাও এসেছিল, আমি সেটার উদ্বোধন করেছিলাম। আমি সেখানে বলেছি, এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের মান কোনও অংশই যাতে নিচের দিকে না হয় এবং সেইভাবেই বিশ্ববিদ্যালয়টাকে চালাতে হবে। আমাদের যেসব বিশ্ববিদ্যালয় আছে তার থেকে এটা একটু আলাদা হবে, যেহেতু এটা ওপেন ইউনিভার্সিটি। এখানে বছরে দুটো করে সেমিস্টার হবে এবং আরও একটি নতুন পদ্ধতি, অর্থাৎ ক্রেডিট সিস্টেম সেগুলো চালু করা হয়েছে, যেগুলো অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মত নয়। ছাত্র-ছাত্রীদের এখানে অনেক বেশি পরিমাণে স্বাধীনতা দেওয়া হয়েছে, আমাদের সাধারণ বিশ্ববিদ্যালয়ের যে রিজিড সিস্টেম সেটাকে খানিকটা মুক্ত করে দেওয়া হয়েছে এখানে। যেহেতু আমাদের রাজ্যে নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয় প্রথম, কিভাবে এর ম্যাটিরিয়াল তৈরি হয়েছে মাননীয় সদস্যদের তার একটা কপি দেওয়ার জন্য আমি ভাইস-চ্যান্সেলারকে বলব, তাহলে আপনারা আপনাদের এলাকার ছাত্র-ছাত্রীদের এই ব্যাপারে বোঝাতে পারবেন।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাইনে কি হবে সেটা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** ইন্দিরা গান্ধী মুক্ত বিশ্ববিদ্যালয়ে যে ফিজ চালু আছে, আমাদের এখানে নেতাজী সুভাষচন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয়ে সেই স্ট্রাকচারই রেখেছি। তাকে বছরে এক হাজার টাকা দিতে হবে, আর কোন টাকা তাকে দিতে হবে না। এই এক হাজার টাকাতেই সে রিডিং ম্যাটিরিয়াল পেয়ে যাবে। পরীক্ষার সময়ও তাকে আর কোনও ফি দিতে হবে না। এই এক হাজার টাকার মধ্যেই সে সেন্টারে এসে ক্লাস করতে পারবে, এইগুলো সবই কভার করবে এই এক হাজার টাকার মধ্যে।

## স্কুল সার্ভিস কমিশন কর্তৃক শিক্ষক/শিক্ষিকা নিয়োগ

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৪) **শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল স্কুল সার্ভিস কমিশন শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য প্রক্রিয়া শুরু করেছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা সম্ভবপর হবে বলে আশা করা যায়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) হ্যাঁ, কেন্দ্রীয় এবং আঞ্চলিক উভয় বিদ্যালয় আয়োগের যৌথ প্রচেষ্টায় শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে।

(খ) এখনই বলা সম্ভব হচ্ছে না, তবে মাস কয়েকের মধ্যেই করা যাবে বলে আয়োগের নিকট হতে জানা গেছে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** যারা দরখাস্ত করেছেন তাদের বাছাই পরীক্ষা শুরু হবে একটি পদের জন্য কতজনকে পার্সোনালিটি টেস্টে ডাকা হবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যারা দরখাস্ত করেছেন তাদের প্রত্যেককেই পরীক্ষাতে ডাকা হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আছে আগামী ১০ই মে পরীক্ষা নেওয়া হবে। ঐ পরীক্ষার উপর ভিত্তি করে যারা একটা নির্দিষ্ট নম্বর পাবে তাদের দেখে বাকিদের বাদ দেওয়া হবে। সম্ভাব্য শূন্যপদের তালিকার কয়েকগুণ প্রার্থী রাখা হবে। প্রথমে লিখিত পরীক্ষা হবে, তার খাতা একটি নির্দিষ্টকেন্দ্রে রাখা হয়, পরীক্ষকদের সেখানে ডেকে এনে খাতা দেখানো হবে, সেখানে যারা ভালো নম্বর পাবে, শূন্যপদের কয়েকগুণ তাদের রাখা হবে। এরপর কম্পিউটারের ভিত্তিতে আর একটা পরীক্ষা করা হবে—এই বৃত্তিতে কার কতটা আগ্রহ আছে। তারপর মৌখিক পরীক্ষা হবে। এই তিনটে পরীক্ষার গড় নম্বরের ভিত্তিতে প্যানেল করা হবে এবং তার ভিত্তিতেই লোক নেওয়া হবে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** যারা কোয়ালিফাই করবে, তাদের মধ্যে কতজনকে শিক্ষকতার জন্য নেওয়া হবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এটা আয়োগ ঠিক করবে, সরকার থেকে ঠিক করা হয় না। তবে যতটা শুনেছি, প্রথমে পাঁচজনকে প্রতি শূন্যপদের জন্য নেওয়া হবে, এটা গড় রাখা হয়েছে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** আপনি আগের প্রশ্নের উত্তরে বলেছিলেন তিনজনের প্যানেল স্কুলে পাঠানো হবে, তিনজনের মধ্যে থেকে কমিটি বেছে নেবে। যতটুকু জানি স্কুলের দুর্নীতি অ্যাপয়েন্টমেন্টকে কেন্দ্র করে, এটা এড়ানো স্কুল সার্ভিস কমিশন করার একটি কারণ। তিনজনের নাম যদি পাঠানো হয় এবং ম্যানেজিং কমিটিকে স্বাধীনতা দেওয়া হয়, তাহলে আবার দুর্নীতি হবে। প্রতিটি স্কুলে একজনের নাম পাঠানোর কোনও প্রচেষ্টা বা সিদ্ধান্ত নেওয়ার কথা আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** একাধিকবার বলেছি, সার্ভিস কমিশনও বলেছে, একটি শূন্যপদের জন্য একটিই নাম পাঠানো হবে এবং তাকে নিয়োগ করতে বিদ্যালয় পরিচালক মণ্ডলী বাধ্য থাকবে। মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর ডেথ ইন হারনেস-এর ক্ষেত্রে কি হবে, তার উত্তরে বলেছিলাম তিনটে নাম পাঠাবে। কিন্তু অন্য ক্ষেত্রে একটি নামই পাঠাবে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** অ্যাডভার্টাইজমেন্টে আছে, হাই স্কুল এবং হাই মাদ্রাসার

জন্য গ্রাজুয়েটরা এবং অনার্স গ্রাজুয়েট, এম. এ.-রা হায়ার সেকেণ্ডারী স্কুলের ক্ষেত্রে আবেদন করতে পারবেন। আমার প্রশ্ন, অনার্স গ্রাজুয়েট এবং এম. এ.-রা হাই স্কুল এবং হাই মাদ্রাসাতে বসার সুযোগ পাবেন কি না।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ঐ বিজ্ঞাপন প্রকাশিত হবার পর একটা এই ধরনের ভুল বোঝাবুঝির সৃষ্টি হতে পারে, এইজন্য বিদ্যালয় কমিটির চেয়ারম্যান ভাস্কর ব্যানার্জি একটি সাংবাদিক সম্মেলন ডেকেছিলেন। সব কাগজে সেটা বার হয়নি। একটি দৈনিক গণশক্তিতে প্রকাশ করা হয়েছে যে, বর্তমানে দশম শ্রেণীযুক্ত উচ্চ বিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর উভয় বিধ শিক্ষকই নিযুক্ত হতে পারে। কতজন স্নাতক শিক্ষক থাকবেন, আর কতজন স্নাতকোত্তর শিক্ষক থাকবেন, তার নির্দেশিকা সরকারি আদেশে ব্যাখ্যা করা আছে। বিদ্যালয় কর্তৃক আয়োগ যখন তালিকা তৈরি করবেন, তখন বিদ্যালয়ের নিয়ম অনুসারে যদি স্নাতক শিক্ষকের পদ শূণ্য হয়, তাহলে স্নাতক তালিকা থেকে নাম পাঠাবে। আর যদি স্নাতকোত্তর শিক্ষকের পদ শূণ্য হয়, তাহলে স্নাতকোত্তর পদবিধারী নাম আয়োগ বিদ্যালয়ের নিকট পাঠাবে। তবে যদি কোনও স্নাতকোত্তর পদবিধারী প্রার্থী স্নাতক পদের জন্য আবেদন করেন, তাতে কোনও বাধা নেই। তবে এক্ষেত্রে স্নাতকোত্তর শিক্ষাগত যোগ্যতার কোনও নম্বর তিনি পাবেন না।

**Shri Narbahadur Chhetri :** Will the Hon'ble Minister be kind enough to state as to what steps the School Service Commission and the School Education Department contemplate to take so as to fill up the posts of less than one year?

**Shri Kanti Biswas :** Special arrangements have been taken so that the vacancies of one year can be filled up expeditiously and special rules have been framed for that purpose.

[11-40 – 11-50 a.m.]

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** প্রতিটি বিষয়ের জন্য স্কুল সার্ভিস কমিশনে কোনও গাইড লাইন ঠিক করেছেন কিনা এবং যারা পরীক্ষা দেবেন, তাদের জন্য কোনও স্বতন্ত্রতা কিছু আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** না নির্দেশাবলী বা গাইড লাইন তৈরি করা হয়নি। এটা সবাই জানে যে, এই বিষয়ে পরীক্ষা হবে এবং সাধারণত স্নাতকোত্তর স্তরের যে [illegible] তার উপর ভিত্তি করে খুবই সহজভাবে প্রশ্ন করা হবে। তার জন্য কোনও গাইড লাইন এখনও আয়োগের পক্ষ থেকে তৈরি করা হয়নি।

**শ্রী ইউনুস সরকার ঃ** স্যার, এই যে স্কুল সার্ভিস কমিশন চালু হয়েছে, এর মুখ্য কার্যালয় কোথায় কোথায় এবং মুখ্য কর্মকর্তা হিসাবে কি কি দায়িত্ব পালন করেছেন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এর কোথায় কোথায় কার্যালয় আছে, এটা সংবাদপত্রের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। কেন্দ্রীয় যে আয়োগ, তাদের বিধান নগরের প্রশাসনিক ভবন হচ্ছে তাদের কার্যালয়। আর কলকাতা কেন্দ্রীয় কলকাতার উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার, তাদের আনোয়ার শাহ রোডে কার্যালয়। বর্ধমান শহরে একটা কার্যালয়। বাঁকুড়ায় একটা কার্যালয় এবং মালদা শহরে একটা কার্যালয় আছে। আর এদের নামের তালিকা কলকাতায় গেজেটে প্রকাশ করা হয়েছে। এদের প্রতি কেন্দ্রীয় এবং আঞ্চলিক প্রতিটি আয়োগে ৫ জন করে সদস্য আছেন, সভাপতি সহ—এটা কলকাতা গেজেটে প্রকাশ করা হয়েছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মন্ত্রী মহাশয়, জানেন যে, বিদ্যালয়গুলিতে গত ৬ মাস যাবৎ শিক্ষক নিয়োগ বন্ধ আছে এবং শিক্ষক নিয়োগ করতে যদি আরও সময় লাগে, তাহলে পঠন পাঠনের ক্ষেত্রে বিশেষ করে উচ্চ মাধ্যমিক স্তরে যেখানে একটা বিষয়ের জন্য একজন শিক্ষক আছেন, সেখানে অসুবিধা হবে। এই কথা বিবেচনা করে মাননীয় মন্ত্রী মহোদয়, সাময়িক ভাবে সেখানে কোনও পার্ট টাইম শিক্ষক নিয়োগের অনুমতি দেওয়ার কথা ভাবছেন কিনা জানাবেন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এতে জটিলতা বহুগুণ বৃদ্ধি পাবে এবং আইনগত ভাবে এবং প্রশাসনিক দিক থেকে জটিলতা দেখা দেবে। একটা প্রথা থেকে আরেকটা প্রথাতে যেতে হলে অসুবিধাতো হয়ই, কিন্তু সেটাকে পূর্ণ করবার জন্য ওই আংশিক সময়ের শিক্ষক নিয়োগের কথা বিবেচনা করা হয়নি।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন যে স্কুল সার্ভিস কমিশনের উপর যে বিল এই হাউসে আনা হয়েছিল তখন তাতে অংশ গ্রহণ করে আমি একটা সংখ্যা এই হাউসের সামনে রেখেছিলাম এবং আপনি আশ্বস্ত করেছিলেন যে এই রকম কোনও নিয়ম করা হবে না। কিন্তু আজকে একটা প্রশ্নের উত্তরে আপনি জবাব দিলেন যে একটা জোনের মধ্যে একটা প্যানেল তৈরি হবে। কিন্তু তখন বলেছিলেন ডিস্ট্রিক্ট ওয়াইজ প্যানেল হবে। স্বাভাবিক ভাবেই আপনি হয়তো অনুভব করতে পারছেন যে সব ডিস্ট্রিক্ট-এর শিক্ষার মান সমান নয়। ডিস্ট্রিক্টের শিক্ষা প্রতিষ্ঠানের মানও সমান নয়। একটা ডিস্ট্রিক্ট-এর সাথে অন্যান্য ডিস্ট্রিক্টের ছেলেমেয়েদের মধ্যে যখন প্রতিযোগিতা হবে তাতে তারা পারবে না, আমি উত্তরবঙ্গের বিশেষ করে উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, পুরুলিয়া, বাঁকুড়া এই সমস্ত জেলার ছেলেদের কথা বলছি। শিক্ষা কমিশনের মাধ্যমে যে নিয়োগ হবে তাতে তাদের স্থান হবে না বলেই আমার মনে হয়। আমার প্রশ্ন এটা

পুনরায় বিবেচনা করার জন্য আপনার কোন সিদ্ধান্ত আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রথমত আমি আইনজ্ঞের পরামর্শ নিয়েছি। আঞ্চলিক কমিশনের অধীনে বিভিন্ন জেলার জন্য পৃথক কোন তালিকা করতে পারি না সেটাই হচ্ছে আইনজ্ঞের অভিমত। আমরা যেটা করেছি উত্তরবঙ্গের যে জেলাগুলি তার সঙ্গে দক্ষিণবঙ্গের জেলাগুলির সঙ্গে এক সঙ্গে নেই। যেমন পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর নিয়ে একটা অঞ্চল, আবার বীরভূম, হুগলি, হাওড়া এবং বর্ধমান নিয়ে একটা অঞ্চল, আবার উত্তর দিনাজপুর দক্ষিণ দিনাজপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা নিয়ে আলাদা অঞ্চল করা হয়েছে। এই অঞ্চলগুলির বিভিন্ন জেলার মধ্যে খানিকটা সমতা আছে। ভবিষ্যতে যদি আরও বেশি সংখ্যক এই বিদ্যালয় কৃত্যক আয়োগ নিয়োগ করা যায় তাহলে দেখা যাবে, কিন্তু একটা অঞ্চল কমিশনের অধীনে একাধিক তালিকা করতে পারি না। আমরা তাই অঞ্চল ভিত্তিক তালিকা করার সিদ্ধান্ত জানিয়েছি। এখন সরকার বিবেচনা করবেন এটাকে আরও বিকেন্দ্রীকরণের ব্যাপারে। অশোক মিত্র কমিশন বলেছে জেলায় জেলায় কমিশন করার কথা, এটা সরকারের বিবেচনাধীন আছে।

**ডঃ নির্মল সিনহা ঃ** আগে স্কুল শিক্ষক নিয়োগের সময় তাদের এ্যাকাডেমীক মার্কের উপর সিলেকশন হত, এবারে পরীক্ষার দ্বারা সিলেকশন হবে। তাহলে তাদের এ্যাকাডেমীক পারফরমেন্স বা মার্কের কোনও গুরুত্ব থাকবে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আগে শিক্ষাগত যোগ্যতার উপর নম্বর থাকতো। এবারে ১০০ নম্বরের মধ্যে ২০ নম্বর থাকবে শিক্ষাগত যোগ্যতার উপর। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক, স্নাতকোত্তর বিভিন্ন পরীক্ষার উপর সেটা রাখা হয়েছে। ভারতবর্ষে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং তাদের মানও বিভিন্ন রকম তাদের সমতা রক্ষা করা কঠিন। সে জন্য এ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় ২০ নম্বর এবং লিখিত পরীক্ষায় ৬০ নম্বর রাখা হয়েছে।

[11-50 – 12-00 Noon.]

**শ্রী দিবাকান্ত রাউত ঃ** স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে যাঁরা চাকরি পাবেন তাঁরা অন্য কোথাও বদলি হতে পারবেন কি না?

**শ্রী কান্তিরঞ্জন বিশ্বাস ঃ** না, বদলি হওয়ার সুযোগ নেই। প্রত্যেক বিদ্যালয়ের পরিচালক মণ্ডলী হচ্ছে নিয়োগ কর্তা। যদি কর্মরত শিক্ষককে বিদ্যালয় কৃত্যক বা আয়োগ তুলে নেন তাহলে অন্য বিদ্যালয়ে তাঁর নাম প্রেরিত হওয়ার সুযোগ থাকতে পারে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, স্কুল সার্ভিস কমিশন থেকে যে প্যানেল তৈরি হবে সেই প্যানেল থেকে যে নাম পাঠানো হবে সংশ্লিষ্ট

স্কুলের ম্যানেজিং কমিটি কি অবলিগেটরি, সেই প্রার্থীকেই নিতে হবে? তাদের নেওয়াটা বাধ্যতা মূলক কিনা এবং সেই ম্যানেজিং কমিটির নতুন করে পরীক্ষা-নিরীক্ষার কোনও সুযোগ থাকবে কি না?

**শ্রী কান্তিরঞ্জন বিশ্বাস ঃ** কৃত্তক, আয়োগ নাম পাঠাবে। যদি একটা মাত্র নাম পাঠায় এবং একটা মাত্র পদ ফাঁকা থাকে তাহলে পরিচালক মণ্ডলী তাঁকে নিয়োগ করতে বাধ্য। যদি না করে তাহলে কৃত্যকের পক্ষ থেকে বলা হয়েছে যে, বহুদিন হয়তো আর তারা কোনও শিক্ষকের সেবা পাবে না, ঐ পদ শূণ্য থাকবে এই ভাবে কঠোরতা অবলম্বন করা হয়েছে।

**গঙ্গা-পদ্মা ভাঙ্গনরোধে ব্যবস্থা**

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮) **শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গঙ্গা-পদ্মা ভাঙ্গন প্রতিরোধে কেন্দ্রীয় বিশেষজ্ঞ কমিটি কত টাকার পরিকল্পনা গ্রহণ করেছেন;

(খ) তন্মধ্যে, ১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত কত টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন, এবং

(গ) রাজ্য সরকার এ সময় পর্যন্ত কত টাকা খরচ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) ভারত সরকারের যোজনা কমিশন কর্তৃক গঠিত বিশেষজ্ঞদের কমিটি পশ্চিমবঙ্গের মালদা ও মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মা নদীর পাড় ভাঙ্গন জনিত সমস্যার মোকাবিলার জন্য স্বল্প মেয়াদী ও দীর্ঘমেয়াদী যে ব্যবস্থাগুলির গ্রহণের জন্য সুপারিশ করেন তার মোট আর্থিক দায় ৯২৭ (নয়শ সাতাশ) কোটি টাকা। এর মধ্যে স্বল্প মেয়াদী ব্যবস্থাগুলি কার্যকর করার জন্য ৩১৫ (তিনশ পনেরো) কোটি টাকা এবং দীর্ঘ মেয়াদী ব্যবস্থাগুলির জন্য ৬১২ (ছয়শ বারো) কোটি টাকার প্রয়োজন হবে। কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক বিশেষজ্ঞ কমিটির সুপারিশগুলির কার্যকর করার ক্ষেত্রে যে পর্যায়গত বিভাজন করেছেন সেই অনুসারে রাজ্য পর্যায়ের কাজ (যা রাজ্যের সেচ ও জলপথ বিভাগের করণীয়)-এর মূল্য ৭৫২ (সাতশ বাহান্ন) কোটি টাকা এবং কেন্দ্রীয় পর্যায়ের কাজ (যা ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের করণীয়)-এর মূল্য ১৭৫ (একশ পঁচাত্তর) কোটি টাকা। রাজ্য সরকারের আওতাধীন

স্বল্প মেয়াদী কাজ ১৮৫ (একশ পঁচাশি) কোটি টাকার এবং দীর্ঘ মেয়াদী কাজ ৫৬৭ (পাঁচশ সাতষট্টি) কোটি টাকার। কেন্দ্রীয় পর্যায়ে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কাজগুলি যথাক্রমে ১৩০ (একশ ত্রিশ) কোটি টাকার ও ৪৫ (পঁয়তাল্লিশ) কোটি টাকার কাজগুলির গুরুত্ব অনুযায়ী কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী ব্যবস্থাগুলিকে আবার অগ্রাধিকার—১ এবং অগ্রাধিকার—২ তে ভাগ করেছেন। রাজ্য পর্যায়ের কাজগুলির ক্ষেত্রে সর্বশেষ চিত্র নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ব্যবস্থা | অগ্রাধিকার-১ | অগ্রাধিকার-২ | মোট |
|---|---|---|---|
| স্বল্পমেয়াদী | ১৪৫ | ৪০ | ১৮৫ |
| দীর্ঘমেয়াদী | ৫৬৭ | — | ৫৬৭ |
| | ৭১২ | ৪০ | ৭৫২ |

(খ) ১৯৯৭ সালের ডিসেম্বর মাস (তথা ১৯৯৮ সালের মার্চ মাসের তৃতীয় সপ্তাহ) পর্যন্ত এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোনও অর্থ সাহায্য রাজ্য সরকার পাননি।

প্রসঙ্গত উল্লেখ করা প্রয়োজন যে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে কেন্দ্রীয় সরকারের দেওয়া দশম অর্থ কমিশনের আর্থিক সাহায্য বাবদ পাওয়া ৫.২৫ কোটি টাকা মালদা এবং মুর্শিদাবাদ জেলার এই কাজগুলিতে ব্যবহার করা হয়েছে। মালদা জেলায় ২.০০ কোটি টাকা এবং মুর্শিদাবাদ জেলায় ৩.২৫ কোটি টাকা ব্যবহৃত হয়েছে।

(গ) মালদা ও মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মা নদীর ভাঙ্গনজনিত সমস্যার মোকাবিলায় বিশেষজ্ঞদের কমিটির সুপারিশে রাজ্য সরকারের তরফে করণীয় স্বল্প মেয়াদী ব্যবস্থাগুলির মধ্যে অগ্রাধিকার-১ এ অর্ন্তভুক্ত কিছু কাজ রাজ্য সরকার ১৯৯৭ সালে বর্ষার আগের কাজের মরশুমে হাতে নিয়ে সম্পন্ন করেছেন। এই কাজে মোট ২৮ (আটাশ) কোটি টাকা খরচ হয়েছে। এরমধ্যে মালদা জেলার কাজে ব্যয় হয়েছে ১২ কোটি ২০ লক্ষ টাকা এবং মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে ব্যয় হয়েছে ১৫ কোটি ৮০ লক্ষ টাকা।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** গঙ্গা-পদ্মা ভাঙন রোধের সমস্যাটা জাতীয় সমস্যা। এক্ষেত্রে যে বিরাট আর্থিক দায় মোট ৯২৭ কোটি টাকা। কেন্দ্রীয় কমিশন, জলসম্পদ মন্ত্রক এর দায়ভারের বেশিরভাগটাই রাজ্যের ঘাড়ে চাপিয়েছেন। ৭৫২ কোটি টাকা রাজ্যসরকারের কাজের অংশ হিসাবে এবং ১৭৫ কোটি টাকা কেন্দ্রীয়সরকার ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের

কাজ হিসাবে চিহ্নিত করেছেন। আমি জানতে চাই এটাকে জাতীয় সমস্যা হিসাবে বিবেচনা করে এই সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করার জন্য কোনও আর্জি জানানো হয়েছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আপনি সঠিক ভাবে বলেছেন যে, বিরাট দায়িত্ব আমাদের রাজ্যসরকারের পক্ষে করা সম্ভব নয়। সেজন্য আমাদের রাজ্যসরকার সেচ ও জলসম্পদ দপ্তরের যেটুকু করণীয় কাজ সেটুকু আমরা নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৫ বছর কে সেই ভাবে ভাগ করেছি। তাতে ১৮৫ কোটি টাকা লাগে। আমরা কেন্দ্রের কাছে বলেছি যে এই টাকার ২৫ ভাগ টাকা আমরা দেব এবং বাকি ৭৫ ভাগ টাকা কেন্দ্রীয় সরকারকে, দিতে হবে। সেই ভাবে আমরা দায়িত্ব নিয়েছি—এই কয় বছরে ৭৬ কোটি টাকা এবং কেন্দ্রীয় সরকারের অনুদান হিসেবে ১৩৯ কোটি ৫০ লক্ষ টাকা। একটা কমিটি ই. এফ. সি. মেমো অর্থাৎ এক্সপেণ্ডিচার ফিনান্স, কমিটিতে আমরা এ বছর একটা মেমোরাণ্ডাম কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। বর্তমানে সেটা জলসম্পদ মন্ত্রকের যোজনা কমিশনের বিবেচনাধীন রয়েছে।

**শ্রী সুভাষ গোস্বামী :** বর্তমানে যে অবস্থা রয়েছে, আমাদের রাজ্য সরকারের যে সহায় সম্পদ আছে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ইতিমধ্যে যে সাহায্য পাওয়া গেছে এবং পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে তা দিয়ে ভাঙন প্রতিরোধে আশু কাজ সময়মতো করা সম্ভব হবে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এবিষয়টা নিয়ে আমরা গভীর উদ্বেগের মধ্যে রয়েছি। এই বিষয় নিয়ে আমরা ইতিমধ্যেই মুর্শিদাবাদ জেলা প্রশাসনের সঙ্গে বৈঠক করার চেষ্টা করছি। গত কয়েকদিন আগে মালদায় সেখানকার প্রশাসনের সঙ্গে বৈঠক করেছি এবং এটা আমাদের বিধায়কদের জানানো প্রয়োজন বলে আমি মনে করি যে, গত বছর যে ২৮ কোটি টাকার কাজ আমরা করেছি সেই ২৮ কোটি টাকার মধ্যে আপনারা শুনলেন যে দশম অর্থ কমিশনের কাছ থেকে আমরা ৫ কোটি টাকা পেয়েছি। আমরা ২৮ কোটি টাকার কাজ করেছি এবং যে এজেন্সিগুলো কাজ করেছেন তাঁদের আমরা ৯০ পারসেন্ট টাকা পূরণ করতে পারিনি। এইসব অস্বস্তিকর পরিস্থিতির মধ্যে আমরা আছি। ১৯৯৮ সালের বর্ষার আগে মুর্শিদাবাদ ও মালদায় কাজ করার জন্য আমরা বেশ কয়েক কোটি টাকার কাজ করব। ইতিমধ্যে আমরা সেই কাজ শুরু করেছি। মালদা জেলাতেও আমরা কথাবার্তা শেষ করে খুবই ঝুকি নিয়ে কাজ শুরু করেছি। মুর্শিদাবাদে আগামী ২৭ তারিখে সেই মিটিং ডাকা হয়েছে, সেখানে আমরা আলোচনা করব। আমরা বলেছি, আমরা বেশ কয়েক কোটি টাকার কাজ করব যদি অর্থের যোগান কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই। তা নাহলে সমস্ত বিধায়কদের যথা সময় একটা বিবৃতি দিয়ে আমাদের

অসহায় অবস্থার কথা জানিয়ে দেব, পশ্চিমবঙ্গবাসীদের, বিশেষ করে মুর্শিদাবাদ এবং মালদাবাসীদের জানিয়ে দেব।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### মেদিনীপুর জেলায় হাই মাদ্রাসা বিদ্যালয়ের অনুমোদন

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩) শ্রী **বুদ্ধদেব ভকত ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে মেদিনীপুর জেলায় কতগুলি হাই মাদ্রাসা বিদ্যালয় অনুমোদন লাভ করেছে; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে ঝাড়গ্রাম মহকুমায় কতগুলি মাদ্রাসা বিদ্যালয় অনুমোদন লাভ করছে?

**শিক্ষা মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বর্ষে মেদিনীপুর জেলায় মাদ্রাসা বিদ্যালয় অনুমোদন করা হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### আলু থেকে অ্যালকোহল তৈরি

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৫) শ্রী **শিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের 'ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আলু থেকে অ্যালকোহল তৈরি করার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের বর্তমানে কোনও পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### ডি. ভি. সি. থেকে বোরো চাষে জল

***৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৪) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়না, খণ্ডঘোষ ও মাধবডিহি থানা এলাকায় বোরো মরসুমে ডি. ভি. সি. থেকে বোরো চাষের জন্য জল দেওয়ার পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে; কত পরিমাণ জমি সেচের আওতায় আসবে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। বর্তমানে এইরূপ কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### গঙ্গানদী সংস্কার

***৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৯) **শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গঙ্গানদী সংস্কারের ব্যাপারে কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) উক্ত সংস্কারের কাজে খরচের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নদী সংস্কার বলতে সঠিক অর্থে যা বোঝায় সেরূপ কোন পরিকল্পনা মুর্শিদাবাদ জেলার গঙ্গা (অথবা পদ্মা), নদীয়া জেলার গঙ্গা (যা ভাগীরথী নামেই অধিক পরিচিত) এবং উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, হুগলি, হাওড়া ও মেদিনীপুর জেলার মধ্যে দিয়ে প্রবাহিত গঙ্গা (যা হুগলি নামেই পরিচিত) নদীর উপর নেই।

(খ) পরিকল্পনা না থাকার কারণে খরচের কোনও প্রশ্ন ওঠে না।

### নেতাজী-রচনাবলী প্রকাশ

***৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নেতাজী জন্মশতবর্ষ উত্তরকালে 'নেতাজী-রচনাবলী' প্রকাশের বিষয়ে রাজ্য সরকার কোনও পদক্ষেপ নিয়েছেন কি; এবং

(খ) নিয়ে থাকলে, অদ্যাবধি এ বিষয়ে কতদূর অগ্রগতি ঘটেছে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আইনগত সমস্যা থাকায় নেতাজী জন্মশতবর্ষ উত্তরকালে এই বিষয়ে কোনও উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া সম্ভব হয়নি।

(খ) কোন নূতন অগ্রগতি সম্ভব হয়নি।

**প্রাথমিক বিদ্যালয়ে "আনন্দপাঠ" শিক্ষণ পদ্ধতি**

***৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিকে "আনন্দ-পাঠ" নামক শিক্ষণ পদ্ধতির আওতায় আনার সিদ্ধান্ত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এ পর্যন্ত কতগুলি প্রাথমিক বিদ্যালয়ে উক্ত পদ্ধতি চালু হয়েছে (জেলাওয়ারী তথ্য)?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নীতিগতভাবে রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিকে সম্ভাব্য উপায়ে আনন্দপাঠ কর্মসূচির আওতায় আনার সিদ্ধান্ত হয়েছে।

(খ) এ পর্যন্ত ৪০৯০টি প্রাথমিক বিদ্যালয়কে এই প্রকল্পের অধীনে আনা হয়েছে।

**ভৈরবনদীর ভাঙ্গনরোধে পরিকল্পনা**

***৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১৮) **শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার ইসলামপুর থানা এলাকায় পাহাড়পুর ও চকহড়হড়ি গ্রামে ভৈরবনদীর ভাঙ্গনরোধে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, তা কবে নাগাদ কার্যকর করা হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী : :**

(ক) হ্যাঁ, সত্যি, পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) চকহড়হড়ি প্রকল্পটি আসন্ন বর্ষা মরশুম (১৯৯৮)-এর এবং পাহাড়পুর প্রকল্পটি পরবর্তী বর্ষা মরশুম (১৯৯৯)-এর পূর্বে কার্যকর করা যাবে বলে আশা করা যায়।

## বাঁকুড়া জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭) **শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় ঃ** উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজ স্থাপনের কাজে কতদূর অগ্রগতি হয়েছে?

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বাঁকুড়া জেলায় বাঁকুড়া উন্নয়ন সোসাইটি "বাঁকুড়া ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং" নামে একটি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজ স্থাপনের পরিকল্পনা করেছে। এই কলেজটিতে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ থেকে পঠন-পাঠনের কাজ শুরু করার চেষ্টা হচ্ছে।

## নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের উন্নয়ন

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৭) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সমস্ত নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ক্রমান্বয়ে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার, পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, বছরে কতগুলি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে উন্নীত করা হবে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) রাজ্যের সমস্ত নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয়ে উন্নীত করার কোনও পরিকল্পনা নেই তবে এলাকার চাহিদা এবং বিদ্যালয়ের শিক্ষা-পরিচালনার যোগ্যতা বিবেচনা করে প্রতি বৎসর অন্ততঃ ৫০টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয়ে উন্নীত করার পরিকল্পনা আছে।

**গঙ্গার ভাঙ্গনরোধে পরিকল্পনা**

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৫) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গার ভাঙ্গনরোধে কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ঃ**

(ক) গঙ্গা-পদ্মা নদীর ভাঙ্গন রোধে মালদা ও মুর্শিদাবাদ জেলায় যে কাজগুলি ১৯৯৭ সালে বর্ষার আগের কাজের মরশুমে গ্রহণ করে সম্পন্ন করা হয় তার তালিকা নিম্নরূপ ঃ

(ক) ফরাক্কা ব্যারেজের উজানে (অর্থাৎ মালদা জেলায়)

১) মানিকচক থানা এলাকায় ডোমহাট থেকে গোলকতলা পর্যন্ত নূতন মাটির বাঁধ (পশ্চিম রিটায়ার্ড বাঁধ) নির্মাণ।

২) মানিকচক থানার ডোমহাট এলাকায় চতুর্থ রিটায়ার্ড বাঁধের পুনর্নির্মাণ।

৩) মানিকচক থানার ভূতনীদিয়াড়া ঘের বাঁধের নন্দীটোলায় তৃতীয় রিটায়ার্ড বাঁধ নির্মাণ।

৪) কালিয়াচক থানা এলাকায় ২৪নং স্পারের পুনর্নির্মাণ।

(খ) ফরাক্কা ব্যারেজের ভাটিতে (অর্থাৎ মুর্শিদাবাদ জেলায়)

নদীর ভাঙ্গন নিরোধক কাজ ঃ

| | কাজের জায়গা | থানা |
|---|---|---|
| ৫) | আখেরিগঞ্জ | ভগবানগোলা |
| ৬) | নলবোনা | রানীনগর |
| ৭) | মহেশপুর | ফরাক্কা |
| ৮) | শেখালিপুর | লালগোলা |
| ৯) | চিন্তামনি | লালগোলা |
| ১০) | হাজারপুর | ফরাক্কা |

| | | |
|---|---|---|
| ১১) | বিশ্বাসপাড়া | জলঙ্গী |
| ১২) | সরকারপাড়া | জলঙ্গী |
| ১৩) | তারানগর | লালগোলা |
| ১৪) | চন্দ্রপাড়া | সুতী |
| ১৫) | দীপচাঁদপুর | ফরাক্কা। |

[12-00 – 12-10 p.m.]

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment motion on the subject of immediate steps for relief and medical aid for the tornado affected people of Midnapore district from Shri Deba Prasad Sarkar and Shri Sailaja Kumar Das. The Members will get ample opportunity to raise the matter during the general discussion on budget which commences from today.

Member may also invite attention of the Government through Calling Attention, Metion etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল—

মেদিনীপুর জেলায় দাঁতন থানায় গতকাল ২৪শে মার্চ, ১৯৯৮ আকস্মিক ঘূর্ণী ঝড়ে বহু মানুষ প্রাণ হারিয়েছে, ঘর-বাড়ি ধ্বংস হয়ে গেছে। তারা আশ্রয়হীন। শুধু দাঁতনেই পাঁচটি গ্রাম ধ্বংস স্তূপে পরিণত হয়েছে। গবাদি পশু বহু মারা গেছে।

এই শত শত অসহায় মানুষের জন্য অবিলম্বে ত্রাণ প্রয়োজন। অস্থায়ী গৃহ-নির্মাণ, খাদ্য-বস্ত্র সরবরাহ, কাপড় কম্বল ইত্যাদি ত্রাণ সামগ্রী অবিলম্বে পাঠানো হোক। মৃত ব্যক্তিদের পরিবারের জন্য বিশেষ ভাবে আর্থিক সাহায্য করা হোক, যুদ্ধকালীন পরিস্থিতির

ভিত্তিতে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল—

মেদিনীপুর জেলার দাঁতনে বিধ্বংসী ঝড়ে ভয়াবহ ক্ষয়ক্ষতি ও হতাহতের ঘটনা মর্মান্তিক ও নজিরবিহীন। যুদ্ধকালীন গুরুত্ব দিয়ে অবিলম্বে সেনাবাহিনী নামিয়ে দুর্গতদের উদ্ধারকার্য এবং পর্যাপ্ত ত্রাণ ও সাহায্যের ব্যবস্থা করতে হবে। এই কালান্তক প্রাকৃতিক বিপর্যয়ের মোকাবিলা করতে কেন্দ্র এবং রাজ্য সরকারকে সর্বপ্রকার সাহায্য এবং মৃত ও আহতদের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। এছাড়া সুষ্ঠুভাবে ত্রাণকার্য পরিচালনার জন্য রাজ্য সরকারের উদ্যোগে সর্বদলীয় ত্রাণ কমিটি গঠন করতে হবে।

(গোলমাল)

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received three notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Alleged murder of one Dileep Charua at Azimganj under Nabagram Assembly Constituency | : | Shri Adhir Ranjan Choudhuri |
| ii) | Out-break of 'Kala-zar' at Anudia villages under Karimpur Police Station, Nadia | : | Shri Chittaranjan Biswas |
| iii) | Reported loss of lives and properties by Tornado in Midnapore district on 24.3.1998 | : | Shri Gyan Singh Sohanpal |
| | | : | Shri Mozammal Haque (Hariharpara) |
| | | : | Shri Unus Sarkar |
| | | : | Shri Paresh Nath Das |
| | | : | Shri Abdul Mannan |

: Shri Shiba Prasad Malick
: Shri Rabindra Ghosh
: Shri Gurupada Dutta, and
: Shri Tapan Hore.

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal and others on the subject of reported loss of lives and properties by Tornado in Midnapore district on 24.3.1998.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

## DISCUSSION ON TORNADO AT MIDNAPUR

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** স্যার, মাননীয় মন্ত্রী ২৭ তারিখে সভায় বিবৃতি দেবেন।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন আমাকে বলতে দিন। গতকাল একটা ঝড় হয়েছে, প্রাকৃতিক দুর্যোগ।

(গোলমাল)

এমন হৈ চৈ করছেন যেন মনে হচ্ছে সরকারই এরজন্য দায়ী, সরকারই করিয়েছে।

(গোলমাল)

বসুন, বসুন, বলতে দিন। কালকে একটা প্রাকৃতিক দুর্যোগ হয়েছে। এরমধ্যে কিছু কিছু খবর এসেছে, আরও খবর সন্ধান করা হবে। কি ব্যাপার আছে, না আছে দেখতে হবে। স্বাভাবিকভাবেই মেম্বাররা এতে কনসার্ন। জিরো আওয়ার মেনশন করার ব্যাপার আছে, মন্ত্রীর স্টেটমেন্ট হতে পারে। It is a matter of debates বাজেট ডিসকাশন আজকে আরম্ভ হচ্ছে, অ্যাম্পেল স্কোপ আছে বলার। তা নয়, হৈ চৈ আরম্ভ হয়ে গেল।

(গোলমাল)

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, গতকাল একটা ভয়াবহ ঘটনা ঘটে গিয়েছে। ঘূর্নিঝড়ে মানুষের প্রাণ চলে গিয়েছে। ৫টা গ্রাম প্রায় ধুলিস্যাত হয়ে গিয়েছে। আমাদের একটি প্রতিনিধিদল সেখানে গিয়েছেন। আমরা এখনও চূড়ান্ত খবর পাইনি, আপ টু ডেট খবর পাইনি।

*মিঃ স্পিকার ঃ খবর না পেয়েই বলতে আরম্ভ করে দিয়েছেন?*

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমাদের যদি বলতে না দেন, যদি আমার কথা না শোনেন তাহলে বলুন, হাউস থেকে চলে যাই। এটা তো আপনাদের দোষ নয়। প্রাকৃতিক দুর্যোগের জন্য ইউ আর নট রেসপনসিবল কিন্তু স্যার, যদি বলতেই না দেন........

**মিঃ স্পিকার ঃ** বসুন, শুনুন, আজকে সকালেই কয়েকজন মেম্বার আমার কাছে এসেছিলেন ঝড়ের ব্যাপারটা বলতে। আমি বললাম, হ্যাঁ, এটা গুরুত্বপূর্ণ ব্যাপার, হাউসে তোলা উচিত ইত্যাদি। কিন্তু আমার কথা হচ্ছে তারও তো একটা প্রসিডিওর আছে। আমরা অল পার্টি মিটিং-এ বসে আলোচনা করে ঠিক করেছিলাম যে কোয়েশ্চেন আওয়ারটা আমরা কোনওদিন ড্রপ করব না। কারণ এর একটা গুরুত্ব আছে। মেম্বারদের অধিকার আছে। এটা বিধানসভা। আমরা ঠিক করেছিলাম যে কোয়েশ্চেন হবার আগে কোন ব্যাপার হবে না। আপনারা দেখলেন, অলরেডি এর উপর একটি কলিং অ্যাটেনশন আমি অ্যাডমিট করেছি। মন্ত্রীরা স্টেটমেন্ট দেবেন, এতদিন দিয়েও এসেছেন, তারপর মেম্বাররা কয়েকটি প্রশ্ন করবেন এবং মন্ত্রী তার জবাব দেবেন। তারপর যা করার করা হবে।

There is no scope of the Adjournment Motion. Budget debates starts today. It has ample scope. No scope of adjournment motion. Take your seat please.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আপনি যেটা বলছেন নরম্যাল সিচুয়েশনে তার সব কিছু হয়। কিন্তু স্যার, আপনি বুঝবেন যে এটা একটা অ্যাবনরম্যাল সিচুয়েশন। কোয়েশ্চেন আওয়ারের সময় যদি একজন সদস্য মারা যান তাহলে কি কোয়েশ্চেন আওয়ার সাসপেণ্ড করবেন না? এসব কি এগ্রিমেন্ট করে হয়?

**মিঃ স্পিকার ঃ** কোনও মেম্বার মারা গেলে হাউস অ্যাডজর্ন করে চলে যাব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, একটা অ্যাবনরম্যাল সিচুয়েশন হলে অন্য রকম সিদ্ধান্ত নিতেই হয়। আমরা কখনও বলিনি যে এই ঝড়ের জন্য আপনারাই দায়ী। এইরকম মারাত্মক ঘটনা ঘটেছে কিন্তু ঐ দেবব্রতবাবু এবং শিক্ষামন্ত্রী ছাড়া হাউসে আর কোনও সিনিয়ার মন্ত্রী উপস্থিত নেই যারা মুখ্যমন্ত্রীর হয়ে বিবৃতি দিতে পারেন।

[12-10 – 12-20 p.m.]

সেই রকম মন্ত্রীরা এখানে নেই, স্বাভাবিক কারণে মাননীয় সদস্যরা উৎকণ্ঠার মধ্যে আছেন। আমরা অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছিলাম কিন্তু আপনি সেটা গ্রহণ করেননি।

কোয়েশ্চেন আওয়ার আমরা বয়কট করে ওয়াক আউট করেছি। আমরা সরকারের কাছে স্পেসিফিক ভাবে জানতে চাই যে, এখনও পর্যন্ত যে তথ্য পাওয়া গেছে, সরকারের কাছে এসে পৌছেছে, সেই তথ্য আমাদের কাছে সরবরাহ করা হোক। সেখানে মৃতের সংখ্যা কত, ক্ষতির পরিমাণ কত এই সমস্ত তথ্য আমাদের জানানো হোক। হাউস চলছে, এটা আমাদের জানা দরকার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমরা যে সমস্ত খবর পেয়েছি তাতে দেখা যাচ্ছে যে মেদিনীপুর সদর হাসপাতালে, সেখানকার লোকাল হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা যাচ্ছে না। বহু আহত মানুষ তারা বিনা চিকিৎসায় মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে।

(গোলমাল)

স্যার, অমানুষ শব্দটা আমরা ডিকশনারীতে পড়েছি। কিন্তু আজকে সেটা চোখে দেখছি, আমাদের সামনে আছে। প্রাকৃতিক দুর্যোগে মানুষ দুরবস্থার মধ্যে পড়েছে, সেই সম্পর্কে আমরা জানতে চাচ্ছি তাতেও হৈচৈ করছে। আমরা মন্ত্রী মহাশয়ের কাছে স্পেসিফিক ভাবে জানতে চাই যে, যেসব তথ্য ওনাদের কাছে এসেছে সেটা আমাদের জানান। আমি বলছিনা যে সব তথ্য জানা সম্ভব। কিন্তু ওনাদের তথ্য সংগ্রহের সোর্স বেশি। ওনাদের কাছে যে তথ্য আছে সেটা আরো এফেকটিভ। কাজেই ওনাদের কাছে যে তথ্য আছে যে, কত মারা গেছে, কত আহত হয়েছে, ত্রাণের জন্য স্পেসিফিক ভাবে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, সেটা আমাদের জানানো হোক। আর হাউস থেকে একটা প্রস্তাব নেওয়া হোক যে, প্রধান মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রত্যেক মৃতের পরিবারকে ৫ লক্ষ টাকা করে সাহায্য দেওয়া হোক এবং এটা ইমিডিয়েটলি দেওয়া হোক। এটা নিয়ে আইনের কচ-কাচানি করার সময় নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা ঘটেছে উড়িষ্যা এবং বাংলার বর্ডারে। উড়িষ্যায় যারা মারা গেছে, সেখানে বাংলার ছেলেরা থাকতে পারে, তারা সেখানে পড়াশুনা করতে পারে বালেশ্বর এলাকায়। উড়িষ্যার লাগোয়া দাঁতনের ৫টি গ্রাম একেবার নিঃশেষ হয়ে গেছে এই রকম অবস্থায় সুস্থ মানসিকতা নিয়ে হাউস করা সম্ভব নয়। আমরা অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছিলাম। সেটা গ্রহণ করলে আমরা আলোচনা করতে পারতাম। এবং মন্ত্রীরা তার উত্তর দিতে পারতেন। কিন্তু সেটা অ্যাকসেপ্ট করেননি। কাজেই এই সমস্ত তথ্য আমাদের জানানো হোক।

**শ্রী নাজমুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে সমস্ত সদস্যরা অত্যন্ত মর্মাহত এবং উদ্বিগ্ন। গতকাল বিকালে ২টার সময়ে ভয়ঙ্কর ঘূর্ণিঝড়ে মেদিনীপুরের দাঁতন ব্লকের এগরা সহ উড়িষ্যার বালেশ্বরের একটা অংশে বহু মানুষ মারা গেছে, এক হাজারেরও বেশি মানুষ আহত হয়েছে, ৭টি গ্রামের বাড়িঘর ধূলিস্যাত হয়েছে। এই ব্যাপারে আমরা সন্তপ্ত এবং এর প্রতিকার আমাদের সকলের কাছেই কাম্য। আমি

*একথা জানাতে চাই যে, গতকাল বিকাল থেকে দাঁতন এবং এগরা ব্লকের কৃষকসভার ডি. ওয়াই. এফ আই.-এর কর্মিরা, মেদিনীপুরের জেলা শাসক, জেলা পরিষদের সভাধিপতি,* মেদিনীপুরের বামপন্থী আহ্বায়ক দীপক সরকার ঘটনাস্থলে গিয়ে সেখানকার আহত মানুষদের হাসপাতালে স্থানান্তরিত করেছে। আমাদের ৪ জন মন্ত্রী সূর্যকান্ত মিশ্র, পার্থ দে, নন্দ বাবু এবং সত্যরঞ্জন মাহাতো ঘটনাস্থলে পৌঁছে গেছেন। আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে, যারা আহত হয়েছে তাদের চিকিৎসার জন্য যে ভাবে হাসপাতাল স্থানান্তরিত করা হয়েছে, বিভিন্ন হাসপাতালে তাদের কিভাবে তদারকি করা হচ্ছে, ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সাহায্যের ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, সেই ব্যাপারগুলি আমাদের জানা দরকার। এ পর্যন্ত কাগজ মারফৎ যা বোঝা গেছে তাতে সেখানে যা যা করা আশু প্রয়োজন সে ব্যাপারে সরকারের বিবৃতি দেওয়া দরকার। সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি, একটা সঠিক বিবৃতি দিয়ে এই হাউসকে আশ্বস্ত করা হোক।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** গত ২৩ এবং ২৪ তারিখের দুই দিনের ঘুর্ণিঝড়ে শুধু মেদিনীপুর নয়, পশ্চিমবঙ্গের হাওড়া, হুগলি, নদীয়া, মুর্শিদাবাদ প্রভৃতি জেলায় ঘুর্ণিঝড় এবং শিলাবৃষ্টিতে যেমন মানুষের মৃত্যু ঘটেছে, তেমনি বোরো চাষ এবং পানের ব্যাপক ক্ষতি হয়েছে। হাওড়া জেলার শ্যামপুর, উলুবেড়িয়া, পাঁচলা, আমতা প্রভৃতি অঞ্চলে পানবরোজ সব পড়ে গেছে। আমার মনে হয়, একটি টিমের ঐসব ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করা দরকার। আজকে মন্ত্রী মহাশয়রা সরেজমিনে তদন্ত করবার জন্য গেছেন। যাতে অবিলম্বে ক্ষতিগ্রস্তদের সরকারি সাহায্য ত্রিপল, খাদ্যসামগ্রী, ওযুধপত্রের ব্যবস্থা করা হয় এবং কৃষি, সেচ, ত্রাণ দপ্তর একত্রে মিলে তদন্ত হয়, যাতে গরিব মানুষরা বুঝতে পারেন যে, প্রাকৃতিক দুর্যোগ হতেই পারে, কিন্তু হলে এই সরকারের পক্ষ থেকে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়। তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাকৃতিক দুর্যোগের ঘটনাটি খুবই দুঃখের এবং মর্মান্তিক। এই ঘুর্নীঝড়ের পরিণতিতে শতাধিক মানুষ প্রাণ হারিয়েছেন। সেখানে শিশু এবং মায়েরাও চরম দুর্দশায় পড়েছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে অনেকে সেখানে গেছেন। এসব খবর আমরা কেবলমাত্র খবরের কাগজে দেখছি। আমাদের সমুদ্র উপকূল অঞ্চল—সুন্দরবন এবং মেদিনীপুর জেলায় এই দুর্যোগ প্রায়ই ঘটে থাকে। আমাদের অভিজ্ঞতায় রয়েছে, এরকম প্রাকৃতিক দুর্যোগ, প্রলয়ঙ্করী ঝড় ১৯৮৯ সালের ডিসেম্বর মাসে বয়ে গিয়েছিল দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এবং বাংলাদেশের উপর দিয়ে। এবারের এই প্রাকৃতিক দুর্যোগ মেদিনীপুর এবং ওড়িষ্যার কিছু অংশে যে মর্মান্তিক ঘটনা ঘটাল তাতে দুঃখ প্রকাশের ভাষা নেই। কিন্তু দেখা যাচ্ছে এরকম প্রাকৃতিক

দুর্যোগের আগে কোনওবারই আবহাওয়াবিদরা স্পষ্ট কোনও ইঙ্গিত দিতে পারছেন না, এটা তাদের একটা সাংঘাতিক ত্রুটি। এর আগে দেখা গেছে, সময়মত আবহাওয়া দপ্তর থেকে কোনওরকম সাবধানবাণী উচ্চারণ করা হয়নি। কিন্তু সেটা করা হলে সরকার পক্ষ বা বেসরকারি সংস্থার পক্ষ থেকে, সংগঠনের পক্ষ থেকে মানুষকে সতর্ক করবার জন্য তারা কিছু জায়গায় কিছু নির্দেশ পাঠাতে পারতেন। কারণ গ্রাম্য এলাকায় এই ধরনের দুর্যোগ হলে মানুষ জন সাংঘাতিক দুর্দশার মধ্যে পড়েন, কারণ সেখানে পাকা বিল্ডিং নেই। মানুষ জন সবাই অ্যাসবেস্টস বা টালি ছাওয়া বাড়িতে বাস করেন, ফলে তাদের পালিয়ে বাঁচার উপায় থাকে না। এই প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলা করা একা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়, কিন্তু আমরা জানি না, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা কি সাহায্য পাব। তারজন্য আপনার মাধ্যমে আবেদন, এই মুহূর্তে রাজ্য সরকারের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন ১ কোটি টাকার রিলিফ দেওয়া হবে বলে, এর বাইরে ঐ সমস্ত দুস্থ মানুষগুলিকে পুনর্বাসিত করতে আর্থিক সাহায্য প্রদান, ওষুধপত্র ইত্যাদি দেবার ব্যাপারে ভাববার কথা চিন্তা করতে বলছি। একই সাথে এই হাউসের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হোক যে তারা একটা টিম পাঠিয়ে ওই এলাকা পরিদর্শন করেন এবং শুধু পরিদর্শন নয় সাথে সাথে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তার অনুরোধ আমি আপনার মাধ্যমে করছি।

[12-20 – 12-30 p.m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কাল পশ্চিমবাংলার সীমান্তবর্তী এলাকা দাঁতন মোহনপুর এবং এগরা এই কয়েকটি গ্রামে প্রায় ১৫ হাজার মানুষের উপর যে টর্নেডো ধ্বংসলীলা চালিয়েছে তার ফলে কত জন মানুষ মারা গিয়েছে তা সংবাদপত্র বা আকাশবানীর মাধ্যমে প্রকৃত সংখ্যা আমরা জানতে পারিনি। ক্ষয়-ক্ষতির পরিমাণ আমরা জানতে পারিনি। সেখানে মাটি চাপা পড়ে একটা ধ্বংসস্তুপে পরিণত হয়েছে। এইমতবস্থায় রাজ্য সরকারের পক্ষ থেকে যে ৪ জন মন্ত্রী ত্রাণ এবং উদ্ধারের জন্য গিয়েছেন তার জন্য তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি রাজ্য সরকারের প্রশাসন বিভাগকে, তাঁরা এই সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে সমস্ত পদস্থ অফিসাররা সেখানে গিয়ে পৌঁছেছেন এবং তাঁরা প্রশাসনের পক্ষ থেকে এফ. আই. আর নামিয়ে দিয়েছেন এবং সেখানে ত্রাণ এবং উদ্ধার কার্য শুরু করে দিয়েছেন। এখানে যাঁরা হৈচৈ করছেন তাঁরা কিন্তু সেই গ্রামে যান নি। সিজুয়া, সারিকা, বাইপাটনার সোনাবানিয়া এই সমস্ত গ্রামগুলিতে আমি ঘুরেছি। আমি জানি সেখানে গরিব আদিবাসী সম্প্রদায়ের মানুষ রয়েছে, দিনমজুররা রয়েছে এবং ইঁটভাটার শ্রমিকরা বাস করে। এখানে এই ইঁট ভাটা শ্রমিকরা ছোট ছোট ছাউনি করে বাস করে। এখানে একটা বিদ্যালয়ের ১৬ জন শিশু

মারা গেছে। যাই হোক এটা একটা দুঃখ জনক ঘটনা, প্রাকৃতিক বিপর্যয়ের উপর কারো হাত নেই, আমরা রুখতে পারিনি। এখন প্রশ্ন হচ্ছে ত্রাণ এবং উদ্ধার কার্য। এই ব্যাপারে কেউ দলবাজি করবেন না। রাজ্য সরকারে পক্ষ থেকে ত্রাণ কার্য চলছে এবং এই ঘটনার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে ১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। আমরা জানি এই এলাকায় যে ক্ষয়-ক্ষতি হয়েছে তা এই ১ কোটি টাকা দিয়ে পুরণ করা যাবে না। অনেক ক্ষতি হয়েছে। সুতরাং সমস্ত ব্যাপারটা পুঙ্খানুপুঙ্খ ভাবে বিবেচনা পুনর্বাসনের কাজে আমাদের নামতে হবে। এই ব্যাপারে সকলের সহযোগিতা দরকার। আমরা জানি রাজনৈতিক ফয়দা তোলবার জন্য কোনও কোনও এম. পি কিংবা কেন্দ্রের মন্ত্রীরা হেলিকাপ্টারে এসে আকাশ পথে পরিদর্শন করতে পারেন। কিন্তু এই উড়িষ্যা এবং পশ্চিমবঙ্গের এই এলাকায় যে ক্ষয়ক্ষতি হল, যে এলাকায় এখনও পর্যন্ত বিদ্যুৎ নেই, যেখানে এখনও পর্যন্ত বিদ্যুৎ পৌঁছাতে পারেনি, যেখানে রাস্তা-ঘাট নেই, এখনও পর্যন্ত যেখানে মাটির রাস্তা, এই সীমান্তবর্তী এলাকায় যারা বসবাস করছে তাদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকার কতটা সাহায্য করে দেখতে চাই। রাজ্যসরকার যাতে কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্য দাবি করেন তার অনুরোধ আমি জানাচ্ছি। ঠিক তেমনি ভাবে রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতখানি সাহায্য করতে পারে সেটা করতে হবে। এই ব্যাপারে আমাদের যেন কোনও শৈথিল্য না থাকে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি যে যারা এখানে নিহত হয়েছে, কোনও পরিবারের সে যদি একমাত্র উপার্জনক্ষম হয় তাহলে তার পরিবারকে সাহায্য দেওয়া হোক। মৃতব্যক্তির পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দাঁতনে বিধ্বংসী ঝড় গত কাল যে তাণ্ডবলীলা চালিয়েছে তাতে যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তা স্মরণাতীত কালে এই ধরনের কথা আর শোনা যায়নি। ছ'য়ের দশকে আমরা শুনেছিলাম যে এই রকম একটা ঘটনা ঘটেছিল। কাঁথির কাছাকাছি এতদিন পরে আমরা আবার দেখলাম, দাঁতনে এবং ওড়িষ্যার বালেশ্বর এলাকায় এবং উপকূলবর্তী এলাকাগুলিতে এই ঘূর্ণিঝড় আছড়ে পড়েছে। এরফলে বহু বাড়ি ধ্বংসস্তুপে পরিণত হয়েছে। বহু মানুষ তাদের জীবন হারিয়েছে, আত্মীয় পরিজন প্রাণ হারিয়েছে এবং স্কুলের ছাত্ররা নিখোঁজ হয়েছে। একটা বিরাট ক্ষতি হয়েছে সারা দেশের। সেদিক থেকে আমাদের মাননীয় মন্ত্রীরা তাঁরা সেখানে গেছেন এবং মেদিনীপুরের জেলা পরিষদের পক্ষ থেকে তাঁরা চিকিৎসক দল নিয়ে এবং ত্রাণের ব্যবস্থা সঙ্গে নিয়ে ছুটে গেছেন। ইতিমধ্যে আমাদের রাজ্য সরকার ত্রাণের জন্য ১ কোটি টাকা বরাদ্দ করেছেন, এটা আমরা শুনেছি। কিন্তু শুধু তো রাজ্য সরকারের দায়িত্ব নয়, রাজ্য সরকারের দেওয়া অর্থ দিয়ে এটা হবে না। কেন্দ্র এবং রাজ্যের এই দায়িত্ব যৌথভাবে বহন করতে হবে। কারণ, মানুষের জীবন ফিরিয়ে দেওয়া যাবে না। কিন্তু যারা নিঃসম্বল

ভাবে রয়েছে, তাদের ওষুধপত্র দিলেই হবে না, তারা যাতে ভবিষ্যতে কর্মসংস্থানের সুযোগ পান, সমস্ত কিছু বিবেচনা করতে হবে। এখানে বিরোধী বন্ধুগণ অনেক কথা বলেছেন ঠিকই। কিন্তু তাঁরা মনের দিক থেকে বলছেন কিনা জানিনা। তাঁরা খবর হতে চান। কিন্তু মানুষের কাছে যাওয়ার থেকে বড় কিছু নেই। আমরা সর্বদলীয় ভাবে যাতে সবাই ওখানে একবার যেতে পারি, সরেজমিনে যাতে অবস্থাটা পর্যবেক্ষণ করতে পারি তারজন্য আবেদন জানাই। আমরা সরকারের কাছ থেকে রিপোর্ট চাই যে, সমুহ ক্ষয়ক্ষতির পরিমাণ কত, কত মানুষের প্রাণ গিয়েছে। আমরা সামগ্রিক রিপোর্টটি জানতে চাই। সেই পরিপ্রেক্ষিতে যাতে ক্ষতিগ্রস্ত মানুষের কাছে সাহায্য দ্রব্যগুলো তাড়াতাড়ি গিয়ে পৌছায় এই আবেদন আমি আপনার মাধ্যমে সরকারের কাছে জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বিধানসভার মাননীয় সদস্যারা যেমন ভাবে খুবই উদ্বিগ্ন, তেমনি ভাবে আমিও খুবই উদ্বিগ্ন। বিশেষ ভাবে প্রাকৃতিক যে বিপর্যয় আমাদের মেদিনীপুর জেলাকে এবং ওড়িয্যার বালেশ্বরের বিভিন্ন এলাকাকে যে ভাবে বিধ্বস্ত ঝড় গ্রাস করেছে, যে ভাবে বহু মানুষ প্রাণ হারিয়েছেন, যে ভাবে শিশুদের জীবনে বিভিষিকা নামিয়ে এনেছে, এরজন্য আমরা বিশেষ ভাবে বেদনাহত। চারজন মন্ত্রী সঙ্গে সঙ্গে ওখানে ছুটে গেছেন এবং এক কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আমি আশা করি, যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের পুনর্বাসন এবং অর্থনৈতিক পুনরুজ্জীবনের ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সরকার আরও উদ্যোগী হবেন। এই সঙ্গে সঙ্গে আবহাওয়া বিভাগ যাতে এই ধরনের ঘটনায় ভবিষ্যতে আগে থেকে পুর্বাভাষ দিতে পারেন, সেই ব্যাপারে সরকার যাতে নজর দেন, তারজন্য আমি আবেদন জানাচ্ছি। আমরা তাজ্জব হয়ে যাচ্ছি, প্রাকৃতিক এই ঝঞ্ঝায় একটা পাতার মত মানুষ সেখানে ১০-১৫ ফুট পর্যন্ত উপরে উঠে মাটিতে আছড়ে পড়েছে। এটা কতখানি মর্মান্তিক ঘটনা তা আমরা উপলব্ধি করতে পারছি। প্রকৃতির এই তাণ্ডব থেকে রক্ষা পাওয়ার ব্যাপারে আমরা অসহায়। পদের অহঙ্কার, শিক্ষার অহঙ্কার এবং মর্যাদার অহঙ্কারে আমরা যারা অসভ্য আচরণ করে থাকি, আমাদের শিক্ষা নেওয়া দরকার যে প্রকৃতির কাছে আমরা কতটা অসহায়। ক্ষতিগ্রস্ত মানুষদের ক্ষতিপূরণ ও সাহায্য নিশ্চয়ই করতে হবে। সেই সঙ্গে সঙ্গে তারা যাতে নিজেরা এই অবস্থা থেকে নিজেদের রক্ষা করতে পারে, তারা যাতে ভালভাবে দাঁড়াতে পারে এবং সরকার যাতে তৎপরতার সঙ্গে ত্রাণের কাজ করেন তারজন্য অনুরোধ জানাচ্ছি।

[12-30 – 12-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়টি এখানে রাখছি সেটা খুবই মর্মান্তিক এবং উদ্বেগজনক। এখনো ওই ধ্বংসস্তুপের তলায় কত

মানুষ আছে, কত মানুষ নিখোঁজ এটা জানা যায়নি। এদের চিকিৎসার ব্যাপার অত্যন্ত জরুরি। সেইজন্য আমার সাজেশন হচ্ছে যে, যাতে অবিলম্বে ওই এলাকায় মোবাইল হসপিটালের ব্যবস্থা করা হয়, এটা অত্যন্ত জরুরি। উদ্ধারকার্যের সাথে সাথে সিভিল অ্যাডমিনিস্ট্রেশন শুধু নয়, সেনাবাহিনীও নামানো দরকার। এই প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়-ক্ষতির যে পরিমাণ তা রাজ্যসরকারের সীমিত ক্ষমতায় মোকাবিলা করা সম্ভব নয়। ফলে কেন্দ্রীয় সরকারকে শুধু সমস্যার গুরুত্ব উপলব্ধি করে দুঃখপ্রকাশ নয়, পর্যাপ্ত পরিমাণে ত্রাণ এবং উদ্ধার কার্যে সহায়তা করতে হবে। প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থেকে, মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে সাধারণ মানুষ তথা মৃতদের পরিবারের ক্ষয়-ক্ষতির ব্যবস্থা, পুনর্বাসনের ব্যবস্থা ইত্যাদি গুরুত্ব সহকারে করা দরকার। সমস্ত কাজটা যাতে সুষ্ঠভাবে সম্পন্ন হয় তাই রাজ্যসরকারের উদ্যোগে সর্বদলীয় একটা ত্রাণ কমিটি করা হোক এবং প্রয়োজন হলে সর্বদলীয় পরিষদীয় দল যাতে ওখানে যায় সেটা দেখতে হবে। এই মুহূর্তে যেটা দরকার সেটা হচ্ছে যে, প্রশাসনিক তৎপরতা, এবং সিভিল ও মিলিটারী অ্যাডমিনিস্ট্রেশন দিয়ে ত্রাণ ও উদ্ধার কার্য পরিচালনা। এই মুহূর্তে ওখানের লেটেস্ট খবর কি, আপ টু ডেট খবর কি, ক্ষয়-ক্ষতির পরিমাণ কত এবং সরকার কতটা করতে পেরেছেন এই বিধানসভার প্রতিনিধিদের জানান কারণ আমরা সবাই সেইসব মর্মান্তিক ঘটনার জন্য উদ্বেগ নিয়ে এখানে অপেক্ষা করছি। সরকার এই বিষয়ে কি ব্যবস্থা নিচ্ছেন সেটা জানান।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমত যে বিপর্যয় এবং বিধ্বংসী দুর্যোগ ঘটে গেছে এটা উদ্বেগজনক এবং মর্মান্তিক। সেখানে যারা মারা গেছে তাদের প্রতি সমবেদনা এবং যারা ক্ষতিগ্রস্ত, বিপদাপন্ন তাদের প্রতি গভীর সমবেদনা রইল। আগের অনেক প্রাকৃতিক দুর্যোগে এবং বিপর্যয়ে রাজ্য সরকার তার দায়িত্ব পালন করেছে। এবারও করবে তাতে আমি নিঃসন্দেহ। এখনই আমাদের বিশেষ পাঁচ জন মন্ত্রী ওখানে চলে গেছেন, চিকিৎসক দলও নিয়ে গেছেন, স্বাস্থ্যমন্ত্রীও গেছেন। যে ধরণের ক্ষতি হয়েছে সেই সমস্ত ক্ষতি সব রকমের ব্যবস্থা যাতে করা যায় তারজন্য রাজ্য সরকার অবিলম্বে নিশ্চয় উদ্যোগ গ্রহণ করবে। এবং বর্তমানে যে অবস্থা সেখানে, সেই অবস্থার কথা এই সভাকে অতি দ্রুত জানাবেন। এই যে জাতীয় বিপর্যয় এবং জাতীয় ক্ষতি এইক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের একটা দায়িত্ব থাকে এবং এটা আমরা জানি যে আমাদের রাজ্য সরকার ইতিপূর্বে যেসব প্রাকৃতিক দুর্যোগ হয়েছে, ক্ষয়-ক্ষতি হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে সেই ক্ষতির পরিমাণ কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে, কিন্তু তারা সবটা দেননি। এইবার যে ক্ষতি হয়েছে সেই জায়গাতে রিকনস্ট্রাকশন এবং তার যে রিহ্যাবিলিটেশনের দরকার তারজন্য কেন্দ্রকেও সাহায্য করতে হবে। যেসব ঘরবাড়ি ভেঙ্গে গেছে, তাদের ঘরবাড়ি করে দিতে হবে, গবাদি পশুর যে ক্ষতি হয়েছে

তার ক্ষতি পূরণ দিতে হবে। যাদের জীবনহানি হয়েছে তাদের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে। এরজন্য কেন্দ্রীয় সরকারকে একটা বড় অংশের সাহায্য দেওয়া উচিত। রাজ্যের মানুষ এই ধ্বংসস্তুপের মধ্যে দাঁড়িয়ে রাজ্যের মানুষের কাছে, সবার কাছে সমবেদনা, সাহায্য চাইছে। ধ্বংসস্তুপের সামনে দাঁড়িয়ে পঞ্চায়েত নির্বাচন কে হাতিয়ার করে এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে করা উচিত নয়। সেইজন্য রাজনীতির উর্ধ্বে থেকে দলমত নির্বিশেষে সমস্ত মানুষকে সেখানে সাহায্য করতে হবে, রাজ্য সরকার এই ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণ করছেন তাকে কার্যকর ভূমিকা পালন করতে বলুন। সেই সমস্ত বিপন্ন মানুষকে যাতে সাহায্য করতে পারেন। আজকে কেন্দ্রে যে অদ্ভুত ধরনের সরকার হয়েছে, আমরা জানিনা তারা এই ব্যাপারে কি দায়িত্ব পালন করবেন, অন্ততপক্ষে বিপন্ন মানুষের স্বার্থে যে ধরণের ক্ষতি হয়েছে, সেই ক্ষতিপূরণের জন্য রাজ্য সরকারের কাছ থেকে তারা সমস্ত তথ্যাদি নিয়ে অবিলম্বে সমস্ত রকম সাহায্য করবেন, এই আশা করছি। এবং রাজ্য সরকারও যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন এই আশা করি। রাজনীতির উর্ধ্বে থেকে এই বিপন্ন মানুষের পাশে দাঁড়ানো মানবিক দায়িত্ব, তাই আমি মনে করি সর্বশেষে এই বিপন্ন মানুষের প্রতি সমবেদনা জানানো আমাদের কর্তব্য, তাই এই দাবিগুলি আমি রাখলাম।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মিঃ স্পিকার স্যার, যে প্রাকৃতিক দূর্যোগ ঘটে গিয়েছে এটা ভয়াবহ। সব রকমের সাহায্য নিশ্চয় করা হবে, যাতে তাড়াতাড়ি হয় সেটা দেখবেন। দেরিতে সর্বনাশ হয়ে যায়। পয়সাটাও খরচ হয়, কিন্তু সময় মতো সেটা পৌছায়না। এটা দেখতে হবে, সব কিছু যেন ঠিক ঠিক হয়। তাহলে অন্ততপক্ষে শতকরা ৫০ ভাগ রিলিফে কাজ হয়। এটা শুধু মেদিনীপুরের আশপাশে হয়েছে তা নয়, এটা সব জায়গায় হয়েছে। উত্তরবঙ্গ থেকে খবর পেয়েছি, আলিপুরদুয়ার কুচবিহার এবং সমস্ত জায়গায় শিলাবৃষ্টির জন্য ফসলের ক্ষতি হয়েছে। সব জায়গায় যাতে নজর দেওয়া হয় সেটা দেখবেন। যেহেতু কলকাতার কাছের জেলা তাই পেপার এর মাধ্যমে প্রকাশ ঘটে, এটা নিয়ে হৈচৈ হয়। এই নিয়ে হৈচৈ করলে খবরের কাগজগুলিও ছাপে। উত্তরবঙ্গে যে ক্ষতি হয় তার কথা কেউ চিন্তা করে না, সরকারও নজরে রাখে না। সেখানেও ক্ষতি হয়েছে। তাই ক্ষয়ক্ষতির হিসাবটা হাউসে জানানো উচিত কোন জেলায় কি রকম ক্ষতি হয়েছে, কি রকম সাহায্য যাবে, এই ব্যাপারে সরকারের দৃষ্টি রাখা উচিত।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনাকে ধন্যবাদ এবং আপনার জ্ঞাতার্থে জানাব কি কারণে একটা অত্যন্ত বেদনাদায়ক ঘটনাকে, বিপর্যয়ের ঘটনাকে এখানে তুলে ধরার চেষ্টা করেছেন, সুযোগ করে দিয়েছেন। বিরোধীদের কাছে বলব তারা যে কথা বলেছেন, তাদের সঙ্গে আমিও সমব্যথী। দ্বিতীয় কথা হচ্ছে,

যে ঘটনা ঘটেছে, বেশি করে মেদিনীপুর জেলার কাঁথি এবং এগরা এলাকায়। আমি কমল বাবুর সঙ্গে সহমত, মেদিনীপুর ছাড়াও আরও কয়েকটি জেলায় যেভাবে ভীষণ ভাবে ক্ষতি হয়েছে, আমার মনে পড়ে যায়, এই রকমের ঠিক একটি ঘটনা একদম এই রকমের একটি ঘটনা আমার নিজের জেলায় আজ থেকে প্রায় ৫।৬ বছর আগে কাঁন্দির গোকর্ণে ঘটেছিল। সেখানে আমি হাজির ছিলাম। ঠিক এই রকম জিনিস ঘটেছিল, একেবারে একটা জলস্তম্ভ আর অগ্নি বলয় হয়ে ছুটতে শুরু করল সমস্ত মুড়িয়ে দিয়ে চলে গেল, এই ধরনের ঘটনা মুহূর্তের মধ্যে ঘটেছে এবং বহু লোকের প্রাণহানি ঘটেছে, সম্পত্তি নষ্ট হয়েছে।

[12-40 – 12-50 p.m.]

এই ঘটনাগুলো খুবই মর্মান্তিক। আপনারা নিশ্চয় আমাদের সঙ্গে একমত হবেন যে এই ব্যাপারে কর্তব্যের আহ্বানে আমাদের সরকার সাড়া দিয়েছেন সময় মতো। আমাদের তরফ থেকে গতকাল আমাদের চারজন মন্ত্রী জলসম্পদ অনুসন্ধান মন্ত্রী, যার কেন্দ্রে ঘটনাটা ঘটেছে নন্দগোপাল ভট্টাচার্য, সূর্যকান্ত মিশ্র, স্বাস্থ্য মন্ত্রী পার্থ দে এবং ত্রাণ মন্ত্রী সত্যরঞ্জন মাহাতো তারা ঘটনাস্থলে রওনা হয়ে গিয়েছেন। আজকে সেচ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী চলে গিয়েছেন। ইতিমধ্যে যতটুকু খবর পাওয়া গিয়েছে, সমস্ত ক্ষয়-ক্ষতির বিবরণ এখনও পাওয়া যায়নি, ৮০-৮১ জন মারা গিয়েছে। আমাদের ধারণা আরও অনেক বেশি লোক মারা গিয়েছে। সিভিল ডিফেন্স দপ্তরের সাজসরঞ্জাম নিয়ে তারা অগ্রসর হয়ে গিয়েছেন। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী তিনি শুধু যাননি, তিনি সেখানে চিকিৎসক দল এবং ঔষধপত্র নিয়ে গেছেন। ইতিমধ্যে তিনি তার দপ্তরকে সেই রকম ভাবে নির্দেশও দিয়েছেন যুদ্ধকালীন, জরুরি ভিত্তিতে কাজকর্ম করার জন্য। আমি আশা করব শুধু আমরা নই, আমি হাতজোড় করে বলছি সকলের কাছে, এই ব্যাপারে বিরোধীতা করবেন না, আপনারাও এগিয়ে আসুন। আমাদের রাজনীতি করার অনেক জায়গা আছে, আমরা অন্য জায়গায় রাজনীতি করব। পশ্চিমবাংলার আজকে এই বিপদের দিনে আমরা, আপনারা সকলে এক সঙ্গে হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করব।

**(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)**

দু নম্বর বিবৃতি হচ্ছে, আমরা বার বার দেখেছি এই রকম ক্ষয়-ক্ষতি যখন হয় তখন কেন্দ্রীয় সরকারকে জানানোর পরে তাদের তরফ থেকে কতগুলো টেকনিক্যালিটিস সব সময় কেন্দ্রীয় সরকার অনুসরণ করে থাকে। ক্ষয়-ক্ষতি জানার জন্য একটা টীম আসে এবং সাহায্য যখন আসে তখন অনেক দেরি হয়ে যায়। মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনাতে এর আগে যেসব জায়গাতে ক্ষয়-ক্ষতি হয়েছিল, তখন টীম দেরিতে এসে অনুসন্ধান করার অনেক পরে সাহায্য আসে। সাহায্য যেটা এসেছিল সেটা অঙ্কের হিসাবে

নামমাত্র। প্রাথমিক ভাবে আমরাও নামমাত্র সাহায্য দেবার জন্য চেষ্টা করেছি। ক্ষয়-ক্ষতির পরিমাণ আমরা দু-তিন দিনের মধ্যে জানতে পারব। টাকা-পয়সার দিক থেকে আমরা যে দাবি রাখব তা আমি আপনাদের কাছে হাজির করব। আপনাদের সকলের সহযোগিতা বামফ্রন্ট সরকার কামনা করে। একজন মাননীয় সদস্য ঠিকই বলেছেন জাস্টিস ডিলেইড ইজ জাস্টিস ডিনাইড। এই ব্যাপারে আপনার সঙ্গে আমি সম্পূর্ণ একমত, বিপদের সময় যাতে আমরা সকলে একসঙ্গে দুর্গত মানুষদের পাশে এসে দাঁড়াই।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভায় সকল সদস্যগণ যে উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করেছেন গতকালের মেদিনীপুরের ভয়াবহ ও দুঃখজনক ঘটনার জন্য, আমরাও তার শরিক। আজকে সকালে আমাদের মন্ত্রী সভার যে অধিবেশন হয়েছে, তার প্রথমেই সেইসব ক্ষতিগ্রস্তদের প্রতি সমবেদনা এবং নিহতদের প্রতি শোক প্রকাশের জন্য শোক প্রস্তাব গ্রহণ করে, নীরবে তাদের প্রতি শ্রদ্ধা জানিয়েছি।

... (গোলমাল) ...

একটু আগে আমাদের মন্ত্রী সভার সহকর্মী দেবব্রত বন্দ্যোপাধ্যায় যে-কথা বলেছেন, আমি সেই-কথার সাথে এই-কথা যুক্ত করতে চাই, এই ঘটনার সাথে সাথে আমাদের কয়েকজন মন্ত্রী সেখানে ছুটে গেছেন। আমাদের শ্রীকুমার বাবু আজ সকালে সেখানে গেছেন। মেদিনীপুর জেলার যে-সমস্ত আধিকারিকরা যারা ছুটিতে আছেন, তাদের সব ছুটি বাতিল করে অবিলম্বে স্ব-স্ব কাজে যোগদান করে উদ্ধার এবং পুনর্গঠনের কাজে যোগ দিতে বলা হয়েছে। প্রথম কিস্তিতে সরকার এক কোটি টাকা বরাদ্দ করেছে এবং সেখানে যেসব মন্ত্রীরা গিয়েছেন, তাদের প্রতিবেদন পাওয়ার পরে আমাদের সাধ্য-মতো যতটা অর্থ দেওয়া সম্ভব সেটা আমরা দেব। আমরা সকল সদস্যের কাছে,—যে যে—দলেরই হোক না কেন—অনুরোধ করব, এই দুঃখজনক পরিস্থিতিতে সবচেয়ে গুরুত্ব সহকারে ত্রাণ এবং পুনর্বাসনের কাজ ...

... (গোলমাল) ...

**Mr. Speaker :** Mr. Mannan, for the last time I am telling you that I will take action against Shri Tapas Banerjee if you do not control him. Either you control him or I will take steps. The House cannot go on in this manner. There is a limit. If you cannot control your members, the House will make its own arrangements. You are the Chief Whip of your party. You have to control your members. What is this?

*(Noise and Interruptions)*

*It is not possible for me.*

**(Noise and Interruptions)**

It is impossible. There is a limit. Do not do it. If you cannot control your members in the House I will take steps.

**(Noise and Interruptions)**

Take your seat. I have called upon Mr. Mannan. Let me understand what is the position.

[12-50 – 2-00 p.m.(Including Adjournment)]

**শ্রী আব্দুল মান্নান :** মিঃ স্পিকার স্যার, হাউসকে ইন অর্ডার আনতে যত রকম সহযোগিতা করা দরকার, তা আমরা করতে ইচ্ছুক এবং করতে চাই। কিন্তু আপনি স্যার, একটু আগে যে অ্যাটিচিউড নিলেন, খুব দুর্ভাগ্যের সঙ্গে বলতে হচ্ছে যে, আমরা প্রথমেই এসে কোয়েশ্চেন আওয়ার ওয়াক আউট করেছি। তারপর ঢুকে সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করি নি। মেদিনীপুরের টর্নেডো নিয়ে বলতে উঠেছিলাম। আমি যতক্ষণ ধরে বলেছি, ততক্ষণ ধরে শাসক পক্ষ ডিসটার্ব করেছে। আপনি যে অ্যাটিচিউড তাপস ব্যানার্জির বিরুদ্ধে নিলেন, কিন্তু ওদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিলেন না। আমরা ওদের বক্তব্য রাখার সময় ডিসটার্ব করি নি। ওদের চিফ হুইপ যখন বক্তব্য রেখেছেন, তখন আমরা ডিসটার্ব করিনি। আমরা কারোর দয়ায় এখানে আসিনি। স্যার, হাউস এক তরফা চলতে পারে না।

**(তুমুল হট্টগোল)**

**Mr. Speaker :** Mr. Mannan, do not do that. Do not encourage to your members to be indisciplined, to become unruling, take your seat.

**শ্রী কান্তি বিশ্বাস :** স্যার, এটা অত্যন্ত বেদনার বিষয়। আমরা সরকার পক্ষ থেকে পুনর্বার এই সভার সকল সদস্যদের কাছে আবেদন জানাব যে, আসুন ঐক্যবদ্ধ ভাবে এই অসহায় মানুষের কাছে দাঁড়াই। আমাদের সরকার পক্ষ থেকে যতখানি করা দরকার, সেটা সুনিশ্চিত করতে, সেই কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং পরে কি অবস্থা হবে তা

আমরা জানতে পারব এবং আমরা সরকার পক্ষ থেকে এই সভাকে সমস্ত কিছু অবহিত করব এবং আমাদের পক্ষ থেকে যথাসাধ্য ভাবে মেদিনীপুর জেলার এই দুর্গত মানুষের পাশে দাঁড়িয়ে তাদের সাহায্য করব এবং সাথে সাথে অন্যান্য এলাকায় যতটা ক্ষতি হয়েছে, সেই ক্ষতিটা পূরণ করার জন্য এবং তাদের পুনর্বাসনের জন্য সরকার পক্ষ থেকে আমরা ব্যবস্থা নেব। মন্ত্রী সভার পক্ষ থেকে এই আশ্বাস আমি সভায় পেশ করছি।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিষয়টি নিয়ে আজকে এই সভায় আমাদের বিরোধী দলের সদস্য এবং আমাদের সরকার পক্ষের সদস্য বন্ধুরা সকলেই উদ্বিগ্ন, এটা উদ্বিগ্ন হওয়ার মতই ঘটনা। এই ঘটনার সর্বশেষ যে সংবাদ পেয়েছি, তা আমি আপনাদের কাছে উল্লেখ করব এবং আমাদের জেলায় গতকাল এই ঘটনা ঘটার সাথে সাথে আমাদের জেলার সভাধিপতি, জেলা পরিষদের ৫ জন কর্মাধ্যক্ষ সন্ধ্যার মধ্যেই উপস্থিত হন এবং আমাদের আজকে মন্ত্রী সভায় গতকালের ঘটনার ব্যাপার নিয়ে যে সিদ্ধান্ত হয়েছে, সেই সম্পর্কে একটু আগে মন্ত্রী সভার দুজন সদস্য উল্লেখ করেছেন। আমাদের গোটা জেলার মানুষ উদ্বিগ্ন।

ইতিমধ্যে আপনারা জেনেছেন যে আমাদের মন্ত্রী সভার ৪ জন সদস্য গতকাল রাত্রে ১২টার সময় রওনা দিয়েছেন। আমরা সকাল ৬টা পর্যন্ত যে খবর পেয়েছি তাতে দাঁতন এলাকার ১ নং ব্লকে ২৯টি মৃতদেহ উদ্ধার করা গেছে এবং এগরা ১ নং ব্লকে ১৯টি মৃতদেহ উদ্ধার করা গেছে, তবে এখনও ধ্বংস প্রাপ্ত যে বাড়িগুলি তার নীচে মৃতদেহ থাকার আশঙ্কা আছে। রাত্রি বেলায় জেনারেটরের সাহায্যে সমস্ত দেহ উদ্ধার করা যায়নি, বেলা বাড়ার সাথে সাথে যে মৃতদেহ উদ্ধার হয়েছে তার সংখ্যাটা এখনই বলতে পারব না। আর ইতিমধ্যে আহত হয়ে যারা হাসপাতালে ছিলেন তাদের মধ্যে ৩ জনকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করতে হয়েছে। জেলায় আমাদের চিকিৎসক দল তাঁরা গত রাতে ১২টার মধ্যে পৌঁছেছেন। যাতে ত্রাণের কোনও অসুবিধা না হয় সেজন্য তার জন্য জেলা প্রশাসন আমাদের রাজ্য দপ্তরের কাছে আবেদন জানিয়েছিল এবং তাদের রিকুইজিশন অনুযায়ী সব কিছুই পাঠানো হয়েছে। তবে এত অল্প সময়ের মধ্যে ক্ষয়-ক্ষতির চূড়ান্ত তালিকা প্রকাশ করা সম্ভব হয়নি। আমি এ ব্যাপারে আপনাদের সহমত আশা করি। আজকে সন্ধ্যার সময় মন্ত্রী মহাশয় ফিরে এলে তার রিপোর্ট তার চূড়ান্ত ক্ষয়-ক্ষতির রিপোর্ট ২৭ তারিখ বিস্তারিত বিবৃতি আকারে এখানে রাখা হবে। মেদিনীপুর জেলার মানুষ হিসাবে এবং সদস্য হিসাবে আর্ত মানুষের পাশে দাঁড়ানোর ক্ষেত্রে যে ঐতিহ্য আমাদের আছে, আপনারা জানেন ১৯৭৮ সালে আমাদের সমীর ভট্টাচার্য আর্ত মানুষের উদ্ধারে গিয়ে প্রাণ দিয়ে ছিলেন, আমাদের জেলা মাতঙ্গিনী

হাজরা, ক্ষুদিরামের জেলা, সেখানে বিপদের সময় আর্ত মানুষের পাশে দাঁড়ানোর ঐতিহ্য আছে, এ ব্যাপারে দলমত নির্বিশেষে রাজনীতির উর্ধ্বে উঠে আমরা সেখানে আমাদের দায়িত্বে অঙ্গীকারবদ্ধ এবং তা আমরা পালন করব। সমস্ত মাননীয় সদস্যর কাছে অনুরোধ করব আমাদের সত্যিকারের মর্মাহত হওয়ার যে প্রকাশ সেটুকুই যেন প্রকাশ পায়, তার বাইরে অন্য কিছুর প্রকাশ যেন না হয়। একমাত্র সমবেদনা জানানো ছাড়া আর অন্য কোনও রকম উল্লাস যেন আমরা না দেখাই। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে ক্ষয়-ক্ষতির পরিমাণ নির্ধারণের পর আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দাবি জানাব এবং তার উপর ভিত্তি করেই সেই সময় আমরা সকলে সম্মিলিত ভাবে চেষ্টা করব এই আশা রেখে আমার পক্ষ থেকে আপনাদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I have received a notice of breach of privilege against Shri Paresh Pal, Shri Tapas Banerjee, Shri Ram Janam Manjhi and Shri Dilip Das. The notice has been given by Shri Jyoti Krishna Chattopadhyay and Shri Tapas Chattopadhyay. I will take up this matter tomorrow after question hour.

**... (At this stage the House was adjourned till 2 p.m.) ...**

[2-00 – 2-10 p.m.(After Adjournment)]

**LAYING OF SUPPLEMENTARY EXPENDITURE FOR 1997-98.**

**Dr. Asim Kumar Dasgupta :** Mr. Speaker Sir, In terms of Article 205 of the Constitution, I lay before the House a Statement showing the Supplementary Expenditure for the year 1997-98 amounting to Rs. 925.83 crores (Rupees nine hundred twenty five crores and eighty three lakhs) of which the charged items account for Rupees fifty four crores and eighty six lakhs and the Voted items Rupees eight hundred seventy crores and ninety seven lakhs.

In the booklet 'Demand for Supplementary Grants 1997-98' circulated to the Hon'ble Members, details of the Supplementary Estimates and the reasons therefor have been given. Here, I would mention only a few salient points with regard to the Demands for Supplementary

Grants for the current year.

The charged expenditure amounting to Rupees fifty four crores eighty six lakhs is mainly for payment of interest charges on loans from Central Government, for meeting establishment charges of High Court Judges and payment of decretal charges met out of Advances from the Contingency Fund of West Bengal for which an equivalent amount is required to enable repayment to be made to that Fund during this financial year.

The voted items aggregate to Rupees eight hundred seventy crores ninety seven lakhs. Particulars of some of the voted items are shown in the booklet circulated and the balance requirement of Rupees 407.06 crores has been accounted for in respect of demands under various other administrative services and schemes for payment of increased pay, D.A., Interim Relief, Ad-hoc Bonus etc.

**Mr. Speaker :** I like to inform the Hon'ble Members that the amendments to the Supplementary Estimates for the year 1997-98 will be received till 3 p.m. on 26th March, 1998. Printed forms for amendment are available at the Publication Counter.

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় অর্থমন্ত্রী অসীম বাবুর আনা বাজেট বরাদ্দের বিরোধীতা করে এবং আমাদের বিরোধী পক্ষ থেকে আনা কাট মোশনের সমর্থন করে কিছু বক্তব্য রাখব।

স্যার, প্রতি বারই অসীম বাবু ওনার বাজেটে নতুন কিছু কথা বলার চেষ্টা করেন। আমি ভাল করে ওঁনার ট্যাক্সের প্রস্তাবগুলো দেখলাম। এটা দেখে আমার মনে হয়েছে যে, উনি বেশি না ভেবে-চিন্তে, তাড়াহুড়ো করে, কোনও পরিকল্পনা ছাড়াই এই নতুন ট্যাক্স বসিয়েছেন। স্যার, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন এবারের বাজেট প্রথমে ৩৭ কোটি টাকা ডেফিসিট দেখানো হয়েছিল। তার পর অসীম বাবু ১০ কোটি টাকা বাজেটে কর ছাড় ঘোষণা করেছেন এবং ১৫ কোটি টাকা বেশি উপার্জন ঘোষণা করেছেন। তার মানে ৫ কোটি টাকা ওখান থেকে এল।

তার মানে ৫ কোটি টাকা ওখানে এল, আর কার থেকে ২০ কোটি টাকা আয়ের কথা বলেছেন। তার ফলে মোট বাড়তি ট্যাক্স ২৫ কোটি টাকা। ৩৭ কোটি টাকা থেকে ২৫ কোটি বাদ দিয়ে উনি ১২ কোটি টাকা ঘাটতি বাজেট দেখিয়েছেন। উনি জিরো ডেফিসিট বাজেটের চমক ছেড়ে দিয়েছেন, এরজন্য ওনাকে ধন্যবাদ। সিদ্ধার্থ বাবু জিরো ডেফিসিট বাজেটকে বলতেন জিরো বাজেট। ওটা অ্যাকাউন্টিং জাগলারি ছিল। সুতরাং ডেফিসিট জিরো থাকত না। কিন্তু উনি ডেফিসিট মেনে নিচ্ছে এটা আনন্দের কথা। ট্যাক্স প্রপোজালের ব্যাপারে দেখছি কোনও পরিকল্পনা নেই। উনি ট্যাক্স বাড়িয়েছেন— ফরেন লিকার, হুইট সিল্ড ইন কনটেনার, ক্যাপটেন কুক আটা, লটারি টিকিট, ইমপোরটেড সিল্ক ইয়ার্ন এগুলোতে ট্যাক্স বাড়িয়েছেন। কন্ট্র্যাক্ট ইলেক্ট্রিক্যাল সিভিল, নন-ইলেক্ট্রিক্যালের উপর ট্যাক্স বাড়িয়েছেন। মোটর কার, জীপের উপর ট্যাক্স বাড়িয়েছেন। পেনাল্টি বাড়িয়েছেন, আন-অথরাইজড ইমপোরটেডের উপর ২৫ থেকে ৫০ পারসেন্ট ট্যাক্স বাড়িয়েছেন। তা নিয়ে কিছু বলার নেই। সমাজের অ্যাফ্লুয়েন্ট সেকশনের থেকে ট্যাক্স তোলার চেষ্টা করতে হবে। বাড়তি টাকা যাদের আছে তাদের থেকে ট্যাক্স তুলতে হবে। কিন্তু এবারে উনি ট্যাক্স রিলিফ কিসের বেসিসে দিয়েছেন? অসীম বাবু বাজেট বক্তব্যে বলেছেন, "ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের দিকে লক্ষ্য রেখে আমি বিভিন্ন ধরনের ট্যাক্স রিলিফ দিয়েছি"। উনি বলেছেন, In order to promote growth of industry and trade and to achieve better tax compliance. উনি এয়ারেটেড ওয়াটারের উপর ট্যাক্স কমিয়েছেন, হেলথ ড্রিংক্সের উপর ট্যাক্স কমিয়েছেন, সিগারেট কেস অ্যান্ড লাইটারের উপর ট্যাক্স কমিয়েছেন। পর পর ৩ বছর সিগারেট কেস অ্যান্ড লাইটারের উপর ট্যাক্স বাড়িয়ে এবারে সিগারেট কেস অ্যান্ড লাইটারের উপর ট্যাক্স কমানোর কোনও যৌক্তিকতা নেই। উনি কমপ্যাক্ট ডিসকের উপর ট্যাক্স কমিয়েছেন। এটা হচ্ছে অ্যাডভান্সড সাউন্ড সিস্টেম। এটা কারা ব্যবহার করে? উনি হঠাৎ বললেন কমপ্যাক্ট ডিসকের উপর ট্যাক্স কমিয়েছেন, এতে রাজ্যের উন্নতি হবে। এর আগে অল্প জুতোর উপর ট্যাক্স কমিয়েছিলেন। কিন্তু এবারে ফুটওয়্যার অ্যাবাভ ফাইভ হানড্রেড রুপিস আপনারা ট্যাক্স কমিয়েছেন—এতে কি যৌক্তিকতা আছে তা আমার কাছে পরিষ্কার নয়। হলদিয়া পেট্রোকেমিক্যালস হবে। সেখানে প্লাস্টিক প্রোডাক্টের উপর উনি অনেক ট্যাক্স কমিয়েছেন। পরবর্তীকালে হলদিয়া পেট্রোকেমিক্যালস যখন হবে তখন এতে সাহায্য হবে। কারণ গ্রামে কৃষির কাজে জল দেওয়ার জন্য যেসব পাইপ ব্যবহার করা হয় সেগুলো প্লাস্টিকের। সুতরাং প্লাস্টিক প্রোডাক্টের উপর ট্যাক্স কমানোর ফলে ভালই হবে। আপনি কেরোসিন স্টোভের উপর ট্যাক্স কমিয়েছেন—এটা জাস্টিফায়েড। কিন্তু উনি কেন প্রিন্টিং সার্কিট বোর্ড, রেজিন, নন-ফেরাস মেটাল, পলিয়েস্টার ফিল্ম, স্টোরেজ

ব্যাটারি তৈরির উপাদান, পিগমেন্ট—এগুলোর উপর ট্যাক্স কমিয়েছেন সেটা বুঝতে পারছি না, এটা কমপ্রিহেনসিবেল নয়। আমার মনে হয় বিশেষ বিশেষ কোনও লবি বা পার্টিকুলার কোনও কোম্পানির সুবিধার জন্য, তাদের তদারকি বা তাদের সুবিধার জন্য এই ট্যাক্সগুলো কমিয়েছেন। যেমন—কোনও ব্যাটারি কোম্পানির জন্য স্টোরেজ ব্যাটারি তৈরির উপাদানের উপর ট্যাক্স কমিয়েছেন, আবার কোনও বড় জুতো কোম্পানির জন্য জুতোর উপর ট্যাক্স কমিয়েছেন। এভাবে ইন্ডিভিজুয়াল কিছু লোককে খুশি করার চেষ্টা করেছেন। কিন্তু আমার মনে হয় ওভার-অল ট্যাক্স প্ল্যানিং-এর ব্যবস্থা নেই। এর আগে আপনারা অকট্রয় তুলে দিয়েছিলেন। আমরাও হাউসে এ ব্যাপারে আপনাদের পুরোপুরি সমর্থন করেছিলাম। কারণ জিনিসপত্র নিয়ে যাতায়াতের সময় অকট্রয় ট্যাক্স দিতে গেলে অসুবিধার সৃষ্টি হয়, সেজন্য অকট্রয় তুলে দিয়ে ভালই করেছেন। কারণ শুধু শুধু কিছু কর্মচারি কাজ করত। কিন্তু এবারে আপনি নতুন করে ওয়ে-বিল চালু করেছেন। যারা জিনিসপত্র নিয়ে এক রাজ্য থেকে অন্য রাজ্যে যাবে তাদের ওয়ে-বিল দেখাতে হবে। এটা নতুন করে অকট্রয় এসে গেল কিনা জানি না।

[2-10 – 2-20 p.m.]

তার কারণ যে লরিগুলো মাল নিয়ে যাচ্ছে তাদের ওয়ে-বিল আছে কিনা কি করে চেক করবেন, চেক করার জন্য তাহলে তো আবার চেক পোস্ট বসাতে হবে! অকট্রয়-এর যে অসুবিধাগুলো ছিল, সেগুলো আবার নতুন করে ফিরে আসবে। এ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী, আপনার কাছে আমার বিনীত ভাবে বক্তব্য হচ্ছে, আপনার প্রস্তাবের মধ্যে ট্যাক্স আদায়ের কোনও প্ল্যানিং দেখছি না। যেটা দেখছি, সেটা হচ্ছে, ওভার-অল অসীম বাবুর এবারের বাজেটটা একটা প্যানিক বাজেট। হঠাৎ করে ভয় পেয়ে গেলে মানুষ যেভাবে কাজ করে, উনি ঠিক সেই ভাবে সবাইকে খুশি করার—যখন দেখলেন অনেক লোক অন্য দিকে চলে যাচ্ছে—দৃষ্টিভঙ্গি নিয়ে এই বাজেট এখানে পেশ করেছেন। দীর্ঘদিন ধরে আমরা যেগুলো সম্বন্ধে ওঁকে বলেছি, সেগুলোর প্রতি উনি কখনও কান দেননি, হঠাৎ সেগুলো সম্বন্ধে উনি সচেতন হয়েছেন। বিগত ১২ বছর ধরে ওঁকে সীক পাবলিক সেক্টর আন্ডারটেকিংগুলোর প্রতি দৃষ্টি দেবার জন্য বলেছি, উনি আমাদের কথায় কান দেননি—স্টেট গভর্নমেন্টের সীক পাবলিক সেক্টর আন্ডারটেকিংগুলোকে সেক্রেন্ড কাউ, পবিত্র গরুর মতো স্পর্শ করা যায়নি। এই প্রথম দেখছি উনি উল্লেখ করেছেন—সীক পাবলিক সেক্টর আন্ডারটেকিংগুলোর পাঁচটি লাভ করছে এবং কয়েকটির লোকসান কমেছে। তারপরে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন এই রাজ্যে হচ্ছে না। আমরা এটা দীর্ঘদিন ধরে বলে আসছি যে, পশ্চিমবঙ্গ এমনই একটা রাজ্য, যেখানে ৭৫% থেকে

৮০%-এর বেশি রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন হয়নি, বহু মৌজা আন-ইলেক্ট্রিফায়েড। দীর্ঘদিন এই সরকার কিছুই করেননি। হঠাৎ দেখছি অসীম বাবু নতুন গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম করার কথা বলছেন। সেখানে কন্ট্রাক্টে লোক নিয়োগ করে আলাদা ভাবে তাদের হাতে দায়িত্ব দেবার কথা বলেছেন। এটা করছেন, ঠিক আছে। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে, এত দিন গ্রামে বিদ্যুৎ দেওয়ার ব্যাপারটা নেগলেক্ট করলেন কেন? নেকস্ট পয়েন্ট, অসীম বাবু, আপনি রাস্তার জন্য এই প্রথম আলাদা করে এক্সট্রা টাকা ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনকে দিচ্ছেন। এই রাস্তার ব্যাপারে গত ৫/৬ বছর ধরে আমরা একটানা বলে আসছি আলাদা প্রকল্প নেওয়ার জন্য। কারণ পশ্চিমবাংলার ভাঙ্গা রাস্তা দিয়ে কোনও দিনই শিল্প হবে না। এই প্রথম এই বাজেটে দেখলাম যে, সেটার স্বীকৃতি আছে। যেখানে রাস্তা সত্যিই ভাঙ্গা, সত্যিই খারাপ, সেখানে অবশ্যই ভাঙ্গা রাস্তার জন্য, খারাপ রাস্তার জন্য আলাদা করে কিছু টাকা দিতেই হবে। এটা এত দিনে আপনি বললেন, আর আমরা দীর্ঘদিন ধরে বলছি যে, পশ্চিমবাংলার রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত শোচনীয়। রাস্তাঘাট ভাল না করতে পারলে কোনও দিনই এ রাজ্যে নতুন শিল্প গড়ে উঠবে না। আমরা দীর্ঘদিন ধরে বলছি,—পশ্চিমবাংলায় অন্যান্য রাজ্যের তুলনায় ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা কম। আগে যে কলেজগুলো ছিল সেই কলেজগুলোর সাথে আপনারা বিগত ২০ বছরে আর মাত্র তিনটে কলেজ করতে পেরেছেন—একটা কল্যাণীতে, একটা সল্ট লেকে এবং একটা হলদিয়ায়। গত ২১ বছর ধরে এই সরকারের পক্ষ থেকে একবারও ইঞ্জিনিয়ারিং কলেজের কথা বলা হয়নি। এই বছর উনি বলছেন,—ইঞ্জিনিয়ারিং কলেজ যে যে জেলায় চালু নেই সেই সেই জেলাগুলোয়—প্রত্যেকটিতে একটা করে ইঞ্জিনিয়ারিং কলেজ করা হবে। কিন্তু কি প্ল্যানে করবেন, তা বলেননি! প্ল্যান কি? কারা করবে? প্রাইভেট কলেজ হবে, না কিভাবে কি হবে তা তিনি বলেননি। শুধু উনি ইঞ্জিনিয়ারিং কলেজ করার কথা বলেছেন এবং এইটুকু বলার জন্য ওঁকে ধন্যবাদ। তবুও আমরা এই হাউসে জানতে চাই কি বেসিসে, কিভাবে হবে তা আপনি একটু ক্লিয়ারলি বলুন। আমাদের এটা দাবি। আমাদের আরও দাবি, আমাদের রাজ্যে প্রাইভেট মেডিক্যাল কলেজ করতে দিতে হবে। আমরা দেখছি, আমাদের রাজ্যের ছেলেরা বাইরের রাজ্যে মেডিক্যাল পড়তে যায়—এটা আনন্দের ব্যাপার। কিন্তু আমাদের রাজ্যে মেডিক্যাল এডুকেশনের ডিমান্ড থাকা সত্ত্বেও সেই কংগ্রেসের আমলের তৈরি মেডিক্যাল কলেজগুলিই শুধু এখানে আছে। তারপর আর একটাও হয়নি। পশ্চিমবাংলার যে জেলাগুলোয় মেডিক্যাল কলেজ নেই, সেই জেলাগুলোয় মেডিক্যাল কলেজ করতে হবে, এটা আমাদের দাবি। এই হাউসে গত দিন ৬০-উর্ধ্ব যেসব প্রাথমিক শিক্ষক কাজ করছেন অথচ বেতন পাচ্ছেন না এবং যেসব প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা বিগত দিনে অবসর গ্রহণ করেও পেনশন পাচ্ছেন না তাদের বিষয়ে অনেক

আলোচনা হয়েছে। অসীম বাবু ২ বছর আগে পেনশন সম্বন্ধে বলেছিলেন—যে শিক্ষকরা অবসর গ্রহণের পরেও পেনশন পাচ্ছেন না। তাঁদের ১০০ টাকা করে রিলিফ দেওয়া হবে। আমি গতকাল বলেছি এবং আজও বলছি, একজন শিক্ষকও পেনশন পাননি। আবার উনি গতকাল ঘোষণা করেছেন.—এই আর্থিক বছরের মধ্যেই সমস্ত বকেয়া পেনশন দেওয়া হবে। যদিও এটা গুড ইনটেনশন, তবুও আমি জানি অসীম বাবু এটা করতে পারবেন না। কারণ সেই ইনফ্রাস্ট্রাকচার নেই, পেনশন ডাইরেক্টোরেটে লোক নেই। দিলে ভাল। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এত দিন দিলেন না কেন? কতলোক পেনশন না পেয়ে মারা গেল।

উনি আবার রাজ্য সরকারি কর্মচারিদের ব্যাপারে বলেছেন যে তাদের পে কমিশনের টাকা দেবেন। সেন্ট্রাল গভর্নমেন্ট তো পুরো তাদের কর্মচারিদের পে কমিশন ইমপ্লিমেন্ট করে দিয়েছে, এখন উনি বলছেন, মে মাসে রিপোর্ট দেবে, তারপর প্রসেস হবে। এরজন্য বাজেটে টাকাও রেখেছেন, এটা খুবই আনন্দের কথা। কিন্তু কবে একজাক্টলি উনি দেবেন রাজ্য সরকারি কর্মচারিদের ফোর্থ পে কমিশনের টাকা সেটা এখানে অ্যানাউন্স করলে ভাল হয়। ইতিমধ্যে রাজ্য সরকারি কর্মচারিদের দুটি ডি.এ.-এর ইন্সটলমেন্ট পাবার কথা, উনি একটা দেবেন বলেছেন, আরও একটা দিতে পারলে ভাল হয়। তবে স্টেট ট্রান্সপোর্টের এমপ্লয়িদের পেনশনের যে দাবি আমরা দীর্ঘদিন ধরে এই হাউসে করে আসছি, অনেকবার বিষয়টা তুলেছি, সেটা এবারে উনি দিচ্ছেন, এটা নিশ্চয় আনন্দের কথা। তবে এই প্রসঙ্গে অসীম বাবুকে আমি বলব, অসীম বাবু, অনেক সময় আপনি বাজেটে যে কথাগুলি বলে ফেলেন সেগুলি সব আলটিমেটেলি হয় না, বা রিফ্লেকটেড হয় না। অসীম বাবু, একটু শুনবেন, দু/তিনটি বিষয় আমি দৃষ্টি আকর্ষণ করব। আপনি দেখুন, আমি দেখাচ্ছি ঐ ইকনমিক রিভিউ-এর সঙ্গে আপনার বাজেট বক্তৃতায় কি রকম ফারাক হয়। আপনি বলেছেন, গত বছর আপনি দু হাজার প্রাথমিক স্কুল করেছেন। এটা হচ্ছে আপনার দাবি যে গত বছর দু হাজার প্রাথমিক স্কুল করেছেন। কিন্তু আপনার ইকনমিক রিভিউ সে কথা বলছে না।

(গোলমাল)

উনি বলেছেন এক হাজার প্রাথমিক স্কুল এবং আরও এক হাজার নতুন সিস্টেমে প্রাথমিক স্কুল। এক হাজার এবং এক হাজার এই মিলিয়ে দু হাজার হয়। এটা ২০৪ পাতায় আছে। অসীম বাবু, আপনি দেখুন, আপনার প্রাথমিক স্কুলের কি অবস্থা। ১৯৮৬/৮৭ সালে ছিল ৫১ হাজার ৩ প্রাথমিক স্কুল, তারপর ১৯৯৬/৯৭ সালে সেটা গিয়ে দাঁড়াল ৫১ হাজার ২১ এ।। তার মানে উনি প্রায় ১০ বছর ধরে ১৮ টা প্রাথমিক স্কুল করেছেন। এবারে ১৯৯৭/৯৮ সালে উনি বলেছেন ২ হাজার প্রাথমিক স্কুল করেছেন।

আর এই বই-টার—ইকনমিক রিভিউ, তার স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেন্ডিক্সে আছে ১৯৯৭/৯৮ সালে এই সংখ্যাটা হচ্ছে ৫১ হাজার ৫২১। তাহলে কি হল? পেজ—২০৪-এ আছে দেখুন। তাহলে ৫০০ স্কুল হল। আর অসীম বাবু, আপনি আপনার বাজেট বক্তৃতায় বলছেন, দু হাজার প্রাথমিক স্কুল হয়েছে। আপনার নিজের বই-এর সাথে আপনার বক্তৃতায় কোনও মিল থাকছে না। কেন এটা হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি? তারপর আপনি বলেছেন যে সোনার উপর ট্যাক্স কমিয়ে দিয়েছেন। আপনার বাজেট বক্তৃতায় আছে যে গোল্ড, সিলভার আর্টিকেলের উপর ট্যাক্স ১২ পারসেন্ট থেকে কমিয়ে ২ পারসেন্ট করেছেন। আজকেই দেখবেন, স্বর্ণ শিল্প বাঁচাও সমিতির একটা বিবৃতি আছে যে, তারা বলছেন, ২ পারসেন্ট আগেই ছিল। তাহলে আপনি কমালেন কোথায়? আপনি এমন একটা দাবি করছেন যেন সব কিছুতেই কমিয়ে দিচ্ছেন। গতবার আপনি এটা বাড়িয়ে দিয়েছিলেন, তারপর বন্ধ ইত্যাদি হল এবং আপনি ১২ পারসেন্ট থেকে ২ পারসেন্ট করলেন অথচ এবারে আপনি বলছেন, কমিয়ে দিলাম। এবারে যেটা আমি সিরিয়াসলি বলতে চাই সেটা হচ্ছে, সামগ্রিক ভাবে একটা প্যানিক ক্রিয়েটেড হয়েছে। তার কারণ—এর আগে দেশে অনেক নির্বাচন হয়েছে, সেখানে সি.পি.এম.-এর পজিশন মোটামুটি একই রকম থাকত এবং আপনি রোজই একই রকমের বক্তৃতা দিয়ে যেতেন। এবারে কিন্তু অসীম বাবু একদম নিজের বেসেই আহত হয়ে গিয়েছেন। যে বিধানসভা কেন্দ্রের ক্ষেত্রে উনি জানতেন যে চিরকাল জিতবেন সেই বিধানসভা কেন্দ্রেই পদ্মফুল ফুটেছে এবং সেই লোকসভা কেন্দ্রে পদ্মফুল ফুটে গিয়েছে। স্বভাবতই ইলেক্ট্রোরাল ডিফিটের ব্যাপার যেটা অসীম বাবুদের কাছে আগে অ্যাপিয়ার করেনি এবারে সেটা অ্যাপিয়ার করেছে এবং তাই যে লোকদের কথা ওরা এতদিন ভাবেননি হঠাৎ করে তাদের কথা ভাবতে শুরু করেছেন এবং আপনাদের টোট্যাল অ্যাপ্রোচটা গ্রোথ থেকে সাবসিডির দিকে চলে গিয়েছে। এখন আপনারা বিরাট করে গ্রোথের দিকে যাচ্ছেন না। আপনাদের সম্বন্ধে বিরাট করে তাই কাগজে হেডিং বেরিয়েছে যে 'ভোটের চিড়ে ভেজাতে তোয়াজের নীতিতে ফিরলেন বসুরা'। আপনারা বিরাট ভাবে সাবসিডির দিকে গিয়েছেন।

[2-20 – 2-30 p.m.]

আপনি পুরোপুরি ভাবে সাবসিডির দিকে গেছেন। সমাজের গরিব শ্রেণীর লোককে যদি কোনও রকম সাবসিডি দিয়ে আপনি উন্নয়নের গতিকে অব্যাহত রাখতে পারেন তাহলে কংগ্রেসের তরফ থেকে আমরা তাকে সমর্থন করব। কারণ সেটা গরিব মানুষেরাই পাবে। কিন্তু আপনি একসঙ্গে এতগুলি সাবসিডি এবারে দিলেন কেন, আগে দিলেন না কেন? এর একটাই উত্তর হতে পারে এবং সেটা হচ্ছে, দিস ইজ ইওর প্যানিক রি-

অ্যাকশন টু দি ইলেক্টোর্যাল রেজাল্ট ইন ইওর ওন কনস্টিটিউয়েন্সি। দেখা যাক উনি কি কি করেছেন। উনি এবারে ১০ কে.জি. করে—এর মধ্যে কেন্দ্রীয় সরকার টার্গেটেড পাবলিক ডিস্ট্রিবিউশনে বিলো দি পোভার্টি লাইন যারা রয়েছে তাদের দিচ্ছে— অসীম বাবু এবারে তার সঙ্গে আরও ১০ কে.জি. করে ৬ মাসের জন্য যারা শহরে এবং গ্রামে গরিব মানুষ বাস করে তাদের দিচ্ছে এবং তার জন্য ৫৬ কোটি ৫০ লক্ষ টাকা রেখেছেন। শুধু তাই নয়, গরিব মানুষের জন্য গণ-বন্টন ব্যবস্থায় কেরোসিন তেলের জন্য আপনি ২০ শতাংশ ভরতুকি দেবার কথা বলেছেন এবং তার জন্য আপনি ১৮ কোটি টাকা রেখেছেন। তারপরে আবার আপনি গরিব মানুষদের তাঁত বস্ত্র যেটা হ্যান্ডলুমের জনতা ধুতি এবং শাড়ি সেটাতে সাবসিডি দিচ্ছেন এবং তার জন্য ১০ কোটি টাকা রেখেছেন। তারপরে এগ্রিকালচার লেবার যারা তাদের জন্য আপনি প্রভিডেন্ট ফান্ড করছেন। সেখানে তাদের যে ভরতুকি দিচ্ছেন তার পরিমাণ ৫০ কোটি টাকা আপনি ঘোষণা করেছেন। তার উপরে আপনি কৃষকদের এবং প্রান্তিক চাষীদের তার যদি তাদের বিদ্যুতের বিল সময় মত মিটিয়ে দেন তাহলে তার জন্য ২০ শতাংশ ছাড় দিচ্ছেন। তাহলে সাবসিডি কত হল? ৫৬ কোটি ৫০ লক্ষ আর ১৮ কোটি যোগ করলে হয় ৭৪ কোটি ৫০ লক্ষ। তার সঙ্গে আরও ১০ কোটি যোগ করলে হয় ৮৪ কোটি ৫০ লক্ষ। তার সঙ্গে আরও ১০ কোটি যোগ করলে হয় ৯৪ কোটি ৫০ লক্ষ। তার সঙ্গে আরও ১০ কোটি যোগ করলে হয় ১০৪ কোটি ৫০ লক্ষ টাকা। এই টাকাটা এবারে আপনি সাবিসিডি দিচ্ছেন। পঞ্চায়েত নির্বাচনের আগে যাতে ফল খারাপ না হয় সেজন্য ভোট কেনার জন্য এই সাবসিডি আপনি দিচ্ছেন। এর মধ্যে গ্রোথের কোনও সম্পর্ক নেই। আমি আপনাকে বিনীত ভাবে একথা বলতে চাই যে, তামিলনাড়ুতে জয়ললিতা যখন চীফ মিনিস্টার ছিলেন তখন বন্ধ কারখানার শ্রমিকদের ভাতা দেবার জন্য একটা প্রকল্প সেই সময়ে তামিলনাড়ুতে প্রথম চালু হয়েছিল। এই হাউসে আমরাও বারবার ডিমান্ড করেছি যে বন্ধ কারখানার শ্রমিকদের জন্য কিছু সাহায্য দেবার কথা আপনি ভাবুন। কিন্তু আপনি একবারও ভাবেননি। এবারে আপনার খড়দায় ক্যালকাটা স্টিল বন্ধ হয়ে গেছে। আপনি বুঝেছেন যে সব শ্রমিকদের রাগ আপনার উপরে পড়েছে। তাই, এই প্রথমবার আপনি ৫০০ টাকা করে মাসিক ভাতা শ্রমিকদের দেবার কথা বলেছেন। আমি একটা হিসাব আপনার কাছে জানতে চাই যে কত শ্রমিককে এই ৫০ কোটি টাকায় ভাতা দেবেন? ৫০০ টাকা করে যদি হয় তাহলে একটা লোক বছরে ৬ হাজার টাকা পাবে। তাহলে আপনি ১ লক্ষ টাকায় দিতে পারবেন ১৬ জন শ্রমিককে। আর এক কোটি টাকায় দিতে পারবেন ১৬০০ জন শ্রমিককে। আর ৫০ কোটি টাকায় দিতে পারবেন বড়জোর ৮ থেকে ১০ হাজার শ্রমিককে। আপনি কত শ্রমিককে শেষ পর্যন্ত সাবসিডি দেবেন? পশ্চিমবাংলায় যে পরিমাণ কারখানা বন্ধ হচ্ছে—মেটাল বক্স বন্ধ, হিন্দুস্থান

পিলকিনটন বন্ধ, সুলেখা বন্ধ, বেঙ্গল ল্যাম্প বন্ধ, উষা বন্ধ হয়ে গেছে, ডানলপ বন্ধ হয়ে গেছে। আপনি কত শ্রমিককে দেবেন এই ৫০ কোটি টাকায় এবং কি হিসাবে দেবেন সেটা আমাদের বলুন? এক একটা কারখানা ১২ বছর, ১৪ বছর বন্ধ হয়ে আছে। আপনি এগুলি ঘোষণা করলে আমরা খুশি হব। তা সত্ত্বেও আমরা খুশি যে দেরিতে হলেও আপনি এই বন্ধ কারখানার শ্রমিকদের কথা ভেবেছেন এবং এর জন্য খড়দার যে নির্বাচনী ফলাফল তাকে আমরা ধন্যবাদ জানাব। কারণ এই নির্বাচনী ফলাফল আপনাকে অন্তত এই দিকে নিয়ে এসেছে।

... (গোলমাল) ...

স্যার, আমি আপনার কাছে আবার বলছি যে, এই হাউসে গত কয়েক বছর ধরে আমরা বলেছি যে, আপনি বলছেন যে আপনার কৃষিতে উন্নতি হয়েছে, আপনার কৃষির ফলন বেড়েছে। কিন্তু আপনার ভিক্ষা পাত্র নিয়ে কেন্দ্রের কাছে যাবার ব্যাপারটা কমেনি। আপনি বলুন তো, আপনাদের তো ১২৩ লক্ষ টন চাল হয়। এবারে বাড়িয়ে বলেছেন যে, ৫ লক্ষ টন হচ্ছে আপনাদের প্রকিওরমেন্ট টার্গেট, কিন্তু প্রকিওরমেন্টের টার্গেট ৫ লক্ষ টন হবে কেন? কেন সেন্ট্রাল পুল থেকে চাল চাইতে হবে? যেখানে প্রডাকশন হচ্ছে ১২৩ লক্ষ টন সেখানে প্রকিওরমেন্টের টার্গেট এত কম রেখেছেন কেন? তাহলে কি পশ্চিমবঙ্গ চাল উৎপাদন করে পশ্চিমবঙ্গের জন্য নয়, যাতে সেটা বাংলাদেশে চলে যায় তারজন্য? কেন প্রকিওরমেন্টের টার্গেট ৫ লক্ষ টন করেছেন তার উত্তর আপনি দেবেন। আপনি বলেছেন যে, কৃষকরা ভাল উৎপাদন করছেন এবং তার কারণ হিসেবে একটা তত্ত্ব দিয়েছেন, ল্যাণ্ড রিফর্ম হয়েছে বলেছেন। বলেছেন, ল্যাণ্ড রিফর্মের জন্য পশ্চিমবঙ্গে চালের উৎপাদন বেড়েছে। কিন্তু ফ্যাক্ট সেটা নয়। বারবার বলবার চেষ্টা করেছেন যে, প্রডাকশন ইন এগ্রিকালচার ইজ ইণ্ডিপেণ্ডেন্ট অফ ল্যাণ্ড হোল্ডিং। তাহলে পাঞ্জাবে তো ছোট ল্যাণ্ড হোল্ডিং নেই, সেখানে ক্রপিং ইনটেনসিটি এত বেশি কেন? কথা হল, পশ্চিমবঙ্গের কৃষকরা আধুনিক কৃষি-ব্যবস্থা গ্রহণ করেছেন এবং তারই জন্য এখানে প্রডাকশন বেড়েছে। এর সঙ্গে ল্যাণ্ড রিফর্মের কোনও সম্পর্ক নেই। তার সঙ্গে প্রডাকটিভ লিঙ্কেজ নেই। এটা আপনারা তত্ত্ব হিসাবে খাড়া করবার চেষ্টা করেন। তাহলে তো পাঞ্জাবকে ছাড়িয়ে যাওয়া উচিত ছিল। এই যে কৃষক, যারা বেশি উৎপাদন করছেন, তাদের জন্য কি ব্যবস্থা করেছেন? গত বছর আলু মাঠে পচে গেল। যেবার আলু ৮০ লক্ষ টন রেকর্ড উৎপাদন হল, সেটা মাঠেই পচে গেল, কারণ ২০ বছর ধরে আপনারা যথেষ্ট কোল্ড স্টোরেজের ব্যবস্থা করেননি। এবারে প্রডাকশন যদি ৫০ লক্ষ টনও হয় তাহলেও কোল্ড ষ্টোরেজে রাখার জায়গা হবে না, কারণ বর্তমানে কোল্ড স্টোরেজের ক্যাপাসিটি হচ্ছে ২৬-২৭ লক্ষ টন। এবারে আলু বাইরে চলে যাচ্ছে, তাই আলুর কেজি

৭ টাকা। প্রতি বছর এখানে ভ্যাগারিজ হবে কেন? এই বছর প্রথম ঘোষণা করেছেন যে, কোল্ড স্টোরেজ তৈরি করবার ব্যাপারটা ইনসেনটিভ স্কিমের মধ্যে আনবেন। তাহলে এতদিন কি করেছিলেন? এটা এতদিন পর করলেন কেন? বলেছেন, এই বছর ৯৮ লক্ষ টন ভেজিটেবল উৎপাদন হয়েছে। কিন্তু গাদামারা হাটে গিয়ে দেখুন, চাষীরা বলছেন—এমনিতেই নিয়ে নিন, শুধুমাত্র আমাদের ভ্যান ভাড়াটা দিয়ে দিন। এখন বলছেন ফুড প্রসেসিং-এর কথা। কিন্তু ১২ বছর ধরে ফুড প্রসেসিং-এর ব্যাপারে কি করেছেন? ইনসেনটিভ দিলে ফ্যাক্টরী তৈরি হবে এবং তারপর কি ফুড প্রসেসিং-এর কাজ শুরু হবে? এর কোনও সঠিক উত্তর দিতে পারেননি। গত বছর সবচেয়ে বেশি জুটের উৎপাদন হয়েছিল, কিন্তু গত বছরই জুটের প্রাইস সবচেয়ে বেশি ক্র্যাশ করেছে। ডঃ অশোক মিত্র তবু বলেছিলেন যে, তিনি স্টেট জুট কর্পোরেশন করবেন, কিন্তু আপনি কোনও কথা বলেননি। পশ্চিমবঙ্গে সবচেয়ে ইমপর্টেন্ট প্রডাকশন হচ্ছে জুট, কিন্তু সেই জুট সম্বন্ধে আপনি এনটায়ারলি সাইলেন্ট রইলেন। এর কারণ আমি বুঝতে পারলাম না। আর ট্যাক্সের ব্যাপার। এক্ষেত্রে আপনাদের কোন ইনোভেশন নেই। শুধুমাত্র গত নির্বাচনের প্যানিকড রেজাল্টে আতঙ্কিত হয়ে আপনি কিছু ভরতুকি দিয়েছেন। আপনি যেটা করেছেন—পুরানো অ্যান্টি-সেন্টার টাইরেডে ফিরে গেছেন। কেন্দ্র থেকে যত ইচ্ছা দাবি করুন, আমরা গলা মেলাবো; কিন্তু এই রাজ্যে কি প্র্যাকটিকালি আপনারা রিসোর্স মবিলাইজেশনে সাফল্য দেখিয়েছেন? আমি দেখেছি, মাত্র দুটি ব্যাপারে ভাল করেছেন; সেলস ট্যাক্স বছর বছর বাড়িয়ে সেলস ট্যাক্স আর্নিং বাড়াতে পেরেছেন। তাও গত বছর সেলস ট্যাক্স বাজেট যেখানে ছিল ৩,৩৬৫ কোটি টাকা সেখানে আদায় হয়েছে মাত্র ৩,০৪৫ কোটি টাকা। অর্থাৎ ৩০০ কোটি টাকা সেলস ট্যাক্স আদায়ে শর্ট-ফল হয়েছে যেখানে সেলস ট্যাক্সই মূল ট্যাক্স ছিল। সেলস ট্যাক্সের সঙ্গে সঙ্গে আর একটি ছিল ল্যাণ্ড রেভিনিউ। সেখানেও ৯০০ সামথিং-এর জায়গায় আদায় হয়েছে মাত্র ৬৬৬ কোটি টাকা।

[2-30 – 2-40 p.m.]

এই দুটি জায়গায় আপনার শর্টফল। সেলস ট্যাক্সে গত বারের বাজেট ফিগারে আপনি পৌঁছাতে পারেননি। আপনি বাড়িয়েছেন একটা জায়গায় যার জন্য আপনি কৃতিত্ব নেন, স্বল্প সঞ্চয়ের টাকায় আপনি ৮০ পারসেন্ট লোন পান। পোস্ট অফিস ইন্দিরা বিকাশ পত্র, এন. এস. সি কিংবা কিষান বিকাশ পত্র এইগুলি বিক্রি করে। তার জন্য কৃতিত্ব রাজ্য সরকার নেবে কেন? টাকাটা রাজ্য থেকে আসে কিন্তু আপনি বিরাট কাজ করে ফেলেছেন এটা বলছেন কেন? আপনারা মাঝে মাঝে দু-একটা মিটিং করে আলোচনা করেন এই পর্যন্ত। কিন্তু তার জন্য নয়, মানুষ বিজ্ঞাপন দেখে, মানুষ অনেক সচেতন

*হয়েছে, তাই তারা কেনে। তারপর কিছু স্যালারিড এমপ্লয়ী তাদের ট্যাক্স বাঁচাবার জন্য কেনে। টাকা পান ঠিক আছে কিন্তু এই রিসোর্স মোবিলাইজেশনের জন্য আপনার বিশেষ* কোন কৃতিত্ব নেই। আজকে বাজেট সম্পর্কে যে কথা বলতে চাই যে কথা আমি কালকেও বলেছি যে আপনার বাজেটে ডেভেলপমেন্টটা কোথায়? গ্রোথ ওরিয়েনটেশনটা কম। আপনি এবারে পলিটিক্যালি ওরিয়েনটেড বাজেট করেছেন। কিছু দাবি কেন্দ্রের কাছে করেছেন, তার সঙ্গে কিছু ভরতুকি খুব ছোট হলেও দেওয়ার চেষ্টা নিচ্ছেন। আপনার যে গ্লেয়ারিং ফল্ট সেটাকে মেকআপ দেওয়ার চেষ্টা করছেন। এখন আপনি বলছেন যে প্রতিটি ব্লকে স্কুল করব, জেলাপরিষদ পঞ্চায়েতের অধিনে হাসপাতাল করব। আপনি বুঝেছেন যে সোশ্যাল ইনফ্রাস্ট্রাকচার ফেল করেছে। হাসপাতাল, প্রাইমারী হেলথ সেন্টার স্কুল নূতন কায়দায় করার কথা বলেছেন। আমরা বারে বারে ভোকেশনাল এডুকেশনের কথা বলেছি কিন্তু আপনি কোনও অ্যাটেনশন দেননি। এত দিন বাদে বলছেন যে হায়ার সেকেণ্ডারী স্কুলের সঙ্গে পলিটেকনিক চালু করবেন। এখন সব নূতন করে ভাবছেন। আপনার গ্লেয়ারিং ফল্ট বছরের পর বছর লক্ষ্য করেননি, আজকে ইউ সাডেনলী ওপেন আপ টু দি ফ্যাক্ট। এটা আমার বাজেট পড়ে মনে হয়েছে। গত বছরের বাজেটে আপনাদের দাবি ছিল যে পশ্চিমবাংলায় নাকি ভীষণ ভাবে শিল্পে উন্নতি ঘটবার একটা পরিবেশ তৈরি হয়েছে। কিছু সংবাদপত্র মুখ্যমন্ত্রীকে ভীষণ ভাবে প্রশংসা করেছিলেন, এই মুখ্যমন্ত্রী শিল্পের উন্নয়নের জন্য যা করেছেন তার কোনও তুলনা হয় না। আমি দেখলাম অসীমবাবু, আপনার কিছু কিছু মেগা পার্টি পশ্চিমবাংলায় আছে। আপনি ইকনমিক রিভিউ তে হিসাব দিয়েছেন। আপনি বলুন যে কোম্পানিগুলি তৈরি হচ্ছে তার একটা মেজর কোম্পানি, ইণ্ডিয়াতে বড় কোম্পানি, মেজর বিদেশি কোম্পানি? উত্তর হচ্ছে না। আমরা বারে বারে বলছি, আপনার কাছ থেকে সুবিধা নিচ্ছে, কলকাতায় থাকছে, তারা ইনভেস্ট করছে? খৈতান করছে না আর. পি. জি করছে না, ডানকান করছে না মিত্তাল করছে না নিক্কন ইস্পাত করছে না। বড় প্রকল্প কোথায়? হলদিয়া পেট্রোকেমিক্যাল, এটা পূর্ণেন্দু চ্যাটার্জি, সোরেষ এদের টাকা দিয়ে করছেন। অলটারনেটিভ ইকনমিক অ্যাপ্রোচ যেটা করেছেন তার মধ্যে একটা বড় কোম্পানি দেখান, ভারতবর্ষের কোনও একটা বড় শিল্পপতি দেখান বা বিদেশি কোম্পানি দেখান যারা পশ্চিমবাংলায় শিল্প করছে। অসীমবাবু অনেক তথ্য দিয়েছেন, যাতে তিনি বোঝাতে চেয়েছেন যে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা অ্যাভারেজে এগিয়ে আছে। কিন্তু মনে রাখতে হবে একটা কথা ভারতবর্ষের স্ট্যাটিসটিক্সকে টেনে নামিয়ে আনে কিছু বিমারু স্টেট। এই স্টেট কাদের বলে? বিহার মধ্যপ্রদেশ রাজস্থান ইউ. পি, এইগুলি হচ্ছে বিমারু স্টেট। এদের গ্রোথ রেট লো, এত লো যে এরা টেনে নামিয়ে আনে। আপনার কমপেয়ার উন্নততর স্টেটের সঙ্গে কেন বাজেট বক্তব্যের মধ্যে থাকবে না? হাউ ইউ কমপেয়ার ফেভারেবলী উইথ মহারাষ্ট্র গুজরাট পাঞ্জাব

হরিয়ানা কর্নাটক তামিলনাড়ু? সব কটা রাজ্য থেকে বোথ ইন এগ্রিকালচার অ্যাণ্ড ইণ্ডাস্ট্রিতে আপনি পেছিয়ে আছেন। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স, তার মধ্যে ডেথ রেট, ইনফ্যান্ট মর্টালিটি এইগুলিতে আপনি পেছনে আছেন। লিটারেসীতে আপনি অনেক রাজ্যের পেছনে আছেন। আপনার অলটারনেটিভ অ্যাপ্রোচে কেন এটা থাকবে না? তাই যে কথা বলতে চাই তা হল আস্তে আস্তে আপনি এই প্রপাগাণ্ডা থেকে বার হয়ে আসুন। নির্বাচনে আপনার এলাকায় হেরেছেন তো কি আছে, এটা তো রাজ্যের গ্রোথের ব্যাপার। একবার ১ কোটি টাকা ভরতুকি দিয়ে পঞ্চায়েত নির্বাচন পার হয়ে গেলেই সব হয়ে গেল? কিন্তু এই রাজ্যটা তো থাকবে এখানে ভবিষ্যতের জন্য। আপনার আর একটা হিসাব কিছুতেই মেলে না। আপনি এটা হিসাব দিয়েছেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের স্ট্যাটিসটিক্স দিয়েছেন। তাতে দেখা যাচ্ছে, বেকারের সংখ্যা ১৯৯৫ সালে ছিল ৫৩.৯২ লক্ষ, ১৯৯৬ সালে ৫৪.৮৩ লক্ষ এবং ১৯৯৭ সালে ৫৬.৭৭ লক্ষ। তারমানে প্রতি বছর ১ লক্ষ ২ লক্ষ করে বেকার বেড়েছে। আর আপনি এখানে ক্লেম করেছেন যে আপনি ৭ লক্ষ লোকের এমপ্লয়মেন্ট জেনারেট করেছেন। আমি এটা বুঝি না, এটা যদি হয়, ৭ লক্ষ এমপ্লয়মেন্ট আপনি যদি জেনারেট করেন, তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কি করে ১ লক্ষ ২ লক্ষ করে বেকার বাড়ে? আপনার দুটি বইয়ের স্ট্যাটিসটিক্স মিলছে না। আপনার এই এমপ্লয়মেন্ট জেনারেশন এর কথা ভুয়া। আপনি পশ্চিমবাংলার যে গ্রোথ তাতে এমপ্লয়মেন্ট জেনারেশন করতে পারেননি। তাই এটা মিলছে না। আর তারফলে এই আন-এমপ্লয়েড ইয়ুথস তারা সাম্প্রদায়িকতার দিকে চলে যাচ্ছে। যদি এর বিরুদ্ধে ব্যবস্থা না নেন, তাহলে এখন শুধু আপনি খড়দহতে হেরেছেন, আগামীদিনে বাংলায় হারবেন। এই কথা বলে আমি আমাদের কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত যে বাজেট বরাদ্দ এবং ফিনান্সিয়াল স্টেটমেন্ট এখানে রেখেছেন, আমি তাকে সমর্থন করছি এবং যে কাটমোশন ওঁরা বিরোধী পক্ষ থেকে দিয়েছেন তার বিরোধীতা করছি। আমার আগে মাননীয় প্রফেসর এবং মাননীয় সদস্য সৌগত রায় একটি কথা বললেন যে, মাননীয় ডঃ অসীম দাশগুপ্তের ওখানে পদ্মফুল ফুটেছে। আপনার ওখানে তো পদ্মফুলের কোলে জোড়াফুল ফুটেছে। কাজেই এইসব কথা বলে লাভ নেই যে কেন পদ্মফুল ফুটেছে। এই বিষয়ে আলোচনা হচ্ছে এবং ভবিষ্যতেও হবে। এটি বাজেটের সঙ্গে সম্পর্কযুক্ত নয়। কিন্তু মাননীয় প্রফেসর যে বিষয়টি বলেছেন সেটি তো একটি ভুল তথ্য। আপনি তো ফিজিক্সের লোক। আপনি কি করে ভুল কথা বললেন? আপনি যে ৫০০ টাকা করে দেবার কথা বললেন, তা শিল্প ও কলকারখানা বন্ধ হওয়ার কারণে যে সমস্ত শ্রমিকরা এমন অবস্থায় আছেন যে টাকা

পয়সা পাচ্ছেন না, তাঁদের ক্ষেত্রে অর্থমন্ত্রী প্রস্তাব রেখেছেন। তাঁদের পরিবার পিছু মাসে পাঁচশো করে টাকা দেওয়া হবে এবং তারজন্য ৫০ কোটি টাকা ধরেছেন। উনি কি করে এই কথা বললেন? গোটা হাউসকে মিসলিড করেছেন। ৫০ কোটি টাকাকে ৫০০ দিয়ে ভাগ করুন। মাননীয় প্রফেসর কত দাঁড়ায়? ৮২ হাজারের বেশি হয়। আর আপনি বলেছেন ৮ হাজার টাকা। আপনি ফিজিক্সের লোক, আপনি বুঝবেন। আপনি ৮ হাজার বলে ভুল বলেছেন। আপনি অসত্য কথা বলেছেন এবং গোটা হাউসকে মিসলিড করেছেন।

[2-40 – 2-50 p.m.]

যে অসত্য কথা বললেন আমি সেই কথায় আবার আসতে চাই এবং সেই কথায় ফিরে এসে বলছি ৮২ হাজারের বেশি, এরপরেও যদি শুনতে চান আমার কাছে আসবেন, এসে শুনবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন অনুমোদনের জন্য, সেই বাজেটের মধ্যে একটা অন্য রকম ফিলোজফি আছে। এটা হচ্ছে একটা নতুন দর্শন, ইট ইজ এ নিউ ফিলোজফি। এই নতুন দর্শনের মূল লক্ষ্য হচ্ছে যে, আমরা গতানুগতিক পদ্ধতিতে ৫০ বছর ধরে সারা ভারতবর্ষে যে বাজেট বরাদ্দ উপস্থাপিত হয়েছে বিভিন্ন রাজ্যে বিশেষ করে কংগ্রেস শাসিত রাজ্যে এবং কেন্দ্রে যে সরকার ছিল তার থেকে একটু পৃথক ধরনের বাজেট তৈরি করতে সক্ষম হয়েছেন আমাদের অর্থমন্ত্রী। এই বাজেটের মূল উদ্দেশ্য হচ্ছে গরিব মানুষের উন্নয়নকে কেন্দ্র করে। আমাদের এই বাজেট সমাজের নিপীড়িত, বঞ্চিত মানুষকে কেন্দ্র করে। গতানুগতিক পদ্ধতিতে যে বাজেট তার বিরুদ্ধে দাঁড়িয়ে একটা অন্য রকম বাজেট এনে সোর্স অফ ইনকাম [illegible] যে উৎস যখন নির্ধারিত হয়, তখন সঠিক এবং সুনির্দিষ্টভাবে গরিব মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষকে তার থেকে ছাঁটাই দেওয়া হবে। কি কি বিষয়ে ছাঁটাই দেওয়া হবে সেটা বলা আছে। লক্ষ লক্ষ কোটি কোটি টাকার বাজেটের যে চাপ গরিব মানুষ মধ্যবিত্ত মানুষের উপরে পড়ত এই বাজেটে সেই দৃষ্টিভঙ্গি তৈরি হয়নি। গরিব মানুষের যাতে সামাজিক ব্যবস্থার উন্নতি করা যায়, গরিব মানুষের জীবন জীবিকার মান যাতে উন্নত করা যায় ধীরে ধীরে তারজন্য এই বাজেটে উদারীকরণের পক্ষে সওয়াল করেনি, গ্লোবালাইজেশনের পক্ষে সাপোর্ট করা হয়নি। এমনভাবে বাজেট তৈরি করা হয়েছে যে তাতে রাষ্ট্রায়ত্ত শিল্প এবং দেশের শিল্পকে প্রোটেকশন দেওয়া যায়। তার জন্য সোর্স বাড়াতে হবে, রিসোর্স বাড়াতে হবে এবং তারই মধ্যে দাঁড়িয়ে যতটুকু প্রয়োজন ততটুকুই বাইরের শিল্পপতিদের সাথে যোগাযোগ স্থাপন করবে। আজকে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের বুকে বিকল্প অর্থনীতির দরজা খুলে দিয়েছে। এটা আজকে বোঝার দরকার আছে। সেই বিকল্প অর্থনীতি উদারীকরণের

লাগাম ছাড়া অর্থনীতি নয়। এই অর্থনীতি লাগাম ছাড়া, সবার কাছে দরজা খুলে দিয়ে বিশ্বের বাজারে বিদেশি পুঁজিপতিদের বিচরণ ক্ষেত্র নয়। এই বাজেট বিদেশি পুঁজিপতিদের বিচরণের পক্ষপাতি নয়। এইবার আমরা জিতে আসব, দেখে নেব ভারতবর্ষের ৯৬ কোটি, ৯৮ কোটি মানুষ কাদের ভোট দেয়। এইবার কারা নির্বাচনে একটা বড়লোকের দল, একটা সাম্প্রদায়িক শক্তির সঙ্গে কিছু দল যুক্ত হয়ে ক্ষমতায় এসেছে, সরকার তৈরি করেছে। তারা বাজেট প্লেস করবে, আগামীদিনে তারা বাজেট প্লেস করবে। তাদের দেখে নেব তারা যে কমিটমেন্ট দিয়েছিলেন বাজেটে তার রিফ্লেকশন হয় কি না। ওঁরা বলেছিলেন আমরা এক কোটি ছেলের চাকুরি দেব, ওরাই তো সরকার কেন্দ্রে তৈরি করেছেন আমরা পরীক্ষা করে দেখব তাদের সেই কথা সার্থক হয় কিনা। আগামী ৫ বছর পরে প্রতি বছর যদি ১ কোটি ছেলের চাকরি হয় তাহলে ৫ বছরে ৫ কোটি ছেলের চাকরি হবে। সারা ভারতবর্ষে বেকারত্বের যে সংখ্যা তাতে সরকারি হিসাবে সাড়ে ৪ কোটিতে দাঁড়িয়েছে। তাহলে সাড়ে ৪ কোটি বেকারের যদি চাকরি হয়ে যায়, আপনার কথা অনুযায়ী ৩ কোটি বেকার, ঐ তিন কোটি বেকারের যদি চাকরি হয়ে যায় তাহলে ভারতবর্ষের বুকে আর বেকার সমস্যার মতো সমস্যা, ভয়াবহ অভিশাপ আর থাকবে না। আমরা কিন্তু বলি, এই বেকারত্বের অভিশাপ ভয়াবহ অভিশাপ বেকার যুবকদের কাছে আজকে কার কাছে যাব, কোথায় যাব, ৫০ বছর ধরে দেশ স্বাধীন হয়েছে, বেশিরভাগ সময়ে আপনারা কেন্দ্রীয় সরকারে ছিলেন, তার মধ্যে মাঝখানে কয়েক বছর অন্য সরকার ছিল, তাহলে বেকাররা কোথায় যাবে? তাই আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের বাজেট রচনা করতে হয়েছে, এমন ভাবে করতে হয়েছে, যাতে গ্রামীন শিল্পের বিকাশ ঘটবে, কৃষি শিল্পের বিকাশ করতে হবে, কৃষি ভিত্তিক অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে হবে, তা নাহলে কৃষি ভিত্তিক শিল্পের বিকাশ হবে না। শিল্পের বিকাশ না হলে দেশের বেকার সমস্যার সমাধান হবে না। এই ব্যাপারে পৃথিবীর ইতিহাস কি বলে, পৃথিবীর ইতিহাসের দিকে তাকিয়ে দেখুন, জাপান বলুন, কিংবা অন্য কোনও রাষ্ট্র বলুন তারা তাদের বেকার সমস্যার সমাধান সরকারি চাকরি দিয়ে কি করতে পেরেছে? কোনও রাষ্ট্র কি পেরেছে? পৃথিবীতে বেকার সমস্যার সমাধানের প্রয়োজনে রাশিয়া বলুন, আমেরিকা বলুন, জাপান বলুন কেউ কোথাও পুরো সমস্যার সমাধান করতে পারেনি। সরকারি চাকরি দিয়ে বেকার সমস্যার সমাধান হয়না; হতে পারে না। এই যদি অবস্থা হয়, তাহলে ভারতবর্ষের বুকে যে ভয়াবহ বেকার সমস্যা এই ব্যাপারে কেন্দ্রীয় বাজেটে নিশ্চয় কিছু থাকা উচিত, আমরা রাজ্য বাজেট নিয়ে আলোচনা করছি, আমাদের পশ্চিমবাংলায় যে বেকার সমস্যা আছে, এই বেকার সমস্যার সমাধানে আমরা কি পরিকল্পনা নিয়ে এগুচ্ছি, সেটাও বোঝা দরকার। এখানে আমাদের সামাজিক দায়বদ্ধতা আছে, সরকারের সামাজিক দায়বদ্ধতাকে আমরা কেউ অস্বীকার করতে পারিনা,

করব না, সেইজন্য আমাদের পরিকল্পনা দীর্ঘ রচিত হয়েছে। এমনভাবে আমাদের বাজেট রচিত হয়েছে যাতে আমাদের এই সামাজিক দায়বদ্ধতাকে অস্বীকার করা যায়না। আমাদের বাজেটেও সেটা উপস্থাপিত হয়েছে। আমাদের দেশে কি নেই, আমাদের এখানে তিস্তা, কাবেরী, গঙ্গা নদী রয়েছে, আমাদের এখানে ভারতবর্ষের মাথার উপরে সুউচ্চ হিমালয় ভারতবর্ষের পা ধুয়ে দিচ্ছে, রত্না গর্ভা সমুদ্র রয়েছে, এতদসত্ত্বেও ভারতবর্ষের বুকে এত বেকার বেকারত্বের অভিশাপ, এই অভিশাপ থাকবে কেন, কিজন্য থাকবে, তাই পশ্চিমবাংলার বাজেটের প্রতি দৃষ্টি আকর্ষণ করার জন্য আপনাদেরকে অনুরোধ করব। বাজেটে যে কথা বলা হয়েছে আমাদের সামাজিক অবস্থার রক্ষার প্রশ্নে আমাদের দক্ষতা বাড়াতে হবে, সেই দক্ষতা বাড়ানোর জন্য আমাদের উৎপাদন ক্ষেত্রে বৃদ্ধি করতে হবে। এছাড়া সামাজিক উন্নয়ন কখনই সম্ভব নয়। আমরা বাজেটে আলোচনা করেছি, কি ভাবে খরচ খরচা কোন কোন ক্ষেত্রে কত করতে হবে। খরচের প্রশ্নে বিকেন্দ্রীকরণ নীতিকে উপযুক্তভাবে কার্যকর করা দরকার। একেবারে নিচু তলা থেকে উপর তলা পর্যন্ত সমস্ত সংস্থাগুলিতে বিকেন্দ্রীকরণ নীতি কার্যকর করতে হবে। আজকে সৌগত বাবু বলছিলেন, ট্যাক্স রিলিফ এর কথা কেন আমরা ট্যাক্সে ছাড় দিচ্ছি, কিছুদিন আগে সৌগত বাবুরা বলছিলেন কেন ট্যাক্স ইভেশান করছেন না, গরিব মানুষকে ছাড় দিচ্ছেন না, আজকে ডিফেন্সিভ বক্তব্য, আত্মরক্ষার জন্য বলছেন।

[2-50 – 3-00 p.m.]

আমরা গরিব মানুষের জন্য ট্যাক্স ছাড় দিয়েছি, ১৯৭৮ সাল থেকে আজ পর্যন্ত আমরা বিকেন্দ্রীকরণের দিকে এগিয়ে যাচ্ছি এবং পঞ্চায়েত এবং পৌরসভার ভেতর দিয়ে আমরা এই বিকেন্দ্রীকরণের দিকে এগিয়ে যাচ্ছি। বিকেন্দ্রীকরণ কার্যকর করতে যে কাজগুলো আমরা করছি সেই কাজগুলো আমরা যতদিন সরকারে থাকব ততদিন করে যাব। এই কংগ্রেসিরা যখন কেন্দ্র এবং রাজ্যে শাসন করেছে তখন তারা রাজ্যের গরিব মানুষের জন. কিছু করেনি, তাদের মর্যাদা দেওয়া হয়নি। আমরা বিকেন্দ্রীকরণ নীতির মধ্যে দিয়ে :দশের অভ্যন্তরে যে সঞ্চয় তার উপর ভিত্তি করে আমাদের বাজেটকে আমরা এগি়য়ে নিয়ে যাব। আমাদের দেশের অভ্যন্তরে যে যে সম্পদ আছে তার উপরে আমাদের জোর দিতে হবে, তারপরে আমাদের বাইরে থেকে কি কি আনতে হবে সেটা দেখতে হবে। নইলে বিদেশি পুঁজি আমাদের দেশকে দেউলিয়া করে দেবে। আজকে বহির্বিশ্বের সামনে আমাদের দেশের বাজারকে খুলে দেওয়া হয়েছে। এটাকে এখনো যদি বন্ধ না করা যায় তাহলে ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুরের মতো আমাদের দেশের অবস্থা হয়ে যাবে। একসময় চড় চড় করে উঠবে, তারপর আবার কাবু হয়ে পড়বে। আপনাদের এটা বোঝা উচিত, যদি এটা আপনারা না বোঝেন তাহলে আপনারা কিছুই বুঝবেন না।

(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন)

**Mr. Deputy Speaker :** Mr. Tapas Banerjee, I warn you, if you do it again I shall be compelled to take action in accordance with the Rules of Procedures. Don't disturb. Please take your seat. Please take your seat. I am on my leg. You should know parliamentary norms. Yes Mr. Prabhanjan Mandal.

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** স্যার, উনি বার বার আমার বক্তৃতাতে অবস্ট্রাকশন করছেন। স্যার, যে অবস্থা দাঁড়িয়েছে আমি মনে করি পার্লামেন্টারী প্র্যাকটিস যা আছে এবং সেই ভাবে যদি হাউস চালাতে হয় তাহলে প্লিজ টেক action against him. Proper action to be taken. আমরা চাই শিল্পের সুষম বিকাশ। একচেটিয়া পুঁজি, একচেটিয়া শিল্প তার সাথে রাষ্ট্রীয় শিল্পের যে সুযম প্রতিযোগিতা সেটা আমরা চাই। আজকে ছোট ছোট শিল্পগুলো অসম প্রতিযোগিতার জন্য তারা দাঁড়াতে পারছে না। আজকে কৃষির সাথে শিল্পের যে সম্পর্ক সেই সম্পর্ক স্থাপন করতে হবে এবং তার মধ্যে দিয়েই আমরা পশ্চিমবাংলায় প্রথম চেষ্টা করেছিলাম কৃষিভিত্তিক অর্থনীতি তৈরি করা। কারণ কৃষি-ভিত্তিক অর্থনীতির উন্নতি না হলে ভারতবর্ষের উন্নতি সম্ভব নয়। সেদিনকার কেন্দ্রীয় সরকার এক এক রাজ্যের ক্ষেত্রে এক একরকম সিদ্ধান্ত নিয়েছিল।

(গোলমাল)

**Mr. Deputy Speaker :** I persistently, repeatedly told you not to do this. If you violate the things then the law will take it own course.

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** কৃষি-ভিত্তিক শিল্পের উন্নতির জন্য আমরা মূল কৃষি-ব্যবস্থাকে উন্নত করার চেষ্টা করছি। কারণ, গ্রাম না বাঁচলে শহর বাঁচতে পারে না। গ্রামীণ অর্থনীতির উন্নতি না হলে ভারতবর্ষের উন্নতিও সম্ভব নয়। পশ্চিমবাংলার বুকে গ্রামের উন্নতি করার জন্য আমরা ভূমিসংস্কারের ব্যবস্থা করেছি। এখনও ১০ লক্ষ একর জমি কোর্টের আওতায় আছে বলে বিলি করা সম্ভব হয়নি। এই বছরেও আমরা ১৫ হাজার একর জমি বিতরণ করব গরিব মানুষ-এর জন্য। কারণ, জমির মালিকানা না থাকলে কি করে প্ল্যানিং করবে। তাদের সামনে যখন বড় বড় চাকরির সম্ভাবনা নেই, তখন তাদের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা আমাদের করতে হবে। তাই আমরা সেসরু আই. আর. ডি. পি., ডি. আর. ডি. এ.-এর মাধ্যমে আমরা চেষ্টা করছি। এটাই আমাদের এই বাজেটে প্রতিফলিত হয়েছে। এর দ্বারা আমরা সাড়ে চার লক্ষের বেশি কর্মসংস্থান করতে পারব। এই সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি। ভূমি-সংস্কার নিয়ে আমি আর বেশি

কিছু বলতে চাই না, কারণ এক্ষেত্রে আমাদের সাফল্য প্রমাণিত হয়ে গেছে। বিরোধীপক্ষ থেকে তথ্য দেওয়া হয়েছে, কিন্তু সেগুলো যে সব ঠিক নয়, তা সকলেই জানে। সিদ্ধার্থ শঙ্কর রায় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন, ৭২-৭৭ সালে, আমিও তখন এম. এল. এ. ছিলাম আমি শুনেছিলাম, তিনি রেডিওতে বলেছিলেন, একজনও ভূমিহীন মানুষ পশ্চিমবাংলায় নেই। কে এই কথা ঘোষণা করেছিলেন? তৎকালীন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়। আর কোথায় জমি দিয়েছিলেন? 'পয়স্তি', 'শিকস্তি' এসব টার্ম তো জানেন না, না জেনেই বলতে চান। পয়স্তি, শিকস্তিকে জমি দিয়েছেন সমুদ্র লঙ্ঘন করে। কোথায় দিয়েছেন? ভাগাড়ে। আর বললেন, এখানে সম্পূর্ণ ভূমি-সংস্কার হয়ে গেছে। এখানে একটিও ভূমিহীন মানুষ নেই। তারপর ৭৭ সালে আমরা এলাম, ১০ লক্ষ একরের বেশি জমি আমাদের পাট্টা দিতে হয়েছে।

[3-00 – 3-10 p.m.]

আমরা যৌথ পাট্টা দিয়েছি ৪ লক্ষেরও বেশি। আমরা সেচের জন অনেক কিছু করেছি। আপনারা যখন ছিলেন, তখন কত পরিমাণ জমি ছিল? সারা পশ্চিমবাংলায় মাত্র ১৭ পারসেন্ট জমি সেচের আওতায় ছিল। আর আজকে সাড়ে ৪৫ লক্ষ হেক্টরের মতো জমিতে আমরা সেচ দিচ্ছি। এই বছর পরিকল্পনা করেছি ১.১৫ লক্ষ একর জমিতে সেচ দেব। এই ব্যবস্থা বামফ্রন্ট সরকারই ঘোষণা করেছেন। এরফলে উৎপাদন বৃদ্ধি হবে। এই উৎপাদন বৃদ্ধি নাহলে গ্রামের গরিব মানুষের পয়সা আসবে না। আর এটা যদি না আসে, তাহলে আর্থিক ভবিষ্যত আসবে না। চাল উৎপাদনে সারা ভারতের মধ্যে পশ্চিমবাংলা হচ্ছে প্রথম স্থান অধিকার হয়েছে। আপনারা যখন ৭৭ সালে ছিলেন, তখন ক্ষেতমজুরদের মজুরি ছিল ৫ টাকা ৬০ পয়সা, ৭০ পয়সা। এখন সেটা টেন টাইমস বেড়েছে। এখন হয়েছে ৫০ টাকা, ৬০ টাকা, ৭০ টাকা হয়েছে। শিল্পক্ষেত্রে একটা তথ্য বললেন সৌগত বাবু তার মাথামুণ্ডু নেই। ১৯৯১-৯৭ সালে ইণ্ডাস্ট্রিয়াল ইউনিট ১ হাজার ৬০৩। ইণ্ডাস্ট্রিয়াল ইউনিট অ্যাপ্রুভালের জন্য কত টাকা দিচ্ছেন—৪৩ হাজার ১০০ কোটি টাকা। 43 thousand 100 crores of rupees invested in 1603 industrial unit. It is already approved. Work has been started... 7,264 crores of rupees has been sanctioned and approval yet to be made to the units—253...industrial units... 10,059 crores is invested, already the work has been started. ৭২৬৪ কোটি টাকা প্রায় দিয়েছেন কত ইউনিটের জন্য—২৫৩ ইউনিট ইণ্ডাস্ট্রিয়াল ইউনিটস। আপনারা আতঙ্কিত হয়েছেন, সৌগত বাবু বলেছেন, It is a panic-stricken budget. But it is not a panic to us; it is a panic to the Congress bench, it is a panic to the people sitting

on the Congress bench. তাদের কাছে এটা প্যানিক তার কারণ এই অবস্থার ভিতর দিয়ে আজকে বাজেটে যার প্রতিফলিত হয়েছে, আগামী দিনে আমাদের এই শিল্প কলকারখানার ক্ষেত্রে এক বিশাল পরিবর্তন আসবে সঠিক ভাবেই মাননীয় অর্থমন্ত্রী বলেছেন আগামী ৫,৭ বছরের মধ্যে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে এক নম্বর স্থানে আসবে, শিল্পে এক নম্বর স্থান হবে। এবং এটা হবে কংগ্রেসের অভিশাপ থেকে মুক্ত হয়েই। যখন কৃষিকে এক থেকে তারা তেরো নম্বর স্থানে নামিয়ে ছিলেন, আজকে শিল্পে আমরা এক নম্বর স্থানে পৌছাব। আমি আরেকটা কথা বলেই শেষ করব স্যার, আমরা যে কেরোসিনে ভর্তুকি দিই তাতে ওঁদের অসুবিধা হয়, দারিদ্র সীমার নিচে থাকা মানুষদের আমরা ২০ কে. জি. করে চাল দিই তাতে ওঁদের অসুবিধা হয়, ভাতা দিলে ওঁদের অসুবিধা হয়, বন্ধ কলকারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে ভাতা দিলে ওঁদের অসুবিধা হয়, এক হাজার প্রাথমিক স্কুল তৈরি করলে ওঁদের অসুবিধা হয়, ১ হাজার ইণ্ডাস্ট্রিয়াল ইউনিট যদি তৈরি করি তাহলে ওঁদের অসুবিধা হয় আমাদের হাসপাতাল বাড়লে ওঁদের অসুবিধা হয়। আমরা যদি স্মল সেভিংয়ে এক নম্বর স্থানে থাকি তাহলে অসুবিধা হয়। আমাদের এই গণমুখী সমর্থন করে এবং ওঁদের কাটমোশনের বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেটের বিরোধীতা করে এবং আমাদের আনা কাটমোশনের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি, অসীমবাবুকে ধন্যবাদ যেহেতু উনি স্বীকার করেছেন যে আমরা সব কিছুতেই পিছিয়ে আছি, বন্ধ কলকারখানা, রুগ্ন কলকারখানা, বেকার সমস্যা, নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বৃদ্ধি। আজকে দেশে বিভেদকামী শক্তিগুলি মাথা চাড়া দিয়ে উঠেছে। দেরিতে হলেও অসীমবাবু বুঝতে পেরেছেন তাঁদের উস্কানিতে তাঁদের সমর্থনেই এবং তাঁদের দায়ে আজকে আমাদের এবং জনগণকে মাশুল দিতে হচ্ছে। অসীমবাবু ১২ কোটি টাকা ঘাটতি দেখিয়েছেন, গতবছর ১০ কোটি টাকার ঘাটতি দেখিয়ে ছিলেন। এর মধ্যে কত কোটি টাকা রিয়ালাইজ হয়েছে সেটা তিনি দেখাবার প্রয়োজন মনে করেননি। যেহেতু পঞ্চায়েত নির্বাচন সামনেই তাই অসীমবাবু এবং তাঁর দলবল এবং মন্ত্রিসভা সেই ভাবে বাজেট পেশ করেছেন। অসীমবাবু অধ্যাপকের মতো হাউসে এসে বাজেট পেশ করবেন আর কেউ তার বিরোধীতা করবেন না, এটা ঠিক নয়। আপনারা হুকার উচ্ছেদ করেছেন। কিন্তু তার বিকল্পের কথা উল্লেখ করেননি মাননীয় অর্থমন্ত্রী। আজকে জিনিস-পত্রের দাম দিন দিন বাড়ছে অথচ ওঁরা বলছেন, ওঁরা নাকি শ্রমিক দরদি, গরিবের সরকার। আজকে জিনিসপত্রের দাম কমানোর কোনও চেষ্টা ওঁরা করছেন না। আজকে আলুর দাম দিন দিন চড়ে যাচ্ছে।

[3-10 – 3-20 p.m.]

আমরা দেখতে পাচ্ছি গত বছর শিক্ষা ক্ষেত্রে ১৮০ কোটি টাকা ধরা হয়েছিল এবং এ বছর ধরা হয়েছে ২০০ কোটি টাকা এবং বলা হয়েছে আরো ২০ কোটি টাকা বাড়াতে হতে পারে। মাননীয় শিক্ষা মন্ত্রী এখানে বসে আছেন। তবে আমার মনে হয় না, শিক্ষা ক্ষেত্রে যে পরিস্থিতি তাতে এই বাজেট বরাদ্দে আগামীদিনে শিক্ষার কিছু উন্নতি করা যাবে। আবার নতুন ইঞ্জিনিয়ারিং কলেজের কথা বলেছেন, মেডিক্যাল কলেজের কথা বলেছেন। কিন্তু নতুন হাসপাতালের কথা বলেননি। এক হাজার প্রাইমারি স্কুল তৈরি হবে এবং আরো এক হাজার পঞ্চায়েতের মাধ্যমে হবে বলে বলেছেন। কতদূর কি হবে জানি না। তবে আমার এলাকায় একটাও প্রাথমিক বিদ্যালয় নেই। আমি জানি না, অন্য জেলায় কি অবস্থা। আর যাও ছিল শিক্ষকের অভাবে বন্ধ হয়ে রয়েছে। কোথায় কোথায় বিদ্যালয়গুলো হবে তার লিস্ট দেওয়া হয়নি, তাই আমরা জানতে পারছি না। কিন্তু শিক্ষাক্ষেত্রে যে ভাবে দিনের পর দিন চলছে তাতে কি করে এগুলো হবে তা জানিনা। যে ১০০-টা উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে পলিটেকনিক প্রশিক্ষন চালু করার চেষ্টা করছেন তার লিষ্ট যদি আপনি দিতেন তাহলে আমার বক্তৃতা দেওয়ার ক্ষেত্রে সুবিধা হত।

আজকে রাজ্যের আইনের অবস্থা ভয়াবহ। আপনারা আজ পর্যন্ত উত্তরবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চ তৈরি করতে পারলেন না। সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ কলকাতায় তৈরি করতে পারলেন না। এগুলো আপনাদের ব্যর্থতা। আজকে রাজ্যের আইনজীবীদের বসার জায়গা নেই।

গতকাল এবং আজও আমরা হাউসে বলেছি যে, যাঁরা অরিজিন্যালি পেনশনভুক্ত শিক্ষক তাঁরা পেনশন পাচ্ছেন না, পি. এফ.-র টাকা পাচ্ছেন না। রাজ্যের অন্যান্য সরকারি কর্মচারিরাও পি. এফের টাকা পাচ্ছেন না। এ ব্যাপারে আপনি সেই ভাবে কোনও প্রস্তুতি নিতে পারেননি।

এখানে ৩৪১-টা স্বাস্থ্যকেন্দ্র চুক্তির মাধ্যমে চালু করার কথা বলেছেন। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা দরকার যে, যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে, আমি আমার এলাকার কথা জানি, সেখানে ডাক্তার নেই, নার্স নেই, সেগুলো চলছে না। এই যে চুক্তির ব্যবস্থা করা হল, এর দ্বারা প্রমাণিত হল সরকারকে কেউ বিশ্বাস করছে না। এটা সরকারের ব্যর্থতা।

আপনি বলেছেন, এ বছর ৫ হাজার ৬০০ কোটি টাকা রেভিনিউ আদায় করবেন। কিন্তু দেখা যাচ্ছে। মাইনে দিতে ৫ হাজার কোটি এবং ডি. এ. দিতে ১ হাজার কোটি অর্থাৎ মোট ৬ হাজার কোটি টাকা চলে যাচ্ছে। এবং ৪০০ কোটি টাকা ঘাটতি থেকে

যাচ্ছে।

আপনি হ্যাণ্ডিক্যাপ্টদের কথা কিছু ভাবলেন না। গরিবদের কথা ভাবলেন না। আমার এলাকায় নিউ সেন্ট্রাল জুট মিলের শ্রমিকরা টাকা পাচ্ছে না। সেটাও দেখা হল না। রাজ্যের অনেক জায়গাতে আপনারা কথা দিয়ে রাখতে পারছেন না। যাঁরা গরিব মানুষ, পড়া-শোনা করেও চাকরি পাচ্ছেন না তাদের জন্য আপনি ব্যাঙ্ক লোনের কথা বলেছেন। কিন্তু অরিজিন্যাল কোনও লোক ব্যাঙ্কের লোন পাচ্ছে না। আপনারা এক্ষেত্রে কোনও ব্যবস্থা নেননি।

মাননীয় সূর্যবাবু এই হাউসে দাঁড়িয়ে বলেছিলেন, যা খবরের কাগজে বেরিয়েছিল যে, ৪৫ জন দূর্নীতিগ্রস্ত প্রধান রয়েছে। এক্ষেত্রে প্রমাণিত হচ্ছে যে, টাকার গরমিল কোথায় হচ্ছে, পি. এল.-র গরমিল কোথায় হচ্ছে। বিগত ৩ বছরের বাজেট দেখুন, সেখানে কত গরমিল আছে। কিন্তু এগুলো আপনারা দেখার চেষ্টা করেন না। শুধু হাউসে চিৎকার করেই ক্ষান্ত হয়েছেন। কলকারখানাগুলো বন্ধ হয়ে পড়ে আছে। কিন্তু সেগুলো খোলার ছেষ্টা করেছেন? সোমনাথ চ্যাটার্জি, যিনি চেয়ারম্যান ছিলেন, যিনি শিল্পের জন্য সারা ভারতবর্ষ ঘুরেছেন, কিন্তু কোনও শিল্প হয়নি। পশ্চিমবঙ্গে কেউ শিল্প তৈরি করতে চাইছেন না। এখানে কোনও কলকারখানা আছে, না কোনও অফিস আছে? সেগুলো সব বাইরে চলে যাওয়ার চেষ্টা করছে। পশ্চিমবঙ্গের ঐতিহ্যকে যেভাবে আপনারা নষ্ট করেছেন সেটা ভাবা যায় না। আমি ব্যক্তিগত ভাবে জানি, সি. পি. এমের এম. এল. এ., তিনি তাঁর গ্রামে কথা বলতে পারেন না। সামনে পঞ্চায়েত নির্বাচন। দিল্লির কাছ থেকে টাকা পেলেও আপনারা তা স্বীকার করছেন না। অসীমবাবু সেই টাকা খরচা করতে পারেননি। আপনারা কোন ভাল কাজ করেছেন? যেগুলো ছিল সেগুলো নষ্ট করার চেষ্টা করেছেন। আমার এলাকায় ৪টে জুট মিল আছে। আমার এলাকায় যেসব বন্ধ কলকারখানা আছে সেগুলো খোলার চেষ্টা করেছেন? সেগুলো খোলার চেষ্টা করেননি। বন্ধ কারখানা খোলার ব্যাপারে শান্তিবাবুর কাছে গেলে তিনি বলেছেন, আমি অপারগ। লেবার কমিশনারের কাছে গেলে তিনি বলবেন আমার করার কিছুই নেই, মন্ত্রী আমার হাত-পা বেঁধে দিয়েছেন। লাল আলো লাগিয়ে গাড়ি চড়ে বেড়ালে হবে? শ্রমিকদের দিন চলে না, তাঁরা মারা যাচ্ছেন। তাঁদের দিকে তাকানো দরকার। শুধু চিৎকার করলে হবে? এই সরকার যে টাকা খরচা করেন তার হিসাব দিতে পারবেন না। আপনারা নিজেদের বাঁচানোর জন্য দিনের পর দিন নানাভাবে টাকা খরচা করছেন, আপনার ডি. এ. বাড়াচ্ছেন। আপনারা ডি. এ. দিন তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমরা চাই সবাই টাকা পাক। আপনারা কংগ্রেসের বিরুদ্ধে অনেক কথা বলেছেন। কংগ্রেসের উদারনীতির কথা বলেছেন, ভ্যালুঅ্যাডেড ট্যাক্সের কথা বলেছেন। ভ্যালুঅ্যাডেড ট্যাক্সের

কথা আমরা বলেছিলাম, এতে হোটেল থাকলে সুবিধা হয়। কিন্তু এটা তখন অসীমবাবুরা মানতে চাননি। কিন্তু এখন অসীমবাবু এটা মানছেন। তারপর পশ্চিমবঙ্গে মানুষের খাওয়ার জল নেই। তাদের জন্য আপনারা পানীয় জলের কোনও ব্যবস্থা করেননি। এখানে বিভিন্ন জায়গায় জলের মধ্যে আর্সেনিক পাওয়া গেছে। আপনারা জলকে আর্সেনিক মুক্ত করতে পারেননি। তারপর আমার এলাকায়, হাইকোর্টের অর্ডারের জন্য অনেকগুলো বাস চলছে না। হাই-কোর্টের অর্ডারে পলিউশনের জন্য আমার এলাকায় বাস চলছে না। কারণ পলিউশন করলে কেস হয়ে যাবে। এর ফলে পরিবহনের অসুবিধা হচ্ছে। ঐরকম ঘন যানবাহন যুক্ত এলাকায় বাস পাওয়া যাচ্ছে না। সুভাষবাবুর কাছে যান, তিনি বলবেন হাই-কোর্টের অর্ডারের জন্য বাস চলাচল বন্ধ হয়ে যাচ্ছে।

[3-20 – 3-30 p.m.]

বহু এলাকায় বাস বন্ধ হয়ে গেছে, ফলে সেসব এলাকার মানুষরা যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ছে। অথচ এই সরকারের পক্ষ থেকে কোনও উদ্যোগই গ্রহণ করা হচ্ছেনা। গোটা রাজ্যের রাস্তা-ঘাটের অবস্থা এমনই শোচনীয় যে, তা আজ আর কারো বলার অপেক্ষা রাখে না। তারাতলা থেকে শুরু হয়ে যে বজবজ ট্রাঙ্ক রোড আমার এলাকা পর্যন্ত গিয়েছে, সেই রাস্তা দীর্ঘদিন ধরে যান চলাচলের পক্ষে অযোগ্য হয়ে পড়েছে। গতবার ক্ষিতিবাবু নিজে বলেছিলেন, কিন্তু সেই রাস্তা আজও ঠিক হয়নি। আজকে পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে অনেক কথাই চিৎকার করে বলছেন। অথচ বিগত ২১ বছর ধরে এই চিৎকার আপনারা করতে পারেননি। এই জন্যই আমরা প্রতিবাদ জানাচ্ছি। আমরা প্রতিবাদ জানাচ্ছি নিজেদের স্বার্থে নয়, দল-মত নির্বিশেষে সারা রাজ্যের মানুষের স্বার্থে। মাননীয় সদস্য প্রভঞ্জনবাবু একটু আগে বক্তৃতা করলেন, তিনি নাকি একজন হেড মাস্টার। স্কুলের একজন হেড মাস্টার যে এত মিথ্যা কথা বলতে পারেন তা আমার ধারণা ছিলনা। হাউসে সরকারকে সমর্থন করে বলতে হয় বলে তিনি ঐসব কথা বললেন। কারণ প্রতিবাদ জানাবার মতো সাহস তাঁর নেই। প্রতিবাদ জানাতে ভয়টা কোথায়? অন্যায়কে অন্যায় বলে স্বীকার করতে হয়। এখানে শিক্ষা মন্ত্রী বসে আছেন। বিগত ২১ বছর ধরে এই সরকার রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে কোথায় নিয়ে গেছেন, শিক্ষার কি কোনও উন্নতি হয়েছে? কলেজ সার্ভিস কমিশন, স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে লোকেদের কাজে ঢোকাবার চেষ্টা করছেন, শিক্ষার কথা একটুও ভাবছেননা। আপনারা যত দিন ক্ষমতায় থাকবেন তত দিন লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা দিলেও শিক্ষার কোনও উন্নতি হবেনা। যদি সত্যিই শিক্ষার উন্নতি করতে হয় তাহলে আপিনাদের উদার হতে হবে, কংগ্রেসি ছেলে বলে অ্যাডমিশন পাবে না, এই মানসিকতা বদলাতে হবে। সর্ব ক্ষেত্রেই আপনাদের এই মানসিকতা বর্জন করতে হবে। তা নাহলে

কোনও ক্ষেত্রেই আপনাদের দ্বারা কোনও উন্নতি হবে বলে আমার মনে হয় না। গঙ্গার ভাঙন সম্বন্ধে এখানে অনেক কথা বলা হয়েছে। অথচ প্রকৃত ভাঙন রোধের কোনও চেষ্টাই এখন পর্যন্ত করা হয়নি। চেষ্টা করলে আজকে মালদা, মুর্শিদাবাদের ঐ পরিস্থিতি সৃষ্টি হত না। দিনের পর দিন সমস্ত ভেঙে যাচ্ছে, তাকে রোধ করার কোনও চেষ্টাই আপনারা করেননি। বিদ্যুতের কথা আর কি বলব! গ্রামে-গঞ্জে এখনো বহু জায়গায় বিদ্যুৎ পৌঁছয়নি। অসীমবাবু একবার বলেছিলেন, যেখানে বিদ্যুৎ পৌঁছায়নি সেখানে বিদ্যুৎ পৌঁছানো দরকার। এমন অনেক জায়গা আছে যে জায়গার ১০ হাত দূরে বিদ্যুৎ রয়েছে, অথচ ১০ হাত দূরের গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবার কোন চেষ্টাই এই সরকারের পক্ষ থেকে করা হয়নি। এই রকম বেশ কিছু কেস নিয়ে আমি অনেকবার সি. ই. এস. সি. এবং বিদ্যুৎ পর্ষদের দপ্তরে গিয়ে দরবার করেছি, কিন্তু কোনও ফল হয়নি। তাঁদের জিজ্ঞাসা করলে তাঁরা বলেন,—বর্তমান আর্থিক অবস্থায় কিছু করা সম্ভব বলে মনে হয় না। এখানে ভাষণ দেবার সময় সি. পি. এম নেতারা বলছেন, রাজ্য এগিয়ে যাচ্ছে। অথচ আমরা জানিনা। কোন অঙ্কের হিসাবে তাঁরা এই দাবি করছেন। হ্যাঁ, পশ্চিমবঙ্গ এগিয়ে যেতে পারত যদি আপনারা সবাই মিলে দল-মত-এর উর্ধ্বে উঠে রাজ্যের মানুষের স্বার্থে কাজ করে যেতে পারতেন। অসীমবাবু আপনি চিরদিন মন্ত্রী থাকবেন না, দু'দিন বাদে আপনাকেও কৈফিয়ত দিতে হবে—আমাদের কাছ নয়—আপনাদের ছেলে-মেয়েরাই আপনাদের কাছে কৈফিয়ত চাইবে। শুধু কংগ্রেসকে ঠেকিয়ে রাখলেই চলবে না। রাজ্যের মানুষের স্বার্থে আপনারা কি করেছেন, তাও বলতে হবে। এখানে বেকার সমস্যার সমাধানের কথা বলছেন। তা কি করে করবেন? গত এক বছরে ক'জন বেকারের সমস্যা আপনারা দূর করতে পেরেছেন? নতুন কোনও কারখানা নেই, শিল্প নেই, চাকরি আপনারা কোথায় দেবেন? এটা আপনাদের আজকে ভাবতে হবে। অথচ আপনারা আজকে বলছেন,—চাকরির ব্যবস্থা করবেন। কোথায় নতুন শিল্প? অতীতে যে শিল্পগুলো এ রাজ্যে হয়েছিল, সেগুলোও এক এক করে বন্ধ হয়ে যাচ্ছে। আমি দেখছি, আমার এলাকায় একটার পর একটা শিল্প কারখানা সিটু-র নেতারা বন্ধ করে দিচ্ছে এবং সেই কাজের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গর ক্ষতি করার চেষ্টা করছে। এর বিরুদ্ধে আমরা চিৎকার করছি, কারণ আমরাও পশ্চিমবঙ্গের সন্তান। অথচ আপনারা দল করতে গিয়ে পশ্চিমবঙ্গের ক্ষতি করছেন। বিভিন্ন এলাকায় আমরা শ্রমিক স্বার্থে চিৎকার করি, আর আপনারা তার বিরোধীতা করেন।

ডানলপ থেকে শুরু করে রাজ্যের বিভিন্ন জায়গায় যে অসংখ্য কলকারখানা বন্ধ হয়ে আছে সে ব্যাপারে আপনারা শুধুমাত্র দেখছেন বলছেন কিন্তু শুধুমাত্র এই দেখছি বললেই হবে না, বাস্তবে কাজ করতে হবে এবং বন্ধ কলকারখানাগুলি যাতে খোলে তার প্রকৃত ব্যবস্থা করতে হবে। এই প্রসঙ্গে বলি, আপনারা বলছেন যে বন্ধ কলকারখানার

শ্রমিকদের ৫০০ টাকা করে ভাতা দেবেন। যে শ্রমিকরা মাসে ২/৩ হাজার টাকা করে মাহিনা পেত তারা এই ৫০০ টাকা ভাতা দিয়ে কি করে চালাবে সেটা কি একবারও ভেবেছেন? আমি জানি তা আপনারা ভাবেননি। শুধুমাত্র পঞ্চায়েতের নির্বাচন সামনে বলে হাততালি কুড়াবার জন্য এই কথা বলেছেন। তারপর আমরা জানি যে নার্সদের জন্য তিন মাসের কোর্স আপনারা চালু করেছিলেন আপনাদের ক্যাডারদের মেয়েদের নার্সদের চাকরি দেবার জন্য কিন্তু সেটা সফল হয়নি। আবার এখন বলছেন চুক্তির ভিত্তিতে ডাক্তার নেবেন। এর থেকেই প্রমাণ হয় যে ডাক্তারদের আপনাদের প্রতি কোন আস্থা নেই এবং তাই তারা আপনাদের চাকরি করছেন না। যে সরকার পিয়ারলেসের কাছ থেকে টাকা ধার করে সরকার চালায় তারা কি করে প্রকৃত কাজ করবেন আমি জানি না। পরিশেষে আমি বামপন্থী নেতা এম. এল. এ.দের বলব, পশ্চিমবঙ্গের স্বার্থে যদি সত্যিকারের কাজ করতে চান তাহলে বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। কারণ আমরা দেখছি, গত দু বছর ধরে হাউসে আপনারা যেসব প্রতিশ্রুতি দিয়েছেন তার কোনও কাজই হয়নি। এইভাবে চললে পশ্চিমবঙ্গের উন্নতি কোনওদিনই আপনারা করতে পারবেন না। এই বলে, কাটমোশনগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 p.m.]

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ১৯৯৮-৯৯ সালের বাজেট বরাদ্দ আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যা সভায় পেশ করেছেন তা আমি মনে করি বাস্তবসম্মত, যুক্তিসঙ্গত বাজেট। বর্তমান পরিস্থিতিতে মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের অবস্থা বিবেচনা করে সঙ্কট ও সমস্যা নিরসনে সীমিত ক্ষমতা ও সীমাবদ্ধতার মধ্যে থেকে এই বাজেট পেশ করেছেন। এই বাজেটকে আমি অভিনন্দন জানাই। এই বাজেটকে আমি অভিনন্দন জানাই কারণ এই বাজেটে শ্রমজীবী মানুষদের কথা বলা হয়েছে।গত ৪০/৪৪ বছর ধরে কেন্দ্রীয় সরকারে যারা ক্ষমতাসীন ছিলেন একটা পুঁজিবাদী ব্যবস্থা কায়েম রাখার জন্য ও মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য যে নীতি তারা অনুসরণ করেছিলেন সেই নীতির ফলশ্রুতিতে আজকে আমাদের দেশে বহু কলকারখানা বন্ধ হয়ে গিয়েছে। আইনের এমনই কতকগুলি বাধা এবং আর্থিক ব্যবস্থাটা এমনই যে ইচ্ছা থাকলেও শ্রমিজীবী মানুষদের স্বার্থেব কথা চিন্তা করে আমাদের সরকার কারখানাগুলি খুলতে পারছেন না। তথাপি ৫০০ টাকা করে তাদের ভাতা দেবার যে প্রস্তাব এসেছে আমি মনে করি তা একটা বৈপ্লবিক প্রস্তাব এবং এই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাই সাথে সাথে আমি একথা বলতে চাই যে, এই বাজেটের মধ্যে যে কথা স্বীকার করা উচিত ছিল বলে আমি মনে করি যে ইচ্ছা থাকলেও, বিদ্যুতের সমস্যা অনেকটা সমাধান করলেও,

গ্রামের মানুষের বিদ্যুতের যে চাহিদার নতুন উৎস দেখা দিয়েছে, সেই চাহিদা সরকারের ইচ্ছা থাকলেও পূরণ করা সম্ভব হয়নি। আগামীদিনে পঞ্চায়েতের মাধ্যমে বিদ্যুৎ বন্টনের ব্যবস্থা গ্রামাঞ্চলে করা হবে। এই বাজেটের মধ্যে সেই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। সেজন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। পাশাপাশি গ্রামের অর্থনীতির একটা পরিবর্তন আনতে হলে যেমন বিদ্যুতের প্রয়োজন আছে তেমনি রাস্তারও প্রয়োজন আছে। পঞ্চায়েতের মাধ্যমে সীমিত ক্ষমতার মধ্যে গ্রামাঞ্চলে রাস্তার উন্নতি হলেও, এখনও প্রায় ৬০ ভাগ কাঁচা রাস্তা গ্রামে আছে, সেই রাস্তাগুলি তৈরি করা দরকার যাতে গ্রামের চাষী, কৃষকরা ভ্যান, রিক্সা, ছোট ম্যাটাডোরে করে তারা হাটে-বাজারে চলাফেরা করতে পারে। সেটা করতে পারলে তাদের অর্থনৈতিক একটা বিরাট পরিবর্তন হতে পারে। স্বাভাবিক ভাবে তিনি রাস্তা এবং পরিবহনকে যুক্ত করে ২৬০ এর জায়গায় ৩৮৪ অর্থাৎ অতিরিক্ত আরও এক কোটি টাকা বরাদ্দ করেছেন, সেজন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। এই কাজগুলির তদারকি করার জন্য তিনি একটা কমিটির কথা উল্লেখ করেছেন। এই কাজগুলি হয়ে যাবার পরে বেনিফিসিয়ারী কমিটির সামনে বা গ্রামাঞ্চলের সাধারণ নাগরিকদের সামনে কি কাজ হয়েছে সেটা টাঙ্গিয়ে দেবার কথা বলেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। পঞ্চায়েতে আইন আছে, বিধি-ব্যবস্থা সমস্ত কিছু করা হয়েছে। কিন্তু যদি বিভিন্ন পঞ্চায়েতে খোঁজ নেওয়া যায় তাহলে দেখা যাবে যে বহু পঞ্চায়েতে সাধারণ মানুষ যারা ভোট দেয় তারা জলের জন্য কত টাকা বরাদ্দ হয়েছে, কত খরচ হয়েছে, রাস্তার জন্য খরচের কোনও হিসাব আছে কিনা সেটা তারা জানেনা। বহু জায়গায় এই রকম অভিযোগ রয়েছে। সেজন্য আমি অর্থমন্ত্রী মহাশয়কে বলব, আপনি যে চিন্তা করেছেন সেটা ভাল। কিন্তু কতকগুলি জায়গায় আর দৃষ্টি দেওয়া দরকার, আর মনিটারিং থাকা দরকার। সেটা যাতে হয় সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। একটা কথা আপনি গত বছরও উল্লেখ করেছেন, এবারের বাজেটেও উল্লেখ করেছেন সেটা হচ্ছে, দায়বদ্ধতার কথা। নিশ্চয়ই গণতন্ত্রে, ডেমোক্রাটিক যে সিস্টেম আছে, সেই পার্লামেন্টারী ডেমোক্রাসির মধ্যে দিয়ে আমরা সমাজের পরিবর্তনের কথা চিন্তা করছি। সেই বেড়াজালের মধ্যে আমরা ঢুকে পড়েছি। সেই বেড়াজালের মধ্যে যেটুকু করা যায় সেই চিন্তা-ভাবনা করেই আমরা বলেছি। এই যে দায়বদ্ধতা এটা কতটুকু আজকে পালিত হচ্ছে? গত ৩-৪ বছর ধরে প্রতি বাজেটে বারবার মাননীয় অর্থমন্ত্রী বিষয়টা উল্লেখ করছেন, কিন্তু সেটা ইমপ্লিমেন্ট করবার ক্ষেত্রে যাদের দায়বদ্ধতা থাকবার কথা তাদের সেই দায়বদ্ধতা নেই, বিশেষ করে সরকারি কর্মচারিদের বিধানসভার কর্মচারী এবং অফিসারদের বাদ দিয়ে বাকি যে অফিসেই গেছি সর্বত্র একই অবস্থা। একটি উদাহরণ দেব এখানে। মাননীয় অর্থমন্ত্রীর দপ্তর থেকে আমার কেন্দ্র দেগঙ্গায় দুটি লিঙ্ক রোডের জন্য এগ্রিকালচার মার্কেটিং ডিপার্টমেন্টে চার-পাঁচ লক্ষ টাকা বরাদ্দ হল,

অর্থ দপ্তর থেকে টাকাও রিলিজ করা হল। সাত-আট মাস আগে সেটা বারাসতের মার্কেটিং ডিপার্টমেন্টে যায় এবং তারা চেক ইস্যু করে উত্তর ২৪ পরগনার ট্রেজারিকে দেয়। আজ ৬ মাস হয়ে গেল, আমি সেভারেল টাইমস জেলা পরিষদে খোঁজ নিয়েছি, রাস্তার কাজ তো দূরস্ত, চেকের খোঁজ পাওয়া যাচ্ছে না। এর নামই কি সামাজিক দায়বদ্ধতা? যেখানে সরকারি কর্মচারিদের ডেমোক্র্যাটিক রাইটস আমার সরকার পূরণ করেন, যেখানে তাদের মহার্ঘ ভাতা দেওয়া হয়, যেখানে তাদের পে কমিশনের রিপোর্ট আগামী মে মাসে প্রকাশিত হবে বলে বলা হয়, সেখানে কোথায় তাদের দায়বদ্ধতা, এই পরিকাঠামোয় কোথায় তাদের সেই রেসপনসিবিলিটি। সেই সামাজিক দায়বদ্ধতা তাদের মধ্যে জাগিয়ে তুলতে পারেননি বলে আমার সরকার ২১ বছর ধরে পশ্চিমবঙ্গের গ্রাম থেকে শহরে যে উন্নয়নমূলক কাজের পরিকল্পনা নিয়ে এগোতে চাইছেন সেখানে কিন্তু বারবার আমরা সমালোচিত হচ্ছি গ্রামবাসী এবং শহরবাসীর কাছে ডিউ টু দেয়ার নেগলিজেন্সি। সেজন্য মাননীয় অর্থমন্ত্রীর কাছে বাজেটকে সমর্থন করে বলতে চাই, আজকে খুঁজে দেখতে হবে কোনও কর্মচারী এইভাবে সাবোটেজ করবার চেষ্টা করছেন আমাদের সরকারকে। যদি দেখা যায় যে, কোনও সরকারি কর্মচারির উপর অর্পিত সরকারি কর্মসূচি রূপায়ণের দায়িত্ব পালনের ক্ষেত্রে তিনি সাবোটেজ করছেন তাহলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে মনে করি। মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত আছেন, গত বছর তিনি এটা উল্লেখ করেছিলেন। আমরা যারা নির্বাচিত বিধায়ক তারা সবাই ঢাল নেই, তলোয়ার নেই, নিধিরাম সর্দার, কারণ আমরা এখানে অনেক আলোচনা করি, কিন্তু গ্রামাঞ্চলে যখন যাই সেখানে গ্রামের মানুষ যখন একটা টিউবওয়েল চান, একটা রাস্তা দাবি করেন আমাদের কাছে যেহেতু আমরা নির্বাচিত জনপ্রতিনিধি, সেখানে কিন্তু আমাদের কিছু করবার থাকে না। আমরা কিছুই করতে পারি না। এটা হয় না। বিকেন্দ্রীকরণ নিশ্চয়ই হবে, একশ বার হবে, কিন্তু আমরা যারা নির্বাচিত বিধায়ক তাদের সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী গত বাজেটে বলেছিলেন যে, জেলাতে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল এবং জেলা পরিষদে মন্ত্রীরা শুধু নন, বিধায়কদের নিয়েও কমিটি করা হবে। জেলার উন্নয়ন কিভাবে হবে, কোথায় বড় বড় পরিকল্পনা গ্রহণ করা হবে সেটা তাদের সাথে আলোচনা করেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে বলেছিলেন।

[3-40 – 3-50 p.m.]

কিন্তু আজও কি হয়েছে? ব্লক স্তর পর্যন্ত করা হবে এই কথা অর্থমন্ত্রী নিশ্চয়ই ভুলে যাননি। স্বাভাবিক ভাবে জবাবি ভাষণে উল্লেখ করবেন কেন এটা হল না, বাধাটা কোথায়। শুধু তাই নয় মাননীয় অর্থমন্ত্রীকে আবেদন করব এই বিষয়টা চিন্তা করতে হবে। এখন একটা অবস্থার পরিবর্তন হয়েছে। পশ্চিমবাংলাকে আমরা একটা নুতন

গতিতে এগিয়ে নিয়ে যেতে চাই, গড়ে তুলতে চাই। এখানে অসংখ্য সমস্যা আছে, সেই সমস্ত সমস্যার সমাধান করার জন্য আমরা সব সময় চিন্তা করছি। আমি যে কথাটা বলছি সেটা আপনি ভেবে দেখবেন। এমন কি করা যায় না যে বার্ষিক প্রতিটি বিধায়ককে ১ কোটি টাকা করে বরাদ্দ করা হবে? সেই টাকা দিয়ে পঞ্চায়েতের মাধ্যমে যেখানে টিউবওয়েল দরকার যেখানে বিদ্যুৎ দরকার যেখানে গ্রামের একটা ছোট রাস্তা করা দরকার সেইগুলি সেই বিধায়ক করবে। এই রকম কোনও চিন্তা ভাবনা তিনি করছেন কি? এতে কিন্তু ডিসেন্ট্রালাইজেশনে কোনও বাধা হবে না। স্বাভাবিক ভাবে আমি আশা করব এই বিষয়গুলি তিনি চিন্তা করবেন। পাশাপাশি মাননীয় অর্থমন্ত্রীকে আবেদন করব কেরোসিন তেলে ভর্তুকি দেবার ব্যাপারে। তিনি এই কথা বলেছেন, খুব ভাল কথা। পাশাপাশি কেরোসিন তেল, আমাদের যা প্রয়োজন সেটা পাওয়ার ক্ষেত্রে জোরদার দাবি করতে হবে। তার জন্য কেন্দ্রে যে সরকার এসেছে—ভয়ঙ্কর ঝনঝোটিয়া পার্টির সরকার—তাঁদের কাছে আমাদের যেতে হবে এবং দাবি আদায় করতে হবে। মাননীয় ডেপুটি স্পিকারের মাধ্যমে আমি অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব গ্রামাঞ্চলে যে পরিমাণ কেরোসিন তেল সাপ্লাই করা হয় সেটা ডবল করা উচিত। শহরাঞ্চলের চেয়ে কেরোসিন তেল গ্রামাঞ্চলে বেশি প্রয়োজন। কারণ গ্রামাঞ্চলে বিদ্যুৎ এবং গ্যাস এখনও সেই ভাবে পৌঁছায় নি। সুতরাং কি ভাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বরাদ্দ বাড়িয়ে গ্রামাঞ্চলে ডবল করা যায় সেটা নূতন করে ভারতে হবে। চালের ব্যাপারে ১০ কে.জি.-র জায়গায় ২০ কে.জি. দেবার কথা ভাবা হচ্ছে। এটা খুব ভাল কথা, আমাদের সরকার বিরাট একটা আর্থিক দায়িত্ব নিচ্ছে। আমাদের যে আর্থিক অবস্থা তাতে এটা একটা বিরাট দায়িত্ব, জানিনা কিভাবে পালন করা হবে। আমি এই ভাবে গম দেওয়ার কথা বলব। সাথে সাথে গরিব মানুষ বা নিম্ন আয়ের মানুষদের ডাল দেওয়া কেন হবে না? ডালের আজকে কি হাল! আমি নিজে বাজার করি, সেখানে আমি নিম্ন আয়ের এবং গরিব মানুষের কথা চিন্তা করি। সেখানে আজকে ডালের কথা কেন ভাবা হবে না? সরষের তেল, রিফাইন অয়েল কম দামে যাতে দেওয়া যায় গরিব মানুষকে সেই কথা কেন ভাবা হবে না? এটা কেন বাজেটে উল্লিখিত হল না? আমি মাননীয় ডেপুটি স্পিকারের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব আপনি এই বিষয়টা নিয়ে একটু চিন্তা-ভাবনা করুন। আমি নিজে রেশনের দোকানে যাই, রেশনের দোকান খোলা আছে, লাইন দিয়ে রেশন তুলি। সেখানে গিয়ে দেখি চাল নেই গম নেই, চিনি আছে তো চাল নেই, চাল আছে তো চিনি নেই গম নেই। এই রকম অবস্থা। কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে কিভাবে সরবরাহটা ঠিক রাখা যায় সেটা দেখতে হবে। সাধারণ মানুষের কাছে রেশনের সামগ্রি কিভাবে সুষ্ঠু ভাবে বন্টন করা যায়, গণ বন্টন ব্যবস্থাটাকে ঠিক ভাবে করা যায় সেই দিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় অর্থমন্ত্রীকে আমি বিশেষ ভাবে অনুরোধ

করব। তাছাড়া একটা দাবি হওয়া উচিত যেটা এবারের বাজেটে আসেনি। সেটা হল, কলকাতার উন্নয়নের জন্য, কলকাতার বস্তি উন্নয়ন এবং অন্য শহরাঞ্চলের অনেক কথা উল্লেখ করেছেন, তাকে সমর্থন করি। কিন্তু ১৮২৭ কোটি টাকা যেটা দীর্ঘদিন ধরে, রাজীব গান্ধীর সময় থেকে আমাদের ডিমাণ্ড, কারণ কলকাতা শহর এবং হাওড়া শহরের সুয়োরেজ সিস্টেম কোলাপ্সড হয়ে যাবে যদি না নতুন করে আগামী ১০ বছরের মধ্যে পরিকল্পনা করা হয়। সেজন্য মাননীয় অর্থ মন্ত্রীর কাছে আমি অনুরোধ করব, মেগাসিটি শুধু নয়, কলকাতা এবং হাওড়া শহরকে বাঁচাতে হলে তার পয়ঃপ্রণালী সিস্টেমকে ঠিক রাখার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ১৮২৭ কোটি টাকা দাবি করতে হবে। পরিশেষে এই কথা বলব—(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে)—আমাদের বিরোধী পক্ষ থেকে বলেন যে, এই বাজেট নাকি পঞ্চায়েত নির্বাচনকে লক্ষ্য করে। না, নির্বাচন অনেক সময়েই হচ্ছে—বছরে দুটি করে নির্বাচন হচ্ছে। —**(এই সময়ে মাইক অফ হয়ে যায় এবং পরবর্তী বক্তার নাম কল করা হয়।)**

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তার বিরোধীতা করে এবং সঙ্গে সঙ্গে আমাদের দলের সদস্যরা যে কাট মোশন এনেছেন তা সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ দিয়েছেন, বইয়ের অর্দ্ধেক পাতা জুড়ে সেই ধান ভানতে শিবের গীতের মতো, বিভিন্ন রকম ব্যবস্থার কথা এখানে উপস্থাপনা করেছেন। তার সঙ্গে বাজেটের সম্পর্ক কতটা তা নিয়ে চিন্তা করতে হয়। তিনি বলেছেন যে, উদার অর্থনীতির ফলে পশ্চিমবঙ্গেরও অনেক ক্ষতি হয়েছে। তার সঙ্গে সঙ্গে যেদিন তিনি বাজেট এখানে পেশ করেছিলেন সেদিন টেলিভিশনে শুনলাম তিনি বলেছেন, পশ্চিমবঙ্গের যে বাজেট তিনি পেশ করেছেন তা নাকি চিনা ধাঁচের বাজেট। আমি তাঁকে প্রশ্ন করি, হলদিয়া পেট্রো-কেমিকেলস আপনারা কাদের সঙ্গে মিলে করছেন? আজকে কন্ট্রাক্ট বেসিসে ডাক্তার নিয়োগ, ইঞ্জিনিয়ার নিয়োগ, এগুলো কি আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের নির্দ্দেশ অনুসারে হচ্ছে না? তা যদি হয়ে থাকে তাহলে উদার অর্থনীতির বিরুদ্ধে আপনার বক্তব্য কতটা অন্তসারশূন্য তা প্রমাণ হয়ে গেছে। আমরা দেখছি, আপনি বলেছেন যে, বিভেদকামী শক্তির জন্য অর্থনৈতিক উন্নতি ব্যহত হচ্ছে। একথা ঠিক। কিন্তু তাহলে ২১ বছরে পশ্চিমবঙ্গের গ্রামোন্নয়নের জন্য এবং শহরের উন্নয়নের জন্য আপনারা যে টাকা দিয়েছেন তা কতিপয় মানুষ কুক্ষিগত করার জন্য, যাদের জন্য অর্থ বরাদ্দ হয়েছিল তা প্রকৃতপক্ষে কাজে লাগেনি। তারফলে সাধারণ মানুষ ক্ষুব্ধ হয়েছেন এবং আপনাদের উপরে বিশ্বাস হারিয়ে তারা আজকে অন্যদিকে চলে গেছেন। এই গণতান্ত্রিক পরিকাঠামোয় যারা নিজেদের ধর্মনিরপেক্ষ বলে জাহির করে থাকেন, তাকে ভঙ্গ করে কি ভাবে বিভেদকামী শক্তির বৃদ্ধি ঘটছে? আপনারা বিরোধী দলের কণ্ঠকে

জবরদস্ত বিধানসভার ভিতরে স্তব্ধ করে এবং বিধানসভার বাইরে প্রশাসনকে কাজে লাগিয়ে বিরোধীদের আন্দোলনকে স্তব্ধ করার ফলে এই বিভেদকামী শক্তি আজকে মাথাচাড়া দিচ্ছে কিনা সেটা চিন্তা করার জন্য আপনাকে অনুরোধ করছি। আপনি বলেছেন যে আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের প্রয়োজনীয়তা আছে। আমি আপনাকে স্মরণ করিয়ে দিয়ে বলতে চাই, রাজীব গান্ধী যখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন, তিনি যখন আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের জন্য পঞ্চায়েত এবং পৌরসভার হাতে সমগ্র ক্ষমতা তুলে দেবার কথা বলেছিলেন, তখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এবং আপনি তার বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন কি না?

[3-50 – 4-00 p.m.]

আজকে তাই অর্থনৈতিক বিকেন্দ্রীকরণের তথ্য অন্তসারশূণ্য সেটাই নতুন করে প্রমাণ হয়ে গেল। বেকারত্বের সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী এটাকে সর্বভারতীয় সমস্যা বলে এড়িয়ে যাচ্ছেন, আমাদের সদস্য সৌগত রায় সেটা উল্লেখও করেছেন। একদিকে তিনি বলেছেন যে গত বছরে আড়াই লক্ষ থেকে ৩ লক্ষ বেকারকে নতুন করে অ্যাবজর্ব করা হয়েছে, চাকুরি দিয়েছেন, কিন্তু হিসাবে দেখা যাচ্ছে যে, গত ২১ বছরে বেকারী ৪২ লক্ষ বেড়েছে এবং বেড়ে গিয়ে ৫৬ লক্ষতে দাঁড়িয়েছে। এই (* *) ভাষণ আজকে এই সভাকে ভুল পথে পরিচালিত করছে। আমাদের আজকে সেটা বিচার করতে হবে। এরপরে আপনি পি. এল. অ্যাকাউন্টের ব্যাপারে বিধানসভার সদস্যদের জানালেন যে বেশির ভাগ অ্যাকাউন্টই পি. এল. অ্যাকাউন্টের নয়, লোক্যাল ফাণ্ড অ্যাকাউন্টে। আমি একটা স্থানীয় স্বায়ত্তশাসনের সঙ্গে যুক্ত রয়েছি, সেখানে দেখা গেছে তাঁর এই বক্তব্য (* *) পরিণত হয়েছে। পি. এল অ্যাকাউন্ট যেটা চালু ছিল, কাগজে কলমে আপনার বক্তব্যে সেই পি. এল. অ্যাকাউন্ট লোক্যাল অ্যাকাউন্টে ট্রান্সফার করা হয়েছে। একথা আজকে বলার অপেক্ষা রাখে না যে তিনি বিধানসভাকে মিসলিড করে যাচ্ছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এসব কথা বাদ যাবে।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** আজকে পশ্চিমবঙ্গে গ্রামোন্নয়ন, সেচের উন্নয়নের কথা বলছেন। এই বছরে ১ লক্ষ ১৫ হাজার হেক্টর জমিকে সেচের আওতায় আনবেন, কিন্তু পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচ যে সেচের একটা অঙ্গ আপনারা বলেন সেক্ষেত্রে আজকে ডিপ টিউবেলগুলোর অবস্থা কি? ১৯৭২-৭৩ সালে যে ডিপ টিউবেলগুলো কংগ্রেস সরকার বসিয়েছিল ১৯৭২-৭৩ সালে সেই ডিপ টিউবেলগুলো ২৫ বছর পরে আজকে অকেজো

Note [*Expunged as ordered by the Chair.]

হয়ে পড়েছে। ডিপ টিউবেলগুলোর লংজিবিটি কমে গেছে। ফলে ডিপ টিউবেলগুলো অকেজো হয়ে পড়েছে। চাষ যোগ্য, সেচের যোগ্য থেকে জমি আজকে সেচের অযোগ্য হয়ে পড়েছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিথ্যা এই শব্দটা বাদ যাবে, অসত্য বলবেন।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** আজকে ভূমি সংস্কারের মাধ্যমে ১৩.৪৮ লক্ষ একর জমি নথিভুক্ত করেছেন। তারমধ্যে ১০.২৪ লক্ষ একর জমি বিলি করেছেন, এই তথ্য সম্পূর্ণ ভিত্তিহীন, কাগজে কলমে ১০.২৪ লক্ষ একর জমি বিলি করেছেন কিন্তু প্রকৃত যাদের জন্য জমি বিলি করেছেন, সেই জমির মালিকরা জমির পাট্টা পায়নি। সেখানে আপনাদের কিছু কমরেডের কাছে জমি রাখা আছে। জমির মালিকরা কোনও একটা কারণে যদি আপনাদের রাজনৈতিক দলে যুক্ত হতে না পারে তাহলে তাদের জমির দখল দেওয়া হয় না। তারপরে বাকি যে উদ্বৃত্ত জমি বিলি হয়নি কেন সেটা পরিষ্কার করে বলা হয়নি। এইভাবে জমি চোরেদের হাত থেকে জমি উদ্ধার করার কোনও ব্যবস্থা নেই। আপনাদেরই দলের লোকেরা গ্রামবাংলাতে জমি চুরি করছে, তাদের ধরার কোনও ব্যবস্থা নেই। এইভাবে ৩ লক্ষ একর জমি উদ্ধারের কোন সম্ভাবনা দেখতে পাচ্ছি না। তারপরে আর্থিক উন্নয়নের উপরে যে বক্তব্য রেখেছেন সেটা অন্তঃসারশূণ্য বলে মনে হয়েছে। শিক্ষার উন্নয়নের জন্য ১৮০ কোটি টাকার থেকে ২২৯ কোটি টাকা করার কথা বলেছেন। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে হাজির আছেন, গতবারে মেনশন করার সময়ে একটি কথা বলেছিলাম যে দীর্ঘ ২১ বছরে আমার বিধানসভা এলাকার একটিও মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয়নি বা একটিও মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হয়নি। মাননীয় শিক্ষামন্ত্রী গতবারের বাজেটে যে উল্লেখ করেছিলেন এক্ষেত্রেও তা (* *) প্রমাণিত হয়ে যাচ্ছে। তাঁকে চ্যালেঞ্জ করে বলছি এবং দৃঢ়তার সঙ্গে বলছি যে, আমার এলাকায় একটিও মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয় নি অথবা কোনও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিকে উন্নীত করা হয়নি। উনি যদি প্রমাণ দেখাতে পারেন যে হয়েছে তাহলে আমি আমার সদস্য পদ ত্যাগ করব এই চ্যালেঞ্জ আমি রাখছি। এইভাবে (* *) কথা বলে বিধানসভাকে বিভ্রান্ত করা হয়েছে। শুধু তাই নয়, শিক্ষার সম্প্রসারণের নাম করে .....

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিথ্যা বলা যায়না, অসত্য বলবেন। মিথ্যা কথা সব বাদ যাবে।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** শিক্ষার সম্প্রসারণের নাম করে আপনারা কিভাবে শিক্ষার

Note [*Expunged as ordered by the Chair.]

সঙ্কোচন করছেন সেটা উদাহরণ দিয়ে তুলে ধরা যেতে পারে। আনন্দ পাঠক্রম বলে যে শিক্ষা ব্যবস্থা চালু করতে চাচ্ছেন, যা বিদেশ থেকে গ্রহণ করেছেন, সেই আনন্দপাঠ শিক্ষাক্রম চালু করার নাম করে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে শেষ করে দিতে চাইছেন। প্রথম এবং দ্বিতীয় শ্রেণীকে দুই ঘন্টা পড়ানো হবে, সাড়ে দশটা থেকে সাড়ে ১২টা পর্যন্ত এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীকে পড়ানো হবে ১টা থেকে ৩টা পর্যন্ত। সাধারণ লেখাপড়ার জন্য ৪ ঘন্টা সময়ই কম হয়ে যাচ্ছিল, আজকে সেখানে কি ভাবে আপনারা আনন্দপাঠক্রম এর ব্যবস্থা করবেন বুঝতে পারছি না। এর দ্বারা আপনারা আরো শিক্ষক নিয়োগের বন্দোবস্ত করতে কি চাইছেন না, সেটা আমি জানতে চাই। আপনারা অবসরকালীন ভাতা পরিবহন সংস্থার কর্মচারিদের জন্য দিতে চাইছেন। ভাল কথা। কিন্তু সরকারি পরিবহন সংস্থার কর্মচারীর সংখ্যা থেকে বেসরকারি সংস্থার পরিবহনের কর্মচারীর সংখ্যা অনেক বেশি, তাদের চাকরির নিরাপত্তার ব্যবস্থা নেই। এখনও পর্যন্ত এটা লজ্জার কথা যে স্বাধীনতার ৫০ বছর পরেও এই সমস্ত কর্মচারিদের নিয়োগের কোনও ব্যবস্থা ঠিক হয়নি, তাদের নিয়োগপত্র দেওয়া হয়না। এই সম্বন্ধে আপনাদের কি চিন্তা-ভাবনা তা এই বাজেটে প্রতিফলিত হয়নি। শিল্প ও কৃষির উন্নয়নের জন্য আপনি বিদ্যুতে বেশি করে বরাদ্দের কথা বলেছেন। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা গত বছর পর্যন্ত বিদ্যুতে যে বরাদ্দ বেড়েছে তাতেও পশ্চিমবাংলায় ১০ হাজার মৌজায় এখনও পর্যন্ত বিদ্যুৎ যায়নি। গত বছরে দুর্গাপুজার সময়ে একটি সেমিনারে আমি হাজির ছিলাম, সেখানে আপনাদের শিল্প পুনর্গঠন মন্ত্রী বলেছিলেন পশ্চিমবাংলায় এত বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে যার ফলে ফ্রিকুয়েন্সি বেড়ে যাওয়ার ফলে লোডশেডিং হচ্ছে। আমি আমার এলাকায় এই ব্যাপারে ভুক্তভোগী, সেখানে ২৪ ঘন্টার মধ্যে ১৮ ঘন্টাই লোডশেডিং হয়, বিদ্যুৎ থাকে না। কোনও কোনও সময়ে ১০ ঘন্টাও বিদ্যুৎ থাকে না। স্থানীয় অফিসারদের এই ব্যাপারে জিজ্ঞাসা করেছি, তারা বলছেন এটা লোডশেডিং এর জন্য হচ্ছে। এটা ফ্রিকুয়েন্সি বেড়ে যাওয়ার জন্য নয়। সেইজন্য বলব, আজকে যদি ১০ হাজার মৌজায় বিদ্যুৎ পৌঁছাতে হয় তাহলে আপনাদের মনে হয় ৩০ বছর লেগে যাবে। সেই কারণে আপনাদের কাছে আমার বক্তব্য, আপনারা যে বক্তব্য রেখেছেন তা অন্তঃসার শূন্য। সৌগত বাবু যা বলেছেন, পঞ্চায়েতরাজকে সামনে রেখে নির্বাচনকে লক্ষ্য করে গ্রামের মানুষের জন্য কিছু ভর্তুকি রেখে যে বাজেট উপস্থাপন করেছেন তাতে পশ্চিমবাংলার সামগ্রিক অর্থনীতি ফুটে ওঠে না, এতে সাধারণ মানুষের কোনও উপকার হবে না। পে-কমিশনের কথা বলেছেন, এটা খুঁড়োর কলের মতো। এই ব্যাপারে আপনি এক রকম বলছেন, মুখ্যমন্ত্রী আর এক রকম বলছেন। কিছুদিন আগে বিধানসভায় বলেছিলেন, পে-কমিশনের টাকা কেন্দ্রীয় হারে দিতে গেলে যে টাকার প্রয়োজন তাতে কেন্দ্রীয় সরকারকে ৫০ শতাংশ দায়ভার বহন করতে হবে। তা নাহলে কেন্দ্রীয় হারে দেওয়া সম্ভব নয়। এটা মে মাসের

নির্বাচনকে সামনে রেখে বলেছেন, পে কমিশন পেশ করবেন। কিন্তু পে কমিশন কবে ঘোষণা করবেন, সেটা ঠিকমতো বলেননি। সেই কারণে আপনার বাজেট বরাদ্দের বিরোধীতা করে কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

[4-00 – 4-10 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৯৮-৯৯ সালের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠার পর থেকে এবং আমাদের অর্থমন্ত্রী যেদিন থেকে তার কার্যভার গ্রহণ করেছেন তখন থেকে এই রাজ্যকে এগিয়ে নিয়ে যাবার জন্য এবং বিভিন্ন সময় উদ্ভুত সমস্যাদি সামাল দেওয়ার জন্য তিনি যে ক্রমবর্ধমান আর্থিক দায়িত্ব কাঁধে তুলে নিয়েছিলেন, তা দেখে আমাদের বিরোধী দলের বন্ধুরা আশা করেছিলেন, এই বুঝি রাজ্যের অর্থনীতি ব্যবস্থা ভেঙ্গে পড়ল বলে, এই বুঝি অসীম বাবু রাজ্যকে দেউলিয়া ঘোষণা করলেন, রাজ্য সরকার এই বোধ হয় লালবাতি জ্বালালো বলে। কিন্তু তাদের আশায় ছাই দিয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী আবার তার বাজেট উপস্থাপন করেছেন। আমাদের মাননীয় বন্ধু সৌগত বাবু বললেন প্যানিক ডিউ টু প্যানিক, কিন্তু আমরা মনে করি বর্তমান অবস্থার মধ্যে দাঁড়িয়ে অসীম বাবু যে বাজেট রচনা করেছেন সেটা ইউনিক বাজেট। বিরোধী দলের বন্ধুরা এই বিধানসভার শুরুর দিনে, মাননীয় রাজ্যপাল মহাশয় যখন ভাষণ দিতে শুরু করলেন তখন ডানলপ-এর বন্ধ কারখানার শ্রমিকদের জন্য তারা এখানে শোরগোল তুললেন, এখানে অসভ্য আচরন করলেন। আজ যখন আমাদের অর্থমন্ত্রী রাজ্যের বন্ধ কলকারখানার শ্রমিকদের জন্য একটা ভাতার ব্যবস্থা করলেন তখন সেটাকে অ্যাপ্রিসিয়েট করলেন না। সেটাকে খাটো করে দেখাতে চাইলেন, তখন বললেন বরাদ্দের টাকা কতজনকে দেওয়া যাবে, কতদিন দেওয়া যাবে। আজকে সাড়ে তিন, চার লক্ষ কারখানা বন্ধ, শ্রমিকদের হঠাৎ করে যে দুরবস্থার মধ্যে পড়তে হয় তাতে তাদের পাশে দাঁড়ানো উচিত। সমস্ত রাজ্যেই কম বেশি এই সমস্যায় ভুগছে, আজকে কর্মসংস্থান বন্ধ। এই অবস্থায় পড়লে তাদের পাশে দাঁড়ানো উচিত, তাদের কথা ভাবা উচিত এটা মুখ ফুটে তারা বললেন না। আমাদের সরকার এটা উপলব্ধি করেছেন, আমরা এই সমস্ত মানুষের প্রতিনিধিত্ব করি, তাই তাদের কথা আমাদের ভাবতে হচ্ছে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব এইভাবে রিলিফের ব্যবস্থা না করে যাতে এককালীন আর্থিক সাহায্য বা ঋণের মাধ্যমে একটা বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। যদি এককালীন দশ হাজার টাকা বা ব্যাঙ্ক থেকে কুড়ি হাজার টাকা ঋণ দেওয়া যায় তাহলে বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে সে সংসার চালাতে পারবে, এটা আখেরে তাদের ভালোই হবে।

এটা আমাদের অভিজ্ঞতা, যে দিনের পর দিন বন্ধ কলকারখানার সংখ্যা বাড়ছে। এইভাবে দিন গুজরানের ব্যবস্থার মধ্যে না গিয়ে যদি একটু উন্নত ব্যবস্থা করতে পারি সেদিকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় দৃষ্টি রাখবেন। আমাদের অর্থনীতির যে মূল কথা, সেটা আমাদের মাননীয় বিরোধী দলের সদস্যরা বুঝতে পারেননি বা বুঝতে চাননি। তারা কোন মানদণ্ডে এর বিচার করছেন বুঝতে পারি না। কতগুলো রাস্তাঘাট, সেতু হল, না সাধারণ মানুষের জীবনযাত্রার মান কতটা উন্নত হল—কি দিয়ে বিচার করবেন? অবশ্য জানলেও তো বিরোধীতা করবেন, কারণ বিরোধীতা করতে হবে। আগেকার সেই গ্রাম-গঞ্জের মানুষের দৈনদশা, বুভুক্ষা, হাহাকার অবস্থা আর নেই, এখন তারা নিজেদের পায়ে দাঁড়াচ্ছে, অনেকটা স্বাবলম্বি হয়েছে। আমাদের অর্থমন্ত্রী চাইছেন, এমন একটা পরিকল্পনা করছেন যে, আমাদের যে সমস্ত সহায়-সম্পদ আছে, যেসব রিসোর্স আছে, সেইগুলোকে মবিলাইজ করে যতটা সম্ভব রাজ্যকে স্বনির্ভর করা যায়। সেদিকে লক্ষ্য রেখেই তিনি সমস্ত পরিকল্পনা রচনা করেছেন। আমরা জানি, আমাদের দেশের শতকরা ৭৫ ভাগ মানুষ কৃষির উপর নির্ভর করে, তাদের ভাগ্য নির্ভর করে থাকে কৃষির উপর। তাই কৃষিকে কেন্দ্র করে আমাদের এই অর্থনৈতিক বুনিয়াদ রচনা করতে হবে। এইজন্য বিগত কয়েক বছর ধরেই ধারাবাহিক ভাবে যেসব প্রচেষ্টা চালাচ্ছে, তাতে উৎপাদন নিঃসন্দেহে বেড়েছে। অন্যান্য রাজ্যের দৃষ্টান্তকে ম্লান করে দিয়ে সারা ভারতবর্ষে নজির সৃষ্টি করেছে। এবং, এই কৃষির যেসমস্ত অ্যালায়েড বিষয় আছে, সেচ, মার্কেটিং, রাস্তাঘাট, গ্রামের মানুষের নূন্যতম চাহিদা পানীয় জল, স্বাস্থের ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা, বিদ্যুৎ, এইসমস্ত বিষয়গুলির প্রতিও নজর দেওয়া হয়েছে। যার ফলে আজকে আমরা এই জায়গায় আসতে পেরেছি। যখনই এইসমস্ত সমস্যা আমাদের সামনে এসেছে, তৎক্ষণাৎই আমাদের সরকার অত্যন্ত সজাগ এবং সংবেদনশীল হয়ে তাতে সাড়া দিয়েছে এবং সেইসমস্ত সমস্যার সমাধানে তৎপর হয়েছে।

যে ব্যবস্থাগুলো আমাদের অর্থমন্ত্রী নিতে চেয়েছেন, তার কতগুলো আমাদের কাছে দুর্বোধ্য ঠেকেছে। যেমন ক্ষেত-মজুরদের জন্য প্রভিডেন্ট ফাণ্ড। আমরা এতে আশান্বিত হয়েছিলাম যে, ক্ষেত-মজুররা এর সুযোগ-সুবিধা লাভে আকৃষ্ট হবেন। আশঙ্কাও আমরা সেইসঙ্গে প্রকাশ করেছিলাম। তিনি বলেছিলেন তারা যে পরিমাণ টাকা দেবেন, সরকারও সম পরিমাণ টাকা দেবেন, এবং ৬০ বছর বয়স হলে ফেরত পাবেন। আমার অভিজ্ঞতা বলে, গ্রামের সেইসব মানুষ কঠোর পরিশ্রম করেন এবং কিছু নেশার আশ্রয়ও নেন, ফলে অতদিন বাঁচেন না, বেশিরভাগই ৫০ বছরের পরেই মারা যান। আমরা বলেছিলাম, ঐ বয়সটা কমিয়ে, আগে দেওয়া যায় কিনা দেখতে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করতে চাই, এই পরিকল্পনা ঘোষণা করার পর কতজন ক্ষেত-মজুর কত টাকা জমা দিয়েছেন এবং রাজ্য সরকারের কত টাকা খরচ হয়েছে। তাহলে আমরা বুঝব এই

প্রকল্প সেইসমস্ত মানুষকে কতটা সুযোগ-সুবিধা দিতে পেরেছে এবং তাদের কতটা আকৃষ্ট করতে পেরেছে।

[4-10 – 4-20 p.m.]

তা আকৃষ্ট করতে পেরেছে। বিদ্যুতের উৎপাদনে একটা লক্ষ্যণীয় অগ্রগতি ঘটেছে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আমরা কয়েক বছর আগেও বিধানসভার প্রসিডিংস খুললেই দেখতাম, খবরের কাগজের পাতা ওল্টালেই দেখতাম যে, বিভিন্ন জায়গায় লোডশেডিং হচ্ছে। কিন্তু এখন উৎপাদনের অগ্রগতি ঘটেছে। তবুও বলব যে, বন্টনের ক্ষেত্রে বেশ কিছু সমস্যা থেকে গেছে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি যে, গ্রামীণ বৈদ্যুতায়নের ক্ষেত্রে আমাদের এই পশ্চিমবঙ্গে কোনও জায়গায় শতকরা ৯৫ ভাগ মৌজাতে বিদ্যুৎ চলে গেছে। আবার বাঁকুড়ায় ৬০-৬৫ ভাগ মৌজাতে এ পর্যন্ত বিদ্যুৎ যোগাযোগ সম্ভব হয়েছে। অনেক অনেক গ্রামে বিদ্যুৎ যায়নি। তাদের ধৈর্যচ্যুতি ঘটেছে। আমরা তাদের আশা দিয়েছি, ভরসা দিয়েছি। কিন্তু তারা কতদিন অপেক্ষা করবে। কতদিন তারা চুপচাপ থাকবে। এই কারণে কিন্তু এবারে বেশ কিছু জায়গায় তারা ভোট বয়কট করেছে। আমার ছাতনা বিধানসভা কেন্দ্রে এবার বেশ কিছু জায়গায় ভোট হয়নি। আমি তাই মাননীয় অর্থমন্ত্রীকে জানাব যে, যে বরাদ্দ আছে, তার মধ্যে যে সমস্ত জায়গায় গ্রামে বিদ্যুতায়ন পিছিয়ে পড়েছে, তার দিকে নজর দিন। সেগুলি অন্তত কাছাকাছি জায়গায় আসতে পারে। কারণ বেশি দিন এই সমস্ত মানুষ আর ধৈর্য ধরতে রাজি নন। মানুষ অধৈর্য হয়ে পড়ছে। আগামী দিনে হয়ত এই কারণে ভোট করাই যাবে না, সেই সমস্ত জায়গায়, যেখানে বিদ্যুৎ নেই। আমরা জানি এর জন্য খানিকটা দায়ী কেন্দ্রীয় সরকার। তারা হাত গুটিয়ে নিয়েছে ফলে গ্রামীণ বিদ্যুৎ দপ্তরে তালা পড়ে গেছে। এটা খুলতে হবে। সেই ব্যবস্থার দিকে নজর দিতে হবে সরকারকে এবং তার জন্য যা করা দরকার সেটা করতে হবে। এই সময় আমরা সবাই দাবি করি যে, এই পরীক্ষার সময় বিদ্যুৎ সরবরাহ যেন অব্যাহত থাকে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব জায়গায় কি হয়েছে আমি জানি না, কিন্তু আমার বিধানসভা কেন্দ্র ছাতনাতে এই মাধ্যমিক পরীক্ষা শুরুর ৭ দিন আগে থেকে এখনও পর্যন্ত ক্রমাগত সন্ধ্যার পর ২-আড়াই ঘন্টা বিদ্যুৎ থাকছে না। আগে এমন অবস্থা ছিল না। প্রতিদিন ঠিক সন্ধ্যা সাড়ে ছটার সময় যায়, সাড়ে ৮টা পর্যন্ত বিদ্যুৎ থাকছে না। পরীক্ষার্থীরা নাজেহাল। কেন এমন হচ্ছে? এর প্রতিকার পাওয়া যাচ্ছে না। আমি বিষয়টি জানিয়েছি। মাননীয় অর্থমন্ত্রী বিগত বছরে নতুন স্কুল খোলার কথা বলেছেন, যেগুলি সামাজিক দায় বদ্ধতার ভিত্তিতে চলবে। বর্তমান বছরের বাজেটেও তিনি ঘোষণা করেছেন যে, অনুরূপ ভাবে প্রত্যেকটি ব্লকে হাই স্কুল হবে এবং প্রত্যেকটি জেলাতে একটা করে ইঞ্জিনিয়ারিং কলেজ হবে একই

ভাবে সামাজিক দায় বদ্ধতার ভিত্তিতে, চুক্তির মাধ্যমে চলবে। আমি জানতে চাই এই রকম জিনিস অন্যান্য রাজ্যে আছে কিনা। সেখানে এই ব্যবস্থার ফল কি রূপ। আমার আশঙ্কা লাগছে যে, আমরা কোনও একটা খারাপ জায়গায় গিয়ে পড়ব না তো? আর একটা আশঙ্কা আছে যে, তিনি ঘোষণা করেছেন যে, চালকলের মালিকদের কাছ থেকে লেভির বিনিময়ে শহরে তাদের অবাধে চাল সরবরাহের অনুমতি পাবেন। এখন গ্রাম থেকে এই ভাবে শহরে চাল আমদানি করা হল, গ্রামের চালের দাম বৃদ্ধি পাবে না তো?

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন তাঁর বিরোধীতা করে এবং আমাদের আনা কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অর্থমন্ত্রী যে বক্তৃতা দিয়েছেন তাতে পশ্চিমবঙ্গের যে জলন্ত সমস্যা বিশেষ করে বেকার সমস্যা, বিদ্যুৎ সমস্যা, শিক্ষা সমস্যা এগুলিকে নানান ভাবে এড়িয়ে যাওয়ার প্রবণতা সেটা লক্ষ্য করা গেছে। স্যার, উনি বেকার সমস্যাকে সর্বভারতীয় স্তরের সমস্যা বলে এড়িয়ে যাওয়ার চেষ্টা করেছেন। স্যার, ১৯৯৬ সালের অক্টোবর পর্যন্ত পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা ৫৪ লক্ষ ২৬ হাজার, আর ১৯৯৭ সালের অক্টোবর মাসে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৫৬ লক্ষ ৯৪ হাজার, অর্থাৎ এক বছরের মধ্যে বেকার সংখ্যা হয়েছে ২ লক্ষ ৬৮ হাজার। অথচ এ পর্যন্ত পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা ৫৯ লক্ষ ৬২ হাজার এটা হচ্ছে নথিভুক্ত বেকারের সংখ্যা। তাদের কর্মসংস্থানের কোনও সুনির্দিষ্ট পরিকল্পনার ইঙ্গিত এই বাজেটের মধ্যে নেই। স্যার, প্রাথমিক ও অন্যান্য শিক্ষার ব্যাপারে এবং বিদ্যুৎ ও জন স্বাস্থ্যের ব্যাপারে যেভাবে উনি বলেছেন যে পঞ্চায়েতের মাধ্যমে এগিয়ে নিয়ে যাবেন, বিশেষ করে বিদ্যুতের কথা বলেছেন। এই ২১ বছরে আমার এলাকায় এবং অন্যান্য বিধায়কদের এলাকায় বিদ্যুৎ নেই, বিদ্যুতের কোনও সম্প্রসারণ হয়নি, একটি খুঁটিও পর্যন্ত নেই। স্যার, বিদ্যুৎ মন্ত্রীকে বলতে শুনেছি যে তাঁকে বলা হয়েছে কোনও মৌজা বা গ্রামের জন্য, তিনি বলেছেন দেখুন আমাদের দপ্তরের পরিসংখ্যানে একটা বিরাট ভুল আছে, গ্যাপ আছে। একটা মৌজায় হয়ত ৩,৪,৫টি গ্রাম থাকতে পারে, হয়ত একটা গ্রামে কোনও একটা জায়গায় খুঁটি বসিয়ে বলা হয়েছে ওই মৌজাটি বিদ্যুতায়ন হয়ে গেছে। অথচ সেই মৌজায় আজ পর্যন্ত কোনও বিদ্যুৎ ব্যবস্থাই হয়নি। নদীয়া জেলা পরিষদের সাধারণ সভায় বিদ্যুতের প্রসঙ্গে কথা উঠলে আমি দেখেছি বিরোধী দলের সদস্য বলে শুধু আমরাই নয় শাসক দলের সদস্যকেও পঞ্চায়েত সমিতির সভায় বলতে শুনেছি গ্রামের লোকে এর পর রাস্তা দিয়ে গেলে ঢিল মারবে। স্যার, দেশ ৫০ বছর স্বাধীন হয়ে গেছে অথচ মানুষ একটু আলো পাবে না, বিদ্যুৎ পাবে না, এটা চলতে পারে না স্যার।

[4-20 – 4-30 p.m.]

আজ পর্যন্ত পশ্চিমবাংলার ১০ হাজার মৌজায় বিদ্যুৎ যায়নি। অর্থাৎ ৪।৫-টা করে যদি গ্রাম থাকে তাহলে ৪০।৫০ হাজার গ্রামে এখনও কোনও বিদ্যুৎ যায়নি। এই রকম অবস্থা দাঁড়িয়েছে। সেদিন জেলা পরিষদের মিটিং-এ লোকেদের বলতে শুনেছি যে, বিদ্যুতের ব্যবস্থা এখন পঞ্চায়েত এবং জেলা-পরিষদের মাধ্যমে হবে, রাজ্য বিদ্যুৎ পর্ষদের কোনও দায়িত্ব নেই। আমার মনে হয়, জেলা-পরিষদ এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদের মধ্যে এ নিয়ে একটা দো-টানার ভাব আরম্ভ হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিদ্যুতায়নের ভার নিচ্ছে না এবং জেলা পরিষদের সামগ্রী এবং সাজসরঞ্জামের অ্যাভারেজ ও কর্মসংস্থানের মধ্যে একটা দারুণ ভুল বোঝাবুঝি চলছে। এর ফলে গত ২১ বছরে একটা খুঁটিও বসানো হয়নি। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী বলছেন, কোটি কোটি টাকা গ্রামীণ বিদ্যুতে দেওয়া হয়েছে। কিন্তু রাজ্য বিদ্যুৎ পর্ষদ করবে, না জেলা পরিষদ করবে—এই গোলমালে বিদ্যুতায়নের নাভিশ্বাস উঠেছে বলে আমি মনে করছি। স্যার, আমি দেখতে পাচ্ছি, বিদ্যুতায়নের ক্ষেত্রে গ্রাম এবং শহরের মধ্যে একটা বৈষম্য চলছে। আমি অনেক মানুষকে বলতে শুনেছি, শহরে যদি একটা ট্রান্সফরমার পুড়ে যায় বা নষ্ট হয়ে যায় তাহলে আধঘন্টা, এক ঘন্টার মধ্যে তা রিপ্লেস করে দেওয়া হয়। কিন্তু গ্রামে হলে ৩।৬।৯ মাসের আগে ঠিক করা হয় না। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীর ভাষণে তার কোনও সুরাহা আমরা দেখতে পেলাম না। তাই বলতে হয়, গ্রামীণ বৈদ্যুতায়নের ক্ষেত্রে যে ব্যবস্থা করেছেন তা কথার কথা হয়ে দাঁড়াবে। আপনি এক্ষেত্রে ১২৩ কোটি টাকা এবং ১৮৫ কোটি ৫২ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। অর্থাৎ মোট প্রায় ৩০১ কোটি ৪১ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। কিন্তু এর সুফল গ্রামের মানুষ পাবে বলে আমার মনে হয় না। কারণ, ২১ বছরে আপনারা একটা খুঁটিও বসাতে পারেননি। বলা হচ্ছে, বিশ্বব্যাঙ্কের টাকায় গ্রামীণ বৈদ্যুতায়ন হবে। কিন্তু আজ পর্যন্ত নদীয়া জেলায় এ জন্য কত টাকা পাওয়া গেছে এবং কতগুলো মৌজায় বিদ্যুৎ দেওয়া হবে তার সঠিক সংখ্যা পাওয়া গেল না। জেলা পরিষদ বা রাজ্য বিদ্যুৎ পর্ষদের কেউ এ সম্বন্ধে কিছুই বলতে পারে না। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ চলছে। আমি এ ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

এখানে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে নানা কথা বলা হয়েছে। এক্ষেত্রে সরকার দায়িত্ব এড়িয়ে বিকেন্দ্রীকরণের নামে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে পঞ্চায়েতের হাতে তুলে দেওয়ার চেষ্টা করছেন। স্যার, নদীয়া জেলাতে ২০ বছরে কোনও শিক্ষক নিয়োগ হয়নি। ১০০-টা স্কুল শিক্ষকের অভাবে বন্ধ হয়ে পড়ে রয়েছে। অন্য জেলায় কি হচ্ছে আমি জানি না, তবে আমাদের ওখানে প্রায় ২৫০।৩০০ স্কুল, যেখানে ১০ জন শিক্ষক লাগে

সেখানে ২ জন শিক্ষক রয়েছেন। অনেকে আবার রিটায়ারের দোরগোড়ায় আসছেন, রিটায়ার করবেন। অর্থাৎ সেগুলোও শিক্ষক শূন্য হয়ে যাবে। এই হচ্ছে অবস্থা গত বছর শুনছিলাম, ১ হাজার প্রাথমিক স্কুল তৈরি করা হবে। এবারেও দেখছি বলা হয়েছে, ১ হাজার স্কুল তৈরি হবে এবং শিক্ষক নিয়োগ হবে চুক্তির ভিত্তিতে। কিন্তু কবে নাগাদ নিয়োগ হবে তা বলা হয়নি।

বলা হল এক হাজার বিদ্যালয় হবে এবং আরও এক হাজার এই আর্থিক বছরে হবে। প্রাথমিক শিক্ষা ব্যবস্থার নাভিশ্বাস ওঠার অবস্থা হয়েছে। আজ প্রায় ২৫ হাজার শিক্ষক, তাঁরা ৬০ বছর বয়স পর্যন্ত চাকরি করার পর আজ ২-৪ বছর ধরে বেতন পাচ্ছেন না। অনিশ্চয়তার মধ্যে তাঁদের বেতন ব্যবস্থা রয়েছে। মাননীয় অর্থমন্ত্রী সুষ্ঠু ভাবে বলেননি যে তাঁদের বেতন দেওয়ার জন্য কি করবেন। আবার বলা হয়েছে ৩৪১টা ব্লকে হায়ার সেকেন্ডারি স্কুল করা হবে। আমি ৭ বছর বিধায়ক রয়েছি, আমার এলাকা কালিগঞ্জ ব্লকে বিশেষ করে কয়েকটা গ্রামে কোনও মাধ্যমিক স্কুল নেই। এ ব্যাপারে হাউসে বার বার মেনশন করেছি, কিন্তু কোনও কাজ হয়নি। আমার মনে হয়, আমাদের মেনশনের কোনও মূল্য নেই। কারণ মাধ্যমিক বিদ্যালয় যেখানে করার কথা বলা হয়েছিল সেইসব জায়গায় আজও পর্যন্ত কোনও মাধ্যমিক বিদ্যালয় হয়নি। আর এখন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলছেন ৩৪১টা ব্লকে হায়ার সেকেন্ডারি স্কুল করা হবে, ইঞ্জিনিয়ারিং পঠন-পাঠনের ব্যবস্থা করা হবে ব্লক ভিত্তিক। কিন্তু আমার মনে হয় এগুলো কথার কথা হবে। মাধ্যমিক স্কুলগুলোতে শিক্ষক নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশন করার যে ব্যবস্থা করা হয়েছে, আমার মনে হয় তাতে স্মুথ অ্যাপয়েন্টমেন্ট হবে না এবং পঠন-পাঠন আরও স্তব্ধ হয়ে যাবে। এতে পশ্চিমবঙ্গের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া লাটে ওঠার ব্যবস্থা হবে বলে আমার মনে হয়। স্যার, আমি মাধ্যমিক স্কুলের শিক্ষক। সেখানে ৩০ জন শিক্ষকের মধ্যে মাত্র ১৩ জন শিক্ষক দিয়ে কাজ চালানো হচ্ছে। আজ ৭ বছর ধরে সেই স্কুলে মাত্র ১৩ জন শিক্ষক কাজ করে যাচ্ছেন। এবারে জনস্বাস্থ্যের বিষয়ে আসছি। আজকে প্রাইমারি হেলথ সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টার, ডিস্ট্রিক্ট হেলথ সেন্টার—এগুলোর নাভিশ্বাস উঠেছে। এই সব হেলথ সেন্টারগুলোতে ডাক্তার নেই, এক্স-রে মেশিন নেই, কুকুরের কামড়ের ওষুধ নেই। এই সব হেলথ সেন্টারগুলোকে পঞ্চায়েত ও জেলা পরিষদের উপর ছেড়ে দেওয়া হবে। আমার মনে হয় এতে জনস্বাস্থ্যকে লাটে ওঠানোর ব্যবস্থা করা হবে। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ করেছেন সেই বাজেট ভর্তুকির বাজেট। পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে ১০৪ কোটি টাকার ভর্তুকি দিয়ে ভোট কেনার বাজেট বলে মনে করে এই বাজেটের বিরোধীতা করে আমাদের কাট মোশনগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** আমি, মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উত্থাপিত ১৯৯৮-৯৯ সালের এই বাজেটকে সমর্থন করছি। প্রকৃতপক্ষে এই বাজেট বিকল্প অর্থনীতির বাজেট, জনমুখী, কর্মসংস্থান এবং উৎপাদনমুখী বাজেট বলে আমি মনে করি। আপনারা যতই চিৎকার করুন না কেন, গত ২১ বছরে গ্রাম বাংলার এবং শহরাঞ্চলের মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে। সামাজিক যে অবস্থা ছিল তার পরিবর্তন ঘটেছে। আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, আপনারা যে অর্থনীতির প্রবক্তা, যে অর্থনীতিকে আপনারা সমর্থন করেন, যে উদারনীতি ও বাজারনীতিকে আপনারা সমর্থন করেন—আপনারা চোখ খুলে দেখুন, দক্ষিণ-পূর্ব এশিয়ার যে সমস্ত দেশগুলো রপ্তানিমুখী বাণিজ্য নির্ভর করে গড়ে উঠেছিল, সেই এশিয়া ব্যাঘ্র নামে পরিচিত হয়েছিল।

[4-30 – 4-40 p.m.]

তারা আজকে মূষিকে পরিণত হয়েছে। এ কথা কি আপনাদের অজানা? আর কেন্দ্রর বঞ্চনা থাকা সত্ত্বেও, আমাদের ন্যায্য পাওনা না দেওয়া সত্ত্বেও, রাজ্যে ব্যাঙ্ক আমানতের শতকরা ৭৫ ভাগ রাজ্যে বিনিয়োগ না করা সত্ত্বেও আমাদের এই রাজ্যে উৎপাদন বৃদ্ধির মধ্যে দিয়ে, রাজস্ব বৃদ্ধির মধ্যে দিয়ে আমরা যে স্বয়ম্ভরতার লক্ষের অর্থনৈতিক প্রকল্প চালু করেছি তাতে হয়ত আপনারা বেদনা বোধ করতে পারেন। কিন্তু আমাদের রাজ্যের অগ্রগতি এর মধ্যে দিয়েই ঘটে চলেছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট পেশের সময় বলেছেন, 'ক্লান্তিহীন ভাবে আমি আপনাদের সামনে বাজেট পেশ করে যাচ্ছি। কিন্তু তাতে আমাদের উন্নয়নের ধারা কখনও রুদ্ধ হয়নি'। এর সত্যতা কি আপনারা অস্বীকার করতে পারেন? গ্রাম বাংলার মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধির জন্যই আজকে গ্রামের মানুষ শিল্পজাত পণ্যের জন্য ৯,৭০০ কোটি টাকা ব্যয় করতে পারেন। আপনারা কি একে অস্বীকার করতে পারেন? আজ থেকে ২০/২২ বছর আগে গ্রামের রাস্তা দিয়ে আপনারা যখন যাতায়াত করতেন তখন কি দেখতেন—যে রাস্তা দিয়ে কাদা ভেঙ্গে অতি কষ্টে আপনাকে যাতায়াত করতে হত, সেই রাস্তা দিয়ে আজ আপনি ভটভটি চেপে, ভ্যান রিক্সা চেপে, মোটর সাইকেল চেপে যাতায়াত করতে পারেন। আপনারা কি আজকে দেখতে পাচ্ছেন না গ্রাম বাংলার মানুষের ক্রয় ক্ষমতা কোন পর্যায়ে গিয়ে পৌঁছেছে? আজকে গ্রাম বাংলায় কত মোপেড চলে, কত সাইকেল চলে, তা কি আপনাদের চোখে পড়ে না? আপনারা যদি চোখ বুজে থাকেন তাহলে আমাদের কিছু বলার নেই। আমি অভিনন্দন জানাব আমাদের রাজ্যের অর্থমন্ত্রীকে যে, তিনি আমাদের যে মৌলিক সমস্যাগুলো আছে, সেই সমস্যাগুলোকে শুধু মাত্র চোখ দিয়েই দেখেননি, সেগুলোর সমাধানের উদ্দেশ্যে তাঁর বাজেট ভাষণের মধ্যে নানান প্রকল্পের কথা উল্লেখ করেছেন। এ কথা কি আপনারা অস্বীকার করতে পারেন? আমরা বার বার কেন্দ্রীয় সরকারের

কাছে বলেছিলাম—মূল্য বৃদ্ধি রোধ করার জন্য ১৪-টি নিত্য প্রয়োজনীয় জিনিসকে ন্যায্য দামে গণ-বন্টন ব্যবস্থার মাধ্যমে সরবরাহ করার ব্যবস্থা চালু করা হোক। আপনাদের কংগ্রেস জমানায় তা করা হয়নি, কেউ কখনও তা করে নি। এবারেও আমাদের অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে, বছরে ৬ মাস ১০ কে.জি. করে চাল গরিব জনসাধারণের মধ্যে বন্টন করার ব্যবস্থা করা হচ্ছে। তাঁর বাজেট প্রস্তাবের মধ্যে এটা তিনি রেখেছেন। গ্রামের যে কৃষক জীবন-ভোর দুঃখ কষ্ট-লাঞ্ছনার মধ্যেও আপনাদের, আমাদের চেয়ে অনেক বেশি মেহনত করে, সে ৬০ বছর বয়সের পর আর মেহনত করার মতো শক্তি ধরে রাখতে পারে না, সে আর তার শ্রম শক্তিকে ব্যবহার করতে পারে না, তার জীবন ধারণের জন্যই বামফ্রন্ট সরকার প্রভিডেন্ট ফান্ড প্রথা চালু করেছে, তার জন্য অর্থ বরাদ্দ করেছে। আপনারা ভারতবর্ষে ৪৫ বছর বিভিন্ন রাজ্য সরকার চালিয়েছেন, কিন্তু কোনও একটা রাজ্যেও আপনারা এই স্কীম চালু করতে পেরেছেন? না, আপনারা তা করেননি। অথচ ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামে থাকে এবং আপনারা তাদের জন্য কেবল কুম্ভীরাশ্রু বর্ষণ করেন। তাদের জন্য কোনও দিন কি কেন্দ্রে, কি রাজ্যে আপনাদের প্রস্তুত করা বাজেটের মধ্যে কোনও সহানুভূতির আশ্বাস আমরা দেখিনি। আর আমরা আমাদের ক্ষমতার মধ্যে থেকে কিছুটা কম দামে কেরোসিন তেল দেবার চেষ্টা করছি, যাতে গ্রামের ছোট ছোট ছেলে মেয়েরা সন্ধ্যাবেলা একটু পড়াশুনা করতে পারে, চাঁদের আলোয় ভাত খেতে না হয়। তার জন্যই ন্যায্য দামে তাদের কাছে কেরোসিন তেল সরবরাহের কথা বলা হয়েছে। এতে তো ক্ষোভ হবার কিছু নেই! অথচ এটুকুকেও আপনারা স্বাগত জানাতে পারছেন না! কারণ আপনারা অন্ধ বামফ্রন্ট বিরোধীতার নামাবলি গায়ে চাপিয়েছেন। যার ফলশ্রুতি হিসাবে ভারতবর্ষের জনসাধারণ থেকে ক্রমশ ক্রমশ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন। তথাপি আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, আমাদের রাজ্যে যে কর্ম সংস্কৃতি চালু আছে তার নিশ্চয়ই সমালোচনা করা দরকার। বামফ্রন্টের অনেক সদিচ্ছা এই কর্ম সংস্কৃতির অভাবে নিচের তলা পর্যন্ত এখনও পৌঁছোতে পারছে না। তাই এবারের বাজেট বক্তৃতার মধ্যে মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন—গ্রামাঞ্চল এবং শহরাঞ্চলে যে সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম হবে—যেমন বিদ্যুৎ, রাস্তাঘাট, জল সরবরাহ, পরিষেবা, পরিকাঠামো নির্মাণ—সমস্ত উন্নয়ন প্রক্রিয়ার ক্ষেত্রেই বেনিফিসিয়ারি কমিটির মাধ্যমে তদারকি করা হবে।

এবং তার আয় ব্যয়ের হিসাব আমরা টাঙ্গিয়ে দেব। সেখানে সাফল্য, ব্যর্থতা যাই থাক না কেন তা আমরা পেশ করব। জনগণকে সঙ্গে নিয়ে চলার কথা, বিকেন্দ্রীকরণ করার কথা যা আমরা বলে আসছি সেই কাজ আমরা করতে পারব। কাজেই এই দৃষ্টিভঙ্গিকে অভিনন্দন না জানিয়ে সমালোচনা করা অনুচিত বলে আমি মনে করি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি আরও একটি কারণে অভিনন্দন জানাই যে তিনি

হাওড়া ও শিয়ালদহ্ স্টেশনের লক্ষ লক্ষ ট্রেন যাত্রীদের কথা ভেবেছেন বলে। হাওড়া ও শিয়ালদহ্ দিয়ে রোজ কলকাতা শহরে যে লক্ষ লক্ষ ডেলি প্যাসেঞ্জার ট্রেনে করে কলকাতায় আসেন তারা কি দুর্ভোগের মধ্যে দিয়ে যাতায়াত করেন তা যারা ট্রেনে যাতায়াত করেন তারাই জানেন। ট্রেন লেট, প্ল্যাটফর্ম বদল, রেল অবরোধ ইত্যাদির ফলে যে সঙ্কটে নিত্য রেলযাত্রীরা পড়েন তা আমরা জানি। আমি আশা করি রাজ্য সরকার উদ্যোগ নিয়ে এখানকার রেল প্রশাসনের সঙ্গে বসে সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়ে নিত্য রেল যাত্রীদের দুর্ভোগ দূর করবেন। একটা অমানুষিক যন্ত্রণা নিয়ে নিত্য রেল যাত্রীদের যাতায়াত করতে হয়। আমি মাননীয় বিরোধী দলকে জিজ্ঞাসা করি, তাদের যন্ত্রণা লাঘব করার যে প্রস্তাব তাও কি আপনারা সমর্থন করবেন না? মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব, আপনি আপনার পথে অগ্রসর হোন, রাজ্যের শ্রমজীবী খেটে খাওয়া মানুষ, মধ্যবিত্ত, নিম্নবিত্ত মানুষরা আপনার পাশে আছেন। আর যারা কায়েমী স্বার্থের ধারক-বাহক, যারা চিরকাল তাদের তোষণ করে এসেছেন, তাদের জন্য বাজেট রচনা করে এসেছেন এই বাজেট তাদের গাত্র জ্বালা সৃষ্টি করবে। সেই গাত্র জ্বালা মেটাবার জন্যই আজকে তারা বিভিন্ন রকমের তথ্য ও পরিসংখ্যান দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। তাদের বলব, না বন্ধু, এটা জনবিরোধী বাজেট নয়। পশ্চিমবাংলাই একমাত্র রাজ্য যেখানে নির্বাচনগুলি সময় মতো হয়। পরিশেষে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে একটি অনুরোধ করছি। তিনি বলেছেন, নতুন নতুন স্কুল, ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল কলেজ খুলবে না। তার নিশ্চয় স্মরণে আছে যে মেদিনীপুর জেলাতে একটি মেডিক্যাল কলেজের ভিত্তি স্থাপিত হয়েছে। আপনি তাতে এক কোটি টাকা বরাদ্দও করেছেন। আগামী বাজেটের মধ্যে দিয়ে এই মেডিক্যাল কলেজ যাতে পূর্ণাঙ্গ রূপ পায় সে দিকে আপনি দৃষ্টি রাখবেন। এই বলে বিরোধীদের সমস্ত কাট মোশনের বিরোধীতা করে, বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মিস্টার চেয়ারম্যান, স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি রেখেছেন তার বিরোধীতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন এসেছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের লাস্ট বক্তব্যটা প্রথমে তুলে ধরছি। তিনি বলেছেন, 'রাজ্যের সীমিত ক্ষমতার মধ্যে এক বিকল্প নীতির এই বাজেট। সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে, তার স্বার্থে উৎপাদন ও কর্ম সংস্থান বৃদ্ধির জন্য এই বাজেট। এই বাজেট তাই সাধারণ মানুষের বাজেট। এই বাজেটের ভিত্তিতে আমরা যত এগোব, ততই স্বার্থান্বেষী মহল ও বিভেদকামী শক্তিগুলির থেকে বাধা আসবেই। ইতিহাসের অবধারিত নিয়মে সাধারণ মানুষই সেই বাধা অতিক্রম করবেন সংগ্রামের পথ ধরে। তাদের সেই সংগ্রামেরই হাতিয়ার এই বাজেট'। তার এই শেষ বক্তব্যের জন্য আমি তাকে অভিনন্দন জানাই কারণ এখানে এমন সংগ্রাম তারা

শুরু করেছেন স্যার, আপনি জানেন, আপনার এলাকায় এবারে নাকি ভোট বয়কট হয়েছে। আমি বলব, প্রতিশ্রুতির ফুলঝুরি হচ্ছে এই বাজেট। আপনারা প্রতিশ্রুতি দিয়েছেন যে বেকারদের বেকারত্ব দূর করবেন, ভূমিহীন কৃষকদের নানান রকমের সুযোগ সুবিধা দিচ্ছেন ও দেবেন বলেছেন, এক বছর বন্ধ থাকা কারখানার শ্রমিকদের পরিবার পিছু ৫ শো টাকা করে দেবেন।

[4-40 – 4-50 p.m.]

আপনি খাদ্য দ্রব্য, চিনি, কেরোসিন তেলের উপরে ভর্তুকি দেবেন। আবার বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে যারা অ্যাকটিভ, যারা ঠিক সময়ে বিল দিয়ে দেবেন তাদের ২০ পারসেন্ট ছাড় দেবেন। শিল্পায়নে নূতন জোয়ার আনবেন। মধ্যবিত্তদের উপরে চাপ সৃষ্টি করে তাদের সংগ্রামের হাতিয়ার ছিনিয়ে নিচ্ছেন। গ্রামীণ বিদ্যুতের জন্য বিদ্যুৎ নিগম তৈরি করছেন। গরিব মানুষকে আর্থিক সাহায্য দেবেন। এই সব প্রতিশ্রুতি আপনি দিয়েছেন। আপনি আর একটা প্রতিশ্রুতি দিন। মাননীয় সদস্য ইয়াকুব সাহেব বলেছেন, এম.এল.এ.-দের কাজ কর্ম করার জন্য এক লক্ষ টাকা করে তাদের হাতে দেননি। এর আগে পি.ভি.নরসিমা রাওয়ের সরকার এক একজন এম.পি.-র হাতে ১ কোটি টাকা দিয়েছিল এলাকার স্বার্থে। সেকথা আমরা এখানে বলেছিলাম। কিন্তু জ্যোতি বসুকে বলা সত্ত্বেও তিনি সেটা দেননি। আপনি এক লক্ষ টাকা করে এম.এল.এ.-দের হাতে দেবার একটা প্রতিশ্রুতি দিন। তাহলে প্রতিশ্রুতির ফুলঝুরি বাজেট সুন্দর ভাবে চলবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে এটা সাধারণ বাজেট। এই সাধারণ মানুষের বাজেটকে রূপ দিতে গিয়ে আপনি যে পথ ধরেছেন সেটা হচ্ছে বিকল্প অর্থনীতি। আর এই অর্থনীতির লক্ষ্য ধরেছেন সামাজিক লক্ষ্য। এই সামাজিক লক্ষ্যের দায়-দায়িত্ব পালন করতে গিয়ে আপনি বলেছেন যে, সাধারণ মানুষকে সঙ্গে করে নিয়ে যাবেন। এই সাধারণ মানুষ হচ্ছে কৃষক। এই কৃষকদের জন্য এতদিন পরে আপনার ঘুম ভাঙ্গল। আমরা যে কথা বলতাম যে পশ্চিমবঙ্গের কৃষকরা ফসল ফলায়। সেই কৃষক যারা সবচেয়ে বেশি ফসল ফলায় বলে আপনারা বলছেন যে হরিয়ানার পরে আপনাদের জায়গা, আজকে এতদিন পরে তাদের কথা ভাবছেন। আজকে আপনারা বলছেন যে ভূমিহীন চাষীদের জন্য পি.এফ. চালু করবেন। আমরা এসব কথা শুনে হাসব, না কাঁদব বুঝতে পারছি না। বর্তমানে এই রাজ্যের পরিবহন দপ্তরের শ্রমিক বন্ধুরা এখনও তাদের পি.এফ.-এর টাকা পায়নি, পেনশনের কথা তো দূরে থাক। আজকে কৃষকদের জন্য পি.এফ.-এর ব্যবস্থা করছেন। আপনাকে তারিফ না করে পারছি না। আপনার এটা ভোট কেনার বাজেট। আপনি ভোট কেনার দিকে লক্ষ্য রেখে এই বাজেট করেছেন। আপনি বলেছেন যে পি.এফ. চালু করতে চান। কিন্তু এর বাস্তব সম্মত পন্থাটি কি সেটা

আপনি বলতে পারছেন না। আপনি সামাজিক লক্ষ্য পূরণ করতে গিয়ে বিদেশি ঋণের বিভেদকামী দৃষ্টি নিয়ে দেখবেন না। আপনি এখানে বলছেন যে, নূতন করে শিল্পায়ন করতে চান। চারিদিকে শিল্পের আবহাওয়া সৃষ্টি করার জন্য বিদেশি ঋণ নেবার চেষ্টা করছেন। এই বিদেশি ঋণের জন্য মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে অনেকে তাদের সঙ্গে ঢোল-করতাল নিয়ে আমেরিকা থেকে আরম্ভ করে বাইরের বিভিন্ন জায়গায় ছোটাছুটি করছেন। রপ্তানি বাণিজ্যের ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার যে তিক্ত ফল সেকথা স্বীকার করেছেন। দক্ষিণ-পূর্ব এশিয়ার ফলের ক্ষেত্রে কি অবস্থা সেটাও আপনার জানা আছে। আপনি এখানে এক্সপোর্ট জোন তৈরি করার কথা বলেছেন, আবার পিছন থেকে ছুরি মারছেন। ফলতা এক্সপোর্ট জোনের জন্য আমার ডায়মন্ড হারবার কেন্দ্রের মধ্যে একটা জায়গা নেওয়া হল শিল্পের নামে, কিন্তু কিছুই হল না। আপনারা শুধু ধাপ্পা দিলেন, ভাঁওতা দিলেন।. একজন মাননীয় সদস্য প্রভঞ্জন মন্ডল বললেন যে, ওখানে সস্তায় শ্রমিক পাওয়া যায়। আপনি দয়া করে খোঁজ নিয়ে দেখবেন যে, সেখানে এই ধরনের যে বাণিজ্য কেন্দ্র চলছে তাতে সেখানকার লোকেরা কত পায়? সেখানে তারা ২৮ টাকা থেকে ৩০ টাকা পায়। আপনার এই বাজেট জনমুখী বাজেট নয়। গরিব মানুষের রক্ত মন্থন করার বাজেট। এই বাজেট প্রতিশ্রুতির ফুলঝুরির বাজেট। তাই বলছি যে, আপনি বিদেশি ঋণের পাহাড় নামাবেন, এক্সপোর্ট প্রসেসিং জোন তৈরি করার নামে সেখানকার মানুষের জীবন তৈরি করার নামে মানুষের জীবনকে অন্য জায়গায় নিয়ে যাবার চেষ্টা করবেন।

অন্য দিকে দৃষ্টি ফেরাবেন। তারজন্য আপনাকে ভেবে দেখবার জন্য অনুরোধ করব। কৃষির কথা ছেড়েই দিলাম, শিল্পায়ন নিয়ে যে ঢাক-ঢোল পিটিয়েছেন আমরা দেখেছি তার নিট ফল শূন্য আর যেগুলো তৈরি করতে গিয়ে গ্রাম বাংলার মানুষদের সর্বশান্ত রিক্ত করেছেন, পুনর্বাসনের নাম করে তাদের সঙ্গে রিহ্যাবিলিটেশন দপ্তর কুকুর ছাগলের মতো ব্যবহার করেছেন। আজও কিন্তু তারা মূল্য পাননি, কম্পেনসেশনের টাকা পাননি। আর শিল্পায়নের কথা যতই বলুন না কেন বাস্তব ক্ষেত্রে কিন্তু প্রায়রিটির দিকটা সঠিক ভাবে হচ্ছে না। আপনার মানসিকতা, আপনার দৃষ্টিভঙ্গিকে আমি প্রশংসা করি, কিন্তু বাস্তব জগতে তার প্রয়োগের দিকটা অত্যন্ত জর্জরিত দেখি। আপনার বাজেটের কথা যখন গ্রাম বাংলায় গিয়ে বলব তখন তারা মিথ্যা বলে ধরে নেবেন তাকে। কারণ গ্রামের যেসব জায়গায় বিদ্যুৎ ছিল ১৯৭৭ সালের আগে, ১৯৭৭ সালে আপনারা আসার পর সব জায়গায় বিদ্যুতের তার চুরি হয়ে গেছে। আপনাদের ডিপার্টমেন্ট থেকে বলেছে যে, থেপট কেসগুলি টপ প্রায়রিটি পাবে। কিন্তু থেপট কেস ধরবে কে? আগে এম.এল.এ.-দের রেকমেন্ডেশনে কাজ হত, কিন্তু আপনি সেটা বদলে দিয়ে বলেছেন যে, কাজটা জেলা পরিষদের মাধ্যমে হবে। সেজন্য থেপট কেসগুলির ক্ষেত্রে বিদ্যুৎ পৌছে দিতে পারছেন না। আপনার মানসিকতা থাকলে কি হবে, আমি বলছি, বর্তমানে

১০ হাজার মৌজার ৫০ হাজার গ্রামে বিদ্যুৎ নেই। প্রসেসিং-এর অভাবে গ্রামে যাচ্ছে না বিদ্যুৎ, ফলে চাষীদের কাছে পৌছে দিতে পারছেন না বিদ্যুৎ। চাষীরা সময়মতো বিদ্যুৎ বিল পেমেন্ট করলে ২০ পারসেন্ট ছাড় দেবেন বলেছেন, যদিও আমরা চাষীদের স্পেশ্যাল কোয়ালিটি গ্রুপে নিয়ে যেতে দেখছি না। তবুও এরজন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনি বেকারত্বকে জাতীয় পর্যায়ে টেনে নিয়ে গেছেন, কিন্তু রাজ্যে এই সময় ৬০ থেকে ৭০ লক্ষ বেকার। এক্ষেত্রে আপনি কি দাওয়াই দিয়েছেন? বলেছেন, কো-অপারেটিভ সিস্টেমে যুবক-যুবতীদের কাজে লাগাবেন, কিন্তু কো-অপারেটিভ সিস্টেমের কথা বলে বেকারদের সঙ্গে ধোঁকাবাজি করবার চেষ্টা করছেন না কি? নিশ্চয়ই আপনি এটা ভেবে দেখবেন। যেখানে ক্রমশ বেকারের সংখ্যা বেড়ে চলেছে সেখানে হাজার হাজার প্রাইমারি স্কুলে শিক্ষক নেই। সেখানে নিয়োগ কৌশল করে বন্ধ করে রেখেছেন। মাধ্যমিক স্কুলগুলিতেও ৩০ হাজার শিক্ষক পদ খালি পড়ে রয়েছে, কিন্তু সেখানেও নিয়োগ বন্ধ করে রেখেছেন। আর কলেজগুলিতে কলেজ সার্ভিস কমিশনের নাম করে নিয়োগ বন্ধ রেখে শিক্ষিত বেকার যুবকদের লেকচারার পদে দুই-তিনশ করে টাকা দিয়ে কাজ চালাবার চেষ্টা করছেন। কিন্তু বেকারদের চাকরি দেবার মূল ক্ষেত্রে এগোতে পারছেন না। আজকে শিক্ষা জগতে দুর্নীতি করে মেরুদন্ড বেঁকিয়ে দেবার চেষ্টা করছেন। বলেছেন হাসপাতালগুলিতে চুক্তিবদ্ধ ভাবে ডাক্তার নিয়োগ করবেন। প্রতি বছরই বলে থাকেন যে, হাসপাতালগুলিতে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তায় কাজ হবে। ডায়মন্ডহারবার মহকুমা হাসপাতালে আগের বাজেটে ৬০ লক্ষ টাকা দেওয়া হয়েছে, কিন্তু সেখানে আজ পর্যন্ত কাজ শুরু হল না। তারজন্য বলতে চাই, আপনার এসব কি কথার ফুলঝুরি নয়? ধাপ্পার বাজেট নয়?

মানুষকে আজকে বোকা রেখে তাদের পেছন থেকে ছুরি মারবার চেষ্টা করছেন। বেকারদের বেকারত্বের জ্বালা মেটাবার জন্য তাদের ছুঁড়ে দিচ্ছেন কিছু রুটি। এই বাজেট শ্রমিক কৃষক এবং শিক্ষকদের আশা আকাঙ্খা পূরণ করতে পারবে না। তাই আমি এই বাজেটকে সমর্থন না করে বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-50 – 5-00 p.m.]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের যে বাজেট বরাদ্দের প্রস্তাব এখানে এনেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধী দলের সমদস্যদের আনা কাট মোশনের সর্বতোভাবে বিরোধীতা করছি। এই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি উল্লেখ করতে চাই যে আজকে আমাদের দেশের অর্থনীতি গভীর সঙ্কটের মধ্যে গিয়ে পড়েছে। আজকে দুনিয়া জুড়ে নূতন অর্থনৈতিক ব্যবস্থা নামে আন্তর্জাতিক ভাবে সাম্রাজ্যবাদী দেশগুলি উন্নত

পুঁজিবাদী দেশগুলি, বিশেষ করে নব্বুই-এর দশকে সমাজতন্ত্রের পতনের পরে আমাদের দেশের এবং তৃতীয় দুনিয়ার দেশগুলির অর্থনীতিকে কব্জা করবার জন্য বিভিন্ন আন্তর্জাতিক অর্থ লগ্নি সংস্থা যেমন আই.এম.এফ. বিশ্বব্যাঙ্ক এই সমস্ত প্রতিষ্ঠানগুলিকে নিজেদের স্বার্থে ব্যবহার করছে। সর্বশেষে 'গ্যাট' বিশ্ব বাণিজ্য সংস্থা তৈরি হয়েছে, যার মধ্যে আমাদের ভারতবর্ষও অন্তর্ভুক্ত। এর মধ্যে দিয়ে সমস্ত দেশগুলির অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়েছে, স্বনির্ভরতা এবং সার্বভৌমত্বকে বিপন্ন করা হয়েছে। তাই আমাদের দেশ বিদেশি ঋণের জালে জর্জরিত। আমরা শুধু লাতিন আমেরিকার দেশগুলি নিয়ে আলোচনা করেছি এবং জেনেছি যে তারা বিদেশি ঋণের ফাঁদে জড়িয়ে পড়েছে। কিন্তু আরও উদাহরণ আছে, দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলি যেমন ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, এই দেশগুলির ব্যাপারে আমরা সংবাদপত্রে পড়েছি বিভিন্ন ইকনমিক রিভিউতে যে লেখাগুলি বেরিয়েছে সেখানে আমরা পড়েছি যে তাদের অর্থনীতি ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছে এবং সর্বনাশের পথে গিয়েছে। সেই সর্বনাশের শরিক আমাদের ভারতবর্ষ। কেন্দ্র এত দিন ধরে যারা সরকার পরিচালনা করেছেন সে যে দলেরই সরকার হোক তাঁরা এর থেকে বেরিয়ে আসতে পারেননি। এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে আমাদের রাজ্য পশ্চিমবাংলা একটা বিকল্প অর্থনীতির কথা বলেছে, বিকল্প পথের সন্ধান দেবার চেষ্টা করেছেন। এই কাজ অত্যন্ত কঠিন কাজ আমরা জানি, কারণ আমরা উজানের দিকে বইছি। গোটা দেশের অর্থনীতি যেখানে জাহান্নমে গিয়েছে তার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার সরকার সীমাবদ্ধ সাংবিধানিক অর্থনৈতিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে জনগণের স্বার্থে একটা উৎপাদনমুখী কর্মসংস্থানমুখী বাজেট রচনা করছে। আমি বলব এবারের বাজেট অভিনব। বিরোধী দলের সদস্যরা আজকে হা-হুতাশ করছে এবং টিকা-টিপ্পনী কেটে সমালোচনা করছেন যে এই বাজেট নাকি আসন্ন পঞ্চায়েত নির্বাচনের দিকে তাকিয়ে রচনা করা হয়েছে।

আমি সরাসরি বলতে চাই যে, না, আমাদের এই বাজেট জনসাধারণের স্বার্থের কথা বিবেচনা করে রচনা করা হয়েছে। পঞ্চায়েতের নির্বাচন সাধারণ নিয়মেই অনুষ্ঠিত হবে। আপনাদের আমলে এইসব তো অভ্যাস ছিল না, পঞ্চায়েত ব্যবস্থা, পৌর ব্যবস্থা এগুলোর আপনারা বারটা বাজিয়ে দিয়েছিলেন। আমাদের আমলে নির্দিষ্ট নিয়ম অনুযায়ীই এটা হবে, আগেও হয়েছে, এই বছরেও হচ্ছে। নির্বাচনের জন্য এই বাজেট করা হয়নি। জনসাধারণের স্বার্থের কথা বিবেচনা করে, গোটা দেশের যেখানে বেহাল অবস্থা, আমাদের দেশ ঋণের ফাঁদে জড়িয়ে পড়েছে, তার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট পেশ করেছেন। আমরা দেখছি, এই বাজেট প্রস্তাবের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী খুব নির্দিষ্ট ভাবে আমাদের রাজ্যের মানুষের যে দাবি, যে দাবি দীর্ঘ দিন ধরে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থাপিত করে আসছি যার মধ্যে দিয়ে আমরা আমাদের রাজ্যকে আরও উন্নত

করতে পারি—যে বঞ্চনার নীতি কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যের প্রতি দীর্ঘ দিন ধরেই করে আসছিল, যে বিমাতৃ সুলভ আচরণ করে আসছিলেন তার কথা আপনারা ভাল করেই জানেন—সেজন্য মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট প্রস্তাবের মধ্যে ২১ দফা সুনির্দ্দিষ্ট প্রস্তাবের কথা উল্লেখ করেছেন। আমি বিরোধী দলের সদস্যদের বলব, এই প্রস্তাব শুধুমাত্র বামপন্থী সমর্থক মানুষদের জন্য রচিত হয়নি। পশ্চিমবাংলার সকল মানুষের স্বার্থে এগুলো রচিত হয়েছে। আপনারা এগুলো জানেন। শুধু বিরোধীতা করার জন্য আপনারা এর বিরোধীতা করবেন না। আপনারা একে সমর্থন করুন, বিশেষ করে ২১ দফা দাবি যা রাজ্য বাজেটে উল্লেখিত হয়েছে, একে সমর্থন করুন। আমরা দেখছি, আমাদের রাজ্যের অগ্রগতির চিত্রটা এখানে তুলে ধরা হয়েছে। বিশেষ করে আমরা খুব গর্বের সাথে এই কথা বলতে পারি যে, ভূমি সংস্কারের ক্ষেত্রে আমাদের রাজ্য শীর্ষস্থানে অবস্থান করছে। একটা বিকল্প দৃষ্টিভঙ্গি, মানুষের স্বার্থে কাজ করবার যে ইচ্ছা, তাকে রূপায়ণ করবার জন্য এই ভূমি সংস্কার এবং তার জন্যই এই অগ্রগতি আমরা সম্ভব করতে পেরেছি। আপনারা দেখেছেন, পরিসংখ্যান বলছে, ভারতবর্ষে সারা দেশের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের হাতে মোট জমির পরিমাণ যেখানে হচ্ছে ৩৫ শতাংশ, সেখানে সেই অনুপাতে আমাদের রাজ্যে তার পরিমাণ হচ্ছে ৬৯ শতাংশ। সারা দেশের মধ্যে আমরা এখানে শীর্ষস্থানে রয়েছি। এটি একটি উল্লেখযোগ্য অগ্রগতি। যার ফলে আমরা দেখছি যে, ১৩.৪৮ লক্ষ হেক্টর সরকারি কৃষি জমির মধ্যে বন্টিত হয়েছে ১০.২৪ লক্ষ একর জমি। এর ফলে উপকৃত হয়েছে প্রায় ২৫.০৭ শতাংশ দরিদ্র কৃষক। আবার যার মধ্যে ৫৬ শতাংশ হচ্ছে তফসিল জাতি এবং তফসিল উপজাতি সম্প্রদায়ের মানুষ। অর্থাৎ সমাজের যারা নিচু তলার মানুষ, পিছিয়ে পড়া মানুষ তারা এই ভূমি সংস্কার কর্মসূচির মাধ্যমে সবচেয়ে বেশি উপকৃত হয়েছে—দরিদ্র মানুষ, সমাজের অনগ্রসর শ্রেণীর মানুষ, পিছিয়ে পড়া মানুষ তারা উপকৃত হয়েছে। ভূমি সংস্কারের ফলে আমরা এই অগ্রগতি করতে পেরেছি। আমরা দেখছি যে, ভূমি সংস্কারের পাশাপাশি সেচ ব্যবস্থার ক্ষেত্রে এই রাজ্যে আমরা অগ্রগতি ঘটাতে পেরেছি। যার ফলে এই রাজ্যে সেচের আওতায় এসেছে ৪৫.৫১ লক্ষ হেক্টর জমি। এর ফলে খাদ্য শস্যের উৎপাদনে আমাদের রাজ্যে যে ঘাটতি ছিল—যখন দেশ ভাগ হয়েছিল, বাংলা ভাগ হয়েছিল এবং তারপর কংগ্রেসের শাসন যখন ছিল তখন এই রাজ্য ঘাটতি রাজ্য ছিল। তারপর ধীরে ধীরে ভূমি সংস্কারের ফলে, সেচ ব্যবস্থার ফলে এটা অনেকটা ঘোচাতে পেরেছি।

[5-00 – 5-10 p.m.]

আজকে খাদ্যোশস্য উৎপাদনের ক্ষেত্রে অগ্রগতি এবং সাফল্য অর্জন করেছি। বিশেষ করে চাল উৎপাদনের ক্ষেত্রে সারা ভারতবর্ষে আজকে পশ্চিমবঙ্গ প্রথম স্থানে রয়েছে।

তার সঙ্গে সঙ্গে আগে যেখানে একটা মাত্র ফসল উৎপাদন হত, আজকে সেখানে দুটো ফসল, তিনটে ফসল উৎপাদন হচ্ছে। শুধু চাল নয়, চাল তো অন্যতম উৎপাদন, তার সঙ্গে সঙ্গে অন্য যেসব হচ্ছে যেমন সব্জি, ফল ইত্যাদি সব উৎপাদন হচ্ছে। তারপরে আরেকটা অন্যতম বড় উৎপাদন হচ্ছে আমাদের পাট, সেখানেও সাফল্য এসেছে। মাননীয় বিরোধী দলের সদস্য অধ্যাপক সৌগত রায় বললেন যে পাট শিল্পের ব্যাপারে কেন বাজেট ভাষণে কোন কথা বলা নেই। মাননীয় অর্থমন্ত্রী যেদিন বাজেট বই পড়ছিলেন সেদিন তাঁর দলের সদস্যদের হৈচৈ করার ফলে তিনি হয়তো শুনতে পাননি বা সম্ভব হয়নি এবং পরেও খুঁটিয়ে পড়েননি। বাজেট বইয়ের ৩১-৩২ পাতায় লেখা আছে, উনি খুলে দেখেননি। ওই বইতে লেখা আছে আমি সেটা পড়ে শোনাচ্ছি—মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, আমাদের এই রাজ্যে চট একটি সাবেকি শিল্প এবং চটশিল্পের বহুমুখীকরণ শুরু হয়েছে। আমি এই শিল্পের বহুমুখীকরণ প্রক্রিয়াকে উৎসাহ দিতে চাই, যাতে চটশিল্পে নতুন জীবনীশক্তি আসে। এই উদ্দেশ্যে আমার প্রস্তাব, রাজ্যের মধ্যে বহুমুখীকরণ প্রক্রিয়ায় উৎপন্ন বিভিন্ন রকম পাটজাত সামগ্রীর বিক্রয়ের ক্ষেত্রে দেয় করের পরিমাণ থেকে জুট ইয়ার্ন ও হেসিয়ান ক্রয় করার ক্ষেত্রে এই রাজ্যে প্রদত্ত করে পরিমাণ বাবদ সেট অফ দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। সম্ভবত উনি শুনতে পাননি। ওঁদের দলের নাচন-কোদনের ফলে উনি শুনতে পাননি। ওঁরমতো দায়িত্বশীল সদস্য কিভাবে বললেন জানি না। কৃষির ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির মধ্যে দিয়ে আমাদের দেশের গ্রামেগঞ্জের মানুষের আশা-আকাঙ্খা পূরণ করতে সক্ষম হয়েছি। আমরা এরজন্য দাবি করি না যে মৌলিক সমস্যার সমাধান করতে পেরেছি, একটা রাজ্য সরকারের পক্ষে তা পূরণ করা সম্ভব নয়, তবে আমরা জানি এই সংবিধান ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে এই আর্থ সামাজিক কাঠামোর মধ্যে থেকে সমস্ত মৌলিক সমস্যার সমাধান করা সম্ভব নয়, তবে কয়েকটি ক্ষেত্রে আমরা তা পূরণ করতে সক্ষম হয়েছি। আজকে গ্রামের মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে, আয় বেড়েছে এটা আমরা পশ্চিমবঙ্গের মানুষের মধ্যে উল্লেখযোগ্যভাবে লক্ষ্য করছি। এখন গ্রামে বাজার তৈরি হয়েছে যেটা শিল্পের পরিবেশ তৈরি করতে সাহায্য করছে। দারিদ্র সীমার নিচে যারা বাস করত বা করেন এবং নিম্ন আয়ের মানুষের হাতে ক্রয় ক্ষমতা এসেছে। আজকে কৃষিতে, চাষে, সেচে সর্বক্ষেত্রে উন্নতি হয়েছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে লোকের ক্রয় ক্ষমতা এবং আয় বাড়ানোর ব্যবস্থা করা হয়েছে। তারা আজকে বাজার থেকে ভোগ্যপণ্য কিনতে পারছে। যারা অতীতে এসব কথা ভাবতে পারত না, তারা আজকে দোকান থেকে ভোগ্যপণ্য কিনছে। আজকে গ্রামেগঞ্জে মনোহরী দোকান, স্টেশনারী দোকান হয়েছে। সাধারণ মানুষ সেইসব দোকান থেকে ভোগ্যপণ্য ক্রয় করে থাকে। এই বাজেটে গ্রামবাংলার দিকে যথেষ্ট নজর দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে আমি একটি প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই যে কৃষি উৎপাদনের বৃদ্ধির

মধ্যে দিয়ে বিশেষ করে সব্জি এবং ফল উৎপাদনের বিকাশ যে ঘটছে এইসব বিকাশকে ধরে রাখার জন্যে সংগ্রহের ব্যবস্থা করতে হবে। সংগ্রহশালার ব্যবস্থা করতে হবে এবং শিল্পের ক্ষেত্রে যে ঘাটতি রয়েছে সেই ঘাটতি পূরণের ক্ষেত্রে যথাযথ উদ্যোগ এবং পরিকল্পনা গ্রহণ করতে হবে।

আলুর কথা এখানে অনেকে উল্লেখ করেছেন, আলু উৎপাদনের উদাহরণ এখানে অনেকে দিয়েছেন। গত বছরে আলু বাম্পার ক্রপ হল, উপযুক্ত আবহাওয়ার জন্য কৃষকরা অতিরিক্ত আলুর ফলন ফলালেন। কিন্তু আমরা দেখলাম সেই আলু সংরক্ষণের ব্যবস্থা ঠিকমতো না থাকার ফলে কৃষকরা ক্ষতিগ্রস্থ হলেন। যে ঋণ নিয়েছিলেন, যেভাবে তারা চাষ করেছিলেন, সেখানেও তারা ক্ষতিগ্রস্থ হলেন। এই বছরে আমরা দেখছি, গত বছরের জন্য কৃষককুল তারা আলুর ফসল কম করেছে। এবারের অবস্থা প্রতিকূল। এই বছরে আলুর সময়ে যে বৃষ্টি হয়ে গেল তাতে কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছেন। গত বছরে উপযুক্ত পরিমাণে হিমঘর ছিল না, ফলে সব আলু সংরক্ষণের ব্যবস্থা হয়নি। আমি হুগলি জেলার ছেলে, আমি জানি আলু কত উৎপাদন হয়েছে, তাতে হিমঘরে সব রাখা সম্ভব হবে না। এই ব্যাপারে রাজ্য সরকারের যে পরিকল্পনা থাকা দরকার তার সম্পূর্ণতা হওয়া প্রয়োজন। সাথে সাথে ফুড প্রসেসিং এর দিকে গুরুত্ব দিয়ে নজর দিতে হবে। যাতে এই শিল্পকে আরও বিকশিত করা যায়, এই ধরনের সম্ভাবনায় যাতে কৃষক মার না খায় সেইদিকে সরকার উদ্যোগ নেবেন এটা আশা করব। শিল্প বিনিয়োগের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি সামগ্রিকভাবে এই রাজ্যে যেহেতু পরিকাঠামোগত কিছু উন্নয়ন ২০ বছরে করতে পেরেছি, নিশ্চয় কখনই আমরা এই দাবি করিনা সমস্ত পরিকাঠামোগত উন্নয়ন করতে পেরেছি। কিন্তু অন্য রাজ্যের সঙ্গে যদি তুলনামূলক চিত্র এখানে দিই তাহলে নিশ্চয় দেখবেন, গত ২০ বছরে ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট আমরা এই রাজ্যে কতটা করতে পেরেছি। তার ফলে দেখবেন, শিল্পে যে বিনিয়োগ, এই বিনিয়োগের হারটা উর্দ্ধমুখী হয়েছে। এখানে সর্বভারতীয় ক্ষেত্রে শিল্পের উৎপাদনের হার আমরা দেখছি ৮.৪ শতাংশ, আমাদের রাজ্যে তা বেড়ে ৯.২ শতাংশ হয়েছে। এতেও আমরা সাফল্য অর্জন করতে পেরেছি। এটা আমরা খুবই উল্লেখযোগ্যভাবে দেখছি। স্বাভাবিকভাবে আমাদের রাজ্যে বিরোধী দলের সদস্যরা বলবার সময় বলার চেষ্টা করেছেন ভয়ঙ্করভাবে বেকার সমস্যার কথা। নিশ্চয় রাজ্য সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে সমস্ত বেকার সমস্যার সমাধান করা কোনও রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। এটা সর্বভারতীয় সমস্যা। একটা রাজ্যের পক্ষে এটা পুরোপুরি সমাধান করা সম্ভব নয়, এটাকে সেইভাবে দেখা নিশ্চয় অবৈজ্ঞানিক হবে। আমি জানি বিরোধী দলের সদস্যরা তারা বলবার সময় এটা নির্দিষ্টভাবে উল্লেখ করেন, কিন্তু তাদের সঙ্গে ব্যক্তিগতভাবে যখন কথা বলি, তারা তখন স্বীকার করেন যে এটা সর্বভারতীয় সমস্যা। আমাদের দেশের যে আর্থ সামাজিক

পরিকাঠামো রয়েছে তার খোলনলচে বদল ছাড়া এই সমস্যার সমাধান করা সম্ভব নয়। সেক্ষেত্রে আমরা পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখেছি আলুতে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে, আমরা জানি প্রতিকূলতার মধ্যে দাঁড়িয়ে কাজ করতে হচ্ছে। বিরোধী হাওয়ায় উজানে হাল বাইতে হচ্ছে। সেখানে দাঁড়িয়ে আমরা কিছুটা হলেও কাজ করতে পারছি। এখানে আমাদের নূতন শিল্প তৈরি করার যে পরিবেশ সেটা তৈরি হচ্ছে, তবুও নূতন শিল্প তৈরির ব্যাপারে যদি আজকে দলমত নির্বিশেষে আমরা কাজ করতে পারি তাহলে শিল্প কারখানা হবে, পুঁজি নির্ভর শিল্প হবে, সেখানে লোক লাগবে কম। সাথে সাথে বলা দরকার আমাদের রাজ্যে যে সমস্ত ভারী শিল্প বুনিয়াদী শিল্প আছে, সেইগুলির আধুনীকিকরণ যথাযথভাবে হয়নি। সেইগুলির অনেকগুলি ধ্বংস হয়ে গেছে। সেখানে নূতন পরিবেশকে কাজে লাগিয়ে যদি ব্যাপকভাবে শিল্প স্থাপন না হয় তাহলে এই রাজ্যের যুবকদের একটা ব্যাপক অংশ কর্মহীন হয়ে যাবে। সেই জায়গায় দাঁড়িয়ে রাজ্যপাল মহোদয় একটি কথা বলেছেন, বন্ধ কলকারখানার বিষয়টা নিয়ে এখানে বহুবার আলোচনা হয়েছে, বন্ধ কলকারখানার শ্রমিকদের জন্য রাজ্য সরকার একটা ভাতা চালু করেছেন, ৫০০ টাকা করে প্রত্যেক পরিবার পিছু মাসে টাকা দেবেন। এটা একটা অভিনন্দনযোগ্য প্রস্তাব। আমরা দেখেছি, বি. পি. এল. এর মাধ্যমে যে ২০ কে.জি. করে খাদ্যশস্য দেওয়ার ব্যবস্থা আছে, সেখানে রাজ্য সরকার অর্দ্ধেক করে ১০ কে.জি. করে দিচ্ছেন, এটাও অভিনন্দন যোগ্য প্রস্তাব। কেরোসিন তেলের ক্ষেত্রে আপনি ২০ পারসেন্ট ভরতুকি দেবেন বলেছেন। মাননীয় অর্থমন্ত্রীর বিবেচনার জন্য আমি বলছি, এই কেরোসিনের ক্ষেত্রে আপনি যেভাবে বলেছেন, শহরাঞ্চলে, শিল্পাঞ্চলে এবং গ্রামাঞ্চলে আমরা দেখছি যারা বেকার যুবক তারা স্বনিযুক্তি প্রকল্পের মধ্যে দিয়ে অটো রিক্সা, ট্রেকার চালায় তাদের পেট্রোল ও ডিজেলের দাম যেভাবে বৃদ্ধি করছে এখানে যদি আপনি ভরতুকির ব্যবস্থা করেন তাহলে তারা উপকৃত হবে। কারণ তারা লোন নিয়ে অটো রিক্সা চালাচ্ছে। আজকে যে দেশীয় অর্থনীতি অবস্থার মধ্যে দাঁড়িয়ে গণমুখী, উৎপাদনমুখী, কর্মসংস্থান মুখী ও বিকল্প বাজেট প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে রেখেছেন এবং বিরোধীদলের সদস্যরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তার বিরোধীতা করে এবং বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 – 5-20 p.m.]

**শ্রী আবু সুফিয়ান সরকার :** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু ৪,৯৫০ কোটি টাকার মতো ১৯৯৮-৯৯ সালের যে বাজেট এই বিধানসভায় পেশ করেছেন এবং ১২ কোটি টাকার মতো ঘাটতি দেখিয়েছেন, এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। কারণ এই বাজেট কৃষকদের স্বার্থের পরিপন্থীর বাজেট, এই

বাজেট পশ্চিমবাংলার মেহনতি কৃষকদের পরিপন্থী বাজেট। একমাত্র পঞ্চায়েত ভোটকে সামনে রেখে এই বাজেট তিনি পেশ করেছেন। আজকে আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশনগুলো আনা হয়েছে তাকে সমর্থন করে এই বাজেটের উপর আমি কয়েকটি কথা বলছি। প্রথমেই আমি বলতে চাই, অর্থমন্ত্রী তার বাজেট ভাষণে পরিষ্কার করে বলেছেন কি কি বিষয়ের উপর তিনি গুরুত্ব দেবেন। সেচ, কৃষি, বিদ্যুৎ, স্বাস্থ্য, শিক্ষা এই দিকগুলোর দিকে তাকিয়ে আজকে বাজেটকে প্রভাবিত করার চেষ্টা করেছেন তিনি। আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয় দেরিতে হলেও এই বাজেটে কিছু কিছু জিনিসের দাম আপনি কমাবার চেষ্টা করেছেন, এটা সমর্থনযোগ্য। অন্যদিকে ভেবে দেখতে হবে যে জিনিসগুলোর দাম আপনি কমিয়েছেন সেগুলিতে গরিব লোকের স্বার্থ খুব বেশি রক্ষিত হয়না। তাহলে আজকে কাদের তোষামোদ করার জন্য এই বাজেট হয়েছে? আমরা প্রতি বছর একটা জিনিস লক্ষ্য করি কৃষকদের স্বার্থের দিকে তাকিয়ে আপনার বাজেট রচিত হয়না। গত বছর যখন আলুর দাম কমে গিয়েছিল তখন কেবলমাত্র উদ্বেগ প্রকাশ করা হয়েছিল। এই বছর কেন আলুর দাম বাড়ল? পশ্চিমবঙ্গ সরকার যদি কৃষকদের স্বার্থে আলুতে ভরতুকি দেবার ব্যবস্থা করতেন তাহলে গত বছর আলু চাষীদের মাথায় হাত দিতে হতনা। বিগত বছরে আমরা সর্বাপেক্ষা উল্লেখযোগ্য যে ঘটনাটা দেখেছি সেটা হল পাটের থেকে কচুর দাম বেশি। পাট চাষীদের সর্বনাশ হয়ে গেল। তাহলে এই বাজেটে কি করে উন্নয়ন হবে, এই কৃষকদের কি করে উন্নতি করা যায় তার কোনও সুষ্ঠ পরিকল্পনার কথা কিন্তু বাজেটের মধ্যে আনা হয়নি। কৃষকদের স্বার্থের বিরুদ্ধে এই বাজেট রচিত হয়েছে। যেখানে চল্লিশ লক্ষের উপর মানুষ এই কাজের সঙ্গে যুক্ত, যেখানে সারা বছর এর মাধ্যমে তারা সংসার যাপন করে, সেখানে বাজেটে এদের ভরতুকি দেবার কোন ব্যবস্থা এই সরকারের নেই। মহারাষ্ট্রে যখন তুলার দাম পড়ে গিয়েছিল তখন সেখানে সরকার চাষীদের ভরতুকি দেবার ব্যবস্থা করেছিল। এখানে যখন আলুর দাম পড়ে গিয়েছিল তখন সরকার এই রকম কোনও ব্যবস্থা করেনি। দেরিতে হলেও বন্ধ কারখানার শ্রমিকদের স্বার্থে আপনারা একটা কর্মসূচি নিয়েছেন এর জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। অন্য দিক দিয়ে, দেরিতে হলেও শ্রমিকদের স্বার্থে এই যে কর্মসূচি নিয়েছেন, সেইজন্য ধন্যবাদ জানাই। নিশ্চয় আমরা গরিব মানুষের স্বার্থে যে কাজ, তার বিরোধীতা করি না। অপর দিকে বন্ধ কলকারখানা খোলা এবং রুগ্ন শিল্পের পুনরুজ্জীবনের কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা আপনার বাজেটে রাখেনি। পশ্চিমবঙ্গে আজকে আড়াই হাজার ক্ষুদ্র শিল্প বন্ধ হয়ে গেছে। এখান থেকে অনেক শিল্পই বাইরের রাজ্যে চলে যাচ্ছে। আপনারা ক্ষমতায় আসার পর এই হয়েছে শিল্পের অবস্থা পশ্চিমবঙ্গে। যতই আপনারা বলুন না কৃষিতে, শিল্পে, বিভিন্ন ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে আপনারা এক নম্বর, যতই ভূস্বর্গ কাশ্মীর তৈরির কথা বলুন না কেন,

বাস্তবে তো তা কিছুই নেই। সেই এক রাজকুমারী যেমন বলেছিল, রুটির পরিবর্তে কেক খাওয়ার কথা,—আপনাদের কথাও সেরকম। এই ভাবে চললে পশ্চিমবঙ্গে রুগ্ন ও বন্ধ কলকারখানার সংখ্যা আরও বাড়বে।

এখন তো আপনারা শিক্ষা-প্রতিষ্ঠান,হাসপাতাল, বিদ্যুৎ, সব ক্ষেত্রেই কনট্রাক্ট প্রথা চালু করছেন। এই করতে করতে তো একদিন রাইটার্স বিল্ডিংসও কনট্রাক্টে দিয়ে দেবেন, মন্ত্রীও নেবেন কনট্রাক্টে।

এতদিন গ্রামবাংলার মানুষের কল্যাণের জন্য কোনও কাজ করেননি। এই যে এখন বিদ্যুৎ নিগম তৈরি করছেন, এর জন্য ধন্যবাদ। অবশ্য সামনে ভোট না থাকলে বোধ হয় এটাও সম্ভব হত না। কারা এটা পরিচালনা করবে, কাদের কাছে দায়বদ্ধ থাকবে, সেসব প্রশ্ন আপনার কাছে করতেই পারি।

আমার এলাকায় অর্থমন্ত্রী নিজে গিয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন পদ্মার ভাঙন রোধ করার। বলেছিলেন, বহু কষ্টে যেটাকা তৈরি করেছিলাম, তা জলে গেল। অথচ হনুমন্তনগর, আখেরিগঞ্জের মানুষ এখনও সেই চরম দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছেন। তাদের দুঃখ-কষ্টের কোনও সীমা নেই। আপনি নিজে প্রতিশ্রুতি দিয়েছিলেন, হনুমন্তনগরে চার কোটি টাকা ব্যয়ে বাঁধ এবং রাস্তা তৈরি হবে। তার কিছুই হয়নি। প্রত্যেক বছরেই বাজেটে প্রতিশ্রুতি দেন, অথচ কার্যে তা হয় না। তাই বলছি, এটা গতানুগতিক বাজেট হলেও যেন তা পালন করেন, দেখবেন। আমরা কথার প্রতিশ্রুতি চাই না, কাজ চাই। এই কয়েকটি কথা বলে, এই বাজেটের বিরোধীতা করে, আমাদের দলের সদস্যদের আনা কাট-মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 – 5-30 p.m.]

## PRESENTATION OF REPORT

### Thirty first Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 31st Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber and recommended the following programme of business.

| | | | |
|---|---|---|---|
| 26.3.98, Thursday | | General Discussion on Budget | 5 hours |
| 27.3.98, | (i) | General Discussion on Budget | |

| | | | |
|---|---|---|---|
| Friday | (ii) | Motion for Vote on Account | |
| | (iii) | Motion for Demands for Grants of all Departments | 5 hours |
| 28.3.98, Saturday | (i) | Motion tabled by Shri Abu Ayes Mondal, Shri Tapan Hore, Shri Rabin Deb, Shri Purnendu Sengupta and Shri Mehbud Mondal | 1 hour |
| | (ii) | Discussion and Voting of Demands for Supplementary Grants for the year 1997-98 | 4 hours |
| 30.3.98, Monday | (i) | The West Bengal Appropriation Bill, 1998 (Introduction, Consideration & Passing) | 2 hours |
| | (ii) | The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | $\frac{1}{2}$ hour. |
| | (iii) | The West Bengal Finance Bill, 1998 (Introduction, Consideration & Passing) | 2 hours |

*N.B.* : (i) There will be no mention Cases on Friday, the 27th March, 1998 and Saturday, the 28th March, 1998.

(ii) The House will sit at 10-00 a.m. on Saturday, the 28th March, 1998.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Kripa Sindhu Saha :** Sir, with your kind permission I beg to move that the 31st Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The Motion was then put and agreed to.

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের জন্য যে ১৭ হাজার ৭০০ কোটি টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন, ১২ কোটি টাকার ঘাটতি সহ, এই বাজেটকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বিরোধীরা এই বাজেটের

বিরোধীতা করছেন, সেই বিরোধীতার জন্য আমি মনে করি যে, তারা ভয় পেয়ে এই বাজেটের বিরোধীতা করেছেন। তারা বলছিলেন, যে, অর্থমন্ত্রী নাকি একটা প্যানিকি বাজেট পেশ করেছিলেন। আসলে এই বাজেট হচ্ছে জনসাধারণের স্বার্থ রক্ষা করার বাজেট। আজকে ভারতে সাম্প্রদায়িক শক্তির প্রাধান্য লক্ষ্য করছি এবং এই পরিস্থিতিতে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করলেন, সেই বাজেটকে আমরা মনে করি যে একটা স্বনির্ভর বাজেট এবং আমরা মনে করি যেভাবে বাণিজ্যিক প্রতিযোগিতা চলছে, সেই বাণিজ্যিক প্রতিযোগিতার মধ্যে জয়ী হওয়ার বিশেষ লক্ষ্য নিয়ে এই বাজেট রচিত হয়েছে। আমরা মনে করি যে, এই বাজেটের টাকা যে বরাদ্দ করা হয়েছে, তার ভিতর মাত্র ২১ শতাংশ হচ্ছে কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে সাহায্য পাওয়া যাচ্ছে এবং বাকি ৮৯ ভাগ আমাদের নিজস্ব। সুতরাং এই দিক থেকে এটা একটা স্বনির্ভর বাজেট। সুতরাং এই বাজেটকে আমরা উৎপাদনমুখী বাজেট বলতে পারি। এই বাজেটে বেকার সমস্যা সমাধান করার প্রচেষ্টা রয়েছে। প্রকৃতপক্ষে আমাদের দেশ কৃষি প্রধান। এই কৃষিকে উন্নত করার জন্য আগের বাজেটগুলিতে যেমন ভাবে প্রস্তাব রাখা হয়েছিল, বর্তমান বাজেটেও এই রকম অনেক প্রস্তাব রয়েছে এবং যার ফলে আজকে ভারতের মধ্যে কৃষিতে দীর্ঘদিন ধরে রেকর্ড উৎপাদন করে আমরা নিজেরা মর্যাদা বজায় রাখতে পেরেছি। কৃষি উৎপাদনে আরও উন্নতি করার জন্য সেচ ব্যবস্থার উন্নতি একান্ত দরকার। সেচ ব্যবস্থার উন্নতি করার জন্য আমরা দেখছি এখানে বিশেষ নজর দেওয়া হয়েছে, আগে বরাদ্দ ছিল ৩২৬ কোটি টাকা, এবারে সেটা করা হয়েছে ৩৫৮ কোটি টাকা, তাছাড়াও ক্ষুদ্র সেচের জন্য ১৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং কৃষিতে বিপ্লব তৈরি করা হয়েছে, সেই বিপ্লবকে আরও দ্রুত ত্বরান্বিত যদি আমরা করতে পারি তাহলে দেশের ভিতর একটা বৈপ্লবিক পরিবর্তন আমরা আনতে পারব। বিদ্যুতের ক্ষেত্রে এই বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বিশেষ করে যারা ক্ষুদ্র চাষী বা প্রান্তিক চাষী তারা যাতে বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে তাদের কৃষির উৎপাদন বাড়াতে পারে তার পর তাদের বিদ্যুতের দামের উপর ২০ শতাংশ ভর্তুকি দিয়ে সাহায্য করারও ব্যবস্থা করা হয়েছে। সেই জন্য আমি দেখছি অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ তাতে আরও ১০০ কোটি টাকা বরাদ্দ করেছেন। তাছাড়া শহরের এবং গ্রামের গরিব মানুষদের জন্য অল্প দামে কেরোসিন পেতে পারে তার জন্য বাজেটে ৮ কোটি টাকা বরাদ্দ করেছেন। শিক্ষা ক্ষেত্রে ২০০ কোটি বরাদ্দ করেছেন এবং প্রতি ব্লকে ২০ কোটি টাকা বরাদ্দ করেছেন স্কুল করার জন্য। ৩৪০ টি স্কুল হবে। বিদ্যুতের ক্ষেত্রে উন্নতি হবে এবং ইঞ্জিনিয়ারিং কলেজের মধ্যে দিয়ে বর্তমান যে শিল্প ভিত্তিক আগামী দিনের সভ্যতা তার ব্যবস্থা করা হয়েছে। জনমুখী প্রচেষ্টা এই বাজেটে রয়েছে, তাই এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় :** স্যার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের জন্য যে বাজেট করেছেন সেটা ভিত্তিহীন, অর্থহীন, অসত্য এবং এই বাজেট সমস্ত দেশটাকে ডুবিয়ে দিয়েছে, তাই এই বাজেটের তীব্র বিরোধীতা করে প্রতিবাদ জানাচ্ছি। এবং তার সাথে সাথে আমাদের সদস্যদের আনীত কাটমোশনের সমর্থন জানাচ্ছি। স্যার, আজ দীর্ঘদিন ধরে এই সরকার আছে, এই হাউসে সমস্ত মেম্বার নিজের এলাকার গরিব কৃষক, শ্রমিক, ভূমিহীন, বাস্তুহীন সমস্ত মানুষের স্বার্থে কিছু বলেননি, আজকে ২০ বছরেও এই সরকারের ঘুম ভাঙেনি। আজ পঞ্চায়েত নির্বাচন সামনে তাই মানুষকে ভাওতা দেওয়ার জন্য হচ্ছে আর হবে দেখিয়ে একের পর এক টাকা বাড়িয়ে দিয়ে দেখানো হচ্ছে। একটা জায়গায় বলা হচ্ছে রয়্যালটি বাবদ পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকারের আরও বেশি রয়্যালটি দিতে হবে, সেটা না দেওয়ার জন্য ২০০ কোটি টাকা রাজ্য সরকারের হার বা লস হচ্ছে, সেই জায়গায় আমি আমার রানীগঞ্জ কোলিয়ারী এলাকায় যে সমস্ত কোলিয়ারী আছে সেখান থেকে সরকার বছরে যে কোটি কোটি টাকা নিয়ে আসে সেই টাকার পরিমাণ হচ্ছে ৬০০ কোটি টাকা।

[5-30 – 5-40 p.m.]

আপনারা যদি গরিব দরদী, শ্রমিক দরদী নেতা হন তাহলে ঐ এলাকার উন্নয়নের জন্য সেন্ট্রাল থেকে যেমন টাকা দেওয়া দরকার তেমনি রাজ্য সরকার যে ৬০০ কোটি টাকা নিয়ে আসছেন তার অন্ততঃ ৫০ শতাংশ রাখা উচিত। এটা হচ্ছে না। আজকে সেচের কথা বলা হয়েছে। গরিব চাষীদের জন্য গ্রামাঞ্চলে চাষের ব্যবস্থা চাই। প্রতিটি গ্রামে দিনের পর দিন বেকার সমস্যা বাড়ছে। কিন্তু সেই গরিব চাষীরা যে চাষ করে খাবে তার জন্য গ্রামে গ্রামে সেচের ব্যবস্থা নেই। এ জন্য 'তোরবার' প্রকল্পের মাধ্যমে যে কোটি কোটি টাকা আসে তাতে করে এগুলো ৬ বছরেও টেকে না, ধ্বংস হয়ে যায়। এটার মাধ্যমে যে কয়েকটা এলাকার মানুষ বাঁচবে তার কোন ব্যবস্থা নেই। এদিকে আবার বাজেটে দেখানো হচ্ছে যে, আমরা এত কোটি টাকা বরাদ্দ করেছি বৈদ্যুতায়নের ক্ষেত্রে, ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে বা সেচের ক্ষেত্রে। কোটি কোটি টাকার জিনিস-পত্র গ্রামে-গ্রামে, মৌজায়-মৌজায় পড়ে রয়েছে দীর্ঘদিন যাবৎ অথচ বিদ্যুতের কোনও কাজ হচ্ছে না। আপনারা গ্রামীণ বিদ্যুতের অবস্থাটা টোট্যালি কোলাপস করে দিয়েছেন অর্থের অভাবে। এটা আবার আপনারা জেলাপরিষদের হাতে তুলে দিতে যাচ্ছেন। এম. পি. ফাণ্ডের ক্ষেত্রে আমরা কি দেখছি? এম. পি. ফাণ্ডের ক্ষেত্রে জেলা-পরিষদের কোনও তৎপরতা নেই। আমার আগে এখানে অনেক সদস্য বললেন তাঁদের এলাকায় কি বিশেষ বিশেষ কাজের জন্য ভোট বয়কট করা হয়েছে। এখানে মাননীয় সদস্যরা মেনশনের সময়, কোয়েশ্চেন আওয়ারে বা জিরো আওয়ারে এসব ব্যাপারে বলা সত্ত্বেও গত ২১

বছর ধরে আপনাদের কোনও তৎপরতা দেখা যাচ্ছে না।

শিল্পের ক্ষেত্রে এখানে বলা হয়েছে যে, ব্যাঙ্ক লোনের মাধ্যমে শিল্প হয়েছে, প্রডাকশন হচ্ছে ফ্যাক্টরি থেকে। এবং আরো বলছেন, এ থেকে বেকার সমস্যার না কি সমাধান হবে। আপনারা কি খোঁজ রাখেন পশ্চিমবাংলায় কতগুলো ক্ষুদ্র শিল্প হয়েছে? আমাদের বর্ধমান জেলার আসানসোল সাব-ডিভিসনে অনেক শিল্প ছিল কিন্তু সেগুলোর গেটে আজকাল নো ভ্যাকান্সি বোর্ড লাগিয়ে রাখা হয়েছে। প্রডাকশন বন্ধ হয়ে রয়েছে। কোনও লোককে কাজে নেওয়া হচ্ছে না। তবে কি গরু-র দ্বারা ফ্যাক্টরি চলবে? ২০ বছরে এগুলো আপনাদের নজরে পড়লো না। আর, আজকে পঞ্চায়েত নির্বাচন সামনে রেখে বেকার সমস্যার সমাধানের কথা বলছেন। আজকে ক্ষেত-মজুর বা শ্রমিকরা আট ঘন্টা খাটার পর শত টাকা রেটে মজুরি পায়? আজকে তারা ২৫ টাকা রেটের বেশি মজুরি পাচ্ছে না।

পাণীয় জলের জন্য নাকি অনেক টাকা স্যাংশন রাখা হয়েছে ১৯৭৩-৭৪ সালে, কংগ্রেস আমলে পি. এইচ. ই.-র ওয়াটার সাপ্লাই স্কীমে এক, দেড়, দুই লক্ষ গ্যালনের যেসব ট্যাঙ্ক করা হয়েছিল আপনারা ২০ বছরেও সেই ট্যাঙ্কের ক্যাপাসিটি এক্সটেনশন করতে পারলেন না। আজকে পপুলেশন বাড়ার সঙ্গে সঙ্গে জলের যে গ্যালনের ট্যাঙ্ক ছিল সেগুলো এক্সটেনশন না করে বলছেন, প্রত্যেককে ৪০ লিটার করে জল দেবেন। কত পারসেন্ট জল দিতে পারবেন? সেটা দেখবেন, সেই টাকাগুলো গেল কোথায়? লক্ষ লক্ষ টাকা খরচা ..র সেগুলো লে-ডাউন হয়ে পড়ে আছে। পাইপগুলো ফুটো, তাতে জল ধরে না। অথচ আপনারা বলছেন আমরা ৪০ লিটার করে জল দিই। আজ কলকারখানাগু। বন্ধ হয়ে পড়ে আছে। মালিকপক্ষ কলকারখানাগুলোকে অন্যায়ভাবে বন্ধ করল, কি.. মালিকপক্ষের কোনও শাস্তি হল না। সেই বন্ধ কলকারখানার শ্রমিকদের স্বার্থে আপনারা তাঁদের ৫০০ টাকা করে ভাতা দেবেন বলছেন। আজ এতদিন পর আপনারা তাঁদের ভাতার ব্যবস্থা করলেন। তাঁদের ফ্যামিলিগুলো রুইণ্ড হয়ে যাবার পর, তাঁরা যখন ভিক্ষার পাত্র হাতে করে দাঁড়িয়েছেন তখন আপনারা তাঁদের ৫০০ টাকা করে ভাতা দেবার ব্যবস্থা করলেন। বন্ধ কলকারখানার শ্রমিকদের ছেলে-মেয়েদের লেখাপড়া বন্ধ হয়েছে, তাঁদের খাওয়া-পরার সংস্থান নেই, তাঁদের ফ্যামিলিগুলোর টোটাল ডেথ হয়ে গিয়েছে। কিন্তু আজ আপনারা পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আপনারা শ্রমিকদের স্বার্থে ৫০০ টাকা করে ভাতা দেওয়ার কথা বলেছেন। কিন্তু আপনারা ২০ বছর ধরে এই বন্ধ কলকারখানাগুলোকে খোলার চেষ্টা করেছেন? সেগুলো খোলার চেষ্টা ক...। কোলিয়ারিতে প্রোডাকশন নেই, কিন্তু সেখানে আপনারা ট্যাক্স নেবেন ব...ছেন। কোলিয়ারিগুলোকে বাঁচানোর জন্য আপনারা এখানে প্রোডাকশন বাড়ানোর কোনও চেষ্টা

করেননি, অথচ আরও ট্যাক্স চাই বলছেন। যে ট্যাক্স পাচ্ছেন সেটা গরিবের স্বার্থে লাগাতে পারছেন না। আসানসোল সাব-ডিভিসনে কোল-ফিল্ড এলাকায় সাইকেল ফ্যাক্টরি বন্ধ হয়ে গেছে। সি. সি. আই. এলে কোনও প্রোডাকশন নেই, এখানকার মানুষগুলো রিটায়ার করে বসে আছেন, কিন্তু তাঁরা গ্রাচুইটি পাচ্ছেন না। হিন্দুস্থান কেবলস গ্লাস ফ্যাক্টরি, পেপার মিল এগুলো বন্ধের মুখে। এগুলোকে বাঁচানোর কোনও ব্যবস্থা আপনারা করছেন না। ফলে বেকার সমস্যা আরও বাড়ছে। এবারে স্বাস্থ্যের কথায় আসি। স্বাস্থ্যের ব্যাপারে আপনারা বলেছেন, এত কোটি টাকা রাখা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে সমস্যা বাড়ছে। হাসপাতালগুলোতে বেড নেই, ওষুধ পথ্যি নেই, মানুষের থাকার জায়গা নেই। কোনও কোনও হাসপাতালে বেড আছে কিন্তু কভার নেই, ডাক্তার নেই। ডাক্তাররা প্রাইভেট ট্রিটমেন্ট করছে। ফলে মানুষ মারা যাচ্ছে। হাসপাতালে কুকুরের কামড়ের কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। গ্রামে-গঞ্জে গরিব মানুষের স্বার্থে যে হেলথ সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টার ইত্যাদি আছে সেগুলোতে দরজা-জানলা নেই, সব চুরি হয়ে গেছে। আপনারা এসব খবর রাখছেন? অথচ বলছেন যে কোটি কোটি টাকা আপনারা খরচা করছেন। কিন্তু খরচের হিসাবটা দেখুন। খরচাগুলো ঠিকমতো হচ্ছে কিনা, মানুষ সবরকম সুযোগসুবিধা পাচ্ছে কিনা সেগুলো দেখুন। কংগ্রেস আমলে যে স্বাস্থ্যকেন্দ্রগুলো ছিল সেগুলো এখন অকেজো হয়ে পড়ে আছে। সেগুলোর জন্য আপনারা কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। আজ চাষীরা বিদ্যুতের জন্য ২০ পারসেন্ট টাকা দিলে তবে তাদের ফাইনান্স হচ্ছে। যে সমস্ত গ্রামে কনজিউমাররা বিদ্যুতের জন্য টোটাল টাকা দিয়ে দিয়েছে সেই সমস্ত গ্রামে বৈদ্যুতিকরণ হয়নি। তাই আজ এই বাজেটের তীব্র বিরোধীতা করে এবং আমাদের কাট-মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 – 5-50 p.m.]

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় যে বাজেট পেশ করেছেন ২৩শে মার্চ ১৯৯৮তে, আমি সেই বাজেটের বিরোধীতা করছি। আমার আগের একজন বক্তা বললেন যে, এই বাজেট সম্পূর্ণ একটা অঙ্কের কারসাজি। এই বাজেটে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ বেকারদের জন্য কোনও আশার কথা নেই। এই বাজেটে পশ্চিমবঙ্গের ক্রমবর্ধমান বাজার দরের সম্পর্কে কোনও উল্লেখ নেই। তাই এই বাজেটের বিরোধীতা করে আমি আমার কয়েকটি বক্তব্য রাখছি। আমি প্রথমেই সরকার পক্ষের সদস্যদের কাছে জিজ্ঞেস করছি, আপনারা বলুন তো আপনারা কোন দপ্তরে সাকসেসফুল হয়েছেন? আপনারা জানেন গত ১৯শে মার্চ, একটা অ্যাডজোর্নমেন্ট মোশন এই হাউসে উত্থাপন করা হয়েছিল শিক্ষা সংক্রান্ত বিষয়ে। যখন তা নিয়ে এম. এল. এ.-রা তাঁদের দাবি জানাচ্ছিলেন তখন দেখা গেল মাননীয়

শিক্ষামন্ত্রী এই সভা থেকে চলে গেলেন। কেন চলে গেলেন তা আমরা ঠিক বুঝতে পারলাম না। তিনি কি যঃ পলায়তি সঃ জীবতি নীতি মেনে চলে গেলেন, না এম. এল. এ.-দের বক্তব্যকে নেগলেট করে চলে গেলেন, ঠিক বোঝা গেলনা। স্যার, আপনি জানেন আমরা আমরণ অনশন আরম্ভ করেছিলাম। যাই হোক, স্যার, এখানে গত বছর এক হাজার প্রাথমিক স্কুল করা হয়েছে বলে বলা হয়েছে, এবং এ বছরও ১ হাজার করবেন বলেছেন। অথচ শিক্ষামন্ত্রীর প্রচার করা একটা বই-তে তিনি দাবি করেছেন, ৫ হাজার স্কুল করেছেন। স্যার, পশ্চিমবাংলায় গ্রামের সংখ্যা ৪৮ হাজার, স্কুলহীন গ্রামের সংখ্যা ২,২০০। তাহলে শিক্ষামন্ত্রীর দাবি অনুযায়ী বাকি স্কুলগুলো কোথায় গেল? আমার মনে হয় স্কুলগুলোর গ্রান্টের টাকা দিয়ে ক্যাডার পোষা হচ্ছে। রাজ্যে শিক্ষকরা পেনশন পাচ্ছেননা, পেনশনের টাকা নয়-ছয় হচ্ছে। আপনারা শিক্ষা ব্যবস্থাকে টোটালি বিপর্যয়ের মুখে ফেলে দিয়েছেন। এত দিন পরে বুঝতে পেরেছেন যে, প্রাথমিক স্তরে ইংরাজির দরকার আছে। ২১ বছর ধরে পশ্চিম বাংলার নিচের স্তরের মানুষদের শেষ করলেন। আজকে বলছেন ইংরাজি শিক্ষার দরকার আছে। যাই হোক এতদিন পরে আপনাদের বোধ হয় বোধোদয় হয়েছে। যেমন একদিন আপনারা রবীন্দ্রনাথকে বুর্জোয়া কবি বলেছিলেন, পরে ভুল বুঝতে পেরেছিলেন। এখন যেমন সুবর্ণ জয়ন্তীতে নেতাজীর গলায় মালা দেবার জন্য আপনারা হুটোপাটি শুরু করে দিয়েছেন। অথচ একদিন এই নেতাজীকেই তোজোর কুকুর বলেছিলেন। পরিস্থিতি যাই হোক এই শিক্ষা বর্ষ থেকেই যাতে ইংরাজি চালু হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আর দেশের মানুষের সর্বনাশ করবেন না। স্বাস্থ্য ক্ষেত্র সম্পর্কে বলতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন—পশ্চিমবঙ্গের বুকে ৩৪১টা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র করবেন। আমি ফলতা বিধানসভা কেন্দ্রের বিধায়ক। আমার কেন্দ্রের মধ্যে একটা স্বাস্থ্য কেন্দ্র আছে। সেই স্বাস্থ্য কেন্দ্রটির অবস্থা দেখলে স্যার, আপনার শরৎ চন্দ্রের 'রাজলক্ষ্মী শ্রীকান্ত' গল্পের হাসপাতালের কথা মনে পড়ে যাবে। তারপর ওখানে ১৯৮৫ সালে ব্লক স্বাস্থ্য কেন্দ্র অনুমোদিত হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত তা সঠিকভাবে কার্যকর হল না। ডাক্তার থাকেনা, ওষুধ থাকেনা, এমন কি সাপের কামড়ের ওষুধ পর্যন্ত থাকেনা। ওখানে সাধারণ মানুষের একটা কিছু হলেই ডায়মণ্ড হার্বার হসপিটালে যেতে হয়। এই হচ্ছে পশ্চিম বাংলার স্বাস্থ্য ব্যবস্থার চিত্র। আরো সব নগ্ন চিত্রের কথা আমার এখানে বলতে লজ্জা করছে। এমন কি সাধারণ মানুষ স্বাস্থ্য কেন্দ্রগুলোয় গিয়ে ডাক্তারদের কাছ থেকে ভাল ব্যবহার পর্যন্ত পায় না। এখানে বাজেট ভাষণে বার বার শিল্পের কথা বলা হয়। এবারেও বলা হয়েছে এবং ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনের কথা বলা হয়েছে। শিল্পের পরিকাঠামো নিয়ে এখানে নানান আলোচনা হয়। আমি আপনাদের বলতে চাই, শুধু জায়গা অধিগ্রহণ করলেই শিল্প হবে না, তার জন্য উপযুক্ত পরিকাঠামো তৈরি করা দরকার।

পরিকাঠামোর উন্নয়ন এখানে হয়নি। ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনের এক নং গেট থেকে কানেকটিং রোড এখনও পর্যন্ত হল না। এখানে রাস্তাঘাটের যা দুরাবস্থা তাতে তা দিয়ে মানুষ যাতায়াত করতে পারে না। জ্যোতিবাবুর মতন তো সবাই হেলিকপ্টারে সেখানে যেতে পারেন না। রাস্তাঘাট যদি সেখানে ঠিকমতন না থাকে তাহলে শিল্পপতিরা কি সেখানে হেলিকপ্টারে যাবেন? সাধারণ মানুষরা কি হেলিকপ্টারে যাবেন? জ্যোতিবাবু জনগণের টাকায় বারবার বিদেশ যাচ্ছেন, শিল্পপতি ধরে আনতে কিন্তু পরিকাঠামোর এই অবস্থা হলে কোনও শিল্পপতিই এখানে আসবেন না। তা ছাড়া সি. পি. এমের সমাজবিরোধীরা যেভাবে সন্ত্রাস সৃষ্টি করছে তাতে শিল্পপতিরা সন্ত্রাস্ত। স্যার, এই প্রসঙ্গে আমি ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনের একটি ঘটনার কথা উল্লেখ করি। আমার এলাকাতে এগনিক নিটিং কোম্পানিতে গত ১৬ তারিখে সি. পি. এমের সমাজবিরোধীরা গিয়ে চাঁদা চায় এবং বলে না দিলে কারখানার উৎপাদন বন্ধ করতে হবে। শ্রমিকরা কিন্তু সেখানে উৎপাদন চালিয়ে যেতে থাকে। ডিউটি শেষ হবার পর শ্রমিকরা কারখানার গেট দিয়ে বেরুনোর সঙ্গে সঙ্গে সি. পি. এমের সমাজবিরোধীরা তাদের উপর আক্রমণ চালায় এবং তাতে কয়েকজন শ্রমিক আহত হন, একজনকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে, তার নাম গৌতম হালদার। এই অবস্থায় ১৭.৩.৯৮ তারিখে কারখানার মালিক কারখানাটি বন্ধ করে দেয়। স্যার, এইভাবে ডানলপ থেকে আরম্ভ করে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। আমি ওদের বলব, শিল্পে যদি বিপর্যয় না চান তাহলে আগে আপনাদের ভৈরব বাহিনীকে ঠাণ্ডা করুন। আজকে পশ্চিমবঙ্গে শিল্প করতে গেলে সর্বপ্রথমে প্রয়োজন পরিকাঠামোর উন্নয়ন। শুধু জমি অধিগ্রহণ করলেই হবে না, বাস্তবটা বুঝতে হবে। এর পর স্যার, আমি জনস্বাস্থ্যের কথায় আসছি। আজকের এই সত্য যুগে পশ্চিমবঙ্গের গ্রামের মানুষ তাদের পানীয় জলটুকু পর্যন্ত পাচ্ছেন না। আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে গ্রামে গ্রামে টিউবওয়েল করে দেবেন এবং পানীয় জলের ব্যবস্থা করে দেবেন কিন্তু সেই প্রতিশ্রুতি আপনারা রক্ষা করতে পারেননি, গ্রামের মানুষরা শুদ্ধ পানীয় জল পাচ্ছেন না। এই সব কারণে এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই বলে আমাদের কাটমোশনগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পদ্মনিধি ধর :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, বাজেট নিয়ে আলোচনা প্রসঙ্গে সুধীরবাবু ভাষার ব্যাপারে কি নীতি হবে সেটা টেনে আনলেন। আমি স্যার, আপনার মাধ্যমে ওকে বলি, উনি তো প্রথম শ্রেণী থেকে ইংরাজি পড়েছিলেন, ৫ মিনিট উনি ইংরাজিতে বক্তৃতা দিন।

**Mr. Deputy Speaker :** No point of order.

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধীতা করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার মাধ্যমে গোটা পশ্চিমবঙ্গে যাতে একটা কর্মচাঞ্চল্যের সৃষ্টি হতে পারে সেই চেষ্টা তিনি করেছেন। তিনি চেষ্টা করেছেন যাতে এই বাজেটের মাধ্যমে নিম্নবিত্ত, মধ্যবিত্ত ও সাধারণ খেটেখাওয়া মানুষের আর্থিক কল্যাণের ব্যবস্থা করা যায়।

[5-50 – 6-0? p.m.]

তারা তাদের আপত্তি এই বাজেটের মাধ্যমে রেখেছেন। আমরা পশ্চিমবঙ্গের মধ্যে আছি। অন্যান্য যে রাজ্যগুলি আছে, পশ্চিমবাংলা তার মধ্যে একটি। ২৬টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ একটি রাজ্য। স্বাভাবিক ভাবে অন্যান্য রাজ্যের অভিজ্ঞতা থেকে আমাদের এই অভিজ্ঞতা বাড়তি কিছু হতে পারেনা। আমাদের যে কেন্দ্রীয় সরকার আছে, সেই কেন্দ্রীয় সরকার যে ভাবে চলতে চায়, তার আর্থিক, আর্ত-সামাজিক কাঠামোর মধ্যে দাঁড় করাতে চায়, তার বিকল্প হিসাবে পশ্চিম বাংলায় এই বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় পেশ করেছেন। স্বাভাবিক ভাবে এই বাজেটকে আমি সমর্থন করছি। এই বাজেটের মধ্যে দিয়ে যে কর ধার্য হয়েছে তাতে সাধারণ মানুষ গরিব, মধ্যবিত্ত গ্রামের মানুষের উপরে কোনও প্রভাব পড়বে না। অপর দিকে যে ছাড় দেওয়া হয়েছে সেই ছাড় দেওয়ার ফলে গ্রামীণ অর্থনীতিকে উজ্জিবীত করবে, সাধারণ মানুষের উপকার হবে। এই বিষয়ে আমি আপনার কাছে দু'একটি কথা উল্লেখ করতে চাই। আপনি জানেন যে, গোটা ভারতবর্ষ সহ পুঁজিবাদী দুনিয়ায় তারা আজকে একটা অর্থনৈতিক সঙ্কট লক্ষ্য করছে। সেই অর্থনৈতিক সঙ্কটের গড় তালিকায় আমাদের দেশও পড়েছে। আমরা জানি যে, ল্যাটিন আমেরিকার দেশগুলি, ব্রাজিল, মেকসিকো, তাদের অর্থনীতি আজকে মুখ থুবড়ে পড়েছে। আমাদের পাশের দেশ দক্ষিণ কোরিয়া, ইন্দোনেশিয়া, সেখানকার অর্থনীতি আজকে ভঙ্গুর, শেষ হয়ে যাচ্ছে। এই বিদেশি আই. এম. এফ, গ্যাট চুক্তি, ডব্লু. পি. এ-এর অর্থনীতির খপ্পরে পড়ে তাদের নাভিশ্বাস উঠেছে। ভারতবর্ষেও তদানিন্তন সরকার ১৯৯১ সালের সেই সময়ে এই গ্যাট চুক্তিতে গাট ছড়া বেধেছিল এবং তাদের চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। এই বিভিন্ন ঘৃণ্য চক্রান্ত সত্ত্বেও ভারতবর্ষের সরকার তা মেনে নিতে বাধ্য হয়েছিল। সেই চক্রান্তের ফলে যাকে উদার অর্থনীতি বলা হয়েছে, শিল্প কারখানাগুলিতে বিদেশি অনুপ্রবেশ ঘটেছে এবং নির্বিচারে কলকারখানাগুলিতে অটোমেশন চালু হয়েছে। সেই কারণে ভারতবর্ষের অর্থনীতি ভেঙ্গে পড়ার জায়গায় চলে এসেছে। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার যে বাজেট সেই বাজেটকে ভিন্ন একটা স্রোতে চলার চেষ্টা করেছেন। আমরা লক্ষ্য করছি যে. ২১ বছর ধরে পশ্চিমবঙ্গে একটা সরকার চলছে। এই সরকার সাধারণ মানুষের স্বার্থে কাজ করে চলেছে। বহু সমস্যা আছে আমরা জানি। ভৌগলিক

কারণে ডেনসিটি অব পপুলেশন বেশি এবং তার সঙ্গে যে সামাজিক পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে অন্যান্য রাজ্যগুলির থেকে মানুষ এখানে এসে বসবাস করছে। তার সঙ্গে আছে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক চক্রান্ত এবং পশ্চিম বাংলার প্রতি বিমাতৃসুলভ আচরণ। পাকিস্থান যখন ভাগ হয়েছিল তখন পূর্ব বাংলা থেকে অনেক মানুষ এখানে এসেছে। তাদের অর্থনৈতিক সমস্যা সমাধান করার জন্য কোনও ইতিবাচক ভূমিকা কেন্দ্রীয় সরকার পালন করেননি। এই কারণে সমস্যা আরো গভীর হয়েছে। এই সমস্যা সমাধানের জন্য আপনাদের কোনও প্রচেষ্টা আমরা দেখিনি। ১৯৭৭ সালের আগে আপনারা মানুষের স্বার্থে কোনও কাজ করেননি। স্বাভাবিক ভাবে এত সমস্যা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গে এই সরকার কিছু করার চেষ্টা করছেন। আর আপনারা মায়া কান্না কাঁদছেন বেকারদের জন্য যে তাদের চাকুরি হচ্ছে না। আপনারা নির্বাচনের সময়ে মানুষকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ১ কোটি যুবককে চাকুরি দেবেন। কোথায় গেল সেই প্রতিশ্রুতি? আপনারা বলেছিলেন যে ঘরে ঘরে বেকার যুবকদের আপনারা চাকুরির ব্যবস্থা করবেন। কোথায় গেল আপনাদের সেই প্রতিশ্রুতি? আপনারা নির্বাচনের সময়ে কলকারখানার চাবি হাতে করে মানুষের ভোট চেয়েছিলেন। আপনাদের এই অবস্থা হল কেন তার জবাব দিহি কে করবে? নির্বাচনের পরে জনগণ আপনাদের আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়েছে। কাজেই পশ্চিমবঙ্গে যে বাজেট এখানে উত্থাপিত হয়েছে সেটা আপনাদের ভাল লাগতে পারেনা। আপনারা যদি এই বাজেটকে সমর্থন করতেন তাহলে ভাবতে হত, কি কারণে একে সমর্থন করলেন। অর্থমন্ত্রীকে ভাবতে হত। আপনারা বাজেট সমর্থন করবেন না জানি। প্রারম্ভেই সৌগত রায় মহাশয় প্রশ্ন তুলেছেন যে, অর্থনীতিতে আমরা গুজরাট মহারাষ্ট্র থেকে পিছিয়ে পড়ছি কেন। আপনারা জানেন, পশ্চিমবঙ্গকে কেন্দ্রীয় সরকার বঞ্চনা করে যাচ্ছেন। এর একটি নজির হচ্ছে, আমাদের রাজ্যে যে ব্যাঙ্কগুলি আছে এবং তাতে যে টাকা আমরা জমা দিই তার ৪০ ভাগও পশ্চিমবঙ্গে খরচ হয় না, অর্থাৎ পশ্চিমবঙ্গের মানুষ ব্যাঙ্কে যে টাকা জমা দিচেছন সেটা অন্যান্য রাজ্যে চলে যাচ্ছে। অবশ্য এতে আপত্তির কিছু থাকতে পারে না, কিন্তু এক্ষেত্রে একটা নীতি নির্ধারণ করা উচিত ছিল। ব্যাঙ্কে জমা অন্ততঃপক্ষে ৮০-৮৫ ভাগ টাকা আজকে গুজরাট, মহারাষ্ট্রে ব্যয় করা হচ্ছে। অর্থাৎ পশ্চিমবঙ্গের টাকা এই রাজ্যের মানুষের স্বার্থে ব্যয় না করে সেখানে নিয়ে গিয়ে তাদের কল্যাণ করার চেষ্টা করা হচ্ছে। এর প্রতিবাদ তো করেননি। আর এখানে দাঁড়িয়ে বলছেন, পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে কেন কিন্তু আমরা বলছি, পশ্চিমবঙ্গের মানুষ দৃঢ়ভাবে এগিয়ে চলেছেন। এখানে কৃষি-ভিত্তিক মানুষের কল্যানের স্বার্থে রাজ্যের কৃষি-জমির অন্ততঃপক্ষে ৭০ ভাগ বর্গাদার, ভূমিহীন কৃষক এবং ক্ষুদ্র চাষীদের হাতে এসেছে এবং ৩০ ভাগ কৃষি-জমি রয়েছে বড় জোতদারদের হাতে। এইভাবে কৃষি-জমির বিকেন্দ্রীকরণ হবার ফলে কৃষিজীবী মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে এবং উৎপাদিত ফসলের সিংহভাগ সাধারণ চাষীর হাতে থাকছে।

সেজন্য আজকে রাজ্যে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে। অপর দিকে কৃষিজীবী মানুষের ক্রয় ক্ষমতা বাড়বার সঙ্গে সঙ্গে কুমোর, কামার, ছোট ছোট শিল্পী, এদেরও ক্রয় ক্ষমতা বেড়েছে। এরফলে গোটা রাজ্য জুড়ে একটা অর্থনৈতিক কর্মকাণ্ড শুরু হয়েছে। এর সঙ্গে শিক্ষা-ব্যবস্থা আজকে প্রাথমিক স্তরে রাজ্যের প্রতিটি শিশুকে নিয়ে আসা হয়েছে এবং সেখানে তাদের খাদ্য, বই, পোষাক ইত্যাদি সরবরাহের ব্যবস্থা করবার জন্য প্রচেষ্টা শুরু হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী সঠিকভাবেই এই ব্যাপারটা তুলে ধরেছেন। একটি দেশকে গড়ে তুলতে হলে কৃষিজীবী মানুষের দিকে প্রথমে তাকাতে হয়। এবং সেক্ষেত্রে কৃষি এবং শিল্প উভয়ের যদি কল্যাণ করা যায় তাহলে দেশকে ঠিকভাবে গড়ে তোলা যায়। একমাত্র এই পথেই আজকে ভারতবর্ষের উন্নয়ন করা সম্ভব। আজকে রাজ্যে কৃষিজীবী মানুষের অর্থনৈতিক উন্নতি ঘটার সাথে সাথে তারা আর বেশি বেশি ভোগ্যপণ্য পেতে চাইছেন। তারজন্য অনুরোধ করব, নিম্নবিত্ত মানুষের ভোগ্যপণ্য যথেষ্ট উৎপাদনের দিকে নজর দিন। সঙ্গে সঙ্গে তাদের বাড়ি তৈরি করার সামগ্রী এবং কৃষি-ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার যন্ত্রপাতি নির্মাণের পরিকাঠামোকে যাতে আর উন্নত করা যায় তারজন্য প্রচেষ্টা করা দরকার। এরসঙ্গে প্রয়োজন বিদ্যুতের। আমরা নির্বাচনের সময় দেখেছি, শহরে যখন আলো জ্বলছে তখন গ্রাম রয়েছে অন্ধকারে। বিদ্যুৎ উৎপাদন বাড়াবার জন্য রাজ্য সরকার ব্যবস্থা নিয়েছেন, অনেক গ্রামেও বিদ্যুৎ পৌছে গেছে, কিন্তু এখনও অনেক গ্রামে বিদ্যুৎ যায়নি। সাগরদিঘীতে একটি তাপ-বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার প্রচেষ্টা চালিয়েছিলেন। কি অবস্থায় আছে মাননীয় অর্থমন্ত্রীর কাছে বিষয়টা জানতে চাই। গ্রামের মানুষের কাছে লোকদীপ প্রকল্প কুটির জ্যোতি প্রকল্পের মাধ্যমে ব্যাপক ভাবে বিদ্যুৎ পৌছে দেওয়া যায় তার উদ্যোগ নেওয়া দরকার। আমাদের মুর্শিদাবাদ জেলায় কৃষি হচ্ছে প্রধান জীবিকা। সেই জন্য সেখানে কৃষি ভিত্তিক শিল্প গোড়ে তোলা দরকার। সেখানে ভাল ধান পাট ফল উৎপাদন হয়, এই সমস্ত জিনিসকে কেন্দ্র করে সেখানে শিল্প গড়ে তোলা যায় যাতে তার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। শিল্পটা যাতে একটা জোনের মধ্যে সীমাবদ্ধ না হয়, অনুন্নত জেলা যেখানে শিল্প কম আছে সেই সমস্ত জায়গায় যাতে শিল্প গড়ে তোলা যায় তার ব্যবস্থা করতে হবে। তার জন্য পরিকাঠামো দরকার। রাস্তা বিদ্যুৎ এবং অন্যান্য যে সমস্ত পরিকাঠামো গড়ে তোলা দরকার সেই পরিকাঠামোর উপর গুরুত্ব দিতে হবে। যে বিকল্প অর্থনীতি মাননীয় অর্থমন্ত্রী নিয়েছেন তা আগামী দিনে পশ্চিমবাংলাকে গড়ে তোলার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পারবে এবং সেই কথাই এই বাজেট ভাষণে উল্লিখিত আছে। তাই আমি এই বাজেট ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 6.02 p.m. till 11 a.m. on Thursday, the 26th March, 1998 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 26th March, 1998 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 6 Ministers of State and 131 Members.

[11-00 - 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the deaths of many people and damages of other descriptions caused by a devastating tornado in Dantan, Egra and Mohanpur Blocks of Midnapore district as also in adjoining area of Orissa.

The devastating tornado took place in the afternoon of last Tuesday, the 24th March, 1998 and flattened or raised about 13 villages under the 3 blocks of Midnapore district. Beside deaths, thousands of people were rendered homeless and many were injured. The sufferings of the people are beyond descriptions. Loss of cattle, livestocks and crops is yet to be assessed.

I, along with the Members of this House express our deppest concern for this disastrous incident, sincere sense of sorrow and sympathy for the bereaved families and also express our wishes for quick recovery of those who were injured in the incident.

Now I would request the Hon'ble Members to rose in their seats for 2 minutes as a mark for respect to the deceased.

(At this stage, all the Honourable Members rose in their seats for two minutes in silence as a mark of respect to the deceasesd.)

Thank you ladies and gentlemen. (Noise)

Secretary will send the copy of the Resolution to the District Magistrate of Midnapore to convey the message to the members of the respective bereaved families.

## Starred Questions
## (To which Oral Answers were given)

### বক্সা ব্যাঘ্র গবেষণা প্রকল্প

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬) **শ্রী আবু আয়েশ মণ্ডল** ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, উত্তরবঙ্গের বক্সা ব্যাঘ্র গবেষণা প্রকল্পের কাজ চালু আছে;

(খ) সত্যি হলে, সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের কাজ কতদিন যাবদ চলছে; এবং

(গ) উক্ত প্রকল্পের কাজের অগ্রগতি কিরূপ?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন** ঃ

(ক) বক্সায় ব্যাঘ্র গবেষণা প্রকল্প নামে কোন প্রকল্প নেই। তবে এই এলাকায় বিভিন্ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। গবেষণা ও অনুসন্ধান তার মধ্যে অন্যতম।

(খ) ১৯৮৪-৮৫ সালে বক্সা ব্যাঘ্র প্রকল্প ও ১৯৯৫-৯৬ সালে ভারতীয় পরিবেশ উন্নয়ন প্রকল্পের কাজ শুরু হয়।

(গ) সন্তোষজনক।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন যে কর্মসূচি রূপায়িত হচ্ছে তার মধ্যে গবেষণা এবং অনুসন্ধান অন্যতম, এই গবেষণা এবং অনুসন্ধানের বিষয়বস্তুটা কী দয়া করে জানাবেন কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন** ঃ বক্সাতে বিভিন্ন ধরনের গবেষণামূলক কাজ হচ্ছে। পুরুলিয়াতে ইণ্ডিয়া ইকো ডেভেলপমেন্টের আওতায় কীটপতঙ্গ এবং বিভিন্ন প্রজাতির মাকড়সা গবেষণা

হচ্ছে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যা বিভাগও গবেষণা চালাচ্ছে। আমাদের হাতে বিভিন্ন প্রজাতির কীটপতঙ্গ এবং নানা ধরণের মাকড়সার আবিষ্কার তারা যে করেছেন তার গবেষণার ফলাফল আমাদের হাতে এসে গেছে। এসব জিনিস আগে দেখা যায়নি, এছাড়া ওয়াইল্ড লাইফ ইনস্টিটিউশন অফ দেরাদুন হাতি সম্পর্কে গবেষণা করছে, সেই গবেষণার ফলও আমাদের হাতে এসে গেছে। ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ ফাণ্ড অফ ইণ্ডিয়া চিতাবাঘ এবং বাইসন সম্পর্কে গবেষণা করেছে, তার ফলাফলও আমাদের হাতে এসে গেছে। ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ প্রোটেকশন সোসাইটি অফ ইণ্ডিয়া বন্য প্রাণীর অবৈধ বধের ব্যাপারেও গবেষণার ফলাফল আমাদের হাতে এসে গেছে, এগুলো সবই গবেষণা ধর্মীয় কাজ।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এই গবেষণার কাজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের এনটোমোলজি বিভাগের উপরে দায়িত্ব দেওয়া হয়েছিল, তারা সাফল্যের সঙ্গে গবেষণামূলক কাজগুলো জমা দিয়েছে। আমার প্রশ্ন হচ্ছে যে, দুষ্প্রাপ্য প্রজাতীয় বন্য যে আছে, সেই ধরনের কতগুলো প্রজাতীয় বন্যর নির্ধারণ করেছেন এটা দয়া করে জানাবেন কি?

[11-10 – 11-20 a.m.]

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যা বিভাগ ওরা মূলত কীটপতঙ্গ নিয়ে মাকড়সা নিয়ে কাজ করেছেন তাতে প্রায় বিভিন্ন প্রজাতির অসংখ্য—এই মুহূর্তে তালিকা আমাদের হাতে নেই—কীটপতঙ্গ ওরা সেখানে আবিস্কার করেছে এবং ছবি দিয়ে পাঠিয়েছেন। সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ বলে আমরা ভাবছি, দুই ধরনের মাকড়সা যেটা কোনও দিন পৃথিবীতে কেউ দেখেনি সেটা বক্সাতে তারা আবিষ্কার করেছেন। সাফল্যের সঙ্গে সেই কাজ তারা বক্সাতে করেছে, কিছুদিন-এর মধ্যে ডিটেলেস এই ব্যাপারে সভাতে আমরা জানাতে পারব।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি বলেছেন, পরিবেশ উন্নয়ন প্রকল্পের কাজ শুরু হয়, এই প্রকল্পে এই পর্যন্ত কি কি কাজ করা হয়েছে দয়া করে যদি বলেন তাহলে ভাল হয়।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** ভারতীয় পরিবেশ উন্নয়ন এটা ইন্ডিয়া ইকো ডেভেলপমেন্ট প্রকল্প যেটা ১৯৯৬-৯৭ সালে শুরু হয়েছে, বক্সাতে এটা ৫ বছর চলবে। ৫ বছরের মধ্যে সেখানে যে অনুদান যেটার গ্রান্ট বিশ্বব্যাঙ্ক থেকে আমরা পাচ্ছি সেটা ৩৫ কোটি ৭০ লক্ষ টাকা। এই ইকো ডেভেলপমেন্ট প্রকল্পের মধ্যে দিয়ে বক্সায় শুধু বাঘ নয়, অন্যান্য যে সমস্ত জীব বৈচিত্র্য আছে সবগুলি যাতে ভাল ভাবে সংরক্ষণ করা যায়,

তাদের খাদ্য, বাসস্থান এবং সর্বোপরি জঙ্গল রক্ষায়, জঙ্গল রক্ষা করতে গেলে পার্শ্ববর্তী যে সমস্ত লোকজন থাকেন তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমস্তগুলি দেখতে হবে এই ইকো ডেভেলপমেন্ট যে প্রকল্প তার মধ্যে দিয়ে। আমরা গতবারে ডিসেম্বর থেকে বিশ্বব্যাঙ্কের ঐ অনুদানের টাকা পাচ্ছি, কাজেই পুরোপুরি কাজটা শুরু হয়নি, আগামী আর্থিক বছর থেকে পুরোপুরি কাজটা শুরু হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন যে ব্যাঘ্র প্রকল্পের উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা নেওয়া হয়েছে। সঙ্গে সঙ্গে বললেন যে, ঐ বক্সাদুয়ারে সেখানে অন্যান্য প্রাণী তাদের সংরক্ষণের জন্য ব্যবস্থা হয়েছে, সেখানে খুব প্রাসঙ্গিক বলে মনে হচ্ছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে, ঐ অঞ্চলে টোটো উপজাতি তাদের সংখ্যা, জনসংখ্যা ক্রমশ কমে যাচ্ছে, ওরাও পুরনো সমাজের একটা অংশ, তাদের সংখ্যা কমছে। আমি জানতে চাইছি, তাদের সংরক্ষণের জন্য, ঐ উপজাতিদের সংরক্ষণের জন্য সরকারি ব্যবস্থার মধ্যে কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা বলবেন কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই, টোটো যে বিরল উপজাতি যাদের কথা বলছেন তারা ঠিক বক্সার অন্তর্ভুক্ত নয়, এটা বক্সার বাইরে, অন্য ডিভিসনের ব্যাপার। যদিও আপনি বোধহয় শুনেছেন, এই টোটোদের কল্যাণে সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং বিশেষ করে তফসিলি আদিবাসী বিভাগ, অনগ্রসর কল্যাণ বিভাগ সেখানে যথেষ্ট কাজ করেছেন। অনেক বিধানসভার সদস্যও সেখানে যান, আমিও ব্যক্তিগতভাবে সেখানে গিয়েছি, টোটোদের জীবন-যাপনে তাদের আধুনিকীকরণের জন্য হাইস্কুল হাসপাতাল, জলের ব্যবস্থা, ইলেক্ট্রিসিটি এই ধরনের ব্যবস্থা হয়েছে, আরও কিছু কিছু সমস্যা আছে, সেই সমস্যাগুলি নিশ্চয় সার্বিক ভাবে দেখার জন্য আমরা সচেষ্ট আছি সবাই। আর বক্সায় সেখানটায় যেটা আপনি বলতে চাইছিলেন বক্সাদুয়ারে, বক্সা ফরেস্টে সেখানেও এই ধরনের উপজাতি আছে।

যেমন ডুকপা সম্প্রদায়ের লোকেরাও এর মধ্যে পড়ে। ডুকপা সম্প্রদায়ের লোকেরা ওখানে অনেকে বসবাস করে, এরা দীর্ঘদিন ধরে বিভিন্ন ক্ষেত্র থেকে বঞ্চিত। সেই ডুকপাদের সামগ্রিক উন্নয়ন এখনও আমরা করতে পারিনি। সেখানে নেপালী, গোর্খা ভাষাভাষির মানুষও আছে। বক্সাদুয়ারে বক্সা প্রোজেক্টের কাছে রাস্তা খুব ভাল না। এই প্রোজেক্টের মধ্যে সেখানে রাস্তাঘাটের কথাও উল্লেখ আছে। আপনারা হয়ত ইতিমধ্যে শুনেছেন যে আমরা বক্সা ফোর্টকে সংরক্ষণ করার জন্য পুরাতত্ত্ব বিভাগের কাছে আবেদন জানিয়েছি। সাথে সাথে সেখানে বিভিন্ন অংশের মধ্যে দিয়ে তাদের চেতনাটাকে আমরা সম্প্রসারিত করার চেষ্টা করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** এই বক্সা ব্যাঘ্র গবেষণা প্রকল্পের জন্য বিশ্বব্যাঙ্কের কাছ থেকে আপনি কত টাকা পাবেন এবং তার মধ্যে কত টাকা আপনি পেয়েছেন এবং রাজ্য সরকার এই প্রকল্পের জন্য কত টাকা মঞ্জুর করেছেন?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** এই ইকো ডেভেলপমেন্ট প্রোজেক্টের জন্য আমরা ৩৫ কোটি ৭০ লক্ষ টাকা পাঁচ বছরে পাব। এর মধ্যে ১৯৯৫-৯৬ সালে ৩০ লক্ষ টাকা পেয়েছি, ১৯৯৬-৯৭ সালে ২১.০৬ লক্ষ টাকা পেয়েছি আর ১৯৯৭-৯৮ সালের জন্য বরাদ্দ হয়েছে ৬ কোটি ৪৫.৪০ লক্ষ টাকা।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই বক্সা ব্যাঘ্র প্রকল্পে এখন বাঘের সংখ্যা কত? খবরের কাগজে বেরিয়েছে যে, বাঘের সংখ্যা কমে যাচ্ছে।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** ১৯৯৫ সালে যে সেনসাস হয়েছিল তাতে সেখানে বাঘের সংখ্যা ছিল ৩১টি। গত বছর ডিসেম্বর মাসে আমাদের যে সেনসাস হয়েছে সেটার রেজাল্ট মাসখানেকের মধ্যে পাওয়া যাবে। তখনই আমরা লেটেস্ট সংখ্যাটা বলতে পারব।

**শ্রী সৌগত রায় ঃ** গত বছর আমাদের সাবজেক্ট কমিটির পক্ষ থেকে আমরা বক্সা ব্যাঘ্র প্রকল্প দেখতে গিয়েছিলাম। বক্সায় ইকো অবজারভেশন সেন্টার হয়েছে সেটা খুবই সুন্দর। কিন্তু সেখানে গিয়ে আমরা দেখলাম ব্যাঘ্র প্রকল্প রক্ষা করার জন্য মূল সমস্যা হচ্ছে ফ্রিঞ্জ এলাকার গ্রামগুলো। ঐ গ্রামের লোকেরা জঙ্গলে কাঠ কাটতে যায় এবং প্রায়ই তাদের সঙ্গে জন্তুজানোয়ারদের সংঘর্ষ হয়। বিশ্বব্যাঙ্কের ওয়ার্ল্ড ইকো প্রোজেক্টের মূল কথা হচ্ছে ঐ গ্রামগুলো রি-সেটেলমেন্ট করতে হবে। এই প্রকল্পে কতগুলো গ্রামকে রি-সেটেলমেন্ট করা হয়েছে এবং তার প্রোগ্রেস কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** বনের ভেতরে যে বন বস্তি আছে সেগুলোকে সরানো খুবই কঠিন কাজ। কেন্দ্রীয় সরকারের যে নীতি তাতে প্রতিটি বন বস্তির নাগরিককে সম্মতি নিতে হবে। এই সম্মতিটা আমরা কিছুতেই পাচ্ছি না। চল্লিশটা পরিবার থাকলে, তার মধ্যে চার, পাঁচ জন কিছুতেই রাজি হয় না।

[11-20 – 11-30 a.m.]

একটা নিয়ম আছে,— প্রত্যেকে যদি রাজি না হয়, তাহলে বাইরে নিতে পারব না। তবে, বনের ভেতর থেকে ফ্রিঞ্জ এলাকায় নিয়ে আসার চেষ্টা চলছে। এতে ওদেরও সুবিধা হবে এবং বনের প্রাণীকূলও সহায়তা পাবে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি, বাঘের খাদ্যের জন্য বন-দপ্তর কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই যে, বাঘের প্রধান খাদ্য হচ্ছে হরিণ। সুন্দরবন এলাকায় যেটা লক্ষিত হচ্ছে, সেখানে প্রচুর পরিমাণে হরিণ আছে। হরিণ ছাড়া কিছু শুয়োরও পাঠানো হয়। কোর-এলাকায় যে সমস্ত বাঘ থাকে, তারা ফ্রিঞ্জ এলাকায় আসে না। বয়স্ক, দুর্বল বাঘ যখন শিকার করতে অক্ষম হয়, তখন তারা ফ্রিঞ্জ এলাকায় আসতে চায়। আর বাঘিনী যখন অন্তসত্ত্বা হয় তখন তাদের একটা প্রবণতা দেখা যায় ফ্রিঞ্জ এলাকায় আসার।

## বহুতল বাড়িতে অগ্নিনির্বাপণ ব্যবস্থা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, বহুতল বাড়িগুলিতে অগ্নিনির্বাপণ ব্যবস্থা তদারকি করতে রাজ্য সরকার বিশেষ 'সেল ' গঠন করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সেলের কার্যক্রম কি রকম?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকার কর্তৃক গঠিত 'ফায়ার প্রিভেনশন উইং'-এর মাধ্যমে গত ১ বছরে মোট ৭৬টি নির্মিত বহুতল বাড়ি ও মোট ১৪১টি নির্মীয়মান বাড়ি যথাযথ পরিদর্শন ও নক্সা পরীক্ষার পর উপযোগী অগ্নি নির্বাপণ ও প্রতিরোধ ব্যবস্থা করার জন্য সুপারিশ করা হয়েছে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** কলকাতা এবং শহরতলীতে যে-সমস্ত বহুতল বাড়িতে অগ্নি-নির্বাপণের কোনও ব্যবস্থা নেই, সেখানে আগুন লাগলে কি কার্যক্রম নিচ্ছেন এবং কতজনকে নিয়ে এই সেল তৈরি করা হয়েছে, মাননীয় মন্ত্রী জানাবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ইতিমধ্যে এই সেল তৈরি করা হয়েছে। এতে একজন ডেপুটি ডিরেক্টর, একজন ডিভিশনাল অফিসার, একজন সেকশন অফিসার এবং কয়েকজন অগ্নি-নির্বাপণ দপ্তরের কর্মী থাকবেন। কলকাতার যে সমস্ত বাড়ি সাড়ে ১৪ মিটারের উপরে, যেগুলোতে মূলত বেশি মানুষের সমাবেশ হয়,—সেটা মার্কেট কমপ্লেক্স হতে

পারে, ভূগর্ভস্থ যাতায়াতের পথ, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, এয়ারক্রাফ্ট হ্যাঙ্গার, টার্মিনাল বিল্ডিং, সুইচ-ইয়ার্ড, স্বাস্থ্যনিবাস, হাসপাতাল, নার্সিংহোম, ইত্যাদি যে সমস্ত বাড়িগুলি আছে, হাই-রিস্ক বাড়ি বলি।

এই আইন অনুযায়ী সেটা আমরা ঘোষণা করেছি। এছাড়াও যে সমস্ত বাড়ি ৭ মিটার থেকে সাড়ে চোদ্দ মিটারের মধ্যে, সেখানে থ্রি স্টার, ফোর স্টার হোটেল আছে, সিনেমা হল আছে এবং বহুতল গোডাউন আছে, সেই সমস্ত বাড়িগুলিকে এই আইন মেনে চলতে হবে। এই আইন ইতিমধ্যে কার্যকর করেছি এবং এই আইন কার্যকর করার ক্ষেত্রে কলকাতায় উপযুক্ত সাড়া পাচ্ছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** নতুন যে সমস্ত বহুতল বাড়ি তৈরি হচ্ছে, তার একটা প্ল্যান স্যাংশন করার জন্য পুরসভার কাছে অনুমোদন চাওয়া হয়। সেক্ষেত্রে এই ব্যবস্থা ঠিকমতো দেখছে কিনা, এটা কি প্ল্যান স্যাংশনের ক্ষেত্রে কোনও ক্রাইটেরিয়া করা হয়েছে কিনা বা পুরসভা দেখছেন যে, নতুন বাড়ি তৈরি করার ক্ষেত্রে এই রকম ব্যবস্থা থাকার পরে প্ল্যান অনুমোদন দেওয়া হবে, এই রকম কোনও নির্দেশ পুরসভাকে রাজ্য সরকার দিয়েছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কলকাতা পুরসভা এলাকাতে সাধারণভাবে বাড়ি বা গৃহ নির্মাণের নক্সা অনুমোদন করা থাকে। যেটা আপনাকে বললাম যে, যে সমস্ত বাড়িকে হাই-রিস্ক বিল্ডিং বলি, সে সমস্ত ক্ষেত্রে ফায়ার সার্ভিসের অনুমতি নিতে হয় এবং ফায়ার সেফটি রুলস্ অনুযায়ী তারা অনুমতি দেবে। সেইজন্য তাদেরকে লাইসেন্সড বা ফায়ার সেফটি সার্টিফিকেট গ্রহণ করতে হয় এবং ফায়ার সেফটি সার্টিফিকেট গ্রহণ করবার জন্য আমাদের অফিসাররা বাড়ি পরিদর্শন করেন এবং পরিদর্শন করে কি ধরনের ব্যবস্থা নিতে হবে সেগুলির নির্দেশ তারা দিয়ে থাকে এবং এখনও পর্যন্ত আমাদের কাছে যে খবর আছে যে, যতগুলি বাড়ি পরিদর্শন করা হয়েছে, বেশির ভাগই বাড়ি কিন্তু অগ্নি নির্বাপক নিয়মাবলী পালন করেন। নতুন বাড়ি নির্মাণের ক্ষেত্রে সেই সমস্ত ব্যবস্থাগুলি তারা গ্রহণ করছে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** আমরা দেখছি যে, কলকাতার বহু এলাকায় যেখানে বহুতল বাড়ি রয়েছে, সেগুলি খুবই জনবসতিপূর্ণ এলাকা এবং আশপাশে জলের সিস্টেম নেই। বিশেষ করে বাজার অঞ্চলে আমরা জানি যে, বড়বাজার অঞ্চলে বহুতল বাড়িতে আগুন লাগলে ব্যবস্থা নেবার জন্য এবং এই ব্যাপারে প্রিভেনটিভ কোনও সতর্কতামূলক ব্যবস্থা সেই সমস্ত বাজারের মালিকের কাছে এবং বহুতল বাড়ির মালিকের কাছে রাজ্য সরকার নির্দেশ দিচ্ছেন কি না, যাতে তারা অগ্নি নির্বাপক ব্যবস্থা রাখেন এবং দিয়ে থাকলে কি ধরনের নির্দেশ দিচ্ছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এই রকম নির্দেশ বহুতল বাড়ি বা বিভিন্ন মার্কেট কমপ্লেক্সে রয়েছে। এই রকম নির্দেশ ইতিমধ্যে আমরা জারি করেছি এবং কিছু কিছু ক্ষেত্রে পুলিশের সহযোগিতা নিয়ে সেই সমস্ত বাড়িগুলিকে পরিদর্শন করেছি। আর কলকাতার বেশ কিছু ক্ষেত্রে আন্ডারগ্রাউন্ড রিজার্ভার এবং কিছু হাইড্রেনগুলিকে সংস্কার করা হচ্ছে এবং কিছু নতুন হাইড্রেন নির্মাণ করা হচ্ছে এবং আরও কিছু অগ্নি নির্বাপণের জন্য কিছু ওয়াটার কেরিয়ার আমরা ইতিমধ্যে এনেছি। আমরা এই কথা বারবার বলেছি যে, কিছু আন্ডারগ্রাউন্ড রিজার্ভার আর কিছু হাইড্রেন বা অগ্নি নির্বাপণ যন্ত্র আনলেই আমরা আগুনের সম্ভাবনা দূর করতে পারব না। এটার জন্য প্রয়োজন মানুষের সচেতনতা। এবার আমরা সেটার উপর জোর দিয়েছি।

[11-30 – 11-40 a.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার অনেক কোটি কোটি টাকা খরচ করে, ফায়ার সার্ভিস ডিপার্টমেন্টকে নতুন ইকুইপমেন্ট কিনে দিয়েছেন। নতুন ধরনের ইকুইপমেন্ট কিনে দিয়েছেন। বিশেষ করে মই, উঁচু বাড়িতে ওঠার জন্য। কিন্তু আমরা খবরের কাগজের মাধ্যমে পড়ছি যে এত টাকা খরচ করার পরেও কিছু ইকুইপমেন্ট যেমন মই, কাজ করছে না। উঠে গিয়ে পুরোটা গেল না। তার কারণ হিসাবে দেখা যাচ্ছে যে এই মই রেগুলারলি ব্যবহার করা হয়নি। ঠিকমতো রাখা হয়নি বা মেনটেন্যান্স ঠিক হয়নি। এত টাকা খরচ করার পরও এই নতুন মই কাজ করল না। ফায়ার সার্ভিস এর কর্মীদের প্রপারলি ট্রেনিং দেওয়া হচ্ছে কি না এ বিষয়ে অবহিত করুন।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য যে কথা বলছেন এটা ঠিক নয়। সমস্ত হাইড্রোলিক ল্যাডার যেগুলো কিনেছিলাম সেগুলো পূর্ণ ভাবে ব্যবহার করা হচ্ছে, সদ্ব্যবহার করা হচ্ছে। কখনও কখনও সাময়িকভাবে যন্ত্রপাতি সেটা খারাপ হয়ে থাকতেই পারে, সেটা মেরামত করার ব্যবস্থা থাকে। কখনও কখনও এমন ধরনের ক্ষতি হয়ে যায় যে, যেগুলো মেরামত করতে সময় লাগে। তবে আমরা যে মইগুলো এনেছিলাম সেগুলোকে আমরা সঠিক ভাবে পূর্ণমাত্রায় ব্যবহার করতে পারব। অগ্নি নির্বাপণের ক্ষেত্রে আমরা খুবই সহযোগিতা পাচ্ছি।

**श्रीमती शान्ता छेत्री :**

माननीय मंत्री महाशय,

टपाई लाई चाहा हु की हाम्रो दिल मा जम्मा ४ वटा Municipality नगर पालीका

क्षेत्र द जहाँ वर्षो नै आग लागी काण्ड गई नै रहन्द र चसको निम्ती सरकार द्वारा जुन अग्नि काण्ड बाट रोकन का निम्ती जुन टपाईले cell बनाउनु भएको द ब्यस cell को प्रावधान हाम्रो हिन मा द की दैन भनी यस को निम्ती जुन टपाईले आईन चालु र्गन भएको द र यो जुन आईन द रो Hill Municipality मा चालु भएको द की दैन, चो म जान्न चहान्दु। धन्यवाद।

**श्री अशोक भट्टाचार्य** : जुन Fire, जुन शुरु, यो जुन cell हामीले गरे यो cell मा, अहिले न यो कलककताको भाग आयो, हामी दार्जीलिंगमा पनि चिन्ता गर्दैहौ कि दार्जीलिंग Fire-prone Area ह तर दार्जीलिंग को आगार जन अग्नि निर्वावन गर्नुको लागि हामी चारवटा Fire-Station, तीनवटा Fire-Station वहाँ ह। एउटा नौतुन Fire-Station हामी गर्दैहौ, विजनवारीमा तीनवटा नौतुन नयाँ Fire-Station भवन हामी तयारी गर्दैहौ, एउटा नयाँ खरसाङ्गमा पनि उत्घाटन गरेको तपाईलाई चाहा ह, खरसाङ्ग दार्जीलिङ्ग र कालिम्पोङ्गमा यो Underground Reservoir जुन ह त्यो गर्नुकोलागि हामीले कदम उठायौ अनि त्यो काम हामीले गरे तर दार्जीलिङ्ग पहाड़मा अग्नि निर्वावन गर्नुकोलागि वुलो ध्यान एउटा Special जुन Care हामी लिदैहौ।

**মিঃ স্পিকার ঃ** মিঃ ভট্টাচার্য, শ্রীমতী শান্তা ছেত্রী যা বললেন সেটা আপনি বাংলায় বলে দিন। তাহলে একটা রেকর্ড থাকবে এবং মেম্বাররাও সকলে বুঝতে পারবেন।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** শ্রীমতী শান্তা ছেত্রী বললেন যে কলকাতায় যে সেল তৈরি করা হয়েছে, দার্জিলিঙের ক্ষেত্রে সেটা কার্যকর হচ্ছে কি না? আমি যেটা বললাম যে কলকাতায় যেটা কার্যকর হয়েছে সেটা এখনও কার্যকর হয়নি। দার্জিলিং ফায়ার-প্রোন এরিয়া। কার্সিয়াং, দার্জিলিং, কালিম্পং এই তিনটি জায়গায় তিনটি ফায়ার স্টেশন আছে। কার্সিয়াং-এ একটা ভবন আমরা উদ্বোধন করেছি। কালিম্পং-এর নতুন ভবন শেষ হয়ে যাবে। দার্জিলিং-এর নতুন ভবনের কাজ শুরু হচ্ছে। বিজনবাড়িতে নতুন ফায়ার স্টেশন তৈরি করা হচ্ছে। হাইড্রেন এবং রিজার্ভার স্টেশন আমরা করার চেষ্টা করছি।

**শ্রী কিরীটি বাগদী ঃ** স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে খাতরাতে অগ্নি নির্বাপণের কোনও পরিকল্পনা আছে কি না? কারণ ইতিমধ্যে খাতরা ব্লকের মধ্যে যেগুলো বাঁকুড়া থেকে দূরে সেখানে ৪।৫টা অগ্নিকান্ড ঘটে গেছে। ১৯৯৭ সালে একটা আদিবাসী পাড়া সম্পূর্ণ—১০।১৫টা ঘর সেখানে পুড়ে যায়।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমাদের রাজ্যে ৮৪১টা দমকল কেন্দ্র আছে এবং প্রস্তাবও অনেক আছে, বিধানসভার মাননীয় সদস্য-সদস্যাদের থেকে বা বিভিন্ন পৌরসভা থেকে বা সাধারণ নাগরিকদের থেকে আমাদের প্রস্তাব এসেছে। সব প্রস্তাবকে এখনই বিবেচনা

করতে পারছি না, কারণ আমাদের আর্থিক সীমাবদ্ধতা আছে। তবে খাতরায় যে প্রয়োজনীয়তা আছে সে ব্যাপারে আমি আপনার সাথে সহমত পোষণ করছি, ভবিষ্যতে নিশ্চয়ই আমরা এগুলি নিয়ে চিন্তা ভাবনা করব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সেলের কথা বললেন। কলকাতা পৌরসভায় এই রকম একটা বাড়ি যার ব্যাপারে কলকাতা কর্পোরেশনের কমিশনার নিজে এই রকম বাড়ির ব্যাপারে অভিযোগ দায়ের করেছেন সেখানে অগ্নি নির্বাপণের ন্যূনতম ব্যবস্থাও নেই এবং অনুমতি ছাড়াই তৈরি হয়েছে। আপনার আগুনের হাত থেকে সেই বাড়িকে বাঁচাতে পারবে তো?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** যদি বে-আইনি বাড়ি তৈরি হয়ে থাকে তাহলে পৌরসভার দেখা দরকার। যদি দেখা যায় যে এই ধরনের বাড়ি বা বাজার চলছে কিন্তু সেখানে অগ্নি নির্বাপণের ব্যবস্থা নেই, তাহলে সেখানে অফিসাররা এনকোয়ারি করবেন এবং করছেন। আপনার কাছে যদি এই ধরনের অভিযোগ থাকে আমার কাছে দিলে আমরা ইন্সপেকশন করবার ব্যবস্থা করব এবং অগ্নি নির্বাপণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনামা জারি করব।

**শ্রী তপন হোড় ঃ** এই বহুতল বাড়ি কলকাতা এবং মফস্বলেও আছে এবং জটিলতাও বাড়ছে। এগুলিতে আধুনিকীকরণের জন্য ইউরোপ বা আমেরিকায় যে রকম আছে—মাননীয় রাষ্ট্রমন্ত্রী তিনি বিদেশে ঘুরে এসেছেন এই ব্যাপারে, ওখানে যে প্রযুক্তি ব্যবহার করা হয় সেই প্রযুক্তি এখানেও ব্যবহার করার কোনও ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ইউরোপ বা আমেরিকায় যেটা আছে সেটা এখানে সেই ভাবে কার্যকর করতে হবে সে রকম ব্যাপার নেই, তবে জাপান থেকে কিছু উন্নত ধরনের সহযোগিতা আমরা পেয়েছি সেগুলিকে আমরা বিবেচনা করছি। তাছাড়া আমাদের বিভিন্ন দমকল কেন্দ্রে যে টেলিফোন বা ওয়্যারলেস ব্যবস্থা সেগুলিকে আধুনিকীকরণ করছি, কম্পিউটারাইজড করছি, বিশেষ কিছু ব্যবস্থাও নিয়েছি এবং বেশ কিছু ব্যবস্থা কিছু দিনের মধ্যেই কার্যকর করতে পারব বলে আমাদের আশা আছে। তবে ইউরোপের মতো করতে পারব সেটা নয়।

**রবীন্দ্র সরোবরকে জাতীয় সরোবরে উন্নীতকরণ**

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬০) **শ্রী রবীন দেব ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রবীন্দ্র সরোবরকে জাতীয় সরোবরে পরিণত করার কোনও উদ্যোগ সরকারিভাবে

গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে,

(১) এখন কোন পর্যায়ে আছে; এবং

(২) জনগণ এর ফলে কি কি সুবিধা পাচ্ছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) হ্যাঁ, রবীন্দ্র সরোবরকে "ন্যাশনাল লেক কনজারভেশন প্ল্যানের" অন্তর্ভুক্তির জন্য সরকারি ভাবে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(খ) (১) রবীন্দ্র সরোবরকে কেন্দ্রীয় সরকারের পরিবেশ ও বনদপ্তর কর্তৃক রচিত "ন্যাশনাল লেক কনজারভেশন প্ল্যানের" প্রথম পর্যায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। যোজনা কমিশনের উপদেশানুসারে পরিকল্পনাটি রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকারের উক্ত দপ্তর বিশ্বব্যাঙ্ক ও অন্যান্য সংস্থার নিকট আর্থিক সাহায্যের জন্য যোগাযোগ করছেন বলে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে জানিয়েছেন। পরিকল্পনাটি রূপায়ণের সমগ্র ব্যয় কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারকে সমানভাবে বহন করতে হবে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছিলেন। পরে যোজনা কমিশন এই পরিকল্পনাটিকে নবম পরিকল্পনার অন্তর্ভুক্ত করে এবং সেন্ট্রাল সেক্টরে আওতাভুক্ত করে পুরোপুরি কেন্দ্রীয় সরকারের ব্যয়ে রূপায়িত করার জন্য সুপারিশ করেন। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের পরিবেশ ও বনমন্ত্রক ১.১৫ লাখ টাকা পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে বরাদ্দ করে রবীন্দ্র সরোবর লেকের সার্ভে এবং স্টাডির জন্য। সেই মোতাবেক রবীন্দ্র সরোবরের জল, পরিবেশ, শব্দদূষণের মাত্রা এবং অন্যান্য আনুষঙ্গিক বৈশিষ্ট্যগুলি পরীক্ষা করে একটি প্রাক-সম্পাদন যোগ্যতা রিপোর্ট কেন্দ্রীয় সরকারকে পাঠানো হয়েছে।

(২) প্রশ্ন ওঠে না।

[11-40 – 11-50 a.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানালেন যে, এই কাজ রাজ্য এবং কেন্দ্র যুক্তভাবে হাতে নেবে বলে কেন্দ্রীয় সরকার আপনাকে জানিয়েছিল। কিন্তু পরে আবার জানানো হয়েছে যে, যোজনা পর্ষদের পক্ষ থেকে এই পরিকল্পনাকে নবম পরিকল্পনার অন্তর্ভুক্ত করার পর কেন্দ্রীয় সরকার এটার সমগ্র দায়িত্ব নেবে এবং আরও বললেন, ১ লক্ষ ২৫ হাজার টাকা সার্ভে করার জন্য, স্টাডি করার জন্য সি.আই.টি.-

কে দিয়েছেন। এটা কবে নাগাদ আপনার দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** গত বছরের মে মাসে তৎকালীন পরিবেশ মন্ত্রী মাননীয় সৈফুদ্দিন সোজ চিঠি দিয়ে জানিয়েছিলেন যে, ন্যাশনাল লেক কনস্ট্রাকশন প্রোগ্রামে রবীন্দ্র সরোবরকে অন্তর্ভুক্ত করা হয়েছে। তারপর যে ১ লক্ষ ২৫ হাজার টাকা পেয়েছি তার একটা প্রিলিমিনারি প্রোজেক্ট রিপোর্ট ৫ মাস আগে তৈরি করে দিল্লিতে পাঠিয়েছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন, কয়েক মাস আগে, বিশেষ করে মে মাসে সেটা জানেন এবং তার পর কয়েক মাস আগে সি.আই.টি.-র পক্ষ থেকে স্টাডি করে একটা ফিজিবিলিটি রিপোর্ট পাঠানো হয়েছে। কিন্তু এ সম্পর্কে নির্দিষ্ট ভাবে, রবীন্দ্র সরোবরের গুরুত্ব বিবেচনা করে প্রোজেক্টের কাজ হাতে নেবার জন্য আপনার ডিপার্টমেন্ট থেকে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না বা কেন্দ্রীয় সরকারের সাথে এ নিয়ে কোনও যোগাযোগ করা হয়েছে কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ করছি। তৎকালীন পরিবেশ মন্ত্রীর সঙ্গে আমি নিজে এ নিয়ে দু-বার এবং অফিসাররাও দেখা করেছেন। এছাড়া কেন্দ্রীয় ভাবে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একটা ন্যাশনাল রিভার কনজারভেটিভ কমিটি আছে। সেই কমিটির সভাতেও বিষয়টা উত্থাপিত হয়েছে এবং প্রধানমন্ত্রীর উপস্থিতিতে রবীন্দ্র সরোবরের প্রকল্পটা এই প্রকল্পে অন্তর্ভুক্ত করার কথা বলা হয়েছে। কিন্তু আমরা কোনও টাকা এখনও পর্যন্ত পাইনি। তবে সি.আই.টি.-র পক্ষ থেকে আমরা ২০ লক্ষ টাকা খরচ করেছি। এটা দিয়ে রবীন্দ্র সরোবরের আসপাশের রাস্তার উন্নয়ন, পার্কের সংস্কার, দর্শকদের আচ্ছাদন, লেকের জলের আগাছা নিয়মিত ভাবে পরিষ্কার করছি। শিশুদের জন্য পার্কপ্রস্রাবাগার এবং পানীয় জলের কল সম্প্রতি নির্মাণ করছি। এছাড়া কিছু জায়গায় আলোর ব্যবস্থা করা হয়েছে। এই জন্য সি.আই.টি.-র তহবিল থেকে ২০ লক্ষ টাকা আমরা খরচ করেছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী জানালেন, নগর উন্নয়ন দপ্তরের পক্ষ থেকে ২০ লক্ষ টাকা রবীন্দ্র সরোবরের উন্নয়নের জন্য ব্যয় করেছেন। আমি জানতে চাই, রবীন্দ্র সরোবর চত্বরে অনেকগুলো ক্লাব আছে দীর্ঘ দিন ধরে। তারা ওখানে বিভিন্ন ধরনের খেলাধূলার আয়োজন করছে, কিন্তু তার পাশাপশি সেখানে কিছু ব্যবসাও চলছে, বিভিন্ন কাজে ভাড়া দিচ্ছে। আমাদের এখানে পরিবেশ রক্ষা করা, শব্দ-দূষণের মাত্রা [illegible] করা, প্রভৃতি ব্যাপারে যে উদ্যোগ নেওয়া হয়েছে তার সঙ্গে এটা পরিপূরক নয় বলে আমি মনে করি। আমি জানতে চাই যে, যে সব সংস্থা এই ধরনের কাজ করছে, এর সাথে

সেটা সঙ্গতিপূর্ণ নয়, সুতরাং আপনি সেই সব সংস্থার বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণের কথা ভাবছেন কি অথবা তাদের উপর কোনও কর আরোপের ব্যবস্থা করেছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন সেটা সঠিক। আমরা সি.আই.টি.-র পক্ষ থেকে এবং সরকার পক্ষ থেকে সিদ্ধান্ত নিয়েছি যে রবীন্দ্র সরোবরের আশেপাশে যে সব ক্লাবগুলো আছে সেখানে খেলাধূলা এবং কোচিং-এর যে ব্যবস্থা আছে সেগুলো অব্যাহত থাকুক। কিন্তু এখানে যে সব ক্লাবগুলো ৩০-৪০-৫০ বছর ধরে আছে তাদের বিরুদ্ধে আমরা অভিযোগ পাচ্ছি যে, তারা সেখানে আমোদ-প্রমোদ ইত্যাদি নানা কাজে ভাড়া দিচ্ছে এবং রবীন্দ্র সরোবরের জলকে তারা নানাভাবে দূষিত করে থাকে। হাইকোর্ট অবিলম্বে এগুলোকে বন্ধ করার জন্য নির্দেশ দিয়েছেন। হাইকোর্টের নির্দেশ মতো এবং আমাদের সরকারের সিদ্ধান্ত মতো সেগুলোকে বন্ধ করতে আমরা বদ্ধপরিকর। ইতিমধ্যে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, রবীন্দ্র সরোবরের আশেপাশে কোনও মেলা করতে দেওয়া হবে না। এ ছাড়া কোনও ভাবে এখানে অপরিষ্কার করা হলে সেটা আমরা কঠোর ভাবে বন্ধ করব। এ ছাড়া রবীন্দ্র সরোবরের আশেপাশে যে সব সংস্থাকে লিজ দিয়েছি সেখানে নতুন করে কনস্ট্রাকশন করতে দিতে আমরা নারাজ। সে ব্যাপারে সরকার বদ্ধপরিকর।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় রবীন্দ্র সরোবরের ব্যাপারে অতীতে হৈ-চৈ হয়েছে। আমি জানতে চাই আপনার দপ্তর থেকে কোনও প্রাইভেট প্রোমোটারের হাতে রবীন্দ্র সরোবরকে দেওয়ার কোনও পরিকল্পনা ছিল কি? নাকি সেটা বন্ধ রেখেছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এরকম কোনও পরিকল্পনা আমাদের নেই। আমরা যা করছি সরকার পক্ষ থেকে করছি। জাতীয় লেক হিসেবে ইতিমধ্যেই এটা স্বীকৃতি পেয়েছে। সেজন্য আশা করছি, কেন্দ্রীয় সরকার কিছু সহযোগিতা করবেন এবং রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা নিয়ে আমরা যা করবার নিজেরা করব। প্রমোটর ইনভলভ করার প্রশ্ন নেই।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, রবীন্দ্র সরোবর এলাকায় ৪টে রোয়িং ক্লাব, ৩টে সুইমিং ক্লাব আছে। এর মধ্যে একটা সুইমিং ক্লাব ৫০ বছরের পুরানো। রবীন্দ্র সরোবরের আশেপাশের ক্লাবগুলো বিয়ে বাড়ির কাজে ভাড়া দেয়, এবং এর ফলে নানা বর্জ্যপদার্থ রবীন্দ্র সরোবরের জলে এসে পড়ে। রবীন্দ্র সরোবরের দক্ষিণ দিয়ে যে রাস্তা আছে তার ইট উঠে গেছে। আমি রবীন্দ্র সরোবরের পাশে থাকি। রবীন্দ্র সরোবরের জলে রোজ ৩ হাজার লোক চান করেন। রবীন্দ্র সরোবরের জলে চান করা নিষিদ্ধ। রবীন্দ্র সরোবর পুরো নষ্ট হয়ে যাচ্ছে। এখানে রাস্তা নষ্ট হয়ে গেছে, গাছ ভাঙছে,

সমাজবিরোধীদের উপদ্রব বাড়ছে। সরোবরের দক্ষিণ দিকে, যেখানে লিলিপুল পার্ক ছিল, বেঙ্গল রোয়িং ক্লাব আছে সেই দিকের মেন রাস্তাটিতে এবং লেক ধরে যে রাস্তাটি আছে সেই রাস্তাটিতে আলো দেবার ব্যবস্থা করবেন কি? রাস্তাগুলো খুবই খারাপ অবস্থায় আছে, সেগুলো সংস্কার করবেন কি?

[11-50 – 12-00 (Noon)]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ২০ লক্ষ টাকা আমরা খরচ করছি এবং প্রকল্প হাতে নিয়েছি। তবে এ কথা ঠিকই যে, ওখানে যে সমস্যা আছে তার সমাধান মাত্র ২০ লক্ষ টাকা খরচ করে করা সম্ভব নয়। তা দিয়ে যা কাজ হয়েছে বা হবে তা চোখে না পড়ারই মতো। তবুও আমি বলছি দক্ষিণ দিকের রাস্তাটির আমরা সংস্কার করব। আর লেক গার্ডেন ফ্লাই-ওভার যখন হবে তখন তার সাথে সাথে ঐ অঞ্চলের কিছু কিছু রাস্তাও সংস্কার করা হবে। মাননীয় সদস্য যে কথা বললেন সেকথা ঠিকই, ওখানে যে ক্লাবগুলো আছে সেগুলো সাঁতার শেখালে, তা নিশ্চয়ই শেখাতে পারে। তাতে আমাদের কিছু বলার নেই। কিন্তু কেউ যদি রোয়িং ক্লাবের নাম করে ওখানে আমোদপ্রমোদের ব্যবস্থা করে বা সেই উদ্দেশ্যে ক্লাব ভাড়া দিয়ে সরোবরের জল এবং পরিবেশ নষ্ট করে তাহলে তা আমরা কখনওই সমর্থন করতে পারি না। সেদিক দিয়ে আমরা কিছু রেসট্রিকশন ইমপোজ করতে যাচ্ছি।

## বৈদেশিক সহায়তায় পৌর উন্নয়ন

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, বিদেশি আর্থিক ঋণ এবং কারিগরি সহায়তায় রাজ্যে পৌর উন্নয়নের জন্য বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, কোন কোন দেশের সহায়তায় উক্ত পরিকল্পনা রূপায়ণের কাজ সম্পন্ন করা হবে;

(গ) উক্ত পরিকল্পনার অন্তর্ভুক্ত কর্মসূচিগুলি কি কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ, বিদেশি আর্থিক ও কারিগরি সহায়তায় রাজ্যে পৌর উন্নয়নের জন্য কয়েকটি বিশেষ প্রকল্পের প্রস্তাব করা হয়েছে।

(খ) সহায়তা প্রদানকারী সংস্থাগুলির তালিকা ভারত সরকার চূড়ান্ত করবেন। পুর বিষয়ক দপ্তর ইতি মধ্যে বিশ্বব্যাঙ্ক ও অন্যান্য কয়েকটি সংস্থার সঙ্গে প্রাথমিক আলোচনা করেছে।

(গ) উক্ত পরিকল্পনার অন্তর্গত কর্মসূচিগুলির মধ্যে আছে ঃ—

(১) জল সরবরাহ ব্যবস্থার উন্নতি।

(২) পয়ঃপ্রণালী সহ নিকাশি ব্যবস্থার উন্নতি।

(৩) আবর্জনা সংগ্রহ, সংবহন ও স্বাস্থ্য-সম্মত পদ্ধতিতে সংশোধনের ব্যবস্থার উন্নতি।

(৪) কয়েকটি শহরের পরিকাঠামোর উন্নয়ন।

(৫) মা ও শিশুর স্বাস্থ্যের উন্নয়ন।

(৬) শহরাঞ্চলে ক্ষুদ্র শিল্প বিকাশের পরিকাঠামোর উন্নয়ন।

(৭) বস্তি উন্নয়ন প্রকল্প।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন বিশ্বব্যাঙ্ক এবং অন্যান্য কয়েকটি সংস্থার সঙ্গে এই নিয়ে আলোচনা হয়েছে এবং ভারত সরকার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। তা প্রাথমিক স্তরে বিশ্বব্যাঙ্ক ছাড়া আর কোন কোন সংস্থার সঙ্গে আলোচনা হয়েছে, তা একটু বলবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** বিশ্বব্যাঙ্ক ছাড়া জার্মানী, ইতালি এবং জাপানের কয়েকটি সংস্থার সঙ্গে আলোচনা হয়েছে এবং তা ডিপার্টমেন্ট অফ ইকোনমিক অ্যাফেয়ার্সের মাধ্যমেই হয়েছে। সাধারণত তাদের মাধ্যমেই এই সমস্ত আলোচনা হয়ে থাকে। তবে এখন পর্যন্ত সমগ্র বিষয়টিই প্রাথমিক স্তরে আছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আমাদের রাজ্যে ক্ষুদ্র এবং মাঝারি শহরগুলোর জন্য নিবিড় উন্নয়ন প্রকল্প চালু আছে, যেটাকে আমরা আই.ডি.এস.এম.টি. বলি। এই প্রকল্পের মধ্যে দিয়ে আপনার বিভাগ উল্লেখযোগ্য ভাবে ক্ষুদ্র ও মাঝারি শহরগুলোর উন্নয়ন কাজ করে যাচ্ছে। এখন এই নতুন প্রকল্প কার্যকর হলে—যে বিশেষ পরিকল্পনা আপনি নিতে চলেছেন বিশ্বব্যাঙ্ক এবং অন্যান্য বিদেশি সংস্থার সাহায্যে তার মধ্যে কি ঐ সমস্ত ক্ষুদ্র ও মাঝারি শহরগুলোও অন্তর্ভুক্ত হবে যেগুলো আই.ডি.এস.এম.টি.-র অন্তর্ভুক্ত? না, সেগুলো বাদ দিয়ে বাকি শহরগুলো অন্তর্ভুক্ত হবে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সাধারণ ভাবে এত দিন আমরা বিশ্বব্যাঙ্ক বা আই.ডি.এস.এম.টি. বা ব্রিটিশ সাহায্যে যে উন্নয়নমূলক কাজগুলো করতাম তা মূলত কলকাতা এবং বৃহত্তর কলকাতাকে কেন্দ্র করে। বৃহত্তর কলকাতার বাইরে যে ক্ষুদ্র এবং মাঝারি শহরগুলো আছে সেগুলোকেই আমরা বেছে নিয়েছি এই প্রকল্পে অন্তর্ভুক্ত করবার জন্য।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে, বিশ্বব্যাঙ্ক ছাড়া তিনটি দেশ—জার্মানী, জাপান এবং ইতালির কিছু সংস্থার বৈদেশিক সাহায্য নিয়ে ৭টা ব্যাপারে উন্নয়ন কাজের পরিকল্পনা নিয়েছেন এবং প্রাথমিক স্তরে আলোচনা চলছে।

বেশির ভাগ পৌরসভাতেই এই ধরনের কাজের প্রয়োজন কিন্তু তাদের আর্থিক অবস্থা যা তাতে তারা নিজেরা পারবেন না এবং তার জন্যই আপনারা পরিকল্পনা নিচ্ছেন। এ ক্ষেত্রে এমন অনেক পৌরসভা আছে, যেমন আমার শান্তিপুর পৌরসভার জন্য একটি কমপ্রিহেনসিভ ড্রেনেজ স্কীমের ৬।। কোটি টাকার প্রোজেক্ট রিপোর্ট যা আপনার দপ্তর অলরেডি কমপ্লিট করেছেন, এরকম আরও পৌরসভা আছে—আমার জিজ্ঞাস্য, যে প্রোজেক্ট রিপোর্টগুলি অলরেডি কমপ্লিট হয়ে রয়েছে তাদের ক্ষেত্রে কি আপনারা এই স্কীমে অগ্রাধিকার দেবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আসলে এই ধরনের প্রকল্পের মধ্যে যখন কোনও শহরকে আমরা অন্তর্ভুক্ত করি তখন তার কিছু শর্ত থাকে। সেগুলি হচ্ছে, সেই সমস্ত শহরগুলির বাণিজ্যিক দিক, তার অবস্থানের দিক, তার অর্থনৈতিক দিক, তার গতি প্রকৃতিটা কি রকম, তার ভবিষ্যতটা কি রকম, জেলা শহর কিনা, গুরুত্বপূর্ণ শহর কি না, যোগাযোগের দিক থেকে গুরুত্বপূর্ণ স্থান কি না, শহরে বস্তির সংখ্যা কত, নিম্ন আয়ের লোকের সংখ্যা কত। এই সমস্ত নানান দিক দেখে আমরা শহরগুলিকে নির্বাচন করে থাকি। স্পেসিফিক কোনও শহরের কোনও একটা পরিকল্পনাকে এর মধ্যে অন্তর্ভুক্ত করা—এরকম ভাবে আমাদের নেই। আর আমরা এখনও পর্যন্ত শহরগুলির নামের তালিকা চূড়ান্ত করিনি। তবে আপনার কোনও প্রস্তাব থাকলে তা পাঠালে সময় মতো আমরা বিবেচনা করব।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** কলকাতা শহরকে এ ওয়ান সিটি করার প্রস্তাব আমাদের অনেক দিনের প্রস্তাব। সেটা এখনও পর্যন্ত মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে ইয়েস হয়নি। বৈদেশিক ঋণ নিয়ে কলকাতার বিশেষ বিশেষ জায়গা যেমন ধরুন চৌরঙ্গী, গড়িয়াহাট, শ্যামবাজারের ৫ মাথার মোড় এবং শ্যামবাজার, চিৎপুর—চিৎপুর, সেখানে তো ট্রাম চলছে। বাণিজ্যিক ব্যবস্থাকে যদি সচল রাখতে হয় তাহলে ট্রামকে তুলতেই হবে। আমার প্রশ্ন, এই টাকা থেকে কলকাতা শহরকে এ ওয়ান শহর হিসাবে পৌঁছানোর

জন্য বিশেষ কোনও পরিকল্পনা নেওয়ার কথা সরকার চিন্তা করছেন কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কোনও উন্নয়নের কাজেতে এ ওয়ান, কি এ-টু বা এ সিটি এগুলি ঠিক বিবেচিত হয় না। শহরগুলির গুরুত্ব দিয়ে এ ওয়ান কি এ সিটি নির্ণীত হয় এবং সেটা করে থাকেন কেন্দ্রীয় সরকার। এটার সাথে এরকম কাজের কোনও সম্পর্ক নেই। তবে আপনি যেটা বললেন সেটা পরিবহন দপ্তর ও.ই.সি.এফ.-এর ঋণ নিয়ে ফ্লাই ওভার ইত্যাদি করছে। আর কলকাতার ক্ষেত্রে আমরা যেটা চেষ্টা করছি সেটা হচ্ছে, এর স্যুয়ারেজ এবং ড্রেনেজ ব্যবস্থাকে উন্নত করার জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে ঋণ পাবার। এ বিষয়ে কিছুটা আলোচনা হয়েছে। ইতি মধ্যে বিশ্বব্যাঙ্ক, তারাও স্যুয়ারেজ এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের জন্য কিছু ঋণ দিতে আগ্রহ প্রকাশ করেছেন। কিছু প্রাথমিক আলোচনা হয়েছে। বিশ্বব্যাঙ্ক এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক পৃথিবীর গুরুত্বপূর্ণ ৬টি শহরের মেয়রদের আমন্ত্রণ জানিয়েছেন আলোচনার জন্য। আমাদের মেয়রও সেখানে যাবেন এবং সেখানে বিস্তারিত আলোচনা হবে। তাতে কলকাতার স্যুয়ারেজ এবং ড্রেনেজ ব্যবস্থার আরও উন্নতি করার কথা হবে।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় হুগলি, চুঁচুড়া, বাঁশবেড়িয়া পৌরসভা এবং চন্দননগর পৌরসভার কয়েকটি ওয়ার্ড নিয়ে বিশ্বব্যাঙ্কের সহায়তায় একটি জল প্রকল্পের কথা বহুবার তার বাজেট ভাষণে বলেছেন, নানান প্রকল্প উদ্বোধন করার সময়ও বলেছেন। আমার জিজ্ঞাস্য, সত্বর সেই প্রকল্পটি রূপায়ণের পথে যাচ্ছে কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** একটি হুগলি, চুঁচুড়া এবং আর একটি ব্যারাকপুর এলাকায়—এই দুটি বড় প্রকল্পের প্রিলিমিনারি যে প্রজেক্ট রিপোর্ট সেটা আমরা তৈরি করেছি এবং তা করে ঋণের জন্য পাঠিয়েছিলাম। কিন্তু সেখান থেকে এখনও পর্যন্ত ইতিবাচক কোনও সাড়া আমরা পাইনি।

## Starred Questions
## (To which written Answers were laid on the Table)

### হাওড়া কর্পোরেশনে অনুদান প্রাপ্ত অর্থ

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০) **শ্রী জটু লাহিড়ী ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত হাওড়া কর্পোরেশন মোট কত টাকা সরকারের কাছ থেকে অনুদান পেয়েছে (সালওয়ারি); এবং

(খ) উক্ত সময়ে ঐ পৌরসভা কত টাকা (সালওয়ারি) রেভিনিউ আদায় করেছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৪ সাল হইতে ১৯৯৭ সাল পর্যন্ত (আর্থিক বৎসর অনুযায়ী) হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন রাজ্য সরকারের কাছ থেকে সালওয়ারি নিম্নলিখিত অনুদান পেয়েছে।

১৯৯৪-৯৫ — ১৯,৩৭,৩৭,৬৯৬ টাকা

১৯৯৫-৯৬ — ১৫,৫৯,৮৪,৩৭৭ টাকা

১৯৯৬-৯৭ — ২৬,৮৪,৮৪,৮৮৫ টাকা

(খ) উক্ত সময়ে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের সাল ওয়ারি রেভিনিউ আদায়ের পরিমাণ দেওয়া হল।

১৯৯৪-৯৫ — ৬,৫২,৩২,৪২৭ টাকা

১৯৯৫-৯৬ — ৭,২০,৮৭,১৫৪ টাকা

১৯৯৬-৯৭ — ৫,৬৩,২৫,৪১৩ টাকা

## মেদিনীপুর জেলা বিভাজন

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৪) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলা বিভাজনের কোনও রূপরেখা তৈরি হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, তা কি?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## মুর্শিদাবাদে নতুন মহকুমা

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) এবং শ্রী**

**ইউনুস সরকার ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় একটি নতুন মহকুমা স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, সেটি কোথায় হতে পারে?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ডোমকলে।

[12-00 – 12-10 p.m.]

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received two notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Alleged anti-social activities at Naikura under Kotwali P.S. of Nadia district | : | Shri Sushil Biswas. |
| ii) | Erosion of Ganga in Murshidabad and Malda districts | : | Shri Abu Sufian Sarkar. |

I have selected the notice of Shri Abu Sufian Sarkar on the subject of erosion of Ganga in Murshidabad and Malda districts.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Susanta Ghosh :** Sir, the statement will be made on 30th March, 1998.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Home

(Police) Department to make a statement on the incident of gang-rape of one Bangladeshi woman in Howrah Yatrinibas.

**(Attention called by Shri Deba Prasad Sarkar on 20th March, 1998.)**

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

**মাননীয় অধ্যক্ষ মহোদয়,**

বাংলাদেশের কুমিল্লা জেলার লাক্সাম থানার অধীন হাজতিয়াবাসী জনৈক ফজলুল হকের কন্যা এবং আওয়ামী লিগের সদস্যা ও ইউনিয়ন বোর্ডের নির্বাচিত প্রতিনিধি শ্রীমতী হানুফা খাতুন (বয়স ঃ আনুমানিক ২৮ বৎসর), গত ২৪শে ফেব্রুয়ারি কলকাতা এসে ১০ নং সদর স্ট্রিটের ডিপ্লোম্যাট হোটেলে উঠেছিলেন। ২৬শে ফেব্রুয়ারি রাত সাড়ে এগারটার যোধপুর এক্সপ্রেস ট্রেনে করে আজমীর শরিফ যাবেন বলে তিনি বেলা প্রায় দুটো নাগাদ হাওড়া স্টেশনে চলে আসেন। শ্রীমতী খাতুনের অপেক্ষামান তালিকাভুক্ত টিকিট ছিল এবং সেজন্য তিনি স্টেশনের একজন টিকিট পরীক্ষককে তাঁর টিকিটটি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করেন। সেই টিকিট পরীক্ষক শ্রীমতী খাতুনকে মহিলা যাত্রীদের প্রতীক্ষালয়ে অপেক্ষা করতে বলেন। শ্রীমতী খাতুন মহিলা প্রতীক্ষালয়ে যান এবং বিশ্রাম নিতে থাকেন।

বিকেল প্রায় পাঁচটা নাগাদ দুজন অপরিচিত ব্যক্তি শ্রীমতী খাতুনের কাছে এসে তাঁর টিকিটটি নেয় এবং সেটিকে আসন-সংরক্ষণ নিশ্চিত করে তাঁর হাতে ফেরত দেয়। পরবর্তীকালে এদের দুজনের পরিচয় জানা যায়—একজন অশোক সিং নামে এক দালাল যে নিজেকে রেল দপ্তরে অত্যন্ত প্রভাবশালী বলে জাহির করে। দ্বিতীয় জন সিয়ারাম সিং সেও টিকিটের দালাল এবং হাওড়া স্টেশনের রেলের কর্মচারিদের বিশেষ পরিচিত।

রাত আট-টা নাগাদ সিয়ারাম সিং কাশী নামে একটি ছেলেকে নিয়ে শ্রীমতী খাতুনের কাছে আবার ফিরে আসে এবং বলে তিনি রাতের খাবার খেতে চাইলে যেন কাশীর সঙ্গে একটি রেঁস্তোরাতে যান। রাত নটা নাগাদ শ্রীমতী খাতুন ছেলেটিকে সঙ্গে নিয়ে নিকটবর্তী খাবারের দোকানে নিয়ে খাবার খান। খাওয়ার অব্যবহিত পরেই তাঁর বমি হয় এবং তিনি মহিলা প্রতীক্ষালয়ে ফিরে আসেন। তারপরেই অশোক সিং পূর্ব রেলের হাওড়া স্টেশনের পার্সেল সুপারভাইজার রফি আমেদকে সঙ্গে নিয়ে মহিলা প্রতীক্ষালয়ে আসে এবং শ্রীমতী খাতুনকে ট্রেনে ওঠার আগে যাত্রীনিবাস থেকে কিছু খাবার খেয়ে নেবার জন্য বলে। শ্রীমতী খাতুনের এবার কিছু সন্দেহ হয় কিন্তু মহিলা প্রতীক্ষালয়ের

কর্তব্যরত সহায়িকাদের কথায় বিশ্বাস করে তিনি তাদের সঙ্গে যাত্রীনিবাসে যান। যাওয়ার পথে সিতারাম সিং নামে হাওড়া স্টেশনের বৈদ্যুতিক বিভাগের একজন খালাসীও তাদের সঙ্গে যোগ দেয়। তারা তাঁকে যাত্রীনিবাসের দোতলার ১০২ নং ঘরে নিয়ে যায়। এ ঘরটি ২৫.২.১৯৯৮ তারিখ থেকে রেলওয়ে কার্ড পাস নং ৩৬৩৮ অনুযায়ী অশোক সিং-এর নামে বুক করা ছিল। ঐ ১০২ নং ঘরে আরও দুই ব্যক্তি যথা হাওড়া রেল স্টেশনের পার্সেল ক্লার্ক লালন সিং এবং ক্লিয়ারিং এজেন্ট আওদেশ সিং আগে থেকেই অপেক্ষা করছিল।

শ্রীমতী খাতুন এবার সম্ভবত খারাপ কিছু আঁচ করছিলেন। এমন সময় অশোক সিং জোর করে তাকে ঘরের মধ্যে ঢুকিয়ে দেয়। আওদেশ সিং বাইরে থেকে দরজার ছিটকিনি আটকে দেয় এবং বাইরে পাহারায় থাকে। বাকি চারজন—অশোক, লালন, রফি এবং সিয়ারাম ঘরে বসে মদ্যপান করতে থাকে এবং জোর করে শ্রীমতী খাতুনকেও মদ্যপান করতে বাধ্য করে। এরপর ঐ চারজন তাঁর উপর পরপর বলাৎকার করে। এই অমানবিক অত্যাচারে শ্রীমতী খাতুন শারীরিক ও মানসিক ভাবে বিপর্যস্ত ও হতবুদ্ধি হয়ে পড়েন। এই অবস্থা খানিকটা কাটিয়ে ওঠার পর তিনি যাত্রীনিবাসের ঘর থেকে পালিয়ে স্টেশন প্লাটফর্মে ফিরে যান। সেখানে তিনি আবার সিয়ারম সিং-কে দেখতে পান; সে তখন অশোক সিং-এর সঙ্গে কথা বলছিল।

শ্রীমতী খাতুনের দুরবস্থা দেখে সিয়ারাম সিং তাঁর রক্ষাকর্তার ভান করে এবং অশোক সিং-কে গালাগালি দেয় এবং চড়ও মারে। তখন মধ্যরাত পার হয়ে গেছে। যোধপুর এক্সপ্রেসও চলে গেছে। সেজন্য সিয়ারাম শ্রীমতী খাতুনকে ঐ রাতের মতো তার স্ত্রী ও শিশুদের সঙ্গে বিশ্রাম করার জন্য তার সঙ্গে তার বাড়িতে যেতে বলে। সে তাঁকে এই আশ্বাসও দেয় যে, পরের দিন সকালে সে তাঁকে পূর্বা এক্সপ্রেসে তুলে দেবে। এরপর সিয়ারাম এবং তার এক বন্ধু রাম সমীরণ শর্মা শ্রীমতী খাতুনকে কলকাতার জোড়াবাগান থানার ৬৬ নং পাথুরিয়াঘাটা স্ট্রিটে সর্মার ভাড়া করা ফ্লাটে নিয়ে তোলে। সেখানে সিয়ারাম তার ওপর বলাৎকার করে। যখন শ্রীমতী খাতুন প্রতিবাদ করেন এবং ভীষণ ভাবে প্রতিরোধ করার চেষ্টা করেন সিয়ারাম এবং রাম সমীরণ শর্মা তাঁকে খুন করার উদ্দেশ্যে তাঁর মুখ ও নাক চেপে ধরে। ফলে শ্রীমতী খাতুনের প্রচন্ড রক্তপাত হতে থাকে।

শ্রীমতী খাতুনের চিৎকার শুনে বাড়ির মালিক জোড়াবাগান থানায় খবর দেন। ওই থানার সাব ইন্সপেক্টর প্রদীপকুমার দাস শ্রীমতী খাতুনকে উদ্ধার করেন এবং সিয়ারাম সিং এবং রাম সমীরণ শর্মাকে গ্রেপ্তার করেন। ঐ পুলিস অফিসার শ্রী দাস এরপর শ্রীমতী খাতুনের বিবৃতি নথিভুক্ত করে এক্তিয়ারের প্রশ্নে হাওড়া রেল পুলিস থানার

ইন্সপেক্টর-ইন-চার্জের কাছে পাঠিয়ে দেন। সেই অনুযায়ী হাওড়া রেল পুলিস থানায় ভারতীয় দন্ডবিধির ৩৬৬।৩৭৬।৩৪।১৪৪।৩২৫।৩৭৯ ধারায় ২৭.২.১৯৯৮ তারিখে ১৯। ৯৮ নং মামলা রুজু করা হয়। পরে তারসঙ্গে ৩০৭ ধারাও যোগ করা হয়। প্রথমে হাওড়া রেল পুলিস থানা তদন্ত শুরু করে এবং পরে ৬.৩.১৯৯৮ তারিখে পশ্চিমবঙ্গের অপরাধ তদন্ত বিভাগ (সি.আই.ডি.) তদন্তের কাজ হাতে নেয় এবং হাওড়ার এক গোয়েন্দা ইন্সপেক্টরকে তদন্তের ভার দেওয়া হয়।

তদন্তকালে নিম্নোক্ত—ছয় আসামীকে গ্রেপ্তার করা হয়—

১। সিয়ারাম সিং
পিতা- সিউদীন সিং
নেতাজী পল্লী, ভদ্রেশ্বর, জেলা-হুগলি।

২। রাম সমীরণ শর্মা
পিতা- রামাশিস শর্মা, ওরফে সিং
৬৬, পাথুরিয়াঘাটা স্ট্রিট, জোড়াবাগান, কলকাতা।

৩। অশোককুমার সিং
পিতা- বীরেন্দ্রকুমার সিং ওরফে প্রসাদ,
মনঝিয়ানা, থানা-কাঁচ, জেলা-গয়া, বিহার।
সে একজন রেলের টিকিটের দালাল।

৪। রফি আমেদ
পিতা- মৃত কাজিম,
৪৩/১, বিপ্রদাস চ্যাটার্জি লেন,
থানা-শিবপুর, জেলা-হাওড়া।
সে হাওড়া স্টেশনের পার্সেল সুপারভাইজার।

৫। আওদেশ সিং
পিতা- মৃত ভরিচাঁদ সিং
৯৩।৯৪, অতীন মুখার্জি লেন,
থানা-শিবপুর, জেলা-হাওড়া।
সে হাওড়া স্টেশনে একজন পার্সেল ক্লিয়ারিং এজেন্ট।

৬। সিতারাম সিং
পিতা-শ্রী ভাগেশ্বর সিং

১ নং আউট হাউস, কোলভিন কোর্ট, চার্চ রোড,
থানা ও জেলা-হাওড়া।
সে হাওড়া স্টেশনের বৈদ্যুতিক বিভাগের একজন খালাসী।

অপর এক আসামী লালন সিং পিতা-ক্রোরপতি সিং ১ নং খগেন্দ্রনাথ চ্যাটার্জি লেন, থানা-কাশীপুর কলকাতা। সে হাওড়া স্টেশনের একজন পার্সেল ক্লিয়ারিং এজেন্ট, ২.৩.১৯৯৮ তারিখে আদালতে আত্মসমর্পণ করে এবং সেখান থেকে তাকে হেপাজতে নিয়ে যাওয়া হয়।

সি.আর.পি.সি.-র ১৬৪ ধারা মতে শ্রীমতী খাতুনের বিবৃতি বিচার বিভাগীয় নথিভুক্ত করা হয়। হাওড়া জেনারেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা এবং ডাক্তারি পরীক্ষার পর তাঁকে শেঠ সুখলাল কারনারী মেমোরিয়াল হাসপাতালে আরও ভালভাবে চিকিৎসা করার জন্য পাঠানো হয়।

ফরেনসিক সায়াঙ্গ ল্যাবরেটরি এবং ফিঙ্গার প্রিন্ট ব্যুরোর বিশেষজ্ঞদের একটি দল ঘটনাস্থল দুটি পরিদর্শন করে এবং কিছু আঙুলের ছাপ সহ কয়েকটি খালি মদের বোতল উদ্ধার করেন।

উপরিউক্ত সাতজন আসামীকেই গত ৯.৩.১৯৯৮ তারিখে এক সনাক্তকরণ প্যারেডে হাজির করানো হয়। শ্রীমতী খাতুন তাদের মধ্যে ছয়জনকে সনাক্ত করেন।

ফরেনসিক সায়ান্স এবং ফিঙ্গার প্রিন্ট ব্যুরোর বিশেষজ্ঞদের রিপোর্টের জন্য অপেক্ষা করা হচ্ছে। তদন্তের কাজ খুব দ্রুত শেষ করার জন্য সবরকম ভাবে চেষ্টা করা হচ্ছে।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, কলকাতাস্থিত বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের সহায়তায় গত ১২.৩.১৯৯৮ তারিখে পুলিসি প্রহরায় শ্রীমতী হানুফা খাতুনকে হরিদাসপুর সীমান্ত চেকপোস্ট দিয়ে বাংলাদেশ সরকারের অফিসারদের হাতে তুলে দেওয়া হয়।

এই ঘটনা নিয়ে কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ সম্পর্কিত মামলা হয়েছে। মামলার নম্বর ডব্লু.পি নং ৪৯৪ অফ ১৯৯৮; এবং বিবরণ শ্রীমতী চন্দ্রিমা দাস বনাম ভারত সরকার ও অন্যান্য পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র বিভাগের পক্ষে স্বরাষ্ট্র সচিব মহামান্য আদালতে হলফনামা পেশ করেছেন। বিষয়টি এখন বিচারধীন রয়েছে।

যুদ্ধকালীন তৎপরতায় রেলের টিকিটের অবৈধ কেনাবেচার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। রেলের সমস্ত বুকিং কাউন্টারে ঐগুলি খোলা থেকে বন্ধ হওয়া পর্যন্ত পুলিস পিকেট আছে। বুকিং কাউন্টারের আসেপাশে সাদা পোশাকের রেল পুলিশের লোকজন

মোতায়েন করা হয়েছে। এ ছাড়া মহিলা পুলিশেরও সাহায্য নেওয়া হচ্ছে ১৯৯৭ সালে রেলওয়ে আইনের ১৪২ ও ১৪৩ ধারায় টিকিটের দালালির অপরাধে ১৩৯ জনের বিরুদ্ধে এবং এ বছরে আজ পর্যন্ত ৪৫ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। আসামীরা খালাস পেয়ে যায় তবে পুলিসি তৎপরতা অব্যাহত রয়েছে।

রেলে আসন বে-আইনি ভাবে বিক্রি করার অপরাধে ভারতীয় রেলওয়ে আইনের ১৫৫ ধারায় ১৯৯৭ সালে ৯৬৪ জনকে এবং ১৯৯৮-এর ১৫ই মার্চ পর্যন্ত ১৮৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ বিষয়ে করা ৪১৪টি মামলাই বিচারাধীন রয়েছে। রেল পুলিসের সঙ্গে রেলরক্ষী বাহিনীর সাহায্যও যুক্ত করে যাত্রীদের নিরাপত্তার ব্যবস্থা জোরদার করার চেষ্টা হচ্ছে। যাত্রী নিবাস কঠোর ভাবে নিয়ন্ত্রণে আনা হচ্ছে এবং রেল পুলিস ও রেল রক্ষী বাহিনী যুগ্মভাবে এর প্রহরায় রয়েছে। অনুমোদিত হকারদের বিরুদ্ধেও অভিযান জোরদার করা হয়েছে। এ বছরে আজ পর্যন্ত ৭৯ জন অবৈধ হকারকে গ্রেপ্তার করা হয়েছে।

শিয়ালদহ স্টেশনেও টিকিটের দালাল, যৌনকর্মী ও অবৈধ হকারদের বিরুদ্ধে অভিযান জোরদার করা হয়েছে। বর্তমান বছরে এ পর্যন্ত ১০ জন দালাল ১৩৭ জন যৌনকর্মী এবং পকেটমার ও যাত্রীদের মালপত্র চুরির সঙ্গে যুক্ত ১২৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

[12-10 – 12-20 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই যে রিপ্লাই দিয়েছেন, আমি আপনার কাছে জানতে চাইছি যে, হাওড়া স্টেশনে এই যে সমাজবিরোধীদের শিকার হলেন বাংলাদেশের আওয়ামী লিগের নেত্রী, তিনি এই যে আক্রমণের শিকার হলেন, সেটি খুবই মর্মান্তিক। শুধু দেশের মধ্যে নয়, দেশের বাইরেও এই ঘটনা আমাদের মাথা হেঁট করে দিয়েছে, সেজন্য বিষয়টি এতটা গুরুত্ব পেয়েছে। আমার আপনার কাছে জিজ্ঞাস্য, হাওড়া স্টেশনে এবং শিয়ালদহ স্টেশনে এই ধরনের সমাজবিরোধী কার্যকলাপ একেবারে অর্গানাইজড গ্যাং দীর্ঘদিন ধরে চালাচ্ছে। এটা ক্রমাগত বাড়ছে, এটা ফ্যাক্ট। এই হাওড়া স্টেশনের যাত্রী নিবাসকে শিয়ালদহ-এর ডি.আর.এম. তিনি হাওড়ার রেলওয়ে জি.আর.পি. র সুপারিন্টেনডেন্টকে জি.আর.পি. কন্ট্রোল রুমটি যাত্রীনিবাসে আনবার জন্য—এই ধরনের কার্যকলাপ বন্ধ করবার জন্য—একটা ইনস্ট্রাকশন দিয়েছিলেন। সেই সময়ে রেল কর্মচারিদের একটা অংশ, তারা এবং যারা সি.আই.টি.ইউ দলভুক্ত—কাগজে এই রকম বেরিয়েছে—তারা এতে বাধা দেয়। জি.আর.পি কন্ট্রোল রুমকে যাতে যাত্রীনিবাসের আওতায় আনা না হয়, তার জন্য তারা ইস্টার্ন রেলওয়ের জেনারেল

ম্যানেজার এবং ডি.আর.এম.-এর কাছে ডেপুটেশন দেয়। তারা জি.আর.পি. কন্ট্রোল রুমকে যাত্রীনিবাসে আনার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে।

প্রতি মাসে কয়েক লক্ষ পার্সেল বুকিং, রিজার্ভেশন অফ টিকিটস এই সমস্ত বাবদ দালালি কয়েক লক্ষ টাকা আদায় হয়। তার আবার ভাগ আছে। ছটি পুলিশের শাখা তারা একটা ভাগ পায়। ঐ সমস্ত গ্যাং স্টারস, অ্যান্টি সোশ্যালস-এর লিডার ভাগ পায় এবং সংশ্লিষ্ট রাজনৈতিক দলেরও ভাগ থাকে। ফলে এই রকম একটা ভিসিয়াস সার্কেল ডেভেলপ করেছে শিয়ালদহ এবং হাওড়া স্টেশনে। আমার কোয়েশ্চেন হচ্ছে, এই যে চক্র তৈরি হয়েছে, এর বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিয়েছেন? এই যে সমাজবিরোধী কার্যকলাপ চলছে, সেটা স্টেশন চত্বরে যাতে বন্ধ হয় এবং যাত্রীরা সুরক্ষিত হন, তার জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা নিয়েছেন? বিশেষ কোনও পরিকল্পনা থাকলে সেটা একটু শোনাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য মূল যে কথাটা বলেছেন, এই যে ঘটনাটা ঘটেছে, এটা খুবই দুর্ভাগ্যজনক, সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু এই ঘটনাটা ঘটার পরে অন্তত পুলিশি হস্তক্ষেপ এবং মূল আসামী গ্রেপ্তার এবং তদন্ত শুরু করা ইত্যাদি এখন পর্যন্ত যা হয়েছে, ঠিক আছে। কিন্তু হাওড়া স্টেশন চত্বর এলাকায় এবং শিয়ালদহ স্টেশন চত্বর এলাকায় যে পরিবেশ হয়ে আছে, মাননীয় সদস্য সে সম্বন্ধে যে উদ্বেগ প্রকাশ করেছেন, আমি তাঁর সঙ্গে একমত। যা হয়েছে তা হওয়া উচিত নয়। সমাজ বিরোধীদের দৌরাত্ম্য আছে। রেলওয়ে অথরিটির তাদের নিজস্ব কাজের একটা ধারা আছে। তার উপরে আমাদের নিয়ন্ত্রণ নেই। আমাদের স্টেট পুলিশ, জি.আর.পি. পুলিশের মধ্যে কো-অর্ডিনেশনের একটা অসুবিধা আছে। এই ঘটনা শুধু নয়, এর আগে রেল ডাকাতি এবং হাওড়া স্টেশনে কয়েকটি অপরাধের ঘটনা বৃদ্ধির ফলে আমরা জি.আর.পি., আর.পি.এফ. এবং রেলওয়ে অথরিটির সঙ্গে একটা মিটিং করে চেষ্টা করেছিলাম যাতে এই সমস্ত ঘটনা কতকটা নিয়ন্ত্রণে আনা যায়। হাওড়া এবং শিয়ালদহ স্টেশনের কয়েকটি জিনিস আমি বলতে পারি, যেমন শিয়ালদহতে স্মাগলিং একটা বড় সমস্যা ছিল। দার্জিলিং মেলে কন্ট্রাব্যান্ড গুডস আসত। আমরা তা নিয়ন্ত্রণে আনতে পেরেছি। কিন্তু সমস্ত কিছু হয়নি। কারণ স্টেশন চত্বরে সমাজ বিরোধীরা খুবই সক্রিয়। দুঃখজনক হলেও বলতে বাধ্য হচ্ছি যে, এই ধরনের ঘটনাতে প্রমাণিত হয়েছে যে রেলওয়ে বিভাগের কিছু কর্মচারী এর সঙ্গে যুক্ত হয়ে যায়, তখন পরিস্থিতি আরও জটিল হয়ে যায়। আজকের এই ঘটনায় প্রমাণিত হয়ে যায় যে, তাকে পারসুয়েড করা হয়েছিল। কয়েকজন মহিলা বলেছিলেন যে হ্যাঁ, আপনি যান কিছুই অসুবিধা হবে না। এই ঘটনার উপরে যে ইনভেস্টিগেশান করা হয় তাতে ওই মহিলাদের গ্রেপ্তার করা হয়। রেলওয়ে স্টাফ হয়ে

ওই ধরনের কথা তারা বললেন, কেন এই ধরনের কথা তারা বলবেন? এই ঘটনাটি সব দিক থেকেই দুঃখজনক, কিন্তু এইক্ষেত্রে আমি বলতে পারি যে, হাওড়া স্টেশন চত্বরে এবং শিয়ালদহ স্টেশন চত্বরে এই ধরনের দৌরাত্ম্য যাতে আর বাড়তে না পারে তার জন্য কেন্দ্রীয় সরকারের এজেন্সির সঙ্গে আমাদের একসঙ্গে কো-অর্ডিনেট হয়ে যৌথভাবে কাজ করতে হবে। কিন্তু এই মুহূর্তেই এটা করা খুবই কঠিন।

## POINT OF ORDER ON TORNADO IN MIDNAPORE

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় যে আমাকে বলতে অনুমতি দিয়েছেন এরজন্য প্রথমেই তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। গতকাল মেদিনীপুরের দাঁতন অঞ্চলে প্রদেশ কংগ্রেস সভাপতি এবং বিধায়ক শ্রী সোমেন মিত্রের নেতৃত্বে আমরা কয়েকজন ওখানে গেছিলাম। সেখানে গিয়ে শুনলাম পঙ্কজ ব্যানার্জি এবং শোভনদেব চট্টোপাধ্যায়ও সেখানে গিয়েছিলেন, কিন্তু আমাদের সঙ্গে দেখা হয়নি। আমরা সরজমিনে যা দেখে এসেছি সেই হিসাবে আপনার কাছে অনুরোধ করছি এই বিষয়টাকে গুরুত্ব সহকারে দেখে এই বিষয়ে ডিসকাস করুন। বিষয়টি অত্যন্ত জরুরী, সারা পৃথিবীর মানুষের কাছে এই সংবাদ ছড়িয়ে গেছে, ভারতবর্ষে তো বটেই। পশ্চিমবঙ্গ সরকার এটাকে কতখানি গুরুত্ব সহকারে দেখছে তা বুঝতে পারছি না। শুনলাম গতকাল এই বিষয়ে ডিসকাশন হয়েছে, কিন্তু তবুও আমার প্রথম বক্তব্য হচ্ছে যে, যারা সরেজমিনে দেখে এসেছেন সেইসব কিছু মন্ত্রী, এখানে বক্তব্য রাখুন। তাদের কাছ থেকে শোনার জন্যে আরেকটা ডিসকাশন করার সুযোগ আপনি করে দিন। পশ্চিমবঙ্গ সরকার কতটা গুরুত্ব সহকারে বিষয়টা দেখছে সেটা আমাদের বুঝতে হবে। আমার দ্বিতীয় অভিযোগ হচ্ছে যে, বিভিন্ন স্বেচ্ছা-সেবী সংস্থা রিলিফ নিয়ে যাচ্ছে, কিন্তু রিলিফ বন্টন করতে দেওয়া হচ্ছে না। ওখানে একজন স্থানীয় পঞ্চায়েত সভাপতি ক্যাম্প করে বসে আছেন, সি.পি.এম.-এর তো বটেই, তা না হলে এই সাহস হবে কি করে, তিনি বলছেন যে, আপনারা যেখান থেকে যে রিলিফ নিয়ে আসুন এখানে যা করব আমি করব। এখানে আপনাদের কাউকে কিছু গিয়ে দিতে হবে না। সেই কারণে আপনার কাছে দাবি এবং অনুরোধ হচ্ছে যে, যেসব স্বেচ্ছাসেবী সংস্থা ওখানে যাচ্ছে তাদেরকে কাজ করার সুযোগ করে দিন। যে অপ্রতুল রিলিফ সেখানে যাচ্ছে তার পরিমাণ বাড়ানোর দরকার। ওই অপ্রতুল রিলিফ যা দেওয়া হচ্ছে তাতে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কাজ হচ্ছে। এই যে ডিসক্রিমিনেশন এটা বন্ধ করতে হবে। সেই কারণে আমার দ্বিতীয় সাজেশন হচ্ছে যে, বিধায়ক বন্ধুদের সঙ্গে নিয়ে একটা অল পার্টি রিলিফ কমিটি করা হোক এবং এটাই আমার দাবি। সাধারণ মানুষ যাতে বাঁচতে পারে ওখানে সেটা দেখা দরকার। রিলিফের বন্টন ঠিকমতো হচ্ছে না, একেই তো অপ্রতুল রিলিফ, তাও বন্টন ঠিকমতো হচ্ছে না।

আমরা দেখলাম ওখানে রিলিফ দেওয়া হচ্ছে তাতে ওখানে খাবারের সংস্থান হচ্ছে যেমন চিঁড়ে, গুড় ইত্যাদি মিলছে কিন্তু ত্রিপলের ব্যবস্থা করতে হবে। তারা ত্রিপলের ব্যবস্থা করতে বলছে, তারা বলছে যে আমাদের আচ্ছাদন নেই, ইমিডিয়েট তার ব্যবস্থা করুন। কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার যে রিলিফের ব্যবস্থা করেছেন সেটা যথেষ্ট নয়, আরও বাড়ানো দরকার। রিলিফ যে দেওয়া হচ্ছে সেটা যাতে সমভাবে বন্টন হয় তার জন্য অল পার্টি রিলিফ কমিটি করা হোক।

[12-20 – 12-30 p.m.]

ওয়ার ফুটিং রিলিফ দিতে হবে। স্যার, সেখানে আমরা দেখেছি একটি মাত্র টিউবওয়েল অতবড় বিশাল জায়গায়—যা ঘুরে দেখেছি—কাজ করছে, সেখান থেকেও পরিষ্কার জল বেরুচ্ছে না। সেই জলও খাওয়ার মত নেই। কোনও পুকুরের জলও ব্যবহার করা যাচ্ছে না। পুকুরের মাছ মরে গিয়েছে, পুকুরের জল ঘোলা হয়ে গিয়েছে, চিকিৎসার ব্যবস্থা নেই, ওখানে চিকিৎসার ব্যবস্থা করতে হবে। যে সমস্ত লোকেদের হেলথ সেন্টারে দেওয়া হয়েছে সেখানে চিকিৎসার ব্যবস্থা নেই, ইনফ্রাস্ট্রাকচার নেই। এতগুলি লোকের যে চিকিৎসা ব্যবস্থা হবে সেই ব্যবস্থাও নেই। যদিও তাদের এই ব্যাপারে দোষ দেওয়া যায় না। সদর হাসপতালে, খড়গপুর হাসপাতালে একসঙ্গে এতগুলি রোগী পৌঁছে সেখানে চিকিৎসা ব্যবস্থা ঠিকমতো নেই, তাই বাইরে থেকে আমরা বলতে চাই, সেখানে হেলথ টিমের ব্যবস্থা করা দরকার। আমরা ন্যাচারাল ক্যালামিটিতে দেখেছি তার জন্য ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনারা টাকা পান, এর সঙ্গে ম্যাচ করে পশ্চিমবঙ্গ সরকারেরও টাকা দেওয়া উচিত। উড়িষ্যার মুখ্যমন্ত্রী এসে দেখে গেলেন, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি যদি ধরে নিই অসুস্থ, তিনি যাবার মত অবস্থায় না থাকেন তাহলে মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় আছেন, তারা তো যখন তখন রাজনীতির কারণে হেলিকপ্টার ব্যবহার করেন, তাহলে কেন একজন মন্ত্রীও সেখানে যাননি? কেন্দ্রীয় সরকার সেখান থেকে লোক পাঠিয়েছে, দেখা যাচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে মাথা ঘামাচ্ছে না। তাই আপনার কাছে অনুরোধ করছি, এখুনি একটা জয়েন্ট কমিটি করে সেখানে ওয়ারফুটিঙে রিলিফ দেওয়ার ব্যবস্থা করুন। প্রপার কমপেনসেট করুন, প্রপার রিলিফ দিন। রিহ্যাবিলিটেশন-এর ব্যবস্থা করুন, পানীয় জলের ব্যবস্থা করুন, চিকিৎসার ব্যবস্থা করুন।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশুদিন মেদিনীপুরের দাঁতনে যে দুঃখজনক প্রাকৃতিক দুর্যোগ হয়ে গেল, যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তাতে যারা মৃত্যুমুখে পতিত হয়েছে এবং যারা আহত হয়েছেন তাদের প্রতি শোক এবং সহানুভূতি প্রকাশ করে আমি দু-একটি কথা উপস্থাপিত করতে চাই। আমাদের বিরোধী পক্ষের

নেতারা আমাদের মন্ত্রী সুশান্ত ঘোষ যে কথা বলেছিলেন, আজকে দেখতে পাচ্ছি. এখানে এই প্রাকৃতিক দুর্যোগের মতো ঘটনা নিয়ে তারা রাজনীতি শুরু করে দিয়েছেন। আমরা যখন অত্যন্ত গুরুত্ব দিয়ে এই প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলার জন্য ব্যস্ত, আমাদের ৪ জন মন্ত্রী তারা চলে গিয়েছেন, পরে ২ জন মন্ত্রী গিয়েছেন, মোট ৬ জন মন্ত্রী গিয়েছেন। যে ৪ জন মন্ত্রী প্রথমে গেলেন তার মধ্যে স্বাস্থ্যমন্ত্রী, পঞ্চায়েত গ্রামীণ উন্নয়ন মন্ত্রী, আমাদের ত্রাণমন্ত্রী, জলসম্পদ উন্নয়ন মন্ত্রী এবং পরে আরও দুইজন মন্ত্রী গিয়েছেন। মুখ্যমন্ত্রী গেলে পরে শো হয়, সেই শো-এর ব্যাপারে আমরা নেই, আমরা যেটা চাইছি গুরুত্ব দিয়ে এই ত্রাণের ব্যবস্থাটা দেখতে।

স্বাস্থ্যমন্ত্রী পার্থ দে সেখানে মেডিক্যাল টিম নিয়ে গেছেন, ত্রাণমন্ত্রী সেখানে গেছেন, পঞ্চায়েত মন্ত্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় সেখানে গিয়েছেন, নন্দগোপাল ভট্টাচার্য সেখানে গিয়েছেন। ওয়ার ফুটিং ভিত্তিতে সেখানকার ব্যবস্থা দেখার জন্য তারা সেখানে উপস্থিত থেকে কাজ করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই আশঙ্কাজনক অবস্থার মধ্যেও ওরা রাজনীতি করছে। গতকাল আমরা দেখলাম প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী ঐ জেলার পাঁচজন এম.পি.র সঙ্গে আলোচনা না করে তিনি মমতা ব্যানার্জিকে সেখানে পাঠিয়ে দিলেন রাজনৈতিক উদ্দেশ্য সাধিত করার জন্য। সামনেই পঞ্চায়েত নির্বাচন, তৃণমূল কংগ্রেসিরা যাতে ওখানে টাকা নয়ছয় করতে পারে সেইজন্যই কেন্দ্রীয় সরকার আমাদের ওখানকার পাঁচজন এম.পি.-কে হুটআউট করে দিয়ে সাংসদ মমতা ব্যানার্জিকে ওখানে পাঠালেন। এই ঘটনার আমি তীব্র নিন্দা জানাচ্ছি। ভোটের মাধ্যমে কংগ্রেসিদের শিক্ষা হয়নি, আজকে ত্রাণের ব্যাপারেও তারা রাজনীতি করছে, আমি এই ঘটনার তীব্র ধিক্কার জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পদ্মনিধি বাবু কলকাতায় বসে থেকে তিনি রাজনীতি দেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় কালকে আমরা গিয়েছিলাম, চকইসলামপুর, বাইপাটনা, কসবাপোলা, আরুয়া, ধূসরাদি, বাগমারি, মোহনপুর, রামপুর, সিঙ্গুরি এবং রাজনগর এই গ্রামগুলোর উপর দিয়ে গত পরশু দিন একটা টর্নেডো বয়ে গেছে। সৌভাগ্যবশত যে অঞ্চলের উপর দিয়ে এই টর্নেডোটা বয়ে গেছে এর বেশির ভাগ অঞ্চলই হচ্ছে চাষযোগ্য জমি, সেখানে বসতিযোগ্য বাড়ি খুব কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রকৃতির এই ধ্বংসলীলা চোখে না দেখলে বোঝা যাবে না। প্রাকৃতিক বিপর্যয় ঘটতেই পারে, তাতে রাজ্য সরকারের কোনও হাত নেই। কিন্তু প্রায় চব্বিশ ঘন্টা পরেও মৃতদেহগুলো তখনও ছড়িয়ে ছিটিয়ে আছে। ঐ মৃতদেহগুলো তখনও সরি[illegible] যায়নি। এই ঘটনার মানবিক চিন্তাধারা দিয়ে বিচার-বিশ্লেষণ করতে হবে, পরে রাজনৈতিক বিচার-বিশ্লেষণ আমরা করব এবং সাড়া দেওয়ার চেষ্টা করব। কিন্তু পশ্চিমবঙ্গ এবং

উড়িষ্যার বর্ডার এলাকার পাশাপাশি দুটি গ্রাম। পশ্চিমবাংলাতে মানুষ মরেছে, ঘর বাড়ি ভেঙ্গেছে, গবাদি পশু মারা গেছে এবং উড়িষ্যাতেও মানুষ মারা গেছে। উড়িষ্যার মুখ্যমন্ত্রী বিভিন্ন দপ্তরের মন্ত্রী ও অফিসারদের নিয়ে কাজকর্মের তদারকি করেছেন। মৃতদেহগুলো সেখান থেকে সরিয়ে নিয়ে গিয়ে সরকারি ব্যবস্থাপনায় হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে এবং গোটা ব্যবস্থাপনাটা উড়িষ্যার মুখ্যমন্ত্রী নিজে দাঁড়িয়ে থেকে পরিচালনা করেছেন। স্যার, আমাদের দুঃখ ওরা এখানে চিৎকার করছে, কিন্তু ভারতের প্রধানমন্ত্রী যখন ওখানকার একজন সাংসদ ইন্দ্রজিৎ গুপ্তকে ওখানে যাবার কথা বলেন, তখন তিনি যেতে রাজি হননি। তিনি ঘুমিয়ে ছিলেন, যারা জেগে ঘুমায় তারা কি করে জাগবে। তখন মমতা ব্যানার্জিকে এবং কৃষিমন্ত্রীকে ঘটনাস্থলে যাওয়ার জন্য বলা হয়। এর মধ্যে রাজনীতিটা কোথায়? মমতা ব্যানার্জি একজন কেন্দ্রীয় মন্ত্রীকে নিয়ে দুর্গত মানুষদের কাছে গেলেন এবং নিহতদের পঞ্চাশ হাজার টাকা এবং আহতদের কুড়ি হাজার টাকা দেওয়া হবে বলে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেন। কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে দশ কোটি টাকা এবং উড়িষ্যা সরকারকে ১০ কোটি টাকা দিয়েছে।

এতে ক্ষতি কি হয়েছে? ওদের ঘুমন্ত শাবকদের জাগতে বলুন। মমতা ব্যানার্জি তো লড়াই করছেন, তার বিরুদ্ধে কোনও কথা নেই। মুখ্যমন্ত্রী সেখানে না গিয়ে শীতাতপ-নিয়ন্ত্রিত-কক্ষে কেন বসে আছেন,? এর জবাব চাই। যখনই পশ্চিমবাংলায় কোনও মহামারী, ন্যাচারাল ক্যালামিটিস হয়, তখনই তিনি অসুস্থতার ভেক ধরে বসে থাকেন।

[12-30 – 12-40 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুরে যে মর্মান্তিক ঘটনা ঘটে গেছে,—ওরাও স্বীকার করেছেন যে, এতে সরকারের কোনও দায়দায়িত্ব নেই, এটা প্রাকৃতিক দুর্যোগ। মুখ্যমন্ত্রীকে যে সেখানে যেতেই হবে, এমন কথা নেই,—মন্ত্রীসভার ৭ ৮ জন মন্ত্রী সেখানে অতি দ্রুততার সঙ্গে পৌঁছে গেছেন এবং ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রে দেখলাম কেন্দ্রের নতুন সরকারের এক অভূতপূর্ব দৃষ্টিভঙ্গি,—সেখান থেকে নির্বাচিত এম.পি.-কে জানানোই হল না, মমতা ব্যানার্জিকে অগ্রাধিকার দিয়ে সেখানে পাঠানো হল। এর মধ্যে আছে ন্যক্কার রাজনীতি। শুধু তাই নয়, লোকসভায় কয়েকটা সিট—বাড়তি কিছু নয়—পেয়ে তারা এখন পশ্চিমবাংলার মসনদের খোয়াব দেখছেন, রাইটার্স বিল্ডিংস-এর খোয়াব দেখছেন। তবে এটা জেনে রাখুন, ঐ ধাপ্পাবাজি করে মমতা ব্যানার্জি বারবার পশ্চিমবাংলার জনগণকে বিভ্রান্ত করতে পারবেন না। এই মমতা ব্যানার্জি একটা স্ফুলিঙ্গ হতে পারে, কিন্তু অগ্নুৎপাতের শক্তি তাতে নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুরে যে ভয়াবহ এবং

মর্মান্তিক ক্ষয়-ক্ষতি ও হতাহতের ঘটনা ঘটে গেছে, আমরা সকলে এই সভার শুরুতেই এই মৃতদের স্মরণে দু-মিনিট নীরব থেকে শ্রদ্ধা জানিয়ে সভার কাজ শুরু করেছি। বিষয়টি গোটা দেশের কাছেই অত্যন্ত মর্মান্তিক এবং নিশ্চয় এই নিয়ে রাজনীতি করা কারও পক্ষেই শোভন নয় এবং বাঞ্ছনীয়ও নয়।

বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে যা জানতে পারছি, এই হাউসে মাননীয় মন্ত্রীরাও যে বিবৃতি দিচ্ছেন—এই ত্রাণ এবং উদ্ধারকার্য ব্যাপারে যুদ্ধকালীন পরিস্থিতিতে ব্যবস্থা নিচ্ছেন এবং সহায়তা করছেন। এই ঘটনার পর আমি ব্যক্তিগতভাবে সেখানে না গেলেও আমাদের মেদিনীপুর জেলার কর্মীরা ঝাঁপিয়ে পড়েছেন। তাদের কাছ থেকে নিয়মিত সংবাদ পাচ্ছি এবং সংবাদপত্র ও দূরদর্শনের মাধ্যমেও দেখছি,—দুর্গতরা বলছে, তাদের কাছে ত্রাণ পৌঁছয়নি। সরকারি সহায়তার কথা এবং দুর্গতদের দুরাবস্থার কথা, এখানে একটা গ্যাপ দেখা যাচ্ছে। সেই ধ্বংসস্তুপের তলায় আটকে পড়া লোকেদের মধ্যে কতজন জীবিত, কতজন মৃত, তাও জানা যায়নি। আমি বলেছিলাম যে প্রয়োজনে সেনাবাহিনী নামিয়ে ব্যবস্থা নেওয়া উচিত। সময় অতিক্রান্ত হওয়া মানেই ম্যাসাকার। মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু আছেন, তিনি নিশ্চয় আপ টু ডেট খবর এবং তার লেটেস্ট পজিশন কি, এই ব্যাপারে আমাদের কনভারসেন্ট করবেন এবং আমি শুনেছি যে, ওখান থেকে মন্ত্রীরা ঘুরে এসেছিলেন এবং তাঁদের সামলাতে পুলিশ প্রশাসন ব্যস্ত হয়ে পড়েছে। এই ঘটনার ব্যাপারে যাতে যুদ্ধকালীন পরিস্থিতিতে ব্যবস্থা নেওয়া হয়, তার দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় বিরোধী দলের সদস্যরা এতবড় একটা মর্মান্তিক ঘটনা নিয়ে রাজনীতি করছেন এটা ঠিক নয়। আমাদের ত্রাণমন্ত্রী ফোন করেছিলেন পার্টি অফিসে যে এই রকম একটা মর্মান্তিক ঘটনা ঘটেছে। এই রকম একটা ঝড়ের সৃষ্টির জন্য সেখানে মানুষ মারা গেছে। আমরা টি.ভি.-তে দেখেছি। এটা অত্যন্ত মর্মান্তিক ঘটনা। পশ্চিমবঙ্গ, থেকে আমাদের সমস্ত স্তরের মন্ত্রীরা গেছেন। আমাদের শিক্ষা আছে, ১৯৭৮ সালের বন্যায়। বিরোধীদের আপনাদের আর শিক্ষা দিতে হবে না। সেইজন্য আমি বলছি যে, বামফ্রন্ট সরকার থেকে মুখ্যমন্ত্রীকে যেতে হবে কি? জ্যোতি বাবুকে যেতে হবে, কিনা সেটা বামফ্রন্ট সরকারই ঠিক করবে। আপনাদের কথায় নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যারা মারা গেছেন যাদের ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং যারা হাসপাতালে এখনও ভর্তি আছে, তাদের যাতে চিকিৎসা হয় এবং যাদের বাড়ি গেছে, তাদের সুব্যবস্থা হয়, তার অনুরোধ করছি। সেই এলাকায় এম.পি. আছেন, কেন্দ্রীয় সরকার দুই দিন বসতে না বসতেই, যুক্তফ্রন্টের এম.পি.-কে পাঠানো হল না, আর একজন কলকাতার মন্ত্রী তাকে নিয়ে এই সব হচ্ছে। এটাকে আপনারা সমর্থন করছেন। এটা ঠিক নয়। তাই সমস্ত ক্ষতিগ্রস্তদের জন্য যাতে সাহায্য দেওয়া হয়, তার অনুরোধ করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The whole incident is not only traumatic, not only catastrophic but also it is very painful not only to people who have been affected but to the people of the entire state, region and the country as a whole because generally the poorest of the poor are worst affected in these catastrophies. The more affluent can rehabilitate themselves other than less of these killed. It is the poor that need basic rehabilitation and they are need medicines, food, shelter. Whenever there is a catastrophy, the government machinery and social welfare organisations go into relief operation. I had been a Minister in 1978 and it is my experience that whenever there is massive relief operation in such type of catastrophies and whenever there is a VIP movement, it diverts the attention of the district officials who are involved in relief operations, because all the people have to put their attention on these VIPs. It is always a good policy to discourage a large number of VIPs to go to the affected areas immediately after the incident. The administration should be given a chance to work to set things out and the machinery moving it takes time because immediate reaction takes time. Administration must be allowed a free hand to move. If interference is done by important VIPs arriving over there, it goes to diverting the attention of the administration to relief work and also to divert the attention of the people who are involved in relief work. Many social welfare organisations are also going over there. So, it is my humble opinion that you must dissociate your political affiliation across party lines and you must join together and save these people irrespective of their party affiliation.

I would now request the Hon'ble Minister concerned to make a statement on what the government has done so far.

**(Noise And Interruptions)**

Please, please............... take your seat..............

**(Noise And Interruptions)**

Please, please, take your seat.... Please take your seat, Mr. *Mukherjee. I will have to take steps against you, please take your seat.*

**(Noise And Interruptions)**

*[12-40 – 12-50 p.m.]*

## STATEMENT UNDER RULE-346

..... (গোলমাল) .....

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার স্যার, বিরোধী সদস্যদের বক্তব্যের যে মূল বিষয় আমি সেগুলো বলছি। প্রথমে কালকে এখানে কিছু আলোচনা হয়েছে, সর্বশেষ আমার কাছে যা খবর এখানে যা আলোচনা হয়েছে, তাতে ৬টা গ্রাম নয়, ১৩টা গ্রাম ক্ষতিগ্রস্থ হয়েছে। দাঁতন, এগরা, মোহনপুরের ১৩টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্থ মানুষের সংখ্যা ১২ হাজারের মতো, ১ হাজার মানুষ বিভিন্ন ভাবে আহত হয়েছে, ২ হাজারের উপর বাড়ি সম্পূর্ণ ভাবে ভেঙ্গে গেছে, আরও কিছু বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এখনও পর্যন্ত আজকে সকাল পর্যন্ত, সাড়ে দশটার সময় কথা হয়েছে মৃতের সংখ্যা ৪৭। সরকারি দপ্তর থেকে যদি কোনও ভুল হয়ে থাকে, এ ব্যাপারে একাধিক বক্তব্য এসে গেছে, আমি তাই পরিষ্কার করতে চাই মৃতের সংখ্যা ৪৭।

(**এ ভয়েস ঃ** কালকে একজন মন্ত্রী বলেছেন যে মৃতের সংখ্যা ৮২।)

আমি স্বীকার করে নিচ্ছি যে ভুল হয়েছে। আমাদের দপ্তর থেকে রেডিও, টেলিভিশন, পি.টি.আই.-এর সঙ্গে যোগাযোগ করা হয়েছিল, তারা বলেছেন যে লোকাল করেসপন্ডেন্টরা যা বলছেন। তাঁদের আমি অনুরোধ করেছি যে এই ব্যাপারে আপনারা একেবারে স্পটে গিয়ে পুলিশ, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের সঙ্গে যোগাযোগ করে খবর পাঠাবেন। যদি ভুল করে থাকি তো আবার শুধরে নিচ্ছি মৃতের সংখ্যা ৪৭। আপনারা ৬টা গ্রামের কথা বলেছেন। ৬টা নয় ১৩টা। গ্রামের নাম যদি বলার দরকার না থাকে তাহলে বলছি না। মাননীয় সদস্য অম্বিকাবাবু বলেন নি যে রিলিফ পৌঁছয় নি, উনি বলেছেন ত্রাণ ব্যবস্থা অপ্রতুল। কিন্তু আমার কাছে এখনও পর্যন্ত যে হিসাব আছে সেটা হচ্ছে তারপোলিন পৌঁছে গেছে ৮ হাজার। আমাদের গ্রুয়েল কিচেন চলছে ১৩টা, যেখানে খিচুড়ি তৈরি করা হচ্ছে।

(**এ ভয়েস ঃ** মুখ্যমন্ত্রী গেলেন না কেন, তাহলে ব্যাপারটা আরেকটু ইম্পর্ট্যান্স পেত।)

এ ব্যাপারে আমি পরে বলব। এখনও পর্যন্ত ১১টা গ্রুয়েল কিচেন চলছে। এখনও

পর্যন্ত যা গেছে, মেডিক্যাল টিম ১৭টা স্পটে আছে। স্বাস্থ্য দপ্তরের সিনিয়র অফিসাররা, ডিস্ট্রিক্ট অফিসাররা চলে গেছেন। ৮ হাজার তারপোলিন, ৫ হাজার ধুতি, ৫ হাজার শাড়ি, ৫ হাজার লুঙ্গি, ৫ হাজার বাচ্চাদের জামা কাপড়। আর মিল্ক পাউডার মানে মিল্ক ব্যাগ গেছে ২০টি। শুধু এটা বলতে পারি যে, ডি.এম. কন্ট্রোল অফিস এবং আমাদের রিলিফের কন্ট্রোল অফিস প্রতি আধ ঘন্টা অন্তর যোগাযোগ হচ্ছে এবং কথা হচ্ছে, যা প্রয়োজন তা পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং জয়েন্ট সেক্রেটারির রিলিফ আজকে ওখানে চলে গেছে, বসে ওখানে কাজ করার জন্য, এই হচ্ছে সাধারণ ভাবে বলার। আর হাসপাতালের চিকিৎসার প্রশ্নে বলি এক হাজার মানুষ ইনজুরি হয়েছিল, তাদের মুলত ফার্স্ট অ্যাড করে ছেড়ে দেওয়া হয়েছে অনেককে। ৭৫ জন হসপিটালাইজড হয়েছে ডিস্ট্রিক্ট হসপিটালে আর কলকাতার এস.এস.কে.এম-এ। হসপিটালে ৩ জনকে নিয়ে এসেছি তাদের ব্রেন ইনজুরি আছে বলে, ওখানে হবে না তাই তাদের কলকাতায় নিয়ে এসেছি। আর যেটা বললেন সেটা হচ্ছে, আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে ২০ হাজার টাকা করে প্রত্যেক মৃতের জন্য ঘোষণা করা হয়েছে যেমন কেন্দ্রীয় সরকারের নিয়মে ৫০ হাজার টাকা করেন।

(**এ ভয়েস ঃ** এটা তো এমনি এমনিই পায়।)

কেন্দ্রীয় সরকার যেটা দিচ্ছেন সেটা তারা এমনি এমনিই পান ৫০ হাজার টাকা, আর আমাদেরটাও এমনি এমনিই পান ২০ হাজার টাকা। পরে কিছু দরকার হবে কি না সেটা ভেবে দেখছি। আর একটা কথা উঠেছে ক্ষয়-ক্ষতি হয়েছে অনেক, কিন্তু তার প্রিলিমিনারি রিপোর্ট আমাদের কাছে আছে, সব করা যাবে না যেমন কত গরু, ছাগল ইত্যাদি মারা গেছে, পানের বরজ নষ্ট হয়েছে, ১১৩ হেক্টর পানের বরজ নষ্ট হয়েছে, পুকুর ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু কথা হল মেডিসিন, জল ইত্যাদি নিয়ে, কিছু টিউবওয়েল নষ্ট হয়ে গেছে, টিউবওয়েলগুলিকে তাড়াতাড়ি তৈরি করা হচ্ছে, আর পুরনো টিউবওয়েলগুলিকে সেখানে ডিস-ইনফেক্ট করে বীজাণু মুক্ত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। পুকুরের জল লাগবে যে গরু, ছাগল বেঁচে আছে তাদের জন্য, তাই ওখানে ব্লিচিং পাউডার দেওয়া হবে। সূর্যকান্তবাবু ওখানে আছেন, স্বাস্থ্যমন্ত্রী ওখানে আছেন তাঁর সাথে আমার কথা হয়েছে। আমার সেক্রেটারি অমিতবরণ দেব তিনিও ওখানে আছেন। আমি অন্য কোনও বিষয়ে উত্তর দিতে চাইছি না। সে দিনের ঘটনার আকস্মিকতায় আমরা স্তম্ভিত হয়ে গিয়ে ছিলাম এবং সেই রাত্রেই আমাদের ৩ জন মন্ত্রী সেখানে গেছেন এবং পরেও মন্ত্রীরা গেছেন—যেটা মাননীয় স্পিকার বললেন, আমরা প্রশাসনের সঙ্গে কথা বলে বুঝেছি সত্যি করে এটা একটা সমস্যা হয়ে দাঁড়াচ্ছে কাজ করার সময় সেখানে বেশি মানুষ যাওয়ার জন্য। আর আপনাদের মূল কথা হচ্ছে মুখ্যমন্ত্রী কেন

যাননি। এটা মন্ত্রীসভার যৌথ দায়িত্বের ব্যাপার, মুখ্যমন্ত্রী যাননি—আমাদের ৯জন মন্ত্রী তারা সেই রাত্রের মধ্যে রিলিফ মন্ত্রী এবং সূর্যকান্ত মিশ্র জেলার মন্ত্রী তিনি গেছেন। আমি তো এটা বলছি না যে কেন অম্বিকা বাবু গেলেন, অতীশদা কেন গেলেন না? উনি তো বিরোধী দলের নেতা, আমি একথা বলি না, এ কথার কোনও মূল্য আছে? গেছেন, আপনারা খুব ভাল করেছেন, কিন্তু আমাদের মন্ত্রীরা তো তখনই গেছেন। এখন মনে হচ্ছে বেশি যাওয়াটা অসুবিধা হচ্ছে। কাল যাঁরা এসেছিলেন, আজ আবার দিল্লির একজন কেন্দ্রীয় মন্ত্রীর নেতৃত্বে ১২ জন এম.পি. আসছেন, এ এক দুশ্চিন্তা, চিফ সেক্রেটারি ব্যবস্থা করছেন, ডি.এম.-কে দাঁড়াতে হবে হেলিপ্যাডের সামনে। এতে কাজের ক্ষতি হয়ে যাবে, তাই আমি অনুরোধ করছি এই কটা দিন আমাদের প্রশাসন কাজ করুক, তার পর আরও অনেক সমস্যা রইল যদি স্পিকার স্যার বলেন তাহলে কয়েক দিন পরে আমরা সত্যিই সেখানে গিয়ে দেখতে পারি কি ক্ষয়ক্ষতি হল, কি রিলিফ দেওয়া হল ইত্যাদি। আরেকটা কথা বলতে পারি প্রায় ৭৫ ভাগই ডেব্রিজ সরানো হয়ে গেছে। দুর্ভাগ্যবশত এই যে পি.টি.আই. এবং টেলিভিশন নিঁখোজ বলে যাচ্ছে। কোথাও পাওয়া যাচ্ছে না এই রকম কোনও ব্যাপারই নেই। এখনও চূড়ান্ত ভাবে বলতে পারছি না যে এই ৪৭টা পরে ৪৭ই থাকবে কি না। একটা বিশাল অংশকে আমরা হাত দিতে পারিনি তা নয়। ৭৫ ভাগ ডেব্রিজ যা ছিল ভগ্নস্তূপ যা ছিল তা সরিয়ে দেওয়া হয়েছে। গতকাল সারা দিনে ছিল ৪১, কিন্তু বিকেলের দিকে দেখা গেল একটা ইট ভাটার মধ্যে কয়েকটা মৃতদেহ পড়ে আছে, তারা গ্রামের লোক নয়, গ্রামের লোক তাদের আইডেন্টিফাই করতে পারেনি, বাইরে থেকে তারা কাজ করতে এসেছিল। কালকে দুপুর ২ টার সময় ছিল ৪৭, আজ সকাল সাড়ে ১০টা পর্যন্ত ৪৭ই আছে। এমন কোনও জায়গা নেই যেখানে আমরা পৌঁছাতে পারিনি, কারণ সেখানে সিভিল ডিফেন্স এবং পুলিশ এবং সিভিল ডিফেন্সের মন্ত্রীও আছেন এবং তাঁরা বড় গ্রুপ নিয়ে গেছেন এবং ডেব্রিজ সরানোর ব্যবস্থা নেওয়া হচ্ছে।

[12-50 – 1-00 p.m.]

সমস্ত ডেব্রিজ সরানোর ব্যবস্থা হচ্ছে। মাননীয় সূর্যবাবুর সঙ্গে কথা বলে আমি যেটুকু বুঝেছি তাতে বলা যায় পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে আছে। যে চারজন মন্ত্রী গিয়েছেন তাঁরা বিকেলে ফিরে আসছেন। আমি, অর্থমন্ত্রী এই অ্যাসেম্বলির চেম্বারে সমস্ত মন্ত্রী এবং সেক্রেটারিদেরও নিয়ে আবার মিটিং করে বাকি সিদ্ধান্তগুলো নেব।

আরেকটা কথা বলতে ভুলে গেছি। মাননীয় অম্বিকাবাবু যেটা বলেছিলেন সে সম্বন্ধে বলি, এন.জি.ও.-রা বা বে-সরকারি প্রতিষ্ঠান যাঁরা যাচ্ছেন, আমাদের খোলা মনোভাব হচ্ছে, সবার সাহায্য আমাদের চাই। যাঁরাই সাহায্য করতে যাবেন তাঁদের

সাহায্য করতে দেওয়া উচিত। যদি সেখানে কোনও রকম বাধা থাকে, আমরা আলোচনা করছি—বাধা থাকা উচিত নয়। যাঁরাই রিলিফ নিয়ে যাবেন সকলে সেখানে রিলিফ দিতে পারবেন। ওখানে যদি কেউ আপত্তি করে থাকে আমরা হস্তক্ষেপ করব।

**Mr. Speaker :** The question is that I will call a meeting of all parties in my chamber tomorrow during the recess and we will take a decision there that what should be done because our Assembly will go on till 30th or 31st. After we adjourn, all party representative can go over there and see what is to be done, what is not done, what is further required to be done. You should give some time to settle these House.

Now a privilege motion of Shri Jyoti Krishna Chattopadhyay, Shri Tapas Chattopadhyay and Binoy Dutta against Shri Paresh Paul, Shri Tapas Banerjee, Shri Ramjanam Majhi and Shri Dilip Das.

নোটিশ সবাইকে দিয়ে থাকলে পড়ুন।

## PRIVILEGE MOTION

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩শে মার্চ, ১৯৯৮ বিধানসভার অধিবেশনে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত যখন বাজেট বক্তৃতা দিতে শুরু করেন তখন কংগ্রেস দলের বিধায়ক শ্রী পরেশ পাল নিজের আসন ছেড়ে কুৎসিত অঙ্গভঙ্গি ও চিৎকার করতে করতে মাননীয় অর্থমন্ত্রীর দিকে তেড়ে যান। শ্রী পাল মাননীয় অর্থমন্ত্রীর হাতে থেকে জোর করে বাজেট বক্তৃতার অনুলিপিটি কেড়ে নেন এবং তা ছিঁড়ে কুঁচিয়ে সভাকক্ষে ছড়িয়ে দেন। এরপর শ্রী পাল বিধানসভার ওয়েলে কর্মচারিদের টেবিলের ওপর উঠে দাঁড়িয়ে চিৎকার ও কুৎসিত অঙ্গভঙ্গি করতে থাকেন।

বাজেট বক্তৃতার সময় কংগ্রেস দলের বিধায়ক শ্রী তাপস ব্যানার্জি, শ্রী রামজনম মাঝি ও শ্রী দিলীপ দাস চিৎকার করতে করতে মাননীয় অর্থমন্ত্রীর দিকে তেড়ে যান। তাঁরা বাজেট বক্তৃতার অনুলিপি ছিঁড়ে তা সভা কক্ষে ছড়াতে থাকেন। শ্রী তাপস ব্যানার্জি অশালীন অঙ্গভঙ্গি ও চিৎকার করতে করতে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুর দিকে আস্তিন গুটিয়ে তেড়ে যান। শ্রী রামজনম মাঝি বিধানসভার ওয়েলে 'সময় জ্ঞাপক আলোক দন্ড'টি ভেঙ্গে দেন। তিনি বিধানসভার রিপোর্টারদের চেয়ার কেড়ে নিয়ে তা মাননীয় মন্ত্রী ও সরকারপক্ষের বিধায়কদের দিকে ছুঁড়ে দেন। অন্য একটি চেয়ার ভেঙ্গে তার হাতল টেবিলে বাজাতে থাকেন।

নানা রকম কুৎসিত অঙ্গভঙ্গি ও চিৎকার করে উক্ত চারজন মাননীয় সদস্য সভাকক্ষে এক জঘন্য, নারকীয় পরিস্থিতির সৃষ্টি করেন। অতএব, তাঁরা পবিত্র বিধানসভার মর্যাদাহানি করে সভার অবমাননা করেছেন।

সুতরাং আমরা উপরোক্ত চারজন মাননীয় বিধায়ক যথা শ্রী পরেশ পাল, শ্রী তাপস ব্যানার্জি, শ্রী রামজনম মাঝি এবং শ্রী দিলীপ দাসের বিরুদ্ধে বিধানসভার অবমাননার অভিযোগ তুলে যথাযথ শাস্তি বিধানের জন্য আবেদন করছি।

**শ্রী পরেশ পাল ঃ** (সভায় অনুপস্থিত।)

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমার মনে হয়, সেদিন আমি কোনও অশালীন আচরণ করিনি, গণতান্ত্রিক ভাবেই প্রতিবাদ জানাতে গিয়েছিলাম। কিন্তু আমার ব্যবহারে যদি কেউ দুঃখ পেয়ে থাকেন তাহলে আমার কিছু বলার নেই। আমি কোনও অসংসদীয় কাজ করি নি। আমি শুধু এলাকার মানুষের স্বার্থে এবং যে ভাবে, অন্যায় ভাবে বিধানসভায় জ্যোতিবাবু কাজকর্ম চালাচ্ছেন তার প্রতিবাদ জানাচ্ছিলাম। এর জন্য যদি শাস্তি পেতে হয় তাহলে আমার কিছু বলার নেই। বাংলার মানুষের স্বার্থে এই প্রতিবাদ আমাকে করতে হবে।

**श्री राम जनम माँझी :** आदरणीय अध्यक्ष महोदय, २३ मार्च को अर्थमंत्री महोदय जो भाषण पढ़ रहे थे, वक्तव्य मे पशिचम बंगाल के लोगो की सुविधा के लिए और पशिचम बंगाल में कारखाना जो बन्द है उसको खुलवाने का कोई उल्लेख नही किए। जो कारखाना वर्षो से बन्द पड़ा हुआ है। मजदूरो की बेकारी बढ़ रही है। बेकारी को दूर करने का कोई चर्चा उसमे नही था। गलत व्यवहार करने का कोई उद्देष्य नही था। मै प्रश्न जाने के लिए कोशिश कर रहा था। लेकिन मेरे विरुद्ध जो अशिलल भाषा का प्रयोग करने का आरोप लगाया गया है वह गलत है। मेरे खिलाफ जो अभियोग लगाया गया है वह सरासर असत्य है। मै कोई अशलील भाषा का प्रयोग नही किया थ।

**मिस्टर स्पीकर :** ठीक है अब जाइए, बैठ जाइए।

**श्री रामजनम मांझी :** सर, मेरे उपर लगाया गया अभियोग असत्य है।

**मिस्टर स्पीकर :** ठीक है बैठ जाइए।

**শ্রী দিলীপ দাস ঃ** অনুপস্থিত।

**মিঃ স্পিকার ঃ** দিলীপ দাস নেই, পরেশ পাল নেই। আমি লিডার অফ দি

অপোজিশনকে বলছি, আপনি ওদের খবর করবেন, যাতে ৩০ তারিখে ওঁরা হাউসে থাকেন। আমি তাপস ব্যানার্জি-কে জিজ্ঞাস করি মেম্বার হওয়ার সময় আপনাকে রুল বই দেওয়া হয়েছিল। বইটি কি আপনি পড়েছেন? রাজ্যপালের ভাষণের সময়, বাজেটের দিন আপনি যে ব্যবহার করলেন সেটা কোন রুলে আছে? কোন রুল অনুযায়ী আপনি এটা করলেন?

We are Governed by convention and precedence.

প্রিসিডেন্ট একটা আছে, ইস্ট পাকিস্তান ঢাকায়, হাউসের মধ্যে একজন ডেপুটি স্পিকার খুন হয়েছিলেন। যদি প্রিসিডেন্ট ফলো করতে হয় তাহলে আমাকে বা ডেপুটি স্পিকারকে খুন করতে হয়।

(এই সময় মাননীয় বিধায়ক শ্রী তাপস রায় কিছু বলতে ওঠেন।)

I am asking the delinquent member. I am not in dialogue with you. He has referred to precedence. I am talking of precedence.

প্রিসিডেন্ট আছে যে, একজন ডেপুটি স্পিকার হাউসের মধ্যে খুন হয়েছিলেন। (ভয়েস) তাহলে ওটা বাদ দিয়ে বাদ-বাকিগুলো আপনি মানেন? কথা হচ্ছে যে,

People in a democratic system elect a representative according to the Constitution. The Constitution give you certain rights and also lays upon you certain responsibilities.

Grievances of the members in the House may be expressed through debates through question through adjournment motions, through calling attention and no-confidence.

To maintain decorum and dignity of the House. You are more aware of the rights not aware of the responsibilities.

You have to deal it at an appropriate time. Now you are covering your faults. Your argument is very poor. You should argue in a better way through debate, no through throwing chairs, not by disturbing others.

তাঁরা আপনাকে ভোট দিয়েছেন, আপনার প্রতি বিশ্বাস, আস্থা রেখেছেন। তাঁরা

ভোট দেননি রাজ্যপালকে অপমান করার জন্য, তাঁরা ভোট দেননি চেয়ার ভাঙ্গার জন্য, ঝগড়া করার জন্য, গালাগাল করার জন্য। তাঁরা ভোট দিয়েছেন ডিবেটের মাধ্যমে গভর্নমেন্টের ত্রুটি, ঘাটতি বের করবার জন্য, জনগণের কথা বলবার জন্য।

[1-00 – 2-10 p.m.(Including Adjournment)]

**শ্রী অতীশচন্দ্র সিনহা** ঃ স্যার, আপনি আমাকে বলেছেন ৩০ তারিখ আমাদের বিধায়ক পরেশ পাল এবং দিলীপ দাস হাউসে যেন উপস্থিত থাকেন। পরেশ পাল দিল্লিতে আছেন, আমি নিশ্চয়ই চেষ্টা করব খবর দেবার, যোগাযোগ করবার চেষ্টা করব যাতে উনি আসেন। কিন্তু স্যার, ৩০ তারিখ আমাদের দলের তরফ থেকে রাজ্যের প্রত্যেক ব্লকে ডেপুটেশন দেওয়ার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তবে আমি দিলীপ দাসকেও বলব, তাঁর সঙ্গেও যোগাযোগ করবার চেষ্টা করব। কিন্তু তাঁর আসার ব্যাপারে আমার সন্দেহ আছে—যদি না আসতে পারে—

**Mr. Speaker :** The rules provides that I have to hear them.

**শ্রী অতীশচন্দ্র সিনহা** ঃ স্যার, আপনি যেটা আমাকে অনুরোধ করলেন সেটার ব্যাপারে আমি আমাদের অসুবিধার কথা বললাম।

**Mr. Speaker :** Any way, please see that they may come in the House on that day.

**Shri Atish Chandra Sinha :** Sir, I shall try my level best.

স্যার, আজকে কয়েকটা কাগজে দেখলাম, আপনি আমাদের ছেড়ে চলে যেতে চাইছেন। স্যার, আপনি এই হাউসের মধ্যমণি। বেশ কয়েক বছর ধরেই অত্যন্ত দক্ষতার সঙ্গে আপনি এই হাউস পরিচালনা করছেন। স্যার, আজকে আমরা খবরের কাগজে ঐ সংবাদ দেখে দুঃখিত হয়েছি। আজও আমরা আপনার হাউস পরিচালনা করার দক্ষতা লক্ষ্য করলাম। আমি মনে করি কাগজে যা বেরিয়েছে তা নিশ্চয়ই অসত্য হবে। আপনার কাছে আমার অনুরোধ, আপনি আমাদের মাঝে থেকে হাউস প্রিসাইড করুন।

**Mr. Speaker :** I belong to a certain political party and I am committed to that political party. I am guided by my party. If the party decides something I have to obey that. I cannot do anything on my own. Now recess. We will meet again at 2 p.m.

**(At this stage the House adjourned for recess till 2 p.m.)**

**(এই সময় সভা ২টো পর্যন্ত মুলতুবি ঘোষিত হয়।)**

[2-00 – 2-10 p.m.](After recess)

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অন এ পয়েন্ট অফ ক্লারিফিকেশন, স্যার, আজকে বক্তাদের লিস্টে আমাকে ইন্ডিপেন্ডেন্ট হিসাবে দেখানো হয়েছে কিন্তু এস.ইউ.সি.আই. ও জি.এন.এল.এফ.-এর প্রতিনিধিদের পার্টি হিসাবে দেখানো হয়েছে। আমি একটি রেজিস্টার্ড নন-রেকগনাইজড পার্টির প্রতিনিধি কাজেই এ সম্পর্কে আমি মনে করি পরিষ্কার ডিসিসন নেওয়া উচিত। কেন আমাকে এখানে ইন্ডিপেন্ডেন্ট হিসাবে দেখানো হল তা আমি পরিষ্কার ভাবে জানতে চাই।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** এর আগে আপনার নামটা কি ভাবে ছিল?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সেটা আমি দেখি নি, আজকে আমার নজরে পড়ল যে আমাকে ইন্ডিপেন্ডেন্ট হিসাবে দেখানো হয়েছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** কমল বাবু, আপনি বসুন, আমি দেখছি ফাইলে কি আছে তারপর আপনাকে বলব।

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৩শে মার্চ এই সভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৯৮/৯৯ সালের যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটের তীব্র বিরোধিতা করছি। স্যার, পশ্চিমবাংলার যে আর্থিক সমস্যাগুলি বাংলার মানুষের কাছে প্রকট হয়ে দেখা দিয়েছে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় সেই সমস্যাগুলি অতি সন্তর্পণে, ঠান্ডা মাথায় সরিয়ে রেখে কতকগুলি অসত্য প্রতিশ্রুতি দিয়ে গিয়েছেন। আমরা দেখছি, বছরের পর বছর তিনি একই ধরনের অসত্যের বেসাতি করবার চেষ্টা করে চলেছেন। স্যার, এই বাজেট বই-এর ছত্রে ছত্রে রয়েছে যে ওরা সর্বভারতীয় স্তরে একটা বিকল্প নীতি তৈরি করার চেষ্টা করছেন অর্থনীতির ক্ষেত্রে। গত দু দশক ধরে কি বিকল্প অর্থনীতির চেষ্টা করা হল? বিকল্প অর্থনীতির কথা বার বার উনি বলছেন কিন্তু আমরা দেখছি ওদের অপদার্থতার জন্য পশ্চিমবাংলার অর্থনীতির মেরুদন্ড বছরের পর বছর ন্যুব্জ থেকে ন্যুব্জতর হয়ে পড়ছে। আমি একটির পর একটি খাত নিয়ে আলোচনা করতে চাই। প্রথমে আমি শিক্ষা নিয়ে আলোচনা করতে চাই এবং তার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের শিক্ষা জগতের আসল চিত্র ও চেহারাটা তুলে ধরতে চাই। ৩.২৩ পরিচ্ছদে তিনি বলছেন, প্রাথমিক স্তরে এক হাজার শিক্ষাকেন্দ্র তিনি এই আর্থিক বছরে পশ্চিমবঙ্গে তৈরি করবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে যদি গতবারের বাজেট বক্তৃতার বইটা থেকে থাকে, দেখবেন, গতবারও উনি একই কথা বলেছেন—১০০০ প্রাথমিক বিদ্যালয় বিগত আর্থিক বছরে পশ্চিমবঙ্গের মানুষের জন্য তৈরি করবেন। আজকে পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সমীক্ষায় শিক্ষা-ব্যবস্থার কি হাল আমরা দেখতে পাচ্ছি? এই বইটা ওঁরাই ছাপিয়েছেন এবং এর সংখ্যাতত্ত্ব ওঁদেরই দেওয়া। আজকে রাজ্যে প্রাথমিক শিক্ষার অবস্থা কি? ১৯৮৬-৮৭ পশ্চিমবঙ্গে প্রাথমিক স্কুলের সংখ্যা ছিল ৫১,০০৩, ১৯৮৭-৮৮ সালে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫১,০০৩, ১৯৮৮-৮৯ সালে ৫১,০১৯, ১৯৯০-৯১ সালে ৫১,০২১, ১৯৯৩-৯৪ সালে ৫১,০২১, ১৯৯৫-৯৬ সালে সেই ৫১,০২১, ১৯৯৬-৯৭ সালে ৫১,০২১, ১৯৯৭-৯৮ সালে এসেও সেই ৫১,০২১! অর্থাৎ ১৯৮০ থেকে ১৯৯৮ পর্যন্ত এই ১৮ বছরে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত বাড়ল? সংখ্যায় ২১টি মাত্র বাড়াতে পেরেছেন। পশ্চিমবঙ্গে আজকে ২০ বছরের শাসনকালে সংখ্যাটাকে আপনারা ৫১ হাজার পেরিয়ে তার বাইরে নিয়ে যেতে পারেননি, সেই ৫১ হাজারের মধ্যে ঘোরাফেরা করছে। কেন না, কখনও ৫০,০০৮, কখনও ৫১,০১৯, আবার কখনও ৫১,০২১ বলে সংখ্যাটা দেখিয়েছেন। গত বছর বলেছিলেন, ১,০০০ প্রাথমিক বিদ্যালয় করব, এ বছরও বলছেন, ১,০০০ প্রাথমিক বিদ্যালয় করব। সেখানেই থেমে থাকেননি! বলেছেন, প্রতি জেলায় একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করে দেব। পশ্চিমবঙ্গে দুর্গাপুরে রিজনাল ইঞ্জিনিয়ারিং কলেজ রয়েছে, জলপাইগুড়িতে একটি রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ রয়েছে, হাওড়ার শিবপুরে রয়েছে বি.ই. কলেজ এবং যাদবপুরে যাদবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ রয়েছে। পশ্চিমবঙ্গের কলকাতা শহরে, হাওড়া শহরে, জলপাইগুড়ি এবং বর্ধমানে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ রয়েছে। উনি বলেছেন, ১৯৯৮-৯৯ সালের মধ্যে পশ্চিমবঙ্গে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি করবেন। ভারতবর্ষের প্ল্যানিং কমিশন বলেছেন, একটি বিশ্ববিদ্যালয় তৈরি করতে গেলে আনুমানিক ১২,০০০ কোটি টাকা লাগবে বিল্ডিং, ক্লাশ রুম, ফ্যাকাল্টি, অর্থাৎ তার ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে। মাননীয় অর্থমন্ত্রীর ১৯ কোটি টাকার ঘাটতি বাজেট। আজকে সেই ঘাটতি বাজেট নিয়ে তিনি হাওড়া, জলপাইগুড়ি, বর্ধমান জেলা বাদ দিয়ে আরও ১৬টি জেলায় একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি করে দেবেন এরকম ভাবছেন! আজকে শুধু প্রাথমিক স্কুলের সংখ্যা বাড়েনি তাই নয়, রাজ্যে জুনিয়র হাইস্কুলের অবস্থাই বা কি? ওঁরাই বলে থাকেন—শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব। ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে জুনিয়র হাইস্কুলের সংখ্যা ছিল ৩,৬৯৬টি। পশ্চিমবঙ্গে ওরা ক্ষমতায় আসার তিন বছর পরে ১৯৮০-৮১ সালে, টেবল ৩.১৪-এ দিয়েছেন, যেখানে জুনিয়র হাইস্কুলের সংখ্যা ছিল ৩,৬৯৬, সেখানে ১৯৯৭-৯৮ সালে জুনিয়র হাইস্কুলের সংখ্যা কত দাঁড়াল? সংখ্যাটা দাঁড়াল ২,৭৭৫। ১,০০০ জুনিয়র হাইস্কুল উঠে গেল, তুলে দেওয়া হল। যদি জুনিয়র হাইস্কুল প্রয়োজন

না থেকে থাকে তাহলে ২,৭৭৫টিই বা রয়েছে কেন? স্কুল উঠে গেছে, কারণ সেখানে কেউ পড়তে যায় না। আজকে রাজ্যে ক্লাশ ওয়ানে ভর্তি করতে রাত জেগে পিতামাতাকে ফর্ম সংগ্রহ করতে হয়। সন্তান জন্মাবার পর এখন পিতামাতাকে ভাবতে হয় কখন তাদের শিশুর তিন বছর হবে।

[2-10 – 2-20 p.m.(After Adjournment)]

তার জন্য এখন থেকে রাত জেগে স্কুলে স্কুলে ফর্ম আন, রাত জেগে স্কুলে স্কুলে লাইন দিয়ে ফর্ম জমা দাও, তারপর বাপ-মা কে পরীক্ষা দিতে হবে এবং তারপর লটারি হবে। তারপর ভাগ্যে যদি শিকে ছেঁড়ে তাহলে ছেলেমেয়েরা একটা ভাল স্কুলে পড়তে পারবে। আমরা গ্রামে পড়েছি, নাম না জানা প্রাথমিক স্কুলে পড়েছি, সরকারি স্কুলে পড়াশোনা করেছি। সেই স্কুলে মেঝে আছে তো ছাদ নেই, ছাদ আছে তো মেঝে নেই, মেঝে আছে তো বেড়া নেই, সেই সময় স্কুলে বৃষ্টি হলে তো ছুটি দিয়ে দিত। সেই সমস্ত স্কুলে পড়াশোনা করে আমরা তো কিছু শিখতে পেরেছি। পশ্চিমবাংলায় তো ছ-ছজন শিক্ষা মন্ত্রী আছেন, পশ্চিমবাংলার শিক্ষা এই রকম একটা জায়গায় পৌঁছেছে কেন? গত ২০ বছরে পশ্চিমবাংলায় প্রাইমারি স্কুলের সংখ্যা বাড়েনি। জুনিয়র হাইস্কুলের সংখ্যা ১ হাজার কমে গেছে। এই বছর মাননীয় অর্থমন্ত্রী সভায় দাঁড়িয়ে বলছেন এই বছর ১ হাজার প্রাইমারি স্কুল করবেন। গত বছর উনি বলেছিলেন যে ১ হাজার প্রাইমারি স্কুল করবেন কিন্তু তার একটাও হয়নি। এই বছর কি করে ১ হাজার স্কুল করবেন সেটা গত বছরের নমুনা দেখলেই বোঝা যাবে। শিক্ষার পর স্বাস্থ্য। ওনারা বলছেন স্বাস্থ্যে নাকি বিরাট বিপ্লব এনেছেন। কোনও শিক্ষিত দেশে কোনও সভ্য সমাজে হাসপাতালের সংখ্যা কমে যায়? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি একটু ভাল করে শুনুন। নাম্বার অফ হসপিটল, হেল্‌থ সেন্টার, ক্লিনিক্স ডিপেনসারিস অ্যান্ড বেড ইন ওয়েস্ট বেঙ্গল, ১৯৯০ সালে পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা হচ্ছে ৪১০টি, ১৯৯৭ সালে পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা ৪০৪টি। পশ্চিমবাংলায় লোকের সংখ্যা কমে গেছে নাকি, পশ্চিমবাংলায় সকল মানুষের জন্য স্বাস্থ্য বাড়িতে বাড়িতে পৌঁছে গেছে নাকি, স্বাস্থ্যের কোনও সমস্যা পশ্চিমবাংলায় নেই? আজকে পশ্চিমবাংলায় হাসপাতাল যা কংগ্রেস আমলে করে রেখে গিয়েছিল সেই সংখ্যা হল ৪১০টি, আর এই সরকার ২০ বছর পশ্চিমবাংলা শাসন করার পর ১৯৯৭ সালে পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা এসে দাঁড়িয়েছে ৪০৪টিতে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৬টি হাসপাতাল উঠে গিয়েছে, লোপাট হয়ে গিয়েছে, ৬টি হাসপাতালের পরিসংখ্যান সরকার দিতে পারেনি, হারিয়ে গেছে। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ৩২৭টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র তিনি তৈরি করবেন। আগেকার হিসাবটা একটু দেখুন স্যার। ১৯৯২ সালে হেল্‌থ সেন্টার ছিল ১২৫৬টি, ১৯৯৩ সালে হেল্‌থ সেন্টার ছিল

১২৫৮টি, ১৯৯৪ সালে হেল্‌থ সেন্টার ছিল ১২৫৮টি, ১৯৯৫ সালে হেল্‌থ সেন্টার ছিল ১২৬৫টি, ১৯৯৬ সালে হেল্‌থ সেন্টার ছিল ১২৬৬টি এবং ১৯৯৭ সালে পশ্চিমবাংলায় হেল্‌থ সেন্টার ছিল ১২৬৬টি। ১০টি স্বাস্থ্যকেন্দ্র গত ১৫ বছরে পশ্চিমবাংলায় নূতন করে তৈরি হয়েছে। ওঁদের পরিসংখ্যান অনুযায়ী হিসাব হচ্ছে ১২৫৬টি হেল্‌থ সেন্টার ছিল আর এখন পর্যন্ত যা তৈরি হয়েছে তার সংখ্যা হচ্ছে ১২৬৬টি। এরপরেও উনি বলছেন যে ৩২৫টি প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র উনি করবেন। আমাদের এখানে ব্লক হচ্ছে ৩২৫টি, প্রতিটি ব্লকে তিনি হেল্‌থ সেন্টার তৈরি করবেন বলেছেন। সরকারি দলের প্রতিনিধিত্ব যাঁরা করছেন, সি.পি.এম., সি.পি.আই., ফরোয়ার্ড ব্লক, আর.এস.পি., সমস্ত দলের সদস্যদের প্রতিদিন যে মেনশন করে তার মধ্যে তাঁদের প্রধান প্রতিবাদের বিষয় হল হাসপাতালে চিকিৎসা পাওয়া যাচ্ছে না, হাসপাতালে ঔষধ নেই, ডাক্তার নেই, কোনও ব্যবস্থা নেই, কোনও পরিষেবা নেই। রোগীরা মারা যাচ্ছে। আজকে তাদের ডায়েট নেই, রোগীদের খাদ্যের তালিকা থেকে একটার পর একটা খাদ্য হারিয়ে যাচ্ছে। রোগীরা হেঁটে স্বাস্থ্য কেন্দ্রে যাচ্ছে, তারা আর হাসপাতাল থেকে ফিরে আসছে না। সেই জন্য পাড়ায় পাড়ায় নার্সিংহোম গজিয়ে উঠছে।

মানুষ তার ধনসম্পত্তি মর্টগেজ রেখে, প্রভিডেন্ট ফান্ডের টাকা তুলে নিয়ে এসে তার বাড়ির লোক যদি অসুস্থ হয় তাহলে আজকে তাকে নার্সিহোমে পাঠাতে বাধ্য হতে হচ্ছে। তার কারণ পশ্চিমবাংলায় স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। আমার কথা নয়, স্বয়ং মুখ্যমন্ত্রী বলেছেন যে, স্বাস্থ্য ব্যবস্থা এখানে ভেঙ্গে পড়েছে। মুখ্যমন্ত্রী বলেছেন। সুতরাং এই হচ্ছে আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা। আর উনি (অর্থমন্ত্রী) বলছেন, প্রতি ব্লকে ব্লকে স্বাস্থ্যকেন্দ্র খুলে দেবেন। কি খুলেছেন গত ২০ বছরে? গত ২০ বছরে পশ্চিমবাংলায় প্রায় ১ কোটি জনসংখ্যা বেড়েছে। আর হাসপাতালের বেডের সংখ্যা কত? ১৯৯২ সালে পশ্চিমবাংলায় সব হাসপাতাল, প্রাইমারি হেল্‌থ সেন্টার, গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, ক্লিনিক ইত্যাদি মিলিয়ে ছিল ৬৭ হাজার ৭৫টি শয্যা সংখ্যা গোটা পশ্চিমবাংলায়। ১৯৯৭ সালের শয্যা সংখ্যা ছিল ৬৯,৩২১টি। অর্থাৎ দেড় হাজার, ১,৪০০টির মত শয্যা সংখ্যা গত ২০ বছরে পশ্চিমবাংলায় বেড়েছে। হাসপাতাল যা ছিল তার সংখ্যা কমে গেল। পশ্চিমবাংলায় যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ছিল, তার সংখ্যা বাড়ল না। পশ্চিমবাংলায় যখন জনসংখ্যা বাড়ল এক কোটি, তখন হাসপাতালে শয্যা সংখ্যা বাড়ল ১,৪০০টি। এর পরও যদি আমরা বিরোধী পক্ষ থেকে বলি, এই সরকার শিক্ষাক্ষেত্রে ব্যর্থ, স্বাস্থ্য ক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি করেছেন, তাহলে ওঁরা আমাদের ব্যঙ্গ করবেন। আমরা আন্দোলন করতে গেলে আমাদের উপরে লাঠিচার্জ করবেন, আমাদের উপরে গুলি চালাবেন। আর বিধানসভায় বলবেন, দুর্বৃত্তদের সঙ্গে লড়তে গেলে গুলি করতে হয়। হাজার হাজার, কোটি কোটি টাকা, কেন্দ্র এবং রাজ্যের টাকা কেবল নয়ছয় করছেন। পশ্চিমবাংলার

সাধারণ মানুষকে শিক্ষা এবং স্বাস্থ্য পরিষেবা থেকে দূরে সরিয়ে নিয়ে গিয়ে আজকে এমন একটা অবস্থায় দাঁড় করিয়ে দিয়েছেন যে, আজকে এর নিন্দা করবার ভাষা আমাদের নেই। তাই বিগত নির্বাচনে পশ্চিমবাংলার মানুষ সার্বিক ভাবে রায় দিতে গিয়েছিল। কিন্তু দুরাচার, অত্যাচার এবং গুন্ডাদের নিয়ে যেভাবে নির্বাচনকে প্রহসনে পরিণত করেছে, যে ভাবে পশ্চিমবাংলার মানুষকে তাদের গণতান্ত্রিক মতামতকে প্রতিফলিত হতে না দিয়ে ওরা মনে করছে যে এখানে ওদের শাসন ক্ষমতা অটুট থাকবে, তা হবে না। আজকে মানুষ এর বিরুদ্ধে প্রতিবাদ করছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দেশের মূল শক্তি হচ্ছে যৌবন তারুণ্য। পশ্চিমবাংলায় আজকে যৌবন এবং তারুণ্য অবগুণ্ঠিত। যৌবন এবং তারুণ্য পশ্চিমবাংলায় আজকে কিভাবে অবহেলিত তার চিত্র আমি এখানে তুলে ধরছি। পশ্চিমবাংলায় ১৯৯৭ সালে তালিকাভুক্ত বেকার ছিল ৫৬ লক্ষ ৭৭ হাজার। আমার কাছে ১৯৯১, ১৯৯২, ১৯৯৩ এবং ১৯৯৪ সালের পরিসংখ্যানও আছে। ১৯৯৬ সালে যে সংখ্যক রেজিস্টার্ড বেকার ছিল, তাদের সংখ্যা ছিল ৫৪ লক্ষ ৫ হাজার। প্রকৃতপক্ষে রেজিস্টার্ড যারা হতে পারেনি, তাদের সংখ্যা ধরলে এই সংখ্যা আরও বাড়বে। যারা তালিকাভুক্ত হতে পারেনি, তার অনেক কারণ আছে। অনেকে আছে যারা নিয়মকানুন জানে না। অনেকে রিমোট ভিলেজে বাস করে, যেখানে সরকারি নিয়ম কানুন তাদের কাছে গিয়ে পৌঁছায় না। ১৯৯৬ সালে রেজিস্টার্ড বেকারের সংখ্যা যেখানে ছিল ৫৪ লক্ষ ৫ হাজার, সেখানে ১৯৯৭ সালে পশ্চিমবাংলায় বেকারের সংখ্যা কত, না ৫৬ লক্ষ ৭৭ হাজার। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বেকারি পশ্চিমবাংলায় এইভাবে যেখানে বাড়ছে, যেখানে এক বছরে এক লক্ষ, দু লক্ষ, করে বাড়ছে, সেখানে মাননীয় অর্থমন্ত্রী এখানে বলছেন, আমরা কর্মসংস্থানের জন্য আড়াই কোটি টাকা নতুন করে ইকুইটি বাড়িয়ে দিয়েছি।

[2-20 – 2-30 p.m.]

বাড়িয়ে দিয়ে তিনি কি করেছেন, না, বেকারত্বকে রোধ করার চেষ্টা করেছেন। পশ্চিমবঙ্গে শিল্পের বাতাবরণ সৃষ্টি তো নয়, কেবল মৌ সই করার নাম করে সোমনাথ চট্টোপাধ্যায় বিদেশে কোটি কোটি টাকা জমাচ্ছেন। যার ফলে আজকে ডব্লিউ.বি.আই.ডি.সি. আজকে সিক ইউনিটে পরিণত হয়েছে। এই সরকার ক্লোজড ইন্ডাস্ট্রিজ, আন্ডারটেকিং ইন্ডাস্ট্রিজকে আজকে কোথায় দাঁড় করিয়ে দিয়েছেন। পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের অধিগৃহীত কোম্পানির সংখ্যা ৬৪টি। এর ভেতরে লাভ করছে কটি—৭টি আর বাকি ৫৭টি লোকসান খাতে আছে। এই লোকসান খাতে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন থেকে শুরু করে সমস্ত কারখানাগুলোর আজকে কি অবস্থা। এই ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাজটা কি—মানুষ আসবেন এখানে ইন্ডাস্ট্রি করতে, তাদেরকে

সাহায্য না করে পাঠিয়ে দিচ্ছেন বিদ্যুৎ দপ্তরের কাছে, জমির জন্য জমি অধিগ্রহণ দপ্তরের কাছে। এইভাবে বছরে কত লোকসান হচ্ছে—৫ কোটি ৭৪ লক্ষ টাকা। যেখানে বছরে ৫ কোটি ৭৪ লক্ষ টাকা লোকসান হচ্ছে সেখানে ওই কর্পোরেশনের চেয়ারম্যান মৌ সই করে বেড়াচ্ছেন। আজকে রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোতে হাজার হাজার কোটি কোটি টাকা বিনিয়োগ হলে পশ্চিমবঙ্গে একটার পর একটা কারখানা উঠে যেত না। এই ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী বিন্দুমাত্র কি প্রচেষ্টা চালাচ্ছেন? আজকে শ-ওয়ালেশ তাদের কোম্পানি গুটিয়ে নিয়েছে। ছাবারিয়াও একটা মোটা টাকা নির্বাচনের আগে আপনাদের চাপিয়ে দিয়ে ডানলপ কোম্পানি আপনাদের চোখের উপরে বন্ধ করে দিলেন। অথচ তার বিরুদ্ধে কোনও গ্রেপ্তারি পরোয়ানা আনতে পারলেন না। একটা কারখানা বন্ধ করতে গেলে লক আউট, ক্লোজারের নোটিশ ১৫ দিন আগে সরকারকে দিতে হয়। এক্ষেত্রে ছাবারিয়া ডানলপ কোম্পানির ক্ষেত্রে কোনও নোটিশ দেননি। আসলে এই সরকারকে তারা কেয়ারই করেন না। তারা জানেন যে সরকারকে তারা কিনে নিয়েছেন। তারা জানে যে এই সরকারকে টাকা দেব, সোনার চটি মারব, আর আমাদের যা কাজ আমরা তা করে নেব। তাই পশ্চিমবঙ্গে বন্ধ ইন্ডাস্ট্রি এবং কারখানা খোলার সরকার কোনও ব্যবস্থা নিচ্ছেন না। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বইয়ের ১২০ পাতায় বলেছেন যে ১৯৮০ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত ১৬৮টি কারখানা বন্ধ হয়ে গেছে। কত শ্রমিক কর্মচ্যুত হল—সাড়ে ৪ লক্ষ। সুতরাং ৫৭ লক্ষ যে নথিভুক্ত বেকার আছে তার সঙ্গে আরও নতুন করে সাড়ে ৪ লক্ষ শ্রমিক কর্মচ্যুত হয়ে যুক্ত হল। এদেরকে মাসে ৫০০ টাকা করে ডোল দেবেন। ডোল দেওয়ার মানে হচ্ছে বামপন্থী বুর্জয়া ব্যবস্থায় ডোলের মাধ্যমে কিছু টাকা দিয়ে এক শ্রেণীর মানুষকে কর্মচ্যুত করে অচল করে দেওয়া। মাননীয় অর্থমন্ত্রী যদি প্রত্যেককে ৫০০ টাকা করে মাসে দেন তাহলে সাড়ে ৪ লক্ষ মানুষকে ওই ৫০০ টাকা করে দিতে গিয়ে বছরে ২৭০ কোটি টাকা লাগবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তো অঙ্ক শাস্ত্র পড়ান ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটে, উনি তো সংখ্যাতত্ত্ব নিয়ে পড়াশুনা করেন এবং একজন শিক্ষক, আমি ওঁনাকে জিজ্ঞাসা করি যে, সাড়ে ৪ লক্ষ এই নতুন কর্মচ্যুত শ্রমিকদের মাইনে যদি ৫০০ টাকা করে দেন তাহলে আপনার কত টাকার প্রয়োজন বলে দেবেন কি? আপনি তো ৫০ কোটি টাকা বাজেটে রেখেছেন কিন্তু এই নতুন সাড়ে চার লক্ষ শ্রমিক কর্মচ্যুত হওয়ার জন্যে যে ৫০০ টাকা করে মাসে দেবেন বলছেন, এতে তো বছরে ২৭০ কোটি টাকা লাগবে, সেই টাকা জোগাড় করবেন কোথা থেকে? বাজেটে ৫০ কোটি টাকা রেখে সাড়ে চার লক্ষ শ্রমিক কর্মচ্যুত মানুষদের ৫০০ টাকা দেবার নাম করে তাদেরকে বিশ্বাসঘাতকতা করা হবে নাকি? আজকে মালিকরা কারখানা বন্ধ করে দিয়ে যাচ্ছে, শ্রমিকরা কর্মচ্যুত হয়ে গেছে, তারজন্য মালিকদের সরকার গ্রেপ্তার করছে না। মালিকের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছে না।

৫০০ টাকা করে ডোল দিতে গেলে ২৭০ কোটি টাকা দরকার হবে। কিন্তু আপনাদের হাতে সেই টাকা নেই। আপনাদের ফান্ডে সেই টাকা নেই। আপনি শ্রমিকদের সাথে আর একবার নুতন করে বেইমানি করলেন, পশ্চিমবাংলার শ্রমিকদের সাথে মিথ্যা বেইমানিটা করলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা বলেন ওরা শ্রমজীবী মানুষের জন্য দরদী, ওরাই নাকি একমাত্র শ্রমজীবী মানুষের হয়ে লড়াই করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে কমপানডিয়াম অফ পলিসি স্টেটমেন্ট মেড ইন দি পার্লামেন্ট, ভারতবর্ষের তদানীন্তন শ্রমমন্ত্রী তিনি প্রশ্নোত্তর কালে বলছেন, একজন অদক্ষ শ্রমিক—মিনিমাম ওয়েজেস ফর আনস্কিল্ড এগ্রিকালচারাল ওয়ার্কার—হরিয়ানার ক্ষেত্রে একটা ছোট রাজ্য, কৃষিকার্যে নিযুক্ত শ্রমিক তিনি প্রত্যেক দিন মজুরি পান ৫১ টাকা ৫২ পয়সা। আর যদি তাকে খাওয়া না দেওয়া হয় তাহলে ৫৫ টাকা ৫২ পয়সা পায়। পশ্চিমবাংলায় যদি খাবার দেওয়া হয় তাহলে ২৭.৮০ পয়সা, আর যদি খাবার না দেওয়া হয় তাহলে ৩৭ টাকা পায়। এটা গণশক্তির মুদ্রণে নয়। শুধু হরিয়ানার কথা বলেই আমি থামব না, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি গোয়ার ক্ষেত্রে দেখুন, একটা ছোট রাজ্য, সেখানে প্রত্যেক দিন অদক্ষ কর্মচারিরা মজুরি পায় ৪৬ টাকা, সেখানে পশ্চিমবাংলায় দেওয়া হয় ২৭.৮০ পয়সা। ওরা নাকি শ্রমজীবী মানুষের জন্য লড়াই করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্ণাটকে ওরা মাহিনা দিচ্ছেন অদক্ষ কৃষি শ্রমিকদেরকে ৪৭ টাকা ৩০ পয়সা পশ্চিমবাংলায় সেখানে পায় ২৭ টাকা ৮০ পয়সা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তাহলে কি হল, হাজার হাজার কারখানা বন্ধ হয়ে রইল, অথচ কোনও কিছুই হচ্ছে না। পশ্চিমবাংলায় নূতন কলকারখানা হল না, শিল্প বাণিজ্যের বুনিয়াদ ভেঙ্গে পড়ল, ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ধ্বংস হল, ডক ইন্ডাস্ট্রি ডকে উঠল, পশ্চিমবাংলার ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রি উঠে গেল, যা এক সময় ভারতবর্ষকে পথ দেখাত। পশ্চিমবাংলায় কেমিক্যাল ফার্টিলাইজার ইন্ডাস্ট্রি উঠে গেল। ড্রাগ ইন্ডাস্ট্রি উঠে গেল আর পশ্চিমবাংলায় শ্রমজীবী মানুষেরা কর্মচ্যুত হলেন। অর্থমন্ত্রী বললেন, রেজিস্ট্রিকৃত কারখানায় যারা ১ বছর কাজ করেছেন, তাদের ডোল দেব ৫০০ টাকা করে। এর জন্য বরাদ্দ রাখলেন কত ৫০ কোটি টাকা, আর দরকার কত ২৭০ কোটি টাকা। পশ্চিমবাংলার শ্রমিকরা যারা কর্মচ্যুত তাদের উপর বেইমানি এরা করছে! এই ব্যাপারে স্যার, আপনার কাছে আমি আবেদন করি, মুখ্যমন্ত্রী মহাশয় আর একটি দপ্তরের উপর অনাস্থা এনেছেন, সেটি হচ্ছে বিদ্যুৎ দপ্তর। এরা ইনফ্রাস্ট্রাকচার নিয়ে বলেন, শিল্পের কথা বলেন, ইন্ডাস্ট্রি নিয়ে বলেন, বিদ্যুৎও একটা ইনফ্রাস্ট্রাকচারের মধ্যে পড়ে। ১৯৯৫-৯৬ সালে—একটু উন্নতি করুন না, ক্ষমতায় তো আপনারা আছেন, শুধু চুরি করবেন, নির্বাচনে রিগিং হবে, পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার হাল কি করেছেন সে তো জানেন—বার্ষিক রিপোর্টে দেখা যাচ্ছে পাম্প সেটে বিদ্যুৎ দেওয়ার জন্য যেখানে অন্ধ্রপ্রদেশে—খুব বড় রাজ্য নয়—তাদের লক্ষ্যমাত্রা ছিল

১৬ লক্ষ ২৮ হাজার ৩০৫, পশ্চিমবাংলায় সেখানে লক্ষ্যমাত্রা ছিল ৫ লক্ষ। দিলেন ১ লক্ষ ১ হাজার ২৩২। স্যার, ইনফ্রাস্ট্রাকচার পশ্চিমবাংলায় বিপ্ বিপ্ করে এগিয়ে যাচ্ছে, আর পশ্চিমবাংলার মানুষ আগামী দিনে তারা সুখের স্বপ্ন দেখবেন।

[2-30 – 2-40 p.m.]

পশ্চিমবাংলার বিদ্যুৎমন্ত্রী আজকে পশ্চিমবাংলাকে কোথায় নিয়ে গেছেন। আজকে পশ্চিমবাংলার অর্থমন্ত্রী বড় বড় কথা বলছেন, তিনি বলছেন বিদ্যুতে আমরা দারুণ এগিয়ে গেছি, আমরা এই বছরে আরও নতুন নতুন মৌজায় বিদ্যুৎ দেব। এটাকে কি আপনি অ্যান্টিসিডেন্টস বলেন? এ ম্যান ইজ নোন বাই হিজ অ্যান্টিসিডেন্টস। একজন মানুষের পরিচয় তার ধারাবাহিকতা দিয়ে প্রমাণিত হয়। অন্ধ্রপ্রদেশ পাম্পসেটে বিদ্যুৎ দেবার টার্গেট ছিল ১৬ লক্ষ, তারা দিল ১৬ লক্ষ ২৮ হাজার; উত্তরপ্রদেশ পাম্প সেটে বিদ্যুৎ দেবার টার্গেট ছিল ২৪ লক্ষ, তারা দিয়েছে ২৩ লক্ষ ৬ হাজার ৩৯৭টি; আর পশ্চিমবাংলার টার্গেট ছিল ৫ লক্ষ, তারা দিয়েছে এক লক্ষ এক হাজার দুশ বত্রিশটি। এবারে গ্রামে বিদ্যুৎ পৌছানোর নজির দেখুন এই সরকারের। অন্ধ্রপ্রদেশ ২৭,৩৭৯টি গ্রাম আছে, সেখানে বিদ্যুৎ পৌছেছে ২৭,৩৫৮টি গ্রামে, আর পশ্চিমবাংলায় গ্রামের সংখ্যা ৩৮,০০০ সেখানে বিদ্যুৎ পৌছেছে ২৬ হাজার গ্রামে। লজ্জা করে না আপনাদের। যাদের এক কান কাটা তারা বাজারের পেছন দিয়ে যায়, আর যাদের দু কান কাটা তারা রাস্তার মাঝখান দিয়ে যায়। আপনাদের দু কান কাটা তাই আপনাদের লজ্জা করে না। বিদ্যুতের ক্ষেত্রে এই ব্যর্থতা আজকে পশ্চিমবাংলার অগ্রগতিকে ব্যাহত করেছে। অন্ধ্রপ্রদেশে যেখানে ২৭,৩৫৮টি গ্রামে বিদ্যুৎ পৌছেছে, উত্তরপ্রদেশে যেখানে ১১ হাজার গ্রাম আছে সেখানে ১০,৭৭৫টি গ্রামে বিদ্যুৎ পৌছে গিয়েছে, আর পশ্চিমবাংলায় ১২ হাজার গ্রামে বিদ্যুৎ নেই। আজকে পশ্চিমবাংলায় বিদ্যুৎ নেই, শিক্ষা নেই, পশ্চিমবাংলায় প্রাথমিক স্কুল উঠে যাচ্ছে, জুনিয়র হাইস্কুল উঠে যাচ্ছে, শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ছে, তখন ছয়জন শিক্ষামন্ত্রী গাড়ি চড়ে ঘুরে বেড়াচ্ছেন। আজকে স্বাস্থ্য দপ্তরের মেরুদন্ড নিচু হয়ে যাচ্ছে। আগে দিল্লি, বোম্বে, মাদ্রাজ থেকে লোক কলকাতায় চিকিৎসা করাতে আসত। কিন্তু আজকে রিভার্স ট্রেন্ড হয়ে গেছে, আজকে কলকাতা থেকে মানুষকে বাইরে গিয়ে চিকিৎসা করাতে হচ্ছে। আজকে এই সরকারের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে অবনমন ঘটেছে। আজকে আমরা দেখতে পাচ্ছি বিদ্যুৎ, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য সমস্ত ক্ষেত্রেই এই সরকারের অবনমন ঘটেছে। বাকি ছিল দুর্নীতি, খুন, লুন্ঠন রাহাজানি ও নির্বাচনকে প্রহসনে পরিণত করা, সেগুলোও আপনারা করে দেখিয়ে দিয়েছেন। অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা মিথ্যা কথার ফুলঝুরিতে ভরা, একই কথার পুনরাবৃত্তি ছাড়া এই বাজেট পশ্চিমবাংলার মানুষকে নতুন দিশায় নিয়ে যেতে পারেনি। তাই এই বাজেটের আমি বিরোধীতা করছি।

**শ্রীমতী কমল সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এ সভায় যে বাজেট প্রস্তাব উপস্থিত করেছেন, সেই বাজেট প্রস্তাবকে আমি পরিপূর্ণ ভাবে সমর্থন করছি। বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন আমি তার উত্তর দিতে চাই না, তবে কয়েকটি বিষয়ের উল্লেখ আমি নিশ্চয় করব।

আমি সুস্পষ্ট ভাষায় বলতে চাই,—এই বছরে নয়, গত বছরেও নয়, তার আগের বছরের বাজেট বক্তৃতায় মাননীয় অর্থমন্ত্রী পরিষ্কার ভাবে বলেছেন,—'আমরা একটি বিকল্প অর্থনীতি নিয়ে চলছি, চলতে চাই, এগোতে চাই'—এই বাজেট সেই বিকল্প অর্থনীতিরই একটা পরিচয়। গান্ধীজির হত্যাকারী সেই আর.এস.এস.-এর হাত ধরে যারা চলছে, তাদের রাজনৈতিক সংগঠনের সঙ্গে হাত ধরে চলছে, তারা এই বাজেটের সাফল্যকে বুঝতে পারবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যারা জনগণের সঙ্গে দীর্ঘকাল ধরে বঞ্চনা করে আসছে,—আজকে ২১ বছর বলছেন, তার আগের ১৯৪৭ সাল থেকে দেখুন—অত পুরনো কথা তুলব না ভেবেছিলাম, কিন্তু তুলতেই হচ্ছে, ১৯৪৭ সাল থেকে জুলাই, আগস্ট মাস ছিল খাদ্যের জন্য ভিক্ষার মাস আর আন্দোলনের মাস। তখন গ্রামের মানুষ ক্ষুধার অন্নের জন্য শহরে আসত, ভূমি সংস্কারের ফলে এখন আসে না, আসতে হয় না। ১৯৭৮ সালের বন্যায় আসতে হয় নি। উত্তর ২৪ পরগনার গাইঘাটায়, পাঁচশ বছরের মধ্যে যে ঘূর্ণিঝড় হয়নি, তার মধ্যেও মানুষ শহরে আসেনি। মোকাবিলা করেছে সরকার, সেখানে রিলিফ দিয়েছে। আজকে মেদিনীপুরের ঐ ঘটনার জন্য সকলেই দুঃখিত। আরও দুঃখ লাগে, যখন ঐ মেদিনীপুরের ঘটনা নিয়ে ওরা রাজনীতি করে। প্রধানমন্ত্রী বাজপেয়ী দুঃখ করেছেন এবং বলেছেন, একজন নেত্রীকে সেখানে পাঠানো ভুল হয়েছে। এমন কি আনন্দবাজার পত্রিকাও লিখেছে। তাকে পাঠানোর ভুল সিদ্ধান্ত মেনেছিলেন বাজপেয়ী। কিন্তু স্টেটসম্যান ব্রিটিশ আমলের মতই তাদের ভূমিকা পালন করছে,—মানুষ তাদের চিনেছে,—তারা ও-কথা লেখেনি।

মূল বাজেটে প্রবেশ করার আগে প্রথমেই আমি বলতে চাই, গত সাত বছর ধরে যে লিবারালাইজেশন পলিসি প্রয়োগ করা হয়েছে, তার বিষময় ফল এখানে গুরুত্ব দিয়ে মাননীয় অর্থমন্ত্রী উল্লেখ করেছেন। এখানে যে কাজ করা হয়েছে, সীমিত সম্পদ, সীমিত ক্ষমতা নিয়ে যে বিকল্প অর্থনীতি প্রয়োগ করা হয়েছে, তা ভুল বললে হবে না। আর তারা কি করেছেন? এই বিধানসভার অদূরে—১৯৫৯ সালে—রাজভবনের পাশে ৮০ জন মানুষ খাদ্য চাইতে এসেছিল, তাদের গুলি করে হত্যা করা হয়েছিল। সেই হত্যাকান্ড কারা করেছিল? আজকে এই কণ্ঠস্বর কার? একথা তো আজকে বলতেই হবে,—সেই বৎসরগুলোকে বাদ দিয়ে তো ১৯৭৭ সাল হয়নি।

বিদ্যুৎ আপনাদের সময় দু-চারটে পোস্ট পোতা হয়েছিল, তার ঝোলানো

হয়েছিল, গ্রামের মা, বোনেরা সেখানে কাপড় শুকিয়েছে। সেখানে বৈদ্যুতিকরণ হয়নি। লজ্জা করে না। বাবুঘাট থেকে ধামাখালির বাসে উঠবেন, খেয়া পেরোবেন—সন্দেশখালি, এরপরে থানার সামনে আসবেন,—মনে হবে কলকাতা মহানগরীর সামনে গেছেন।

[2-40 – 2-50 p.m.]

আছে বিদ্যুৎ, আছে ট্যাপ ওয়াটার? আমি বিভিন্ন গ্রামে ঘুরে দেখেছি। আজকে ৪০ বছরের রাজনৈতিক জীবনে অনেক গ্রাম দেখেছি। কোথায় পানীয় জলের কর্মসূচি ছিল? আজকে এরা কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন। না, বারবার মানুষকে এইভাবে বিভ্রান্ত করা যায় না। পশ্চিমবাংলার মানুষ বারবার বিভ্রান্ত হয় না। পঞ্চায়েত নির্বাচন আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা এখনই বলতে চাই না যে, সব সমস্যার সমাধান হয়েছে। জনদরদী সরকারের যে নীতি, যতটুকু সীমিত ক্ষমতা, সেই সীমিত ক্ষমতার মধ্য দিয়েই এই সরকার কিছু করার চেষ্টা করছেন। ছোট ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে শিল্পোদ্যোগী যারা আছেন, তাদের উৎসাহ প্রদানের জন্য মাননীয় অর্থমন্ত্রী বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন। আমি তাঁকে অভিনন্দন জানাব এই কারণে যে, তাদের যদি এই সুযোগ না দেওয়া হয়, তাহলে বৃহৎ শিল্পের চাপে তাঁরা ধ্বংস হয়ে যাবে। এই কারণেই মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব। তিনি বলেছেন যে, ৫০০ টাকা বন্ধ কলকারখানার যারা শ্রমিক, তাদের দেবেন বলেছেন। এবার পাট এবং চা-তে আসি। পশ্চিমবঙ্গের এই দুটো জিনিস থেকে ভারত সরকার কত বিদেশি মুদ্রা পান? স্যার, পাটজাত দ্রব্য যা রপ্তানি করে যে টাকা পান, তার কিছু টাকা পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য চাওয়া কি খুব অন্যায়? সেটাই তো এখানে বলা হয়েছে। একদিকে ভাগ দেওয়া দূরের কথা, বলা হয়েছে, আর একদিকে পাটজাত দ্রব্য থেকে ১২ হাজার কোটি টাকা বিদেশি মুদ্রা আয় করেছে কেন্দ্রীয় সরকার।

এই রাজ্য সরকার যদি বলে কিছু টাকা এই রাজ্যের উন্নয়ন-এর জন্য দিতে হবে তাহলে কি সেটা অন্যায়? আমি যেটা বলতে চাই যে, পশ্চিমবাংলার আধুনিক কলকারখানা স্থাপনের ক্ষেত্রে যে চেষ্টা চলছে সেটাকে লঘু করে দেখার যে অপচেষ্টা সেটা পশ্চিমবাংলার মানুষ দেখবেন না, পশ্চিমবাংলার মানুষ বারবার বিভ্রান্ত হবেন না। কর হ্রাস করা হয়েছে টুথপেস্ট, টুথব্রাশ, হেল্‌থ ড্রিংক, জুতোর পালিশ। বৃদ্ধি করা হয়েছে ফরেন লিকার। যারা এটা খান কর বাড়লেও বর্ধিত বেতন হলেও তারা এটা খেতে পারবেন। মোটরগাড়ি যারা চড়েন দাম বাড়লেও তারা এটা চড়তে পারবেন। সমস্ত দৃষ্টিভঙ্গিটাই অন্য রকম। দারিদ্র্যসীমার নিচের মানুষগুলোর দিকে তাকাতে হবে। তাদের তুলে আনতে হবে। সম্মানের জায়গায় দাঁড় করিয়ে দিতে হবে। যারা পেয়েছে কম, দিয়েছে বেশি, তাদের সমান জায়গায় সম্মান দিয়ে ঠিক জায়গায় আনতে হবে। সেই দৃষ্টিভঙ্গিতেই এই বাজেট। তাই বাজেটকে আমি সমর্থন করছি। এই জিনিস সম্ভব হয়েছে কিসের দ্বারা।

ভূমি সংস্কারের দ্বারা। এই সংস্কারকে যদি পাঞ্জাবের সঙ্গে তুলনা করেন তাহলে ঠিক হবে না। এই ভূমি সংস্কারের ফল পেয়েছে ক্ষেতমজুর, ক্ষুদ্র, প্রান্তিক চাষী। জমি বন্টিত হয়েছে তাদের মধ্যে। আবার তাদের মধ্যেও যারা উপজাতি, এস.টি., এস.সি, তাদের সংখ্যা ৫৬ শতাংশ। আর্থিক সমীক্ষা থেকে পাবেন। খারাপ কাজ করা হয়েছে? যারা পদদলিত হয়েছিল, করে রাখা হয়েছিল তারা মাথা উঁচু করে যদি চলে তাহলে অসুবিধা তো হবেই। তবে তাতে বামফ্রন্ট সরকারের কিছু করার নেই, মাননীয় অর্থমন্ত্রীর কিছু করার নেই, এটা মানতে হবেই। যুক্তফ্রন্ট সরকার কতগুলো ক্ষেত্রে পদক্ষেপ নিয়েছিলেন। কেন্দ্র রাজ্য সম্পর্কে ইত্যাদি ক্ষেত্রে। আমি এই ব্যাপারে বিস্তারিত কিছু বলতে চাইছি না। আমি দু একটি ব্যাপারে বলতে চাই। বন্ধ কলকারখানার শ্রমিকদের দেওয়ার ব্যাপারটাকে আমি আবার অভিনন্দিত করছি। এটা একটা নতুন দৃষ্টিভঙ্গি। সমাজকল্যাণমূলক দৃষ্টিভঙ্গি। কেরোসিন তেল, চাল এগুলো কম দামে দেওয়ার কথা হচ্ছে। পছন্দ হবে না। এটার জন্য ছাড় দেওয়া হবে, ভরতুকি দিয়ে এগুলো সরবরাহ করা হবে। এটাই পশ্চিমবঙ্গ সরকারের বিকল্প অর্থনীতির পরিচায়ক। এটাই অন্য রাজ্যের মানুষ দেখতে চায়, জানতে চায়, পেতে চায়। খারাপ কাজ হয়েছে? আপনাদের খারাপই লাগবার কথা। কাজটা খারাপ হয়নি। কলকাতাকে এ ওয়ান সিটি করার কথা বলা হয়েছিলে।

(**এ ভয়েস** ঃ আপনাদের জন্য তো হয়নি।)

কোথায় নামিয়েছিলেন পশ্চিমবাংলাকে? ১৯৭৭ সালের পর পশ্চিমবাংলা কিভাবে উঠল পশ্চিমবাংলার মানুষ জানছে, জেনেছে, আরও জানবে। গণবন্টন ব্যবস্থা, খাদ্য শস্য, কেরোসিন-এর পরিমাণ বৃদ্ধি করা হয়েছে কাদের দিকে তাকিয়ে? সাধারণ মানুষের দিকে তাকিয়ে। এটা একান্ত ভাবে তাদের কথা। আমি স্বাস্থ্যের ক্ষেত্রে একটা কথা বলি। হাসপাতালগুলোর পরিচালন ব্যবস্থা কি করে করা যায়, নিশ্চয়ই আমি সেটা বলব।

[2-50 – 3-00 p.m.]

১৯৮৮ সালে যেখানে সর্বভারতীয় মৃত্যুর হার ১১ পারসেন্ট সেখানে পশ্চিমবঙ্গে ৮.৪ পারসেন্ট। ১৯৯৬ সালে সর্বশেষ হিসাব মৃত্যুর হার ৮.৯ আর পশ্চিমবঙ্গে ৭.৮ পারসেন্ট। এবারে শিশু মৃত্যুর হারের কথা বলি ১৯৮৮ সালে ভারতে ৯৪ আর পশ্চিমবঙ্গে ৬৯, আর এখন ভারতে ৭২ আর পশ্চিমবঙ্গে ৫৫। তাহলে শিশু মৃত্যুর হার কমেছে, এটা কিন্তু এমনি কমেনি। স্বাস্থ্য সচেতনতা, হাসপাতাল বৃদ্ধি ইত্যাদির মাধ্যমে এটা কমেছে। এই সাফল্যের দাবিদার কে? আপনারাও হন না, অসুবিধার কি? বাজেট বরাদ্দের ২৬ শতাংশ গত বছরের তুলনায় বৃদ্ধি করা হয়েছে, এটা নিশ্চয়ই অস্বীকার করতে পারবেন না। শিল্পে বিনিয়োগ হয়েছে, ১৬০৩টি শিল্পে ৪৩ হাজার ১০০ কোটি

টাকা, অভ্যন্তরীণ বাজার বেড়েছে। কি করে বেড়েছে? গ্রামের মানুষের ক্রয় ক্ষমতা না বাড়লে কি করে বেড়েছে? ৩৫ হাজার কোটি টাকার উপর কৃষকদের আয় বেড়েছে, আর আয় বেড়েছে বলেই শিল্প পণ্য কিনবার ক্ষমতা তাদের বেড়েছে, আর তাই শিল্প বাড়াবার সুযোগও অনেক খানি বেড়েছে। কিন্তু অভ্যন্তরীণ বাজার না হলে এই ছোট ছোট শিল্প বাইরে গিয়ে বিক্রি করে, আমরা চাই না, সেটা সম্ভবও নয়।

**(এই সময় মাননীয় কংগ্রেস সদস্য শ্রী সৌগত রায় কাঁচরাপাড়ার ইন্ডাস্ট্রি সম্বন্ধে বলতে বলেন)**

কাঁচরাপাড়া আই.পি.পি. খোলা আছে, হুকুমচাঁদ জুট মিল খোলা আছে, নৈহাটি জুট মিল খোলা আছে। মাননীয় সদস্য সৌগত বাবু জানতে চাইলেন তাই বললাম। আমার পূববর্তী বক্তাকে আমি জানি, তিনি টালিগঞ্জের প্রথম নেতা, তারপর উনি হলেন বড় নেতা, তার পর উনি ধর্মান্ধতার হাত ধরে এখন আরেকটু উঁচুতে উঠেছেন, এখন কিসের যেন উনি প্রেসিডেন্ট নাকি চেয়ারম্যান হয়েছেন। আমি দীর্ঘকাল গ্রামে গ্রামে ঘুরে দেখেছি যে ওঁনারা কি সন্ত্রাস সৃষ্টি করেছেন, ব্যক্তিগতভাবে সেই সন্ত্রাসের বলিও হয়েছি, আর টালিগঞ্জে যে সন্ত্রাস পঙ্কজবাবু সৃষ্টি করেছেন সেটা আমি ভাল ভাবে জানি, কিন্তু এই বাজেট বক্তব্যের মধ্যে বলাটা ঠিক নয়, উনি যদি আরও জানতে চান তাহলে কোন কোন বাড়ির কি কি জিনিস উনি পুড়িয়েছেন সেটাও আমি বলব।

পশ্চিমবাংলায় সেচের ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি হয়েছে। এটা ভালো না লাগলেও মানতে হবে। পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে হলে এখানকার সমস্ত মানুষের কথা ভাবতে হবে। তবে আমি ঐ আর.এস.এস.-র রাজনৈতিক দলের সঙ্গে যাঁরা ভেসে চলেছেন তাঁদের কথা বলছি না। কিন্তু আরও মানুষ আছেন। তাঁরা ভাবুন, কি ভাবে এই বাজেটকে রূপায়িত করা যায়। কি ভাবে আমরা পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে পারি। বিরোধিতা করার সময় এখন নয়। যাঁরা করবেন তাদের মানুষ ছুঁড়ে ফেলে দেবে। অতীতে সেটা আপনারা দেখেছেন এবং আবার দেখবেন। এই রাজ্যে গ্রামাঞ্চলের মানুষের মোট বার্ষিক আয় ৩৫ হাজার কোটি টাকা অতিক্রম করে গেছে। বাজেট বইতে তা তো লেখা আছে। প্রত্যেকের কাছেই তো বইটা আছে, দেখুন না। তাহলে এটা অতিক্রম করে গেল কোন যাদুবলে? বামফ্রন্টের যে বিকল্প অর্থনীতি তার ফলে এটা সম্ভব হয়েছে। একথা অস্বীকার করার উপায় নেই।

শিক্ষার কথা বলছেন? শিক্ষা ক্ষেত্রে জুনিয়র হাইস্কুলগুলো হাইস্কুলে উন্নীত করা হয়েছে। এতে আপনাদের দুঃখ হতে পারে কিন্তু যেখানে হয়েছে সেখানকার মানুষ এতে খুশি হয়েছে। মানুষ খুশি হোক, মানুষের উন্নতি হোক—এটা আমাদের লক্ষ্য।

বিদ্যুতের ক্ষেত্রে আজকে আমরা কি দেখছি? ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার যখন দায়িত্ব গ্রহণ করেছিলেন তখন সর্বত্র লোডশেডিং-র প্রকোপ লেগেই থাকত। কিন্তু এখন অবস্থা কি হয়েছে? লোডশেডিং-র কথা মানুষ আজকে ভুলে গেছে এবং সাথে সাথে গ্রামাঞ্চলে বৈদ্যুতায়নের কাজ চলছে।

পরিবহনের ক্ষেত্রে আজকে প্রভূত উন্নতি হয়েছে। স্থলযান এবং জলযানের ক্ষেত্রেও উন্নতি হয়েছে। না, মাননীয় সদস্য আকাশ-যান, আকাশ-যান করে চিৎকার করলেই হবে না, এটা আমাদের হাতে নেই। এটুকু অন্তত জেনে বিধানসভায় আসা উচিত। আপনারা মানুষকে এই ভাবে বিভ্রান্ত করে এসেছেন এবং এসে এখানে ঝুট-মুট কথা বলছেন। জলযানের ক্ষেত্রে যাতে মানুষের সুবিধা হয় তার জন্য জেটি তৈরি হয়েছে। আগে যেখানে মানুষকে কোমর পর্যন্ত মাটিতে ডুবে গিয়ে চলা-ফেরা করতে হত এখন সেখানে ভাল জেটি হয়েছে, রাস্তা হয়েছে। আপনারা তো কোনও দিন গ্রামে যান না, কিন্তু আমাকে যেতে হত এবং আমাকেও কাদায় ডুবে চলা-ফেরা করতে হয়েছে। না, আপনাদের চিৎকার করার কিছুই হয় নি। কংগ্রেস দেশের সর্বনাশ ছাড়া আর কি করেছে? এর থেকে আপনারা যদি বেরিয়ে আসতে পারেন তাহলে আপনাদের স্বাগত জানাব। আসুন, যে অন্যায়-অবিচার হয়েছে জনগণের সাথে সেটা লাঘব করার চেষ্টা করি, তাঁদের জন্য কাজ করি।

[3-00 – 3-10 p.m.]

আজ স্কুলগুলো হচ্ছে না। প্রাথমিক স্কুলের ব্যাপারে কেন আইন, কেন মামলাগুলো হয়েছিল? হামলা করার জন্য, প্রাথমিক স্কুল বন্ধ করার জন্য। সংখ্যাটা বাড়বে কি করে? তবে এখন বাড়বে। দুঃখ পেলেও বাড়বে। বেকার সমস্যার কথা বলেছেন। লজ্জা করে না? দেশভাগের জন্য কারা দায়ী সেই প্রশ্ন করছি না। বেকার সমস্যা জাতীয় সমস্যা নয়? একটা রাজ্য সরকার পারে তার সমস্যার সমাধান করতে? যে দৃষ্টিভঙ্গি নিয়ে বামফ্রন্ট সরকার বেকার সমস্যার সমাধানের জন্য চেষ্টা করছেন সেই দৃষ্টিভঙ্গিকে আমি স্বাগত জানাই।

আমি নাম বলব না। আমি গ্রাস রুটে কাজ করেছি, আমি গ্রামে গ্রামে ঘুরেছি। গ্রাস রুটের ইংরাজি তৃণমূল, ওটা আমি বলব না। আমি গ্রাস রুটই বলব। আমি তৃণমূল বলছি না। আমি গ্রাস রুটের মানুষকে জানি, শ্রমিক বস্তির মানুষকে জানি—তাদের উন্নয়নের জন্য এই বাজেট, সমস্ত সাধারণ মানুষের উন্নয়নের জন্য এই বাজেট, এই বাজেটে যে কর হ্রাস করা হয়েছে তা তাদের দিকে তাকিয়ে করা হয়েছে। আর কর বৃদ্ধি করা হয়েছে যারা বইতে পারবে তাদের দিকে তাকিয়ে। আয়কর ফাঁকি—এটা এখন

আমরা আদায় করতে চাই। তবে আমরা একা করতে পারব না। গোটা ভারতবর্ষের সরকারকে এর জন্য এগিয়ে আসতে হবে। এখন তাঁরা কি করবেন সেটা অনিশ্চিত, সেটা আমি জানি না। এটা মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি বলতে পারবেন, আমি বলতে পারব না। আমি একথা বলব যে বিদ্যুতের ক্ষেত্রে আজকে আমরা নিঃসন্দেহে এগিয়েছি। পরিবহনের ক্ষেত্রেও আমরা এগিয়েছি। এখানে আকাশযানের কথা বললেন, আমাদের এখানে আকাশ-যান নয়, আমরা অন্যান্য বিভিন্ন ক্ষেত্রে এগিয়েছি, আরও এগনোর পদক্ষেপ নিচ্ছি। জনসাধারণের সুবিধার জন্য আমরা বিভিন্ন ভাবে চেষ্টা করছি। তবে সব করা যায় না, সব করা যাবে না। ১৯৭৭ সালে রাইটার্স বিল্ডিং-এ ঢোকার সময় আমাদের মুখ্যমন্ত্রীসহ মন্ত্রীসভার সদস্যরা বলেছিলেন, 'সব সমস্যার সমাধান করা যাবে না'। উদ্বাস্তু সমস্যার কথা কেউ বললেন না তো? উদ্বাস্তু সমস্যা জাতীয় সমস্যা নয়? সেই সমস্যার সমাধানের কথা বললেন না তো? সেই সমস্যার সমাধানের জন্য এই সরকার সচেষ্ট। সামগ্রিকভাবে এই সমস্যাকে জাতীয় সমস্যা হিসেবে গ্রহণ করার জন্য কেন্দ্রীয় সরকারকে এগিয়ে আসা উচিত। যে বাজেটে শহর ও গ্রামের সাধারণ মানুষকে ১০ কে.জি. করে ভর্তুকি দিয়ে চাল দেওয়ার কথা হয়েছে, কেরোসিন দেওয়ার কথা হয়েছে সেই বাজেট সাধারণ মানুষের বাজেট—আমি আশা করব এই দৃষ্টিভঙ্গি দিয়ে এই বাজেটকে আপনারা অনুমোদন করবেন। আমি এই বাজেটকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের যে বাজেট পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি। কারণ, এই বাজেট একটা অসত্য, অলীক এবং অবৈজ্ঞানিক দলিল হিসাবে আগামী দিনে চিহ্নিত হয়ে থাকবে। সুদূর ভবিষ্যতে কেউ যখন লাইব্রেরিতে গিয়ে এই বাজেট প্রস্তাবটি পড়বে তখন সে তখনকার দিনের সঙ্গে এই বাজেটের বক্তব্যের কোনও মিল খুঁজে পাবে না। এখন যেসব কাজ করবেন বলে অর্থমন্ত্রী বলছেন, পরবর্তীকালে সেসব কিছুই তিনি করতে পারবেন না। আমরা জানি একটা সরকার চালাতে গেলে ট্যাক্সের দরকার, টাকা পয়সার দরকার। মাননীয় অর্থমন্ত্রী, আপনি জানেন সাধারণত তিন চারটি জায়গা থেকে একটা রাজ্য সরকারের টাকা পয়সা আদায় হতে পারে—সেলস ট্যাক্স থেকে টাকা আসতে পারে, সেভিংস থেকে আসতে পারে এবং পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের যে শিল্প সংস্থাগুলো আছে, সেগুলো থেকে আসতে পারে। মাননীয় অর্থমন্ত্রী, আপনার সদিচ্ছা থাকলেও আমরা লক্ষ্য করছি পশ্চিমবঙ্গে যে পরিমাণ ট্যাক্স আদায় হওয়া উচিত সে পরিমাণ হচ্ছে না। যার ফলে আমাদের অনেক ক্ষেত্রেই মনে হয় আপনার ট্যাক্স আদায় করার সদিচ্ছা নেই। মাননীয় অর্থমন্ত্রী, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ডুবড়ি চেক পোস্ট বলে বর্ডারে একটা চেক পোস্ট আছে। আপনি কি জানেন বে-আইনি

ভাবে কোটি কোটি টাকার আমাদের রাজ্যের সম্পদ ওখান দিয়ে বেরিয়ে যাচ্ছে? প্রতিদিন কত কোটি টাকার রাজস্ব ক্ষতি হয় আপনার দুর্নীতিগ্রস্ত অফিসারদের জন্য? আর আপনি যদি জানেনই তাহলে কোনও ব্যবস্থা নিতে পারেন না কেন? আপনি কি জানেন আন্তঃরাজ্য পারমিট ছাড়াই রাজ্য সরকারকে ট্যাক্স ফাঁকি দিয়ে কত বাস পশ্চিমবঙ্গ থেকে অন্য রাজ্যে দৈনিক যাতায়াত করে? আপনার সরকারের জনৈক মন্ত্রীর আশীর্বাদ নিয়ে, লোকাল থানাকে ম্যানেজ করে কলকাতা থেকে, আসানসোল থেকে এবং রাজ্যের আরও বিভিন্ন জায়গা থেকে বাসগুলো ছেড়ে লাইসেন্স, পারমিট না নিয়ে আপনার সরকারকে কোটি কোটি টাকা ফাঁকি দিয়ে অন্য রাজ্যে যায়। এই সমস্ত বাসগুলোর কাছ থেকে প্রচুর টাকার ট্যাক্স আদায় হতে পারে, কিন্তু সে ব্যবস্থা আপনি করছেন না। আপনি সাধারণ মানুষের ওপর সেলস ট্যাক্স-এর বোঝা চাপাচ্ছেন। এ রাজ্যের সেল ট্যাক্স-এর হার পার্শ্ববর্তী রাজ্যের তুলনায় বেশি হওয়ার জন্য আসানসোল, বর্ধমান প্রভৃতি বর্ডার এলাকার ব্যবসায়ীরা বিহার থেকে মাল-পত্র নিয়ে এসে ব্যবসা করছে। রাজ্যের জিনিস বিক্রি হচ্ছে না, আপনি ট্যাক্স পাচ্ছেন না। তার ওপর আপনি আবার তিন বছরের অ্যাডভান্স ট্যাক্স নিয়ে নিচ্ছেন। অথচ আপনি জানেন না আপনি পরের বছর সরকারে থাকবেন কিনা! এই সব অদ্ভুত অদ্ভুত নিয়ম নীতি চালু করে আপনি জোর করে ব্যবসায়ীদের দু নম্বর ব্যবসার দিকে ঠেলে দিচ্ছেন। আপনার আচরণ যা দেখছি, তাতে আমার তাই মনে হচ্ছে। তারপর আমি লক্ষ্য করছি গত বছর আপনি কেন্দ্রের কাছে যেসব বিষয়ে কোনও দাবি জানাননি এ বছর রাতারাতি সে সব বিষয়ে দাবি জানাচ্ছেন। গত বছর বাজেটের সময় আপনি সারকারিয়া কমিশনের কথা বলেন নি, এবারে বলছেন,—সারকারিয়া কমিশনের সুপারিশ গৃহীত হয়েছে, অতএব তা কার্যকর করতে হবে। তা এ বিষয়ে আপনি এত দিন চুপ করে ছিলেন কেন? এতদিন জোরাল কণ্ঠে বলেন নি কেন? কেন বলেননি যে, ঐগুলো কার্যকর করতে হবে? আপনি এখানে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা বলছেন, অথচ এ কথা গত বছর আপনার কণ্ঠে শুনিনি। তার আগের বারও শুনিনি। এবারে আবার নতুন করে বলছেন। মাত্র পাঁচ দিনের মধ্যেই এসব কথা আবার আরম্ভ হয়ে গেছে। আপনারা কয়লা থেকে ৬০০ কোটি টাকার সেস পান। অথচ খনি অঞ্চলের উন্নয়নের জন্য কিছু না করে গোটা অঞ্চলটাকে শেষ করে দিচ্ছেন। এখন আবার বলছেন, আরও সেস নিতে হবে! এর কোনও যুক্তি আছে বলে আমি মনে করি না। আপনারা বিভিন্ন ক্ষেত্রে ট্যাক্স আদায় করতে পারছেন না। আপনাদের ২২-টি শিল্প সংস্থা আছে। এতদিনে আপনারা বলছেন—সবে মাত্র পাঁচটি লাভ করতে চলেছে। স্পেসিফিক্যালি বলেননি কত টাকা লাভ করেছেন। আর বাকি ১৭-টার কোনও উল্লেখ নেই। সেগুলো কত কোটি টাকা লসে চলছে? পাঁচটায় লাভ হলে কি হবে, ঐ ১৭-টা তো ৫০-টার লাভ খেয়ে নিচ্ছে। তারপর খরচের ক্ষেত্রে

আপনি বলছেন—এই করে দেব, ঐ করে দেব। আবার শিল্প করবেন বলছেন। পশ্চিমবাংলার শিল্পের কথা শুনলে লোকে হাসে। মুখ্যমন্ত্রী একদিন এখানে কোনও এক প্রসঙ্গে বলেছিলেন, 'অমন কথা শুনলে ঘোড়ায় হাসবে'। তা আমি আপনাকে বলি, আপনাদের মুখে শিল্পের কথা শুনলে ঘোড়ায় হাসবে।

[3-10 – 3-20 p.m.]

প্রতিদিন এখানে ইন্ডাস্ট্রি বন্ধ হচ্ছে। ১৯৬০-এর বা ১৯৭০-এর দশকে যেসব ইন্ডাস্ট্রি এখানে ছিল তা একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে। এই তো ডানলপ বন্ধ হয়ে গেল, আমাদের ওখানে গ্লাস ফ্যাক্টরি ১৭ বছর ধরে বন্ধ হয়ে আছে। আপনি বলেছেন যে ৫শো টাকা করে বন্ধ কারখানার শ্রমিকদের ভাতা দেবেন। আমার মনে হয় খোলার প্রবণতা এই ৫শো টাকা করে ভরতুকির কথা শুনে বন্ধ হয়ে যাবে। আপনার অফিসাররাই তা বন্ধ করে দেবে। আপনারা নিজেরাও কাজ করবেন না আবার এইসব কথা বলে খোলার যে পথটা ছিল সেটাও চিরতরে বন্ধ করে দেবেন। এই তো আমাকে একজন জিজ্ঞাসা করছিলেন যে, আমাদের গ্লাস ফ্যাক্টরি কি আর তাহলে খুলবেই না? আর এই পাঁচশো টাকা পাবার যে জটিলতা সেটা আপনি আশা করি নিশ্চয় বুঝবেন। এ তো পশ্চিমবঙ্গে 'বিধবা ভাতা'র মতন হয়ে যাবে। সরকার বললে বিধবা, স্থানীয় সি.পি.এম. নেতা বললে বিধবা, তা না হলে নয়। একটা কারখানা ১৮ বছর ধরে বন্ধ হয়ে আছে, কোথায় তার কাগজপত্র, কোথায় তার শ্রমিকরা—এ তো পশ্চিমবঙ্গের যেসব কারখানা বন্ধ হয়ে আছে তার শ্রমিকদের একটা ধোঁকার মধ্যে ফেলে দেওয়া হচ্ছে বলেই আমরা মনে করি। আমি মনে করি এতে কারখানা খোলার প্রবণতা বন্ধ হয়ে যাবে। আর এর নিয়মকানুনই বা কি, কবে থেকে দেবেন তাও আপনি বলেননি। আমি এর তীব্র প্রতিবাদ করছি। এর পর আমি বিদ্যুতের কথায় আসছি। আপনি আপনার ভাষণে বিদ্যুতের কথা উল্লেখ করেছেন। আপনি অনেক সময় এই সভায় থাকেন আবার অনেক সময় থাকেন না কিন্তু আপনি জানেন এখানে সব দলের মাননীয় সদস্যরাই মেনশন আওয়ারে বিদ্যুৎ না থাকার অভিযোগ জানান। গ্রামের পর গ্রামে বিদ্যুৎ নেই, মৌজার পর মৌজায় বিদ্যুৎ নেই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, বিদ্যুতের ব্যাপারে আমার অভিযোগের কথা আপনার শোনার দরকার নেই, আপনি আপনার দলের মাননীয় সদস্যদের ডেকে জিজ্ঞাসা করুন যে এখানে বিদ্যুতের হাল কি? বাঁকুড়া, পুরুলিয়া এবং অন্য জেলার সদস্যদের ডাকুন এবং জিজ্ঞাসা করুন দেখবেন তারা বলছেন গ্রামবাংলায় বিদ্যুৎ নেই। স্যার, আপনি জানেন, জেলা পরিষদ-এর মাধ্যমে গ্রামের বৈদ্যুতিকরণের কাজ হয়। জেলা পরিষদ পঞ্চায়েত সমিতিগুলিকে ডেকে বলে কোথায় কোথায় বৈদ্যুতিকরণ করতে হবে বলুন। পঞ্চায়েত সমিতি লিস্ট দেয় এবং সেই অনুযায়ী হবার কথা। কিন্তু আপনি দেখবেন

সমিতির সভাপতি এবং সদস্য যারা ম্যানেজ করতে পারেন তাদের অঞ্চলে বিদ্যুৎ যায়। ধরুন, আপনি বাজেট যা বরাদ্দ করলেন তাতে এ বছর একটা জায়গা পর্যন্ত বৈদ্যুতিকরণ হল এবং তার পরের বছর লাস্ট পোল যেখান পর্যন্ত গিয়েছে তার পর থেকে হবার কথা কিন্তু দেখা যায় যে তা না হয়ে হাফ কিঃ মিঃ দূরে পঞ্চায়েত সমিতির কোনও প্রভাবশালী সদস্যের এলাকা থেকে তা শুরু হচ্ছে। আমার কথা হচ্ছে যে, এখানে আপনার পরিষ্কার গাইডলাইন থাকা দরকার যে, যে পোল পর্যন্ত হয়েছে পরের বার ঠিক তার পর থেকে আরম্ভ হবে। মন্ত্রী মহাশয়, আমি দায়িত্ব নিয়ে বলছি তা হয় না, পঞ্চায়েত সমিতির সদস্য যিনি ম্যানেজ করতে পারেন তার জায়গায় হয়। এ তো গেল গ্রামের কথা, এবারে আমি কর্পোরেশন টাউনের কথায় আসছি। আমার আসানসোল-এ অনেক জায়গায় বিদ্যুৎ নেই। গ্লাস ফ্যাক্টরি দীর্ঘ দিন বন্ধ, সেই অঞ্চলে বিদ্যুৎ নেই, রেলপারের বিস্তৃর্ণ অঞ্চলে বিদ্যুৎ নেই। আপনি জানেন যে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির মাধ্যমে বৈদ্যুতিকরণ করার কাজ হবার ব্যবস্থা নেই। আমি আসানসোল কর্পোরেশনের সদস্য, গত ৫ বছর ধরে দেখছি এস্টিমেট হয়ে পড়ে আছে কিন্তু কর্পোরেশন থেকে পর্ষদকে টাকা পাঠানো হয়নি। আমার এলাকার বহু জায়গাতে বিদ্যুৎ নেই অথচ আপনি বাজেট বক্তৃতায় বলছেন যে বৈদ্যুতিকরণের কাজ ভাল ভাবে চলছে। এ তো সেই রকম—রাজা ধন বিলোচ্ছেন আর রাণী কুড়োচ্ছেন। মন্ত্রী মহাশয়, আপনি শহরে থাকেন, আপনি ক্রিম অফ দি সোসাইটি, নিজের যোগ্যতায় আপনি বড় হয়েছেন কিন্তু আপনি কি জানেন যে পশ্চিমবাংলার কত মানুষ তাদের পানীয় জলটুকু পর্যন্ত পায় না? আপনার, আমার বাড়ির মেয়েদের বাইরে থেকে জল আনতে হয় না, নিচের কল থেকেও জল আনতে হয় না। পশ্চিমবঙ্গে এমন গ্রামের নাম করতে পারি যেখানে মেয়েদের মাথায় করে দুই কিলোমিটার দূর থেকে জল আনতে হয়। স্বাধীনতা লাভের ৫০ বছর পরেও এই অবস্থা! এটা কিন্তু আমাদের লজ্জা। কেন্দ্রে কে প্রধানমন্ত্রী ছিলেন—আমাদের, না আপনাদের—এসব বলে লাভ নেই। কথা হল, আমরাও পারিনি, আপনারাও পারেননি। আজকে ২২ বছর ধরে রাজ্যের দায়িত্বে রয়েছেন, আজকে বলুন যে, রাজ্যের সর্বত্র পানীয় জলের ব্যবস্থা করে দেবেন। শহরে ঘন্টা ধরে জল থাকে, এক একটি ওয়ার্ডে পাঁচ-সাতটি করে কল। আমি আপনাকে আসানসোল নিয়ে যাব, সেখানে রোজ কল মেরামত করতে হয়, গ্লাস ফ্যাক্টরি অঞ্চলে পাইপ-লাইন বসে নি। অর্থাৎ অনেক শহরের অনেক অঞ্চলে পানীয় জল পৌঁছায় নি। সেখানে বলছেন যে, মানুষকে ৪০ লিটার করে জল দেবেন। যেখানে তারা ৫ লিটার জল পাচ্ছেন না, সেখানে কি করে ৪০ লিটার জল দেবেন? এটা আপনার দিবাস্বপ্ন এবং সেটা স্বপ্নই থেকে যাবে। এটা বাস্তবে পরিণত করা কঠিন।

এরপর আমি স্বাস্থ্য সম্পর্কে বলছি। এই সভায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে যখন কোনও

মেম্বার মেনশন করেন, সেখানে দলমত নির্বিশেষে সবাই বলেন যে, হাসপাতালে বেড বাড়েনি। গ্রাম্য হাসপাতালের কথা আর কি বলব। আমি দেখেছি, সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে আসানসোল মহকুমায় একটি হসপিটাল হয়েছিল ২২ বছর আগে, কিন্তু আজ পর্যন্ত সেখানে একটি বেডও বাড়েনি। আজকে হসপিটালগুলিতে একটি বেডে তিনজন করে পেশেন্ট থাকেন। তারা স্যালাইন পান না, মিনিমাম ওষুধ পান না, এ.আর.ভি. সেখানে পাওয়া যায় না। আপনার যদি কোনও আত্মীয় থেকে থাকেন, তাকে হাসপাতালে পাঠাবেন আউট-ডোর টিকিট কেটে এই রোগের চিকিৎসা করে এস কি বলে, দেখবেন তিনি কোনও রকম চিকিৎসা পাবেন না। অর্থাৎ আজকে স্বাস্থ্য পরিষেবা ভেঙ্গে পড়েছে। কাজেই স্বাস্থ্য নিয়ে যা বলেছেন অসত্য কথা বলেছেন।

গত বছর একটা ব্যাপার নিয়ে খুব হৈচৈ হয়েছিল। বিষয়টা হচ্ছে পি.এল. অ্যাকাউন্ট। সেই পি.এল. অ্যাকাউন্ট নিয়ে আপনার ভাষণে কিছু উল্লেখ থাকা উচিত ছিল। এটা নিয়ে হাইকোর্টে কেস হয়েছে, সুপ্রিম কোর্টেও কেউ কেউ কেস করেছেন, কিন্তু বাজেটে পি.এল. অ্যাকাউন্টের উল্লেখ করলেন না। আপনি জানেন, পশ্চিমবঙ্গে এখন বন্ধ কলকারখানার প্রচুর শ্রমিক আছেন, রুগ্ন কলকারখানার প্রচুর শ্রমিক আছেন। আমার অঞ্চলে রয়েছে ইস্কো, এটা রুগ্ন হয়ে গেছে। সেখানে সাইকেল কর্পোরেশন অফ ইন্ডিয়া রুগ্ন, হিন্দুস্থান কেবলস রুগ্ন। সেখানে চার-পাঁচ মাস কেউ মাইনে পান না। রুগ্ন শিল্পগুলিকে কিভাবে রিভাইভ করবেন, এ সম্পর্কে আপনার সরকারের দৃষ্টিভঙ্গি কি, তার কোনও উল্লেখ বাজেটে দেখতে পেলাম না। সেখানে ইস্কো, সাইকেল কর্পোরেশন হিন্দুস্থান কেবলস নিয়ে কোনও কথা বলেননি, কোনও রুগ্ন শিল্প নিয়েই কথা বলেন নি। যেসব কারখানা বন্ধ হয়ে গেছে সেসব কারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে দেবেন বলে দায় এড়িয়ে গেছেন। একটা প্রসঙ্গে সবাই একমত হবে না, সেটা হল, আপনাদের সবার মাথাব্যথা শুধু কলকাতা নিয়ে। কলকাতার উন্নতি করতে হবে, বাস সার্ভিস বাড়াতে হবে, কলকাতার জন্য সব কিছু করতে হবে। এত মানুষ মফঃস্বলের প্রতিনিধিত্ব করেন, তাঁরা কি সবাই বানের জলে ভেসে এসেছেন? কি করে খড়গপুরের উন্নতি হবে, কি করে আসানসোলের উন্নতি হবে ভাবেন না। একবারও তো ভাবেন না, নর্থ বেঙ্গলের কিভাবে উন্নতি হবে? নর্থ বেঙ্গল থেকে কিভাবে তাঁরা এখানে আসেন খবর রাখেন? বাসে যারা রাত পেরিয়ে দিনহাটায় যান তারা কিভাবে যান জানেন? এদিকে কলকাতার রাস্তায় পীচের উপর পীচ পড়ে, অথচ আসানসোলে সেটা হয় না। একবার আসানসোল যাবার সময় উনি বলেছিলেন—রাস্তার এই অবস্থা! এটা ভাল হয় না? আজকে এম.এল.এ. হোস্টেলের সামনে কিড স্ট্রিটে পীচের উপর পীচ পড়ে। কিন্তু আমাদের ওখানে পড়ে না। এই যে কলকাতাকে ভাল করছেন, শুধু কলকাতাকে ভাল করলে হবে না। যদি ভাল করতে চান তাহলে সমস্ত রাজ্যের ভাল করতে হবে। গ্রামের দিকে আপনাদের লক্ষ্য দিতে হবে।

গ্রাম যদি বাঁচে তবেই শহর বাঁচবে। সর্বশেষে, আমি এই বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20 – 3-30 p.m.]

**শ্রী বিজয় বাগদী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের জন্য যে বাজেট উত্থাপন করেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন করছি। আজকে বিরোধী দলের সদস্যরা গলা ফাটিয়ে চিৎকার করছেন। আমি মাননীয় সদস্যদের গ্রামের দিকে যেতে বলব। আপনারা তো শহরে বাস করেন, কাজে কাজেই গ্রামের পরিস্থিতি আপনারা জানেন না। আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর ভূমি সংস্কারের মাধ্যমে আজকে ভূমিহীন মানুষদের মধ্যে ক্ষেতমজুদের মধ্যে ব্যাপক জমি বন্টন করা হয়েছে। তার যে সুফল তা হল মানুষ ব্যাপক হারে কৃষির সঙ্গে যুক্ত হয়েছে। ফলে তাদের অর্থনৈতিক সাফল্য এসেছে। আপনারা সেচের বিষয় নিয়ে আলোচনা করলেন। আজকে গ্রামে এক ফসলী জমিকে দু ফসলী, দু ফসলী জমিকে ত্রি ফসলী করা হয়েছে সেচের মাধ্যমে। এতেও আমরা সন্তুষ্ট নয়, আরও ব্যাপক হারে কৃষি জমিকে সেচের আওতায় আনতে চাই। সমস্ত এক ফসলী জমি দু ফসলী হয়ে গেছে, এটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের সাফল্য। আর এই সাফল্যের জন্যই মানুষের আশীর্বাদ বামফ্রন্ট সরকার পাচ্ছে, সেই জন্যই বারে বারে তারা আমাদের এই বিধানসভায় পাঠাচ্ছে। আপনারা পানীয় জলের কথা বললেন। আপনাদের আমলে দেখেছি তখন গ্রামে মহিলারা নদীতে জল আনতে যেত ২-৩ কিলোমিটার দূরে। আজকে ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। তাই গ্রামের মানুষকে আর নদীতে জল আনতে যেতে হয় না, আজকে প্রতিটি পাড়ায় পাড়ায় টিউবওয়েল তৈরি হয়েছে, সেখান থেকে মানুষ পানীয় জল সংগ্রহ করে। শিক্ষার ক্ষেত্রে আপনারা বলেছেন। শিক্ষার ক্ষেত্রে আপনাদের আমলে কি ছিল? আপনাদের আমলে শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছিল। আজকে এমন কোনও গ্রাম নেই যেখানে প্রাইমারি বিদ্যালয় নেই। আজকে ছেলে-মেয়েদের লটারির মাধ্যমে ভর্তি করতে হচ্ছে। এর থেকে বোঝা যায় শিক্ষা ব্যবস্থার কতখানি উন্নতি হয়েছে। পরিসংখ্যানের মাধ্যমে আমরা দেখতে পাই ১৯৭২-৭৩ সাল পর্যন্ত শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের কত ছেলেমেয়ে লেখাপড়া করেছে আর আজকে সেই হার কত। আজকে আমরা দেখতে পাচ্ছি শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের ছেলেমেয়েরা হোস্টেলে জায়গা পাচ্ছে না, স্কুলে জায়গা দিতে পারা যাচ্ছে না। এটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের সাফল্য। আজকে আমাদের আরও প্রয়োজন আছে। এই সীমবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে আমাদের অর্থমন্ত্রী চেষ্টা করছেন। আজকে ক্ষেত মজুরদের জন্য রেশনে ৬ মাসের জন্য সস্তায় চাল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, এটা আমাদের

কাছে একটা গর্বের ব্যাপার। কারণ গ্রামে এমন ক্ষেত মজুর আছে যারা কৃষির সঙ্গে যুক্ত তারা ৬ মাস কাজ পায় ৬ মাস তাদের বিশেষ কাজ থাকে না। তাদের অনাহারে অর্ধাহারে দিন কাটাতে হয়। এই ব্যাপারে অর্থমন্ত্রী মহাশয় চিন্তা ভাবনা করেছেন যে এই সমস্ত মানুষদের ২০ কে.জি. করে সস্তায় রেশনে চাল দেবেন, তাতে তারা চালিয়ে নিতে পারবে। বিদ্যুতের ব্যাপারে বলেছেন। আগে বিদ্যুতের আলো এসে আমরা সেখানে ছুটে দেখতে যেতাম। আজকে আমরা দেখতে পাচ্ছি লোকদীপ প্রকল্প এবং কুটির জ্যোতি প্রকল্পের মাধ্যমে গরিব মানুষের ঘরে ছোট ছোট কুটিরে বিদ্যুতের আলো পৌঁছে গেছে। রাস্তাঘাটের ব্যাপারে বলেছেন। আগে রাস্তাঘাট ছিল কাদায় ভর্তি। এখন পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের সেই রাস্তাগুলি কোনটা পাথরের কোনটা মোরাম দিয়ে তৈরি হয়েছে। সেখানে আজকে মারুতি গাড়ি চলে যাচ্ছে। আগে যে রাস্তায় ২টি বাস চলত এখন সেখানে ৪০-৫০টি বাস চলাচল করছে।

কাজেই মানুষের আগে যে অবস্থা ছিল তা থেকে আমরা ২০।২২ বছরের মধ্যে অনেকখানি এগিয়ে আসতে পেরেছি। আজকে দারিদ্র্যসীমার নিচে যে সমস্ত মানুষ ছিল আজকে তাদের স্বচ্ছলতা হওয়ার কারণে তাদের ক্রয় ক্ষমতা বেড়েছে। আজকে গ্রামে গেলে এমন কোনও ঘর পাবেন না যেখানে সাইকেল নেই। অনেকের ঘরে টিভি পর্যন্ত হয়েছে। এটা তো বামফ্রন্টের একটা সাফল্য। আমরা এতে সন্তুষ্ট নই। আমাদের অর্থনৈতিক যে অবস্থা তাকে আরও উন্নত করার ক্ষেত্রে ছোট ছোট কুটির শিল্পের প্রয়োজন আছে। যে সমস্ত বেকার ছেলে আছে তাদের সমবায়ের মাধ্যমে প্রশিক্ষণ দিয়ে কিভাবে স্বনির্ভর করে তোলা যায়, তার জন্য সরকার লক্ষ্য রেখেছে। বাজেটে তার উল্লেখ আছে। তাছাড়া, আজকে বন্ধ কলকারখানার যে সমস্ত শ্রমিক ভাইয়েরা আছে তারা যে অবস্থার মধ্যে দিন যাপন করছে, এবারের বাজেটে উল্লেখ করা হয়েছে যে, তাদের পরিবার পিছু মাসে পাঁচশো করে টাকা দেওয়া হবে। চাষীরা সবচেয়ে বেশি উৎসাহিত হবে, কারণ তাদের চাষের কাজে ব্যবহৃত সাজসরঞ্জাম ও যন্ত্রপাতির উপরে ধার্য কর হ্রাসের কথা বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন। যারা মোটর দিয়ে চাষ করেন, সেগুলোর টাকা সময় মত পরিশোধ করলে ২০ পারসেন্ট ছাড় দেবার কথা বাজেটে বলা হয়েছে। আমরা দেখেছি, গ্রামাঞ্চলে যে সমস্ত চাষী মোটরের সাহায্যে চাষ করতেন, তাদের প্রচুর টাকা লাগত। তারা এই ছাড়ের ফলে উৎসাহিত হবেন এবং তাঁরা আরও বেশি করে চাষের দিকে নজর দেবেন। এর ফলে আরও বেশি করে ফসল উৎপাদিত হবে। আমি বন্ধ কলকারখানার ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার এলাকায় 'রাজনগর শিশল ফার্ম', যেখানে তিন-চারশো কর্মী আছে, তিন চারশো একর জমিতে শিশল শন চাষ হয়, সেই কারখানাটি আজকে রুগ্ন হয়ে পড়েছে। শিশল থেকে দড়ি তৈরি হয়, যা সহজে নষ্ট হয় না। মাননীয় অর্থমন্ত্রীকে

এটির প্রতিত দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 - 3-40 p.m.]

**Shrimati Shanta Chhetri :** Hon'ble Chairman, Sir, I would like to draw the special attention to the Hon'ble Finance Minister regarding the Budget Estimates for the Financial Year 1998-99. Sir, throughout the budget, nothing has been earmarked for the DGHC. Though it is the creation of the State Government itself. Why no funds have been earmarked for hill development works is also very strange! As the government itself knows, the DGHC has a separate and distinct status—that of a state government within the state government. The geographical, social and enomomic realities of the DGHC area are quite separate and different from those elsewhere in the rest of the state. The budget seems to have ignored the realities governing living conditions of the hill people. For instance, tea is the major industry that the hills depends upon. But the government has not made any effort to promote this industry. The meagre infrastructural facilities related to this industry have not been augmented over the past so many years. Recently, the closure of several tea estates also has cast a shadow on this industry where so much scope exists for cottage, small scale industries in the DGHC area, the present trend seems to be one of ignoring and sidelining the hills.

There is tremendous scope for sericulture, bee-keeping, pisciculture and animal rearing in the DGHC's rural areas. For lack of funds, the DGHC is unable to, start any long-term scheme in such directions. The Government has earmarked Rs. 25 crores for zilla parishads for providing infrastructural facilities related to small and medium industrial units such as rice mills, cold storages and units related to animal resources as well as to material for infrastructure.

Why has nothing been earmarked for enabling the DGHC to take

up industrial development work in the hills. The government is also providing to the concerned industrial units, loans of Rs. 100 crores from cooperative banks and WBFC and equal amounts of loan of Rs. 100 crores from nationalised banks. But the government's thrust is mainly on places located within the jurisdiction of the zilla parishad, panchayat samities and municipalities. Nothing has been mentioned about the council or how it is to be empowered financially for setting up similar industries, as feasible, in the hills. Sir, while Rs. 2.50 crores has been sanctioned in the equity of West Bengal Minorities Development and Finance Corporation and an additional Rs. 7.50 crores in the next year for the corporation, the DGHC has been sanctioned nothing for the purpose. Why is the Gorkha community, a minority one, being ignored like this? Also, there are other minority community people like Muslims, Sikha, Buddhists etc. residing in DGHC areas. They also have been totally ignored. The DGHC has long since been demanding for handing over of the SC & ST Welfare Department to it. Neither has the department been given to the council nor has the council been granted any welfare fund for hill SC & Sts. On the other hand, the government has preferred to retain the prerogative and not allow the DGHC any say in the hills on this. Sir, Rs. 2 crores in the next year is to be added to existing plan outlay for West Bengal Women Development Undertaking so as to generate employment among women. Why has nothing been sanctioned to the DGHC for development of and employment generation among women in the hills? Whereas the State Government has set a target of providing, within two years, a service level of at least 40 litres of water per capita per day in each village in the state, nothing in this direction is being done for villages in the DGHC area. The plan out lay in the water supply is to be increased from Rs. 101 crores in current year to Rs. 111 crores in the next year. The state government has planned to have the panchayats and PH[illegible] act in coordination for not only implementing the schemes, but also for ensuring regular maintenance and repair works. This proposal to have a joint

effort by the panchayats and PHE is likely to work fine in all places in the state except DGHC areas. As the state government know the DGHC area does not have the two-tier panchayat system. It is the DGHC which looks after the task in villages of DGHC areas. What is the State Government's proposal about the perpetual water crisis in the hills? How and in what manner will the DGHC be part of the fund disbursement scheme? As you are aware, the DGHC has its own PHE in the hills. How and in what way will the council be expected to work with the PHE, assuming funds under the water supply sector's plan outlay, is made available to council?

In conclusion, it seems despite its promise of extending gradually increasing degree of financial and administrative autonomy to the DGHC, the State Government appears reluctant to do so. Not only that, it seems to be deliberately ignoring the council and problems of the Hill people.

I request the State Government to give more thought to the matter and rectify the situation at the earliest possible. Otherwise, the problems of the Hill people and the difficulties of the DGHC in attempts to ameliorate those problems will grow day by day, leading to a total collapse of administrative and socio-political life in the Hills. Thank you.

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় অর্থমন্ত্রী আমাদের কাছে যে বাজেট পেশ করেছেন তাঁকে সমর্থন করে দুটো কথা বলছি। আমি প্রথমে একটু বলি, গতকাল পার্লামেন্টে ঐ ঘূর্ণি ঝড়ের ব্যাপারে যে সেন্ট্রাল টিমের আসার কথা ছিল—প্রধানমন্ত্রী পাঠিয়েছেন—সেখানে সেন্ট্রাল এগ্রিকালচার মিনিস্টার তাঁর সঙ্গে আমাদের এখানকার সাংসদ মমতা ব্যানার্জি এসেছেন, এবং সেই ব্যাপারে প্রতিবাদ করেছিল আমাদের বামপন্থী সাংসদরা এবং তারা ওয়ার্কআউটও সেখানে করেছিলেন। কংগ্রেসও সেই ওয়ার্ক আউটে পরবর্তীকালে সামিল হন। আজকে এখানে বিষয়টা হচ্ছে কোন নৈতিকতায় তৃণমূলের চেয়ারম্যান পঙ্কজবাবু এখানে বক্তৃতা করলেন সেটা আমি বুঝছি না। বিষয়টা হচ্ছে, কাশ্মীর থেকে কন্যাকুমারিকা পর্যন্ত বাংলা থেকে মহারাষ্ট্র পর্যন্ত সর্বত্র দুটো জিনিস ভয়ঙ্কর ভাবে নাড়া দিয়েছে। সেটা হচ্ছে, বেকার সমস্যা এবং দ্রব্যমূল্য বৃদ্ধি। এরফলে স্বাভাবিকভাবে মানুষের মধ্যে একটা প্রচন্ড ক্ষোভ সর্বত্র আমরা দেখছি। বিগত লোকসভায় কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী মনমোহন সিং এর যে অর্থনীতি শিল্পনীতি

তার পাপের বোঝা গোটা ভারতবর্ষকে ভোগ করতে হচ্ছে। আমরা দেখেছি, ১৯৯৬ সালে যে লোকসভা বিধানসভার নির্বাচন হয়ে গেছে তাতে যে পিপিল ম্যানডেট ছিল, আর ১৯৯৮ সালে এই লোকসভার নির্বাচনে আমরা দেখছি পিপিল ম্যানডেটগুলি অদ্ভুত ভাবে পরিবর্তিত। যেখানে কংগ্রেস ছিল, সেখানে কংগ্রেস নেই, যেখানে বি.জে.পি. ছিল, সেখানে তারা নেই, যেখানে অগপ ছিল, সেখানে তারা নেই। একটা অদ্ভুত অবস্থা সর্বত্র। কিন্তু দেখা যাচ্ছে, ত্রিপুরা, কেরল এবং পশ্চিমবাংলায় আজকে কোন নীতিতে কোন যাদুতে আমরা এখানে আছি এবং কোন শক্তিতে আছি। হ্যাঁ, ভোট যদিও কমেছে, ২.৫৪ শতাংশ, কিন্তু এই কথা আপনারা বলছেন, হ্যাঁ ভোটটা কমেছে, পাশাপাশি দেখবেন ৩ শতাংশের মতো ভোট পোলিং হয়নি। অন্তর্বর্তী নির্বাচনে ভোটে পোলিং কম হয়। তাই বলছি, আমাদের গায়ে সেই রকম কিছু আঁচড় লাগেনি। হ্যাঁ, যেটুকু আঁচড় আছে, সেটাও আপনাদের নীতির জন্য। আজকে দক্ষিণপন্থী শক্তি সারা ভারতবর্ষে যেভাবে আজকে বিন্যাস করছে, যেভাবে জীবনযাপন বিপর্যস্ত করবার চেষ্টা করছে আজকে পারিবারিক সম্পর্ক, প্রতিবেশী সম্পর্ক, সমস্ত সম্পর্কগুলিকে তারা আঘাত করবার চেষ্টা করছে, তাদের আহ্বান করছেন, খাল কেটে কুমির ঢুকিয়ে আনছেন। আজকে কি আপনারা অস্বীকার করতে পারবেন, ভারতবর্ষের যে সংস্কৃতি, পশ্চিমবাংলার যে সংস্কৃতি, মহামতি গোখেল যে কথা বলেছিলেন, সেই কথা আজ আমরা গর্ব করে বলতে পারছি না। আজকে আপনারা সেই জায়গাতে আঘাত করেছেন। আপনারা সেই দক্ষিণপন্থী সাম্প্রদায়িক শক্তিকে সুযোগ নেওয়ার ব্যবস্থা করে দিয়েছেন।

[3-40 – 3-50 p.m.]

এখানে আমরা পরিষ্কার করে বলতে চাই অদৃশ্য কোনও জাদু এখানে কাজ করেনি, কুড়ি-বাইশ বছর ধরে এই সরকার এখানে আছে কোনও ম্যাজিকের জন্য নেই, এই সরকারের জনমুখী বাজেটের জন্যই এটা সম্ভব হয়েছে। তবে এখানে আত্মসন্তুষ্টির কোনও অবকাশ নেই, একটা কালো মেঘ দেখা যাচ্ছে। আমাদের রাজ্য সরকার যে আর্থিক নীতির মধ্যে দিয়ে যাবার চেষ্টা করছে মাননীয় অর্থমন্ত্রী যে ধরনের বাজেট পেশ করেছেন তার জন্যই এটা সম্ভব হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার যে আর্থিক নীতি, শিল্প নীতি বহন করছে তার পাপ আজকে আমাদের ভোগ করতে হচ্ছে। আজকে এই পুঁজিবাদী আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে মানুষের মৌলিক সমস্যার সমাধান করার ক্ষমতা কারোর নেই। এই প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়েও আমরা মানুষকে রিলিফ দেবার চেষ্টা করছি এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী একটা অর্গানাইজড ওয়েতে সেই চেষ্টা করছেন। তিনি কোনও ম্যাজিক আমাদের সামনে পেশ করেননি এটা আমাদের ভাবতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বলবেন উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থান ব্যবস্থার

জন্য আপনি এখানে নানাবিধ পরিকল্পনা রেখেছেন। কিন্তু ইরিগেশন ফ্যাসিলিটিস বাড়াতে গিয়ে যে ধরনের পরিকল্পনা আছে সেই পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে বাস্তবে যে বাধা আছে সেগুলিকে আমরা যাতে কাটাতে পারি সেটা আমাদের ভাবা দরকার। যদি আমরা এগ্রিকালচার সেক্টরকে স্ট্রেইনদেন করতে পারি, তাহলে ক্ষুদ্র কুটির শিল্পকে স্ট্রেইনদেন করতে পারব। ক্ষুদ্র শিল্প স্ট্রেইনদেন হলে মাঝারি শিল্পকে স্ট্রেইনদেন করতে পারব, মাঝারি শিল্প স্ট্রেইনদেন হলে ভারি শিল্প স্ট্রেইনদেন হবে। ইরিগেশন সেক্টর সবং ক্ষুদ্র কুটির শিল্পে আপনাকে মোটা টাকা বরাদ্দ করতে হবে। আমরা প্রতিবার দেখছি ফ্লাড কন্ট্রোল আমাদের রাজ্যের একটা ক্রাইসিস হয়ে দাঁড়াচ্ছে এবং গঙ্গা পদ্মা ভাঙ্গনের ব্যাপারেও আপনি বলেছেন। সেন্ট্রাল এক্সপার্ট টিম এসেছিল এবং লঙ্গ টার্ম এবং শর্ট টার্ম পদক্ষেপ নেওয়ার জন্য ৯৮০ কোটি টাকা তারা দেবেন বলেছেন। কিন্তু যেভাবে টাকাটা পাওয়ার কথা, সেইভাবে টাকা পাওয়া যাচ্ছে না। সাবজেক্ট কমিটির পক্ষ থেকে সেখানে গিয়ে আমরা অসহায় অবস্থা দেখতে পেয়েছি। আমাদের রাজ্যে ফ্লাড কন্ট্রোলকে গুরুত্ব দেওয়া দরকার। কারণ জুন থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত প্রত্যেকটি জেলার মানুষের বুক দুর দুর করে এবং উত্তরবাংলায় প্রতি বছরই ভয়ঙ্কর বন্যা হয়, এটাকে কিভাবে ট্যাকল করা যায় সেই ব্যাপারে আপনি বলবেন। উত্তরবঙ্গে বন্যা হলে দু-তিন দিন পরে গিয়ে বোঝা যায় না বন্যা হয়েছিল। এই অবস্থা মালদহ, মুর্শিদাবাদ, মেদিনীপুরেও আমরা দেখেছি। তাছাড়া ডি.ভি.সি. থেকে জল ছাড়লেই প্রতিবার হাওড়া, হুগলিকে ভাসিয়ে নিয়ে যাচ্ছে, এটাও আমাদের একটা প্রবলেম।

কাজেই, এটা একটা প্রবলেম—শুধু বাংলার প্রবলেম নয়, ন্যাশনাল প্রবলেম হয়ে দাঁড়িয়েছে। এই জায়গাটা আপনি আপনার ভাষণে ক্লিয়ার করবেন, কারণ জায়গাটা নিয়ে বলার আছে।

আপনি ভাল বলেছেন, মানুষের চাহিদাটা বেড়ে গেছে। আপনি এগ্রিকালচার সেক্টরকে স্ট্রেইনদেন করতে চেয়েছেন এবং তা করতে গিয়ে বিদ্যুতের কথা ভেবেছেন। বিদ্যুতের যে উৎপাদন, প্রডাকটিভিটি, তা বেড়েছে, ডিস্ট্রিবিউশনও ভাল হয়েছে। এটা ঠিকই, কিন্তু তা সত্ত্বেও একটা প্রবলেম আছে। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের জন্য আরও টাকা আপনি বরাদ্দ করেছেন, কিন্তু একটা ক্ষেত্রে আমাদের প্রচন্ড জবাবদীহি করতে হয়—যেখানে একটি গ্রামে বিদ্যুৎ গেছে, তার পাশের গ্রামে যায়নি। এই সমস্যা দূরীকরণের জন্য আপনি একটি উন্নয়ন-নিগম করেছেন, টাকাও বরাদ্দ করেছেন। এটা যত দ্রুত করা যায় সেটা দেখবেন। চুক্তির ভিত্তিতে দায়বদ্ধতা এস্ট্যাবলিশ করতে চাইছেন। কিন্তু, রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের একটি পরিকাঠামো রয়েছে, সেটাকে যথাযথ ব্যবহারের দ্বারা আরও দ্রুত এই সমস্যা অতিক্রম করা যায় কিনা দেখবেন।

রাস্তাঘাটের খারাপ অবস্থা নিয়ে গত নভেম্বর-ডিসেম্বরের অধিবেশনে একটি সর্বদলীয় সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। আমরা জানি, আধুনিক সভ্যতার ক্ষেত্রে কমিউনিকেশন একটি গুরুত্বপূর্ণ দিক। রাস্তাঘাটের চাহিদা বেড়ে গেছে—ওদের সময় মানুষ এক কোদাল মাটির জন্য মাথা খুঁড়ে মরেছে, আজকে তারা পাকা রাস্তা চাইছে—কিন্তু এখানে টাকার অভাব আছে। এ দিকটা দেখবেন।

ইরিগেশন, পি.ডব্লু.ডি. বিভিন্ন জায়গায় দেখা যায় কোর-সেক্টরে আপনি টাকা দিচ্ছেন, তারপর ন্যাবার্ড-এর কাছ থেকে টাকা পাওয়ার ক্ষেত্রে বিরাট ঝক্কি থাকে। প্রসেস শুরু হওয়া থেকে টাকা পাওয়া পর্যন্ত মধ্যবর্তীকালীন যে জটিলতার সৃষ্টি হয়, তাতে দেখা যায় মূল টাকাটার প্রপারলি ইউটিলাইজেশন হয় না—বাজেট স্ক্রুটিনিতেও আমরা এটা দেখেছি। এই যে দীর্ঘ ব্যাপার, নাবার্ড-এর সঙ্গে কথা বলে, বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য ঐ টাকা দ্রুত যাতে পাওয়া যায়, সেদিকে দেখবেন।

পরিবহন শ্রমিকদের অবসরকালীন ভাতার কথা বলেছেন,—এটা খুবই ভাল। কিন্তু পাশাপাশি এটাও দেখবেন,—পাবলিক কনসার্নে যে লাভটা করছে, প্রাইভেট কনসার্ন—স্টেট ট্রান্সপোর্ট তা করতে পারছে না, তাদের ম্যান-পাওয়ার বেশি লাগছে এদিকটাও দেখবেন। শ্রমিকদের দাবি দেখতে হবে, সেইজন্য বামফ্রন্ট আছে,—কিন্তু দায়বদ্ধতার দিকটাও আছে, সেই ঘাটতির দিকেও লক্ষ্য রাখবেন।

যে বন্ধ কলকারখানার কথা আপনি বলেছেন, সেই বন্ধ কলকারখানা খোলার ব্যাপারে আমাদের সংগঠিত ভাবে কিছু প্রতিষ্ঠানের উন্নয়নের দরকার আছে। কারণ হাজার হাজার কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। শ্রমিকরা বেকার হয়ে যাচ্ছে। আপনি একটা জায়গাতে বলেছেন যে, ৫০০ টাকা করে বিশেষ ভাতা দেবেন। এটা ভাল প্রস্তাব ঠিকই কিন্তু আমার সন্দেহ দেখা যাচ্ছে যে, এই ৫০০ টাকা করে ভাতা আবার ওই বন্ধ কারখানা খোলার ক্ষেত্রে যে আন্দোলন সংগঠিতভাবে হওয়া দরকার সেটা ধাক্কা খাবে কিনা এবং তার সঙ্গে সঙ্গে আপনি যে বলেছেন যে, প্রতি শ্রমিক পরিবারকে বলেছেন, আমরা দেখতে পাচ্ছি যে, এতে পশ্চিমবঙ্গের কলকারখানার যে মালিক আছে, তারা এতে সুযোগ নেওয়ার চেষ্টা করবেন কিনা। আপনি বলেছেন যে, ৩৩০টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে তৈরি করবেন এবং নতুন জেলাগুলিতে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করবেন বলেছেন। প্রাথমিক স্কুল মাধ্যমিক স্কুল তৈরি করা হবে। এইসব ক্ষেত্রে চুক্তির ভিত্তিতে, দায়বদ্ধতার ভিত্তিতে তৈরি হবে। আমাদের আগামী দিনের যে স্বপ্ন আছে, সেই স্বপ্নের দিকে তাকিয়ে এই জায়গাতে আপনি বিশ্লেষণ করে দেবেন। শেষ যে কথা বলব সেটা হচ্ছে স্বেচ্ছা আয় প্রকল্প। এখানে বলেছেন যে, কালো টাকা উদ্ধার করতে হবে। এতে বেশ কিছু টাকা এই প্রকল্পে এসেছে। এই টাকা কিভাবে পেয়েছেন সেটা আপনি আপনার

জবাবি ভাষণের মধ্যে বলেছেন। এই কৃতিত্ব কি আমরা দাবি করতে পারি না? বামফ্রন্ট সরকার দাবি করতে পারে না? কাজেই এই ভাষণকে আরও একবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50 – 4-00 p.m.]

**শ্রী নির্মল ঘোষ ঃ** স্যার, এই বাজেটে অর্থমন্ত্রীর দেওয়া রাজনৈতিক চমক তো আছেই, এই রাজনৈতিক চমক উনি বারবার এই পবিত্র হাউসে দিয়ে থাকেন এবং এবারও উনি দিয়েছেন, তার কারণ আছে। সামনে পঞ্চায়েত নির্বাচন রয়েছে। লোকসভা নির্বাচনে ভরাডুবি হয়েছে, যে দায়বদ্ধতার কথা মাননীয় অর্থমন্ত্রী আমাদের দিয়ে থাকুন না কেন বামফ্রন্ট সরকারকে রক্ষা করার জন্য তার থেকে অনেক কম দায়িত্ব তিনি বহন করেন বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে। এই বাজেট-এর মধ্যে উনি অনেক কনসেশন দিয়েছেন, বাড়তি টাকা দিয়েছেন। চাল কেরোসিন দেওয়ার ক্ষেত্রে ভর্তুকি দেওয়ার কথা বলেছেন। এ সবই রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করার জন্য। তাই যদি না হত তাহলে আমাদের দলের সদস্যরা তাঁর দেওয়া বাজেট বই থেকে পড়ে পড়ে শুনিয়েছেন যে গত ২০ বছরে তিনি একটাও হাসপাতাল করতে পারেননি। প্রায় ১২ বছর ধরে আপনি বাজেট পেশ করছেন। আপনাদের সরকারি বেঞ্চ থেকেও অনেক সদস্য বলেছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই যে গত আর্থিক বছরে পশ্চিমবাংলায় কটা প্রাথমিক এবং মাধ্যমিক স্কুল আপনারা তৈরি করতে পেরেছেন? সারা পশ্চিমবাংলায় ৫৪৮টা অর্গানাইজড স্কুল আছে। তাদের গ্রহণ করার কথা বলা হয়েছিল কিন্তু আপনারা গ্রহণ করেননি। উচ্চমাধ্যমিক যে সমস্ত স্কুল, যারা ১০ ক্লাস তাদের পর্যন্ত আপনারা আপগ্রেডেশন করেননি। তারা ভিক্ষা করে তাদের বিল্ডিং তৈরি করেছেন। আপনার দপ্তর থেকে শিক্ষাকে অনেক কিছু দিতে চেয়েছেন অথচ গত ২০ বছরে ১১ ক্লাস আপগ্রেডেশনের জন্য কোনও আর্থিক সাহায্য দেয়নি। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন গ্রাম পঞ্চায়েত স্তর থেকে শুরু করে গ্রামীণ স্তরে স্বাস্থ্যকেন্দ্র খুলবেন। কিসের ভিত্তিতে খুলবেন? আমাদের বিরোধী দলের পক্ষ থেকে বলা হয়েছে কন্ট্রাক্টের ভিত্তিতে খুলবেন। কন্ট্রাক্টের ভিত্তিতে ওঁরা হয়তো একদিন রাইটার্স বিল্ডিংসটাও দিয়ে দেবেন। আমি জানি না চুক্তির ভিত্তিতে হাসপাতাল, স্কুল চালানো যায় কিনা। আমাদের রাজ্যে রেজিস্টার্ড বেকারের সংখ্যা ৬০ লক্ষ। আজকে ১৯৭৬-৭৭ এর ১২ লক্ষ বেকারের সংখ্যা আজকে আপনারা পাহাড় সমান করেছেন। ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি বেকার এই রাজ্যে। আর কোনও রাজ্যে এত বেকারত্ব নেই। এই বেকারত্ব দূর করার জন্য যে থ্রাস্ট, গ্রামীণ শিল্পকে শহরের আধুনিক শিল্প, ট্রাডিশন্যাল শিল্পকে যুক্ত করার যে মানসিকতা তা অর্থমন্ত্রীর আছে কিন্তু আপনার সরকারের এই মানসিকতা পরিলক্ষিত হয় না এবং তা হয় না বলেই এ রাজ্যে বেকার সমস্যা বেড়েই চলেছে। শিল্পকে আধুনিকীকরণ করার কথা উনি

বলেছেন, আমি শুধু কয়েকটি কথা বলতে চাই। শিল্প নিয়ে আপনি বলেছেন যে ১২ হাজার কোটি টাকা খরচ করে ৯০টা শিল্প হয়েছে বা এক্সপ্যানশন করেছেন।

[4-00 – 4-10 p.m.]

১৯৯১ সাল থেকে কেন্দ্রীয় সরকার যে নতুন অর্থনীতি, শিল্পনীতি গ্রহণ করেছে সেই অর্থনীতি এবং শিল্পনীতি থেকে আপনি লাভ নিয়েছেন, তার কারণ এম.আর.টি.পি.-তে ছিল যেমন টাটা, বিড়লা, গোয়েঙ্কা। এম.আর.টি.পি.-র মতো বড় বড় হাউসকে এক্সপ্যানশন করছে, ওরা এক্সপ্যানশনের জন্য সব থেকে বেশি খরচ করে। আজকে খোলা অর্থনীতির এবং রাজ্যের যে শিল্পনীতির উপর ভিত্তি করে আজকে শিল্পপতিরা এ রাজ্যে শিল্প করতে এগিয়ে এসে ছিল, তারা চলে গেছেন, অবশ্য সকলেই যে চলে গেছেন তা নয়। কিন্তু এখানে আপনাদের ইনফ্রাস্ট্রাকচার নেই, রাস্তা নেই, বিদ্যুৎ নেই। বিদ্যুতের ক্ষেত্রে কি করেছেন এই ২০, ২১ বছরে। প্রাইভেট সেক্টরে জেনারেশনের ক্ষেত্রে আপনারা কি করেছেন সেটা আপনারা যে বই দিয়েছেন তাতে দিয়েছেন। আপনাদের দপ্তর বলছে এস.ই.বি. ১৯৯৫-৯৬ সালে ছিল ৩ হাজার ২০১ মেগা ইউনিট, ১৯৯৭ সালের নভেম্বর মাসে হল ২ হাজার ৭১৩ মেগা ইউনিট, আপনাদের জেনারেশন কমেছে। পি.ডি.সি.এল. সেখানে দেখুন ৬ হাজার ২১০ ছিল সেটা কমে ৩ হাজার ৮৯০-তে এসে দাঁড়িয়েছে। ২০ বছর ধরে আপনারা বক্রেশ্বর করছেন কিন্তু আপনারা জেনারেশন চালু করতে পাবেননি। ডি.ভি.সি., এন.টি.পি.সি., সি.ই.এস.সি. এদের সাহায্য নিয়েও আপনারা পারেননি। আপনারা বলছেন বিদেশি পুঁজি নেব না, আপনারা ঘৃণা করেন কিন্তু রক্ত দিয়ে বক্রেশ্বর করতে পারলেন না। বিদেশি পুঁজিকে খুঁজে নিয়ে আসতে হল। ১৯৯৮ সালেও হলদিয়া পেট্রোকেমিক্যালস কমপ্লিট করতে পারলেন না। ১৯৮২ সালে যখন নির্বাচন তখন আপনাদের এটাই স্লোগান ছিল। ১৯৮৫ সালে মাননীয় মুখ্যমন্ত্রী তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীকে নিয়ে এসে এর ভিত্তি প্রস্তর স্থাপন করলেন। ১৯৮৫ সালের পর কত বছর হয়ে গেল। একটা প্রকল্প হতে পৃথিবীতে এ রকম কোথাও হয়? আপনারা বলছেন এটা হলে ১ লক্ষ লোকের চাকরি হবে। আমি তাই বলতে চাই হলদিয়ার যে অবস্থা আজকে ১৯৮৫ সালের পর ১৯৯৮ সাল হয়ে গেল আর কত বছর লাগবে? হলদিয়া আপনারা কমপ্লিট করতে পারলেন না। গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারে আপনারা পঞ্চায়েতকে দায়িত্ব দেবেন বলেছেন। আজকে পশ্চিমবঙ্গের শুধু গ্রামেই নয়, শহরেও লোকে ৫, ৭ বছর ধরে এস.ই.বি.-র কাছে অ্যাপ্লিকেশন করেছেন কিন্তু কানেকশন পাচ্ছেন না। আপনারা কেন দিতে পারছেন না? আপনাদের কাছে তো বিদ্যুৎ আছে। এস.ই.বি.-র নিজের না থাকতে পারে কিন্তু ডি.ভি.সি., এন.টি.পি.সি.-র কাছে আছে, কেন পারলেন না আপনারা? কারণ আপনারা গ্রীড করতে পারলেন না, সাব স্টেশন করতে পারলেন না, কানেকশন

দেওয়ার জন্য যে পদক্ষেপগুলি নেওয়া দরকার তা আপনারা নিতে পারেননি। তাই আজকে আপনাদের এই অবস্থা হয়েছে। আপনাদের গত বছরের আর্থিক সমীক্ষায় আছে ৬৫টি রাজ্য শিল্পের মধ্যে মাত্র ৫টিতে প্রফিট হয়েছে। স্টেট পাবলিক সেক্টর আন্ডার টেকিংয়ে একের তেরো অংশ মাত্র আলো দেখতে পাচ্ছে, তার কারণ আপনাদের ম্যানেজারিয়াল স্কীল বাড়ানো দরকার।

তা না হলে তার জন্য স্টেট পাবলিক ইউনিটগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। আপনি বাজেট বক্তৃতায় এন.টি.সি.-র ৫০০ কোটি টাকার কথা বলেছেন। কেন্দ্রে তো আপনাদের লোক ছিল, আপনাদের শক্তি ছিল, তাহলে কেন সেখানে বলে ঐ ৫০০ কোটি টাকা মকুব করে দিলেন না? এন.টি.সি.-র ক্ষেত্রে কোনও প্রোজেক্ট আপনারা দিতে পারেননি। আপনারা বলেন, আপনারা নাকি শ্রমিক-কৃষক-মেহনতি মানুষের সরকার। কিন্তু আপনারা ন্যাশনাল জুট কর্পোরেশনকে শক্তিশালী করার জন্য কোনও কর্পাস বা ফান্ড দেবার ব্যবস্থা করতে পারেন নি। জে.সি.আই. যে কাজ করবে তার থেকে বেশি কাজ আপনারা করতে পারলেন না, প্যাকেজ দিতে পারলেন না। আজকে গুজরাট, মহারাষ্ট্রে এই রকম ব্যবস্থা আছে। সমস্ত শিল্পোন্নত, শিল্পোধ্যুসিত রাজ্যগুলো কর্পোরেশন তৈরি করেছে। আপনারা ৪০ লক্ষ জুট চাষীদের সাহায্য বা সমর্থন করার জন্য কিছু করতে পারেননি বা বন্ধ কারখানার জন্য কিছুই করতে পারেননি। আপনি একটা জায়গায় বন্ধ কারখানার শ্রমিকদের জন্য ৫০০ টাকা করে দেবার কথা বলেছেন। আমরা ট্রেড-ইউনিয়ন করি, আমরা এর বিরোধিতা করতে পারি না। কিন্তু মনে রাখবেন, আপনাদের সরকার প্রতিষ্ঠার আমল থেকে এই রাজ্যে ২১৭-টা মাঝারি ও বড় শিল্প কারখানা বন্ধ হয়ে রয়েছে এবং তার ৪ লক্ষ শ্রমিক কর্মচারী বেকারত্বের মধ্যে দিন কাটাচ্ছে। বন্ধ কারখানাকে আপনারা বি.আই.এফ.আর.-এ পাঠানোর বিরোধী। আমরাও তাই বলি, এটা ঠিক, পাঠানো উচিৎ নয়। এটা সকলেই জানেন যে, মালিকশ্রেণী কারখানাগুলো যতক্ষণ প্রফিটে চলে সেগুলো চালায় এবং তার পর সরে যায়। আপনারা বলেন, আপনারা নাকি শিল্পকে নতুন রাস্তা দেখাচ্ছেন। তাহলে কেন মাননীয় অর্থমন্ত্রী, আপনি বন্ধ কারখানার শ্রমিকদের জন্য কোন রাস্তা দেখাতে পারছেন না? কলকাতাকে এ-ওয়ান সিটি করবেন, ইত্যাদি, ইত্যাদি নানা দাবি এই বাজেটের মধ্যে করেছেন। আপনাদেরও দায়বদ্ধতা রয়েছে একথা মনে রাখতে হবে। এবং যদি তা থেকে থাকে তাহলে এটা বলতেই হবে যে, আপনারা বন্ধ কারখানার শ্রমিকদের জন্য কোনও কর্পাস বা ফাণ্ড ক্রিয়েট করতে পারেননি। কেন পারেননি সেটা আপনার জবাবি ভাষণে বলবেন। আজকে মেটাল বক্স বন্ধ, বাসন্তী কটন মিল বন্ধ। কত নাম করব? আপনি শুধু বলেছেন, সরকার এই কারখানাগুলো চালাতে পারবে না। তাহলে আপনারা জয়েন্ট ভেঞ্চারে কিছু করার জন্য এগিয়ে আসছেন না কেন? আপনারা বার বার বলেন সীমিত

ক্ষমতা, সীমিত ক্ষমতা। কিন্তু তার মধ্যে একটা কর্পাস দিন, ফাণ্ড দিন এবং সেই ফাণ্ড নিয়ে আমরা সবাই মিলে এক্সপ্লোর করি এনটেপ্তিং প্রোমোটারকে দিয়ে যাঁরা আসতে চায় তাদের সঙ্গে। এক্ষেত্রে রাজ্যসরকার এবং যাঁরা ট্রেড ইউনিয়ন করে তাঁদের নিয়ে একটা কমিটি করে কিছু চেষ্টা করা যেত। আপনারা তা করেননি। আমি চাই, এমন একটা সিদ্ধান্ত এখান থেকে নেওয়া হোক যা আগামীদিনে পশ্চিমবঙ্গের বাইরের লোকও অনুসরণ করবে। পরিশেষে বলি, মাননীয় মুখ্যমন্ত্রী যেখানে থাকেন সেই সল্ট লেকের ডাঃ বিধানচন্দ্র রায় প্ল্যান করেছিলেন। সেখানে কোনদিন জল জমে না। কিন্তু রাজারহাট, খড়দা, দমদম, পানিহাটি, প্রভৃতি জায়গার জন্য আপনি গত ২০ বছরেও এমন কোনও প্ল্যান নিতে পারলেন না যাতে ঐ এলাকার মানুষ জলমগ্ন হওয়া থেকে বাঁচতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী ঐ রাস্তা দিয়ে চলে যান, যেহেতু ভি. আই. পি. রোড হয়েছে। আমি আপনাকে বার বার বলছি যে, আপনি আপনার জবাবি ভাষণে বলবেন যে, কিভাবে এই মানুষগুলোকে বাঁচাবেন। মাননীয়া কমলদি বলেছিলেন, আমি বলি বি.টি. রোডে মানুষ চলতে পারে না। (এই সময় মাইক অফ হয়ে যায়।)

[4-10 – 4-20 p.m.]

**শ্রী চিত্তরঞ্জন দাস-ঠাকুর ঃ** মাননীয় অর্থমন্ত্রী, ডঃ দাশগুপ্ত যে বাজেট উপস্থিত করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের সমস্ত প্রস্তাবের বিরোধিতা করছি। আমরা জানি একটা সরকারের যে লক্ষ্য, যে উদ্দেশ্য, যে শ্রেণী দৃষ্টিভঙ্গি থাকে তা সেই সরকারের বাজেটের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়। মাননীয় বিরোধী সদস্য বললেন যে, আমরা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এই বাজেট করেছি। হ্যাঁ, আমরা রাজনীতি করি, আমাদের একটা রাজনৈতিক দল আছে, আমাদের একটা দর্শন আছে। আমরা সমাজের পিছিয়ে পড়া সংখ্যাগরিষ্ঠ মানুষ মজুর, কৃষক, মেহনতি মধ্যবিত্ত খেটে খাওয়া কেরানি কর্মচারী এবং আমাদের সমাজের পিছিয়ে পড়া মানুষ যারা সারাজীবন সব দিয়েছে কিন্তু পায় নি কিছু, তাদের স্বার্থে রাজনীতি করি। তাদের স্বার্থে আমরা অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করব, তাদের স্বার্থে আমরা সমস্ত আন্দোলন গড়ে তুলব। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে তার সূচীমুখ সেই দিকেই প্রসারিত করেছেন। আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কয়েকদিন আগে একটা পত্রিকা পড়ছিলাম। তাতে কিছু অর্থনীতিবিদ একটা ধারণা তৈরি করেছেন এবং মাননীয় সৌগতবাবুও একটা কথা বলার চেষ্টা করেছেন যে, এই ভর্তুকি দানের প্রথা চালু করে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক উন্নয়নের গতিকে স্তব্ধ করে দিচ্ছে। আমি বলি, উন্নয়ন কাদের জন্য? শুধু বহিরঙ্গের উন্নতি ঘটলেই মানুষের প্রকৃত উন্নতি ঘটে না। আমরা কি সংখ্যাগরিষ্ঠ শ্রমজীবী মানুষ, দরিদ্র মানুষদের অতীতের কংগ্রেস সরকারের মত বলব যে, তোমরা মাইলো ভুট্টো খাও, তারা কেরোসিন চাইলে

আমরা কি তাদের গুলি দেব? আমরা সেই সমস্ত মানুষদের স্বার্থে সমাজকল্যাণমূলক কর্মসূচি গ্রহণ করেছি। তাছাড়া আমাদের রাজ্য হচ্ছে সোশ্যাল ওয়েলফেয়ার স্টেট। সোশ্যাল ওয়েলফেয়ার স্টেটের একটা গুরুত্বপূর্ণ দিক হল সমাজের কল্যাণ সাধিত করা। সামাজিক কল্যাণ সাধনের দিকে লক্ষ্য রেখে আমাদের মাননীয় অর্থমন্ত্রী সুনির্দিষ্ট কিছু কর্মসূচি গ্রহণ করেছেন তাঁর বাজেটের মধ্যে দিয়ে। আমি সেই কারণে এই বাজেটকে সমর্থন করছি। স্যার, কর্মসূচি রূপায়ণের দুটো পদ্ধতি আছে। একটা হচ্ছে, আমলাতান্ত্রিক প্রশাসন নির্ভর পদ্ধতি। যেটা কংগ্রেস আমলে করা হতো—রাইটার্স বিল্ডিং থেকে প্রশাসন চালানো হত। তখন জেলাপরিষদ একটা ছিল, তার একজিকিউটিভ অফিসারকে দিয়ে কাজ চালানো হত। আরেকটা হল, জনগণের অংশগ্রহণের মাধ্যমে কর্মসূচি রূপায়ণ। পৃথিবীর সমস্ত মণীষীরা, লেনিন, নেতাজী সুভাষ চন্দ্র বসু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস সকলেই জনগণের অংশগ্রহণের উপরই সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। জনগণকে সঙ্গে নিয়ে সরকারের কর্মসূচি রূপায়ণের যে দৃষ্টিভঙ্গি তাতে দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ সেই কর্মসূচির সুফল পান। এই বাজেটের মধ্যে দিয়ে প্রকৃত ভাবেই আমলাতান্ত্রিক প্রশাসন নির্ভরতা কাটিয়ে, সেই কর্মসূচি রূপায়ণ সাধনের দিকেই সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। আমাদের অভিজ্ঞতা থেকে বলছি যে, জনগণকে কর্মসূচি রূপায়ণের সঙ্গে যুক্ত করলে ভাল ফল পাওয়া যায়। আমরা ভূমি সংস্কারের ক্ষেত্রে ভারতবর্ষের যেকোন রাজ্যের তুলনায় অনেক এগিয়ে। আমরা ১০.২ লক্ষ একর জমি বিলি করেছি এবং আরও ১৫ হাজার একর জমি বিলি করব। সেচের এলাকায় আমরা প্রায় ৪৫.৫১ লক্ষ হেক্টর জমিতে সেচের বিকাশ ঘটাতে পেরেছি। আমরা সারের ব্যবহার বাড়াতে পেরেছি। গত বছরের তুলনায় এ বছর সারের ব্যবহার ৫০ হাজার টন বৃদ্ধি পেয়েছে। এই সব কিছুর ফলশ্রুতি হিসাবে—ভূমি সংস্কারের ফলশ্রুতি, সেচের বিকাশের ফলশ্রুতি, কৃষি সহায়ক উপকরণ সাহায্য দানের ফলশ্রুতি—আমাদের উৎপাদন হার ৩.৬১% বেড়েছে। অর্থাৎ সর্বভারতীয় হারের তুলনায় ১.৩৭ শতাংশ বেশি। তাহলে এটা কি কম উল্লেখযোগ্য বিষয়, না মোটেই কম উল্লেখযোগ্য বিষয় নয়, কম গর্বের বিষয় না। এরই ফলশ্রুতিতে স্বল্প সঞ্চয়ে আমাদের রাজ্য দেশের যে কোন রাজ্যের তুলনায় অগ্রণী ভূমিকা নিয়েছে। সব কিছুই সম্ভব হয়েছে জনগণের জীবনযাত্রার মান, জীবিকার মান এবং অর্থনৈতিক সমৃদ্ধির মধ্যে দিয়ে। পিছনে পড়ে থাকা মানুষদের সামনে এগিয়ে না আনলে এগুলো করা সম্ভব হত না। এই জিনিস হবার ফলে—জনগণের জীবন, জীবিকার মানের উন্নতি ঘটার ফলে, অর্থনৈতিক উন্নততর হওয়ার ফলেই আমাদের রাজ্যে আজকে ভোগ্যপণ্যের ৮ শতাংশ চাহিদা বৃদ্ধি ঘটেছে। এর জন্য দারুণভাবে শিল্পায়নের প্রয়োজন অনুভূত হচ্ছে। একটু আগেই একজন বিরোধী সদস্য বললেন,—বেকার সমস্যা ভয়ঙ্কর আকার ধারণ করেছে। হ্যাঁ, বেকার সমস্যা যে ভয়ঙ্কর সে বিষয়ে আমি তাঁর সঙ্গে একমত। কিন্তু বেকার সমস্যা মোটেই একটা অঙ্গ

রাজ্যের ব্যাপার নয়। এর একটা জাতীয় দিক আছে। আমাদের ভারতবর্ষের যারা প্রধান নিয়োগকর্তা, রেলওয়ে, ডাক ও তার, খনি, ব্যাঙ্ক, বিমা প্রভৃতি সংস্থাগুলোর সমস্ত নিয়োগ বন্ধ করে দিল। তাহলে এই অবস্থায় কি রাজ্য সরকার ম্যাজিকের সাহায্যে বা আলাদিনের আশ্চর্য প্রদীপের সাহায্যে বেকার সমস্যার সমাধান করে দেবে, এটা কখনোই সুস্থ চিন্তা ভাবনা হতে পারে না। এই দাবি অযৌক্তিক দাবি। তবুও রাজ্য সরকার শিল্পায়নের জন্য, শিল্প গড়ে তোলার জন্য বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছেন। শিল্পপতিদের আমন্ত্রণ জানিয়েছেন। সুযোগ সুবিধা দানের কথা ঘোষণা করেছেন। তবুও আমরা জানি এর ফলে যে শিল্প হবে তা হবে অত্যন্ত হাই টেকনোলজি নির্ভর। সেই শিল্পের মধ্যে দিয়ে খুব একটা বিরাট কর্মসংস্থান সৃষ্টি হবেনা। কিন্তু তার সঙ্গে সঙ্গে যে-সমস্ত সহায়ক শিল্পগুলি গড়ে উঠবে তাদের মধ্যে দিয়ে প্রচুর কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি হবে, নতুন অনেক বেকার যুবক কর্মসংস্থানের সুযোগ পাবে। বেকার সমস্যা দূর করার কিছুটা পরিবেশ সৃষ্টি হবে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটে ১২ কোটি টাকার ঘাটতি রেখেছেন। আমরা জানি সীমিত ঘাটতি উন্নয়নের পক্ষে সহায়ক। তবে এই ঘাটতি পূরণ করা সম্ভব হত—সিগারেট কেস, লাইটার এবং ৫০০ টাকার বেশি দামের জুতোর ক্ষেত্রে তিনি যে কর হ্রাস করার প্রস্তাব এনেছেন তা না আনলেই আমার মনে হয় এই ১২ কোটি টাকার ঘাটতি পূরণ করা সম্ভব হত। এ ছাড়াও যদি আমরা আরো কিছু সম্পদ সংগ্রহের ব্যবস্থা করতে পারতাম তাহলে বোধ হয় আরো ভাল হত। আমরা দেখছি সিগারেটের ওপর নানাভাবে কর হ্রাস করার ফলে আমাদের রাজ্যের বিড়ি শিল্প মার খাচ্ছে। অথচ আমাদের রাজ্যের বিড়ি শিল্পের সঙ্গে কয়েক লক্ষ বিড়ি শ্রমিকের জীবন-জীবিকা নির্ভর করছে। তাদের আজকে আমাদের যদি প্রয়োজনীয় সহায়তা দান করতে হয় তাহলে সিগারেট, সিগারেট কেস, লাইটার ইত্যাদির ওপর আরো বেশি করে কর চাপানো উচিত বলে আমি মনে করি। স্যার, ডঃ দাশগুপ্ত আমাদের রাজ্যের কর্মচ্যুত শিল্প শ্রমিকদের জন্য একটা প্রকল্পের কথা ঘোষণা করেছেন। এটা অত্যন্ত অভিনন্দনযোগ্য পদক্ষেপ, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু আমাদের আশঙ্কা হচ্ছে এবিষয়ে যে পরিমাণ টাকা তিনি বরাদ্দ করেছেন সেই পরিমাণ টাকা দিয়ে আমাদের রাজ্যের সব কর্মচ্যুত শিল্প শ্রমিকদের সাহায্য করা সম্ভব হবে কিনা। সুতরাং মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার অনুরোধ, তিনি তাঁর পরিকল্পনাকে সঠিকভাবে বাস্তবায়িত করার জন্য অর্থের পরিমাণ বাড়াবার জন্য উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করুন। এই আবেদন জানিয়ে, পুনরায় এই ব্যয়-বরাদ্দের প্রস্তাবকে সমর্থন জানিয়ে, বিরোধীদের সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4-20 – 4-30 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, অর্থমন্ত্রী এতক্ষণ এখানে ছিলেন, কিন্তু আমার দুর্ভাগ্য এখন আর আমি তাঁকে এখানে দেখতে পাচ্ছি না। তাঁর কাছে আমার কিছু বলার ছিল। অথচ তিনি এখন হাউসে নেই। আমি যে কথাটা ৯২ সাল থেকে বারবার বাজেটের সাধারণ আলোচনায় বলছি সেটা হচ্ছে, ভূমিসংস্কারের কথা বলতে গিয়ে সরকারপক্ষ থেকে যে সাফল্যের খতিয়ান তুলে ধরা হয় সেটা নতুন করে আবার মূল্যায়ন করা দরকার। সরকারের তরফ থেকে বলা হয়েছে যে ১০ লক্ষ ২৪ হাজার একর জমি বন্টিত হয়েছে। এর মধ্যে সরকারপক্ষ থেকে কত একর জমি বন্টিত হয়েছে এবং কত জমি কৃষকরা নিজেরা লড়াই করে—৫০-এর দশকে, ৬০-এর দশকে জোতদার জমিদারদের কাছ থেকে তাদের উদ্বৃত্ত জমি, চোরাই জমি ছিনিয়ে নিয়েছে তারও একটা হিসাব থাকা দরকার। এর একটা হিসাব থাকলে আগামী প্রজন্মের কাছে কৃষক আন্দোলনের ইতিহাসটা ছবির মতন পরিষ্কার হয়ে যেত। কিন্তু সেকথা কোন জায়গায় বলা হয়না। দ্বিতীয়ত এই যে ১০ লক্ষ ২৪ হাজার একর জমি কৃষকদের দেওয়া হয়েছে, এখন প্রকৃতপক্ষে কত জমি কৃষকদের হাতে আছে তারও একটা খতিয়ান কিন্তু থাকা দরকার। হিসাব করে সেই জিনিসটা জানা দরকার। আমার অভিজ্ঞতা একথা বলে যে কৃষকরা লড়াই করে জোতদার, জমিদারদের কাছ থেকে যে জমি ছিনিয়ে নিয়েছে সেই জমিটাই তাদের হাতে আছে, সেই জমিটাকেই তারা বুকের পাঁজরের মতন আগলে রেখে তাকে পরিচর্যা করছে, তাতে চাষ করছে। কিন্তু যে জমিগুলি পরবর্তীকালে বোনাস হিসাবে কৃষির সঙ্গে যাদের সম্বন্ধে নেই, অন্যের মিছিল, মিটিং ভাঙ্গা, অন্যের উপর অত্যাচার করা এইসব কাজগুলি যারা পার্টির নির্দেশে করেছে এবং তা করার জন্য পেয়েছে সেই জমিগুলি কিন্তু তাদের হাতে নেই। সেই জমিগুলি ঘুরেফিরে আবার সেই বিত্তবান কৃষকদের ঘরে, জোতদারদের ঘরে ঢুকে গিয়েছে। সরকার থেকে জমির যারা পাট্টা পেয়েছেন সেই জমি কিন্তু বিক্রি করা যায় না, হস্তান্তর করা যায় না কিন্তু সেগুলি ঘুরে ফিরে জোতদার, জমিদারদের হাতেই গিয়েছে। সেই জমিগুলি ফিরিয়ে এনে যাতে প্রকৃত কৃষকদের দেওয়া যায় তার জন্য আমি ৯২ সাল থেকে বারবার সরকারের কাছে আবেদন রাখছি কিন্তু আমার আবেদন নিষ্ফল হয়ে যাচ্ছে। স্যার, ছাত্র আন্দোলন থেকে যেদিন বৃহত্তর রাজনীতিতে এলাম সেদিন থেকেই গ্রামে চলে গিয়েছি এবং কৃষক ফ্রন্টে কাজ করতে শুরু করেছি। সেটা আজ প্রায় ৫০ বছর হয়ে গেল। স্যার, সব জেলার কথা বলতে পারব না কিন্তু উত্তরবঙ্গের জেলাগুলির গ্রামের চেহারার গত ৫০ বছর ধরে ধীরে ধীরে যে বিবর্তন হয়েছে, পরিবর্তন হয়েছে সেটা আমি প্রতিদিনই দেখতে পাচ্ছি। গ্রামীন সমাজনীতির, অর্থনীতির আজকে কিন্তু পরিবর্তন হয়ে যাচ্ছে। গ্রাম বলতে আমাদের যে ধারনা, গ্রামের সমাজ বলতে আমাদের যে ধারণা তার কিন্তু অবক্ষয়

হয়েছে। নতুন একটা সংমিশ্রণ গ্রামের সমাজে গড়ে উঠেছে যা একটা ভয়াবহ বিস্ফোরণ ঘটাতে পারে। সে দিকে দৃষ্টি আকর্ষণ করে আমি সরকার ও কৃষক আন্দোলন যারা করেন তাদের সচেতন করছি। একে যাতে প্রতিরোধ করা যায় তার ব্যবস্থা নেওয়ার উদ্যোগ কিন্তু দেখছি না। মিঃ চেয়ারম্যান, স্যার, আর একটা জিনিস ক্রমেই ঘটছে। সেটা হচ্ছে, গরিব কৃষকদের জমি লিজে নিয়ে নিচ্ছে। যারা শহরে থাকে, যাদের কাছে কিছু টাকা হয়েছে, নানারকম ব্যবসা করেন যারা, তারা এই কাজ শুরু করেছে। গ্রামের জমিগুলি এখন তারা লিজে নিয়ে নিচ্ছে এবং লিজে নিয়ে চাষবাস করছে নিজেদের মজুর দিয়ে এবং সেটা ব্যাপ্কভাবে চলছে। ফলে কৃষক সমাজ ভেঙে যাচ্ছে। কৃষকদের জমি এবং ফসল ধীরে ধীরে ঐসব লোভী ব্যবসায়ীদের হাতে চলে যাচ্ছে। এইভাবে জমি থেকে উচ্ছেদ হয়ে কৃষকরা শহরের দিকে ধাবিত হচ্ছেন এবং শহরে এসে নানারকম সমস্যা সৃষ্টি করছেন। কিন্তু আমাদের সেদিকে লক্ষ্য নেই। এসব কৃষকরা যে উচ্ছেদ হয়ে যাচ্ছেন সেদিকে আমরা দেখছি না। সাথে সাথে আমরা দেখছি, চা বাগানের মালিকরা গ্রামের কৃষকদের টাকার লোভ দেখিয়ে তাদের কাছ থেকে জমি কিনে চা বাগানের সম্প্রসারণ ঘটাচ্ছেন। তার ফলে সেখানেও কিন্তু গ্রামীণ সমাজের ভাঙন এসে গেছে। এরফলে আগামী দিনে আমাদের গোটা সমাজের ভারসাম্য নষ্ট হতে বাধ্য। সুতরাং এদিকে লক্ষ্য রাখা দরকার।

মিঃ চেয়ারম্যান, স্যার, সেচ সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী প্রতি বছর অনেক কথা বলেন। এবার তিনি কৌশলে তিস্তা সেচ-প্রকল্পের কথা এড়িয়ে গেছেন। এ সম্বন্ধে বিস্তারিত কিছু বলতে চাই না, কারণ আমি শুনেছি আমার স্নেহভাজন রমেশ রায় তিস্তা সেচ-প্রকল্পের উপর বলবেন, সেজন্য এই ইস্যু বাদ দিয়ে দিচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী পাটের প্রসঙ্গে বলেছেন, কিন্তু পাটের যে সমস্যা সে সম্বন্ধে উনি একটি কথাও উচ্চারণ করেননি। পাট আমাদের একটা অর্থকরী ফসল। ৪০ লক্ষ পাটচাষী এর সাথে জড়িত এবং প্রায় ৩ কোটি মানুষ এই ফসলের উপর নির্ভর করেন, অথচ কৃষকরা পাটের দাম পাচ্ছেন না। এদিকে রাজ্যপাল খেলো কথা বলবেন—ফলন বেড়েছে, তাই দাম নেই। একদিকে যখন কৃষিতে উৎপাদন বেড়ে যাচ্ছে এবং সেটা তারা নিজেদের ক্ষমতায় করছেন, কিন্তু ফসলের ন্যায্য মূল্য পাচ্ছেন না, তখন উৎপাদনকে দায়ী করছেন তিনি। পাটের ব্যাপারে আপনারা জে. সি. আই.-কে বাধ্য করাতে পারেননি যে, যখন পাটের ডিসট্রেস সেল হবে তখন জে. সি. আই. পাট কিনবে ন্যায্য মূল্যে। সেটা জে. সি. আই.-কে বাধ্য করাতে পারেননি। জে. সি. আই. পূজার পর যখন পাট কিনতে নামলো তখন পাট ফড়েদের ঘরে চলে গেছে। সমবায় সমিতিগুলিও পাট কিনতে পারেনি। সেদিকে লক্ষ্য নেই। তারা কিনতে নামলে চাষীরা পাটের মূল্য পেতেন। আর একটা জিনিস লক্ষ্য করেছি, এমন কি সরকার পক্ষের যারা কৃষক সংগঠনের সঙ্গে জড়িত তারাও বারবার

বলেছেন যে, যে জিনিসগুলি পাট দিয়ে হবে সেক্ষেত্রে পলিথিন ব্যবহার নিষিদ্ধ করা উচিত। এই দাবি আমরা বারবার করেছি। আগে সিমেন্টে পর্যন্ত চটের বস্তা ব্যবহৃত হত। কিন্তু এখন চাল, চিনি, আটা, সিমেন্ট—সব ক্ষেত্রেই পলিথিনের বস্তা ব্যবহৃত হচ্ছে। ফলে পাটের অভ্যন্তরীণ বাজার সঙ্কুচিত হয়ে যাচ্ছে এবং তারজন্য চাষী মার খাচ্ছেন। এর থেকে কৃষকদের বাঁচানোর কোন প্রচেষ্টা সরকার নিচ্ছেন না, উল্টো দিকে পলিথিনের উপর ট্যাক্স কমিয়ে দিয়ে এখানে গর্ববোধ করছেন যে, পলিথিনের ট্যাক্স কমিয়ে দিয়েছি এবং তাতে আমাদের সরকারের সুবিধা হবে—একথা বলবার চেষ্টা করেছেন, কিন্তু পাট চাষীদের কথা তিনি চিন্তা করেননি।

[4-30 – 4-40 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথাটা এখানে বলবার জন্য দাঁড়িয়েছি তা হল, এই বাজেট আমাকে একটা খুব মজার ব্যাপার বলে মনে করতে বাধ্য করিয়েছে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন। আপনি জানেন স্যার, গত বছর আমি যখন বলতে উঠেছিলাম উত্তরবঙ্গের সমস্যা নিয়ে, উত্তরবঙ্গের একজন মন্ত্রীও এখানে ছিলেন না। আমি অভিযোগ করেছিলাম যে, আমি যখন উত্তরবঙ্গের সমস্যা নিয়ে বলছি তখন উত্তরবঙ্গের কোনও মন্ত্রী এখানে নেই কেন? তখন এই চেয়ার থেকে আমাকে বলা হয়েছিল, উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ বলে কিছু নেই, সেই দিন এই কথা ঘোষণা করেছিলেন। আমাদের মুখ্যমন্ত্রী বার বারে বলেন যে উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ আবার কি। এই কথা তিনি বারে বারে বলেছেন। আমি যখন উত্তরবঙ্গের সমস্যার কথা বলেছি, বঞ্চনার কথা বলেছি, উত্তরবঙ্গের উন্নতির কথা বলেছি তখন আমাদের তথ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী আমার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিলেন। হাজার হাজার টাকা খরচ করে একটা বই ছেপে ছিলেন বামফ্রন্ট সরকারের তথ্য দপ্তর থেকে। তাঁরা দেখাবার চেষ্টা করেছিলেন যে দক্ষিণবঙ্গের ১২টি জেলার থেকে উত্তরবঙ্গ উন্নয়নের জন্য মাথা পিছু আরো বেশি খরচ করে এই বামফ্রন্ট সরকার। আমি বলতে চাই হিসাবের মধ্যে আমরা যেতে চাই না কত কোটি টাকা কত লক্ষ টাকা যাচ্ছে তা আমাদের দেখবার দরকার নেই সেখানে বেকার সমস্যা, সেখানকার মানুষের অভাব, দারিদ্র্যদিনের পর দিন বেড়ে যাচ্ছে। আমাদের তথ্য দিয়ে কি হবে? আমি যখন উত্তরবঙ্গের উন্নয়নের কথা বলি-এর সাথে সাথে যখন বলি যে রাজ্য উন্নয়ন পর্ষদ আছে সেখানে ১২ জন সদস্য আছেন সেখানে উত্তরবঙ্গের একজনও প্রতিনিধি নেই এই রাজ্য উন্নয়ন পর্ষদে তখন আমাকে বলা হয় আমি বিচ্ছিন্নতাবাদী। আমি যখন উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ দাবি করেছি তখন আমার গায়ে বিচ্ছিন্নতাবাদীর লেবেল আটকে দেওয়া হয়েছে। মন্ত্রীরা বামফ্রন্টের নেতারা সচেষ্ট হয়ে উঠেছেন এই কথা প্রতিষ্ঠিত করতে যে আমি বিচ্ছিন্নতাবাদী আমি উত্তরবঙ্গে বিশৃঙ্খলা ছড়ানোর চেষ্টা করছি। আমি তখন দেখেছি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ দাবি করার জন্য এই

অপবাদ আমাদের নিতে হয়েছে। তখন কোন কারণে অর্থমন্ত্রী বাজেট ভাষণে বলেছেন কয়েক দিনের মধ্যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করতে হবে? কেন গঠন করতে যাচ্ছেন? তার কারণটা কি? হাজার হাজার টাকা খরচ করে বই ছাপিয়ে মানুষকে বোঝাবার চেষ্টা করেছিলেন যে উত্তরবঙ্গ উন্নয়নের জন্য দক্ষিণবঙ্গের ১২ টি জেলার চেয়ে বেশি খরচ হয়, আজকে কেন তিনি বলছেন যে উত্তরবঙ্গ উন্নয়নের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হবে? যাই হোক দেরিতে বুঝলেও তিনি বুঝেছেন। যে কারণেই হোক তিনি এবং তাঁর সরকার বুঝেছেন যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করতে হবে। কিন্তু তিনি ভেবেছেন উত্তরবঙ্গের দেড় কোটি মানুষ বোকা, অশিক্ষিত, তাই তিনি ধাপ্পা দেওয়ার চেষ্টা করছেন। তিনি বলেছেন যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদের ধাঁচে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হবে। উত্তরবঙ্গের মানুষেরা তা চায় না। রাজ্য উন্নয়ন পর্ষদ আছে, সেই ধাঁচে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করতে হবে। রাজ্য উন্নয়ন পর্ষদ যে রকম গোটা রাজ্যের পরিকল্পনা তৈরি করে সেই রকম উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ উত্তরবঙ্গের ৬টি জেলার উন্নয়নের পরিকল্পনা তৈরি করবে। তারা দেখভাল করবে সেখানে টাকা কি ভাবে খরচ হয়, এই দেখবার অধিকার তাদের যেন থাকে। যদি ঠিকমতো খরচ না হয় তাহলে তাকে চিহ্নিত করে শাস্তি দেওয়ার ব্যবস্থা করবে। আমরা সেখানে চাই স্বশাসিত উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ সুন্দরবনের ধাঁচে উন্নয়ন পর্ষদ করে আমাদের যদি বোকা বানানোর চেষ্টা করা হয়, তাহলে আমরা বোকা হতে পারি, উত্তরবঙ্গের মানুষ অশিক্ষিত হতে পারে, কিন্তু এই ধাপ্পাবাজ বামফ্রন্টের অর্থমন্ত্রীর ধাপ্পাবাজি আমরা সহ্য করব না। আমরা সমস্ত শক্তি দিয়ে প্রতিরোধ করে আমরা আদায় করে নেব উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ। তাই আমি আজকে এই ধাপ্পার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে, অর্থমন্ত্রী চালাকি করে এই মহৎ কাজ করছেন, তাঁর চালাকির বিরুদ্ধে তীব্র ঘৃণা জানিয়ে, বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৯৮-৯৯ সালের যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাটমোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য উপস্থাপিত করছি। আমাদের রাজ্যের পণ্ডিত অর্থমন্ত্রী বেশ কয়েকবার জিরো ডেফিসিট বাজেট পেশ করলেও গত এক বছর আগে থেকে ঘাটতি বাজেট পেশ করছেন। এই বছরেও ১২ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। আমি বইগুলো পড়ছিলাম গতবারের এবং এবারের। আমার বারবার মনে হচ্ছিল যে, অর্থমন্ত্রীর যদি বুদ্ধবাবুর মতো পক্ককেশ হত, তাহলে তিনি যা করতে চাইছেন তাকে আমরা হয়ত সমর্থন করতে পারতাম। তিনি বিকল্প অর্থনীতির কথা বলছেন, কয়েক বছর ধরে প্রতিবাদের কথা শুনছি। কিন্তু তাঁর শ্রমনীতি কেন্দ্রীয় সরকারের গড়া সিদ্ধান্ত। অর্থাৎ নতুন বোতলে পুরনো মদের মতো আমাদের কাছে

উপস্থাপিত করেছেন। তিনি কখনও কখনও দায়বদ্ধতার কথা, সামাজিক দায়বদ্ধতার কথা ব্যবহার করেছেন। এর সাথে কখনও কখনও বলছেন কেন্দ্রীয় সরকারের দায়বদ্ধতা আছে। মাননীয় অর্থমন্ত্রী এবারে একটা নতুন কথা শ্রমজীবী মানুষের কাছে উপস্থাপিত করেছেন যে, বন্ধ কারখানার যারা শ্রমিক তাদের ৫০০ টাকা করে মাসে দিতে চান। তারজন্য বরাদ্দ করেছেন ৫০ কোটি টাকা। এটি এই রাজ্যে নতুন নয়। আমি যতটুকু জানি, তামিলনাড়ুতে এই ব্যবস্থা ছিল। অনেক দেরীতে হলেও উপলব্ধিতে এসেছে। বন্ধ হয়ে যাওয়া কলকারখানার শ্রমিকদের দেবার জন্য ৫০ কোটি টাকার কথা বলেছেন। অর্থমন্ত্রী পণ্ডিত মানুষ। ৫০ কোটি টাকা থেকে ৫০০ টাকা করে দিলে মোট কত টাকা খরচ হবে, কত শ্রমিক বেনিফিটেড হবে? আমি যেটুকু হিসাব করেছি তাতে ৮৩ হাজার ৩০০ শ্রমিককে পরিবার পিছু দেওয়া যাবে। আমার প্রশ্ন হচ্ছে, পশ্চিমবাংলায় বন্ধ কলকারখানার শ্রমিকের সংখ্যা কত? আর এই ৮৩ হাজার ৩০০ শ্রমিককে দেওয়ার নামে নতুন করে যে অর্থ অর্থমন্ত্রী তাঁর বাজেট বরাদ্দে দেখিয়েছেন—একজন পণ্ডিত মানুষকে হিপোক্রাট বলতে শিষ্টাচারে বাধে। কিন্তু তাঁর আচার আচরণে তাই মনে হয়েছে। তিনি শিল্পায়নের কথা, 'মৌ' এর কথা কয়েক বছর ধরে বলছেন। আমরা শুনছি, তিনি বছরের পর বছর ধরে শিল্পায়নের গল্প বলছেন। মাননীয় অর্থমন্ত্রী, আমার দুর্ভাগ্য, তিনি দাঁতনের ঘটনার জন্য বুদ্ধবাবুর ঘরে আছেন। তিনি নিশ্চয়ই এই রিপোর্টটি পড়বেন। শিল্পায়নের গল্প বললেন। শিল্পায়ন হোক এটা আমরা নিশ্চয়ই চাই। কিন্তু পশ্চিমবাংলার মাটিতে একটা হলদিয়া পেট্রোকেমিকেল আর একটা মিৎসুবিসি ছাড়া কোন বড় শিল্প আসেনি। আমরা কলকাতায় জন মেজরকে পেয়েছি। তার জন্য হকার উচ্ছেদের নামে হকারদের উপরে অত্যাচার হয়েছে। আমরা আমেরিকার বাণিজ্য সচিবকে কলকাতায় আসতে দেখেছি।

[4-40 – 4-50 p.m.]

সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী এসেছিলেন, তার সঙ্গে নাকি শিল্প স্থাপন করা হবে। তারপরে আমেরিকার থেকে জন মেজরকে এনে নতুন শিল্প স্থাপন করা হবে বললেন। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী বলুন তো এই যে, সিঙ্গাপুর থেকে প্রধানমন্ত্রীকে আনলেন, আমেরিকার থেকে জন মেজরকে আনলেন কোন শিল্প স্থাপনের জন্য তারা অর্থ বিনিয়োগ করেছেন? আসলে শিল্পপতিদের এনে শিল্পায়নের কথা বলে তাজ বেঙ্গলে উৎসব করা যায় কিন্তু শিল্পোদ্যোগের যে পরিকাঠামো, সেটা তৈরি করা যায় না। তাই এখানে কোন শিল্পোন্নয়ন হয়নি। এখানে যারা এসেছেন তারা কেবল এখানে ঘুরে গেছেন আর অন্য রাজ্যে গিয়ে শিল্পে অর্থলগ্নী করেছেন, তারা পশ্চিমবঙ্গে শিল্পে অর্থলগ্নি করেননি। তারা করেননি কারণ এখানের রাস্তার বেহাল অবস্থা, যাবেন কি করে, ডানকুনীতে যাবেন কি করে, ফলতা ফ্রি ট্রেড জোনে তারা যাবেন কি করে—রাস্তার তো বেহাল অবস্থা। যারফলে এই

সভাতেই সর্বদলীয় সিদ্ধান্ত নেওয়া হয়েছিল রাস্তার ব্যাপারে। অথচ পি. ডব্লিউ. ডি. মিনিস্টারের কাছে রাস্তার কথা বলতে গেলেই বলেন যে বাজেটে এই মুহূর্তে তো টাকা নেই। তখন আমার মনে হয় তাহলে কি অর্থমন্ত্রী ধাপ্পাবাজি দিচ্ছেন নিজের মন্ত্রককে? একদিকে সর্বদলীয় মিটিং হচ্ছে, অন্যদিকে পি. ডব্লিউ. ডি. মিনিস্টার অন্য কথা বলছেন, এ যেন মনে হচ্ছে অর্থমন্ত্রী তাঁর মন্ত্রককে ধোঁকা দিচ্ছেন। আজকে ইরিগেশন বা পি. ডব্লিউ. ডি-র ক্ষেত্রে কোন অগ্রগতি হচ্ছে না। মন্ত্রীরা বলছেন টাকা নেই, কথাটা সত্যি কিনা বুঝতে পারছি না। একটা শিল্পায়ন করতে গেলে বিদ্যুতের দরকার। কিছুদিন আগে আমাদের বিদ্যুৎমন্ত্রী পণ্ডিত ব্যক্তি, বিদগ্ধ মানুষ, তিনি বললেন যে বিদ্যুতের ভোল্টেজের যে অবস্থা তাতে ট্রান্সফর্মারের কাছাকাছি কারখানা তৈরি করতে হবে। বিদ্যুতের যে অগ্রগতি হয়েছে একথা তো আপনারা সবাই বলেন তাহলে এই অবস্থা হবে কেন? কলকাতায় সস্তায় জমি পাওয়ার জন্য শিল্পপতিরা আসতে চাইছেন, তারা ইস্টার্ন বাইপাশের কাছে জমি চাইছেন। মাননীয় মুখ্যমন্ত্রী বিদেশ সফরকালে অনাবাসী ভারতীয় সাধন দত্তের সঙ্গে কাউকে কাউকে এনেছিলেন, যারা কলকাতার কাছে সস্তায় জমি পেতে চাইছে। আজকে বড়লোকদের জন্য হসপিট্যাল-পিয়ারলেস, রুবী, ডানকান, গরিবদের জন্য কি হয়েছে? গরিব মানুষেরা কি সুযোগ পাচ্ছেন এই জিনিসগুলো ভাবতে হবে। তারপরে কমলবাবু পাটের কথা বলেছেন, সেই প্রসঙ্গে বলি যে মাননীয় অর্থমন্ত্রী তো গর্ব করে, বড়াই করে বলেন যে, পশ্চিমবঙ্গে বহু ক্ষেত্রে উৎপাদন বেড়েছে। চাল উৎপাদনের পশ্চিমবঙ্গ সর্ব বৃহৎ জায়গায় পৌঁছে গেছে। ভাত খেকো বাঙালির চাল অতীতেও বৃদ্ধি পেয়েছে। কিন্তু প্রকিয়রমেন্টের ক্ষেত্রে রাজ্য সরকার ব্যর্থ। আজকে প্রকিয়রমেন্ট ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে সে কথা তো আপনি উল্লেখ করেননি। আজকে আলু, পাট, ফল উৎপাদন হলেও কৃষকরা তার ন্যায্য দাম পাচ্ছে না। তার জন্য কোন ব্যবস্থা তো বাজেটে লেখা হয়নি। মাননীয় শিক্ষামন্ত্রী বললেন যে এক হাজারটা নতুন স্কুল শিক্ষামন্ত্রী করবেন। ব্লক এলাকায় হায়ার সেকেণ্ডারি স্কুল করবেন। এটা একটা সৎ প্রচেষ্টা, কিন্তু জিজ্ঞাসা করি যে, গতবারে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি অনুযায়ী একটাও কি নতুন স্কুল করেছেন? শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আপনারা নতুন পথ ধরেছেন। একদিকে দাঁতনের কথায় মানুষ উদ্বিগ্ন, মানুষ ক্ষুব্ধ, সেখানে ত্রাণ সামগ্রি যাচ্ছে না। পাশাপাশি ২৮ লক্ষ শিক্ষিত বেকার তাদের কর্মসংস্থানের ক্ষেত্রে স্কুল সার্ভিস কমিশন করে সেখানে কি নীতিতে পরীক্ষা হবে, তার নীতি-নির্ধারণ কি করে হবে, তার একটা সিলেবাস তৈরি না করে ২৫০, ৭৫, ৬০ টাকা ক্রশ পোস্টাল অর্ডারের ব্যবস্থা করে শিক্ষিত বেকার, যাদের আর্থিক সচ্ছলতা নেই, তাদেরকে কর্মসংস্থানের ক্ষেত্রে ব্যারিকেড তৈরি করেছেন। আপনারা তো আবার চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগের কথা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদের মতো আরো ৩টে উন্নয়ন পর্ষদ

করব, তার জন্য বরাদ্দ করেছেন কত—মাত্র ৪৫ কোটি টাকা। তিনটি উন্নয়ন পর্ষদের জন্য ভাগ করলে, সুন্দরবনের জন্য কত পড়ে? ১৫ কোটি টাকা। কৈ শুনলাম না তো শরিক দলগুলি কিছু বললেন। আমরা বারবার এই ব্যাপারে চিৎকার করেছি, মানুষদের নিয়ে পদযাত্রা করেছি, এই প্রান্তে ঐ প্রান্তে সুন্দরবনের জন্য একটা মাস্টার প্ল্যান তৈরি করুন। তাতে সুন্দরবনের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সুন্দরবনের নদী বাঁধ মেরামত করে বিভিন্ন চাষ প্রকল্পের উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। কিন্তু মাষ্টার প্ল্যানের সেই কথা বলা হল না। ১৫ কোটি টাকা দিয়ে সুন্দরবনের মানুষকে বঞ্চনা করা হল। সুন্দরবনের মানুষ তোমাদের জন্য বামফ্রন্ট ভাবছে। কি ভাবে এই টাকায় একটা রাস্তা হবে, একটা নদী বাঁধের সংস্কার হবে, একটা নদীকে নূতন করে ড্রেজিং করে তাকে কাজে লাগান যাবে? অথচ উনি টাচ করে গেলেন সুন্দরবনের জন্য কিছু করেছেন। মাননীয় অর্থমন্ত্রীকে আমাদের তাপস বাবু বলছিলেন ৪০ লিঃ করে মাথাপিছু জল পৌঁছে দেবেন এই প্রতিশ্রুতি দিয়েছেন। এই বিধানসভায় আমাদের সুন্দরবন এলাকায় মাননীয় সদস্যরা কি শাসক দলের, কি বিরোধী দলের আমরা বারবার জলের ক্রাইসিস এর কথা বলেছি, উনি বললেন ৪০ লিঃ করে জল মাথাপিছু দেবেন। মাননীয় অর্থমন্ত্রীর স্মরণে থাকবে গত ভাদ্র মাসের কোটালে দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এলাকায় কাকদ্বীপ, সাগর, পাথরপ্রতিমা, নামখানায়, নোনা জল ঢুকে যে সর্বনাশ হল তাতে পানীয় জলের অভাব দেখা দিল। আমাদের প্রতিশ্রুতিবান অর্থমন্ত্রী সেখানে বলে এসেছিলেন ৪ কোটি টাকা দেবেন। সাংবাদিকদের কাছে বলেছিলেন পর্যাপ্ত পরিমাণে পানীয় জল সরবরাহের ব্যবস্থা হবে। মন্ত্রী গৌতম বাবুও গিয়েছিলেন। এটা কি মাস? ভাদ্র মাসের প্রতিশ্রুতি আজ পর্যাপ্ত ৪ কোটি টাকায় একটা টিউবওয়েল বসানো হয়নি। পুকুরগুলিতে নোনা জল ঢুকে গিয়েছে মানুষ তো দূরে থাক, গবাদি পশুরও অখাদ্য সেই জল, অথচ পানীয় জলের সমস্যার সমাধান করেননি। উনি কল্পতরুর মতো বলতে শুরু করলেন মাথাপিছু ৪০ লিঃ করে জল পৌঁছে দেবেন। অসীম বাবুকে নিয়ে গিয়েছিলাম সীতারামপুর কে প্লটের থেকে হাজার বিঘায়, একটা দ্বীপ থেকে আর একটা দ্বীপে, সেখানে মায়েদেরকে জল আনতে যেতে হয়। প্রায় ৩/৪ কি.মি. দূর থেকে জল আনতে হয়। টিফিন পিরিয়ডে ছাত্রদের এক থেকে দেড় ঘন্টা টিফিনের জন্য দিতে হয়, কারণ তাদেরকে ২ কি. মি. দূর থেকে জল খেয়ে আসতে হয়। মন্ত্রীকে নিয়ে গিয়েছিলাম। উনি প্রতিশ্রুতি দেবেন, কাজ হবে না। উনি যেটা বলেছেন ৪০ লিঃ করে জল মাথাপিছু দেওয়ার প্রতিশ্রুতি এটা আসলে তিনি হয়ত ভাবছেন। হয়ত এটা স্বপ্ন, বাস্তবে রূপ দিতে পারলে আমরা খুশি হতাম। কিন্তু সেটা হয়নি। সেচ প্রকল্পের ক্ষেত্রে বলা যায়, ক্ষুদ্র সেচ প্রকল্পের ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, আমরা প্রান্তিক কৃষকদের ক্ষেত্রে চাষীদের সুবিধার জন্য আমরা আরো পরিকল্পনা নিচ্ছি। যাতে আরো বেশি করে চাষীদেরকে সেচ এর আওতায়

আনতে পারি। মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই, গত আর্থিক বছরে যে টাকা মাইনর ইরিগেশন হেডে বরাদ্দ হয়েছিল সেই টাকা ক্ষুদ্র সেচে ডিপ-টিউবওয়েল বসাবার জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ছিল ৭০ কোটি টাকা—সেই টাকা পরিকল্পনাকালে আমাদের পঞ্চায়েত মন্ত্রী এবং অর্থমন্ত্রী সেইখানে নূতন করে ডিস্ট্রিক্ট প্লানিং কমিটি গড়ার পরিকল্পনার মাধ্যমে যেগুলি রাজ্যে আসার কথা, ১৭টি জেলার মধ্যে একমাত্র উত্তর দিনাজপুর জেলা ছাড়া ১৬টি জেলা থেকে আর. আই. ডি. এফ. (২) এর পরিকল্পনার কোনও কাজ মাইনর ইরিগেশন ডিপার্টমেন্টে এল না।

[4-50 – 5-00 p.m.]

১৯৯৭-৯৮ সালের আর্থিক বছরে ক্ষুদ্র সেচ প্রকল্পের সহায়তা প্রত্যন্ত এলাকার কৃষকদের কাছে পৌঁছে দেবার জন্য এবং তাদের উৎপাদন ক্ষমতা বাড়াবার জন্য বোরো চাষের ক্ষেত্রে অতিরিক্ত জলসরবরাহের কথা মাননীয় মন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন তা তাসের ঘরের মতো ভেঙ্গে গেছে। কারণ ডি. পি. সি-র সেই পরিকাঠামো নেই। আজকে এই অবস্থার মধ্যে দিয়ে চলছে। মাইনর ইরিগেশানের জন্য জেলার বরাদ্দ টাকাটা ডি. পি. সি-তে রাখা আছে, ডি. পি. সি সেটা অর্থ মন্ত্রকের কাছে পাঠাবে এবং অর্থমন্ত্রক আর. আই. ডি. এফের কাছে সেই প্রপোজাল পাঠাবে। এই ফাইল চালাচালি করতেই সময় পার হয়ে যাচ্ছে। অসীম বাবু তার জবাবি ভাষণে বলবেন, আপনি বহুবিধ পরিকল্পনা গ্রহণ করেছেন, কিন্তু আলু চাষী, পাট চাষীদের জন্য একটা হিমঘরের কথা আপনার পরিকল্পনার মধ্যে নেই কেন? আমরা দেখেছি আলু যখন বেশি উৎপাদন হয়েছে তখন মন্ত্রী মহাশয় একবার বেনারসে, একবার বাংলাদেশে মার্কেটিং করবেন বলে ঘুরে বেড়িয়েছেন। আজকে আলুর দাম কত? আজকে চাষীরা আলুর উৎপাদন করতে ভয় পাচ্ছে। আজকে হিমঘরে বেশি থাকলে আলু বেশি উৎপাদন হত। দক্ষিণ সুন্দরবনেও একই অবস্থা আমরা দেখেছি, সেখানে চাষীরা তরমুজ চাষ করছে না, কারণ ফুড প্রসেসিং-এর জন্য যে ব্যবস্থা সেখানে থাকা দরকার তা সেখানে নেই। প্রকৃতির বিরূপতার জন্য আজকে পানের বোরোজ নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু এটাতো ঘটনা এই দুটি জেলার অর্থকরী ফসলের মধ্যে পান পড়ে। পূর্বতন কেন্দ্রীয় সরকারের কৃষিমন্ত্রী, সি. পি. আইয়ের চতুরানন মিশ্র পানকে কৃষিপণ্য হিসাবে ঘোষণা করেছেন। সারা পৃথিবীতে পানের চাহিদা পুরনো বাংলার পানের একটা ভূমিকা আছে, কিন্তু তার জন্য আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন। আজকে একটা বিশেষ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দিতে বলছি, বাংলায় অসি হাতে মসি ধরে রাজ্য শাসনের ব্যবস্থা যিনি নিয়েছেন সেই বুদ্ধদেব বাবু, আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী এবং পুলিশমন্ত্রী, তিনি নিজেও নাকি নাটক লেখেন এবং সুকান্তের উত্তরাধিকারী হিসাবে তিনি নিজেকে গর্ববোধ করেন, তিনি নাটক নিয়ে পড়াশোনা করেন এবং মাঝে মাঝে নন্দনে যান সেই রাজ্যের তথ্যমন্ত্রী সিনেমা ও নাটকের ক্ষেত্রে পৃথকভাবে অর্থ

বরাদ্দ করেন। কিন্তু একটা ফিল্ম তৈরি করতে যে টাকা খরচ হয় সামগ্রিকভাবে রাজ্যে নাটকের জন্য সেই পরিমাণ অর্থ বরাদ্দ করা হয় না। গিরীশ ঘোষের বাংলা, সরযূবালার বাংলা, অহীন্দ্র চৌধুরীর বাংলাতে নাট্যকলা কুশলীদের উন্নতির জন্য আরও উদ্যোগ গ্রহণ করে নাটকের বাজেট বরাদ্দ বাড়ানোর জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি। নাটকের ক্ষেত্র দেখার জন্য রাজ্য সরকার এখানে একটা নাট্য অ্যাকাডেমী তৈরি করেছেন।

নাট্যকে সংস্কৃতি জগতের বিশিষ্ট ব্যক্তিরা আছেন, তাদের ছোট করে বলছি না এবং, সরকারি অফিসারদের নিয়ে একটি পরিচালন সমিতি গঠিত হয়েছে। এঁদের বেশিরভাগ প্রবীণ, অভিজ্ঞ মানুষ হলেও তাঁরা অনেক সময় দৈহিক, শারীরিক কারণে মিটিংগুলোতে সঠিক সময়ে যেতে পারেন না। আমি বুদ্ধবাবু, অসীম বাবুকে বলব, নাট্য-অ্যাকাডেমির কার্যক্রমের সাথে, অর্থ-বরাদ্দের সাথে সাথে গ্রামগঞ্জের তরুণ শিল্পীদের যুক্ত করতে। সেখানে একজন প্রবীণ মানুষকে রিহ্যাবিলেটেশন করতে হবে। নাট্য-অ্যাকাডেমির পরিচালনার ক্ষেত্রে কিছু নতুন দায়িত্বশীল সংস্কৃতিমনা লোককে যদি যুক্ত করতে পারেন, তাহলে আমার বিশ্বাস যে, আমাদের তথ্য ও সংস্কৃতি বিষয়ক ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া যাবে। আমরা দেখেছি, রবীন্দ্র সদন, শিশির মঞ্চ, মধুসূদন মঞ্চ, প্রভৃতি সরকারি প্রেক্ষাগৃহ আছে। আগে শনিবার, রবিবার কলকাতায় রঙ্গনা, বিশ্বরূপা, স্টার, প্রভৃতিতে লোকে নাটক দেখত। মানুষ জানত ঐ দিনগুলোতে ঐসব জায়গায় নাটক দেখতে পাবে। আজকে দেখছি সরকারি মঞ্চগুলোকে নাটক এবং অন্যান্য বিষয়ে ভাড়া দেওয়া হয়। আমার প্রস্তাব, শনিবার, রবিবার এবং বৃহস্পতিবারও, সেইসব মঞ্চগুলোকে নাটকের জন্য বরাদ্দ করে অন্য বাকি দিনগুলোতে অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠান করা হোক। তাহলে নাট্যমোদি কলাকুশলীদেরও যেমন সহযোগিতা করা হবে, তেমনি নাট্যপ্রেমী মানুষেরাও নাটক দেখতে পাবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটে বলেছেন যে, জেলায় জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করবেন। মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করব, কৃষিভিত্তিক জেলাগুলোতে শুধু ইঞ্জিনিয়ারিং শিল্প নয়, কৃষি মহাবিদ্যালয় স্থাপন করুন, তাহলে অ্যাগ্রো-বেসড ইণ্ডাস্ট্রির মাধ্যমে কৃষিক্ষেত্রে আরও কিছু নতুন দিশা দেখাতে পারবেন। কারণ, বহু ক্ষেত্রেই আপনি বারংবার যে বরাদ্দের কথা বলেন, বাস্তবে তা দেখা যায় না। শিক্ষা ক্ষেত্রেও এটা দেখেছি। কলকাতা বিশ্ব-বিদ্যালয়ে যারা ছাত্র ফেডারেশনের নেতৃত্ব দিতেন—যাদের অনেকেই আজকে মন্ত্রী, সেদিন আপনাদের স্লোগান ছিল, শিক্ষা ক্ষেত্রে ব্যয় বাড়াতে হবে। এই ২১ বছর পরেও এই আর্থিক বছরের বাজেট পেশ করতে গিয়েও আপনি কত পারসেন্ট বাড়িয়েছেন শিক্ষা ক্ষেত্রে? অথচ

বাংলার একটা সময় ছিল, যখন আই. এ. এস. আই. পি. এস. প্রভৃতি পরীক্ষাতে বাংলার ছেলেরা অগ্রাধিকার পেত। কিন্তু এখন কি দেখছি? শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে নতুন নতুন ব্যবস্থা প্রণয়নের চেষ্টা হওয়া সত্ত্বেও সর্বভারতীয় পরীক্ষার ক্ষেত্রে আমরা পিছিয়ে যাচ্ছি। যে কারণে কয়েকদিন আগেও প্রাথমিক স্তর থেকে ইংরাজি পড়াবার দাবি আমরা জানিয়েছি। কিন্তু আপনারা এখানে তালবাহানা করছেন। পদ্মদা, আপনি তো এডুকেশন সাবজেক্ট কমিটির চেয়ারম্যান, আপনি বলুন তো আপনি তো শিক্ষক, আপনার সন্তান, আপনার নাতি, নাতনীরা ইংরাজি পড়ার সুযোগ পাবে না, আর জ্যোতিবাবুর নাতি, নাতনীরা ইংরাজি শিক্ষায় শিক্ষিত হবে, এই যে দ্বৈত সমাজ ব্যবস্থা চালু করতে চাইছেন, এতে কি হবে? এতে দি দাঁড়াচ্ছে? কোথায় আমরা দাঁড়িয়ে রয়েছি? ব্যাঙের ছাতার মতো ইংরাজি মাধ্যম স্কুল তৈরি করেই কি ঠিক করে দেবেন সমাজকে? আজকে পরিবহন কোথায় গিয়ে দাঁড়িয়েছে? আজকে বলছেন যে, পরিবহনের শ্রমিকদের জন্য আপনি কিছু পেনশনের ব্যবস্থা চালু করার কথা বলছেন। এতদিন করেন নি কেন? আজকে মাথাভারী প্রশাসন চালাতে গিয়ে পশ্চিমবঙ্গের এই অবস্থা হয়েছে। আজকে গঙ্গা-পদ্মা ভাঙ্গন নিয়ে মাননীয় মন্ত্রী বলেছেন, করবেন, কিন্তু কতটুকু করবেন, আমি জানি না। মাননীয় অর্থমন্ত্রী সরকারি কর্মচারিদের অনেক কথা বললেন। কিন্তু চতুর্থ বেতন কমিশন প্রকাশের ক্ষেত্রে গত নভেম্বর মাসে জিজ্ঞাসা করেছিলাম। উনি জবাবি ভাষণে বলেছেন যে, এটা অল্প সময়ের মধ্যে করবেন এবং দ্রুতভাবে করার চেষ্টা করছেন। এবারও তিনি বলেছেন যে, এটা অবিলম্বে করার ব্যবস্থা করবেন। অবিলম্বে এবং দ্রুতলয়ে করবেন। এটা কবে হবে? ফলে এই বাজেটের নিন্দা করে, এর বিরোধিতা করে, কাটমোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 – 5-10 p.m.]

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরের যে বাজেট পেশ করেছেন, আমি সেই বাজেটকে সমর্থন জানাচ্ছি এবং বাজেটের উপর আলোচনা করতে গিয়ে সদস্য বন্ধুরা বিশেষ করে বিরোধী দলের সদস্য বন্ধুরা যা দাবি করছেন, তাতে যেন মনে হচ্ছে যে, গোটা ভারতবর্ষ পশ্চিমবঙ্গে এসে গেছে। এখানে সব ব্যাপারটা হয়ে যাবে। বিষয়টা তারা বুঝতে চাইছেন না যে, আজকে পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য। যুক্তরাষ্ট্রের যে কাঠামো, তাতে সারা দেশের যে নীতি, সারা দেশের যে আর্থ সামাজিক ব্যবস্থা, সেই বাতাবরণের মধ্যে দাঁড়িয়ে রাজ্য সরকারকে তার সীমাবদ্ধ অর্থনৈতিক, সাংবিধানিক ক্ষমতা নিয়ে পথ চলতে হয়। আমাদের অর্থমন্ত্রী খুব সঠিকভাবে যে বিকল্প নীতির কথা বলেছেন, অর্থাৎ বামফ্রন্ট সরকার, সেই বিকল্প নীতি নিয়েই বিগত ২১ বছর ধরে পশ্চিমবঙ্গের মানুষের

স্বার্থে কাজ করছেন। এই বিকল্প নীতির মধ্যে দিয়ে যে মূল বাজেট এসেছে, সেটা হচ্ছে স্বনির্ভরতার বাজেট, তার মধ্য দিয়েই জনগণকে যুক্ত করা এবং বিকেন্দ্রীকরণ করা। সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত না করে জনগণকে ফিরিয়ে দিয়ে বিকেন্দ্রীকরণের ব্যবস্থার মধ্য দিয়ে উন্নয়নমূলক কাজের দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায়, এটাই হচ্ছে বিকল্প নীতি এবং এই নীতিকে সামনে রেখে আমাদের দেশের বিশেষ করে গত ৭-৮ বছর ধরে পূর্বতন কংগ্রেসের জনশ্রুতি এবং বিশেষ করে উদার অর্থনৈতিক নীতি, আন্তর্জাতিক অর্থনৈতিক ভাণ্ডারগুলির কাছে আত্মসমর্পণ করে আমাদের দেশের সার্বভৌমত্ব বিকিয়ে দিয়ে যে অর্থনৈতিক পথ ধরে দেশটা চালাতে গেছেন, যার অনিবার্য পরিণতিতে আজকে বিদেশি পুঁজির অনুপ্রবেশ আমাদের দেশে ঘটছে এবং আমাদের দেশের শিল্প কলকারখানাতে উৎপাদন ব্যাহত হচ্ছে। কলকারখানাগুলোর দরজা বন্ধ হয়ে যাচ্ছে। আপামর জনসাধারণ এক তীব্র আর্থিক সঙ্কটের মধ্যে হাবুডুবু খাচ্ছে। এক অসম প্রতিযোগিতার মধ্যে আমাদের দেশকে ফেলে দেওয়া হয়েছে। আমাদের দেশের সাড়ে ৪ লক্ষ কলকারখানা বন্ধ হয়ে আছে। এইরকম একটা পরিস্থিতির মধ্যে, পরিবেশের মধ্যে পশ্চিমবাংলার সমস্যাকে পার্থক্য করা যাবে না। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে যেটা করতে পারা গেছে সেটা হচ্ছে কর্মসংস্থান বৃদ্ধি, উৎপাদন বৃদ্ধি। কর্মসংস্থান বৃদ্ধি, উৎপাদন বৃদ্ধি যার গভীরে সেটা হচ্ছে আমূল ভূমি সংস্কার। আমূল ভূমি সংস্কারের মধ্যেই এটা করা যায়। আমাদের দেশের আর কোনও রাজ্যে এটা করা হয়নি। এই সীমাবদ্ধ সংস্কারের পথ ধরেই পশ্চিমবাংলায় একটা নতুন ভারসাম্য এসেছে, একটা পরিবর্তন ঘটেছে। এর মধ্যে দিয়েই আমরা দেখছি যে ১৪ লক্ষ ২৪ হাজার একর বেনামী জমি উদ্ধার হয়েছে। ২৫ লক্ষ কৃষকের মধ্যে জমি বন্টিত করা হয়েছে। এটা তারা অস্বীকার করতে চেয়েছেন। তাদের অভিজ্ঞতা এক রকম। আমরা গ্রামাঞ্চলে কৃষকদের আন্দোলনের সাথে যুক্ত করতে পেরেছি। পশ্চিমবাংলায় একটা নুতন পরিস্থিতি তৈরি হয়েছে যা গোটা ভারতবর্ষ থেকে পৃথক। এটা একটা বিকল্প দৃষ্টিভঙ্গি। আমাদের এখানে যখন গরিব, ক্ষুদ্র, প্রান্তিক কৃষকের হাতে ৬৯ শতাংশ জমি রয়েছে তখন সারা ভারতবর্ষে গরিব, ক্ষুদ্র, প্রান্তিক কৃষকের হাতে রয়েছে মাত্র ৩৫ শতাংশ। এখানেই হচ্ছে দৃষ্টিভঙ্গির ফারাক। বিরোধী দলের বন্ধুরা তাদের শ্রেণীগত দৃষ্টিভঙ্গি তাদের পথ হতে পারে না। আমরা এই দৃঢ় অবস্থানে থাকতে চাই শোষিত, নিপীড়িত মানুষের পক্ষে থাকবার জন্য। বীজ, সার, উন্নত বীজ, সেচ, মিনিকিট ইত্যাদির মাধ্যমে কৃষকদের সহযোগিতা করা হয়। এই সহযোগিতার মধ্যে দিয়ে আজকে বছরের পর বছর খাদ্যোৎপাদনে প্রথম স্থান অধিকার করে আসছে। আগেও তো চাল হত, ধান হত, পশ্চিমবাংলার কৃষকরা বছরের পর বছর মাথার ঘাম পায়ে ফেলেও তো কৃষি উৎপাদন বাড়াতে পারেননি। আমাদের রাজ্য প্রথম স্থান অধিকার করায় আমি গর্ববোধ করি। পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে গর্ব বোধ করা উচিত। আপনারা

তাকে বিদ্রুপ করতে চেয়েছেন। গোটা ভারতবর্ষে যখন খাদ্যোৎপাদনের বার্ষিক হার ২.২৪ শতাংশ, পশ্চিমবঙ্গে তখন গড় উৎপাদনের হার ৩.৬১ শতাংশ। এর কারণ হচ্ছে বামফ্রন্ট সরকারেব সহযোগিতা, কৃষক সমাজের পরিশ্রম এসবের মধ্যে দিয়েই, আর সীমাবদ্ধ ভূমি সংস্কারের মধ্যে দিয়ে গ্রামাঞ্চলের চেহারার পরিবর্তন ঘটছে, আর্থিক উজ্জীবন ঘটছে ১৯৭৭ সালের পর থেকে। ১৯৭০ এর দশকে এই সমস্ত কৃষকরা খেতে পেত না। আজকে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে মানুষের ক্ষমতা বাড়ছে, কৃষকদের আর্থিক স্বাচ্ছল্য বাড়ছে। মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে সেটাই প্রতিফলিত হয়েছে। এর ফলে ৩৫ হাজার কোটি টাকা মানুষের হাতে আসবে। তার একটা বড় অংশের টাকা দিয়ে শিল্প পণ্য কেনা যেতে পারে।

[5-10 – 5-20 p.m.]

আমাদের রাজ্যে শিল্পায়নের যে বাতাবরণ তৈরি হয়েছে তার মধ্যে দিয়ে শিল্পায়ন এগিয়ে যাবে এবং শিল্প সমৃদ্ধ রাজ্য হিসাবে আগামী দিনে প্রতিষ্ঠিত হবে যদি কেন্দ্রীয় সরকার বিরোধীতা না করে। আজকে উৎপাদন বৃদ্ধির এবং কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রী বিশেষ কতগুলি ব্যবস্থা গ্রহণ করেছেন। ভূমি সংস্কারে বলা হয়েছে ১৩ হাজার একর সিলিং জমি বন্টন করা হবে এবং সেচের ব্যবস্থা বাড়াতে হবে। সেচ একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, আজকে বিভিন্ন ভাবে ক্ষুদ্র সেচকে বাড়িয়ে পশ্চিমবাংলায় যেখানে যেখানে একটা ফসল হত সেখানে এখন দু ফসলী করা হয়েছে। সেচের সম্প্রসারণ ঘটেছে। মাননীয় অর্থমন্ত্রী ৩২৬ কোটি টাকা থেকে ৩৫৮ কোটি টাকায় বৃদ্ধি করেছেন সেচের ব্যাপারে এবং ক্ষুদ্র সেচের জন্য ৫০ কোটি টাকা পৃথক ভাবে রেখেছেন। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে এবং জনগণকে কাজের সঙ্গে যুক্ত করে এই ভাবেই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। অর্থমন্ত্রীর বাজেটের মধ্যে আমরা দেখেছি, যে যে জায়গায় গুরুত্ব দেওয়া উচিত সেই সেই জায়গায় গুরুত্ব দেওয়া হয়েছে. সেচ একটি গুরুত্বপূর্ণ বিষয়, প্রান্তিক চাষী যারা বিদ্যুৎ ব্যবহার করে সেচের কাজ করে তাদের ২০ পারসেন্ট ভরতুকি দিয়ে ছাড়ের কথা ঘোষণা করা হয়েছে। বাস্তব পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে এতে পশ্চিমবঙ্গের কৃষকরা সেচের ব্যাপারে সত্যিকারের লাভবান হবেন তার প্রতিফলন এই বাজেটের মধ্যে আমরা দেখেছি। আজকে কর্মসংস্থানের প্রশ্নে শুধু শহরাঞ্চলেই নয় গ্রামাঞ্চলেও বাস্তব অবস্থার ভিত্তিতে এই বাজেটে একটা নতুন দিক নির্দেশিত হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটে হিমঘর প্রতিষ্ঠা এবং শিল্পায়নে সহযোগিতার প্রতিশ্রুতি রেখেছেন। তাতে ব্যাঙ্ক ঋণ ব্যবস্থার কথা বলেছেন। চালকল এবং গত মরশুমে চাষীরা যে সমস্যায় পড়েছিল সেই আলু সংরক্ষণের জন্য ব্লকে ব্লকে যদি হিমঘর গড়ে তোলা যায় তাহলে এই সমস্যার সমাধান হবে, সে জন্য

তিনি সঠিকভাবেই হিমঘর প্রকল্পের কথা ঘোষণা করেছেন। কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনৈতিক কারণে প্রতিদিন নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য বৃদ্ধি ঘটেছে। আমরা তখন বারবার বলেছিলাম ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য বৃদ্ধি ঘটছে এবং এই ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস গণবন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে এই মূল্যবৃদ্ধির জনিত কষ্টের হাত থেকে মানুষকে রেহাই দেওয়ার ব্যাপারে সরকারের ভূমিকার কথা এবং বাকি কয়েক মাসের মধ্যেই যুক্তফ্রন্ট সরকার এটা মেনে নিয়ে আংশিকভাবে কাজ শুরু করেছিলেন সস্তা দরে কিছু চাল গরিব মানুষকে দেওয়ার মধ্যে দিয়ে। কংগ্রেসের ভাঙনের মধ্যে দিয়ে এই প্রতিক্রিয়াশীল শক্তি বি. জে. পি. সরকার কেন্দ্রে ক্ষমতাসীন হয়েছে তাদের কাছে এটা আর আশা করা যায় না। তাই আজকে আমাদের রাজ্যের গরিব মানুষের স্বার্থে অর্থমন্ত্রী এই বন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে অভ্যন্তরীণ প্রোকিওরমেন্টে চাল সংগ্রহ করার গ্যারান্টি দেবার জন্য চালকল গড়ে তোলার জন্য যে উৎসাহ দেখিয়েছেন সেটা অভিনন্দনযোগ্য। এর ফলে কর্মসংস্থান বাড়বে এবং গরিব মানুষকে গণবন্টন ব্যবস্থার মধ্যে আনা যাবে। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়েও কিছু ইতিবাচক কাজ করা যায় তারই প্রতিফলন এই বাজেটের মধ্যে ঘটেছে।

গরিব মানুষের এই ১০টা জিনিস গণবন্টন ব্যবস্থার মধ্যে আনতে না পারলেও প্রধান খাদ্যশস্য এবং অন্য দিকে কেরোসিন তেলে ২০ শতাংশ ভতর্তুকিতে দেওয়ার কথা এতে বলা হয়েছে। অর্থমন্ত্রী তাঁর ভাষণে আরও বলেছেন, গরিব মানুষকে উৎসবের দিনে তাঁদের জামা-কাপড় দেওয়ার ব্যাপারে। এই প্রকল্প এখানে ঘোষণা করা হয়েছে। আর আপনারা এ সবের বিরোধিতা করছেন। এক্ষেত্রে আপনাদের চিন্তার দৈন্যতাই প্রকাশ পাচ্ছে। শ্রেণীগত অবস্থানের জন্য আপনারা এটা করছেন। তাই বিকল্প দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে যখনই নিপীড়িত, শোষিত, শ্রমজীবী মানুষের স্বার্থে কোনও কাজ বামফ্রন্ট সরকার করতে চেয়েছে আপনারা চিৎকার করেছেন। মাননীয় অর্থমন্ত্রী সঠিক ভাবেই এই জায়গাগুলো এড়িয়ে যেতে পারেননি। আজকে আমাদের সরকার সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও গাঁয়ের গরিব মানুষ, শহরের গরিব মানুষ যাতে উৎসবের দিনে জামা-কাপড় পরে হাসিখুশি থাকতে পারে, কম দামে তাদের যাতে সেগুলো দেওয়া যায় তার ঘোষণা করেছেন। এর মধ্যে দিয়ে তাঁত শিল্পীরা কাজ পাবেন, তাঁদের জিনিসের চাহিদা বাড়বে এবং তাঁরা দুটো পয়সা পাবেন। এই দৃষ্টিভঙ্গি আজকে এই বাজেটের মধ্যে তৈরি হয়েছে।

অন্যদিকে গ্রামে যারা ক্ষেতমজুর, যাঁরা মাথার ঘাম পায়ে ফেলে একটা জাতীর অন্ন যোগায়, খাদ্যশস্য উৎপাদন করে তাদের মজুরি আপনাদের আমলে দেড় টাকা, দু-টাকা, তিন টাকা ছিল। কিন্তু একদিকে গরিব কৃষক, শ্রমিকের আন্দোলন অন্য দিকে বামফ্রন্ট

সরকার তাঁদের পাশে এসে দাঁড়ায়। এই দুয়ে মিলে পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলে ক্ষেতমজুরদের মজুরি ৪০ টাকায় নিয়ে যেতে সমর্থ হয়। যাইহোক, তাদের আর্থিক অবস্থাটা আমরা একটা সুস্থ অবস্থায় আনতে পেরেছি। আজকে যাঁরা অফিসে কাজ করেন, শিক্ষকতা করেন তাঁদের পি. এফ.-র ব্যবস্থা আছে। অসময়ে, বৃদ্ধ বয়সে তাঁরা তার থেকে টাকা পেতে পারেন। কিন্তু গোটা জাতির মুখে যাঁরা খাবার তুলে দিচ্ছে, নিজের জীবনিশক্তিকে বাড়াবার চেষ্টা করছে তাঁদের ভবিষ্যৎ বিকল হয়ে গেলে, অসার হয়ে গেলে কোনও ব্যবস্থা নেই। তাই মাননীয় অর্থমন্ত্রী সঠিক ভাবে ঐ শ্রমিকশ্রেণী, সমাজের যাঁরা পিলসুজ হিসাবে কাজ করছেন তাঁদের জন্য একটা ঐতিহাসিক সিদ্ধান্ত ঘোষণা করেছেন। গোটা ভারতবর্ষের কোনও রাজ্যে এই বিকল্প দৃষ্টিভঙ্গির কোনও চিহ্ন নেই, নজির নেই যে, ক্ষেতমজুরদের জন্য পি. এফ. হতে পারে। আমাদের অর্থমন্ত্রী মহাশয় ঐ ক্ষেতমজুর, শ্রমজীবী মানুষের জন্য পি. এফ.-র ব্যবস্থার কথা ঘোষণা করেছেন। গ্রামাঞ্চলে ইতিমধ্যে এটা আলোচনার মধ্যে চলে এসেছে যে, একজন ক্ষেতমজুর যদি তাঁর পি. এফ.-এ ১০ টাকা জমা দেন তাহলে পশ্চিমবঙ্গ সরকারও সম পরিমাণ টাকা তাতে জমা করবেন। এই জায়গায় মনে হয়, বিরোধী বন্ধুদের গায়ে জ্বালা ধরছে। তাঁরা ভর্তুকি দেন জুট মিল, চিনি মিল মালিকদের জন্য আর আমরা গ্রামের ক্ষেতমজুর, শ্রমজীবী মানুষের জন্য দিই। তাই বলতে হয় যে, এই ভাবে বাজেটের সমালোচনা করা যায় না।

যে যে জায়গায় গুরুত্ব দেওয়া দরকার মাননীয় অর্থমন্ত্রী তা দিয়েছেন। এখানে যে কারখানাগুলো বন্ধ হয়ে রয়েছে তার শ্রমিকদের ৫০০ টাকা করে দেওয়ার ঐতিহাসিক সিদ্ধান্ত ঘোষণা করেছেন। তাঁর সঙ্গে সহমত পোষণ করে। সহমর্মিতার সাথে বামফ্রন্ট সরকার এই প্রতীকি সাহায্য ঘোষণা করেছেন। এটাকে কোনও ভাবেই বিদ্রুপ করার জায়গা নেই। তাই আমি এই ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 -- 5-30 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের যে বাজেট এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য এখানে রাখছি। আমি প্রথম বলতে চাই যে, এই বাজেট প্রস্তাবে মাননীয় অর্থমন্ত্রী এমন কিছু প্রকল্পের কথা বলেছেন, যেগুলো থেকে একটা ধারণা হয় যে কুম্ভকর্ণের হঠাৎ নিদ্রাভঙ্গ হল। এই রাজ্যের বন্ধ কলকারখানার শ্রমিকদের ভাতা দেওয়ার কথা, অবসরকালীন শিক্ষকদের দীর্ঘদিন ধরে পেনশন না পাওয়ার যে দাবি, গ্রামীণ বৈদ্যুতিকরণের দীর্ঘদিনের যে সমস্যা, এই হাউসে এবং হাউসের বাইরে বার বার যে দাবি উত্থাপিত হয়েছে এবং যা সরকারের কর্ণগোচর করার কোনও সুযোগ হয়নি এবং বছরের পর বছর এই দাবিগুলোকে আপনারা উপেক্ষা করেছেন। আজ এতদিন পরে হঠাৎ এরকম কিছু আশ্বাস

অর্থমন্ত্রীর বাজেট প্রস্তাবে পাওয়া গেল। অবশ্য সেই আশ্বাস বাস্তবে কতটা কার্যকরি হবে সেটা অন্য কথা। এই যে আশ্বাস এসেছে, এই যে নিদ্রাভঙ্গ হয়েছে এটা কি জনগণের প্রতি কোনও দরদ বোধ থেকে এসেছে নাকি এই নিদ্রাভঙ্গের পিছনে অন্য কোনও আশু উদ্দেশ্য কাজ করছে? বাস্তব বিচার বিশ্লেষণ থেকে এটা বলি যে এতদিন যা করেননি। এখন হঠাৎ এই মুহূর্তে এই পদক্ষেপ গ্রহণের পিছনে বাজেট প্রস্তাবে এই ঘোষণা—বিগত লোকসভা নির্বাচনে বামফ্রন্ট সরকার যে ভাবে জনসমর্থন হারিয়েছে এবং আসন্ন পঞ্চায়েত নির্বাচনে সেই জনসমর্থন ফিরিয়ে আনার মরিয়া প্রয়াস—সেই আশু উদ্দেশ্যই এটার মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে, যতটা না পিপলের কনসার্ণ থেকে এসেছে। আমি মাননীয় অর্থমন্ত্রী কে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি বলেছেন যে অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন এ বছরের মধ্যে দেওয়ার একটা সুষ্ঠ ব্যবস্থা হবে। রিটায়ার করার পরে এক মাসের মধ্যে যাতে শিক্ষকরা পেনশন পান, তাঁদের সেই প্রতিশ্রুতি দিয়েছেন। আমি বলি শুধু প্রতিশ্রুতি নয়, এই প্রতিশ্রুতিকে স্পেল-আউট করতে হবে। কারণ ১৯৯২ সাল থেকে শিক্ষকদের পেনশন দেওয়ার ক্ষেত্রে যে দীর্ঘসূত্রিতা চলছে সেটা নিয়ে নানান বক্তব্য এসেছে এবং এই পেনশন যাতে দ্রুত পাওয়া যায় সে ব্যাপারে সরকার বলেছিলেন যে, 'বিকেন্দ্রীকরণ করছি'। পেনশন সেল তুলে দেওয়া হল এবং সেখানে বলা হল যে, ডি. আই. অফিসে যাঁরা অ্যাকাউন্টস অফিসার আছেন তাঁরা সার্ভিস বুক ভেরিফিকেশন ইত্যাদি করবেন। তাঁরা সবটা করে ডি. পি. সি. সি.-তে পাঠাবেন এবং ডাইরেক্টরেট থেকে পেনশন পেমেন্ট অর্ডার দেওয়া হবে। তাতে সময় নাকি সংক্ষিপ্ত হবে। কিন্তু দেখা গেল বিকেন্দ্রীকরণের ফলে সময় সংক্ষিপ্ত হওয়া দূরে থাক আরো দীর্ঘায়িত হল। ডি. আই. অফিস থেকে কাগজ পত্র সরাতেই দেড় বছর থেকে দু বছর লেগে যাচ্ছে। তার ফলে পেনশন ডাইরেক্টরেটে আসতে কম করে আর এক বছর লাগছে। এই বাস্তব পরিস্থিতিতে সাড়ে তিন বছরের কমে হচ্ছে না। এমন কি অ্যাড-হক পেনশন, যেখানে সার্ভিস বুক ভেরিফিকেশনের প্রয়োজন নেই, সেখানেও তা এক মাসের মধ্যে হয় না। অথচ আজকে বাজেট প্রস্তাবে মাননীয় অর্থমন্ত্রী শিক্ষকদের উদ্দেশ্যে বললেন—আগামী আর্থিক বছর থেকে রিটায়ার করার এক মাসের মধ্যে পেনশন হবে। মাননীয় অর্থমন্ত্রী, আপনি নিশ্চয়ই আপনার জবাবি ভাষণে এটা স্পেল করবেন। প্রতিশ্রুতি যেটা দিচ্ছেন, সেটা অ্যাকচ্যুয়ালি ইমপ্লিমেন্ট হবে কি ভাবে সেটা স্পেল আউট করবেন।

দ্বিতীয় কথা, বন্ধ কলকারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে ভাতা দেবেন বলেছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করি রাজ্যে বন্ধ কলকারখানার শ্রমিকের সংখ্যা কত? কি ভাবে এই ভাতা তাদের মধ্যে বন্টন করা হবে? ৩১শে, মার্চ পর্যন্ত অন্তত এক বছর বন্ধ কলকারখানার যে সমস্ত শ্রমিক, তাদের ডিটারমাইন করার পদ্ধতি কি, প্রক্রিয়া কি?

এই দাবি অনেক দিন ধরেই শ্রমিকদের ছিল, সেই দাবি পূরণ করার কথা বলছেন, তাই আমি এটার ইমপ্লিমেনটেশনের ব্যাপারটা জানতে চাইছি।

তৃতীয় কথা, মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলেছেন চতুর্থ পে কমিশনের রিপোর্ট আগামী মে মাসের মধ্যে বেরবে এবং তারপর সেটা কার্যকরী করা হবে। তার জন্য অর্থবরাদ্দও করা হয়েছে। এই প্রসঙ্গে আমার বক্তব্য, তৃতীয় পে কমিশনের যে রিপোর্ট, সেই রিপোর্ট অনুযায়ী শিক্ষকদের যে পাওনা টাকা বকেয়া আছে এই মার্চ মাস পর্যন্ত, তার কি হল? তৃতীয় পে কমিশনের সুপারিশ অনুযায়ী শিক্ষক এবং শিক্ষা কর্মীরা তাদের বকেয়া টাকা পায় নি। সেই টাকা যদি তাদের পি. এফ.-এ জমা থাকত তাহলে তারা তার ওপর ১২% সুদ পেত। আজকে ৭ বছর ধরে তারা সেই সুদ থেকে বঞ্চিত হচ্ছে। অথচ আপনি অনেক রকম আশ্বাস দিচ্ছেন। আমি আশা করব এ সম্পর্কে আপনি আপনার বক্তব্য বলবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে এটা জানতে চাইছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারেও মাননীয় অর্থমন্ত্রী বিকল্প অর্থনীতির কথা বলেছেন। প্যারাগ্রাফ ২.২১-এ বলা হয়েছে, বিকল্প অর্থনীতি গ্রহণ করার ফলে সর্ব ভারতীয় ক্ষেত্রের তুলনায় কি উৎপাদনের ক্ষেত্রে, কি কর্মসংস্থানের ক্ষেত্রে, কি মূল্যসূচকের ক্ষেত্রে, সমস্ত ক্ষেত্রেই এ রাজ্য এগিয়ে আছে। এটা কিসের ভিত্তিতে বলা হচ্ছে, এই সেন্ট পারসেন্ট ডিমাণ্ড, এটা কতটা বস্তুনিষ্ঠ? এটাই আজকে বিচার্য বিষয়। বাস্তবে ৭ বছর ধরে যাকে আপনারা বিকল্প নীতি বলছেন তা মোড়কের আড়ালে উদার অর্থনীতি। তাকেই আপনারা ইমপ্লিমেন্ট করে যাচ্ছেন। বিকল্প অর্থনীতি তথা উদার অর্থনীতির ইমপ্লিমেন্ট করার ফলে আপনাদের অগ্রগতির পরিসংখ্যানের বিশ্বাসযোগ্যতা সম্পর্কে প্রশ্ন আসছে। কারণ অগ্রগতির পরিসংখ্যানের সরকারি ভিত্তির সম্বন্ধেই ইতিমধ্যে প্রশ্ন এসেছে। গ্রাম উন্নয়ন কর্মসূচির ক্ষেত্রে পঞ্চায়েতের কাজকর্মের যেভাবে পরিসংখ্যান তৈরি হচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি শ্রম দিবস সৃষ্টির পরিসংখ্যান প্রকৃত শ্রম দিবস সৃষ্টি থেকে অনেক বেশি করে দেখানো হচ্ছে। কাজ না করিয়ে ইউটিলাইজেশন সার্টিফিকেট দেওয়া হচ্ছে।

[5-30 – 5-40 p.m.]

সেই ইউটিলাইজেশন সার্টিফিকেটের ভিত্তিতে খাতায় কলমে সম্পদ সৃষ্টি হচ্ছে বলে আপনারা দেখাচ্ছেন। এই রকম পরিসংখ্যানের ভিত্তিতে রাজ্য সরকারের অগ্রগতির যে রেখাচিত্র সৃষ্টি হচ্ছে তার মাধ্যমে আপনি দাবি করে চলেছেন যে অনেক অগ্রগতি হচ্ছে। ফলে এর বিশ্বাসযোগ্যতা সম্পর্কে মানুষ সন্দিহান হয়ে উঠছে। আপনি বলেছেন এমন

শিল্পায়নের জোয়ার পশ্চিমবঙ্গে এসেছে যে তা সর্বভারতীয় স্তরকে ছাপিয়ে গিয়েছে এবং তার ফলে এখানে কর্মসংস্থান একেবারে লাফিয়ে লাফিয়ে বাড়ছে। যা বেকার বছরে সৃষ্টি হয় তার তিনগুন নাকি বেকারের কর্মসংস্থান বছরে হচ্ছে। আগামী বছরে আবার যা বেকার সৃষ্টি হবে তার ৪ গুন নাকি বেকারের কর্মসংস্থান হবে। আপনার দাবি সত্য হলে তো এ ক্ষেত্রে ব্যাকলগ থাকার কথা নয় কিন্তু আমরা দেখছি বেকারের সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে। '৭৭ সালে যেখানে নথিভুক্ত বেকারের সংখ্যা ছিল ১৭ লক্ষ আজকে সেখানে নথিভুক্ত বেকারের সংখ্যা ৫৭ লক্ষ ছাড়িয়ে গিয়েছে। বেকারদের থেকে কর্মসংস্থান যদি তিন/চারগুন হয় তাহলে যেখানে ব্যাকলগ ক্লিয়ার হয়ে যাওয়ার কথা সেখানে উল্টো চিত্রই আমরা দেখছি, বেকার হু হু করে বাড়ছে। জনগণকে বিভ্রান্ত করার জন্য আমি মনে করি আপনি এইসব কথা বলেছেন। স্যার, উনি বিকল্প অর্থনীতির কথা বলেছেন কিন্তু এই বিকল্প অর্থনীতির আড়ালে উনি কিভাবে উদার অর্থনীতি, নয়া অর্থনীতিকে ইমপ্লিমেন্ট করছেন আমি একটার পর একটা তারই দৃষ্টান্ত তুলে ধরব। স্যার, ঠিকা প্রথা—হায়ার অ্যাণ্ড ফায়ার নীতি যেটা নাকি একেবারে মারাত্মক সেটাই উনি চালু করছেন। যে ট্রেড ইউনিয়ন রাইট এতদিন শ্রমিকরা ভোগ করতেন সেই ট্রেড ইউনিয়ন রাইটকে খর্ব করে, চাকরির স্থায়িত্বকে খর্ব করে সর্বত্র ধাপে ধাপে ঠিকা প্রথা চালু করা হচ্ছে। শিক্ষকদের ক্ষেত্রে তাই, স্বাস্থ্যদপ্তরে ডাক্তারদের ক্ষেত্রেও সেই প্রথা উনি চালু করছেন। উনি বলেছেন সব জায়গায় ঠিকা প্রথা চালিয়ে যাবেন। সেখানে কর্মীদের চাকরির যে স্থায়িত্ব ডেমোক্রাটিক যে রাইট, ট্রেড ইউনিয়ন যে রাইট, মিনিমাম যে রাইট সেটাকেও এইভাবে ক্যাটেল করে হায়ার অ্যাণ্ড ফায়ার নীতি উনি চালিয়ে যাচ্ছেন। সরকার এই জিনিস ইমপ্লিমেন্ট করলে মালিকরাও কথায় কথায় শ্রমিকদের ছাঁটাই করবে এবং তখন তার আর ট্রেড ইউনিয়ান রাইট বলে কিছু থাকবে না। এটা একটা মারাত্মক অবস্থা। ওর বিকল্প অর্থনীতির মধ্যে নয়া অর্থনীতির সুরই ধ্বনিত হচ্ছে। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এই অভিযোগের উত্তরটা অন্তত দেবেন। স্যার, আরও মারাত্মক ব্যাপার, এডুকেশন ডিপার্টমেন্টের একটি সার্কুলার আমার চোখে পড়লো। দেখুন কি মারাত্মক অবস্থা। স্কুল এডুকেশন ডিপার্টমেন্টের ৫ই মার্চের সার্কুলার। সেখানে টিচার ষ্টুডেন্ট রেসিও যেটা ছিল ওয়ান ইজটু ফর্টি এই সার্কুলারে বলছে, After careful consideration and in view of the financial stringency of the Government it is dicided so and so বলে এখানে বলা হচ্ছে টিচার স্টুডেন্ট রেশিও যেখানে ছিল ওয়ান ইজটু ফর্টি সেটা হবে ওয়ান ইজটু এইটটি। এক জন টিচারে ৮০ জন ছাত্র। তাহলে এরা কোয়ালিটি অব এডুকেশনকে কোথায় নিয়ে যাচ্ছেন দেখুন। এ হলে তো সারপ্লাস টিচার হয়ে যাবে। এরকম একটা মারাত্মক জায়গায় ওরা এডুকেশনকে নিয়ে যাচ্ছেন। নিউ ইকনমিক পলিসি যাতে শ্রমিক কর্মচারিদের নিয়োগ আরও কমিয়ে দেবে

ইন অল রেসপেক্ট আপনার সরকারও সেই দিকে যাচ্ছেন এবং অপর দিকে আপনি ক্লান্তিহীনভাবে বিকল্প অর্থনীতির কথা বলে যাচ্ছেন। আজকে প্রো-পিপলের মোড়ক দিয়ে আপনারা এইসব কথা বলে যাচ্ছেন, সস্তা জনপ্রিয়তা কুড়াবার চেষ্টা করছেন কিন্তু এরমধ্যে দিয়ে আপনাদের জনবিরোধী রূপই মাঝে মাঝেই ফুটে উঠছে। স্কুল সার্ভিস কমিশনের কথা ধরুন। বেকারদের কর্মসংস্থানের কথা বলছেন, অথচ স্কুল সার্ভিস কমিশনে ফি করলেন ২৫০ টাকা। ক্যান ইউ ইমাজিন? চার-সাড়েচার লক্ষ পরীক্ষার্থীর কাছ থেকে ১২ কোটি টাকা কামিয়ে নিলেন। এটা কি প্র-পিপল অ্যাটিচ্যুড? পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রেও নমিনেশন ফি টেন টাইমস বাড়িয়ে দিলেন। একবারও চিন্তা এলো না, যারা দরিদ্র মানুষ, গরিব চাষী, তাদের পক্ষে এই নমিনেশন ফি দেওয়া সম্ভব কিনা। একদিকে আপনারা নিজেদের জনদরদি বলেন, কিন্তু সমস্ত দিকেই দেখছি বাণিজ্যিকীকরণ। স্বাস্থের ক্ষেত্রেও দেখছি, বার বার চার্জ বাড়াচ্ছেন। আজকে দায়বদ্ধতার কথা বলছেন, বিকেন্দ্রীকরণের কথা বলছেন। কিন্তু দায়বদ্ধতা বা বিকেন্দ্রীকরণ হয়েছে কি সমস্ত ক্ষেত্রে? আজকে পঞ্চায়েতগুলি কিভাবে চলছে? সেখানে পুকুর চুরি হচ্ছে। দায়বদ্ধতা। সরকারের পি. এল. অ্যাকাউন্টগুলি থেকে টাকা নয়-ছয় হয়েছে। সেখানে দেখলাম, এ.জি. অফিস থেকে চিঠি এসেছে—গত পাঁচ বছরে উন্নয়ন খাতের ১২শ' কোটি টাকা, যেটা উন্নয়ণ খাতের ৫৭ পারসেন্ট, সেই টাকাটা সরিয়ে রেখেছেন। এইভাবে উন্নয়ন খাতের ৫৭ পারসেন্ট টাকা সরিয়ে রাখলেন, সেক্ষেত্রে উন্নয়নমূলক কাজের টার্গেট কিভাবে পূরণ হল? এখানেও জাগলারী অফ স্ট্যাটিসটিক্স। এখানে সরকারি স্ট্যাটিসটিক্সের বিশ্বাসযোগ্যতায় সন্দেহ থেকে যাচ্ছে। অথচ বলছেন যে, পশ্চিমবঙ্গ এগিয়ে চলছে। তার জন্য এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রমেশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৮-৯৯ সালের যে বাজেট উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি দুই একটি কথা বলব। এখানে বিরোধী পক্ষ বাজেটের সমালোচনা করে যেসব বক্তব্য রেখেছেন আমি তার সম্পূর্ণ বিরোধীতা করছি। উত্তরবঙ্গের উন্নয়নের জন্য ১৯৮৪ সাল থেকে আমাদের পার্টি একটা উন্নয়ন পর্ষদ গঠন করার দাবি জানিয়ে আসছিল। শুধু উত্তরবঙ্গের ৫টি জেলা নয়, দক্ষিণবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া জেলার জন্যও একটা পৃথক সংস্থা করার জন্য আন্দোলন করে আসছিলাম। এবারকার বাজেটে মাননীয় অর্থমন্ত্রী উত্তরবঙ্গের পাঁচটি জেলাকে নিয়ে একটা উন্নয়ন পর্ষদ গঠনের কথা ঘোষণা করায় তাই আমরা, বিশেষ করে আমি উত্তরবঙ্গের একজন বিধায়ক হিসাবে খুবই আনন্দিত। এরজন্য উত্তরবঙ্গের সর্বস্তরের মানুষের পক্ষ থেকে ধন্যবাদ জানাই। এরফলে বামফ্রন্টের জনপ্রিয়তা সেখানে আর-ও বৃদ্ধি পাবে। এখানে বিরোধী পক্ষ উত্তরবঙ্গ নানা দিক থেকে অবহেলিত, বঞ্চিত, এই বলে নানা সমালোচনা করেছেন। কিন্তু আমরা বাস্তবে দেখতে পাচ্ছি যে,

উত্তরবঙ্গ কখনও কোন অংশে অবহেলিত বা বঞ্চিত নয়।

[5-40 – 5-50 p.m.]

তবে সর্বক্ষেত্রে সমস্ত উন্নয়নের কৃতিত্ব বামফ্রন্ট সরকার অর্জন করেছে এটা বলব না, কিছু কিছু ক্ষেত্রে তার সাফল্য হ্রাস পেয়েছে। তাই এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠনের কথা ভাবছেন। এই পর্ষদ যাতে বাস্তবে রূপায়িত হয় তার জন্য আমি একজন উত্তরবঙ্গের বিধায়ক হিসাবে সরকারকে অনুরোধ করব। এই বাজেটে কৃষি সেচ শিক্ষা স্বাস্থ্য বিভিন্ন দপ্তরের উপর সরকার যথাযথ ব্যবস্থা নিয়েছে। কিন্তু আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা শুধু সমালোচনা করছেন। ওনারা আমাদের সরকারের সাফল্যের কথা একবারও উল্লেখ করলেন না। এত ভাল কাজ করা সত্ত্বেও সাধারণ মানুষের জন্য সুন্দর সুন্দর স্কীম করা সত্ত্বেও বিরোধীপক্ষ তার তীব্র সমালোচনা করছেন এবং প্রতিবাদ করছেন। আসলে এটা তাঁদের পছন্দ করছেন না। আসলে তাঁদের কাজই হল সমালোচনা করা। বিরোধীপক্ষের বন্ধুরা আমাদের বামফ্রন্ট সরকারের শিক্ষা নিয়ে অনেক কথা বলছেন, শিক্ষা ব্যবস্থা নাকি ভেঙে গেছে, সাধারণ মানুষের জন্য নাকি শিক্ষার ব্যবস্থা করা হয় নি। আমাদের কোচবিহার জেলায় যেখানে হায়ার সেকেণ্ডারি স্কুল ছিল না সেখানে হায়ার সেকেণ্ডারি স্কুল হয়েছে, যেখানে একাদশ দ্বাদশ শ্রেণী ছিল না সেখানে একাদশ দ্বাদশ শ্রেণীতে উন্নত করা হয়েছে। প্রতিটি ব্লকে যেখানে যেখানে ছাত্রের সংখ্যার অনুপাতে স্কুলের প্রয়োজন ছিল সেখানে স্কুল করা হয়েছে। অথচ কংগ্রেস দলের বন্ধুরা সমালোচনা করছেন, বলছেন যে শিক্ষার ব্যাপারে বামফ্রন্ট সরকার বিশেষ কিছু করেনি। ওনারা বলছেন কৃষির ব্যাপারে বামফ্রন্ট সরকার কিছু করেননি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর কৃষি ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। ১৯৭১-৭২ সালে কংগ্রেস সরকারের আমলে সাধারণ মানুষের খাদ্য সংক্রান্ত বিষয়ে দুর্নীতি এবং দুষ্কৃতিতে ভরে গিয়েছিল। অসাধু ব্যবসায়ীরা গোপনে জিনিস পত্র মজুত রেখে কৃত্রিম অভাব তৈরি করত। যার জন্য খাদ্য ন্যায্য দামে পাওয়া যেত না, অনেক সময় খাদ্য দ্রব্য বাজার থেকে উধাও হয়ে যেত। সেই জন্য মানুষকে অখাদ্য কুখাদ্য খেতে হত। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর বাজারে কোনও দিন খাদ্যের অভাব হয়নি, ফটকা বাজার দেখা যায়নি। তাই আজকে বামফ্রন্ট সরকার মানুষের কাছে জনপ্রিয়। কংগ্রেসকে সাধারণ মানুষ বিদায় দিয়েছে তাদের ভ্রান্ত নীতির জন্য চটক দিয়ে মানুষকে বিভ্রান্ত করার জন্য। তাই আজকে কংগ্রেস জনগণের কাছ থেকে বিতাড়িত। আজকে আমি এই বাজেটকে সমর্থন করে আরও একটি বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটি উত্তরবঙ্গের সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি বিষয়, এর সাথে জড়িত রয়েছে কৃষকের স্বার্থ। তিস্তা সেচ প্রকল্প সম্বন্ধে বাজেটে কোনও কথা উল্লেখিত হয়নি। তাই আমি

অনুরোধ করব, উত্তরবঙ্গ পর্ষদ নামে একটি সংস্থা গঠিত হচ্ছে, এর মাধ্যমে যাতে তিস্তার কাজ অতি সত্তর হয়, বিশেষ করে জলপাইগুড়ি এবং কোচবিহারের কৃষকরা যাতে এর আওতায় আসে তা যেন মাননীয় অর্থমন্ত্রী দেখেন। এই সেচ প্রকল্পটি রূপায়িত হলে জলপাইগুড়ি এবং কোচবিহারের কৃষির উৎপাদন দ্বিগুণ বৃদ্ধি পাবে এবং খাদ্যের সমস্যাও অনেকটা মিটে যাবে। তাই এই বাজেটকে আর একবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50 – 6-00 p.m.]

**Shri Nar Bahadur Chhetri :** Hon'ble Deputy Speaker, Sir, while opposing the Budget Demand of the Hon'ble Finance Minister for the Financial year 1998-99, I would like to say some arguments. In the course of discussion, the Opposition has accused the Finance Minister for placing a populist budget rather than political one. And the members of the Treasury Benches lauded the Budget as 'pro-people'. I don't want to enter into any controversy. But say how the Hills as a whole have been deprived of its rightful share in the consecutive budgets placed by our Learned Finance Minister as he has made an allocation of Rs. 4594.83 crores in the State Plan Budget for the next financial year. He has just given only Rs. 25 crores for the DGHC area, just 0.6% of the total allocation. If he divides this Rs. 4594 crores into 18 districts, it come around Rs. 255 crores and if he divides this plan outlay according to the population figure, as you know, the population of Darjeeling district as a whole is 1.9% of the state population and on that score too, the plan allocation for the Darjeeling district would have been around Rs. 90 crores. So, I think it is not justifiable for the learned Finance Minister to allocate just Rs. 25 crores for the Hills.

As you know, there are other regions why the hill area deserves more financial allocations. For example, Darjeeling is giving a huge share of taxes to the coffer of the Central as well as State Government. Another thing, cost of living in the hill is almost doubl.d than that of plains. Another most important thing is that the hill is just ravaged by a violent agitation just a few years ago. In view of all these

regions, financial allocations for the hill has not been given adequately. Darjeeling has, as the Learned Finance Minister knows well, many problems for example, Darjeeling instead of being a famous tourist paradise, is not providing drinking water to the tourists as well as locals adequately. This problem of the water is twenty years old. But, even after the installation of this government for more than twenty one years not a single penny has been given to the hills for the provision of drinking water. This year, the Finance Minister has given just one crore and ten thousands for the public health engineering which is utterly inadequate. Likewise, I am quoting a figure from the publication of the State Government itself. For the tourism sector, the Hon'ble Minister has given just 11 lakhs rupees. With this 11 lakhs rupees, DGHC cannot do any worthwhile for the development of tourism for the hills. Likewise, for the health and family welfare, he has given just 35 lakhs which is meaningless in view of the increasing cost of living and other things in the hills. The Learned Finance Minister may well remember that I had supported his budget last year but later on I realised my folly when I came to know that even this allocation has not been released by the Finance Minister. Now just three days are left to end this financial year. Till now, the financial allocation of 14 lakhs meant for irrigation department has not been released fully. He has given just 30 lakhs rupees for the irrigation department and only 10 lakhs has been released. This amount has been still held up in the finance department. Likewise, a amount of 44 lakhs had earmarked for the construction of model labour in sinkona plantation. Out of 44 lakhs, 22 lakhs has been released. but another amount of 22 lakhs has not been released. Perhaps this amount will be diverted to elsewhere. I think so. So, this financial allocation is one thing and final release of the total amount is another thing. There is some gap between the two. So, if he sees this 25 crores from this angle the amount comes down to 50% and the amount fully released will be to the tune of Rs. 15 crores or like that only. In the power sector—once I had gone though a news-

paper item wherein the hon'ble finance minister had announced that he is giving 75 crores of rupess for the rural electrification. I have just met our power minister yesterday and I was amazed to know that just two crores of rupees has been given for the rural electrification and the minister himself told me yesterday that this year also another amount of Rs. 100 crores has been earmarked for the rural electrification and if he gives only this and the amount is evenly distributed among the eighteen districts we will get some six crores. But I am not sure whether the Learned Finance Minister will allot this six crores to go to Darjeeling. There are huge areas of Hills which are still lacking electrification and I would request the Hon'ble Minister to give something for the rural electrification. Which has not been given in the Hills for the last five or six years. Likewise not a single amount has been given for the control of landslides in the Hills. There are 4 or five huge landslides in the Hill, in Ambotia Tea Garden. This tea garden is in the Karseong division. Almost 503 of the tea plantation has been washed out by the devastated landslide. Not a single penny is/being given from the State Government for the control of the landslide. There has been another landslide near Ghaletar area in Kurseong. About three or four houses have been swept by the devastated landslide. Landslide control measures have not been taken up properly. In Kalimpong there are enough landslides and our irrigation department of the DGHC is totally incapable to control that devastating landslides.

I have to speak something about Panchayat area. You know in Darjeeling despite our/stiff resistance the State government has forced Panchayat election. But in plain area where the Gram Panchayats are getting some 8-10 lakhs out Panchayat are getting just below one lakh rupees. It useless to force Panchayat election in the Hills despite our stiff resistance. Election was held but Panchayat is meaningless in the Hills. I also request the hon'ble minister to allot required fund for the development of the Hill as a whole and make it sure that DGHC could succeed. It is an experiment. It is a new experiment and if it succeeds

India can survive and if it fails it will be a disaster for the whole country. With this I in my speech oppose the budget of the Finance Minister. Once again. Thank you.

[6-00 – 6-13 p.m.]

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৮-৯৯ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ মাননীয় অর্থমন্ত্রী এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, এই বাজেটে গ্রাম এবং শহরের সাধারণ মানুষের স্বার্থে বিকল্প দৃষ্টিভঙ্গিতে রচিত হয়েছে। এই বাজেট উৎপাদন বৃদ্ধিজনিত এবং রাজ্যের শিল্প প্রস্তাবের উজ্জ্বল দৃষ্টিভঙ্গির বাজেট। স্যার, পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার বাইশ বৎসর যাবৎ সাধারণ মানুষের স্বার্থে বিকল্প নীতির মধ্যে দিয়ে বাজেট রচনা করেছেন। কেন্দ্রীয় বঞ্চনা সত্ত্বেও নিজস্ব ভিত্তির উপর দাঁড়িয়ে পশ্চিমবাংলা সরকার সারা ভারতবর্ষের মধ্যে উদাহরণ সৃষ্টি করেছে। স্যার, এই বাজেটকে সমর্থন করছি এই জন্য, এই বাজেটের লক্ষ্য যেহেতু গ্রামীণ কৃষি প্রধান ও শিল্প উৎপাদন বৃদ্ধির সহায়ক। এই বাজেট যেহেতু কর্মসংস্থান সৃষ্টি করা বাজেট, বন্ধ কল-কারখানা খোলার প্রশ্নে পুনরায় স্মরণ করিয়ে দেওয়ার বাজেট, তাই এই বাজেটকে সমূর্থন জানাচ্ছি। স্যার, আপনি জানেন যে ভারতবর্ষে রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটা রাজ্য সরকার অর্থনৈতিক, রাজনৈতিক ক্ষমতার প্রশ্নে কতখানি অসহায়, কতখানি সীমাবদ্ধ। রাজ্য বাজেটে প্রতি এক টাকায় যেখানে একুশ পয়সার বেশি আশা করা যায় না কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। জন্মলগ্ন থেকে খাদ্য ঘাটতি হওয়া সত্ত্বেও দীর্ঘকাল বঞ্চনার স্বীকার হয়েছে এই রাজ্য সরকার। সেখানে মানুষের একশ শতাংশ আশা-আকাঙ্খা নির্ভর করছে রাজ্য সরকারের আর্থিক ক্ষমতার উপরে। এই অবস্থার উপরে দাঁড়িয়ে ক্রমাগত একুশ বৎসর এই সরকার এই পরিস্থিতির উপযোগী ব্যবস্থা করে মধ্যবিত্ত মানুষ সহ দারিদ্র্যসীমার নিচের অংশের মানুষের স্বার্থে এই বাজেট। মুদ্রাস্ফীতি, বেকারি, মূল্যবৃদ্ধির কথা স্মরণ রেখে সাধারণ মানুষকে করভারে জর্জরিত না করে এই বাজেটে শতকরা উনআশি ভাগ খরচ রাজ্যের অভ্যন্তরিণ সম্পদ সংগ্রহের মধ্যে দিয়ে হয়েছে। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেটকে আমি অভিনন্দন জানাচ্ছি। স্যার, বিভিন্ন সংবাদপত্রে এই বাজেটের উপর ভিত্তি করে লিখেছে, শিল্প মহল আশা প্রকাশ করেছে এর ফলে আগামী দিনে শিল্প সম্প্রসারিত হবে। সাধারণ মানুষের স্বার্থে এই সরকার যখন কোনও ভালো সিদ্ধান্ত নেয় তখন ওরা সাহায্য তো করবেনই না বরং চিৎকার করবেন, এখন বিনাশকালে ওদের বুদ্ধিনাশ হয়েছে। জণ্ডিস রোগীর হলদে চোখে সব কিছুই ওরা হলদে দেখে।

এই দলটার অবস্থা এই জায়গায় এসে দাঁড়িয়েছে। ১১৩ বছরের দলটা সারা দেশে

শোচনীয় অবস্থার মধ্যে পড়ে গেছে। এই পশ্চিমবাংলাতে অবশ্য আগামী বিধানসভা পর্যন্ত আছে, তারপর তারে অস্তিত্ত্ব বজায় রাখতে পারবে কি না সন্দেহ আছে। দীর্ঘ ২৯ বছর ধরে বাংলার মানুষকে আপনারা অনেকগুলো বাজেট উপহার দিয়েছিলেন। তার ফল কি হয়েছিল? মানুষ আপনাদের ঐ দিকে বসার জায়গা দিয়েছে—ওখানে থেকে চিৎকার করবেন, আর ওয়াকআউট করবেন। আজকে নিজেদের অবস্থানটা ভুলে গিয়ে আপনারা অন্যকে বলছেন সাম্প্রদায়িক। আপনাদের ঐ চেহারাটা নিয়ে আয়নার সামনে দাঁড়াতে ভয় পাচ্ছেন এখন।

স্যার, রাজীব, নরসিমার যুগের নয়া শিল্পনীতির যে পাপ, সেই পাপ সারা দেশে শিল্পের মাথা ফাটিয়েছে। আপনারা অনেকেই স্বীকার করেন না যে, মহারাষ্ট্রে রুগ্ন শিল্পের সংখ্যা সবচেয়ে বেশি এবং, এটাও ভুলে যাওয়ার কথা নয় যে, সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে এই বামফ্রন্ট সরকার সেই হারানো অধিকার ফিরে পাবার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করছে এবং পরপর অনেকগুলি বাজেটে রুগ্ন শিল্পের ক্ষেত্রে সহায়ক অনুদান রেখেছিলেন। এখন এই যে পশ্চিমবাংলার বন্ধ কলকারখানার শ্রমিকদের স্বার্থে বামফ্রন্ট সরকার ৫০০ টাকা করে ভাতা দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন, সেটা তো আপনাদের সহ্য হবে না,—এটা তো বাস্তব সত্য।

গ্রামীণ বিদ্যুতের ক্ষেত্রে এই রাজ্য যে ৮০ ভাগ সফল হয়েছে, এটা সৌগত বাবুও স্বীকার করেছেন। এক্ষেত্রে পশ্চিমবাংলার নিচে আছে বিহার, উড়িষ্যা, উত্তরপ্রদেশ, আরও কতগুলো রাজ্য। এইগুলো আপনারা উল্লেখ করলেন না। যেহেতু গুজরাট, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, প্রভৃতি কতগুলি রাজ্যে জলবিদ্যুৎ উৎপাদন করতে খরচ কম হয়, সেইজন্য তারা বিদ্যুৎ উৎপাদনে উন্নতি করেছে। কিন্তু আমাদের রাজ্যে বিদ্যুৎ উৎপাদন অত্যন্ত ব্যয়বহুল কয়লা পুড়িয়ে আমাদের বিদ্যুৎ উৎপাদন করতে হয়। নরসিমা রাওয়ের সময় বিদ্যুতের উপর থেকে ভর্তুকি তুলে দিয়ে সমস্যার সৃষ্টি করেছিলেন। তা সত্ত্বেও কংগ্রেসের আমলে যেখানে দশ হাজার গ্রামে বিদ্যুৎ গিয়েছিল, সেখানে আমরা ৩০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌছে দিতে পেরেছি। ফলে, এই বিষয়ে কংগ্রেসের মুখ খোলা উচিত নয়,—অবশ্য নির্লজ্জ হলে খুলবেন পশ্চিমবঙ্গে গত ২২ বছরে ২০ হাজারের বেশি প্রাথমিক বিদ্যালয় খোলা যেত,—খোলার সম্ভাবনা ছিল এবং প্রচেষ্টাও ছিল। এটা খোলার সম্ভাবনা ছিল এবং সরকারের প্রচেষ্টা ছিল। এই সরকার আজকে শিক্ষাক্ষেত্রে প্রাথমিক বিদ্যালয় খোলার যে যে পরিকল্পনা নিয়েছেন, আপনারা তার বিরোধিতা করছেন। এটাই আপনাদের কাজ। স্যার, আজকে এই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের মধ্য দিয়ে কৃষকদের হাতে জমি বন্টন করেছেন, জমির পাট্টা দিয়েছেন। আজকে সেচের ব্যবস্থার মধ্য দিয়ে প্রায় ৪৫ ভাগের বেশি জমিকে সেচের আওতায় নিয়ে এসে আজকে

পশ্চিমবঙ্গকে কৃষি উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থানে নিয়ে এসেছে। এটাতো অস্বীকার করার কথা নয়। এটাকে আপনারা অস্বীকার করতে পারবেন না। এবার মানুষের কর্মসংস্থানের ব্যাপারে আসি। এখন মজুরি বৃদ্ধির মধ্য দিয়ে যেখানে ১৯৭৬-৭৭ সালে ৪ টাকা ৫ টাকা করে ক্ষেতমজুরদের দৈনিক মজুরি ছিল, সেখানে আজকে ৪০ টাকা, আবার কোথাও কোথাও ৫০ টাকা ৬০ টাকা ৭০ টাকা পর্যন্ত দৈনিক ক্ষেতমজুররা পাচ্ছে। এর ফলে আজকে সাধারণ মানুষ, ক্ষেতমজুর তাদের কর্মক্ষমতা বেড়েছে এবং তাদের অবস্থার উন্নতি হয়েছে। তাই ১৯৯৮-৯৯ সালের এই যে বাজেট এখানে রাখা হয়েছে, এই বাজেট আগামী দিনে পশ্চিমবঙ্গের আরও উন্নতি ঘটাবে এবং সাধারণ মধ্যবিত্ত সহ নিম্ন মধ্যবিত্ত মানুষের ক্ষমতা আরও বৃদ্ধি করবে এবং এই কারণেই এই বাজেটকে সমর্থন করে কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 6.13 p.m. till 11 a.m. on Friday the 27th March, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 27th March, 1998 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 9 Ministers of State, and 132 Members.

**Starred Questions**
**(to which Oral Answers were given)**

[11-00 — 11-10 a.m.]

**বৃত্তিমূলক শিক্ষা প্রসারে সরকারের ভূমিকা**

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১) **শ্রী তপন হোড়ঃ** কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মফঃস্বল শহরগুলিতে বৃত্তিমূলক শিক্ষা প্রসারে রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন ; এবং

(খ) উক্ত শিক্ষা প্রসারে রাজ্য সরকারের পরিকল্পনা কিরূপ?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ**

(ক) রাজ্যে ২৩টি শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে এবং ১০টি জুনিয়র টেকনিক্যাল স্কুলে জাতীয় বৃত্তিমূলক শিক্ষণ পরিষদ কর্তৃক স্বীকৃত বিভিন্ন বৃত্তিমূলক ট্রেড পাঠক্রম পড়ানো হয়। ১ বছর বা ২ বছরের পাঠক্রম শেষে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের 'ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট' প্রদান করা হয়। রাজ্যের ২৬টি কমিউনিটি পলিটেকনিকে গ্রামীণ ও মফস্বল শহরগুলি যুবক-যুবতীদের স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থানের উদ্দেশ্যে কারিগরি শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে বৃত্তিমূলক প্রশিক্ষণ দানের ব্যবস্থা করা হয়েছে।

(খ) রাজ্য সরকার রাজ্যের কমিউনিটি পলিটেকনিক, শিল্প প্রশিক্ষণ শিক্ষালয় ও জুনিয়র টেকনিক্যাল স্কুলগুলিতে জেলা পরিষদ সমূহের মাধ্যমে স্বল্প-কালীন

বৃত্তিমূলক পাঠক্রম প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছেন। উক্ত প্রকল্প রূপায়ণের জন্য বর্তমান আর্থিক বছরে দেড় কোটি টাকা ৮টি জেলাকে মঞ্জুর করা হয়েছে।

২০টি জুনিয়র টেকনিক্যাল স্কুল এবং ১৪টি বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কেন্দ্রীয় সাহায্য প্রকল্পাধীনে দু' বছরের বৃত্তিমূলক পাঠক্রম (১০+২) প্রবর্তন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

**শ্রী তপন হোড় ঃ** আপনি বলেছেন যে আপনি কি কি পদক্ষেপ নিয়েছেন। নতুন নতুন কোনও আই. টি. আই. আপনি খুলবেন কি না? উত্তরবাংলায় যেমন বালুরঘাটে আই. টি. আই. করার কথা আছে। নতুন কোনও কোর্স, নতুন কোনও আইটেম করার কথা আপনি চিন্তা-ভাবনা করছেন কি না?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** উত্তরবঙ্গে দুটো আই. টি. আই. চালু করার সিদ্ধান্ত নিয়েছি। এই বছর এপ্রিল মাস থেকে চালু করব। দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট আর জলপাইগুড়ির আলিপুরদুয়ারে।

**শ্রী তপন হোড় ঃ** নতুন আই. টি. আই. চালু করতে গিয়ে আমাদের বাজেটের যে মূল স্পিরিট সেটা উৎপাদন বাড়িয়ে কর্মসংস্থান বৃদ্ধি করা, সেখানে দাঁড়িয়ে এই ডিপার্টমেন্ট খুবই যোগ্যতার সাথে এই ভোকেশনাল ট্রেনিংগুলোর ব্যবস্থা করছেন। এটাকে আরও বেশি প্রসারিত করার জন্য নতুন কোনও কোর্স বা নতুন কোনও আইটেম করার কথা আপনি চিন্তা করছেন কি না?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** নানা ধরনের অনেকগুলো কোর্স আমাদের রাজ্যে চালু করেছি। আপনারা জানেন মাননীয় সদস্য, গত অধিবেশনে এখানে বলা হয়েছে। আমরা এই নতুন কোর্স চালু করেছি আমাদের রাজ্যের যে শিল্পায়ন, সেই শিল্পায়নের সাথে সঙ্গতি রেখে। আই. টি. আই. এর যে পুরনো কোর্স সেই জায়গায় কম্পিউটার, ট্রেনিং, ইলেক্ট্রনিক্স, মেকানিক্স আমরা চালু করেছি। পলিটেকনিকগুলিতে নিত্য-নতুন বিভিন্ন কোর্স চালু করেছি এবং যে কোর্সগুলি আমাদের রাজ্যে ছিল না যেমন কম্পিউটার ডিপ্লোমা কোর্স, ইনস্ট্রুমেন্টেশন কোর্স ইত্যাদি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ বালুরঘাট এবং আলিপুরদুয়ারে এপ্রিল মাসেই আই. টি. আই. কোর্স চালু করতে যাচ্ছেন। আমরা বাজেটে দেখেছি যে সমস্ত জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ নেই সেই সমস্ত জেলাগুলিতে ইঞ্জিনিয়ারিং কলেজ করা হবে। এটা কি ভাবে করবেন এবং কোন কোন জেলাগুলিতে অগ্রাধিকারের ভিত্তিতে করবেন। বি. ই. কলেজ বলতে আমরা কি বুঝি, অর্থাৎ বি. ই. স্ট্যান্ডার্ড যেটা যাদবপুর এবং

শিবপুরে আছে সেই রকম ইঞ্জিনিয়ারিং কলেজ। এখানে চুক্তির মাধ্যমে দায়বদ্ধতার কথা বলা আছে, সেই কলেজ কিভাবে হবে সেটা একটু বলবেন?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** এখানে দুটো কথা বলার আছে, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে জেলাগুলিতে ইঞ্জিনিয়ারিং কলেজ নেই সেখানে কলেজ প্রতিষ্ঠা করার কথা। মাননীয় অর্থমন্ত্রীর সাথে আমার কথা হয়েছে আমাদের রাজ্যে বিভিন্ন জেলাতে বিভিন্ন পলিটেকনিক কলেজ আছে এবং সেখানে আমরা অনেক বড় বড় বাড়িঘর তৈরি করেছি এবং তার ইনফ্রাস্ট্রাকচার আমাদের রাজ্যে বিশ্বব্যাঙ্কের সহায়তায় আমরা করেছি। অর্থমন্ত্রী বিবেচনা করছেন সেই সব জায়গায় কিভাবে ইঞ্জিনিয়ারিং কলেজ চালু করা যায় এবং করতে গেলে কিছু স্থানীয় ভিত্তিতে প্রশিক্ষক নিয়োগ করতে হবে, সেটা চুক্তির ভিত্তিতে হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি স্পেসিফিকভাবে জিজ্ঞাসা করছি পলিটেকনিক বলতে লাইসেন্সিয়েট ইঞ্জিনিয়ারিং যেমন এল. সি. ই., এল. এম. ই. নাকি বি. ই. কলেজ স্থাপনের পরিকল্পনা। যদি থাকে, তাহলে বীরভূম জেলায় আছে কি না?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** যে যে জেলাগুলিতে ইঞ্জিনিয়ারিং কলেজ নেই সেই সব জেলাগুলিতে প্রস্তাবগুলি বিবেচনা করা হবে অর্থমন্ত্রী বলেছেন। পলিটেকনিকের ইনফ্রাস্ট্রাকচার ভাল আছে বিশ্বব্যাঙ্কের সাহায্যে আমরা করতে পেরেছি। আপনার উত্তরে বলছি সিউড়িতে ফার্মাসি ডিপ্লোমা কোর্স আমরা চালু করেছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমি জানতে চাইছি বি. ই. কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি না?

(নো রিপ্লাই)

**শ্রী জাহাঙ্গীর করিম ঃ** মহিলাদের জন্য কারিগরি শিক্ষার কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** মহিলাদের জন্য ৪টি আই. টি. আই. আমরা করেছি, উত্তর ২৪ পরগনা, বর্ধমান, শিলিগুড়ি ও কলকাতার গড়িয়াহাটে চালু করেছি। চন্দননগরে পলিটেকনিক চালু করছি, কাজ শুরু করেছি। এবারে আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি পলিটেকনিকে মহিলাদের জন্য ১৫ পারসেন্ট আসন সংরক্ষিত হবে এবং সেটা হবে মাধ্যমিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে।

**শ্রী সৌগত রায় ঃ** এই বামফ্রন্টের মন্ত্রীদের কথা আমি ঠিকমতো বুঝতে পারি না। অর্থমন্ত্রী জোর গলায় তার বক্তৃতার সময় তিনি বলেছেন যে সব জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ নেই সেই সব জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ খোলা হবে। হচ্ছে বা বিবেচনাধীন আছে এ রকম নয়। কিন্তু তরুণ মন্ত্রী বললেন অর্থমন্ত্রীর সাথে তার কথা হয়েছে বিবেচনাধীন আছে, এর কোনটা সত্যি?

[11-10 — 11-20 a.m.]

কোনটা সত্য আমার কাছে ক্লিয়ার নয়। মাননীয় ফিন্যান্স মিনিস্টারের ঘোষণা না তরুন মন্ত্রীর ডিফেন্ড ঘোষণা যে, বিবেচনা করা হচ্ছে। মাননীয় সদস্য সুনীতিবাবু খুব স্পেসিফিক প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন যে, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং, ডি. ই. কোর্স চালু হবে? বীরভূম নো ইঞ্জিনিয়ারিং কলেজ ডিস্ট্রিক্ট। সেখানে স্কুলে ফার্মাসিস্ট চালু হয়েছে মন্ত্রী মহাশয় বললেন। কিন্তু আমরা যেটা জানতে চাচ্ছি সেটা হচ্ছে, মাননীয় ফিন্যান্স মিনিস্টার তার বাজেট বক্তৃতায় অনেক আনফুলফিল্ড প্রমিসের মতো ক্লিয়ার করে বলেছেন হায়ার সেকেন্ডারি স্কুলে পলিটেকনিক চালু করার কথা। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হায়ার সেকেন্ডারি স্কুলের সঙ্গে ভোকেশনাল এডুকেশন, আই. টি. আই. স্টার্ট করার কোনও স্পেসিফিক প্রপোজাল আছে কিনা ফিন্যান্স মিনিস্টারের বাজেট বক্তৃতার সঙ্গে সঙ্গতি রেখে?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** দুটো বিষয় পরিষ্কার হওয়া দরকার। প্রথমত, আমার কথার সঙ্গে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার কোনও বিরোধিতা নেই। দ্বিতীয়ত, উনি বীরভূমের কথা জানতে চেয়েছিলেন। যে যে জেলাগুলোতে ইঞ্জিনিয়ারিং কলেজ নেই অথচ পরিকাঠামো আছে সেখানে করা যায় কি যায় না সে ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যেটা বলেছেন সেটাই চূড়ান্ত। তবে মাননীয় সুনীতবাবু বীরভূমের কথা জিজ্ঞাসা করেছিলেন তাই আমি বলেছি যে, বীরভূমে পরিকাঠামো আছে—সেটা বিবেচনা করব। আর, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, ১০০-টা উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের বাড়িগুলো অবসর সময়ে ব্যবহার করে পলিটেকনিকের এই স্বল্প মেয়াদি কোর্স চালু করার কথা বলা হয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** এই হায়ারসেকেন্ডারি স্কুলগুলোতে ডিপ্লোমা, আই. টি. আই. না ডিগ্রি—কোনটা চালু কররেন?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** আমাদের রাজ্যে যে স্টেট কাউন্সিল ফর ভোকেশনাল এডুকেশন আছে তার নিয়ন্ত্রণাধীনে স্বল্প মেয়াদি কোর্স চালু হবে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আই. টি. আই.-র স্যাটেলাইট স্কুল করছেন। কমিউনিটি পলিটেকনিক্যাল স্কুলে একটা লটের টাকা পাঠিয়েছেন কিন্তু তাতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সমস্যা, বেতন-ক্রমের সমস্যা আছে। শিক্ষকদের একটা নির্ধারিত বেতনক্রম থাকা দরকার তা হলে এটা ভাল ভাবে কার্যকর হবে এবং সফল হবে। এটা বিবেচনা করা দরকার।

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** এই কোর্সগুলোতে কিছু নির্দিষ্ট টাকা দেওয়া থাকে। মূল পলিটেকনিক কেন্দ্রগুলোতে ছোট ছোট প্রশিক্ষণ কেন্দ্র হয় এবং সেখানে অর্থের সংস্থান করা হয়। আপনি যেটা বলছেন, সেক্ষেত্রে কিছু আলোচনার প্রয়োজন আছে। বিষয়টা আমরা দেখছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** স্যার, আপনি জানেন, ইংরাজি গ্রামারে প্রেজেন্ট, পাস্ট এবং ফিউচার টেন্স আছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, ফিউচার এবং পাস্ট টেন্সের মধ্যে পার্থক্য বোঝেন?

**(নট রিপ্লাইড)**

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** কোন কোন জেলায় আপনারা এই পরিকল্পনা গ্রহণ করেছেন এবং কটা? শিক্ষকদের বেতন সম্পর্কে কোনও ব্যবস্থা করেছেন কি না?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** মোট ৮টি জেলায় এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং দেড় কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আমি শুধু বিধানসভার সদস্য হিসেবে নয়, আমি অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্সেরও সদস্য হিসেবে বলছি, দুর্গাপুর রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজে শতকরা ৩০টি পদে কোনও শিক্ষক নেই এবং জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজে প্রায় ৪০টি পদে কোনও শিক্ষক নেই। এই দুটো রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ আপনারা পরিচালনা করছেন। কিন্তু সেখানে শিক্ষক না থাকার জন্য বিভিন্ন স্ট্রিমে বিশেষ করে সিভিল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ কোনও শিক্ষক না থাকায় খুব অসুবিধা হচ্ছে।

ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি করতে গেলে, ভারতবর্ষের মন্ত্রিসভা থেকে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তাতে বলা ছিল যে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি করতে গেলে ১২০ কোটি টাকার দরকার। আমাদের এখানে যাদবপুর বাদ দিলে, হাওড়া, বর্ধমানের দুর্গাপুর, উত্তবঙ্গের জলপাইগুড়িতে ইঞ্জিনিয়ারিং কলেজ আছে। বাকি জেলাগুলোতে একটা ফিনান্সিয়াল ইয়ারের মধ্যে ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি করতে গেলে যে টাকার দরকার সেই টাকার প্রভিসন আপনার বাজেটে আছে?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** বর্ধমানের দুর্গাপুর ইঞ্জিনিয়ারিং কলেজ ও জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজ সম্পর্কে জানতে হলে উচ্চ শিক্ষা দপ্তরের কাছ থেকে জানতে হবে। যেসব জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ নেই সেখানে ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরির জন্য সরকার পদক্ষেপ নেবেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আমতলার কাছে একটা পলিটেকনিক কলেজ তৈরি হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে কবে এই পলিটেকনিক কলেজের উদ্বোধন করতে পারবেন?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** এই পলিটেকনিক কলেজটির উদ্বোধনের তারিখ এখনও ঠিক হয়নি।

**কালাজ্বর, ডেঙ্গু, ম্যালেরিয়া প্রভৃতি রোগে মৃত মানুষের সংখ্যা**

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত এক বছরে রাজ্যের বিভিন্ন জেলায় কালাজ্বর, ডেঙ্গু, ম্যালেরিয়া, আন্ত্রিক ও এনকেফেলাইটিসে-এ কত মানুষ মারা গেছেন ; এবং

(খ) উক্ত রোগগুলির প্রাদুর্ভাব রোধে সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী পার্থ দে ঃ**

[11-20 — 11-30 a.m.]

(ক) বিগত ১৯৯৭ সালে উপরোক্ত রোগগুলির জেলাভিত্তিক রিপোর্ট ঃ

| সাল | জেলার নাম | আন্ত্রিক | ম্যালেরিয়া নিশ্চিন্ত-সন্দেহজনক | | কালাজ্বর | ডেঙ্গু | এনকেফেলাইটিস |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯৯৭ | কুচবিহার | ০৯ | ০৯ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ঐ | জলপাইগুড়ি | ১০ | ০৭ | ০০ | ০০ | ০০ | ০১ |
| ঐ | দার্জিলিং | ১৪ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ঐ | উঃ দিনাজপুর | ০০ | ০০ | ০০ | ০৪ | ০০ | ০০ |
| ঐ | দঃ দিনাজপুর | ৩২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ঐ | মালদা | ০৪ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ঐ | মুর্শিদাবাদ | ১০৮ | ০০ | ০১ | ০০ | ০০ | ০২ |
| ঐ | নদীয়া | ১৫ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ঐ | উঃ ২৪-পরগনা | ০০ | ৩২ | ০০ | ০১ | ০১ | ০১ |
| ঐ | দঃ ২৪-পরগনা | ৪২ | ৩৩ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ঐ | হাওড়া | ৮৭ | ০২ | ০০ | ০১ | ০১ | ০০ |
| ঐ | বীরভূম | ১৮ | ০১ | ০০ | ০০ | ০০ | ২৫ |
| ঐ | বর্ধমান | ১০৯ | ০২ | ০০ | ০০ | ০০ | ৪৬ |
| ঐ | হুগলি | ৫৩ | ০১ | ০১ | ০০ | ০০ | ৩৫ |
| ঐ | মেদিনীপুর | ০৭ | ০৪ | ১৪ | ০০ | ০০ | ৬৯ |
| ঐ | বাঁকুড়া | ০২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০২ |
| ঐ | পুরুলিয়া | ৪৪ | ১১ | ০৬ | ০০ | ০০ | ০০ |
| ঐ | কলকাতা এবং বৃহত্তর কলকাতা | ৫৫৪ | ৩৪ | ১০ | ০৩ | ০৩ | ০৩ |
| ঐ | বিভিন্ন জায়গা হতে কলকাতার হাসপাতালে মৃত্যু | — | — | — | ১৪ | ০০ | ০০ |
| ঐ | জেলার মোট রিপোর্ট | ১০৭৮ | ৭৬ | ৩২ | ০ | ৫ | ১৫৪ |

**(খ) আন্ত্রিকের ক্ষেত্রে ঃ**

আন্ত্রিক রোগী খুঁজে বার করা এবং বাড়িতেই যাহাতে চিকিৎসা আরম্ভ হয় তাহার জন্য বাড়ির লোকেদের ওরাল রিহাইড্রেশন পানীয় তৈরি করা ও পান করার পদ্ধতি শেখানো হয় যাহাতে রোগ বাড়তে না পারে ও রোগী ভাল হয়। খারাপ আন্ত্রিক রোগীর লক্ষণ শেখানো হয় যাহাতে অতি শীঘ্র চিকিৎসার জন্য হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে পারে। হাসপাতালে যথাযথ চিকিৎসা হয়। কোথাও আন্ত্রিকের প্রাদুর্ভাব হইলে স্বাস্থ্যকর্মীরা ও ডাক্তারবাবু সেখানে যান এবং পানীয় জল ও পুকুর ইত্যাদি ব্যবহারযোগ্য

জল ব্লিচিং পাউডার দিয়ে বিশোধন করা হয়। ও. আর. এস. প্যাকেট, হ্যালোজেন ট্যাবলেট এবং প্রয়োজনে নির্দিষ্ট ঔষধে চিকিৎসা দেওয়া হয়, পচা, বাসি, আঢাকা খাবার খেতে বারণ করা হয়। খারাপ রোগীকে হাসপাতালে পঞ্চায়েত, পি. এইচ. ই. ও স্বাস্থ্যকর্মীরা আলোচনা করে বর্ষার প্রারম্ভে গ্রীষ্মকালে ও বর্ষার সময় ও পরে ব্লিচিং পাউডার দিয়ে পানীয় জল বিশোধন করার ব্যবস্থা আছে। সাবসেন্টার ভিত্তিক এই সব কাজ হয়। প্রাদুর্ভাবকালে জল ফুটিয়ে এবং ছেঁকে বিশোধিত করে পান করতে বলা হয়।

স্পেশ্যালিস্ট মেডিক্যাল টিম দিয়ে সময় সময় প্রাদুর্ভাবের কারণ বোঝার ব্যবস্থা করা হয়।

ডাক্তার, স্বাস্থ্যকর্মী, সেবিকা ইত্যাদি সকলের জন্য ট্রেনিং দেওয়া হয়। প্রয়োজনে জেলা, মহকুমা, রাজ্য সদর দপ্তর ও মেডিক্যাল কলেজগুলি হতে অতিরিক্ত ডাক্তার, স্বাস্থ্যকর্মী ও প্রয়োজনীয় ঔষধ ইত্যাদি পাঠানো হয়।

বিভিন্ন প্রচার মাধ্যমের মধ্য দিয়ে জনসাধারণকে আন্ত্রিক প্রতিরোধের ব্যবস্থা জানানো হয়ে থাকে। কোথাও আন্ত্রিক হইলে বা প্রাদুর্ভাব ঘটিলে সবসময়ই স্বাস্থ্যকর্মীর সহিত যোগাযোগ করতে বলা হয়।

**ম্যালেরিয়া, কালাজ্বর, ডেঙ্গু ও এনকেফালাইটিস এর ক্ষেত্রে ঃ**

গোটা বছর ধরেই স্বাস্থ্যকর্মীরা ঘরে ঘরে ঘুরে রোগীর খোঁজ করা, পরীক্ষার জন্য রক্ত নেওয়া ও প্রাথমিক চিকিৎসা করে। রক্ত পরীক্ষায় ম্যালেরিয়া ধরা পড়িলে মেডিক্যাল চিকিৎসা দেওয়া হয়। হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্রে ও ডিসপেন্সারিতেও জ্বর ও রক্ত পরীক্ষা করা হয় এবং ঔষধ দেওয়া হয়। এন. এম. ই. পি. নির্দেশিত ঔষধ মাত্রা বেশি ম্যালেরিয়া প্রবল এলাকাগুলিতে দেওয়া হয়। কঠিন ও জটিল ম্যালেরিয়া রোগীকে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা করা হয়।

গত বছর জুন মাস ব্যাপী ম্যালেরিয়া মাসে এন. এম. ই. পি. অনুযায়ী ম্যালেরিয়া কি, কেন হয়, নিজ ও সমাজের জন্য প্রতিরোধ ব্যবস্থা কি নিতে হবে তাহা জনসাধারণকে বিভিন্ন প্রচার মাধ্যম ও জেলার কাজের মাধ্যমে জানানো হয়।

মশার জন্মানো ও বংশ বৃদ্ধি করার জন্য শহর এলাকায় কর্পোরেশন ও

মিউনিসিপ্যালিটিগুলি শূককীট নিধন করার জন্য ঔষধ স্প্রে করা হয়।

ম্যালেরিয়া নির্দিষ্ট মাত্রার বেশি হইলে এন. এম. ই. পি. নির্দেশিত ডি. ডি. টি. স্প্রে ঐ সব জায়গায় করা হয়।

কলকাতায় ১০টি হাসপাতালে দিবারাত্রি ম্যালেরিয়া ঔষধ দেবার ব্যবস্থা আছে। কলকাতায় ও গ্রামে প্রত্যন্ত অঞ্চলে বা ম্যালেরিয়া প্রবণ এলাকাতে ঔষধ বিতরন কেন্দ্র, জ্বর নিরূপণ কেন্দ্র আছে। নার্সিংহোম, প্যাথলজি ক্লিনিকগুলিকে এলার্ট করে দেওয়া হয়েছে।

স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকেও কাজে নামার আহ্বান জানানো হচ্ছে।

সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে ম্যালেরিয়া মোকাবিলার আলোচনার জন্য একটি উচ্চ শক্তিসম্পন্ন বোর্ড গঠন করা হয়েছে।

জেলাগুলিতে ও মহকুমা অফিসে তড়িৎ ব্যবস্থার জন্য মহামারি প্রতিরোধ বাহিনী আছে।

জেলা ও শহরে সমস্ত জায়গায় ম্যালেরিয়া অফিস হইতে ঔষধ সাপ্লাই হয় এবং আছে।

কলকাতায় ওয়ার্ড ভিত্তিক কাজ করার ব্যবস্থা হচ্ছে।

প্রচার মাধ্যমের সাহায্যে ম্যালেরিয়া প্রতিরোধ ও অন্য মশাবাহিত রোগ যেমন—ড্রেঙ্গু, এনকেফেলাইটিস ইত্যাদি সম্পর্কে প্রচার করা হয়।

বর্ধমানে জাপানিজ এনকেফালাইটি স্টাডি সেন্টার আছে এবং উহারা প্রোজেক্ট ভিত্তিক এনকেফালাইটিস ভ্যাকসিন দেয়।

কেন্দ্রীয় সরকার বি. এইচ. সি. পাউডার বন্ধ করে দেওয়ার জন্য ইহা আর এখন জাপানিজ এনকেফালাইটিস প্রবণ এলাকায় স্প্রে করা হয় না।

ড্রেঙ্গু সম্বন্ধে এইবার আমরা সার্ভে করিব। তাছাড়া হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা আছে।

কালাজ্বরের সার্ভেও করা হয়—এবং চিকিৎসার ব্যবস্থা আছে।

জোরালো প্রচার মাধ্যমের মধ্য দিয়ে এই রোগগুলির সম্বন্ধে মানুষের কি করণীয় তাহার ব্যবস্থার চেষ্টা চলছে।

এই সব রোগ হইলেই নিকটবর্তী স্বাস্থ্যকর্মী ও স্বাস্থ্যকেন্দ্রে বা স্বাস্থ্য অফিসে যোগাযোগ করিলে যথাযথ ব্যবস্থা নেওয়ার পদ্ধতি চালু আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে ফিগারটা দিলেন, আমি জেলাওয়ারি চাচ্ছি না, ১৯৯৬ সালের এর করেসপন্ডিং ফিগারের টোটালটা দিতে পারেন কি?

**শ্রী পার্থ দে ঃ** ১৯৯৪ সালের ম্যালেরিয়াতে মৃত্যুটা শুধু আমি এখন বলছি, অন্যগুলোও হয়ত আছে, দেখে বলতে হবে। ম্যালেরিয়াতে ১৯৯৪ সালে পশ্চিমবঙ্গে মোট মৃত্যু হয়েছে— ৫২, ৯৫ সালে ৮৭, ৯৬ সালে ৫৪, ৯৭ সালেরটা তো আমি আগেই বললাম। তারমধ্যে কলকাতায় ছিল—জলপাইগুড়িতে ছিল ১৯৯৪ সালে ৩৪, ১৯৯৭ সালে ১৮, ১৯৯৬ সালে ২৫। কুচবিহারে ছিল ১৯৯৪ সালে ৪, ১৯৯৫ সালে ৬, ১৯৯৬ সালে ৫। পুরুলিয়াতে ছিল ১৯৯৪ সালে ১, ১৯৯৫ সালে ৯, ১৯৯৬ সালে ১।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আন্ত্রিকের ১৯৯৬ সালের করেসপন্ডিং ফিগারটা দিতে পারেন কি?

**শ্রী পার্থ দে ঃ** আন্ত্রিকের এ বছরের ফিগারটা আছে, আগের বছরেরটা নেই চাইলে পরে জানাতে পারি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** অ্যাকচুয়াল যে ফিগারটা এখানে দিলেন তাতে দেখা যাচ্ছে আন্ত্রিক—১০৭৮, তারপর এনকেফেলাইটিস, সেটা মারাত্মক—১৫৪, ম্যালেরিয়া—১০৮, এ ছাড়া অন্যান্যগুলি আছে। আপনি আপনার রিপ্লাই-এ প্রিভেনটিভ এবং কিউরেটিভ মেসার্স হিসাবে যে ব্যবস্থাগুলির কথা বলেছেন তাতে বুঝলাম যে অনেক ব্যবস্থা আছে। আমার বক্তব্য, আপনি যেটা বলছেন যদি সেই রকম প্রিভেনটিভ অ্যাণ্ড কিউরেটিভ মেজার্স সেটা কার্যকর থাকে তাহলে আন্ত্রিকের মতন রোগে বছরে হাজারের মতন লোক মারা যাচ্ছে, ম্যালেরিয়াতে মারা যাচ্ছে—এগুলো তো কালান্তক অসুখ নয়, তাহলে প্রিভেনটিভ এবং কিউরেটিভ মেজার্স অ্যাজ পার ইয়োর স্টেটমেন্ট সেটা সর্বত্র আছে কি? আপনি বলেছেন, ঘরে ঘরে গিয়ে ম্যালেরিয়াতে রক্ত পরীক্ষা করা হচ্ছে এবং ব্যবস্থা নেওয়া হচ্ছে। এরকম ব্যবস্থা হলে তো এটা অ্যাকিউট হতে পারে না। আমাদের বাস্তব অভিজ্ঞতা যা তাতে দেখতে পাচ্ছি—কোথাও কোথাও থাকতে পারে কিছু কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই এগুলি হয়না। এখানে গ্যাপ থেকে যাচ্ছে। এই মেজার্সগুলি যাতে রাজ্যের সর্বত্র নেওয়া হয় তারজন্য সরকার ব্যবস্থা নিচ্ছেন কি? দ্বিতীয়ত, আপনি যেটা বলেছেন যে পশ্চিমবঙ্গের ঘরে ঘরে গিয়ে রক্ত পরীক্ষা হয়, অন্যান্য পরীক্ষা হয়, আপনার যে ইনফ্রাস্ট্রাকচার আছে তারা কি সেটা করতে পারছে?

এবং তাদের চিকিৎসা ব্যবস্থা একেবারে গ্রামীণ হাসপাতালে, স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আছে এবং তারা রেগুলার ওষুধ পাবেন—এটা কি আছে?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী পার্থ দে** : আমি একটা তথ্য দেব, যদিও সেটা একমাত্র নয়। ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গে আন্ত্রিক বা এই ধরনের পেটের অসুখে মোট আক্রান্ত হয়েছিল ২ লক্ষ ৮১ হাজার, সেটা বেড়ে ১৯৯৭ সালে হয়ে গেল ১৯ লক্ষ। কিন্তু ১৯৯৬ সালে মৃত্যু হয়েছিল ১,২৬৬ জনের, এবারে ১,০৭০ জনের মৃত্যু হয়েছে। অর্থাৎ এবারে মৃত্যুর সংখ্যাটা কম। আন্ত্রিক সম্বন্ধে আপনার উদ্বেগের মধ্যে সত্যিকারের পয়েন্ট আছে, সেটা অস্বীকার করছি না। কিন্তু আন্ত্রিকের ব্যাপারে আমাদের অসুবিধাটা হচ্ছে, এটা যখন আরম্ভ হয় তখন খুব তাড়াতাড়ি ছড়িয়ে পড়ে। আক্রান্তের ক্ষেত্রে ওষুধ যা পড়ছে সেটা পড়ছে, কিন্তু প্রথম কাজটা হচ্ছে শরীরের মধ্যে যেটা বলে বডি ফ্লুইড ব্যালান্স সেটা রাখতে হবে। তারজন্য তাকে কিছু খাদ্য দিতে হবে। কিছু না পেলে ওয়ারেস দিতে হবে। এই কাজটা অনেক সময় করা হয় না, দেরি হয়ে যায়, খানিকটা অবহেলা করা হয়। তার ফলে রোগির দেহে জল শূন্যের মাত্রাটা বেড়ে যায়। তখন অনেক চিকিৎসা করলেও কিছু হয় না। প্রথম অবস্থায় বাড়ির লোক, অভিভাবক বা অল্প বয়সি মা-বাবারা ছাড়া কেউ থাকেন না। কারণ স্বাস্থ্যকর্মী আসতে সময় লাগবেই, চিকিৎসক আসতেও সময় লাগবে। কিন্তু আন্ত্রিকের এই সময়টাই গুরুত্বপূর্ণ। এই সময়টা সম্পর্কে মানুষকে যতবেশি সচেতন করতে পারব ততবেশি একে প্রিভেন্ট করতে পারব। এটা এমন অসুখ নয় যে, মৃত্যু হবে ; ঠিক সময়ে কাজটা করা হলে রোগি মারা যাবে না। কিন্তু প্রাথমিক কাজটায় অবহেলা এবং দেরি যাচ্ছে, তারজন্য কিছু করা যাচ্ছে না। আন্ত্রিকের জন্য যা করা দরকার তার ব্যবস্থা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রয়েছে, বড় হসপিটালগুলিতে তো রয়েছেই। এক্ষেত্রে প্রাথমিক কাজটাই হচ্ছে গুরুত্বপূর্ণ। এই অসুখটা কোন কোন বছর নিয়ন্ত্রণের মধ্যে থেকে যাচ্ছে, কোন কোন বছর বেশি হয়ে যাচ্ছে। আর এটা হওয়াটাও বিচিত্র নয়, কারণ যেভাবে মানুষ জন শহর এবং শহরতলি অঞ্চলে বাস করছেন তাতে আক্রান্ত হওয়াটা সহজ ব্যাপার। রোগটা পানীয় জল এবং খাদ্যের সঙ্গে সংক্রমিত হয়ে ছড়িয়ে পড়ে। কাজেই ছড়িয়ে পড়বার আগেই কিছু কাজ আছে যা করতে হবে। কোনও কারণে পেটের অসুখ হলে যাতে শরীরের জলীয় অংশ কমে না যায় সেটা সমস্ত পরিবারের লোকদের বারেবারে বলে থাকেন আমাদের স্বাস্থ্যকর্মীরা। কিন্তু তাদের অনেক মিশ্রিত এলাকায় কাজ করতে হয়। কাজেই এ কাজ তাদের সঙ্গে সহযোগিতা করা প্রয়োজন। তা না হলে এই রোগ নিয়ন্ত্রণ আমরা করতে পারব না। আর অন্য রোগ, যেমন—ম্যালেরিয়া, এনকেফেলাইটিস, সেটা কিন্তু খুবই চিন্তার ব্যাপার। এখানে ম্যালেরিয়া

সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয়ে গেছে। যেভাবে ম্যালেরিয়া বৃদ্ধি তাতে আগে মশাকে যেভাবে নিয়ন্ত্রণ করা যেত রেকটা কন্ট্রোল মেজার দিয়ে, তার কোনওটাতেই কাজ হচ্ছে না। কিন্তু এক্ষেত্রে মশার বংশ যাতে বৃদ্ধি না হয় সেটা দেখতে হবে। এই রোগে ওষুধ এবং চিকিৎসা সংক্রান্ত কাজ আছে, কিন্তু রোগটা নিয়ন্ত্রণ করতে গেলে এই রোগের জীবাণু বহনকারি মশা নিয়ন্ত্রণ করতে হবে। এই মশা শুধুমাত্র শহরের পরিষ্কার জলেই জন্মায় না, বয়ে যাওয়া রানিং জলেও এদের জন্ম হতে পারে।

সামান্য একটু ভিজে আছে, সামান্য একটু স্নানের ঘরে ফাটল আছে সেখানে সেই ফাটলে সামান্য একটু জল জমে আছে, মনে হবে না যে সেখানে জল আছে সেই জায়গাতে এই সমস্ত মশা বংশবৃদ্ধি করতে পারে। বাড়ির লোকেরা যদি না একটু সচেতন হয়, জল যেখানে জমে আছে সেটা যাতে না জমে সেই ব্যবস্থা করতে পারে তাহলে সংক্রামণ থেকে আমরা বাঁচতে পারি। এবার সংক্রমণ হলে কয়েকটি নিয়মিত পদ্ধতির মধ্যে দিয়ে যেতে হবে। প্রথমে জ্বর হলে সেটা ম্যালেরিয়া কিনা সেটা প্রিজামটিভ ট্রিটমেন্ট করে দেখে নেওয়া। অনেক সময় এটা ধরা পড়ে না, একবার দুবার তিনবার পরীক্ষা করার পর ধরা পড়ে। ধরা পড়লে র‍্যাডিক্যাল ট্রিটমেন্ট যেটা আছে সেটা করা। এই র‍্যাডিক্যাল ট্রিটমেন্ট করলে মশা তার শরীরে কামড়ালে সেই রক্ত থেকে আর অসুখটা ছড়িয়ে পড়বে না। অনেক সময় এই র‍্যাডিক্যাল ট্রিটমেন্ট করে না, জ্বর সেরে গেলে, ব্যাস আর র‍্যাডিক্যাল ট্রিটমেন্ট আর হয় না। যাই হোক এই দুটি কাজ সরকার করছে, হাসপাতাল করছে কিন্তু এই ব্যাপারে জনগণের সহযোগিতা দরকার। জাপানি এনকেফেলাইটিসের ব্যাপারে পণ্ডিতরা বলেছেন, এটা ছোট মশা এবং এটা ধান খেতের মশা। এরা রক্ত খাবার জন্য ঘরে ঢোকে। এরা রক্ত খাওয়ার পর বাইরে চলে যায়। আমাদের যে স্প্রে করার ব্যাপার আছ সেই স্প্রের আওতায় এদের আনা যাচ্ছে না, আবার কিছু কিছু রেজিমেন্ট হয়ে গেছে। এই মশার নাম হচ্ছে কিউলেক্স বিষ্ণু আই। অনেকে বলেছেন এটা প্রিভেন্ট করা যায় কি না। সেই সম্পর্কে অনেকগুলি মত আছে। সেই জন্য পশ্চিমবাংলায় কয়েকটি ব্লকে পরীক্ষা করে দেখা হচ্ছে, একটা বয়সের ছেলে-মেয়েদের ভ্যাকসিন দিয়ে দেখা হচ্ছে সত্য-সত্যই এই অসুখটা হচ্ছে কিনা। তবে এটা দেখতে কয়েক বছর সময় লাগবে। এটার ফল যদি ভাল পাওয়া যায় তাহলে সেইদিকে যাওয়া যেতে পারে। তবে এটা জ্বর হওয়ার সঙ্গে সঙ্গে যেতে হবে। কেননা ডাক্তাররা বলছেন যে জাপানি এনকেফেলাইটিস হলে মৃত্যু হবে। কিন্তু কয়েক বছর পরে আমরা দেখছি ঠিক সময় মতো ধরা পড়লে অনেক রোগিকে সুস্থ করে ফিরিয়ে আনা যায়। সেই কারণে জ্বর হলেই চিকিৎসা করবার পরামর্শ দেওয়া হয়। এইভাবে আমরা অসুখগুলিকে মোকাবিলা করব। তবে এতে রাগারাগির কোনও ব্যাপার নেই, সকলকে এগিয়ে এসে সমস্ত কিছু করতে হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ম্যালেরিয়া এবং ম্যালিগনান্ট ম্যালেরিয়াতে গত বছর শুধু সাধারণ মানুষ নয় দায়িত্বশীল জায়গায় আছেন এইরকম মানুষও শিকার হয়েছেন এবং মারা গিয়েছেন। আমাদের জিজ্ঞাস্য হল এই ম্যালেরিয়া ইর‍্যাডিকেশন স্কিম এবং ম্যালেরিয়া প্রিভেনটিভ মেজারের ক্ষেত্রে স্পেশ্যাল কোনও ডাক্তারদের নিয়ে একটা টিম গড়ে তোলার কথা আপনি ভাবছেন কি না? সামনে আবার বর্ষা আসছে, ইতিমধ্যে সরকারি এবং বেসরকারি ক্লিনিকের বিশিষ্ট ডাক্তাররা আশংকা ব্যক্ত করেছেন যে বর্ষার সময় আবার ম্যালেরিয়ার প্রকোপ দেখা দেবে। গতবারে মশা মারার জন্য মশা নিধন অভিজ্ঞানে কর্পোরেশন এবং হেল্‌থ ডিপার্টমেন্টকে যেভাবে লাগিয়েছিলেন সেটা ঢিলে হয়ে গেছে। আশংকা করা হচ্ছে আগামী বর্ষায় এটা মারাত্মক আকার নেবে। আগামী বর্ষার আগে সরকার একটা স্পেশ্যাল টিম করবেন কিনা যাতে ম্যালেরিয়ার মতো রোগ নিবারণ করা যায়, যাতে ম্যালিগনান্ট ম্যালেরিয়া দূরীকরণের অভিযান চালানো যায়। রক্ত পরীক্ষা তো ঠিকমতো হয় না, যার ফলে অনেক লোক ম্যালিগনান্ট ম্যালেরিয়াতে মারা গিয়েছে। সেই কারণে দ্রুত যাতে রক্ত পরীক্ষা করানো যায় এবং দ্রুত ঔষধ দিতে পারা যায় তার ব্যবস্থা করুন যাতে অন্তত পক্ষে মৃত্যুর হারটা কমানো যায়। সেইদিকে দৃষ্টি রেখে আপনি ম্যালেরিয়া নির্মূল করার জন্য নতুন করে কিছু ভাবছেন কি না? এটা শুধু কলকাতা শহরে নয়, মফঃস্বল এলাকাতেও হচ্ছে, এরজন্য আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছে?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী পার্থ দে ঃ** স্যার, আমি মাননীয় সদস্য'র প্রশ্নের উত্তরে প্রথমে যেটা বলব, ঐগুলো বলছি। ম্যালেরিয়া যে ধরনের অসুখ তা আমি এতক্ষণ ধরে বলার চেষ্টা করেছি, ভবিষ্যতেও বলতে হবে। এটা ঠিক ডাক্তারি সমস্যা নয়। এই সমস্যাটার বিভিন্ন দিক আছে। এটা বড় রকমের একটা সামাজিক সমস্যা। ম্যালেরিয়ার ঔষুধ আছে। ম্যালেরিয়ায় প্লাসমোডিয়াম, ফ্যালাসিফোরাম হোক, এর প্রতিবিধানে ঔষুধ আছে। এখনও পর্যন্ত ঔষুধের ক্ষেত্রে কার্যকর কোনও অসুবিধা নেই। দ্বিতীয়ত, গতবারে মাননীয় সদস্যরা যে প্রশ্ন করেছিলেন, আমি তার উত্তরে কলকাতা শহরে ম্যালেরিয়াতে যাদের মৃত্যু হয়েছিল তাদের নামের একটা তালিকা দিয়েছিলাম। সেখানে আমরা কি দেখেছিলাম, না প্রধানত হাসপাতালে ভর্তি হওয়ার—যতজন ভর্তি হয়েছিল তাদের মধ্যে—কয়েক ঘণ্টার মধ্যে, কারও বা একদিনের মধ্যে মৃত্যু হয়েছিল। এর মানেটা কি? তারা এমন জটিল অবস্থার মধ্যে চলে গিয়েছিল, যখন শারীরিক অনেক বিকৃতি হয়েছিল। অনেক কমপ্লিকেটেড স্টেজে পৌঁছে গিয়েছিল, কোমা পর্যায়ে চলে গিয়েছিল যখন তখন তারা ভর্তি হয়েছিল। তার থেকে ফিরিয়ে আনা কঠিন ব্যাপার, তা যতবড় ডাক্তার বা যতবড়

চিকিৎসা কেন্দ্র হোক না কেন। আমরা এটা নিয়ে তখন তদন্ত করেছিলাম, আমরা জিজ্ঞাসা করেছিলাম যে, আপনারা গিয়েছিলেন কি না? যা জানা গিয়েছিল তাতে দেখা যাচ্ছে, এটা আমাদের কাছে শিক্ষণীয় ব্যাপার, ম্যালেরিয়া হলে প্রথমেই তার চিকিৎসা আরম্ভ করা দরকার। ম্যালেরিয়া পাওয়া গেলে সঙ্গে সঙ্গেই তার র‍্যাপিড চিকিৎসা করা দরকার। সেজন্য এখন সকলেই বলছেন, সঙ্গে সঙ্গে, ফ্রম ডিটেকশন অ্যাণ্ড র‍্যাপিড ট্রিটমেন্ট, খুব তাড়াতাড়ি এটা ম্যালেরিয়া কিনা তা খুঁজে বার করা দরকার। আমাদের কতকগুলি অসুবিধা ছিল, সেগুলো আমরা দূর করবার জন্য, আমাদের যে সমস্ত সংগঠন আছে তাদের মাধ্যমে, বিশেষভাবে কলকাতায় যেহেতু এর প্রাদুর্ভাব বেশি, সেজন্য এর সম্ভাবনা বেশি। কলকাতায় এই মশার জন্ম হওয়ার এবং বৃদ্ধি হওয়ার সম্ভাবনা খুব বেশি। কারণ এখানে বহু ঘরবাড়ি, বহু জল স্ট্যাগন্যান্ট হয়ে থাকে। জলের নানারকম অবস্থা আছে যা থেকে এদের ব্রিডিং হতে পারে। সেজন্য ব্রিডিংটাকে আমাদের যে করেই হোক চেক করতে হবে। প্রত্যেককে মিলিতভাবে, স্বাস্থ্য দপ্তরের কর্মী যাঁরা আছেন এবং কর্পোরেশনের যারা স্বাস্থ্যকর্মী আছেন তারা মিলিতভাবে এটা করতে পারেন। জ্বর হলে ব্লাড স্যাম্পল কালেকশন করে তার টেস্ট করে খুব তাড়াতাড়ি রিপোর্টটা সংগ্রহ করতে হবে। এরজন্য সরকারের লোকজনকে এবং কর্পোরেশনের লোকজনকে মোবিলাইজ করা হচ্ছে। আমরা নানা কারণে, আদালতের নিষেধাজ্ঞার কারণে লোক নিতে পারিনি। ব্লাড সেফটি কাউন্সিল আছে, তাঁরা লোক নিতে পারেন। তাদের মাধ্যমে আমরা লোক নিয়ে, যারা টেকনিশিয়ান হবেন, তাদের নিয়ে আমরা ম্যানিং করবার চেষ্টা করছি। কিন্তু ম্যালেরিয়ার যে ঔষুধ তা সরবরাহ করার ক্ষেত্রে কোনও ঘাটতি নেই, না শহরে, না জেলায়। ম্যালেরিয়া হয়েছে যদি জানা যায়, ঠিক সময়ে তার চিকিৎসা হলে নিরাময় করার অসুবিধা নেই। সেজন্য সরকারি দপ্তর, স্থানীয় প্রসাসন, এখানে পৌরসভা, তারপর গ্রামাঞ্চলে পঞ্চায়েতি ব্যবস্থার প্রতিনিধি সবাইকে তাদের নিজস্ব ভূমিকায় আর একটু এগিয়ে আসতে হবে। তাহলে আমাদের সরকারি ব্যবস্থা যতটুকু আছে তাতে সেটা করা যাবে। বিশেষ প্রকল্প বলতে, আমাদের দেশে এখন ন্যাশনাল ম্যালেরিয়া ইরাডিকেশন প্রোগ্রাম চলছে। তারমধ্যে থেকে আমরা আমাদের রাজ্যে কাজগুলো পরিচালনা করছি এবং বিভিন্ন সময়ে আমাদের কাছে যে সাজেশনগুলো আসছে তা তাদের বলছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে [redacted] অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, এনকেফেলাইটিস আন্ত্রিক এবং ডেঙ্গু এসব রোগের প্রাদুর্ভাব কোথাও কোথাও ভয়াবহ আকার ধারণ করায় অনেক উদ্বেগ এবং আতঙ্কের সৃষ্টি হয়, এই অবস্থা সামাল দেবার জন্য স্বাস্থ্য বিভাগ কোনও র‍্যাপিড অ্যাকশন স্কোয়াড তৈরি করার ব্যবস্থা করেছেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** আমাদের সারা রাজ্যে সব সময় ডিজেসটার ম্যানেজমেন্টের জন্য একটা ব্যবস্থা আছে, তাদেরই একটা অংশ যখন এই ধরনের অসুখের প্রাদুর্ভাব দেখা দেয় তখন আমাদের যে সংস্থা যেমন ট্রপিক্যাল স্কুল অফ মেডিসিন, তাদের এক্সপার্টদের পাঠিয়ে দেওয়া হয়। এছাড়া আরো কতগুলো মেডিকেল কলেজ আছে, সেই মেডিক্যাল কলেজের কতকগুলো স্পেশ্যাল ডিপার্টমেন্ট আছে, সেই ডিপার্টমেন্ট সব সময়ে অ্যালার্ট থাকেন। তারসঙ্গে যুক্ত করে দেওয়া হয় স্থানীয় ব্যবস্থা যেমন ডিস্ট্রিক্ট হসপিট্যাল, সি. এম. ও. এইচদের। তাদের জানানো হয় এবং তারা তাদের পরামর্শ দেন। সারা বছরই কোথাও না কোথাও এই ধরনের অসুখের খবর পাওয়া যায়। তারজন্য সবসময় মেডিক্যাল কলেজ এবং ট্রপিক্যাল স্কুল অফ মেডিসিনের এক্সপার্টরা থাকেন, কোনও কোনও সময়ে বাইরের এক্সপার্টদের পরামর্শ নিতে হয়। এছাড়া আমরা আমাদের স্পেশ্যালিস্টদের পাঠাই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন তা অত্যন্ত হতাশাব্যঞ্জক। তিনি বললেন যে মশা মারা খুবই কষ্টকর এবং এর কোনও প্রতিষেধক ওঠেনি। আপনারা ২১ বছরেও মশা মারতে পারেননি। মশা মারার কোনও ওষুধ তৈরি হয়নি। আমার প্রশ্ন হচ্ছে যে, এই যে একটা সিরিয়াস ব্যাপার এইক্ষেত্রে প্রত্যেক ব্লকে ব্লকে আপনার ম্যালেরিয়া প্রতিষেধকের জন্য একটা ডিপার্টমেন্ট ছিল, তারা ম্যালেরিয়া যাতে না হয় ওষুধপত্র দিতেন, কিন্তু সেটা দেওয়া হচ্ছে না। আপনার কাছে জানতে চাই যে, কোন সাল থেকে এই ব্লকে ব্লকে যে ডিপার্টমেন্ট ছিল ম্যালেরিয়ার প্রতিষেধক দেওয়ার জন্য তুলে দেওয়া হচ্ছে? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে যদি তুলে দেওয়া হয়ে থাকে সেগুলোকে আবার চালু করবেন কিনা। আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে যে, অসুখ হলে আসবে এবং তখন কি করা হবে বললেন কিন্তু যাতে অসুখটা না হয় তারজন্য কি প্রতিষেধক নিয়েছেন? হলে আসবে সে তো আলাদা কথা কিন্তু আমরা তো জানি প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর। সেই কারণে আমার ডেফিনিট প্রশ্ন হচ্ছে যে, ব্লকে ব্লকে এই ম্যালেরিয়া রোগের প্রিভেনশন নেওয়ার জন্য ফের আবার ম্যালেরিয়ার প্রতিষেধক ডিপার্টমেন্ট আগের মতো চালু করবেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় সদস্যকে শুধু জ্ঞাপন করছি যে, যতই ম্যালেরিয়ার প্রতিষেধক দিন না কেন মশা সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়ে যায় না। এই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আমি একটি ছোট্ট রিপোর্ট পড়ে শোনাচ্ছি—Suspectibility status of Anopheles Stephensi Larvae to organophosphofus insecticides in selected areas of Calcutta in 1995. তাদের রিপোর্টে যে অবজারভেশন তাতে তারা বলছেন যে "Therefore, the present study reveals that An. Stephensl in selected endemic areas of Calcutta has developed multiple resistance to insecti-

cides like DDT, Propoxure and Malathion. Indiscrimenant and unscientific use of insecticides by several private pest control organisation and residents of Calcutta are not creating multiple insecticidal resistance of vector of malaria but are also likely agents for environmental pollution which still awaits scientific measurement.'' আমাদের এক সময়ে এই দেশে মশা মরার জন্য কয়েকটা ওষুধ দেওয়া হয়। প্রথমত ডি ডি টি এই ধরনের ভেক্টর করার পরে পরেই ইরাডিকেটড হয়ে গেল। বেশ কিছুদিন মশার উপদ্রব কমল। মশা ওই ওষুধে মারা গেল। কিন্তু তারপর থেকে আর কোন ইনসেকটিফায়েডে আর কাজ হচ্ছে না, তারা রেজিস্ট্যান্ট হয়ে গেছে। রেজিস্টেন্ট হয়ে যাবার পরে অন্যদিকের থেকে ক্ষতিকারক প্রভাব পড়ে। ফলে সারা দেশে কতগুলো ওষুধ ব্যবহার করা বন্ধ হয়ে যায়।

[11-50 — 12-00 noon]

ডি. ডি. টি. এখনও পুরোপুরি বন্ধ হয়নি, কিছুদিনের মধ্যে এটা চলে আসবে ; কারণ এটা মানুষের ক্ষতি করছে, তাই যাতে আর মানুষের ক্ষতি করতে না পারে সেটা আমরা দেখছি। সেইক্ষেত্রে এই কথাটা বলা কি খুব অন্যায় যেখানে মশাটা জন্মাচ্ছে সেটা আমাদের ধারে কাছেই জন্মাচ্ছে। জমা জলে জন্মাচ্ছে, এটা তো ওরা বলে দিয়েছে ; পরিষ্কার জলেতে হয়, রানিং ওয়াটারে হয়, স্প্রিং ওয়াটারে হয়—এই ব্যাপারে আমাদের একটু নজর রাখার দরকার আছে। আমাদের স্বাস্থ্যকর্মীরা তারা যাবেন, কর্পোরেশনের লোকেরাও যাবেন। তারা দেখিয়ে দিচ্ছেন। কলকাতা কর্পোরেশনের লোকেরা দেখিয়ে দেয় লার্ভাটা কোথায় ঘুরে বেড়াচ্ছে। আপনারা সমালোচনা করুন, সরকারের সমালোচনা করুন, ভুলত্রুটি থাকলে নিশ্চয় বলবেন। কিন্তু যেগুলি মানুষকে বলতে হবে, সেইগুলির ক্ষেত্রে যেন কনফিউসান না হয়। আমাদের যে ব্যবস্থা আছে, এটা খালি ব্লকেই নয়, সাবসিডিয়ারি সেন্টারে, উপকেন্দ্রভিত্তিক জনসংযোগও করা হয়। তার সঙ্গে ন্যাশনাল ম্যালেরিয়া ইরাডিকেশন প্রোগ্রামও কাজ করে চলেছে। কোন এলাকার ব্যাপারে সঠিক অভিযোগ থাকলে আপনারা নিশ্চয় করবেন। এই প্রোগ্রামটা ব্লক থেকে নিয়ন্ত্রিত হয়, এটা আছে থাকবে।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, মেদিনীপুর জেলায় ভীষণ ঘূর্ণিঝড়ের ফলে সেখানকার যে পরিবেশ ভীষণভাবে নষ্ট হয়েছে এবং এইরকম যদি কোনও জায়গায় পরিবেশ নষ্ট হয়, স্বাভাবিকভাবে ম্যালেরিয়া, কলেরা রোগ হওয়ার সম্ভাবনা থাকে, সেই সমস্ত জায়গায় এখন পর্যন্ত এই সমস্ত রোগ যাতে না ছড়াতে পারে, সেই ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** এই প্রশ্নটা এখানে আসে না। তবুও আমি গুরুত্বপূর্ণ বিষয় বলে দিচ্ছি। যদিও কালকে আমাদের মন্ত্রিসভার মাননীয় সদস্য বিবৃতি দিয়েছেন। এটা ঠিকই প্রথম যখন ঘটনা ঘটে যায়, তখন আমাদের স্বাস্থ্য দপ্তরের কর্মীরা সেদিনই সন্ধ্যাবেলায় রাত্রিতে সেখানে পৌঁছে যায়। যতজন মানুষ সেখানে আহত হয়েছেন, তাদেরকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে, প্রাথমিক চিকিৎসার পরে অনেককে ছেড়ে দিয়েছেন, বাকিদের প্রাইমারি হেল্‌থ সেন্টারে সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারে, ডিস্ট্রিক্ট হসপিটালে পাঠানো হয়েছে। হাসপাতালের রোগিদের কারুর মৃত্যু হয়নি, একজনের খালি মৃত্যু হয়েছে এগরায় আনার পর। এখনও কয়েকজনের অবস্থা ক্রিটিক্যাল হয়ে আছে। আশা করছি বাকিরা ভাল হয়ে যাবে। সেদিন আমাদের স্বাস্থ্যকর্মিরা প্রত্যেকে রাত্রিবেলায় প্রস্তুত ছিলেন এবং সকাল হতে না হতেই তারা হ্যালোজেন ট্যাবলেট ওয়ারেশ দিতে শুরু করে। সব জায়গায় প্রথম ধাপে ব্লিচিং পাউডার ছড়ানো হয়েছে। তারা সেখানে টেম্পোরারি ক্যাম্প করে আছেন, তারা ৭ দিন থাকবেন, ৩।৪ দিন এর মধ্যে হয়ে গেছে। আজকে স্বাস্থ্য দপ্তর থেকে গুরুত্বপূর্ণ একজন আধিকারিক যাবেন। কালকে আমাদের মুখ্যমন্ত্রীর ঘরে এই ব্যাপারে একটা সভা হয়েছে, সেখানে পানীয় জলের যাতে অসুবিধা না হয় সেটা পি. এইচ. ই. দপ্তর দেখছেন। কতকগুলি জায়গায় টিউবওয়েল নষ্ট হয়ে গেছে, সেইগুলি তারা ঠিক করছেন, কতকগুলি জায়গায় টিউবওয়েলের উপর দিয়ে ঝড়টা চলে গিয়েছে, সেইগুলির ক্ষতি হয়নি। খাবার দেওয়ার ব্যাপারে আমাদের মধ্যে নিয়মিত যোগাযোগ হচ্ছে। মেদিনীপুরে আমাদের জেলার স্টোরে যা কিছু আছে যা লাগবে সেটা তারা নেবে। তবে আমরা বলেছি, আপনাদের যা দরকার সেটা সেন্ট্রাল মেডিক্যাল স্টোর থেকে চেয়ে নেবেন। ওদের ব্লিচিং পাউডারের দরকার আছে, আমরা বলেছি দিয়ে দিন, তার পরেও যা লাগবে সেটা দিয়ে দেব। পানীয় জলের ব্যাপারে ওদের সমস্যা আছে, যত পুকুর আছে সমস্ত পুকুরে আবর্জনা পড়ছে, গাছপালা পড়েছে, নানা জীবজন্তুও পড়ে আছে। অনেক মাছ মারা গিয়েছে, জলটা তাই পরিষ্কার নেই, জলটা এখন পরিষ্কার করার দরকার আছে। সেইজন্য চুণও লাগবে। কালকে চুণ আমরা পাঠিয়েছি, ব্লিচিং পাউডারও লাগবে। অন্যান্য ঔষুধ যা কিছু লাগবে, যতটুকু দরকার, ওরা সঙ্গে সঙ্গে সেই ব্যাপারে ফোন করবে বা ফ্যাক্স করবে, সেটা আমরা পৌঁছে দেব।

তিনটি ব্লকের সঙ্গেই আমাদের যোগাযোগ আছে। হেলথ্ সেন্টার থেকে অনেক গাড়ি সেখানে দেওয়া হছে এবং স্পেশ্যাল টিম তারা সেখানে পৌঁছে গেছে। মেদিনীপুর জেলাটা যারা চেনেন সেই ধরনের মেডিকেল অফিসারদেরই আমরা স্পেশ্যাল টিমে পাঠিয়েছি। তারা যেমন যেমন বলবেন আমরা সেই রকম করব। প্রথম ধাক্কাটা ঠিকভাবে মোকাবিলা করা হয়েছে। পরের দিন সকালের মধ্যে সমস্ত জায়গায় ব্লিচিং দেওয়া হয়েছে। তবে সমস্যাটা শুরু হয়েছে, ওখানে পচন শুরু হয়েছে, নানারকম দুর্গন্ধ হয়েছে তারজন্য

আমরা প্রস্তুতি নিয়েছি। তবে প্রশ্নের মধ্যে এটা ছিল না, আপনার অনুমতি নিয়ে আমি এটা বললাম।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি জানতে চাই, আমার নির্বাচনী কেন্দ্র এলাকায় ম্যালেরিয়া, আন্ত্রিক মাঝেমধ্যে হয়। কিন্তু আমরা দেখলাম আমাদের জেলায় এবারে কালাজ্বর হয়েছে, কিন্তু সে বিষয়ে কোনও তথ্য আপনি দিতে পারলেন না। একটা ব্লকে পঞ্চাশ জন রোগি কালাজ্বরে আক্রান্ত হয়েছে। আদিবাসি গ্রাম এলাকাতেই এটা বেশি হয়েছে এবং দু-তিনজন লোকও মারা গেছে। অথচ জেলার রিপোর্টে তার কোনও তথ্য আমরা দেখলাম না। ওখানকার সি. এম. এস টেলিফোন করে কলকাতা থেকে ওষুধ নিয়ে গেছেন। কালাজ্বরের ঔষুধ যাতে দ্রুত সেখানে পৌঁছায় সেই ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি জানাচ্ছি, আমাদের কাছেও এই ব্যাপারে অভিযোগ এসেছিল এবং তদন্তকারি দল সেখানে পাঠানো হয়েছিল। আমাদের কাছে তারা রিপোর্টও দিয়েছে। সেখানে প্যাথোলজিক্যাল টেস্টে কালাজ্বর পাওয়া যায়নি। কয়েকটি ক্ষেত্রে প্যাথলজিক্যাল পোর্টসমর্টেমও করা হয়েছিল। শুধু সরকারি হাসপাতাল নই, ওখানে অন্য ব্যবস্থাও করা হবে যাতে এই ধরনের জ্বরে কেউ আক্রান্ত না হয়। আরও বিশদভাবে যদি আপনি জানতে চান তাহলে আমার কাছে আসবেন আমি জানিয়ে দেব।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বিস্তারিতভাবে এনকেফালাইটিস, ডেঙ্গু, আন্ত্রিক প্রতিরোধের কথা বলেছেন। কিন্তু একটা সমস্যা হচ্ছে রক্তের অভাবে কলকাতায় এবং মফস্বল অঞ্চলে রক্ত স্টোর না থাকার ফলে খুব মুশকিলে পড়তে হচ্ছে। এই রক্ত সংরক্ষণ করবার জন্য আরও আধুনিক কোনও ব্যবস্থা বা মডার্নাইজ করার কোনও পরিকল্পনা আ'পনার আছে কি এবং রাজ্যে রক্ত সংরক্ষণ করার ব্যাপারটা আরও প্রসারিত করার উদ্যো'। আপনার আছে কি?

**শ্রী পার্থ দে ঃ** গরম কালে প্রত্যেকবারই রক্তের ব্যাপারে একটু অসুবিধা হয়। আর, এই বছরে স্বেচ্ছা রক্তদান শিবির কম হয়েছে। সম্ভবত তার একটা বড় কারণ ঐ-সময়ে অন্তর্বর্তীকালীন লোকসভা নির্বাচন। রক্তদানের ক্ষেত্রে তরুণরাই যেহেতু বেশি এগিয়ে আসেন, তারা হয়ত ঐ সময় ব্যস্ত ছিল এবং সরকারি দপ্তরও ব্যস্ত ছিল, সেইজন্য ঠিকমতো ব্যবস্থা নিতে পারেনি। আমরা সমস্ত স্বেচ্ছাসেবী সংগঠন, ক্লাব, প্রভৃতিকে আহ্বান জানিয়েছি নতুন করে আবার শুরু করতে। কিছু দিনের মধ্যেই এটা আবার আরম্ভ হয়ে যাবে বলে আশা করছি।

## Starred Questions
## (to which Written Answers were on the Table)

### Total Number of Registered Unemployed

*49. (Admitted question No. *253) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Employment Exchanges and E.S.I. Department be pleased to state—

(a) the total number of registered unemployed in the State as on 31-12-1997 ;

(b) the placement, if any, during the year under review ; and

(c) the position with regard to (a) and (b) in 1996?

**Minister-in-charge of the Employment Exchanges Department :**

(a) 57,57,026.

(b) 10,971 registrants have been placed in employment through Employment Exchanges during the year 1997.

(c) The total number of registered un-employed was 54,83,288 as on 31-12-96.

The total number of registrants placed in employment in the year 1996 was 10,385.

### বন্ধ-নন-ফর্ম্যাল ইউনিটগুলি চালু করার ব্যবস্থা

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের ২৮ হাজার নন্ ফর্ম্যাল ইউনিটগুলি বন্ধ আছে ; এবং

(খ) সত্যি হলে, বন্ধ ইউনিটগুলির চালু করার বিষয়ে সরকার কি পদক্ষেপ নিয়েছেন?

**শিক্ষা (জনশিক্ষা সম্প্রসারণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

১৯৯০ সাল থেকে বিনা পারিশ্রমিকে স্বেচ্ছাসেবকদের দিয়ে ৯ থেকে ৫০ বৎসর বয়স্ক সব নিরক্ষরদের সার্বিক সাক্ষরতা প্রকল্পের মাধ্যমে সাক্ষর করার কর্মসূচি গ্রহণ করা হয়। রাজ্যের সমস্ত জেলাতেই এ কর্মসূচি ব্যাপ্ত হয়েছে। তাই শিক্ষকদের পারিশ্রমিক দিয়ে প্রথা বহির্ভূত শিক্ষা কেন্দ্রগুলি রাজ্য সরকারের নিজস্ব উদ্যোগে চালু করার ব্যাপারে নীতিগতভাবে অসুবিধা দেখা দেয়।

(খ) তাই রাজ্য সরকারের নিজস্ব উদ্যোগে প্রথা বহির্ভূত কেন্দ্রগুলি পুনরায় চালু করা সম্ভব হয়নি। এর পরিপূরক হিসেবে কেন্দ্রীয় সরকারের ১৯৮৮ সালের প্রকল্প অনুযায়ী স্বেচ্ছাসেবী সংগঠনগুলির মাধ্যমে প্রথা বহির্ভূত শিক্ষা কর্মসূচি চালু রাখার ব্যবস্থা করা হয়।

*Question No.—52 Held over.

## রাজ্যে বিড়ি শ্রমিকের সংখ্যা

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৭) **শ্রী ইউনুস সরকার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিড়ি শ্রমিকদের আনুমানিক সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, এ-পর্যন্ত কত জনকে পরিচিতিপত্র প্রদান করা হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আনুমানিক ৪,৮৭,০০০।

(খ) ৩০শে নভেম্বর ১৯৯৭ পর্যন্ত ৪,১৩,৮২২ জনকে।

## রেশনের মাধ্যমে খাদ্যবস্তু সরবরাহে ভর্তুকির পরিমাণ

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০২) **শ্রী সুকুমার দাশ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে রেশনের মাধ্যমে কত জন লোককে কি পরিমাণ খাদ্যবস্তু ও অন্যান্য

সামগ্রী দেওয়া হয় ; এবং

(খ) এর ফলে, কি পরিমাণ ভরতুকি সরকারকে দিতে হয়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আংশিক রেশনিং অঞ্চল ও বিধিবদ্ধ রেশন অঞ্চল মিলিয়ে মোট ৭,৫১,৭৯,৬৭৩ জন ব্যক্তিকে চাল, গম, চিনি, কেরোসিন ছাড়াও ভোজ্য তেল, মশলা, দিয়াশলাই, কাপড়কাচা ও গায়েমাখার সাবান, লবণ, বিস্কুট দ্রব্য বিতরণ করা হয়।

| বস্তু | পরিমাণ | | | |
|---|---|---|---|---|
| | আংশিক রেশনিং অঞ্চল | | বিধিবদ্ধ রেশনিং অঞ্চল | |
| | দারিদ্রসীমার নীচে | দারিদ্রসীমার উর্ধ্বে | দারিদ্রসীমার উর্ধ্বে | দারিদ্রসীমার উর্ধ্বে |
| চাল | ২,২৭,৯৮,০১৬ জন | ৪,০৫,২৩,৭২৭ জন | ১২ লক্ষ জন | ১,০৬,৫৭,৯৩০ জন |
| | ১.৫০ কেজি প্রতি জন প্রতি | ১ কেজি সপ্তাহ প্রতি জন প্রতি সরবরাহের ওপর নির্ভর করে | ১.৫০০ কেজি জন প্রতি মাস প্রতি | ১.৭৫০ কেজি সপ্তাহ প্রতি জন প্রতি |
| গম | ০.৫ কেজি মাস প্রতি জন প্রতি | ১ কেজি সপ্তাহ প্রতি জন প্রতি সরবরাহের ওপর নির্ভর করে | ০.৫ কেজি জন প্রতি মাস প্রতি | ১.৭৫০ কেজি সপ্তাহ প্রতি জন প্রতি |

চিনি ১০০ গ্রাম সপ্তাহ প্রতি জন প্রতি এবং উৎসব থাকলে উক্ত সপ্তাহে ২০০ গ্রাম জন প্রতি

ভোজ্য তেল ৫০০ গ্রাম সপ্তাহ প্রতি জন প্রতি

ঘি ৪০০ গ্রাম সপ্তাহ প্রতি জন প্রতি

নুন ২ কেজি সপ্তাহ প্রতি জন প্রতি

| | |
|---|---|
| দিয়াশলাই | ৪ কেজি সপ্তাহ প্রতি জন প্রতি |
| কাপড়কাচার সাবান | ৪০০ গ্রাম সপ্তাহ প্রতি জন প্রতি |
| গায়েমাখার সাবান | ৭৫ গ্রাম সপ্তাহ প্রতি জন প্রতি |

| | দারিদ্রসীমার নীচে ব্যক্তিদের জন্য | দারিদ্রসীমার উর্ধ্বে ব্যক্তিদের জন্য |
|---|---|---|
| চাল | ৫২৪.০০ টাকা। কুইন্টাল | ১৭৪.৬০ টাকা। কুইন্টাল |
| গম | ৩০০.০০ টাকা। কুইন্টাল | ১৫০.০০ টাকা। কুইন্টাল |
| | ভরতুকি কেন্দ্রীয় সরকারের দেয়। | ভরতুকি কেন্দ্রীয় সরকারের দেয়। |

### হাসপাতালে সরবরাহকৃত ঔষধের গুণগত মান পরীক্ষা

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৮) **শ্রী শ্যামাপ্রসাদ পাল** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারি হাসপাতালে সরবরাহ করা ঔষধের গুণগত মান নিয়মিত পরীক্ষা করা হয় কি না ; এবং

(খ) হলে, কারা উক্ত পরীক্ষা করে থাকেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সাধারণত এই সব ঔষধের গুণগত মান পরীক্ষা করে রাজ্য সরকার পরিচালিত ২নং কনভেন্ট লেনে অবস্থিত ঔষধ পরীক্ষাগার (State Drugs Control & Reserch Laboratory) অবশ্য প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ পরীক্ষাগার (Central Drugs Laboratory) এবং ক্ষেত্র বিশেষে সরকারি অনুমোদিত লাইসেন্স ল্যাবরেটরি থেকেও এই ধরনের পরীক্ষা করানো হয়।

### হাসপাতালে রোগীদের পথ্য সরবরাহ বন্ধের কারণ

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫১) **শ্রী জটু লাহিড়ি** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের হাসপাতালগুলিতে রোগীদের আহার সরবরাহ বন্ধ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**লেকগার্ডেন্স ও বন্ডেলগেট উড়ালপুলের কাজ**

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৭) **শ্রী রবীন দেব ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লেকগার্ডেন্স ও বন্ডেলগেট উড়ালপুলের কাজ এ পর্যন্ত কতদূর এগিয়েছে ;

(খ) উক্ত ২টি পুলের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) লেক গার্ডেন্স উড়াল পুলের উত্তর দিকে কাজ (রেলওয়ের কমনপিয়ার বাদে) প্রায় ৪৫ শতাংশ শেষ হয়েছে। বাকি কাজের প্রস্তুতি চলছে। দক্ষিণ দিকের জমি অধিগ্রহণের জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে।

বন্ডেল গেট, উড়ালপুলের পিকনিক গার্ডেন দিকের কাজ প্রায় ৩৫ শতাংশ শেষ হয়েছে। বাকি জমি দেখা চলছে। বালিগঞ্জ দিকের জমি অধিগ্রহণের সব প্রস্তুতি শেষ হয়েছে। খুব শীঘ্রই জমি অধিগৃহীত হবে বলে আশা করা যায়।

(খ) লেক গার্ডেন্স এবং বন্ডেল গেট উড়াল পুলের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ যথাক্রমে ২,০৮২ লক্ষ টাকা এবং ১,০৬৫ লক্ষ টাকা।

(গ) উক্ত দুটি উড়াল পুলের কাজ ২০০১ সালে শেষ হবে বলে আশা করা যায়।

**হাসপাতালে রোগীদের পথ্যবাবদ বরাদ্দ অর্থ**

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭২) **শ্রী দেবব্রত ব্যানার্জী ও শ্রী শ্যামাপ্রসাদ বোস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারি হাসপাতালে রোগীদের পথ্যবাবদ দৈনিক মাথাপিছু অর্থ বরাদ্দের পরিমাণ কত ; এবং

(খ) চিকিৎসকের নির্দেশে বিশেষ পথ্যের জন্য অর্থ বরাদ্দ কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাধারণ রোগীদের জন্য মাথাপিছু ৯ টাকা (নয় টাকা) টি. বি. রোগী, মানসিক রোগী ও কুষ্ঠ রোগীদের জন্য মাথাপিছু ১০ (দশ) টাকা।

(খ) আলাদা করে কিছু নেই।

**জাতীয় সড়ক নির্মাণের পরিকল্পনা**

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৮) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নতুন জাতীয় সড়ক নির্মাণের কোনও প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে উক্ত সড়কটি কবে নাগাদ এবং কোথায় নির্মিত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পাঠানো হয়েছে।

(খ) উড়িষ্যা বালেশ্বর থেকে পশ্চিমবঙ্গের খড়গপুর পর্যন্ত রাজ্য সড়কটিকে সম্প্রতি ৬০ নং জাতীয় সড়ক হিসাবে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন। এখন কেন্দ্রীয় সরকারের আর্থিক বরাদ্দের উপর রাস্তাটির নির্মাণ। উন্নয়ন নির্ভর করছে।

**দ্বিতীয় বিবেকানন্দ সেতু তৈরির পরিকল্পনা**

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৭২১) **শ্রী অমর চৌধুরি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্বিতীয় বিবেকানন্দ সেতু তৈরির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি কোন স্তরে আছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) প্রস্তাবিত দ্বিতীয় বিবেকানন্দ সেতুর প্রাথমিক কাজ অর্থাৎ জমি অধিগ্রহণ ও জল, বিদ্যুৎ পয়ঃপ্রণালী, টেলিফোন, গ্যাস পরিষেবা পরিকাঠামোগুলি স্থানান্তর করণের কাজ আগামী এপ্রিল '৯৮ থেকে শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

[12-00 — 12-10 p.m.]

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of adjournment motion. The first one is from Shri Deba Prasad Sarkar on the subject of government circular regarding creation of new class units in the schools and the second one is from Shri Pankaj Banerjee on the subject of alleged indefinite hunger strike by the students of the Kalyani Agricultural University in connection with students' union election.

The members will get ample opportunity to raise the matters during general discussion on budget which is now going on. The members may call attention of the Ministers concerned through calling attention, mention etc.

I, therefore, withhold my consent to the motion.

The member may, however, read the text of the motion, as amended.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্যের বিদ্যালয়গুলিতে অতিরিক্ত ক্লাস ইউনিট এবং অতিরিক্ত শিক্ষক অনুমোদনের ক্ষেত্রে গত ৫. ৩. ৯৮ রাজ্য সরকারের স্কুল শিক্ষা দপ্তর এক সরকারি আদেশনামা দিয়ে জানিয়েছে যে অতঃপর বাড়তি ৮০ (আশি) জন ছাত্র না হলে বিদ্যালয়গুলিকে অতিরিক্ত কোনও ক্লাস ইউনিট করার অনুমোদন দেওয়া হবে না। এই আদেশনামা অনুযায়ী এখন থেকে অতিরিক্ত শিক্ষক পদের জন্য অনুমোদন পেতে হলে শিক্ষক ও ছাত্রের অনুপাত হবে ১ (এক) : ৮০ (আশি) যা এতদিন পর্যন্ত ছিল ১ (এক) : ৪০ (চল্লিশ)। আর্থিক সংকটের কারণে শিক্ষা দপ্তর এই সিদ্ধান্ত নিয়েছে বলে এই সরকারি আদেশে উল্লেখ করা হয়েছে। শিক্ষা দপ্তরের এই নতুন সরকারি আদেশে বিদ্যালয়গুলিকে ছাত্র সংখ্যার অনুপাতে শিক্ষকের সংখ্যা পূর্বের তুলনায় অর্ধেক। ছাত্র-ছাত্রীদের স্বার্থ এবং শিক্ষার উপযুক্ত মান অব্যাহত রাখতে সরকারি এই আদেশনামা প্রত্যাহার করে নেওয়ার দাবি জানাচ্ছি।

**Shri Pankaj Banerjee :** Sir, the elected students' union of Kalyani Agricultural University is not being allowed to function. In the ensuing students' union election the nomination papers of the union members are cancelled by authority illegally. Students are on indefinite hunger strike. Two of the protesting students had to be admitted to the hospital as their condition is serious.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received two notices of Calling Attention on the following subjects, namely :

i) Non-sanctioning of financial aid the New Central Jute Mill at Budge Budge : Shri Ashok Kumar Deb

ii) Non-progress of repairing work of the damages caused by sea high tide at Digha : Shri Sailaja Kumar Das

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the subject of 'Non-progress of repairing works of the damages caused by sea high tide at Digha.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will be made on the 30th of March '98.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : Now I call upon the Minister-in-Charge of Labour Department to make a statement on the subject of closure of Bauria Cotton Mill in Howrah district and the consequential situation.

(Attention called by Shri Ramjanam Manjhi on the 18th March, 1998.)

**Shri Shanti Ranjan Ghatak** :

Mr. Speaker Sir,

I beg your permission to place before the House the following statements in reply to the calling attention raised by Shri Ramjanam Manjhi, M.L.A.

The management of M/s. Bauria Cotton Mills Co. Ltd., 3A Shakespear Sarani, Calcutta vide their notice dated 17.3.95 declared suspension of work in their mill employing about 3,200 workmen at Bauria, Howrah with effect from 18.3.95 on the alleged ground of low productivity, labour indiscipline and financial problems. The matters of dispute arising out of such suspension of work in the factory were taken up for conciliation by the office of Labour Commissioned with the management as well as the six unions functioning in the factory. Despite several attempts, no settlement could be reached as yet.

Incidentally it may be mentioned that the case of the company was pending before the BIFR since long before the declaration of suspension of work. BIFR sanctioned a revival scheme for the company on 29.12.93 but the scheme remained a non starter due to non com-

pliance of the obligation by promoters (C. S. Jalan Group). The scheme was scheduled to be implemented within 3 months from 29. 12. 93. The matter was thereafter again reviewed by BIFR on 6. 12. 94 and the BIFR directed all concerned to implement the scheme but the scheme could not be implemented due to non co-operation of the employer. Subsequently BIFR arrived at a prima facie conclusion for winding up of the company on 6. 2. 97. The promoter, however, moved the Calcutta High Court on 25. 4. 97 against the BIFR order for liquidation and obtained a stay order restricting BIFR not to take any decision.

Subsequently BIRF in its hearing dated 5. 5. 97 directed one M/s. Essar (I) Ltd., an interested promoter to submit a viable proposal to the operating Agency which is IDBI in this case. The workers' unions were also told to submit a proposal to the Operating Agency. However, M/s. ESSAR (India) Ltd. by letter dated 24. 9. 97 regretted their inability to take over M/s. Bauria Cotton Mills Ltd.

The State Govt. in the Industrial Reconstruction Department has taken initiative in the matter and advised the workers' unions to move to the High Court seeking suitable directive to the company for submission of alternative revival plan before the Hon'ble High Court within 2 to 3 months. In that case, State Govt. would be an added party to it and would support the prayer of the unions before the court. The matter is still being persued by the State Govt.

[12-10 — 12-20 p.m.]

**শ্রী রামজনম মাঝি ঃ** আদরনীয় স্পিকার স্যার, আমি মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, আজকে বাউরিয়া কটন মিল চার বছর ধরে বন্ধ রয়েছে। এই মিলের শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছে। অনেক লোক মারা গেছে। অনেক লোক অন্য স্টেটে চলে গেছে। তাই আমি আপনার কাছে জানতে চাছি যে বি. আই. এফ. আরে যে স্কীমের কথা আপনি বলছেন, পশ্চিমবঙ্গে তার কোনও উদ্যোগ বি. আই. এফ. আর নিচ্ছে কি না? আলোচনা করে মিল চালু করার কোনও উদ্যোগ বি. আই. এফ. আর নিচ্ছে কি না? আমি আপনার কাছে জানতে চাইছি।

**শ্রী শান্তি ঘটক ঃ** আমি বলেছি যে বি. আই. এফ. আরের যে স্কীম আমার ইন্ডাস্ট্রিয়াল রি-কনস্ট্রাকশন ডিপার্টমেন্ট ডিল করেন। সুতরাং আমার কাছে কি কি স্কীম আছে তার কোনও ডিটেলস নেই। কিন্তু ইন্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্ট তারা ইউনিয়নের কাছে জানতে চেয়েছিল যে ওই সম্পর্কে কোনও অল্টারনেটিভ প্রোপোজাল আছে কিনা। সেই প্রোপোজাল পেলে রাজ্য সরকার তারা বলেছেন যে তাদের পক্ষে যদি সম্ভব হয় তারা এই বিষয়ে কো-অপারেট করবেন। আরেকটা ব্যাপার মাননীয় সদস্য জানতে চেয়েছেন যেটা উদ্বেগের ব্যাপার। বাউড়িয়া কটন মিল প্রথমে ছিল বাঙ্গুর গ্রুপের। বাঙ্গুররা প্রথমে এই মিল বন্ধ করল। বন্ধ করে যখন আমার সঙ্গে আলোচনা হচ্ছে তখন বাঙ্গুররা আমাকে কথা দিয়েছিলেন যে মিল তারা বন্ধ করবেন না। কিন্তু ইতিমধ্যে আমি টের পেলাম যে, হেস্টিংস জুট মিলের মতো তারা আরেক ভদ্রলোককে বিক্রি করে দিয়েছেন। সে ভদ্রলোকের নাম যতদূর মনে আছে গোবিন সর্দার। বাউড়িয়া কটন মিলের মেশিন যেহেতু খুব উন্নত। গোবিন সর্দার নিল। নিয়ে সামান্য কিছুদিন চালাবার চেষ্টা করল, ভান করল কিন্তু চালাল না এবং তারপর বাউড়িয়া কটন মিল এনভায়রনমেন্টের পক্ষ থেকে নোটিশ জারি করা হয়েছে যে তোমাদের ওখানে ননসেন্স হচ্ছে, ওয়েস্টেজ হচ্ছে ইত্যাদি। তোমরা এনভায়রনমেন্ট মানছ না। আমরা অনেক চেষ্টা করে একটা টেম্পোরারি ব্যবস্থা করে দিয়েছিলাম যাতে মিলটা চালু থাকে। কর্মচারিরাও সহযোগিতা করছিল। হঠাৎ সে মিল বন্ধ করে চলে গেল। তারপর থেকে সে ভদ্রলোকের সঙ্গে আমার আর সাক্ষাৎ হয়নি। এর পর আমাদের ইন্ডাস্ট্রিয়াল রি-কনস্ট্রাকশন ডিপার্টমেন্ট তাদের কাজ তারা করছিলেন। এই সমস্ত বি. আই. এফ. আর দেখেন, আমরা দেখি না। তা সত্ত্বেও আমি কিছু এমপ্লয়ার জোগাড় করেছিলাম কিন্তু তাদের দাবি হচ্ছে যে তারা যখন থেকে নেবেন তখন থেকে যা কিছু পাওনা হবে সেটাই তারা দেবেন। বাকি বকেয়া, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি কিছুই তারা দেবেন না। কর্মচারিরা নিয়ে এসেছিলেন। এরা খুব ভাল লোক। আমি বললাম ঠিক আছে পরিদর্শন করুন। পরিদর্শন করার পর—আমি তাদের নাম বলব না, আমি তাদের চিনি—তারা দুবার, দুজন আমার কাছে এসেছিলেন। তারপর তারা পিছনে সরে গেলেন। এখন ওরা যদি স্কীম দেন বা ইউনিয়ন কোনও বক্তব্য বলেন, তাহলে আই. আর ডিপার্টমেন্ট দেখবেন। আমরা সমস্ত ট্রেড ইউনিয়নের সঙ্গে ডিপার্টমেন্টের যোগাযোগ রাখার চেষ্টা করছি যাতে কোনও পথ পাওয়া যায় কি না সে ব্যাপারে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, Minister-in-Charge of the Labour Department to make a statement on the subject of closure of Bereja Pump Private.

(Calling attention raised by Shri Ashok Kr. Deb, M.L.A.)

**Shri Shanti Ranjan Ghatak :**

Mr. Speaker Sir,

I beg your permission to place before the House the following statements in reply to the calling attention raised by Shri Ashok Kr. Deb, M.L.A.

M/s. Bereja Pump Pvt. Ltd. by their notice dt. 19. 2. 98 served a notice of intention to close down their Head Office situated at 10/1, Princep St., Calcutta-72 employing about 15 workmen with effect from 23. 3. 98. By a similar notice dt. 19. 2. 98 management also proposed to close down their factory at mahestala, Budge Budge, 24-Parganas (South) employing about 60 workmen with effect from 23. 4. 94 on the ground of alleged financial difficulties, recession in business and labour unrest.

On receipt of such notices of closure, separate and joint conferences were arranged by the Labour Directorate on different dates with the management as well as the unions functioning in the factory and the head office but the management did not turn up in any of the joint conferences. Subsequently management declared lock out in their factory as well as in their head office with effect from 9. 3. 98 on the ground of alleged labour unrest. Ultimately however, the management representatives met the officers of the Labour Dte. on 23. 3. 98 to discuss the issue of reopening of the factory as well as the head office.

The employer in course of separate discussion showed their rigidity in the matter of reopening the head office but however, hinted at reopening of the factory though negotiation on certain terms acceptable to them.

The matter is being pursued and next tripartite conference has

been fixed on 31st March, 1998.

**শ্রী অশোককুমার দেব ঃ** প্রয়োজনীয় নোটিশ না দিয়েই এই কোম্পানি হঠাৎ করে লক আউট ঘোষণা করেছে। শ্রমিকদের স্বার্থে আপনি বিশেষ উদ্যোগ নিয়ে এটাকে খোলার ব্যবস্থা করুন তাহলে ভাল হবে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের ১০/৩ ধারা প্রয়োগ করে যদি খোলা যায় তাহলে আমার মনে হয় ভাল হবে। শ্রমিকরা মাহিনা পাচ্ছে না, তারা না খেতে পেয়ে মরছে। যত তাড়াতাড়ি সম্ভব এটাকে খোলার ব্যবস্থা নিন, এটাকে খোলার ব্যাপারে আপনি উদ্যোগ নিন এবং লেবার কমিশনারও উদ্যোগ নিন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় সদস্যর উদ্বেগ আমি নিজে বোধ করি, আমার পক্ষে চেষ্টা আছে। আমাদের ক্লোজার বন্ধ করার যে আইন তা এখানে খাটে না, এখানে হেড অফিস মিলিয়ে ১০০ জনেরও কম লেবার কাজ করে।

অন্যান্য, আইনগত যে ব্যবস্থাগুলো আছে, ইউনিয়গুলো আসছে, তাদের সঙ্গে কথা বলে দেখা যাক কি হয়। আর, মাননীয় সদস্যকে অনুরোধ করব ভেতরকার ব্যাপারটা আমাকে জানাতে।

[12-20 — 2-00 p.m.] (Including adjournment)

**Mr. Speaker :** Now there is another statement which will be taken after the recess.

Now I call upon Shir Anil Mukherjee to **present the First Report of the Committee of Privileges, 1997-98.**

**Shri Anil Mukherjee :** Sir, I beg to present the First Report of the Committee of Privileges, 1997-98.

## Presentation of the Fourth and the Fifth Reports of the Committee on Public Accounts, 1997-98

**Shri Satya Ranjan Bapuli :** Sir, I beg to present the Fourth Report of the Committee on Public Accounts, 1997-98 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1984-85 (Civil) and 1989-90, No. 3(Civil) relating to the Education Department of the Government of West Bengal.

Sir, I beg to present the Fifth Report of the Committee on Public Accounts, 1997-98 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1990-91 (Civil) No. 3 and 1988-89(Civil) No. 4 relating to the Health and Family Welfare Department of the Government of West Bengal.

(At this Stage the House was adjourned till 2.00 p.m.)

(After recess)

[2-00 — 2-10 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of Land Reforms, Rural Development and Panchayat Departments will make statement on the subject of reported loss of lives and properties by Tornado in Midnapore district on 24/3/98.

(Attention called by Shri Gyan Singh Sohan Pal, Shri Mozammel Haque (Hariharpara) Shri Unus Sarkar, Shri Paresh Nath Das, Shri Abdul Mannan, Shri Shiba Prasad Malick, Shri Rabindra Ghosh, Shri Gurupada Dutta and Shri Tapan Hore on the 25th March, 1998.)

**Shri Surjya Kanta Mishra :**

Mr. Speaker Sir,

I beg your permission to place before the House the following statement in reply to the calling attention raised by Hon'ble Shri Gyan Singh Sohan Pal, M.L.A. & others. A cyclonic storm lashed the district of Midnapore on 24. 3. 98 between 2-2.30 p.m. severely affecting the Danton-I, Egra-I and Mohanpur Blocks in Kharagpur & Contai Subdivisions. In its wake, it has left a trail of devastation in 18 villages in the above mentioned blocks.

The villages affected are :

A. Danton Block I : Bipatna, Chak Ismailpur, Sarta, Pantulia, Garberia, Haripada, Dobadina Sijua.

B. Egra Block I : Kasba, Arua, Dhusarda, Bagmar.

C. Mohanpur Block : Rampura, Rajnagar, Singrui, Nayagram, Baruipara, Poraxia.

2. Death toll till 26. 3. 98 is — 48 persons

3. Persons injured — 1000

About 108 injured persons were admitted in the hospital at Belda, Midnapore Sadar and Calcutta. Following statistics will show the impact of the storm :

| | |
|---|---|
| People affected | : 30,000 numbers |
| Number of damaged houses | : 5623 (approx.) |
| Number of cattle died | : 1583 (approx.) |
| Number of cattle injured & missing | : 1736 (approx.) |
| Estimated loss of properties | : 30.10 crore (approx) [excluding primary school, SEB & Drinking water facilities] |

Rescue operation : Rescue operation was undertaken in full swing with the help of Panchayats, local people, administration, civil defence personnel and voluntary organisations.

The District Magistrate, ADM, CMOH and other concerned officers with 17 Medical teams along 2 dozon (3 battery) torches, 45 small vehicles, 30 trucks, 15 trekkers have been pressed into rescue and relief operation till today. The district authorities rushed relief out of the reserved stock of food and relief materials. Details of relief materials that were immediately despatched and reached affected areas are :

| | |
|---|---|
| Rice | : 175 qtls. |
| Dal | : 55 qtls. |
| Chira | : 80 qtls. |
| Gur | : 17 qtls. |
| Bread | : 11,000 pcs. |
| Tarpaulin | : 3,500 pcs. |
| Dhuti | : 1,200 pcs. |
| Sari | : 1,200 pcs. |
| Lungi | : 1,000 pcs. |
| Blanket | : 1,500 pcs. |
| Children garments | . 900 pcs. |
| Milk powder | : 100 kgs. |

Gruel kitchen have started functioning, providing food to the affected peoples in 18 villages catering to khichuri to indigent and affected people. A team of Ministers and officials visited the spots and supervised relief and rescue operation. In addition to that, 200 volunteers of Civil Defence have also been deployed into service.

Besides the aforesaid relief materials, the following relief materials from the Relief Department have been despatched to the affected areas to combat the situation.

| | |
|---|---|
| Tarpaulin | : 8,000 pcs. |
| Sari | : 5,000 pcs. |
| Dhuti | : 5,000 pcs. |
| Children garments | : 8,000 pcs. |
| Milk powder | : 20 bags. |
| Rice (Spl. G.R.) | : 150 M.T. |
| Contingency | : Rs. 8 lakhs. |

The Government has announced sanction of ex-gratia grant at

the rate of Rs. 20,000/- per death case and also made a provision for further Rs. 3 crore for contingency, food and house building rent etc.

Other measures that have been taken are as follow :—

(i) Camp offices have been set up at 3 sites (in Danton, Egra & Mohanpur) under the charge of a senior officer at each place with RT facilities for co-ordinating relief work.

(ii) To ensure flow of information from the sites to the district office and then to State Hq. three Magistrates are being deputed every day in the morning to collect information and come back to district Hq so that State Govt. can be informed by 4 P.M. This will be in respect of data, which are both static and dynamic.

(iii) Large number of people is visiting the places of disaster thereby creating confusion and chaos. All the 3 sites have now been cordoned off by police to ensure security.

(iv) Adequate lighting arrangements have been made at the sites by installing generators and police have been deployed to ensure safety of property.

(v) Medical teams have been stationed at the sites round the clock to provide medical care.

(vi) 15 Tubewells have been installed to provide drinking water. Bleachng powder is being sprinkled on ponds, water bodies etc. to prevent health hazards.

**Mr. Speaker :** The notice has given by Shri Gyan Singh Sohanpal, Shri Mozammel Haque (Hariharpara), Shri Unus Sarkar, Shri Paresh Nath Das, Shri Abdul Mannan, Shri Shiba Prasad Malik, Shri Rabindra Ghosh, Shri Gurupada Dutta and Shri Tapan Hore. The first signatories are Shri Gyan Singh Sohanpal, Shri Mozammel Haque, Shri Abdul Mannan,

Shri Shiba Prasad Malik and Shri Gurupada Dutta. Out of those signatories three people may ask question. I think, Shri Gyan Singh Sohanpal is not here. Mr. Mannan, you may ask question.

**শ্রী আবদুল মান্নান :** স্যার, আমরা দু' দিন ধরে বলার চেষ্টা করছি, যে ত্রাণ সামগ্রী ওখানে যাচ্ছে তা খুবই কম। হাউসে আমরা কন্ট্রাডিক্টরি স্টেটমেন্ট পাচ্ছি। প্রথম দিন দেবব্রতবাবু এক রকম কথা বললেন, সুশান্তবাবু আর এক রকম কথা বললেন। কালকে বুদ্ধদেববাবু এক রকম বলেছেন, আজ সূর্যকান্ত মিশ্র আর এক রকম কথা বলছেন। সি. পি. এম. দলের পলিটবুরো থেকে কাল এক রকম স্টেটমেন্ট বেরিয়েছে, তা টি. ভি. এবং খবরের কাগজে আমরা দেখেছি। আবার টি. ভি. এবং সংবাদপত্রে অন্য সূত্রের খবর অন্য রকম দেখছি। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি এই যে বিভিন্ন রকম তথ্য আমরা পাচ্ছি তার মধ্যে কোনটা সত্য? আপনি স্পেসিফিক্যালি বলুন, কোনটা সত্য। মাননীয় মন্ত্রী, আপনি বলছেন, 'ডেথ টোল টিল ২৬. ০৩. '৯৮ ইজ ৪৮ পারন্স'। অথচ আপনাদের পলিটবুরো বলছে,—২০০ মতো লোক মারা গেছে। আমাদের দল থেকে একটা প্রতিনিধি দল ওখানে গিয়েছিল, তারা বলেছেন দেড়শো-র ওপরে লোক মারা গিয়েছে। এই তথ্যগুলোর কোনটা সঠিক, সেটা বলুন। কালকে বুদ্ধদেববাবু হাউসে বলেছেন, '৮০০০ ত্রিপল পাঠিয়েছি'। আপনি বলছেন,— ড্যামেজড হাউসেস ৫,৬২৩ অ্যাপ্রক্সিমেটলি। আপনি বলছেন, ত্রিপল দিয়েছি ৩,৫০০। অর্থাৎ মাথা পিছু একটাও হচ্ছে না। কালকে বুদ্ধদেববাবু বলেছেন, ৮,০০০ টারপলিন দেওয়া হয়েছে। কোনটা সত্য? আগে সেটা বলুন, তারপর আমরা আমাদের কথা বলব। এখন এখানে আপনি রিপোর্ট দিচ্ছেন ৩০,০০০ মতো অ্যাফেক্টেড—থার্টি থাউজেন্ড পিপলস আর অ্যাফেক্টেড। তাদের জন্য আপনি রাইস দিয়েছেন ১৭৫ কুইন্টল। আপনি অঙ্ক করে বলুন এক একজন কতটুকু করে পাচ্ছে। ড্রাই ফুড হিসাবে ১১,০০০ পিসেস ব্রেড দিয়েছেন।

[2-10 -- 2-20 p.m.]

৩০ হাজার যেখানে ক্ষতিগ্রস্ত সেখানে আপনারা ড্রাই ফুড দিচ্ছেন মাত্র ১১ হাজার পিস। অর্থাৎ দু জন একটি করে ব্রেড বা রুটিও পাচ্ছে না। বলুন, একটা মানুষের খাদ্যের প্রয়োজন কতটা এবং কতটা দিচ্ছেন? তাহলে কোন লজ্জায় আপনারা দাবি করছেন যে সেখানে ঠিকমতোন ত্রাণ পৌঁছাচ্ছে? আপনি যে তথ্য দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ত্রাণ সামগ্রী খুবই কম এবং সেখানে সংখ্যাতেও আপনারা কারচুপি করছেন, সঠিক সংখ্যা বলতে পারছেন না। একটা কন্ট্রাড্রিক্টরি স্টেটমেন্ট করছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, কোনটা সত্যি—আপনি আজকে যেটা বলছেন ৩।। হাজার

সেটা সত্যি, না, বুদ্ধদেববাবু কালকে যেটা বলেছেন সেটা সত্যি? আপনারা কন্ট্রাডিক্টরি স্টেটমেন্ট দিয়ে হাউসকে মিসলিড করছেন, মিসগাইডেড করছেন। এর কারণ কি? পার হেড কত করে আপনারা রিলিফ দিতে পেরেছেন সেটা জানান। এখনও লোককে ত্রিপল দিতে পারেননি। আপনার স্টেটমেন্টে আপনি নিজেই স্বীকার করেছেন যে তাদের বাড়িঘর পড়ে গিয়েছে, সেই লোকগুলি এখন কোথায় আশ্রয় নিয়ে রয়েছে সেটা দয়া করে বলুন।

**Mr. Speaker :** Before mentioning about his reply Mr. Mannan have you got the printed copy of the statement ? You will find that the statement is made in two parts. In the first page you will find that the number of Tarpaulin despatched is 3,500. In the second page you will find that 8,000 pieces of Tarpaulins were despatched later. So the total number of Tarpaulins sent is 11,500 pcs.

**শ্রী আবদুল মান্নান ঃ** হ্যাঁ, আমি দেখেছি স্যার।

**Mr. Speaker :** The statement which the minister has made is a progressive statement of the relief material released in different stages. You have read only one part of the statement.

**শ্রী আবদুল মান্নান ঃ** এখানে যে ল্যাঙ্গুয়েজটা দেওয়া আছে সেটা দেখুন স্যার। এখানে বলা হচ্ছে হ্যাভ বিন ডেসপ্যাচড। আর একটাতে বলছে রিচড। আমরা রিচডটা বলছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমার প্রথম কথা হচ্ছে এটাই...

(গোলমাল)

একটু ধৈর্য ধরে শুনুন, আমাকে বলতে দিন। আমার প্রথম কথা হচ্ছে, আমি যেটা বলেছি এটাই একমাত্র তথ্য। আমি আবার দৃঢ়তার সঙ্গে বলছি, যা বলেছি আমি ঠিকই বলেছি। আপনি যেটা বলছেন, নাম্বার অব পারসন্স, যেটা ডেথ টোল, সে ক্ষেত্রে এই ৪৮ টাই আমি কনফার্ম করছি।

(গোলমাল)

আমি কলিং অ্যাটেনশনের জবাবের পরিপ্রেক্ষিতে এটা বলেছি।

(গোলমাল)

আমাকে বলতে দিন।

(গোলমাল)

আপনি ভাষাটা একটু পড়বেন। ডিটেলস of relief materials that were despatched and reached the affected areas. প্রথম পেজে যেটা রয়েছে ডিটেলস of relief materials that were despatched and reached the affected areas. সঙ্গে সঙ্গে ওদের স্টকে যা ছিল তার থেকে ওরা যেটা পাঠিয়েছে সেটা প্রথম পেজে দেওয়া আছে। আর আপনি বললেন ১১ হাজার পিস রুটি কি করে ভাগ করে, খাবে যেখানে ৩০ হাজার পপুলেশন? আপনি একটু ভালভাবে পড়লে দেখতে পেতেন এখানে লেখা আছে চিড়া—৮০ কুইন্টাল, গুড় ১৭ কুইন্টাল। ড্রাই ফুড মানে চিড়া, গুড়, রুটি। যে মানুষ যেটা পছন্দ করেন সেইভাবে নিয়েছেন। সবটা মিলিয়েই হচ্ছে ড্রাই ফুড।

(গোলমাল)

অনেক গ্রামের মানুষ চিড়া, গুড়টাই পছন্দ করেন ব্রেডের চেয়ে। আপনি গ্রামের লোক, আপনি জানেন বোধ হয় এটা।

(গোলমাল)

তারপর ত্রিপল। দ্বিতীয় পৃষ্ঠায় যেটা আছে সেটা হচ্ছে ৮ হাজার পিস ত্রিপল পরে পাঠানো হয়েছে। কালকে আরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে, আপনারা জেনে রাখুন, ২০ হাজার ত্রিপল আরও পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। কালকে আমরা আলোচনা করে সিদ্ধান্ত করেছি যে আরও পাঠানো হবে। কাজেই যে ৩০,০০০ মানুষ অ্যাফেক্টেড হয়েছেন সেই ৩০,০০০। আর বাড়িঘর যা ক্ষতিগ্রস্ত হয়েছে সেই বাড়িঘর পিছু একটা কেন, একাধিক ত্রিপল পেয়ে যাবে।

...(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)...

**(এই সময় সমস্ত কংগ্রেস সদস্যগণকে সভাকক্ষ ত্যাগ করে চলে যেতে দেখা যায়)**

**শ্রী মোজ্জাম্মেল হক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী সদস্যরা হৈ-চৈ করলেন। এখানে মাননীয় মন্ত্রী যে বিবৃতি দিলেন ২৬ তারিখ পর্যন্ত ঘটনার, এই প্রসঙ্গে আমার প্রশ্ন, যে ৩০ হাজার মানুষ ঐ ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ২৬ তারিখ পর্যন্ত যে হিসেব দিয়েছেন, কিন্তু যারা মারা গেছেন তাদের পরিবারবর্গ সহ পরবর্তীকালে আরও

যেসব মৃতদেহ উদ্ধার করা গেছে—সমস্ত মিলিয়ে উদ্ধারকার্য সুষ্ঠুভাবে করা দরকার। এখানে যারা হৈ-চৈ করে চলে গেলেন, তার উপর কেন্দ্রীয় সরকার ওখানে রাজনৈতিক ভাঁওতা দেবার চেষ্টা করছেন। কিন্তু আমি বলছি, সেখানে সবাই ঐক্যবদ্ধভাবে তাদের পাশে দাঁড়িয়েছেন। আজকে রাজ্য সরকারের পক্ষ থেকে যে প্রচেষ্টা চলছে সেটা আরও বাড়ানো দরকার যাতে পরবর্তীকালে বলতে না পারেন যে, ঐ সমস্ত মানুষের পাশে থাকবার ব্যাপারে ঘাটতি থেকেছে। এই বিষয়টা গুরুত্বপূর্ণভাবে দেখবার জন্য আমি প্রস্তাব রাখছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্য যে প্রস্তাব রেখেছেন তার সঙ্গে আমি একমত। তবে তার কোনও প্রশ্ন থাকলে উত্তর দিতে পারতাম। তবে আমরা ত্রাণের ব্যাপারে ইতিমধ্যেই ব্যবস্থা নিয়েছি। সেখানে মানুষের যা প্রয়োজন সেই ত্রাণ সামগ্রী অপ্রতুল হবার কথা নয় এবং সুষ্ঠুভাবেই সেসব বন্টনের ব্যবস্থা করা হয়েছে সেখানে। কেন্দ্রীয় সরকার কি করবেন জানি না, কিন্তু আমাদের যে শক্তি আছে তা নিয়ে তাদের পাশে দাঁড়াতে পারব এবং তাদের পুনর্বাসন সম্পূর্ণ করতে পারব।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার বিধায়ক হিসাবে যখন কলিং অ্যাটেনশন নোটিশ দিই তখন আমাদের কাছে সংবাদ ছিল, আমাদের জেলার মন্ত্রী এবং বামফ্রন্ট সরকারের চারজন্য মন্ত্রী ঘটনাস্থল পরিদর্শন করছেন এবং আমাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সর্বশক্তি নিয়ে মানুষের পাশে এগিয়ে গেছেন। আমাদের কাছে আরও সংবাদ—আমাদের পঞ্চায়েতের সমস্ত সদস্য সেখানে ঝাঁপিয়ে পড়েছেন ; প্রশাসনের বি. ডি. ও., এস. ডি ও., পুলিশ প্রশাসনও ঝাঁপিয়ে পড়েছেন। এখানে মন্ত্রী মহাশয়ের স্টেটমেন্টের মাধ্যমে জানতে পারলাম, রাজ্য সরকার এ-পর্যন্ত কি পরিমাণ সামগ্রী সেখানে পৌছে দিয়েছেন। তা সত্ত্বেও কিছু সংবাদপত্রে দেখতে পাচ্ছি—

যে রামকৃষ্ণ মিশন এবং ভারত সেবাশ্রম সংঘ সেখানে রিলিফের কাজ করতে পারছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই কথার সত্যতা আছে কিনা। কেন এই বিভ্রান্তিকর সংবাদ সংবাদপত্রে পরিবেশিত হচ্ছে? কেন্দ্রীয় সরকার অনেক বড় বড় কথা বলছেন, কেন্দ্রীয় সরকারের টিম এখানে ঘুরে গিয়েছেন। তারা নাকি বলেছেন যে রাজ্য সরকার কিছু করেনি। এই ব্যাপারে আমার প্রতিবাদ আছে। মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই কেন্দ্রীয় সরকার এই মর্মান্তিক ঘটনার জন্য এই রাজ্যের জন্য কত টাকা দিয়েছেন এবং অন্যান্য সামগ্রী দিয়েছেন? পত্রিকার মাধ্যমে অনেক বিভ্রান্তিকর সংবাদ প্রচার করা হচ্ছে। আমি ওই জেলার বিধায়ক হিসাবে মেদিনীপুর সদর হাসপাতালে গিয়েছে, সেখানে যে সমস্ত রোগী আছে তাঁদের সঙ্গে আমি কথা

বলেছি। সেখানে যে সমস্ত কাজগুলি হচ্ছে সেইগুলি সিস্টেমেটিক ওয়েতে হচ্ছে ধারাবাহিক ভাবে হচ্ছে। এই ব্যাপার নিয়ে কংগ্রেস এবং বি. জে. পি. রাজনীতি করছে। এই মর্মান্তিক ঘটনায় দলতম নির্বিশেষে ছাপিয়ে পড়া উচিত কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল এই বিষয় নিয়ে দলবাজি করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কত সাহায্য পাঠিয়েছে, সংবাদপত্রগুলি যে বিভ্রান্তিকর সংবাদ পরিবেশন করছে যে ভারত সেবাশ্রম সংঘ এবং রামকৃষ্ণ মিশন এদের রিলিফের কাজ করতে দেওয়া হচ্ছেনা? এটা ঠিক কিনা এবং মৃতের সংখ্যা সম্পর্কে যে বিভ্রান্তিকর প্রচার হচ্ছে সেটা কতটা সত্য। এই গুলি আমি জানতে চাই।

[2-20 — 2-30 p.m.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমার স্টেটমেন্টে বলা আছে যে ত্রাণকার্য চালাবার সময় অন্যান্য সমবায়ের সাথে স্বেচ্ছাসেবী সংস্থার কাছ থেকে সাহায্য চেয়েছি এবং সেখানে স্বেচ্ছাসেবী সংস্থা ত্রাণ বন্টনের ব্যাপারে কাজ করছে। তারা কিভাবে কাজ করবে আজ থেকে নয় অনেক আগে থেকে তার একটা নির্দিষ্ট নিয়ম আছে। কোনও স্বেচ্ছাসেবী সংস্থাকে ত্রাণের কাজ করতে গেলে প্রথমে তাদের জেলাশাসকের সঙ্গে যোগাযোগ করতে হবে এবং তাদের মাধ্যমে ওদের যে রকম ত্রাণ বন্টনের ব্যবস্থা আছে সেই ভাবে তারা করতে পারে। তারা একক ভাবে বা বিচ্ছিন্ন ভাবে এবং সরাসরি গিয়ে এই কাজ করতে পারবে না। আমার কাছে এই রকম কোনও অভিযোগ নেই যে ত্রাণ ব্যবস্থা করতে গিয়ে তারা সেটা করতে পারছে না। আমি এই কথা দায়িত্ব নিয়ে বলতে পারি যে কেউ এগিয়ে আসছে তার সাহায্য সহযোগিতা নেওয়া হচ্ছে না, এটা ঠিক নয়।

(গোলমাল)

(এ ভয়েস ঃ নিয়মটা কি আছে সেটা একটু বলুন।)

অনেক দিন ধরেই এই বিধান আছে, সেটা একটু পড়ে নেবেন। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই পর্যন্ত এক্স-গ্রাসিয়া ছাড়া অর্থাৎ মৃত ব্যক্তিদের পরিবার প্রতি দেয় ৫০,০০০ টাকা ছাড়া এখনও পর্যন্ত কিছু পাওয়া যায়নি। যদিও কেন্দ্রীয় সরকারের কাছে ২৫ তারিখে ১০ কোটি ৬৭ লক্ষ টাকা যে দশম অর্থ কমিশনের সুপারিশ যেটা এপ্রিল মাসে পাওয়ার কথা যে আমাদের ডিমান্ড, যা আমাদের পাওনা, সেই টাকা আমাদের দেবার জন্য চিঠি পাঠিয়েছি। সেই বাবদ এখনও পর্যন্ত কিছু পাইনি। তা ছাড়া আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে এই রকম একটা পরিস্থিতির জন্য ন্যাশনাল রিলিফ ফান্ড থেকে ৩০ কোটি টাকা দেবার জন্য দাবি করেছি। এই পর্যন্ত এই বাবদ কিছু পাইনি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় স্পিকার স্যার, গত কাল লোকসভায় কেন্দ্রের রেল মন্ত্রী অন্তর্বর্তী রেল বাজেট উত্থাপন করেছেন।

(গোলমাল)

**(এ ভয়েস ঃ এটা কি হচ্ছে স্যার, এটা কি রেল বাজেট হচ্ছে?)**

(তুমুল গোলমাল)

কেন্দ্রের রেলমন্ত্রী অন্তর্বর্তীকালীন বাজেট পেশ করেছেন। এখানে তৃণমূল এবং বি.জে.পি. অনেক হৈচৈ করেছিল। তৃণমূলের নেত্রী পশ্চিমবাংলার জন্য অনেক কিছু করবেন বলেছিলেন— কচি ঘাসে তিনটি ফুল, বাংলা বাঁচাবে তৃণমূল। কিন্তু আমরা দেখলাম, রেলমন্ত্রী পশ্চিমবাংলার জন্য কোনও ব্যবস্থা নেননি। রেল প্রকল্পের জন্য কোনও বরাদ্দ করেননি। কলকাতা শহরতলীতে সুবারবান রেলের জন্য কোনও কমিটি করেননি। মুম্বাই শহরে বি. জে. পি. এবং শিবসেনার পরাজয় ঘটেছে। সেই মুম্বাই শহরের জন্য আলাদা কমিটি করেছেন। স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই, এটা তো 'বিসমিল্লাতে গলদ'। শুরুতেই ভেসে গেছে কংগ্রেস, তৃণমূল এবং বি. জে. পি.। এত হৈচৈয়ের পরেও পশ্চিমবাংলার উন্নতির জন্য কোনও কার্যকর ব্যবস্থা নেই। তাই আমরা দেখছি, বামপন্থী এম. পি. বাসুদেব আচারিয়া সহ, গতকাল লোকসভায় সোচ্চার হয়েছেন। বি. জে. পি. তৃণমূল যারা পশ্চিমবাংলাকে বঞ্চনা করছেন, তাদের যে আস্ফালন, তার সঙ্গে বাস্তবের কোনও সম্পর্ক নেই। আমি তাই আপনার মাধ্যমে কেন্দ্রের রেলমন্ত্রী পশ্চিমবাংলার ক্ষেত্রে যে বঞ্চনা করেছেন, তার বিরুদ্ধে সোচ্চার হতে আহ্বান জানাচ্ছি। আমাদের বামপন্থীরা যে দাবি করেছেন, সেই দাবি আন্দোলনে আপনারা সামিল হোন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র যা বলে গেলেন তা সত্য নয়। (গোলমাল) আমরা সেদিন সেখানে গিয়েছিলাম। আমরা গিয়ে দেখে এসেছি যে সেখানে রিলিফ মেটেরিয়ালস পৌঁছুচ্ছে না। সরকারের ত্রাণের কোনও ব্যাপার সেখানে নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেখানে চূড়ান্ত দলবাজি হচ্ছে। (গোলমাল) সেখানে রিলিফ মেটেরিয়ালস পৌঁছে দেওয়া হচ্ছে না। সাধারণ মানুষ যারা চাপা পড়ে মারা গেছেন, তাদের উদ্ধারের কাজ করা হচ্ছে না। আর মন্ত্রী মহাশয় এখানে কতকগুলো অসত্য কথা বলে গেলেন, মিথ্যা কথা বলে গেলেন। স্যার, এতবড় একটা ক্যালামিটি সেখানে ঘটে গেছে, আর মন্ত্রী মহাশয় বললেন ৪৮ জন মারা গেছেন। কোনটা সত্যি তা আমাদের আজকে নিরূপণ করতে হবে। আজকে যেখানে এই রকম বিধ্বংসী কান্ড ঘটে গেছে, সেখানে সরকার তার দায়িত্ব অস্বীকার করতে পারে না। সরকারের রিলিফ মেটেরিয়ালস ক্ষতিগ্রস্ত মানুষরা পাননি। সেখানে মানুষ খোলা আকাশের

নিচে আছে। সেখানে মৃতদেহগুলো পড়ে আছে। মৃতদেহগুলো পর্যন্ত উদ্ধার হয়নি। সেখানে মানুষ খাবার পাচ্ছে না, পানীয় জল পাচ্ছে না। সেখানে পানীয় জল নেই। চিকিৎসার কোনও ব্যবস্থা করা হচ্ছে না। আর মাননীয় মন্ত্রী মহাশয় এখানে মিথ্যা কথা বলে গেলেন। এটা সাধারণ মানুষের উপরে অত্যাচার। আমরা এর বিরুদ্ধে মুখ বন্ধ করে থাকতে পারি না। পশ্চিমবাংলার বঞ্চনা বিধ্বস্ত মানুষ যাদের ঘরবাড়ি ভেঙে গেছে, আত্মীয়স্বজন মারা গেছেন, তাদের সাহায্যের ব্যাপারে আমরা কিছু করতে পারি না? মাননীয় মন্ত্রী মহাশয় অপদার্থতা ঢাকা দেবার চেষ্টা করেছেন। গোটা পশ্চিমবাংলার মানুষ এর বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছে। আমরাও সেই ধিক্কারে সামিল হচ্ছি।

**শ্রী তপন হোড়ঃ** স্যার, এখন পার্লামেন্টে নো-কনফিডেন্স মোশনের উপরে বিতর্ক হচ্ছে। আপনি জানেন, স্যার, এই পার্লামেন্টে দেখেছি যে সাংসদ কেনাবেচা হয়েছে। সাংসদ কেনাবেচা করে আজকে বি. জে. পি. তাদের সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করতে চাইছে।

আপনারা জানেন যে নৈতিকতা সম্পূর্ণ বিসর্জন দিয়ে দুজন অ্যাংলো ইন্ডিয়ানকে মনোনীত করা হয়েছে যাতে তারা নো কনফিডেন্স মোশনে অন্যায়ভাবে জিততে পারে। তারই সঙ্গে সঙ্গে আরও বলছি যে, রেল বাজেট গতদিনে যা প্লেস হয়েছে, সেই বাজেটে আমরা দেখলাম যে বাংলা উপেক্ষিত হল, বঞ্চিত হল। আজকে তাই আমরা দেখতে পাচ্ছি যে, অটলবিহারি বাজপেয়ির নেতৃত্বে বি. জে. পি. দল তাদের অ্যাজেন্ট ও তৃণমূল, যারা এখানে বেঙ্গল প্যাকেজের নাম করে দেখা দিয়েছেন এবং এখানে দাঁড়িয়ে বড় বড় কথা বলেছেন, আজকে তাদের ফানুস ফেটে গেছে। গতকালই তাদের ওই ফানুস ফেটে গেছে। আগামীকাল নো কনফিডেন্সের উপরে ভোট হবে। তারা অন্যায়ভাবে কাজকর্ম দেখিয়ে যাচ্ছেন ভোট পাবার জন্যে। ওরা মুম্বাইয়ের জন্য নতুন প্রোজেক্ট দিয়েছেন কিন্তু মেট্রো রেলের ক্ষেত্রে কোনও প্রোজেক্ট নেই, বালুরঘাট-একলাখি, খান-সাইথিয়া প্রোজেক্টের জন্য পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কোনও বরাদ্দ নেই। ওদেরই নেত্রী এবং সাংসদ মমতা বন্দ্যোপাধ্যায় বেঙ্গল প্যাকেজের নাম করে গোটা বাংলার মানুষকে ভাঁওতা দিয়েছে, ধোঁকা দিয়েছে। এর বিরুদ্ধে সারা পশ্চিমবঙ্গের মানুষ আন্দোলন গড়ে তুলবে। এই আন্দোলনে বি. জে. পি.-র এজেন্ট যে তৃণমূল তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গভীর আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম যে এইরকম ঘটনা ঘটা সত্ত্বেও কেন্দ্রে গতকাল যে রেল বাজেট পেশ হল, তাতে পশ্চিমবঙ্গের কোনও স্থান নেই। সবচেয়ে আশ্চর্য এইজন্য যে যারা বেঙ্গ প্যাকেজের কথা

বিরাট করে ফলাও করে বলে সারা ভারতবর্ষর বুকে লড়াই করেছেন, সেই তৃণমূল কংগ্রেসের নেত্রী আজকে বি. জে. পি.-র এজেন্টে হিসাবে তাদের পদলেহন করছে। যারা এই বেঙ্গল প্যাকেজের কথা বলেন, তারা এই পশ্চিমবঙ্গের জন্য কি দিতে পেরেছেন। আজকে তাদের চুপসে যেতে হয়েছে। তারা আজকে ভারতবর্ষের মানুষের কাছে তথা পশ্চিমবঙ্গের কাছে দমে গেছে। রেল বাজেটে যা করা হয়েছে এর বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে, সংগ্রাম করতে হবে। এরজন্য আমরা সংসদের বাইরে ভেতরে এই লড়াই করব। সেই লড়াইয়ে আপনাদেরও আহ্বান জানাচ্ছি। পশ্চিমবঙ্গকে যারা বিভ্রান্ত করার চেষ্টা করেছে তাদের বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়াতে হবে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি যে এতবড় দুর্যোগ ঘটে গেল, সেখানে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসাবে যিনি এসেছিলেন সেই মমতা বন্দ্যোপাধ্যায়ের বিবৃতি ছাড়া আর কিছুই আমরা পেলাম না। আমাদের মন্ত্রী সেখানে গিয়েছিলেন তিনিও বললেন যে তার বিবৃতি ছাড়া আর কিছুই আমরা পাইনি। এখানে পঙ্কজ ব্যানার্জি, শোভনদেব চট্টোপাধ্যায় তৃণমূল কংগ্রেসের লোকেরা যারা বি. জে. পি.-র লোক, তারা এখানে বেঙ্গল প্যাকেজের কথা বলেন, অথচ যখন কেন্দ্রে রেল বাজেট পেশ হল তখন হাওড়া-আমতা, একলাখি-বালুরঘাট রেল প্রকল্পের ব্যাপারে একটি কথাও বললেন না। আজকে সুবার্বাণ রেলওয়ের কামড়া এবং পেনট্রোগ্রাফির কোনও ব্যবস্থা হচ্ছে না। আজকে ধাপ্পাবাজির লড়াই এরা এখানে করছে এটাই আশ্চর্য লাগছে।

আরও আশ্চর্য দেখছি, কংগ্রেসের লোকজন যারা আছেন, কংগ্রেসের সদস্যরা তারা এই দুইটি তৃণমূলকে সাহায্য করছেন। তারা চাইছেন, তারা তাদেরকে দলের মধ্যে রেখে দিয়েছেন। আমি বুঝতে পারছি না তারা কি চায়, এই দলটার পরিণতি কোথায় গিয়ে দাঁড়াবে। আজকে কংগ্রেস দল—পঙ্কজবাবু যেখানে মূল কংগ্রেসের বিরোধীতা করেছে, এবং উনি হচ্ছেন তৃণমূলের চেয়ারম্যান—পঙ্কজবাবুকে, শোভনদেব চট্টোপাধ্যায়কে, সঞ্জয় বক্সিকে এখনও কংগ্রেসে রেখে দিয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে এটা খুবই আনন্দের বিষয় যে হাউসে যখন রাজ্যের কোনও সমস্যার কথা উঠেছে, তখন আপনি সর্বদলীয় আলোচনা করার সুযোগ করে দিয়েছেন এবং ইতিপূর্বে দাঁতন, এগরা, মোহনপুরে যে ঘূর্ণিঝড় হয়েছে তার উপর আপনি দুই দিন পরপর অলপার্টি ডিসকাশন করতে দিয়েছেন। আমি খুশি হতাম, যদি মাননীয় মন্ত্রী নন্দগোপাল ভট্টাচার্য মহাশয়কে যিনি দাঁতনের প্রতিনিধি, তাদের পার্টির অনেক অভিযোগ আছে, সি. পি. এম.-এর দাদাগিরির বিরুদ্ধে, তাই তাকে বলার যদি সুযোগ দিতেন তাতে গণতান্ত্রিক আবহাওয়া আরও ভাল হত। আপনি এখানে মূলত আলোচনা করতে দিয়েছেন রেল বাজেট নিয়ে, পশ্চিমবাংলায় দীর্ঘদিন ধরে রেলের

ব্যাপারে বাংলা বঞ্চিত হচ্ছে। এই অভিযোগ আছে। বিশেষ করে এ. বি. এ. গণিখান চৌধুরি যখন রেলমন্ত্রী ছিলেন, তখন যে রেল প্রকল্পগুলি শুরু করেছিল, অনেকদিন ধরে সেখানে কংগ্রেস সরকার ছিল, মাঝে বামফ্রন্টের বন্ধু সরকার ছিল, দীঘা তমলুক রেল প্রকল্প, একলাখি রেল প্রকল্প এবং হাসনাবাদ পর্যন্ত রেল এর ডাবল লাইন করা এবং হাওড়া-আমতা ব্রডগেজ বড়গাছিয়া পর্যন্ত চালু করেছিল। তারপর ওরা আর কিছু করতে পারেনি। এরপর কলকাতা মেট্রো রেল টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত সম্প্রসারণ, সার্কুলার রেল এর কাজ সম্পূর্ণ করা এইগুলি দীর্ঘদিন ধরে বাংলার মানুষের দাবি রয়েছে। বছরের পর বছর রেল বাজেট হচ্ছে, বাংলার মানুষ হতাশায় যা দেখছে কলকাতা থেকে রেল দপ্তর হাজিপুরে নিয়ে যাওয়ার চেষ্টা করছে, কলকাতা থেকে দক্ষিণ পূর্ব রেল দপ্তর ভুবনেশ্বরে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। কিন্তু আমরা এখনও পর্যন্ত কিছু করতে পারিনি। কিন্তু যেটা সাম্প্রতিককালে দেখছি, সেটা আরও দুঃখের কারণ, কেউ কিছু করতে না পেরে এখন কে কতটা জনপ্রিয়তা পেতে পারে তার জন্য চেষ্টা করছে। কিছুদিন আগেই একটা বেঙ্গল হয়েছে, সেটা হল ২০ দফা ; অসীমবাবু একটা প্যাকেজ দিয়েছেন সেটা হচ্ছে ২১ দফা দাবি নিয়ে, সবাই প্রতিযোগিতার মধ্যে নেমে পড়েছে। আমার বক্তব্য নিশ্চয় দাবি আমরা করব, পশ্চিমবাংলার জন্য যতবেশি পাওয়া যায় তার জন্য আমরা সবাই দাবি করব। এই নিয়ে কোনও দলবাজি করার সুযোগ আছে বলে মনে হয় না। আমরা হাউস থেকে দাবি করছি, বিভিন্ন রেল প্রকল্পগুলি নিয়ে দাবি করা হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে এবং অলপার্টি ডেলিগেশনও গিয়েছে, কিন্তু এখন দেখছি যা হচ্ছে সবটাই পঞ্চায়েতি নির্বাচনকে সামনে রেখে। এটা যাতে কম্পিটিটিং দাবি না হয়ে যায়, যেটা দাঁতনের রিলিফ নিয়ে দেখছি ঘটছে, একটা রাজনীতির নূতন সুযোগ এসেছে, এতে উন্নয়নও হবে না, রাজনীতিও ভালভাবে হবে না। অসীমবাবুর ২১টির প্যাকেজ সেটাও রাজনীতি, আবার বেঙ্গল প্যাকেজ সেটাও রাজনীতি। কেন্দ্রের যে নূতন সরকার তারাও দেখছি ৫ কোটি টাকা দিয়ে এম. পি. কেনায় ব্যস্ত, তাদের কলকাতার বাজেট করার সময় নেই। কলকাতার জন্য সুর্বাবান রেলওয়ে, টালিগঞ্জ, গড়িয়া সম্প্রসারণ শুধু নয়, মেট্রো রেল শুধু নয়, সার্কুলার রেল এর সম্প্রসারণ করার এই দাবি হাউসের সকল সদস্যর পক্ষ থেকে আমি করছি।

## GENERAL DISCUSSION ON BUDGET

[2-40 — 2-50 p.m.]

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা মার্চ আমাদের রাজ্যের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় ১৯৯৮-৯৯ সালের জন্য যে বাজেট বিবৃতি রেখেছেন সেই বাজেট বিবৃতি সমর্থন করার কোনও জায়গা খুঁজে পেলাম না আমি এবং আমাদের

দলের পক্ষ থেকে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে আমার কিছু সুচিন্তিত বক্তব্য রাখব। অসীমবাবু বহুদিন ধরেই চেষ্টা করছেন ভারতবর্ষের মানুষকে বোঝানোর, যদি তার অল্টারনেটিভ ইকনমিক পলিসি স্টো প্রতিষ্ঠিত হত, তাহলে ভারতবর্ষের মানুষের কাছে আমরা মুখ উঁচু করে দাঁড়াতে পারতাম। সীমার মাঝে অসীম তুমি, অসীম তোমার সুর। সেই বাজেটের সুর বা নির্জাস আপনারা পেয়েছেন বা উপভোগ করেছেন। প্রথমদিকে তিনি বলতে চেয়েছেন তার অল্টারনেটিভ ইকনমিক পলিসির কথা এবং তার ডিমান্ড সেন্টারের কাছে। একটু আগেই অত্যন্ত সঠিকভাবে আমার অগ্রজ অধ্যাপক সৌগত রায় বলেছেন কুড়ি দফার বেঙ্গল প্যাকেজ তাদের ঘুম ভাঙ্গিয়েছে। মাননীয় অর্থমন্ত্রী এবং এই সরকারকে তাদের একুশ দফা প্যাকেজে কথা ভাবতে হচ্ছে, এটা অত্যন্ত ফানি। আপনি এই বাজেটে বলার চেষ্টা করেছেন আপনার অল্টারনেটিভ ইকনমির জন্য পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্যের থেকে ভাল করেছে। তার ফ্যালাসি হচ্ছে তিনি কখনওই সেই রাজ্যগুলোর সঙ্গে তুলনা করে না যারা কৃষি, শিল্প, স্বাস্থ্যে ভাল। ইঙ্গিত বোঝে পন্ডিত, গোত্তায় বোঝে মুর্খ। গত সাধারণ নির্বাচনে গোত্তার ফলে তাকে ডোলের বন্দোবস্ত করতে হচ্ছে, একুশ দফা প্যাকেজ করতে হচ্ছে এবং ভরতুকির কথা ভাবতে হচ্ছে। অ্যাডভান্সড স্টেট যেগুলো আছে তাদের সঙ্গে কখনওই তিনি তুলনা করার কথা ভাবেন না। কৃষিতে তিনি কখনওই পাঞ্জাব বা হরিয়ানার সাথে তুলনা করেন না, ইন্ডাস্ট্রিতে কখনওই মহারাষ্ট্র, গুজরাট বা দক্ষিণের কর্ণাটকের সঙ্গে তুলনা করেন না, শিক্ষা বা স্বাস্থ্য যারা এগিয়ে সেই গোয়া বা কেরালার সঙ্গে তিনি কখনও তুলনা করেন না। তিনি বিহার বা উত্তরপ্রদেশের মতো যারা সব সময় তলার দিকে তাদের সঙ্গে তুলনা করে বোঝাতে চান। প্ল্যানের ব্যাপারে আপনি ৫০ কোটি টাকা ভরতুকি দিয়েছেন। এটা ভাবতে আপনার এত দেরি হল কেন? ১৯৯৮ সালের মার্চ মাসে দাঁড়িয়ে এটা কেন আপনাকে ভাবতে হচ্ছে।

রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন—১০ হাজার গ্রামে বিদ্যুৎ নেই—আপনাদের ২১ বছর হয়ে গেল—তার মধ্যে ৫ হাজার শুধু মেদিনীপুরেই। কোথায় গেলেন ডঃ মিশ্র? সেখানে আপনারা ভাবছেন ১০০ কোটি টাকা রাস্তায়, ১০০ কোটি টাকা ট্রান্সপোর্টে, ২৫ কোটি টাকা রাইস মিল, কোল্ড স্টোরেজে, আর ১০০, ২০০ কোটি টাকা ধার করে ব্যবস্থা করার চেষ্টা করছেন। ২৫ কোটি টাকায় ১৭টি জেলায় কি করবেন—রাইস মিল বা কোল্ড স্টোরেজের ক্ষেত্রে? এর কোনও সুস্পষ্ট বক্তব্য আপনার কাছ থেকে পাইনি। এইগুলো সব নতুন প্ল্যান, ১০ বছর আগেই উচিত ছিল আপনার। এই নিয়ে বোধ হয় ১২টি বাজেট পেশ করলেন, তারপর আপনার এই কথাগুলো মনে পড়ল। আলাদা ভরতুকির বিষয়গুলো খারাপ নয়—১০৪ কোটি টাকা ভরতুকি। হঠাৎ গ্রামের জন্য ভাবনা-চিন্তা, আমার মনে হয় সামনে পঞ্চায়েত নির্বাচনকে দেখেই। তাই এই বাজে

অধ্যাপক সৌগত রায়ের কথায় প্যানিকড স্ট্রাইকেন ভীত-ত্রস্ত-কম্পমান হয়ে পেশ করেছেন। বলা যেতে পারে দিশা হারা রাজ্য সরকারের কান্ডজ্ঞানহীন একটা বাজেট।

(ভয়েস ঃ আপনারাই তো দিশাহারা)।

হ্যাঁ, আমরা দিশাহারা এইজন্য যে, প্রকৃতির তান্ডব, টর্নেডোর দাপট আমরা দেখেছি মেদিনীপুরের দাঁতন, সোনাকোনিয়া, এগরাতে। এবার উঠবে রাজনৈতিক ঝড়, রাজনৈতিক টর্নেডো উঠবে আর আপনাদের সব প্রাসাদগুলি—আলিমুদ্দিন স্ট্রিট থেকে জেলায় জেলায় যত প্রসাদ করেছেন সবগুলো উড়ে যাবে, টুকরো-টুকরো হয়ে যাবে, তাসের ঘরের মতো ভেঙে যাবে। তাই তো ভরতুকি দিয়ে, ডোল দিয়ে রাখতে চাইছেন।

কলকাতায় ট্রামের জন্য ৪০ কোটি টাকা দিচ্ছেন। ডব্লু. বি. আই. ডি. সি.-র ক্লোজ ইন্ডাস্ট্রিগুলো খোলার জন্য টাকা দিচ্ছে। আবার ৫০ কোটি টাকার ব্যবস্থা করছেন। জ্যোতিবাবু এই রাজ্যের মুখ্যমন্ত্রী, সি. আই. টি. ইউ.-এর ভাইস প্রেসিডেন্ট, আপনার মতো একজন শিক্ষিত, দক্ষ অর্থমন্ত্রী, এতদিন পর আপনাদের মনে হ'ল শ্রমিকদের জন্য কিছু টাকা দেওয়া দরকার। তাদের ৫০০ টাকা করে দিতে চাইছেন। এই টাকা কারা দেবে? কাদের দেবে? কি ভাবে দেবে? এর কোনও স্পষ্ট বক্তব্য নেই। পার্ক স্ট্রিটের উপর দিয়ে যখন হুটার নিয়ে চলেন, যদি জ্যাম হয়, তখন দেখবেন আপনার গাড়ির আশে পাশে, অনেকের গাড়ির আশেপাশে কতগুলো ভিক্ষুক এসে পয়সা চায়—তাদেরও আয় কিন্তু মাসে ৫০০ টাকার বেশি। এই চরম অভাব অনটনের মধ্যেও শ্রমিকদের জন্য মাসে ৫০০ টাকার ব্যবস্থা এ সবচেয়ে বড় রসিকতা।

আপনারা এই রাজ্যে এক হাজারটি প্রাইমারি স্কুল এবং আরও এক হাজারটি এডুকেশন সেন্টার কন্ট্রাক্ট বেসিসে টিচার নিয়ে করার চেষ্টা করছেন। এদিকে ১০ বছরে মাত্র ১৮টি স্কুল করেছেন। একটা কথা শোনা যায়, কথা শুনে ঘোড়ায় হাসে। তা আপনাদের বক্তৃতা শুনে আজ পশ্চিমবাংলার মানুষ হাসছে। আপনি ৩৪১টি নতুন সেকেন্ডারি স্কুল, ১০০টি পলিটেকনিক স্কুল খুলবেন বলেছেন এবং বলছেন সাধুবাদ জানান, সমর্থন করুন, বাংলার মানুষ আশীর্বাদ করবে। দাঁতনে ঝড় উঠেছে, বিপর্যয় উঠেছে, বাংলার রাজনৈতিক আশপাশেও সেই ঝড় যে উঠবে না, তা কি বলতে পারেন?

[2-50 — 3-00 p.m.]

এটা ধরে নিই যে, ২০ কোটি আলাদা দিচ্ছেন। ৩৪১টা প্রাইমারি হেলথ সেন্টার পঞ্চায়েত সমিতির আন্ডারে। এটা দিচ্ছেন ভাল কথা। ১৭টি জেলা পরিষদের নেতৃত্বে

১৭টি জেলা হসপিটাল। যে অবস্থায় হাসপাতালগুলি রয়েছে শহর, জেলা সদর, মহকুমাতে এগুলি ঠিক করার বন্দোবস্তোর কথা এখানে লেখেননি। আপনি ও ওয়েস্টার্ন রেঞ্জ, নর্থ বেঙ্গল রেঞ্জের জন্য ৪৫ কোটি টাকা দিচ্ছেন। এখানে ডেভেলপমেন্টের জন্য দিচ্ছেন। এটা খুবই ভাল কথা। এটা সমর্থন যোগ্য। কিন্তু অনেক আগেই আপনারা ভাবা উচিত ছিল বা আপনাকে ভাববার জন্য ২১ বছর ধরে কংগ্রেসি বন্ধুরা, বিধায়করা বারবার আপনাকে বোঝানোর চেষ্টা করেছেন। আজকে কেন এই কথাগুলি আপনাকে বুঝতে হচ্ছে? কেন এই কথাগুলি আপনাকে চিন্তা করতে হচ্ছে? আপনার বাজেট শুধু ডোল ভরতুকি আর গ্রামীণ অর্থনীতি নিয়ে বাজেট। তবে কতটা কি হবে আমি জানি না। আপনারা বলছেন আপনাদের লজ্জা করে না? ২১ বছরের মধ্যে ৫ বছর ছিলেন অশোক মিত্র, আর ১২ বছর আপনি অর্থমন্ত্রী, আপনি বলবার চেষ্টা করলেন না কেন? আপনি ভাবলেন না কেন? মার্কসবাদী কমিউনিস্ট পার্টি আপনাদের বাজেট বিবৃতি পড়ে আপনাদের এই বাজেটকে সমর্থন করতে হবে? এক গাদা রিলিফ দিচ্ছেন। কাদের দিচ্ছেন? নির্বাচনে জেতায় যারা, তাদের প্রয়োজনে দিচ্ছেন? সরকারি কর্মচারিদের পে কমিশন, শিক্ষকদের পেনশন, স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কর্মচারিদের পেনশন, একস্ট্রা ডি. এ., ইনস্টলমেন্ট সব মিলিয়ে মাত্র ৯৭৫ কোটি টাকা পার্টিকুলার সেকশনকে স্যাটিসফাই করা ছাড়া কিছুই নেই আপনার বাজেটে। পার্টিকুলার সেকশনকেই বেছে নিয়েছেন আপনি। তাদের স্যাটিসফাই করছেন। ট্যাক্স প্রোপোজাল আপনি ১০ কোটি টাকা ছাড় দিচ্ছেন। নতুন ট্যাক্স খাতে ১৫ কোটি টাকা। গাড়ির উপর শুধুমাত্র আনঅর্গানাইজড সেক্টরে ভরতুকি দেবার জন্য একটা অর্গানাইজড সেক্টরে অর্থাৎ গাড়ির চালকদের থেকে আপনি ২০ কোটি টাকা তুলে নিচ্ছেন। ইন্ডাস্ট্রি, এগ্রিকালচারে কোথায় আপনি ব্যবস্থা নিয়েছেন? গত ১২ বছর ধরে বা এবারও আপনি কি ব্যবস্থা নিয়েছেন? ১৯৯৩-৯৮ সাল এই ৫ বছর ধরে আমরা শুধু শিল্পায়নের ঢক্কা নিনাদ শুনছি। এটা ভাল কথা কিন্তু সেই শিল্পায়ন কোথায় গেল? এখন নতুন শিল্পের কথা শোনা যাচ্ছে না। বন্ধ কল কারখানাগুলি খোলার কথা শোনা যাচ্ছে না। সেগুলি বেমালুম শিকেয় তুলে তারা শুধু গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করতে চাইছে। আপনি শুধু বুলি আওড়াচ্ছেন। যখন বাড়িতে আগুন লাগে, তখন ছোটে, আর গায়ে যখন আগুন লাগে, তখন সামনে জল থাকলে জল ঢেলে দেওয়া হয়। গায়ে ফোসকা পড়ে যায়। আজকে বাজেটের মধ্যে দিয়ে সেই ফোসকাই পড়ে যাবে, আজকে তারই সার্বিক চেহারা ফুটে উঠেছে। আপনার বাজেট যদি বিশ্লেষণ করা যায়, তাহলে এটা বোঝা যাবে। এই বাজেটের মূল লক্ষ্য যেন তেন প্রকারেণ সি. পি. এমকে বাঁচানো, আলিমুদ্দিনকে বাঁচানো। এটা বাংলার মানুষকে বাঁচানোর বাজেট নয়। নিজেকে বাঁচানোর, আলিমুদ্দিনকে বাঁচানোর বাজেট। চাইনিজ মডেল এর কথা বলি। এটা কি? অসীমবাবু নিসন্দেহে শিক্ষিত কিন্তু যদি আমি ইকনমিক্সের ছাত্র হতাম, তাহলে আপনাকেই টিচার করতাম। কাউকেই বাছতাম না।

কিন্তু কিছু শেখেননি বলে পাবলিকলি ভর্ৎসনা করেছিলেন সেই বিপ্লবী মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। বলেছিলেন বিদ্বান হলেও বাস্তববোধ সম্মত নয়। এই কথা আমরা পড়েছি কাগজে। আপনি সুযোগ পেলেই সেমিনার করেন, মিটিং করেন। কিন্তু চাইনিজ মডেল যেটা ইন্ট্রোডিউস করতে যাচ্ছেন—আপনার বোধহয় মনে আছে সোভিয়েত ভেঙ্গে যাওয়ার পরে, হরকিষাণ সিং সুরজিত বলেছিলেন যে "আমরা বুঝাতে পারিনি এত পচন"। এইরকমভাবে সোভিয়েত ভেঙ্গে পড়েছে। তাই বলছি চাইনিজ মডেল ইন্ট্রোডিউস করার আগে চিনে যান গিয়ে দেখে আসুন চায়না যেটা করার চেষ্টা করেছিল। লি পেং এর পর প্রধানমন্ত্রী জুরাং জিং সারা চিনে যে কমান্ড ইকনমির কথা ভেবেছিলেন, রাষ্ট্রীয় উন্নয়নের জন্য যে সমস্ত বন্দোবস্তের উপর নিয়ন্ত্রণ আনার চেষ্টা করেছিলেন বাজারি অর্থনীতির পথকে প্রশস্ত করে, যে বৈপ্লবিক পদক্ষেপ নিয়েছেন তাতে এন্টার ওয়েস্ট তাকে স্বাগত জানিয়েছে। অল্টরনেটিভ অর্থনীতির কবলে পড়েও সেই আঘাত চীনে লাগেনি। তাই আমি আপনাকে বলছি যে এই ধরনের সিদ্ধান্ত নেবেন না। নিলে পরে আগামী দিনে আপনি যা করতে চাইছেন তা করতে পারবেন না। আপনার এই মিশ্র অর্থনীতি, চাইনিজ মডেলের অর্থনীতি এই সব মিলে মিশে আগামী দিনে আপনারা বাঁচবেন না। যে সর্বনাশ ২১ বছর ধরে করেছেন, ১২টা বাজেট করেছেন এই একটা বাজেটই আপনি তার থেকেও বেশি সর্বনাশ করার চেষ্টা করছেন। একথা আপনাকে মাথায় রাখতে হবে। স্যার, জ্যোতিবাবু প্রায়ই বলেন পশ্চিমবঙ্গ আলাদা কোনও রাজ্য নয়, তাই যদি হয় তাহলে এই সমস্ত কাল্পনিক যে বিবৃতি এখানে অর্থমন্ত্রী দেন সেই বিবৃতি যেন এখানে না দেন। হাউসের সময় যেন নষ্ট না করেন। উনি তো বাড়িতে এগুলো ছাত্রদের পড়াতে পারেন। এই বাজেট সি. পি. এম চাইছে। এই বাজেট আলিমুদ্দিন স্ট্রীটের উপর দাঁড়িয়ে আছে। এই বাজেটের একমাত্র লক্ষ্য হল কিছু বিশেষ সেকশনকে তোয়াজ করা। সার্বিক স্বার্থের কথা ভুলে গিয়ে এই বাজেট করা হয়েছে। ডিসেম্বরের মধ্যে আপনি শিক্ষকদের পেনশন দেবেন বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী একজন শিক্ষকও কি আপনার এই কথা বিশ্বাস করে। আপনি কি মনে করেন? কত শিক্ষক প্রাপ্য পেনশন না পেয়ে মারা গেছেন, আত্মহননের পথ বেছে নিয়েছেন। আপনাদের টনক নড়েনি। আমরা দেখেছি, আজ এখানে কান্তিবাবু নেই, আর আমার মাতৃতুল্য শ্রীমতী মৃণালিনী দাশগুপ্তা, আপনার মা তারা পেনশন পেয়েছেন। লজ্জা করে না আপনাদের। কতদিন এইভাবে কমিউনিস্ট পার্টির দালালি করবেন? একটা সময় আসবে যখন নিজের কেন্দ্র ছেড়ে, এলাকা ছেড়ে আপনাদের আলিমুদ্দিন স্ট্রীটে জায়গা নিতে হবে। মানুষ আপনাদের লাল ঝাণ্ডা বেঁধে আপনাদের পিটবে।

[3-00 — 3-00 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় মিথ্যাচারণে এক সময় শিল্পর পর্যায়ে ছিল, কিন্তু আজকে

উনি মিথ্যাচারণে ইডেনগার্ডেনে আজাহারের ব্যাট যেমন ঝলসে উঠেছিল কেউ তাকে বীট করতে পারছিল না, ঠিক সেই রকমই অসীম দাশগুপ্ত আজকে সেইরকম একটা জায়গায় এসে দাঁড়িয়েছেন, তিনি গিনেস বুক অফ্ ওয়ার্ল্ডে স্থান পেতে পারেন তার এই মিথ্যাচারণের প্রশ্নে। রুগ্ন শিল্পে যারা বেকার শ্রমিক যারা কর্মহীন তাদের জন্য দরদ আজকে উথলে উঠল, তাদের জন্য উনি আজকে কাঁদছেন। তাদের মাসে মাসে ৫০০ টাকা করে দেওয়ার কথা ভাবছেন; কাদের দেবেন, কত জনকে দেবেন, তার কোন আইডিয়া আছে? এটা হচ্ছে একটা ন্যাক্কারজনক ফাজলামি মানুষের দারিদ্র্যতার সুযোগ নিয়ে তিনি যা করছেন। কোন অধিকার বাংলার মানুষ তাকে দেয়নি এরকম ফাজলামি করার। শিল্প পুনরুজীবনের আশা নেই, তিনি কেন বলছেন না ... সারা ভারতবর্ষে যা হচ্ছে, বিশ্বে যা হচ্ছে, শিল্প পুনরুজীবনের ভিতরেই তাকে মৃত ... ঘোষণা করুন। মহারাষ্ট্রে যখন একটা শিল্প—টেক্সটাইলস্ শিল্প যখন বন্ধ হয়ে যায় তখন সেই শ্রমিকদের পাশাপাশি অন্য আরেকটা শিল্পে তাদের প্রশিক্ষণ দিয়ে তাদের একটা বন্দোবস্ত করে দেওয়া হয়। সেখানে শ্রমিকরা মার খায় না। কারখানা বন্ধ হয়ে যেতে পারে কিন্তু আরেকটা কারখানায় তাদের জায়গা করে দেওয়া হয়। সেখানে কোনও শ্রমিকই কর্মহীন হয় না। কিন্তু এখানে কারোর ছিটে-ফোঁটাও দরদ নেই, নতুন শিল্প গড়ে তোলার উৎসাহ নেই। কয়েকদিন আগে এখানে আমেরিকার বাণিজ্য সচিব এসেছিলেন তিনি এখানকার পরিস্থিতি দেখে বললেন এখানে শিল্প করা সম্ভব নয়, বরঞ্চ উড়িষ্যার ... করা যেতে পারে। তখন একজন বাঙালি যুবক হিসাবে আমার মাথা হেঁট ... গিয়েছিল। আজকে ফিলিপ্সের মতো বহুজাতিক সংস্থা তারা এখান থেকে চলে ... চাইছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজকে আপনি বলুন কিসের জন্য তারা চলে ... চাইছে, শ'ওয়ালেস্ তারা দীর্ঘদিন এখানে ব্যবসা করছে, কিন্তু আজকে তারা কেন চলে যেতে চাইছে? আজকে কোন একটা শিল্প-উদ্যোগী তারা এখানে কি শিল্প করতে চায়? সেই শিল্প উদ্যোগীদের কোনও ইন্টারেস্ট নেই এখানে শিল্প করার, কেন তারা চাইছে না? এই সরকারের উপর শিল্প উদ্যোগীদের বিন্দুমাত্র আস্থা নেই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পশ্চিমবাংলায় যে ইনফ্রাস্ট্রাকচার আছে তাতে কোনও শিল্প হতে পারে না। তার একটা বড় জাজ্বল্য প্রমাণ হল নরসিমা রাওয়ের আমলে একটা ঘোষণা ছিল তখন আপনারা কি করেছিলেন।

আজকে বার্ণপুরে যে ১২।১৪ হাজার মানুষ কাজ করে তাদের নিয়ে ৬ বছর ধরে আপনারা অসুস্থ রাজনীতি করছেন। মডার্নাইজেশনের নামে আপনাদের গোয়ার্তুমির জন্য ইসকোকে বাঁচানোর চেষ্টা করেননি। সেই সুবর্ণ সুযোগ আপনারা হাত ছাড়া করেছেন। তার পরিণতি কি হ'ল? বার্নপুর থাকলেও হাজার হাজার মানুষ পরিবার নিয়ে নিরাপত্তাহীনতায় ভুগছে। আজকে সেখানে ব্লাস্ট ফার্নেস যে কোনও দিন নিভে যেতে

পারে। আজকে হয়তো দেখা যাবে ২।৪ হাজার শ্রমিকের কাজ যাবে। আর, আপনি তখনও বলবেন, আমরা তো বেকার শ্রমিকদের ৫০০ টাকা করে মাসিক ভাতা দেওয়ার ব্যবস্থা করেছি। ধৃষ্টামির একটা শেষ থাকা উচিত, যবনিকা পড়া উচিত। আপনি দিনের পর দিন এই সব বলে যাবেন আর আমরা আপনার বাজেটকে সমর্থন করে যাব তা হতে পারে না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় শ্রমিকদের ভর্তুকি দিয়ে, নিজেদের এবং আলিমুদ্দিন স্ট্রীটকে বাঁচানোর জন্য যে বাজেট করেছেন তার দ্বারা বাংলার উন্নয়ন হবে না, শিল্পোন্নয়ন হবে না। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩-শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী অসীমকুমার দাশগুপ্ত মহাশয় রাজ্যের কর্ম সংস্থান এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যকে সামনে রেখে এবং রাজ্যের উন্নয়নের স্বার্থে যে পরিকল্পনা এবং পরিকল্পনা বহির্ভূত টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে কয়েকটা কথা উল্লেখ করতে চাই মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে। আমরা, ভারতবাসীরা সবেমাত্র স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎসাহের সঙ্গে সাড়ম্বরে এবং অনাড়ম্বরে পালন করছি। দু-বছর বাদে আমরাও বিশ্ববাসীর সঙ্গে একটা নতুন শতাব্দীতে প্রবেশ করব। স্যার, আমরা সবাই এই রাজ্যের দায়িত্বজ্ঞান সম্পন্ন প্রতিনিধি এখানে রয়েছে। স্যার, বিশ্ব-বিজ্ঞান প্রতিবেদন '৯৭, তারা একটা তথ্যের উপর ভিত্তি করে একটা ভবিষ্যৎবাণী করেছেন—সেটা আমাদের স্মরণে রাখা প্রয়োজন এবং আগামী শতাব্দীর প্রজন্মের কাছে তা জানিয়ে দেওয়া উচিত। তারা বলছেন, বিজ্ঞান এবং প্রযুক্তিতে আগামী শতাব্দী হবে স্বপ্নপ্রোথিত প্রগতির শতাব্দী। তার প্রেক্ষাপটে দাঁড়িয়ে এইরকম একটা গৌরবমণ্ডিত দেশে আমাদের মত ক্ষুদ্র রাজ্য সরকার যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তা আমি এই প্রসঙ্গে কেন আনছি সেটা একটু বুঝে নেওয়ার দরকার আছে। স্যার, আমি উল্লেখ করতে চাই, কোন প্রেক্ষাপটে আজকে এই ভারতবর্ষের প্রায় ৯৬ কোটি মানুষ দাঁড়িয়ে আছে। রাষ্ট্র সংক্রান্ত রচিত মানবিক উন্নয়ন প্রতিবেদন '৯৭ যদি লক্ষ্য করি তাহলে জীবনযাত্রার মানের বিচারে পৃথিবীর ১৭৫টা দেশের মধ্যে আমরা যারা ভারতবাসী, স্বাধীনতার জন্য গর্ব করি, অহংকার করি, আমাদের জায়গা কোথাই? আমাদের জায়গা ১৩৮-তম। সেখানে দাঁড়িয়ে একটা রাজ্যের সরকার অন্তত এই রাজ্যের মানুষের জন্য কতটা উন্নয়নের কাজকে এগিয়ে নিয়ে যেতে পারেন সেটা নিশ্চই আমাদের এই প্রেক্ষাপটের মনে রাখা প্রয়োজন। আমরা জানি, পৃথিবীর নিরক্ষর মানুষের প্রায় ৩৩ শতাংশ ভারতবর্ষে বাস করে।

[3-10 — 3-20 p.m.]

আমাদের কতটুকু সঙ্গতি আছে? এই আর্থ-সামাজিক পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে, এই নিরক্ষর মানুষের অভিশাপ থেকে তাদেরকে মুক্ত করবার? কারা জবাব দেবেন? কারা দায়িত্বে থেকেছেন স্বাধীনতার পর থেকে? এর জবাব দেওয়ার জন্য আপনাদের প্রশ্ন করতে হবে নিজেদের বিবেকের কাছে। আমরা জানি আজকে ধনতান্ত্রিক মনোভাবাপন্ন দেশগুলোতে বেকার বাড়ছে, বেকারি বাড়ছে, শিল্পে মন্দা দেখা দিচ্ছে। আমি বিস্তারিত ব্যাখ্যায় যাব না। কিন্তু এই যে বেকার যুবক-যুবতীদের বুক ভাঙা আর্তনাদ, তাদের দীর্ঘশ্বাস, সেটা আমাদের ভারতবর্ষেই বেশি। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে। এখন নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে প্রবেশ করছি। কিন্তু কোন ব্যবস্থা, এমন কোন পরিকল্পনা আমরা নিতে পারিনি যার মধ্যে দিয়ে এই ক্রমাগত শিল্পের মন্দা, ক্রমাগত বেকার যুবকের জন্ম এবং তার মুখে তার ভবিষ্যতের সামনে আমরা সুনিশ্চিত অবস্থা তৈরি করতে পারি? আমরা এটা বলতে চাই যে, আমাদের গোটা পৃথিবীর সামনে, দুই-একটি দেশ বাদে, আর সমস্ত দেশে, যেখানে নারী, সমাজে তার মর্যাদা পায় না। বেজিং শহরে আন্তর্জাতিক নারী সম্মেলন হল। সেখানে ভারতবর্ষের নারী সমাজের যে করুণ চেহারা প্রকাশ পেয়েছে তা দেখে লজ্জা হয় না, তা দেখে দুঃখ হয়। বেদনাহত চিত্রে বলতে হয়, আমাদের সংবিধানে নারীর অধিকারের কথা নারীর মর্যাদার কথা যা বলা ছিল, আজকে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর শেষে সেই কথা আমরা কেন পালন করতে পারলাম না? কেবলমাত্র বিধানসভার এই ১৭ হাজার ১১৭ কোটি টাকার একটা ব্যয়-বরাদ্দের দাবির মধ্যে দাড়িয়ে গোটা দেশের এই যে বঞ্চনা, এই যে দায়িত্বহীনতা, যা আপনারা করে গেছেন, শাসক কংগ্রেস দল তার থেকে যদি নিজেদের দূরে সরিয়ে রাখেন তাহলে সমস্যার গভীরে কখনই প্রবেশ করতে পারবেন না। এই প্রতিবন্ধকতার কথা স্মরণ রেখে আমরা জানি আমাদের রাজ্য সরকারের দায়িত্ব ও কর্তব্য কতখানি। আমরা পশ্চিমবঙ্গের মানুষের কাছে বিশ্বাস রাখি। পশ্চিমবঙ্গের মানুষের কাছে আমাদের দায়বদ্ধতা আছে। এখানকার মানুষের জন্য, এখানকার শ্রমজীবী মানুষ, এখানকার বেকার যুবক-যুবতী, এখানকার বন্ধ কল-কারখানার শ্রমিকদের বুকভাঙা আর্তনাদ, সমস্ত কিছুকে স্মরণ রেখে আমরা এই রাজ্যের বুনিয়াদি ব্যবস্থাকে গড়ে তুলতে চাই। আমরা স্বর্গরাজ্য গড়তে পারব—একথা বলছি না। কিন্তু ১৯৭৬ সালে আপনারা যে বাজেট তৈরি করে গিয়েছিলেন, সেখানে ৭০০ কোটি টাকার একটা ব্যয়-বরাদ্দের দাবি আপনাদের ছিল। রাজ্যের উন্নয়নের প্রতি এটুকুই ছিল আপনাদের মমত্ববোধ। আজকে ২০ বছর পেরিয়ে ২১ বছর হল, যেখানে আমরা একটা বাজেট নিয়ে আলোচনা করছি, যেখানে এই ব্যয়-বরাদ্দের দাবি প্রায় ৫ হাজার কোটি টাকায় উন্নীত হয় নি। এটা এমনি হয়নি। এটা কিভাবে হয়েছে? এটা একটা বিকল্প দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে হয়েছে। আমি উল্লেখ করতে

চাই, সদ্য-সমাপ্ত লোকসভা নির্বাচন থেকে কংগ্রেস দল কি শিক্ষা গ্রহণ করেছেন আমি জানি না। কিন্তু পশ্চিমবঙ্গ ও দুটি সমতাদর্শ রাজ্য বাদে আর সব রাজ্যেই শাসক দল রাজ্যবাসীর দ্বারা প্রত্যাখ্যাত হয়েছে। তারা কিভাবে রাজ্যবাসীর দ্বারা প্রত্যাখ্যাত হয়েছে? শাসক দলের দায়বদ্ধতা ছিল না, কোন পরিকল্পনা ছিল না, কেন্দ্রীয় সরকারের সাহায্য সহযোগিতা ছিল না। কেন সেখানকার শাসকদল প্রত্যাখ্যাত হয়েছে সেটা আমাদের ভাবতে হব। আমার বলতে কুণ্ঠা নেই যে, আমরা জানি যে, এই রাজ্য সরকারের প্রত্যাশা কেবল পশ্চিমবঙ্গের মানুষের নয়, পশ্চিমবঙ্গের বাইরে ভারতবর্ষের শ্রমজীবী, গণতন্ত্র প্রিয় মানুষ, সাধারণ মানুষ, তাদের কাছেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কাছে অনেক অনেক বেশি প্রত্যাশা আছে।

সেই প্রত্যাশা পূরণের কোনও ইংগিত এই বাজেটে প্রতিফলিত হয়েছে কি না? কতখানি হয়েছে, কতখানি দায়িত্বপালন করতে পারি আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে, সে বিষয়টাই আমাদের আলোচনার বিষয়বস্তু হওয়া উচিত। সেই প্রেক্ষাপটে আমি কয়েকটা কথা বলব। আমরা জানি এ কথা অনস্বীকার্য যে, স্বাধীনতার পূর্বেও বাংলাকে চরম মূল্য দিতে হয়েছিল। আপনারা কতখানি স্বীকার করেন জানিনা? লর্ড কার্জন বাংলাকে ভাগ করে দিয়েছিল। ৬ বছর পরে বঙ্গ-ভঙ্গ রোধ করতে হয়েছিল। কিন্তু তারপর স্বাধীনতার সূর্য উদয়ের মুহূর্তে দেশ বিভক্ত হয়েছে এবং অনিবার্য কারণে উদ্বাস্তু মানুষের স্রোতধারা বহন করতে হয়েছে পশ্চিমবঙ্গকে এবং আজও তা করতে হচ্ছে। এটা কি আপনারা অস্বীকার করতে পারেন? এই অবস্থার মধ্যে দাড়িয়ে এ রাজ্য সাম্প্রদায়িক সম্প্রীতির একটা উন্নত জীবনধারা আকর্ষণ করে ভারতবর্ষের জন্য রাজ্যের মানুষকে। তাই আমরা হিসাব যদি দেখি তাহলে দেখব যে প্রতি বর্গ কিলোমিটার স্থানে জনবসতির ঘনত্বে পশ্চিমবাংলা সারা দেশের মধ্যে শীর্ষ স্থানে। সমস্ত রাজ্যগুলোর মধ্যে আমাদের রাজ্যে জনবসতির সংখ্যা বেশি। অথচ আপনারা কি এটা অস্বীকার করতে পারেন যে, এই রাজ্যকে দীর্ঘদিন মাশুল সমীকরণজনিত বঞ্চনার স্বীকার হতে হতে হয়েছিল? এর দ্বারা কি আমাদের রাজ্যকে তথা আমাদের রাজ্যের শিল্পের ভিত্তিকে দুর্বল করে দেওয়া হয়নি? তিন চারটি দশক ধরে কেন্দ্রীয় সরকার এ রাজ্যের প্রতি যে বঞ্চনা চালিয়েছে তার ফলেই রাজ্যের মানুষের দুঃখ-দুর্দশা ক্রমশ প্রসারিত হয়েছে। অথচ স্বাধীনতার পর থেকে কেন্দ্রীয় কংগ্রেসি সরকার বার বার পশ্চিমবাংলার মানুষের কাছে নানান প্রতিশ্রুতি দিয়েছিল, কিন্তু কখনও তা পূরণ করেননি। ঐ যে যাঁরা আজকে এখানে তৃণমূল হয়ে বসে আছেন, তারাও অনেক প্রতিশ্রুতি দিয়েছেন—নির্বাচনের সময় দিয়েছেন ; অথচ কালকে যখন পার্লামেন্টে বাজেট অধিবেশন চলছিল তখন আমরা দেখলাম পশ্চিমবঙ্গের জন্য একটা রেল লাইনের টাকাও অনুমোদিত হল না। সুতরাং পশ্চিমবঙ্গের প্রতি বঞ্চনার কথা আর নতুন করে বলার অপেক্ষা রাখে না। এরই

মুখোমুখি দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামপন্থী ফ্রন্ট সরকার স্রোতের বিপরীতমুখে দাঁড়িয়ে, রাজ্যের সম্পদকে আহরণ করে রাজ্যের অগ্রগতি সাধিত হয়েছে। আমি বিরোধী বন্ধুদের কাছে প্রশ্ন করছি, কেন্দ্রীয় সরকার কনসাইনমেন্ট ট্যাক্সের যে প্রস্তাব, সেই প্রস্তাব অনুযায়ী প্রতি বছর এ রাজ্যকে আরো ১২০ কোটি টাকা দিতে পারত, কেন দিচ্ছে না? একবারও তো আপনারা বলেন না যে, হ্যাঁ, এটা দেওয়া উচিত ছিল আমাদের রাজ্যের উন্নয়নের জন্য। আজকে কয়লার রয়ালিটির প্রশ্নে যদি একটা যুক্তিগ্রাহ্য হ'ত তাহলে রাজ্যের পক্ষে অতিরিক্ত রাজস্ব আদায় হ'ত আর ২০০ কোটি টাকা, যা আমাদের রাজ্যের উন্নয়নের জন্য আমরা কাজে লাগাতে পারতাম। কিন্তু তা না হওয়ার জন্য আমরা তা পারছি না। ভারতবর্ষের রপ্তানি দ্রব্যের যে সম্পদ তার মধ্যে সবচেয়ে বড় দুটি সম্পদই হচ্ছে এ রাজ্যের চা এবং পাট। এই দুটো দ্রব্যকে ভিত্তি করে অনেক টাকা আমাদের রাজ্য পেতে পারত, কিন্তু তা আমরা পাই না। এই দাবি আমরা বার বার কেন্দ্রীয় সরকারের কাছে করেছি। এই প্রেক্ষাপটে আজকে আমাদের সমস্ত কিছু বিচার করতে হবে। আপনারা কথায় কথায় বলেন, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে। পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার যে অর্থ বরাদ্দ করে তা সমস্ত রাজ্যের অর্থ, দেশের সমস্ত মানুষের টাকা। কেন্দ্রীয় সরকার রাজ্যগুলোকে যে টাকা দেয় তার ৭০ শতাংশই ঋণ হিসাবে দেয়। চিরাচরিত প্রথা অনুযায়ী কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মধ্যে এখনো একটা ব্যবসায়িক সম্পর্ক চালু রাখা হয়েছে। কেন্দ্র—রাজ্য সম্পর্কে পুনর্বিন্যাস করা হচ্ছে না, পুনর্মূল্যায়ন করা হচ্ছে না। সারকারিয়া কমিশনের সুপারিশকে বাস্তবে রূপ দেওয়া হচ্ছে না। সেই সুপারিশকে গ্রহণ করে তা বাস্তবায়িত না করে বছরের পর বছর প্রতিটি পরিকল্পনার মধ্যে দিয়ে রাজ্যের প্রতি বঞ্চনা করা হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারকে তথা পশ্চিমবঙ্গের মানুষকে বঞ্চিত করা হচ্ছে। আমরা জানি এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট ভাষণের মধ্যেও উল্লেখ করেছেন যে, আমাদের রাজ্যে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলির আমানতের ৫০%-এর কম রাজ্যে বিনিয়োগ করা হচ্ছে। এ বিষয়ে গোটা দেশের সমস্ত রাজ্যগুলির গড় হিসাব তার সবচেয়ে নিচে পশ্চিমবঙ্গের স্থান।

[3-20 — 3-30 p.m.]

ক্ষুদ্র শিল্পের জন্য যা দেওয়া দরকার তাও আমরা এখানে পাই নি। বিরোধীদলের বন্ধুদের আমি স্মরণ করতে বলব যে, আমাদের রাজ্যের মানুষ যে টাকা ব্যাংকে রাখছেন আমাদের উন্নয়নের জন্য আইনের প্রেক্ষাপটে, আইনের সীমানায় দাঁড়িয়ে উন্নয়নের জন্য সেই টাকা আমাদের রাজ্যকে বরাদ্দ করা হয় না। আমাদের টাকা অন্য প্রদেশে চলে যায়। এই বঞ্চনার মধ্যে দাড়িয়ে আমাদের কাজ করে যেতে হচ্ছে। এইসব কষ্টদায়ক উদাহরণ দিয়ে আমি আর আপনাদের ভারাক্রান্ত করতে চাই না। আপনাদের শুধু বলব,

এত সব প্রতিবন্ধকতার বেড়া অতিক্রম করেও আমাদের রাজ্যে ভূমি-সংস্কারের যা সাফল্য তাতে গোটা দেশের সামনে আমাদের রাজ্য একটি স্বাতন্ত্র্য জায়গায় দাঁড়িয়ে আছে। ভারতে মোট আবাদি জমির মাত্র ৩৫ শতাংশ যেখানে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের হাতে রয়েছে সেখানে পশ্চিমবঙ্গে এই সংখ্যাটি উল্টে নিন, পশ্চিমবঙ্গে ৬৯ শতাংশ জমি গরিব ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের হাতে রয়েছে। খেটে খাওয়া মানুষদের হাতে জমি তুলে দেওয়া—এ শুধু বক্তৃতা দিলে হয় না, প্রতিশ্রুতি দিলে হয় না, প্রকৃত কাজ করলে তবেই এর ফল পাওয়া যায় এবং বামফ্রন্ট সরকার সেই কাজ করে ভারতবর্ষের মধ্যে একটা নজির সৃষ্টি করেছেন। আমাদের রাজ্যের উন্নয়নের চাবিকাঠি ঐ খেটে খাওয়া মানুষদের হাতেই রয়েছে। স্যার, এই প্রসঙ্গে কবিতার সেই লাইনটা বলতে চাই, 'কৃষাণের জীবনের শরিক যে জন কর্মে ও কথায় আত্মীয়তা করেছেন অর্জন।' সেই আত্মীয়তা কৃষকদের সঙ্গে তৈরি করেছে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার গত ২১ বছর ধরে। আপনাদের কোন সাধ্য নেই সেই আত্মীয়তার সম্পর্ককে ছিঁড়ে দেওয়ার, সেই তালের ছন্দ পতন ঘটানোর। এর ফলে আমাদের এখানে শিল্পের সম্ভাবনা ও অভ্যন্তরীণ বাজার তৈরি তা সম্ভব হয়েছে। আমরা সেই সম্ভবনাকে কাজে লাগাতে চাই এবং তারই ইঙ্গিত মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় বিবৃত হয়েছে। আমরা জানি যে গোটা পূর্ব, উত্তর পূর্ব এবং এশিয়ার দেশগুলির সঙ্গে বাণিজ্যিক সম্পর্কের সিংহদ্বার হচ্ছে এই পশ্চিমবঙ্গ। এর পরিপূর্ণ সুযোগ আমরা গ্রহণ করতে চাই এবং তারই জন্য পরিকাঠামোর উন্নয়ন ও পরিবর্তন প্রয়োজন। রাজ্য বাজেটে সেই দিকে দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে। তা ছাড়া আপনারা জানেন আমাদের রাজ্যের ৫০ শতাংশের উপর জমিকে সেচের আওতাভুক্ত করা সম্ভব হয়েছে এবং এটা আরো বাড়ানো হচ্ছে। এতে কিন্তু আমরা আত্মসন্তুষ্ট নই। আমরা জানি আরো প্রয়োজন। কেন ১০০ শতাংশ হবে না! সেই দিকে আমরা যেতে চাই এবং তাই সেচের উন্নয়নের জন্য রাজ্য বাজেটে গতবারের ৩২৬ কোটির জায়গায় এবারে ৩৫৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই সমস্ত তথ্য সবই তো লাইব্রেরিতে আছে, একটু ঘাঁটলেই তাপসবাবু এবং বিরোধীদলের সদস্যরা তা দেখতে পেতেন। এর পর আমি বিদ্যুতের কথায় আসি। শিল্প গঠনের প্রাথমিক শর্তই হচ্ছে বিদ্যুতের ব্যবস্থা করা। বিরোধীদলের বন্ধুদের বলতে চাই আপনারা সেখানে বিদ্যুৎখাতে মাত্র ১৯ কোটি টাকা বরাদ্দ করেছিলেন সেখানে আমরা যেহেতু শিল্পের পরিকাঠামো গড়ে তুলতে চাই, শিল্প বিকাশের সম্ভাবনাকে গড়ে তুলতে চাই তাই আমরা বিদ্যুতের জন্য ১৩১৮ কোটির জায়গায় ১৫৭৮ কোটি টাকা বরাদ্দ করেছি। আপনারা বলছেন, আমরা নাকি শুধু পঞ্চায়েতের দিকে দেখছি, কিন্তু আপনারা জেনে রাখবেন কলকাতা এবং জেলাশহরগুলির উন্নয়নের জন্য এবং তাদের নানান রকমের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য আমরা বাজেট বরাদ্দ ৪১৯ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪৬২ কোটি টাকা করার প্রস্তাব রেখেছি।

আমাদের মাননীয় নন্দরাণীদি বলছিলেন—কোনটা করেল ভাল হবে? বন্ধ কল-কারখানার যে শ্রমিক, আজকে তাদের দারিদ্র্যতার সুযোগ নিয়ে, বঞ্চনাকে কাজে লাগিয়ে নির্বাচনের বৈতরণী পেরিয়ে যাওয়া, কিন্তু সেসব বন্ধ কল-কারখানা খোলবার জন্য, তাদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও বিশেষ ব্যবস্থা গ্রহণ নয়। আজকে রাজ্য সরকার আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে একটা মানবিকতার পরিকল্পনা গ্রহণ করেছেন। সেটা টাকার অঙ্কে বেশি, তবুও আজকে এই সরকার ঐসব বন্ধ কল-কারখানার শ্রমিকদের অনিবার্য পরিণতির হাত থেকে বাঁচাতে তাদের পাশে দাঁড়িয়েছেন ঐ টাকায় কিছু সাহায্য ও সহানুভূতির দৃষ্টিভঙ্গি নিয়ে। এটা তারা গ্রহণ করেছেন এবং অভিনন্দনও জানিয়েছেন। আজকে আমাদের এখানে দেখুন, উৎপাদন বৃদ্ধিটা কোন জায়গায় গেছে। প্রতি বছরের হিসেব যদি ধরেন, বিগত সাত বছরের হিসেব যদি ধরেন, তাহলে আমাদের রাজ্যে ১৯৯৭-৯৮ মোট উৎপাদন বৃদ্ধি হতে চলেছে প্রায় ৬.৯ শতাংশ, সেখানে সর্বভারতীয় ক্ষেত্রে ৫.১ শতাংশ। সেদিক থেকে আমাদের রাজ্য অনেক উঁচুতে রয়েছে। আর বঞ্চনার দিক থেকে সবচেয়ে বেশি বঞ্চিত হচ্ছে উত্তর-পূর্ব ভারত পশ্চিমবঙ্গ। সেক্ষেত্রে নিজেদের সম্পদ সংগ্রহ করে, সেই সম্পদকে কাজে লাগিয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি, বিকল্প দৃষ্টিভঙ্গি গ্রহণ করায় সাধারণ মানুষের অর্থনৈতিক উন্নতি ঘটানো সম্ভব হয়েছে। রাজনৈতিক সদিচ্ছা না থাকলে ২০ বছরে এই কাজ করা সম্ভব হত না। কর্মসংস্থানের ক্ষেত্রে লক্ষ্য করেছি, গোটা ভারতবর্ষে এক্ষেত্রে বৃদ্ধির হার ২.৩ শতাংশ, তখন পশ্চিমবঙ্গে এই বৃদ্ধির হার ২.৯ শতাংশ। শিক্ষা, স্বাস্থ্য, সকল ক্ষেত্রেই প্রসারিত করবার প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন তা নয়, এসব ক্ষেত্রে যেসব কর্মরত মানুষ রয়েছেন তাদের দায়বদ্ধতার উপরও তিনি যথেষ্ট গুরুত্ব আরোপ করেছেন। এরজন্য তার বাজেটকে স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। আমি আশা করি, সমাজের সকল অংশের মানুষের সহযোগিতা নিয়ে আমরা সারা ভারতবর্ষের মানুষের সামনে মাথা উঁচু করে থাকবো। অতি সম্প্রতি যে নির্বাচন হয়ে গেলো তারই পরিপ্রেক্ষিতে আজকে আস্থা ভোটের উপর আলোচনা চলছে। আমাদের সংবিধানে ধর্মনিরপেক্ষতার যে নীতি তাকে কি আমরা রক্ষা করতে পারব না? দেশের ঐক্য, সংহতিকে কি আমরা রক্ষা করতে পারব না? তাহলে কিসের উপর আমরা আলোচনা করছি? আজকে কেন্দ্রে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে তাদের সম্পর্কে বিভিন্ন জনমানসে গুরুতর অভিযোগ আছে। আমি বিস্তারিতভাবে সে জায়গায় যাচ্ছি না। কিন্তু সংহতি নষ্ট করবার জন্য এই রাজ্যের প্রতিক্রিয়াশীল শক্তি অনেকখানি তৎপর হয়েছে। এ সম্পর্কে সচেতন হওয়া উচিত, সাবধান হওয়া উচিত। আজকে ১২২ বছরে একটি রাজনৈতিক দল—কংগ্রেস ভাঙছে এবং সেখান থেকে বেরিয়ে গিয়ে বি. জে. পি-র সঙ্গে তৃণমূল হয়েছে এবং এখানে রাজ্য বাজেটের উপর আলোচনায় নেমে ধর্মনিরপেক্ষতার প্রশ্নে একই সুরে কথা বলছেন।

আমরা কি মেনে নেবো যে, ধর্মনিরপেক্ষতার নীতি যা সংবিধানের মূল স্তম্ভ তাকে রক্ষা করবার প্রশ্নে আজকে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সম্প্রীতির বাতবরণ তৈয়ারী করবার জন্য রাজ্য সকলকে এগিয়ে আসা উচিত।

[3-30 — 3-40 p.m.]

আমাদের সকলকে এগিয়ে আসতে হবে, আমাদের কিছু দায়িত্ব গ্রহণ করা উচিত। সরকার পক্ষ থেকে যে প্রতিশ্রুতিগুলি উচ্চারিত হচ্ছে সেই সম্বন্ধে আরো বেশি সরকারকে যত্নবান হতে বলব। আমি বিশ্বাস করি এবং আশা করি মানুষের বিশ্বাসযোগ্যতা অর্জন করতে এর কোনও তুলনা নেই। সরকারি দপ্তরের কাজকর্মের ব্যাপারে সরকারি দপ্তরের মধ্যে যে সমস্ত সমন্বয় সাধন করা দরকার সেই কাজগুলি আমাদের করতে হবে। আরো বেশি কঠোর মনোভাব আরো বেশি গুরুত্ব এই কাজে দিতে হবে। এর কোন বিকল্প নেই। এর কোনও ব্যতিক্রম দৃষ্টিভঙ্গি আমাদের হতে পারে না। আমি উল্লেখ করতে চাই যে আমাদের রাজ্যে সম্পদ এবং সুযোগ যখন নির্মমভাবে সীমিত তখন অগ্রাধিকারের ভিত্তিতে আরো অনেক অনেক বেশি করে তার ব্যবহারের প্রয়োজন দেখা দিয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার আবেদন, নারী, শিশু কল্যাণ এই বিষয়ের উপরে গুরুত্ব আরোপ করে এই বাজেটের মধ্যে আরো বেশি কিছু বিবেচনা করার সম্ভাবনা থাকে নিশ্চয়ই আপনি সেইদিকে দৃষ্টি দেবেন। আমি উল্লেখ করতে চাই গরিবদের মধ্যে আরো যারা গরিব, যারা আমাদের রাজ্যে আছে তাদের প্রতি কিভাবে এই সম্পদকে কাজে লাগিয়ে সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা কাজ করতে পারি সেই দিকে আমাদের দৃষ্টি দিতে হবে। সাথে সাথে আমি বলতে চাই এই সমস্ত পরিষেবামূলক প্রতিষ্ঠান যেমন বিদ্যুৎ সরবরাহ, হাসপাতাল পরিষেবা শিক্ষা প্রতিষ্ঠান এবং সড়ক নির্মাণ এই ধরনের বিষয় যেগুলিকে আপনি বাজেটের মধ্যে যথেষ্ট গুরুত্ব আরোপ করেছেন এই কাজগুলি যেন অনেক বেশি দায়িত্বের সঙ্গে অনেক বেশি গুরুত্ব দিয়ে করতে পারি তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই ব্যাপারে কঠোর মনোভাব নিয়ে যাতে রাজ্যের উন্নয়নের জন্য যে বরাদ্দের দাবি রেখেছেন সেই চৌহদ্দির মধ্যে দাঁড়িয়ে পূর্ণ সদ্ব্যবহার করতে পারি সেই দিকে আরো বেশি নজর দেবার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করব। আমি আশা করব এই বিষয়ে তিনি বিবেচনা করবেন। বিরোধী দলের সদস্য বন্ধুরা যা আলোচনা করেছে সেই আলোচনা আমার কাছে কেবল অসার বলে মনে হয়েছে। আমি ভেবেছিলাম বিরোধী দলের বন্ধু যারা আছেন, তৃণমূল হন আর কংগ্রেস হন, যখন এই রাজ্যের প্রতিনিধি হিসাবে বিধানসভায় আলোচনায় অংশ নিচ্ছেন তখন এমন কিছু প্রস্তাব দেবেন এমন কিছু আলোচনা করবেন এমন কিছু বিতর্কে অংশগ্রহণ করবেন যা আমাদের গোটা দেশের প্রেক্ষাপটে দাঁড়িয়ে আমাদের রাজ্যে সীমাবদ্ধ

ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা সুনিদিষ্ট ভাবে আমাদের রাজ্যে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা সুনির্দিষ্টভাবে আমাদের কাজকে এগিয়ে নিয়ে যেতে পারব। কিন্তু সেই কাজকে তারা এগিয়ে নিয়ে যেতে পারেননি। আপনারা নিজেরা বিবেকের কাছে প্রশ্ন করুন পশ্চিমবাংলাকে আমরা কি দিয়েছি। একটা বিকল্প দৃষ্টিভঙ্গির প্রতিফলন যা এই রাজ্যের বাজেটে বারে বারে প্রতিফলিত হয়েছে তা কংগ্রেস শাসিত কোনও রাজ্যে বি. জে. পি. শাসিত কোনও রাজ্যে অন্য কোনও দলের দ্বারা শাসিত কোনও রাজ্যে এই জিনিস আপনারা দেখেছেন? তাই আপনাদের ওই অসার বক্তব্যের প্রতি অন্য কোনও কিছু মন্তব্য করতে পারছিনা শুধু সুকুমার রায়ের একটা কবিতা মনে পড়ে যাচ্ছে—

"বুঝতে গেলে মগজ লাগে,

বলেছিলাম তখনই—

মগজ ভরা গোবরভরা হচ্ছে ঘুঁটে শুকিয়ে

যায় কি দেওয়া কোনও কথা

তার মধ্যে ঢুকিয়ে—"

তাই আপনাদের ইট কাঠ ভরা মগজে কেমন করে ঢোকানো যাবে এই বিকল্প অর্থনীতির কথা? আমাদের প্রচেষ্টা চালাতে হবে। পশ্চিমবঙ্গের কোটি কোটি মানুষকে নিয়ে আমরা শেষ করতে পারব। এই কথা বলে, যেহেতু ১৯৯৮-৯৯ সালের যে ব্যয় বরাদ্দ-এর দাবি এখানে উত্থাপিত হয়েছে মাননীয় অর্থমন্ত্রীর দ্বারা, যে বিবৃতির মধ্যে দিয়ে একটা ইতিবাচক বিকল্প দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে, আমরা দেখতে পাচ্ছি যে আমাদের স্বাধীনতার পর থেকে সমস্ত প্রতিবন্ধকতা, সেই বাধাকে অতিক্রম করে এই রাজ্যবাসী মাথা উঁচু করে দাঁড়াতে পারবে, তার একটা প্রত্যয় এই বাজেটের মধ্যে দিয়ে আমরা পেয়েছি, সেজন্য এই ব্যয় বরাদ্দকে সামনে রেখে আমরা রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে চাই। আমরা গোটা রাজ্যের মানুষের কাছে এটাকে তুলে ধরতে চাই। সেই কারণে আপনাদের আনা কাট মোশনকে প্রত্যাখ্যান করতে আমি বাধ্য হচ্ছি এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রীর ব্যয় বরাদ্দের প্রস্তাবকে সমর্থন করছি। আমি অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, আমি এই বাজেটের বিরুদ্ধে এবং আমাদের, বিরোধীদের আনা কাট মোশনের স্বপক্ষে বক্তব্য রাখছি। অসীমবাবু যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটে শেষে কয়েকটি লাইন হচ্ছে যে, 'এই বাজেটের ভিত্তিতে আমরা যত এগোব ততই স্বার্থান্বেষী মহল ও বিভেদকামী শক্তিগুলোর থেকে বাধা আসবে। ইতিহাসের অবধারিত নিয়মে সাধারণ মানুষই সে বাধা

অতিক্রম করবেন সংগ্রামের পথ ধরে। তার সেই সংগ্রামের হাতিয়ার হচ্ছে এই বাজেট।' আমি ঠিক বুঝলাম না। অসীমবাবু, আপনি কোন সংগ্রামের কথা বললেন, আর কোন সংগ্রামের পথ ধরে আপনারা এগোতে চাইছেন? আমার বুঝতে অসুবিধা হয়েছে। কারণ যে বাজেট পেশ করা হচ্ছে, তাতে সরকার পক্ষের প্রায় সব বক্তাই কৃষি বিপ্লবের কথা বলেছেন, ভূমি সংস্কারের কথা বলেছেন। আমি জানি না, অসীমবাবু, আমাকে একটু বুঝিয়ে দেবেন। ১৯৭২-'৭৭ সালে যখন ভূমিসংস্কার হয় তখন জমি বন্টিত হয়েছিল ৯.৬৩ লক্ষ একর জমি। আর আপনারা ১৩ লক্ষ একর জমি বন্টন করলেন আপনাদের সময়ে। তাহলে আপনারা কোন ঐতিহাসিক কাজটা করলেন, বা বৈপ্লবিক কাজটা করলেন, আর কিভাবে দেশকে এগিয়ে নিয়ে যাবেন? দয়া করে আপনি আমাকে বুঝিয়ে দেবেন। এই যে বিকল্প অর্থনীতির কথা বলছেন, আমি বুঝতে পারি না বিকল্প অর্থনীতিটা কি? গ্রামীণ উন্নয়নের যে কথা বলছেন, পাশাপাশি শিল্পোন্নয়নের কথা বলছেন, এটা তো প্রকৃতপক্ষে আমরা ইন্দিরা গান্ধীর আমল থেকে এই কথাটা বলে আসছি। গ্রামোন্নয়ন বলতে তো আমরা জানি, জওহর রোজগার যোজনার টাকা থেকে গ্রামের বেকার যুবক আর্থিক সাহায্য নিয়ে, আই. আর. ডি. পি.-র লোন নিয়ে ছোটছোট শিল্প বা চায়ের কাজে লাগাচ্ছে। এর বাইরে যে দৃষ্টিভঙ্গি আমরা দেখে আসছি, তার বাইরে আপনারা কি বলছেন?

[3-40 — 3-50 p.m.]

কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে তো বারবার স্লোগান দিয়েছেন, মানুষ তা খায়নি। বক্রেশ্বরের জন্য তো অনেক স্লোগান দিলেন আবার এখন নতুন অর্থনীতির কথা বলে স্লোগান দেবার চেষ্টা করছেন। ডঃ অসীমবাবু তো ডক্টরেট মানুষ, বিদেশ থেকে পড়াশুনো করে এসেছেন কিন্তু তার তো কোনও চিন্তাভাবনার প্রতিফলন এই বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। আমি আরও দু-একটি কথা বলব কারণ আমার সময় খুবই কম। আজকে ২১ বছর ধরে বাজেট পেশ করছেন, কয়েকদিন আগে বুদ্ধদেববাবু বললেন লিগ্যাসির কথা, আমি জানি না সেই লিগ্যাসির টাইম পেরিয়ে আবার নতুন টাইম এসেছে কিনা। আজকে ২১ বছর ধরে এখানে বাজেট প্লেস হচ্ছে, আমাদের রাজ্য সরকারের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা। আজকে রাজ্যের কলকারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে, তার কি ব্যবস্থা করেছেন খোলার জন্যে? কারখানাগুলো শুধু বন্ধ হয়ে যাচ্ছে তাই নয় কারখানা অনেক ছোট করে নিয়ে আসা হচ্ছে। আজকে মেটাল বক্স থেকে শুরু করে রেমিংটন বা ডানলপের কথা না বলে আমি যে কারখানার কথা বলছি সেটা ছোট করে দেওয়া হয়েছে। লিপটন চায়ের কারখানা, এই কারখানা আজকে ছোট হয়ে যাচ্ছে। আজকে সেখানে ২৯৫ জন কর্মচারী আছে, অথচ দু বছর আগে সেখানে

১,৩০০ জন কর্মচারী ছিল। তারপরে আই. সি. আই.-তে জোর করে ৩৫ বছরের ছেলেকে ভি. আর. এস. ধরিয়ে দেওয়া হল, যার কিনা ভবিষ্যতের স্বপ্ন ছিল যে তার ছেলে-মেয়েকে স্কুলে ভর্তি করবে, আজকে তাকে ভি. আর. এস. ধরিয়ে দেওয়া হল। আপনাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে অর্থমন্ত্রী, শ্রমমন্ত্রীর তার জন্য কি প্রটেকশন দিয়েছেন? আজকে একটার পর একটা কারখানা তুলে নিয়ে যাচ্ছে তারজন্য কি ব্যবস্থা নিয়েছেন? কোনও পয়সা বিনিয়োগ করেছেন এসব কারখানার জন্যে? আজকে ২১টি বছরে আমাদের ওয়ার্ক কালচার তৈরি করতে পারেননি। কেন আজকে মালিকরা কারখানা তুলে নিয়ে চলে যাচ্ছে? আজকে একটা সরকার থাকা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেয়নি। নতুন নতুন করে বেকারত্ব বাড়ছে। আপনি আপনার বাজেটে বলেছেন যে ৫০ কোটি টাকা বন্ধ কারখানা এবং শ্রমিকদের জন্য রাখা হবে। এটা তো ভাঁওতা ছাড়া আর কিছুই নয়, আপনি টাকা বেকার ভাতা দিয়েছিলেন, কতজন সেই বেকার ভাতা পেয়েছে? আপনি বিধবা ভাতা দিয়েছেন, কতজন বিধবা এই ভাতা পেয়েছে? আজকে কারখানা যে বন্ধ হয়ে গেছে তাতে আমাদের হিসাবে সাড়ে চার লক্ষ শ্রমিক বেকার হয়ে পড়েছে। তাদের জন্য আপনি মাসে ৫০০ টাকা করে ভাতা দেবেন বলেছেন। সাড়ে চার লক্ষ শ্রমিককে যদি মাসে ৫০০ টাকা করে মাইনে দেওয়া হয় তাহলে বছরে ২৭০ কোটি টাকা লাগবে। অথচ আপনি বাজেটে বন্ধ কারখানার জন্যে ৫০ কোটি টাকা চেয়েছেন। এই ৫০ কোটি টাকা কাদের দেওয়া হবে, কোনও শ্রমিকরা পাবে সেটা আমি বুঝতে পারছি না। আপনার বাজেটে আপনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে সাড়ে ৬ লক্ষ লোকের কর্মসংস্থান আছে। নতুন করে সাড়ে ৬ লক্ষ নতুন কর্মসংস্থান হয়েছে। ১৯৯৬ সালে আপনার ইকোনমিক রিভিউ বইতে বেরিয়েছে যে ৫৪ লক্ষ ৫ হাজার ২০০ বেকার, আর ১৯৯৭ সালে ৫৬ লক্ষ ৭৭ হাজার ৯০০ জন বেকার করে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নাম লিখিয়েছে। ভ্যাকেন্সি নোটিফায়েড ২২ হাজার ৩০০। এই ভ্যাকেন্সি নোটিফায়েডের কি ব্যবস্থা করবেন। একটা ভ্যাকেন্সির এগেন্সেটে ১০ জন করে লোক পাঠান তাহলে কতজন বেকার পশ্চিমবঙ্গে চাকুরি পাচ্ছে সেটা একটু বলুন। এত দেখছি জাগলারি তথ্যেতে ভরা। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের ডি. আর. ডি. এবং মিটিং হয়, সেখানে ব্যাঙ্কের সঙ্গে কথা হয়েছে। তাতে আমরা পরিষ্কার দেখতে পাই যে একটা ছোট কারখানা তৈরি হল, তারা ব্যাঙ্কের থেকে যে ঋণ নিল সেই ঋণ নেবার পরে দ্বিতীয় ঋণ নেবার সময়ে কারখানাটি বন্ধ হয়ে যাচ্ছে। সেই তথ্য কিন্তু আপনাদের কাছে থাকে না।

আপনি চিকিৎসা ব্যবস্থার কথা বলেছেন নূতন করে অনেকগুলি হেলথ সেন্টার করবেন, ৩২৫টি হেলথ সেন্টার করবেন। '৯০ সালে আমাদের রাজ্যে হাসপাতাল ছিল ৪১০, '৯৭ সালে সেটা নেমে এসে হয়েছে ৪০৪। আমার আগের বক্তা এতক্ষণ কাঁপা কাঁপা গলায় বক্তৃতা করছিলেন, ঐ কাঁপা কাঁপা গলায় বক্তৃতা এখানে মানায় না, ঐটা

রাস্তার মোড়ে বললে ভাল লাগে। আপনি তো আপনার সিটে ৩০ হাজার ভোটে ডাউন হয়ে গিয়েছেন। বামফ্রন্টের আমলে হাসপাতালে চিকিৎসা হয় না, শয্যা সংখ্যা কত ছিল ১ হাজার ২৫৮, '৯৭ দেখছি ১ হাজার ২৬৬। এই কথাগুলি বলে মানুষকে আর বোঝানো যাবে না। শিক্ষা নিয়ে আপনারা যে ভাঁওতাবাজি করছেন, এইভাবে আর কতদিন চলবে? '৮৬-'৮৭ সালে ৫১ হাজার ৮১১ যেটা ছিল, প্রাইমারি স্কুল, '৯৭-'৯৮ সালে সেটা হল ৫১ হাজার ৫২১—এই হচ্ছে রাজ্যের চেহারা স্কুলের সংখ্যার। এই হচ্ছে রাজ্যের উন্নতির চেহারা, বিকল্প অর্থনীতিতে আপনারা পশ্চিমবাংলাকে এই জায়গায় নিয়ে গিয়েছেন। স্কুল তৈরি হয় না, শিল্প ব্যবস্থা ভেঙে পড়েছে, বেকারি বাড়ছে, মানুষের জীবনে যন্ত্রণা সর্বত্র বেড়েছে। এই যদি বিকল্প অর্থনীতি হয় তাহলে বাংলার মানুষ আগামী দিনে আপনাদেরকে ছুঁড়ে ফেলে দেবে, এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন তার বিরোধীতা করে আমাদের কাট মোশনগুলিকে সমর্থন করে কিছু কথা বলতে চাই। স্যার, এর আগে যে বাজেট বক্তৃতাগুলি দেখেছি, তাতে কখনও গ্যাট চুক্তি কখনও আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে ঋণ সংগ্রহ করা—এইসব করে দেশ গোল্লায় যাচ্ছে—উদার নীতিতে দেশের শিল্পের ক্ষতি হবে, আবার বলছেন বিকল্প আর্থসামাজিক নীতির ভিত্তিতে করা হবে। এবারে দেখা যাচ্ছে, কেন্দ্রের বিরুদ্ধে কোনও বিষদগার নেই ওনার বক্তৃতায়। কারণ হচ্ছে সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচন হয়েছে। দীর্ঘ ২১ বছর বামফ্রন্ট ক্ষমতায় রয়েছে ১৮ থেকে ২১ বছরের যুবক আজকে যারা কেউ প্রথম বা দুইবার ভোট দিচ্ছে, তারা ভোট দিতে এসে কি দেখল তাদের ভোট দেওয়া হয়ে গেছে। তাদের যে পবিত্র ভোটাধিকার, দেশ কোনও পথে চলবে, সেই অধিকার নিয়ে যারা ভোট দিতে এসেছিল তারা দেখল বামফ্রন্টের কারচুপিতে কোনও কোনও জায়গায় গণতন্ত্রকে হত্যা করা হয়েছে। বামফ্রন্ট সরকার যখন নিত্য-নূতন কথা বলেন, কথা বলেন, দুর্নীতির বিরুদ্ধে কথা বলেন, স্বচ্ছ প্রশাসনের কথা বলেন, শিল্পের উন্নতির কথা বলেন, গরিব মানুষের রুজি রোজগারের কথা বলেন, রাজ্যের মানুষের সার্বিক উন্নয়নের কথা বলেন তখন এই ১৮ থেকে ২১ বছরের যুবক তারা হেসে বলে—এ কি কথা শুনি মন্থরার মুখে। স্যার, প্রতিবারের বাজেট বক্তৃতায় উনি নূতন মোড়কে নিত্য নূতন কথা বলে পশ্চিমবাংলার মানুষকে ২১ বছর ধরে ধোঁকা দিয়ে আসছেন। বাস্তবটা কি, অসীমবাবু রাস্তা দিয়ে ঘোরেন কিনা জানি না, তিনি পদযাত্রায় চলেন কিনা জানি না, গাড়ি ছাড়া তো কমরেডরা চলতে পারেন না।

[3-50 — 4-00 p.m.]

আমাদের প্রতি মুহূর্তে মানুষের কাছে জবাবদিহি করতে হয়, যে কোন রাজত্বে আমরা বাস করছি। পরিসংখ্যান দিয়ে দিয়ে অনেক কথা উনি বলেন, তবে দুটি কথা আমরা ওনার মুখে শুনে আসছি কয়েক বছর ধরে, এক হচ্ছে শিল্পায়নের কথা, আরেকটি হচ্ছে ভূমিসংস্কার। এই একই ঢাক বাজানো হচ্ছে প্রতি বছর। যত পারসেন্ট জমি দখল করা হয়েছে, যত পারসেন্ট জমি গরিব মানুষের কাছে বিলি করা হয়েছে এবং যত পারসেন্ট কৃষক উপকৃত হয়েছে তাতে দেখা যাচ্ছে সারা পৃথিবীর মধ্যে এত জমি নেই যা ওরা বন্টন করেছে। স্যার শিল্পায়নের কথা আমরা শুনি, উনি বলেছেন সর্বভারতীয় ক্ষেত্রের যে গড় শিল্পায়ন বৃদ্ধির হার ৮.৪, সেখানে পশ্চিমবাংলায় ৯.২ বৃদ্ধি পেয়েছে। স্যার উনি ১৯৯৭-৯৮ সালে বাজেট বক্তৃতাতে বলেছিলেন ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত শিল্প প্রকল্প অনুমোদন পেয়েছে ১৪০৬টি। আবার ১৯৯৮ সালের বাজেট বক্তৃতাতে বলছেন ১৯৯১ থেকে ১৯৯৭ পর্যন্ত ১,৩০৩ টি শিল্প প্রকল্প অনুমোদন পেয়েছে। অর্থাৎ ১৯৯৭ সালে ১৯৭টি নতুন শিল্প অনুমোদন পেয়েছে। যে প্রকল্পগুলো অনুমোদন পেয়েছে তাতে মুলধনী বিনিয়োগ হয়েছে ৩১,৫৮৭ কোটি টাকা, আবার ১৯৯৮ সালের বাজেট বক্তৃতায় বল্‌ছেন ১৬০৩টি প্রকল্পের জন্য মূলধনী বিনিয়োগের পরিমাণ হচ্ছে ৪৩,১০০ কোটি টাকা। ১৯৯৭ সালে নতুন যে ১৯৭টি শিল্প অনুমোদন পেয়েছে তার মূলধনী বিনিয়োগের পরিমাণ হচ্ছে ১১,৫৭৩ কোটি টাকা। তার মানে ১৯৯৭ সালে মূলধনী গড় পড়তার হিসাবের পরিমাণ হচ্ছে ৫৮.৭৪ কোটি টাকা। পাশাপাশি ১৯৯৭ সালের বক্তৃতায় উনি বলছেন, শিল্প প্রকল্পের কাজ শুরু হয়ে গিয়েছে, ১৯৯১-১৯৯৬ সাল পর্যন্ত যেগুলো অনুমোদন পেয়েছে তার মধ্যে ২১৪টি শিল্প প্রকল্পের কাজ শুরু হয়েছে এবং মূলধনী বিনিয়োগের পরিমাণ হচ্ছে ৬,৭২৮ কোটি টাকা। ১৯৯৮ সালের বাজেট বক্তৃতায় আবার বলছে ১৯৯১-১৯৯৭ সাল পর্যন্ত শিল্প প্রকল্পের কাজ শুরু হয়েছে ২৫৩টি এবং বিনিয়োগের পরিমাণ হচ্ছে ৭,২৬৪ কোটি টাকা। হিসাব বলছে ১৯৯৭ সালে নতুন ৩৯টি শিল্প প্রকল্পর কাজ শুরু হয়ে গিয়েছে। এই জাগলারি মাননীয় অর্থমন্ত্রী কেন করছেন। যে শিল্প প্রকল্পগুলো অনুমোদন পেয়েছে তার গড় পড়তা মূলধনী হিসাব হল ৫৮.৭৪ কোটি টাকা, সেখানে দেখা যাচ্ছে যে শিল্পগুলো ১৯৯৭ সালে চালু হল তার গড় পড়তা মূলধনী বিনিয়োগের পরিমাণ হল মাত্র ১৩.৭২ কোটি টাকা।

অসীমবাবু তার ১৯৯৭ সালের বাজেট বক্তৃতায় বলেছেন, ২১৪টি নতুন প্রকল্পের কাজ শুরু হয়েছে, ৬,৭২৮ কোটি টাকার মূলধন বিনিয়োগ হয়েছে এবং ১৯,৯৪৩ জন মানুষের কর্মসংস্থান হয়েছে। কিন্তু '৯৮ সালের বাজেট বক্ততায় বললেন ৩৯টি নতুন প্রকল্পের শুরু হয়েছে। '৯৭ সালে ৫২৭ কোটি টাকা মূলধন বিনিয়োগ হয়েছে, কিন্তু

কতজন লোকের কর্মসংস্থান হয়েছে, তা বলেননি। দয়া করে, এই ৫২৬ কোটি টাকার মূলধন বিনিয়োগ এবং ৩৯টি নতুন প্রকল্প চালু হওয়ার ফলে কতজন মানুষ কাজ পেয়েছেন, তার হিসাবটা আপনি জবাবি ভাষণে দেবেন।

স্যার, উনি বলেছিলেন, ৯৬-৯৭ সালে ৭৬টি শিল্প-প্রকল্পের রূপায়ণের কাজ চলছে, মূলধন বিনিয়োগের পরিমাণ ১,৮০০ কোটি টাকা। এবারে বাজেট বক্তৃতায় বললেন ৮৪টি নতুন শিল্প রূপায়ণের কাজ চলছে, মূলধন বিনিয়োগের পরিমাণ ১০ হাজার ৫৯ কোটি টাকা। এই দুই বছরের হিসেব থেকে দেখা যাচ্ছে, ৯৭ সালে নতুন করে ৮টি শিল্পের রূপায়ণের কাজ শুরু হয়েছে, মূলধন বিনিয়োগের পরিমাণ ৮,২৫৯ কোটি টাকা। অসীমবাবু দয়া করে আপনার জবাবি ভাষণে দয়া করে বলবেন এই শিল্পগুলির নাম কি এবং তাতে মূলধনের বিনিয়োগের পরিমাণ কত।

শিল্পায়নের পাশাপাশি আর একটি কথা বারবার শুনি—একটু আগে মাননীয় সদস্যা কুমকুম দেবীও বললেন—ভূমি সংস্কারের মাধ্যমে ৬৯ শতাংশ জমি গরিব কৃষকদের মধ্যে বন্টন করা হয়েছে। ভাল কথা। কিন্তু যে-কথা অসীমবাবু তার ৯৭ সালের বাজেট বক্তৃতায় বলেছেন যে, ভূমি সংস্কারকে ভিত্তি করে এবং উৎপাদন বৃদ্ধিতে এই রাজ্যের গ্রামাঞ্চলে প্রতি বছর আয় ৩০ হাজার কোটি টাকা অতিক্রম করে গেছে এবং এই আয় থেকে প্রতি বছর ৯ হাজার কোটি টাকার শিল্প-পণ্যের চাহিদা সৃষ্টি হয়েছে।

অসীমবাবু ৯৮ সালের বাজেট বক্তৃতায় কি বলেছেন? ৭৬-৭৭ সালে যেখানে দৈনিক মজুরি ছিল ৫.৩৬ পয়সা, ৮৬ সালে ১৩.৭৬ পয়সা, সেখানে ৯৬-৯৭ সালে ৩৯.৪১ পয়সা। স্যার, গড়পড়তা যদি মাসিক এক হাজার টাকা করেও ধরা হয় ইনকাম ক্ষেত-মজুরদের, কৃষকদের ক্ষেত্রে, আমরা কি দেখছি? ৩০ হাজার টাকা রোজগার হয়েছে।

[4-00 — 4-10 p.m.]

আর ১৯৯৭ সালে যেখানে ৩৫ হাজার কোটি টাকা রোজগার হয়েছে, তো ১ কোটি মানুষকে যদি ১ হাজার কোট টাকা করে বেতন দিতে বছরে ১২ হাজার কোটি টাকা লাগে, তো ৩৫ হাজার কোটি টাকা যদি গ্রামের মানুষের রোজগার হয়, তাহলে ৩ কোটি মানুষের কর্মসংস্থান গ্রাণে হয়ে যায়। তাহলে পশ্চিমবাংলায় তো আর বেকার থাকার কথা নয়। তাই এই হিসাব উনি কোথা থেকে পেলেন। (এই সময় মাইক অব হয়ে যায়)।

(At this stage, Shri Lahiri was seen still speaking though the microphone line was disconnected.)

(Noise from Congress benches)

**Mr. Deputy Speaker :** Mr. Lahiri, please take your seat.

(At this stage Shri Lahiri took his seat.)

**শ্রী হাফিজ আলম সেইরানী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৩ তারিখে এই সভায় অর্থমন্ত্রী আগামী বছরের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, এবং তার বাজেট বিবৃতির দৃঢ়তার সঙ্গে এখানে পাঠ করেছেন, তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং তার সঙ্গে সঙ্গে দু-চারটি কথা বলছি। এক নাম্বার স্যার, অর্থমন্ত্রী তার বাজেট বিবৃতিতে বলেছেন যে, উত্তরবঙ্গের ৫টি অবহেলিত জেলায় সামগ্রিক উন্নয়নের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ গঠন করা হবে এবং ঠিক অনুরূপভাবে পশ্চিমবঙ্গের পশ্চিমাঞ্চলে একটা উন্নয়ন পরিষদ গঠন করা হবে। তারপর তিনি বলেছন যে, গ্রামীণ বৈদ্যুতিকরণ খাতে তিনি ১০০ কোটি টাকা দিয়েছেন এবং এটা শুধু দেননি, এই গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের কাজ যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হয়, তারজন্য একটা বিদ্যুৎ নিগম তিনি গঠন করেছেন। তারপর তিনি বলেছেন যে, যে সমস্ত কৃষক বিদ্যুৎ ব্যবহার করে, তাদের যা বিদ্যুতের মূল্য হবে, যেই মূল্যের উপর ২০ শতাংশ ছাড় দেবেন। শুধু এই কথা বলেই তার বাজেট বিবৃতি শেষ করেননি, তিনি আরও পশ্চিমবঙ্গের মানুষকে আশ্বাস দিয়েছেন যে দারিদ্র্যসীমার নিচে যে সমস্ত মানুষ আছে, পশ্চিমবঙ্গে সীমিত অর্থনৈতিক ক্ষমতার মধ্য দিয়েই অন্তত পক্ষে বছরে ৬ মাস অর্ধেক দামে ১০ কেজি করে চাল দারিদ্র্যসীমার মানুষকে দেওয়ার জন্য প্রস্তাব তিনি রেখেছেন। তিনি আরও প্রস্তাব রেখেছেন যে, উৎসবের সময় গরিব মানুষের সহায়তায় যাতে জামাকাপড় দেওয়া যায়।

সব থেকে বড় জিনিস যে এই বাজেট এর উপর গুরুত্ব আরোপ করেছেন সেটা হচ্ছে বেশির ভাগ মিডল ক্লাস, সাধারণ মানুষ, এবং দরিদ্র মানুষ শ্রমজীবী মানুষ যে সমস্ত দ্রব্যাদি ব্যবহার করেন তার উপর যথাযথভাবে গুরুত্ব আরোপ করে সেই সমস্ত জিনিসের উপর তিনি কর ছাড় দিয়েছেন। আজকে যে জিনিসটার অভাব আমরা সব জায়গায় লক্ষ্য করি, প্রশাসনের বিভিন্ন জায়গায় লক্ষ্য করি, সেই জিনিসটার উপর অর্থমন্ত্রী যথাযথ গুরুত্ব দিয়েছেন। তার বাজেট বিবৃতিতে তিনি বলেছেন সরকারি সমস্ত স্তরে সমস্ত দপ্তরের মধ্যে অ্যাকাউন্টেবিলিটি এবং ট্রান্সপারেন্সি আনার জন্য চেষ্টা করবেন। এই সমস্ত কারণের জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি। আমি অনুরোধ করব বিরোধী দলের বন্ধুদেরও এই বাজেট সমর্থন করতে। কিন্তু তারা এই বাজেট সমর্থন করতে পারবেন না যেহেতু তারা বিরোধী বেঞ্চে বসে আছেন। গতকাল এই বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য পঙ্কজবাবু বলেছেন কতগুলো পরিসংখ্যান দিয়ে এবং এই বাজেটের সমালোচনা করেছেন। বলেছেন শিক্ষা,

স্বাস্থ্য, কৃষি অর্থাৎ সামগ্রিক ক্ষেত্রে কোনোই উন্নতি হয়। আমি এইসব ক্ষেত্রে পরিসংখ্যান দিয়ে বলছি। তিনি বলেছেন হাসপাতালের সংখ্যা একটাও বাড়েনি। ৭৫ সালে তখন হাসপাতাল ছিল কত? হাসপাতালের সংখ্যা ছিল ৩০৪, ক্লিনিকের সংখ্যা ছিল ৬৮৪, আর হেলথ সেন্টারের সংখ্যা ছিল ৯০২। আর আমাদের সময়ে, ৯১ সালে যদি আমরা দেখি তাহলে দেখব যে হাসপাতালের সংখ্যা হয়েছে ৪০৫, ক্লিনিকের সংখ্যা হয়েছে ২ হাজার ৬৪১ আর হেলথ সেন্টারের সংখ্যা হয়েছে এক হাজার ২৬৬। তাদের সময়ে হাসপাতালের বেডের সংখ্যা ছিল ৪৬ হাজার ৯৩৯ আর আমাদের সময়ে বেডের সংখ্যা ৬৯ হাজার ৩২১। অর্থাৎ বেডের সংখ্যা বেড়েছে। ৭১ সালের সেন্সাস অনুযায়ী তখনকার জনসংখ্যা দিয়ে যদি তখনকার বেড সংখ্যাকে ভাগ করা যায় তাহলে দেখা যাবে পশ্চিমবাংলার ৯৪৫ জন মানুষের জন্য ১টি করে বেড ছিল। আর আমাদের সময়ে পশ্চিমবাংলার যে জনসংখ্যা ৯১ এর সেন্সাস রিপোর্ট অনুযায়ী সেই জনসংখ্যাকে যদি বেড সংখ্যা দিয়ে ভাগ করা যায় তাহলে দেখা যাবে ৮৮৪ জন মানুষের জন্য একটা করে বেড। অর্থাৎ চিকিৎসার সুবিধা আমরা বাড়াতে পেরেছি। তিনি বলছিলেন যে শিক্ষার ক্ষেত্রে কোনও উন্নতি হয়নি। তিনি বলছিলেন যে প্রাইমারি, মাধ্যমিক, হায়ার সেকেন্ডারি স্কুলের সংখ্যা বাড়েনি। সব সংখ্যাই কমেছে। তাদের সময়ে প্রাইমারি স্কুল, জুনিয়র বেসিক স্কুলের সংখ্যা ছিল ৪০ হাজার ৭৪০, জুনিয়র হাইস্কুল ছিল ৩ হাজার ১৪৫, হাই স্কুল, হায়ার সেকেন্ডারি স্কুলের সংখ্যা ছিল ৪ হাজার ৫৫৬। আর আমাদের সময়ে প্রাইমারি স্কুলের সংখ্যা ৫১ হাজার ৫২১ জুনিয়র হাইস্কুলের সংখ্যা ৫১ হাজার ৫২১ জুনিয়র হাইস্কুলের সংখ্যা ২ হাজার ৭৭৫, হাইস্কুল আর হায়ার সেকেন্ডারি স্কুলের সংখ্যা ৭ হাজার ৯২২ অর্থাৎ তাদের শিক্ষা প্রতিষ্ঠানকে যোগ করে।

[4-10 — 4-20 p.m.]

১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৪,৮৪৪টি, আর ১৯৯৭ সালের পরিসংখ্যান অনুযায়ী সব শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে যোগ করলে হয় ৬১,৮১৮টি। অর্থাৎ শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। তার মানে শিক্ষার যে সম্প্রসারণ দরকার ছিল সেটা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার করতে পেরেছে। তার পর তিনি বললেন খাদ্য-শস্যে উন্নতি ঘটেনি। কিন্তু পরিসংখ্যান বলছে ১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদন হয়েছে ৮২ লক্ষ টন, আর ১৯৯৫-৯৬ সালে হয়েছে ১২৮.৮৬ লক্ষ টন, অর্থাৎ পশ্চিমবঙ্গে খাদ্যশস্য বেড়েছে। তিনি বলেছিলেন রাস্তাঘাটের উন্নতি হয়নি, আমরা দেখছি ১৯৭৫ সালের মার্চ মাস পর্যন্ত যে পরিসংখ্যান আছে তার ভিত্তিতে দেখছি তাদের সময় পাকা রাস্তা ছিল ১৫,৭৯২ কিঃমিঃ, আর এখন ১৯৯৭ সালের মার্চ মাসে পাকা রাস্তার পরিমাণ হল ১৮,৫২৩ কিঃমিঃ, অর্থাৎ আমাদের এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পশ্চিমবঙ্গে ২,৭৩১

কিঃ মিঃ পাকা রাস্তা বামফ্রন্ট সরকার তৈরি করতে পেরেছে। তাই বলছি যদি কেউ এই বাজেটের সমালোচনা করেন তাহলে আমি বলব বামফ্রন্ট সরকারের সমালোচনা করার জন্যই তারা বাজেটের সমালোচনা করছেন। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে কিছু জটিলতা আছে, সেই জটিলতাগুলির প্রতি আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি চাইল্ড সেন্টার ১ হাজারটি করবেন, গত আর্থিক বছরে ১ হাজার চাইল্ড সেন্টার করা হয়েছে। সেই সমস্ত চাইল্ড সেন্টারে যারা শিক্ষকতা করে, এই শিশু শিক্ষা প্রতিষ্ঠানে যে সব মহিলারা শিক্ষকতা করেন সাধারণ ভাবে তাদের যোগ্যতা হচ্ছে মাধ্যমিক পাশ এবং এদের বয়স ৪০ বছর। এই রকম অনেক ব্লক আছে পশ্চিমবঙ্গে যেখানে শিক্ষার হার কম, যেমন আমার গোলপোখার এক এবং দু নম্বর ব্লক যেখানে সর্বমোট শিক্ষার হার হচ্ছে ১৪ পারসেন্ট আর মহিলাদের ক্ষেত্রে ৫ পারসেন্টেরও কম, সেই রকম স্থানে চাইল্ড সেন্টার স্থাপন করে এবং মাধ্যমিক পরীক্ষায় পাশ করা মহিলা খুঁজে পাওয়া যাবে না। সেই জন্য এই ব্যাপারটা আপনাকে দৃষ্টি দিতে বলব আর বয়সের ব্যাপারে বলব যে কোনও বয়সি মহিলার জন্য এটা করতে, এইভাবে যদি নিয়োগ করা যায় তাহলে ভাল হয়। তার পর সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য আপনি আপনার বাজেটে সেই সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের উন্নতির জন্য ওয়েস্ট বেঙ্গল মাইনোরিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠন করেছেন এবং আপনার বাজেটে ইকুইটি বলতে ২.৫ কোটি টাকা দেওয়া হয়েছে, এ ছাড়াও ৭.৫০ কোটি টাকা আপনি অনুদান রূপে এই কর্পোরেশনকে দিয়েছেন।

এ ব্যাপারে আমাদের কোনও দ্বি-মত নেই। আমি মনে করি, এর মাধ্যমে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের কিছুটা সমস্যার সমাধান হবে। আজকাল সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষিত ছেলে-মেয়েদের মধ্যে একটা ডাউট প্লে করছে। সেটা হচ্ছে, তারা যখন কোনও চাকরিতে রিক্রুটমেন্ট হওয়ার জন্য ইন্টারভিউ দিতে যান তখন দেখা যায় ইচ্ছাকৃত ভাবে তাদের ডিপ্রাইভ করা হচ্ছে। তাদের এই সন্দেহ কতটা সত্য বা মিথ্যা আমি সেই আলোচনায় যাচ্ছি না। কিন্তু সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের মধ্যে যাতে এই রকমের কোনও সন্দেহ দানা বাঁধতে না পারে সেটা দেখা দরকার। এবং সেই জন্য আমি আবেদন করব, পশ্চিমবাংলার রিক্রুটমেন্ট বোর্ডে একজন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ রাখা হোক। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত আর্থিক বছরে পশ্চিমবাংলায় সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য মাদ্রাসা শিক্ষার ব্যবস্থা যথাযথভাবে করেছেন। কিন্তু দুটো জেলা, উত্তর দিনাজপুর এবং কোচবিহার জেলা এই সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। সেখানে গত বছরে একটাও জুনিয়র, হাই, সিনিয়র হাই মাদ্রাসা করা যায়নি। গত বছর যেটা করা যায়নি সেই ঘাটতি ধরে আগামী বছরে আরও বেশি জুনিয়র, হাই, সিনিয়র হাই মাদ্রাসা করার আবেদন রাখছি।

এবারে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন সম্বন্ধে আমি কিছু বলতে চাই। এক্ষেত্রে কিছু জটিলতা আছে। এ জন্য যে টাকা দেওয়া হয় সেই টাকা জেলা-পরিষদকে দেওয়ার পর জেলা পরিষদ ব্লকগুলো থেকে রিকয়ারমেন্ট চায়। কিন্তু যে রিকয়ারমেন্ট থাকে তা জেলাপরিষদ দিতে পারে না। ফলে তখন একটা জটলতার সৃষ্টি হয়। অনেক সময় দেখা যায়, যে স্থান পর্যন্ত ইলেক্ট্রিক গেছে তার পর ২/৩ কিঃ মিঃ ইলেক্ট্রিক নিয়ে যাওয়া হয়েছিল কিন্তু যেখানে আগে আলো ছিল তার পার্শ্ববর্তী এলাকাকে ইলেক্ট্রিফায়েড করা হচ্ছে না। পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে কিছু স্বার্থান্বেষী মানুষ যাতে এটা করতে না পারে তার ব্যবস্থা আশা করি করবেন।

কর্মহীন শ্রমিকদের ব্যাপারে যে ভাতার কথা বলা হয়েছে সে ব্যাপারে আমার ডাউট আছে। কারণ ইতিমধ্যে আমাদের বামফ্রন্ট সরকার বেকার যুবকদের জন্য বেকার ভাতার ব্যবস্থা করেছিলেন এবং তার জন্য ১৭ কোটি টাকা খরচ করেছিলেন। কিন্তু আমরা পরে অনুভব করলাম ঐ ভাতা দিয়ে বেকারদের সমস্যার সমাধান করা যায়নি, তাদের কোনও লাভ হয়নি। তাই সেই বেকার ভাতা সিস্টেম তুলে দেওয়া হ'ল, তা আর দেওয়া হয় না। একটা সিস্টেম ইন্ট্রোডিউস করার আগে ভালভাবে চিন্তা করে করতে হবে। এটা পশ্চিমবাংলার জনগণের টাকা, আমাদের টাকা নয়। তাই সেই টাকা যাতে ঠিক জায়গায়, যথাযথ ভাবে ব্যায়িত হয় সেটা দেখতে হবে।

আজকে লেবার ডিপার্টমেন্ট থেকে একটা পরিসংখ্যান সংগ্রহ করলাম। পশ্চিমবাংলায় চারটে জুট মিল বন্ধ আছে। তার কর্মী সংখ্যা ১০ হাজার। ঐ ১০ হাজার শ্রমিককে যদি ৫০০ টাকা করে দেওয়া হয় তাহলে বছরে ৫০ লক্ষ টাকা খরচ হবে। এই রকম আরও শ্রমিক আছে। সবাইকে যদি দেন অনেক অনেক টাকা খরচ হবে। কিন্তু টাকা দিয়ে তাদের আদৌ কোনও সাহায্য করা হবে কি না সেটা আমাদের দেখতে হবে।

[4-20 — 4-30 p.m.]

যদি সাহায্য না করে তাহলে, এর আগে আর. এস. পি. দলের পক্ষ থেকে এখানে একজন যথাযথ বক্তব্য রেখেছিলেন, তার প্রস্তাবকে আমি সমর্থন করছি। তিনি বলেছেন কর্মহীন শ্রমিকদের ৫০০ টাকা করে ভাতা দিলে বছরে ৬ হাজার টাকা খরচা হবে। তার থেকে আরও কিছু টাকা দিয়ে তাদেরকে অন্য কোনও কাজে লাগাতে পারলে তাদের সুষ্ঠু জীবন-যাপনের ব্যবস্থা করা যাবে—এটা ভাবার জন্য আমি আপনাকে অনুরোধ করব। আমাদের এখানে বাজেটে, কৃষকরা যে ইলেক্ট্রিসিটি ব্যবহার করে সেই ইলেক্ট্রিসিটির দামের উপর ২০ পারসেন্ট ছাড় দেওয়ার ব্যবস্থা করেছেন মাননীয় অর্থমন্ত্রী। এই প্রস্তাবকে আমি ধন্যবাদ জানাই। কিন্তু পশ্চিমবঙ্গের বেশির ভাগ কৃষকরা জমিতে

সেচের কাজের জন্য ইলেক্ট্রিসিটির চেয়ে ডিজেলই বেশি ব্যবহার করে। সুতরাং যে সমস্ত কৃষকরা সেচের কাজের জন্য ইলেক্ট্রিসিটি ব্যবহার করেন তাদেরকে আমরা ছাড় দেওয়ার ব্যবস্থা করলাম, আর যে সমস্ত কৃষকরা সেচের কাজের জন্য ডিজেল ব্যবহার করেন সেই সমস্ত কৃষকদের আমরা ছাড় দিলাম না—তাহলে এই দুটো ব্যবস্থার মধ্যে ডিসপ্যারিটি থেকে গেল। সেজন্য আমি অনুরোধ করছি মাননীয় অর্থমন্ত্রীকে যে, আপনি, যে সমস্ত কৃষকরা ইলেক্ট্রিসিটির সাহায্যে জমিতে জলসেচের ব্যবস্থা করছেন তাদের যেমন ইলেক্ট্রিসিটির দামের উপর ছাড় দেওয়ার ব্যবস্থা করেছেন তেমনি যে সমস্ত কৃষকরা ডিজেলের সাহায্যে জমিতে জলসেচের ব্যবস্থা করেন তাদেরও ডিজেলেরও দামের উপর আপনি ছাড় দেবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং কাট-মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত এখানে ২৩শে মার্চ যে বাজেট বিবৃতি পাঠ করেছেন আমি তার বিরোধীতা করছি এবং কংগ্রেস দলের আনীত কাট-মোশনকে সমর্থন করে আমি গুটিকয়েক বক্তব্য এই বিধানসভায় রাখতে চাই। আমি এই বাজেট বিবৃতি পড়ে কিছুই বুঝতে পারছি না। যে কেন এটা পাঠ করা হল? কারণ গত বছরও তিনি বাজেট বক্তৃতা দিয়েছিলেন, বাজেট বিবৃতি পাঠ করে শুনিয়েছিলেন, এবারেও তিনি বাজেট বিবৃতি পাঠ করেছেন। মাননীয় প্রত্যেক সদস্যই বলেছেন যে, মাননীয় অর্থমন্ত্রী পন্ডিত ব্যক্তি। সেই পন্ডিত ব্যক্তির বিরুদ্ধে কথা বলতে গেলে একটু মেপে বলতে হয় ঠিকই। কিন্তু হাউসে একটা কথা পরিষ্কার করে জানতে চাইছি যে, সেটা হল, প্রকাশ্য দিবালোকে একটা মানুষকে খুন করে তারপর বিচারে যদি সে বেকসুর খালাস হয়ে যায়, তাহলে প্রশ্ন থেকে যায় বিচারক ঠিক করলেন না। অনেক ক্ষেত্রে দেখা যায় যে, যে প্রকৃত দোষী নয় সেরকম লোকও জেল খাটে। তখন মানুষের প্রশ্ন থাকে বিচার ঠিক হল না। আবার অনেক ক্ষেত্রে দেখা যায় একটা মানুষ খুন করল এবং বিচারক তাকে সাজা দিলেন। তার মানে কোনও অবস্থার মধ্যে দিয়ে বলতে পারা যাবে না যে, বিচারক পক্ষপাতিত্ব করলেন। আইনটাকে কেনাবেচা হল না। কিন্তু সাধারণ মানুষের প্রশ্ন থাকবে যে, যেখানে যুক্তি ছিল সেখানে বাস্তবতা ছিল না, আর যেখানে বাস্তবতা ছিল সেখানে যুক্তি ছিল না। আর যা ছিল সেটার যুক্তি ও বাস্তবতা দুই-ই ছিল—এটা সর্ব স্তরের মানুষ মেনে নিয়েছিলেন।

ঠিক তেমন করে অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিতে যুক্তি থাকতে পারে, কিন্তু বাস্তবের সঙ্গে তার কোনও মিল নেই। তাই আজকে অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির তীব্র প্রতিবাদ করে গুটি কয়েক বক্তব্য এখানে নিবেদন করছি। উনি ওর বাজেট বিবৃতির ২৬ নং পাতায় ৩.২৫ অনুচ্ছেদে বলেছেন, 'উচ্চশিক্ষার ক্ষেত্রে, যে জেলাগুলিতে কোনও ইঞ্জিনিয়ারিং

কলেজ নেই, তার প্রত্যেকটি জেলাতে একটি করে নতুন ধরনের ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের প্রস্তাব আমি রাখছি, যেখানে কিছু সরকারি অনুদান থাকবে, অধ্যাপকেরা নিযুক্ত হবেন দায়বদ্ধতার ভিত্তিতে।' স্যার, গতবারের তুলনায় মাত্র ১৮ কোটি টাকা বরাদ্দ বৃদ্ধির মধ্যে দিয়ে মাননীয় অর্থ মন্ত্রী উচ্চশিক্ষার কি উন্নতি ঘটাবেন তা আমি বুঝতে পারছি না। এই বরাদ্দ বৃদ্ধির মধ্যে দিয়ে রাজ্যের শিক্ষা জগতের যে বিরাট বিরাট সমস্যাগুলো রয়েছে তার কি সমাধান তিনি করবেন, তা আমরা জানি না। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এ রাজ্যে শিক্ষার মান দিন দিন কমে যাচ্ছে। শিক্ষার ক্ষেত্রগুলোয় যে পরিকাঠামো এবং সাজসরঞ্জামের দরকার তা রাজ্য সরকার দিতে পারছেন না। শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় রাজ্য সরকার শিক্ষার সহায়ক সাজ-সরঞ্জাম নিয়মিত সরবরাহ করতে পারছে না। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলো বঞ্চিত হচ্ছে, ছাত্র-ছাত্রীরা উপযুক্ত শিক্ষালাভের সুযোগ পাচ্ছে না। স্কুল কলেজের লাইব্রেরি লেবোরেটরিগুলিকে রক্ষা করা সম্ভব হচ্ছে না। যে সমস্ত বিদ্যালয়ের বাড়ি-ঘর পুরনো হয়েছে, সে সমস্ত ভেঙে পড়ছে, তা রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নেই। সম্প্রসারণ তো হচ্ছেই না, যেগুলো আছে সেগুলোও রক্ষা করা সম্ভব হচ্ছে না। কারণ রাজ্য সরকার উপযুক্ত পরিমাণ আর্থিক সাহায্য দিতে পারছেন না। আমরা লক্ষ্য করছি দিন দিন ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, অথচ অ্যাকোমোডেশনের কোনও ব্যবস্থা নেই। এই পরিস্থিতিতে গোটা শিক্ষা জগৎ মার খাচ্ছে পশ্চিমবাংলায়। অথচ এ ব্যাপারে আমরা রাজ্য সরকারের কোনও ভূমিকাই লক্ষ্য করছি না। এই পরিস্থিতিতে মাননীয় অর্থমন্ত্রী গতবারের তুলনায় মাত্র ১৮ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করে প্রতিটি ইঞ্জিনিয়ারিং কলেজ-বিহীন জেলায় একটা করে নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ করার কথা বলছেন। এটা আমাদের কাছে হাস্যকর বলে মনে হচ্ছে। তারপর মাননীয় অর্থমন্ত্রী ৩.২৬ নং অনুচ্ছেদে জনস্বাস্থ্যের কথা বলেছেন। এই প্রসঙ্গে তিনি বলেছেন—'আগামী বছর থেকে দায়বদ্ধতাকে তীক্ষ্ণ করার জন্য ৩৪১টি নতুন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রকে পঞ্চায়েত সমিতির তত্ত্বাবধানে আনা হবে, যেখানে চিকিৎসক ও চিকিৎসা-কর্মী নিযুক্ত হবেন চুক্তির ভিত্তিতে এবং চুক্তি নবীকরণ হবে দায়বদ্ধতার নিরীখে।' এই প্রসঙ্গে আমি মাননীয় অর্থমন্ত্রীকে আবার বলছি, আপনি আপনার বাজেটে গতবারের তুলনায় মাত্র ১৮ কোটি টাকার বরাদ্দ বৃদ্ধি করেছেন, তা দিয়ে কিভাবে কি করবেন, দয়া করে আমাদের একটু জানাবেন। বর্তমানে গ্রামগঞ্জে যে প্রাইমারি হেলথ সেন্টার, সাবসিডেয়ারি হেলথ সেন্টারগুলো আছে সেগুলো বর্তমানে কি অবস্থার মধ্যে দিয়ে চলছে, সে বিষয়ে কি আপনার কাছে কোনও সংবাদ আছে? এমন অনেক হেলথ সেন্টার আছে, যেগুলোর কনস্ট্রাকশন ওয়ার্ক শেষ হবার পর একজন ডাক্তার, একজন জি. ডি. এ. বা একজন হেলথ অ্যাসিস্ট্যান্ট দিয়ে চালু করা হয়েছিল। সেই সমস্ত কর্মচারিরা সেখান থেকে বদলি হয়ে যাবার পরে আর কোনও কর্মচারী সেসব হেলথ

সেন্টারে যায়নি। সেগুলো বন্ধ হয়ে পড়ে আছে। লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যয় করে যে হাসপাতালগুলো ইতিপূর্বে চালু করা হয়েছিল সেগুলোই যখন চালু রাখতে পারছেন না তখন আবার কি করে নতুন হাসপাতাল চালু করার কথা বলছেন, তা আমি বুঝতে পারছি না। আপনি বলেছেন, পঞ্চায়েত সমিতির তত্ত্বাবধানে নতুন স্বাস্থ্য কেন্দ্র করবেন। খুব ভাল কথা। সাধারণ মানুষের নিঃসন্দেহে তাতে উপকার হবে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী, ২০ বছর পার করে, ২১ বছরে পড়ে আপনারা এই ভাবে হাসপাতাল করতে চাইছেন। তবে এটা আমি কখনও অস্বীকার করতে পারব না যে, প্রয়োজনের ভিত্তিতে কম হলেও সাবিসিডিয়ারি হেলথ সেন্টার থেকে আরম্ভ করে, প্রাইমারি হেলথ সেন্টার ইত্যাদি অনেক উদ্বোধন করেছেন। নতুন নতুন বিল্ডিংস করেছেন।

[4-30 — 4-40 p.m.]

নতুন বিল্ডিং তৈরি করছেন কিন্তু এই বিধানসভায় দাঁড়িয়ে পরিষ্কারভাবে আমি বলতে চাই যে গ্রামে যে সব হাসপাতাল তৈরি হয়েছিল সেখানে ঔষুধের ব্যবস্থা নেই, ঘরগুলি ভেঙ্গে পড়ছে, ডাক্তার নেই, স্টাফ নেই এই হচ্ছে অবস্থা। আবার নতুন করে যে বরাদ্দ করেছেন তাতে হয়ত কিছু হাসপাতাল হবে কিন্তু যে সেবা ও চিকৎসার জন্য হাসপাতাল সেই চিকৎসা ও সেবা সেখানে গ্রামের মানুষ পাবেন না। তারপর আপনি সেচের উন্নয়নের ব্যাপারে বলেছেন যে কৃষির উন্নয়নের জন্য সেচ ব্যবস্থার সম্প্রসারণের জন্য অতিরিক্ত কিছু বরাদ্দ করেছেন। আমি '৮৭ সাল থেকে বাজেট বিতর্কে অংশ নিয়ে একই ক্যাসেট বার বার বাজিয়ে যাচ্ছি কিন্তু না শোনেন মন্ত্রী, না শোনেন সরকার, না শোনেন সরকারের প্রতিনিধিরা। কাগজে কলমে আমরা দেখি যে বরাদ্দ হয়েছে কিন্তু বছরের শেষে দেখা যায় বাজেট বরাদ্দ যা হয়েছিল তা খরচও হয় না এবং পরিপূর্ণভাবে পরিকল্পনা বাস্তবায়িতও হয় না। অর্থাৎ কাগজে কলমে শুধু বরাদ্দ থেকে যায় কাজের কাজ কিছু হয় না। এইভাবে সারা পশ্চিমবঙ্গে কৃষি, সেচ মার খাচ্ছে, বেকাররা মার খাচ্ছে, রুগ্নশিল্পগুলি আরও রুগ্ন হয়ে পড়ছে। আর এই সবের মাধ্যমেই রাজ্য সরকারের ব্যর্থতা প্রকট হয়ে উঠছে। কাজেই স্যার, মাননীয় অর্থমন্ত্রী গত ২৩শে মার্চ যে বাজেট পেশ করেছেন তার তীব্র বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাট মোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করছ। স্যার, কিছুক্ষণ আগে পার্লামেন্টে কনফিডেন্স মোশনের উপর যে আলোচনা হচ্ছে তা শুনছিলাম। সেখানে শ্রী জর্জ ফার্নান্ডেজ বক্তৃতা দিতে গিয়ে একটা পরিসংখ্যান দিচ্ছিলেন যে ভারতবর্ষে কত সংখ্যক মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করে এবং ভারতবর্ষে কত সংখ্যক মানুষ উদ্বৃত্ত

অর্থাৎ অর্থনীতির ভাষায় যাদের ফালতু বলা হয় হয় সেই ফালতুতে পরিগণিত হয়েছেন। স্যার, সমগ্র ভারতবর্ষের এই ভেঙ্গে পড়া অর্থনীতির পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করছি। আমি এই বাজেটকে সমর্থন করছি এই কারণে যে সামগ্রিকভাবে সারা দেশের ভেঙ্গেপড়া অর্থনীতির মধ্যে থেকেও তিনি পশ্চিমবঙ্গের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার জন্য একটা প্রচেষ্টা করেছেন। বিগত ৪/৫ টা বাজেটের মধ্যে দিয়ে তিনি ধারাবাহিকভাবে এই প্রচেষ্টা চালিয়ে যাওয়ার ফলশ্রুতি হিসাবে আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবঙ্গের সামনে একটা আর্থিক সম্ভাবনা তৈরি হয়েছে। যেমন ১৯৯৭/৯৮ সালে এখানে কৃষি ক্ষেত্রে ধানের উৎপাদন বেড়ে দাঁড়াবে ১২৮.১৬ লক্ষ টনে, খাদ্যশস্যের উৎপাদন বেড়ে দাঁড়াবে ১৪০.১১ লক্ষ টনে। অন্য দিকে রাজ্যে শিল্পের জ্যও উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিল্পের জন্য যে ১৪৮টি আবেদনপত্র পাওয়া গিয়েছিল তারমধ্যে ৯০টি শিল্প প্রকল্পের কাজ চলছে। যদিও সারা ভারতবর্ষে সামগ্রিকভাবে শিল্পে মন্দা চলছে, পশ্চিমবঙ্গ তার ব্যতিক্রম হতে পারে না, বহু কলকারখানা এখানেও বন্ধ হয়ে যাচ্ছে কিন্তু তবুও তারই মধ্যে এখানে নতুন শিল্প গড়ার প্রচেষ্টা রয়েছে। স্যার, কর্ম সংস্থান একটা বড় ব্যাপার। বেকার সমস্যা তীব্র থেকে তীব্রতর হচ্ছে। সেই দিকে দৃষ্টি রেখে এই বাজেটে কর্মসংস্থানের প্রচেষ্টা নেওয়া হয়েছে। রাজ্যে অতিরিক্ত কর্মসংস্থান গিয়ে দাঁড়াবে ৬.৫৭ লক্ষ-এ। পশ্চিমবঙ্গে নথিভুক্ত বেকারের সংখ্যা ২.৬৮ লক্ষ। ক্রমবর্ধমান বেকার সমস্যার পরিপ্রেক্ষিতে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্যার সমাধানের প্রচেষ্টা নিয়েছেন তাকে সমর্থন জানাতেই হয়। স্যার, মাননীয় অর্থমন্ত্রী সমগ্র ভারতবর্ষের ক্ষেত্রে একটা বিকল্প অর্থনীতির কথা প্রবর্তন করতে চেয়েছেন। এক্ষেত্রে খুব সঙ্গতভাবেই তিনি বলেছেন যে দেশের অর্থনীতির উন্নতি করতে গেলে বিদেশি সহায়তা-আর্থিক সহায়তা গ্রহণ করা হবে, ঋণ সংগ্রহ করা হবে ইত্যাদি সঙ্গে সঙ্গে খুব সঙ্গতভাবেই একজন অর্থনীতিবিদের মতোন তিনি বলেছেন যে অভ্যন্তরীণ সংগ্রহ বাড়াতে হবে।

বিভিন্ন কল্যাণকর নীতির কথা বলতে গিয়ে একটি কথা যা বলেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি। আপনি বিদেশি মূলধন লগ্নিকে আহ্বান করেননি। আমরা জানি, বিদেশি লগ্নি যত বেশি বেশি হবে, দেশের রাজনৈতিক স্বাধীনতা তত ক্ষুন্ন হবে। সেদিক থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, বিদেশি লগ্নিকে এই রাজ্যে আহ্বান না করে অত্যন্ত সাহসিকতার সঙ্গে তার বিরোধিতা করেছেন বলে। আর একটি কথা, মাননীয় অর্থমন্ত্রীর পরিকল্পনার দিকটা দেখে আমার মনে হয়েছে মডার্ন ফুটবল কমপিটিশনের কথা। সাধারণ মডার্ন ফুটবলে ডিফেন্সকে প্রথমে দৃঢ় করা হয়। মাননীয় অর্থমন্ত্রী বামফ্রন্ট এবং শ্রমজীবী মানুষের উপর নির্ভরশীলতার পরিস্থিতি বিচারে মানুষের দিকে লক্ষ্য রেখে বাজেট প্রণয়ন করেছেন। প্রথমে তিনি দারিদ্র্যক্লিষ্ট মানুষ, যাদের সমর্থনের উপর আমরা দাঁড়িয়ে

আছি, তাদের দিকটা দেখেছেন। আলো নেই গ্রামে, তারজন্য স্বল্প মূল্যে কেরোসিন দেবার কথা বলেছেন শহরাঞ্চলের গরিব মানুষদের অল্প দামে জামা-কাপড় দেবার কথা তিনি বলেছেন। এর আগে এই খাতে কোনও বাজেট ছিল না। সঙ্গে সঙ্গে সমাজের দুর্বলতর অংশের মহিলা, আদিবাসী, তফসিলি এবং সংখ্যালঘুদের কর্ম-সংস্থানের দিকে লক্ষ্য দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে দৃষ্টিভঙ্গি—গরিব মানুষদের উন্নয়নের দিকে লক্ষ্য রেখে বাজেট রচনা—তাকে আমি সমর্থন জানাচ্ছি। শিক্ষাক্ষেত্রে একটা নতুন দৃষ্টিভঙ্গির প্রতিফলন আমরা দেখেছি। আমাদের গতানুগতিক যে শিক্ষা-ব্যবস্থা তার মধ্যে থেকেও আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে রাজ্য বাজেটে ইঞ্জিনিয়ারিং শিক্ষার দিকে নজর দেওয়া হয়েছে। ইঞ্জিনিয়ারিং শিক্ষার উন্নতির কথা বলতে গিয়ে তিনি উচ্চকণ্ঠে ঘোষণা করেছেন যে, এই ঔপনিবেশিক শিক্ষা-ব্যবস্থার মধ্যে দিয়ে দেশের কোনও উপকার হবে না। সেদিক থেকে আমি তার বক্তব্যকে সমর্থন করছি। এ জন্যই বিদ্যালয় এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করেছেন তিনি। এবং তারই জন্য এই বাজেটকে আমি সমর্থন করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি নিবেদন আছে। সেটা হচ্ছে, এবার তিনি যে বাজেট রেখেছেন তাতে ঘাটতি রেখেছেন। সঙ্গতভাবেই বাজেটে ঘাটতি রেখেছেন। কিন্তু এই ঘাটতি বাজেটকে তিনি উদ্বৃত্ত করতে পারতেন, কারণ কর ধার্য করার অনেক সুযোগ ছিল। ইতিপূর্বে আমি বলেছি এ-ব্যাপারে। রিপ্লাইয়ের সময় আশা করি এসব বলবেন, কারণ দেখা গেছে, সরকার পক্ষের সদস্যদের প্রশ্নের উত্তর আপনি পরিহার করেন। বহু জিনিসের উপর কর ধার্যের এবার সুযোগ ছিল। অসাধু প্রমোটারদের উপর পেনাল্টি ইম্পোজের সুযোগ ছিল। তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করতে পারতেন। কারণ অসাধু প্রমোটারদের উপর ব্যবস্থা নেওয়ার দরকার ছিল।

[4-40 — 4-50 p.m.]

সংবাদপত্র খুলে দেখতে পাচ্ছি যে তারা সরকারি জমি দখল করে ব্যবসা করছে। তাদের উপর আপনি কর ধার্য করতে পারতেন। লটারি, বহু লটারি পশ্চিমবাংলায় চলে, সেই লটারির উপর কর ধার্য করতে পারতেন, অনেক সুযোগ আছে। অন্য রাজ্যের অনেক লটারি এখানে হয়, সেই ক্ষেত্রেও আপনি কর ধার্য করতে পারতেন। ইঁটভাটা অত্যন্ত লাভজনক ব্যবসা, তার উপর আপনি কর ধার্য করতে পারতেন। রেসকোর্স, এই রেসকোর্সে সাধারণ মানুষ যায় না, ধনাঢ্য, ব্যক্তিরা কেবল সেখানে যায়। সেই রেসকোর্সের উপর আপনি কর ধার্য করতে পারতেন। জনমুখী দৃষ্টিভঙ্গি নিয়ে অতীতের ধারাকে অনুসরণ করে প্রগতিশীল দৃষ্টিভঙ্গি নিয়ে দরিদ্র মানুষের জন্য বাজেট করেছেন। আমি আশা করব পরবর্তী সময়ে আলোচনা করে আপনার বাজেটের রাজস্ব বৃদ্ধির জন্য এই

বিষয়গুলিতে কর ধার্য করবেন। আপনি বলেছেন কালো টাকা উদ্ধারের কথা। কালো টাকা উদ্ধার যদি করতে চান তাহলে সেই অনুযায়ী মেশিনারি তৈরি করুন। পশ্চিমবাংলার উন্নয়ন ঘটাতে আপনি বলেছেন কালো টাকা উদ্ধার করবেন ভাল কথা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মূল বক্তব্য হল এই ঘাটতি বাজেট করার দরকার হত না যদি এই বহুতল অট্টালিকা প্রমোটারদের উপর, লটারির উপর রেস কোর্সের উপর ইটভাটার উপর ট্যাক্স ধার্য করতেন। আমি আশা করব পরবর্তী সময়ে এটা নিয়ে ভাবনা-চিন্তা করবেন। সমাজের একটা অংশ যারা সমাজের শত্রু তাদের থেকে টাকা আদায় করা আমাদের কর্তব্য। অসাধু ব্যবসায়ীদের থেকে কালো টাকা উদ্ধার করার জন্য চেষ্টা করছেন এটা ভাল পদক্ষেপ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজনীতির প্রসঙ্গে আসি। রাজনীতিটা নিরপেক্ষ হবে এটা ভেবে নেওয়া ঠিক নয়। ভারতবর্ষ একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামো, তার মধ্যে পশ্চিমবাংলা রয়েছে। সমস্ত বিষয় পশ্চিমবাংলার মধ্যে সীমাবদ্ধ রাখা চলে না। সর্বভারতীয় ক্ষেত্রে যে ঘটনা ঘটে যাচ্ছে তার থেকে আমরা দৃষ্টি ফিরিয়ে নিতে পারি না। কেন্দ্রে বাজেট আসছে, তার পূর্বাভাস আমরা পেয়েছি। কি সর্বনাশ হবে আমরা জানি না। কেন্দ্রে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে তার অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি যে সর্বনাশ করবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। তার পূর্বাভাস আমরা রেল বাজেটে দেখেছি। রেল বাজেটের মধ্যে পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হয়েছে, পশ্চিমবাংলার প্রকল্পের জন্য কোথাও কোনও টাকা বরাদ্দ করা হয়নি। তীব্র বঞ্চনা কেন্দ্রের এই রেল বাজেটের মধ্যে আমরা দেখেছি। কিছু লোক দেখানো প্রতিবাদ হয়েছে সেখানে। মমতা ব্যানার্জি বেঙ্গল প্যাকেজের কথা বলেছিলেন, কয়েকটি দাবির কথা বলেছিলেন যে এই এই জিনিস চাই, বেঙ্গল প্যাকেজের কথা উত্থাপন করেছিলেন প্রধানমন্ত্রী অটলবিহারি বাজপেয়ীর কাছে। তার মধ্যে রেলের অনেকগুলি প্রকল্পের কথা বলা ছিল। রেল বাজেট পেশ হয়েছে কিন্তু সেখান থেকে পশ্চিমবাংলা বঞ্চিত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বি. জে. পি.-র সঙ্গে সাম্প্রদায়িক শক্তির সঙ্গে আঁতাত করে সাময়িকভাবে পশ্চিমবাংলায় মানুষকে বিভ্রান্ত করা যায় কিন্তু বার বার বিভ্রান্ত করা যাবে না। এই যে তৃণমূলের নেত্রী কখনও তাকে বলা হচ্ছে অগ্নিকন্যা, কখনও তাকে বলা হচ্ছে স্ফুলিঙ্গ। এই অগ্নি এই স্ফুলিঙ্গ এই নিয়ে রবীন্দ্রনাথের একটা কবিতা আছে। রবীন্দ্রনাথ লিখেছিলেন,—

"স্ফুলিঙ্গ তার পাখা পেল ক্ষণ কালের ছন্দ

উড়ে গিয়ে হারিয়ে গেল এই তার আনন্দ"

খুব স্বাভাবিক, খুব তাৎক্ষণিক—এই যা চলছে, এটা খুবই তাৎক্ষণিক। আপনি খুব সতর্ক হবেন। আপনি ভাল বলেন। আপনার উপস্থিতি আমি কামনা করি। কিন্তু আপনি যে দল ধরেছেন, তাতে ভবিষ্যতে—আপনি ১৯৭২-৭৭ সালের পর ২০ বছর পর

এসেছেন, খুব দুঃখ হয়, আপনার মতো দক্ষ একজন পার্লামেন্ট্যারিয়ানকে—আপনাকে আমরা দেখতে পাব না। মানুষের সামনে এই যে প্রতারণা, সংকীর্ণতা, সাম্প্রদায়িকতা, যে ধাপ্পা পশ্চিমবাংলার মানুষকে দিয়েছেন, পশ্চিমবাংলার মানুষ অনেক লড়াই সংগ্রামের ঐতিহ্য বহন করে, সেই কারণে আপনাদের মুখোশ খুলে ফেলতে দেরি হবে না। আর যেসব বাজেটের মূল কথা তা আমি বলেছি। সঙ্গে সঙ্গে আর একটি কথা আমি এখানে উল্লেখ করতে চাই। এবারে একটা ঘোষণা আজকে হয়েছে, সেটা আপনারা মন্ত্রিসভার সদস্যরা চিন্তা-ভাবনা করবেন। এখন পর্যন্ত যেটা ছিল, ৪০ জন ছাত্র পিছু একজন করে শিক্ষক। আপনি একজন শিক্ষক, আমিও একজন শিক্ষক, স্কুলে পড়াই। উচ্চ মাধ্যমিক স্কুলের শিক্ষক। উপরের ক্লাসে পড়াতে গেলে শেষ পর্যন্ত দেখতে পাওয়া যায় না। এবারে যেটা করলেন যে, ৮০ জন ছাত্র পিছু একজন করে শিক্ষক থাকবে। আজকে এটা ঘোষণা হয়েছে। এটা একটু দেখবেন। আপনার যে জনমুখী বাজেট তা নির্ভর করছে সামগ্রিক ভাবে পঞ্চায়েত এবং সাধারণ প্রশাসনের উপরে। সাধারণ প্রশাসন এবং পঞ্চায়েতি ব্যবস্থার উপরে, তার কর্মদক্ষতার উপরে এটা নির্ভর করে। আপনি এই জায়গাটাতে একটু দৃষ্টি দেবেন। আমরা চাই পঞ্চায়েতি ব্যবস্থা, জনগণের শাসন ব্যবস্থার প্রসার ঘটুক। কিন্তু এই শাসন ব্যবস্থায়ী যে একদেশদর্শিতা আছে, সেদিকে আপনি একটু দৃষ্টি দেবেন। আপনি মানুষের জন্য, সাধারণ জনগণের জন্য যে বাজেট রচনা করেছেন, যে বাজেটে জনগণের কল্যাণ আসবে, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন, স্যার, গত ৩রা ফেব্রুয়ারি যে ঐতিহাসিক বাংলা বন্ধ হয়েছিল প্রাথমিক স্তরে প্রথম শ্রেণী থেকে ইংরাজি চালু করা এবং পাশফেল চালু করা, ফিঃ বৃদ্ধি প্রত্যাহার এবং সমস্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির সুযোগ দান ঐ সমস্ত দাবির ভিত্তিতে, গোটা পশ্চিমবাংলার মানুষ তাঁদের রায় দিয়েছিলেন। আজকে সেই দাবি নিয়ে দশ সহস্রাধিক মানুষ এই বিধানসভার সদস্যদের—দলমত নির্বিশেষে সমস্ত সদস্যদের উদ্দেশ্যে জনগণের এই রায়, যথাযোগ্য রায়কে মর্যাদা দিয়ে দলমত নির্বিশেষে সকল সদস্য যাতে উদ্যোগ নেন, সেজন্য দশ সহস্রাধিক মানুষ এখানে উপস্থিত হয়েছেন। মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি এই ইনফর্মেশন এখানে রাখলাম।

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী তুষারকান্তি মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৩শে মার্চ আমাদের

অর্থমন্ত্রী, মাননীয় অসীমকুমার দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধীতা করে কিছু বক্তব্য রাখতে চাই। মাননীয় অর্থমন্ত্রী একজন পণ্ডিত, বিজ্ঞ মানুষ, বিচক্ষণ ব্যক্তি। কিন্তু বাজেট একদিকে যেমন তার ব্যক্তিগত চরিত্র বা পার্সোনেলিটির প্রভাব বিস্তার করতে চেয়েছেন, আর একদিকে বামফ্রন্টের স্তুতিগান ভরা ২১ বছর ধরে যেভাবে বাজেট পেশ হয়েছে, ঠিক একই কাজ করে যাচ্ছেন। তিনি সাধারণ মানুষের কথা, গ্রামের মানুষের কথা বলেছেন। কিন্তু আমরা দেখছি, যারা দিন আনে দিন খায়, যাদের শতকরা আশিভাগ মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করে, তাদের সম্বন্ধে কোন বন্দোবস্ত হয়েছে বা বলা হয়েছে বলে আমি মনে করি না।

[4-50 — 4-50 p.m.]

আজকে শিক্ষার যে অবস্থা তাতে বেকারত্ব বেড়েই চলছে, তারসঙ্গে আবার যুক্ত হয়েছে দ্রব্যমূল্য বৃদ্ধি। আজকে এই পরিস্থিতিকে নিয়ন্ত্রণ করার কোনও কথাই বাজেটের মধ্যে নেই। আজকে যদি জনসাধারণের উপযোগী অর্থনৈতিক ব্যবস্থার কাঠামো গড়া যায় তাহলেই একমাত্র এই বাজেট জনমুখী এবং জনকল্যাণকর করতে পারবে বলে মনে হয়। কিন্তু তার বিন্দুমাত্র বা লেশমাত্র উল্লেখ এই বাজেটের মধ্যে নেই। মাননীয় অর্থমন্ত্রী গ্রামের কথা বলেছেন, ক্ষেত-মজুরদের কথা বলেছেন যে তাদের মজুরি বৃদ্ধি করে ১৯৯৬-৯৭ সালে ৩৯.৪১ টাকা করা হয়েছে। তিনি এই কথা বলেছেন ঠিকই কিন্তু আজকে যে বাজার দর তাতে এই গরিব মজুরদের অর্থাৎ যারা দিন আনে দিন খায় শ্রমিক তাদের এর দ্বারা কত উপকার হবে সেকথা নিশ্চয় আপনি নিশ্চয় উপলব্ধি করতে পারছেন। সরকারের যে আইন আছে ক্ষেত-মজুরদের ক্ষেত্রে, সেখানে যে টাকা নির্ধারিত হয়েছে ১৯৯৬-৯৭ সালে সেই টাকাটা যাতে তারা ঠিকমতো পায় তার জন্য ব্লকে ব্লকে লেবার ইন্সপেক্টর দেওয়া হয়েছে। কিন্তু এই ক্ষেত মজুররা যে ন্যূনতম মূল্য পাচ্ছে না সেই সম্পর্কে যথাযথ উদ্যোগী নিচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী তার এই বাজেটে ক্ষেত-মজুরদের স্বার্থে তারা যাতে ন্যূনতম মজুরি সঠিকভাবে পায় সেইদিকে দৃষ্টি দেননি। আমরা তো বিরোধী, সুতরাং বিরোধিতা করবই কিন্তু আপনাদেরও অনেকে এই শিক্ষার প্রসারের ব্যাপারে বলেছেন। আপনার বাজেট বইতেই শিক্ষার গুণগত মানোন্নয়ন দরকার একথা বলেছেন। শিক্ষার সঙ্গে রাজ্যের শিল্প, কৃষি উন্নয়ন সম্ভব এবং এদের মধ্যে একটা সমন্বয় প্রয়োজন। আজকে শিক্ষার গুণগত মান যে কতটা উন্নত হয়েছে বুঝতে পারছি না। প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার কোনও মানোন্নয়ন হয়নি। আজকে সাধারণ মানুষও তা উপলব্ধি করতে পারে। বিভিন্ন জেলায় জেলায় স্কুল না থাকা সত্ত্বেও মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বইতে বলেছেন যে আমরা গত বছরে এক হাজারটি শিক্ষাকেন্দ্র স্থাপন করেছি। এক হাজারটি যে শিক্ষা কেন্দ্র বা বিদ্যালয় স্থাপিত

হল বলা হয়েছে আমরা তো দেখতে পাচ্ছি না। আপনি গতবারের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে এক হাজারটি নতুন বিদ্যালয় স্থাপিত হবে, আমার প্রশ্ন ওই বিদ্যালয়গুলো কোথায় কোন জেলাতে স্থাপিত হল তার পরিসংখ্যান এখানে আপনি দেননি। আবার এই বছরও এক হাজারটি বিদ্যালয় স্থাপন করা হবে বলেছেন, আসলে আপনি একটা স্টিরিও টাইপ বাজেট তৈরি করেছেন এবং সেটাই পশ্চিমবঙ্গবাসীর কাছে রাখা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট ভাষণে বলেছেন যে, আমরা গ্রামে গ্রামে বিদ্যালয়হীন গ্রামে ন্যূনতম একটি করে বিদ্যালয় স্থাপন করবই। আমি মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে, আমার মেদিনীপুর জেলা আমার বিধানসভা এলাকা সুতাহাটা একটা শিল্প নগরী, তার প্রত্যন্ত এলাকায় এখনো তো বিদ্যালয়হীন অবস্থায় রয়েছে।

আর আমাদের বাজেট বিবৃতিতে বলে দেওয়া হচ্ছে, আরো নতুন করে ১ হাজার বিদ্যালয় স্থাপন করা হবে। ইঞ্জিনিয়ারিং কলেজ সম্বন্ধে বলা হচ্ছে ২৬ পৃষ্ঠায় মাননীয় অর্থমন্ত্রী তিনি ইঞ্জিনিয়ারিং শিল্প সম্বন্ধে বলছেন, যে ইঞ্জিনীয়ারিং কলেজগুলি স্থাপন হবে, সেখানে কিছুটা সরকারি অনুদান থাকবে, অধ্যাপকেরা নিযুক্ত হবেন দায়বদ্ধতার ভিত্তিতে, ছাত্ররা কিছুটা বেশি, কিন্তু সামাজিকভাবে গ্রহণযোগ্য, বেতন দেবে। মাননীয় অর্থমন্ত্রীকে জানাতে চাই, এই ইঞ্জিনিয়ারিং কলেজ নিয়ে প্রাইভেটাইজেশনের পক্ষে বলা হয়েছে, যেখানে গরিব ছাত্ররা সেই সুযোগ থেকে বঞ্চিত হবেন। গরিব ছাত্রদের মেধা থাকা সত্ত্বেও গরিব ছাত্ররা তারা ইঞ্জিনিয়ারিং কলেজের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হবেন। কারণ সেখানে একটা বিশাল টাকার খেলা হবে, সেই খেলাতে গরিব ছাত্রদের অগ্রাধিকার এর ভিত্তিতে যে সুযোগ তারা সেটা পাবেন না। স্বাস্থ্যকেন্দ্র থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় সরকারের যে ব্যর্থতা, সেই ব্যর্থতা আমরা হলদিয়া শিল্পনগরীতেও দেখেছি। সেখানেও উদ্বাস্তু সমস্যা নিয়ে কেন্দ্রের কথা বলা হয়েছে। সব কিছুতে তারা বলেন কেন্দ্রীয়। বাজেট বক্তৃতায় তারা মমতা ব্যানার্জির বিরুদ্ধে বলেন, কিন্তু আপনারা তো একবারও বলেন না, কেন্দ্রে যখন আপনাদের বন্ধু সরকার ছিল তখন মাননীয় সদস্যগণ সেখানে যারা ছিলেন তারা পশ্চিমবঙ্গের জন্য কি আনতে পেরেছেন, কয়টা শিল্পায়ন করতে পেরেছেন? সেইটা তারা একবারও বলেন না। আজকে এই উদ্বাস্তু সমস্যায় কেন্দ্রের কথা বাদ দিয়ে যদি রাজ্যের কথা ধরি হলদিয়া শিল্প স্থাপনের জন্য, শিল্পায়নের জন্য যে সমস্ত জায়গাগুলি বন্ধক হয়েছে, সেই সমস্ত জায়গায় জমির মালিকরা পুনর্বাসন পাননি। তাদেরকে এখন আইনের দ্বারস্থ হতে হচ্ছে। অথচ স্বেচ্ছায় সমস্ত কিছু তারা ত্যাগ করেছিলেন। শিল্পের স্থাপনের ব্যাপারে আজকে উদ্বাস্তুদের নিয়ে জমি দেওয়া নিয়ে যে রাজনীতি করা হচ্ছে তারা সমস্ত ভিটেমাটি ছেড়ে দিলেন আর তাদের জন্য ৪, ৫, ৬ ডেসিমিল করে প্লট দিয়ে পুনর্বাসনের ব্যবস্থা পর্যন্ত হয়নি। যে সমস্ত মানুষেরা ঐ এলাকায় প্রায়রিটির ভিত্তিতে, অগ্রাধিকারের ভিত্তিতে কাজ পেতে পারে, তাদের জন্য

বাজেট কর্মসংস্থানের কোনও সুযোগ রাখা হয়নি। বাজেটে বেকার সমস্যার কথা বলা হয়েছে, শিল্পনগরীতে বহু শিল্পের কথা বলা হয়েছে, যদিও পরিসংখ্যানে সেই কথা নেই। আমি জানতে চাই, সাধারণ মানুষের পুনর্বাসনের জন্য এই সমস্ত শিল্প এলাকায় হিম কন্টেনার, খেতাওয়া, হিন্দুস্থান ফার্টিলাইজার সমস্ত কিছু বন্ধ করে নতুন করে শিল্প আর শিল্পায়নের জিগির তুলে বর্তমান সরকার এর মাননীয় অর্থমন্ত্রী শিল্পায়ন এর লেখচিত্র অনেক দূর এগিয়ে নিয়ে গিয়েছেন। সেইজন্য আমি এই বাজেটের বিরোধিতা করে আমাদের দেওয়া সংশোধনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মহম্মদ সোহরাব ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, '৯৮-৯৯ সালের জন্য মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি সেই বাজেটের বিরোধীতা করছি। এই জন্য করছি, এই বাজেট বিবৃতির মাধ্যমে গোটা পশ্চিমবাংলায় যে বাজেট চিত্র সেটা এর মধ্যে প্রতিফলিত হয়নি। এই বাজেটের মধ্যে কেবল আমরা দেখতে পাচ্ছি, একটা জাগলারি অফ স্ট্যাটিসটিক্স, এটা একটা জোকস। গোটা পশ্চিমবাংলার মানুষকে একটা ভাঁওতা দিচ্ছেন অত্যন্ত পরিকল্পিতভাবে, বুদ্ধিমত্তার সঙ্গে পরিবেশিত করেছেন। সেইজন্য এর বিরোধিতা করছি। ডঃ দাশগুপ্ত একজন পণ্ডিত মানুষ তার পাণ্ডিত্যের মধ্য দিয়ে একটা থিসিস লিখেছেন, একটা প্রিঅ্যাম্বেল এর মধ্য দিয়ে একটা সুন্দর ছবি এনেছেন। যারা পণ্ডিত মানুষ, যারা মানুষকে বোকা বানাবার চেষ্টা করে ধোঁকা দেবার চেষ্টা করে, তারা চারিদিকে আটঘাট বেঁধে চলার চেষ্টা করে।

[5-00 — 5-10 p.m.]

সেইজন্য আমরা উদাহরণস্বরূপ বলছি বেকার সমস্যার কথা অন্যান্য ক্ষেত্রে তিনি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করেন কতটা অগ্রগতি হয়েছে এবং তার তুলনায় আমাদের কতটা অগ্রগতি হয়েছে সেটা বলেন। কিন্তু বেকার সমস্যার ক্ষেত্রে গোটা ভারতবর্ষের সঙ্গে আজকে পশ্চিমবাংলার আজকে কি রেশিও সেটা বললেন না। গোটা ভারতবর্ষে যেখানে বেকারের রেশিও তিন পারসেন্ট, পশ্চিমবাংলায় সেটা প্রায় আট পারসেন্ট। সুতরাং এখনো আমাদের রাজ্যে দেখলাম না তিনি এই ক্ষেত্রে কোনও প্রোমোশন করেছেন। বেকার সমস্যার সমাধান আজকে সর্বভারতীয় সমস্যা এটা ঠিকই, কিন্তু সেই সমস্যার সমাধান করতে গিয়ে একুশ বৎসরের মধ্যে প্রতি বৎসর প্রায় সাড়ে তিন লক্ষ বেকার রেজিস্ট্রি হচ্ছে, এর সমস্যার সমাধানের জন্য আপনি কি ব্যবস্থা করেছেন। সর্বভারতীয় ক্ষেত্রে আমরা কোথায় গিয়ে পৌঁছেছি। এই ফিগারটাকে ঢেকে রেখেই তিনি বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেন। আজকে গ্রামের রুর‍্যাল ইলেকট্রিফিকেশনের কথা বলেছেন, পাঁচ, সাত বছর আগে যখন গ্রামে গিয়েছি তখন সাধারণ মানুষের বিদ্যুৎ সম্বন্ধে সে রকম কোনও চাহিদা ছিল না। কিন্তু এখন মানুষের দাবি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। ইকনমিক

রিভিউতে আমরা দেখলাম আট বৎসরের মধ্যে মাত্র ৩৫টি মৌজাতে বিদ্যুতায়ন করেছেন। পশ্চিমবাংলার সমস্ত মৌজা যদি ইলেকট্রিফায়েড করতে হয় তাহলে কতদিন সময় লাগবে। যারা গ্রাম থেকে এসেছেন তারা জানেন যে একটি মৌজাকে ইলেকট্রিফায়েড ঘোষণা করা হচ্ছে কিভাবে। একটি মৌজায় যদি দশ হাজার লোক থাকে তাহলে চার-পাঁচটি গোল বসিয়ে বলা হচ্ছে ইলেকট্রিফায়েড হয়ে গেল। যেখানে দশ হাজার লোক বাস করে, সেখানে এক হাজার লোক মাত্র সুযোগ-সুবিধা পেয়েছে, যেখানে পনের হাজার লোক বাস করে, দেড় হাজার লোক মাত্র সুযোগ-সুবিধা পাচ্ছে। তাহলে গ্রামে মানুষের কাছে আমরা কবে বিদ্যুৎ পৌঁছে দিতে পারব।

স্যার, আমাদের স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে দানাপুর বাইটুলি সেখানে কোনও ডাক্তার নেই। ব্লক হেলথ্ সেন্টার পাঁচ বৎসর ধরে বন্ধ হয়ে আছে, সেটা খোলার ব্যবস্থা হচ্ছে না। এই অবস্থা যদি হয় তাহলে দু-হাজার সালের মধ্যে আপনি সকলের জন্য স্বাস্থ্য কি করে পৌঁছে দিতে পারবেন। স্যার আজকে রাস্তাঘাটের কি অবস্থা। ইলেকশনের আগে আমরা দেখলাম যে রাস্তা দিয়ে মুখ্যমন্ত্রী যাবেন সেই রাস্তা চব্বিশ ঘণ্টার মধ্যে সারিয়ে দেওয়া হচ্ছে। পঞ্চম পরিকল্পনায় যেসব রাস্তার কাজ শুরু হয়েছিল সেগুলোর কি অবস্থা?

এখনও সেই রাস্তাটা কমপ্লিট হচ্ছে না। সামান্য ছোট দুটো ব্রিজও তৈরি হচ্ছে না। ফলে সেইসমস্ত এলাকার মানুষের মহকুমা সদরের সঙ্গে অত্যন্ত অসুবিধার মধ্যে থাকতে হচ্ছে। এরকম অবস্থা চলছে। গঙ্গা-পদ্মার ভাঙন নিশ্চয় জাতীয় সমস্যা। কিন্তু এর প্রতিরোধ কিভাবে করবেন, তা বলেন নি। আমাদের ইরিগেশন মিনিস্টার বলেছেন সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে কথা বলে ব্যবস্থা করা হবে। কিন্তু কখন ব্যবস্থা নেওয়া হবে? এই ভাঙনের ফলে মুর্শিদাবাদ, মালদার একটি বিরাট অংশের মানুষ গৃহহীন অবস্থায় পুনর্বাসনের জন্য দিন গুনছে।

স্যার, সারা বিশ্বে যখন শিশু-শ্রমিক বন্ধ করার জন্য প্রয়াস পাচ্ছে, তখন আমাদের এখানে কি দেখছি? হাজার হাজার শিশু বিড়ি-শিল্পের সঙ্গে যুক্ত হয়ে আছে। বিশেষ করে মুর্শিদাবাদ-জঙ্গিপুরের কথা বলছি। সেটা বন্ধ করার জন্য যে আইন, তা এখানে ইমপ্লিমেন্টেড হচ্ছে না। এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? এইগুলো আপনার কাছে জানতে চাই।

পি. এল. অ্যাকাউন্ট নিয়ে অডিট হবে কিনা, বা এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন, তার উল্লেখ নেই আপনার বাজেটের মধ্যে।

বলছেন কৃষি উৎপাদন বেড়েছে। তাহলে চাল এবং অন্যান্য কৃষিজ পণ্যের দাম

বাড়ছে কেন? গত বছর আলু অনেক উৎপাদন হয়েছিল, চাষিরা মার খেয়েছে। এবারে এখনই আলু ৬ টাকা কিলো, এবারেও চাষিরা মার খাচ্ছেন। এক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন?

শিক্ষা নিয়ে গতবারের বাজেট বক্তৃতাতে ৩.৪ প্যারাতে বলেছিলেন, এবারেও ৩.৪ প্যারাতে বলেছেন এবং একই কথা বলেছেন—এক হাজার প্রাথমিক স্কুল হবে এবং এক হাজার এডুকেশন সেন্টার হবে। এবারেও একই কথা বলেছেন। এই কন্ট্রাডিকশন কেন? গত বছর ইকনমিক রিভিউতে বলেছেন ৫০০ স্কুল হয়েছে এবং এডুকেশন সেন্টার কোথাও কিছু হয়নি। এবারে আবার বলেছেন এডুকেশন সেন্টার হবে। হাই স্কুলে বলেছেন ভোকেশনাল এডুকেশন চালু হবে। আমি বোর্ডের সঙ্গে, কাউন্সিল-এর সঙ্গে কথা বলেছি। এখানে, হু উইল রেকগনাইজ দিজ স্কুলস? বোর্ড বলছে তাদের সিলেবাস চলবে না, কাউন্সিল বলছে তাদেরটাও চলবে না। গত বছর হয়নি, এ বছর কি হবে? স্কুল সার্ভিস কমিশনে ২০ টাকা করে চার লক্ষ অ্যাপ্লিকেন্ট আছে। এই যে দশ কোটি টাকা লাভ করলেন, আমি আপনাকে অনুরোধ করব, টাকাটা কান্তিবাবুকে না দিয়ে দাঁতনে রিলিফের কাজে দিন, তাতে দুর্গত মানুষের অনেক উপকারে লাগবে। স্কুল সার্ভিস কমিশন তাদের পারপাস সার্ভ করতে পারছে না। এক তৃতীয়াংশ স্কুল হেডমাস্টার ছাড়াই চলছে। হেডমাস্টারের জন্য কোনও অ্যাডভার্টাইজমেন্ট নেই। জয়ন্তবাবু, দেবপ্রসাদ সরকারও বলছেন। আজকে যে নতুন সার্কুলার এডুকেশন দপ্তর থেকে দিয়েছি,—কথাটা কি? after careful consideration and in view of the financial stringency of the Government it is decided for forming a unit eighty students will be required and when number of students in a class exceeds eighty another unit may be formed and that too with the permission of the Director of the School Education, West Bengal for calculation of eligibility for having teachers for additional unit the ration is one teacher is ; eighty students. সেই কোঠারি কমিশন বলছেন ১ : ৪০। এদিকে কোঠারি কমিশনের নাম বলবেন, আর আজকে কেবলমাত্র অ্যাকাডেমিক কনসিডারেশনের জন্য নয়, টাকার জন্য লেখাপড়া কোথায় যাবে? আজকে প্রাইমারি এডুকেশনের অবস্থা কি? আজকে সেকেণ্ডারি এডুকেশন ৮০ জন শিক্ষক নিয়ে হয়? এন্টায়ার ইনফ্রাস্ট্রাকচার নষ্ট হয়ে যাবে—তাই এটা কনসিডার করার জন্য বলছি। এই কথা বলে বাজেট বক্তব্যের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 — 5-20 p.m.]

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, গত ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, তার বিরোধীতা করে অল্প সময়ে যেটুকু বলা

সম্ভব সেই কথাগুলি আপনাকে বলছি। স্যার, অর্থমন্ত্রী তার বাজেট ভাষণের শুরুতেই তিনি যে দক্ষ এবং পণ্ডিত মানুষ, তাঁর পাণ্ডিত্যের মধ্য দিয়ে উদার অর্থনীতি এবং বিগত প্রায় ৭ বছর অসীমবাবু বিকল্প অর্থনৈতিক নীতির প্রয়োজনীয়তার কথা প্রতিটি ছত্রে ছত্রে বলার চেষ্টা করেছেন। আমাদের সবাইকে বোঝাবার চেষ্টা করেছন। অর্থাৎ উদার অর্থনীতির জন্য দেশের সর্বনাশ, দেশের যা কিছু গর্ব সব কিছু উদার অর্থনীতির জন্য ঘটছে। এটাই অসীমবাবু তার বাজেট ভাষণে বলতে চেয়েছেন। আমার অর্থমন্ত্রীর কাছে প্রশ্ন যে ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের যিনি চেয়ারম্যান সাংসদ মিঃ সোমনাথ চ্যাটার্জি প্রতি বছরই বিদেশে যান এবং বিদেশে গিয়ে মৌতে সই করছেন। আমাদের অর্থমন্ত্রী বলবেন কি যে, কিসের ভিত্তিতে, কি অর্থনীতির ভিত্তিতে এই বিদেশে গিয়ে অনাবাসী শিল্পপতিদের সঙ্গে আলোচনা করে পশ্চিমবঙ্গে নতুন শিল্প গড়ার জন্য যে প্রচেষ্টা, এটা কোন অর্থনীতির জন্য সম্ভব হচ্ছে? এটা যদি আপনি ব্যাখ্যা করেন, তাহলে ভালো হয়। স্যার, আপনি জানেন যে, চিন উদার অর্থনীতির হাত ধরে বিদেশের বাজার ঢুকে পড়েছে। শিল্পন্নয়নের মাধ্যমে দেশকে সুগঠিত করার চেষ্টা করছে। প্রবাদ প্রতিম দেন জিয়াও পেঙ থেকে শুরু করে চীনের বর্তমান প্রধানমন্ত্রী উদার অর্থনীতিক হিসাবে পৃথিবীব্যাপী খ্যাতি অর্জন করেছে। তাই স্যার, আপনার কাছে আবেদন করছি যে, অসীমবাবু এই যে বাজেট ভাষণ পেশ করেছেন, তার যে এই গরিব মানুষের প্রতি দরদ উথলে উঠেছে, এটার একটা কারণ হচ্ছে আসন্ন পঞ্চায়েত নির্বাচন। এই নির্বাচনে আবার বাংলার মানুষকে নতুন করে ভাঁওতা দিয়ে, ধাপ্পা দিয়ে, মানুষের কাছে কিছু লোভ দেখিয়ে পঞ্চায়েত নির্বাচনে কি করে জয়ী হওয়া যায় এই প্রচেষ্টাই মাননীয় অর্থমন্ত্রী তার বাজেটের মধ্য দিয়ে প্রমাণ করতে চেয়েছেন।

এই প্রচেষ্টা মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বরাদ্দের মধ্যে দিয়ে প্রমাণ করার চেষ্টা করতে চেয়েছেন। বাংলার মানুষ এত বোকা নয়। বাংলার মানুষকে গত ২০ বছর ধরে বামফ্রন্ট সরকার তোষণ করছেন জনবিরোধী নীতির মাধ্যমে শোষিত, বঞ্চিত, নিপীড়িত, পিছিয়ে পড়া মানুষ তাদের আরও বঞ্চিত করেছে। হঠাৎ করে পঞ্চায়েত নির্বাচনের মধ্যে এই বাজেট ভাষণের মধ্য দিয়ে মানুষকে ধাপ্পা দিতে চাইছে। স্যার, অর্থমন্ত্রী বন্ধ কল-কারখানার শ্রমিকদের ৫শো টাকা করে ভিক্ষা ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে প্রশ্ন রাখব যে এই শ্রমিকরা কতদিন ধরে ঐ ভাতা পাবে? মাননীয় অর্থমন্ত্রী নিশ্চিত করে এই কথা তার উত্তরে বলবেন। এটা ঠিকই যে তিনি ৫শো টাকা করে ভরতুকি দেবেন। একজন শ্রমিকের পরিবারে ৪।৫ জন করে সদস্য থাকে। কর্মরত অবস্থায় তিনি যে বেতন পান সেই বেতনই তার সংসার চলে না। আর কর্মচ্যুত অবস্থায় ৫শো টাকা করে ভিক্ষা ভাতা দিয়ে এই শ্রমিকদের সঙ্গে প্রহসন করা হচ্ছে। এই পাঁচশো টাকায় তাদের নুন ভাতও জুটবে না। বামফ্রন্ট সরকার একটা

সময়ে বেকারভাতা চালু করেছিলেন। বেকার ভাতা দিয়ে বেকার যুবকদের ভাঁওতা দিয়েছিলেন। তাদের বলা হয়েছিল আপাতত তোমাদের বেকারভাতা চালু করা হল, যতদিন না তোমাদের কর্মসংস্থান হচ্ছে ততদিন পর্যন্ত এই ভাতা চালু থাকবে। মাননীয় অর্থমন্ত্রী আবার সেই কর্মচ্যুত বেকার শ্রমিকদের নতুন করে ধাপ্পা দিয়েছেন। পাঁচশো টাকা করে তাদের ভাতা দেবেন। কতদিনের মধ্যে এই কল-কারখানা খোলা হবে তা তিনি পরিষ্কার করে বলেননি। এটাও একটা ধাপ্পা। তাই আমি এই বাজেট বরাদ্দের তীব্র বিরোধীতা করছি। এর পর অসীমবাবু তার বাজেট-এর মধ্যে শিক্ষক এবং ডাক্তারদের কথা বলেছেন। তিনি বলেছেন ডাক্তার এবং শিক্ষকদের কন্ট্রাক্টের ভিত্তিতে নেওয়া হবে। পার্ট টাইম বা ফুল টাইম? এতে বেকার যুবকদের, শিক্ষিত যুবকদের নিয়ে ছিনিমিনি খেলার আরেকটা নতুন প্রহসন করার চেষ্টা করছেন। একজন শিক্ষক বেতনক্রম অনুযায়ী বেতন পাবে, আরেকজন, যাকে নতুন করে নিয়োগ করা হচ্ছে তার কন্ট্রাক্ট বেসিস। তোমাকে এত টাকা নিয়ে কাজ করতে হবে। কাজ কর নাহলে তোমার কাজ হবে না। শিক্ষিত যুবকদের নিয়ে ছিনিমিনি খেলা শুরু করেছেন। বাংলার মানুষ এই ধাপ্পা, এই ভাঁওতা, এই জিনিস সমর্থন করবেন না। যে সমস্ত এম. বি. বি. এস ডাক্তার আছে তারা গ্রামে যাচ্ছে না, দেখা যাচ্ছে যে গ্রামে স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই। স্বাস্থ্যকেন্দ্রে রোগী আসে সে সব রোগী ফিরে যায়। আর স্বাস্থ্যমন্ত্রী, অর্থমন্ত্রী বলছেন যে কন্ট্রাক্ট বেসিসে ডাক্তার নিতে হবে। নতুন করে কি করে মানুষকে আরও বঞ্চিত করা যায়, ঠকানো যায়, সমাজকে কি করে আরও নিচের দিকে ঠেলে দেওয়া যায় এর একটা চক্রান্ত, একটা ষড়যন্ত্র বামফ্রন্ট সরকার এই বাজেট বরাদ্দের মধ্যে করতে চেয়েছেন। প্রাথমিক স্তরে ইংরাজি, রাজ্যপাল যখন তার ভাষণ দিচ্ছিলেন তখন এখানে বসে শুনছিলাম।

[5-20 — 5-30 p.m.]

পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ইংরাজি পড়ানোর বিষয়ে তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন লণ্ডন থেকে একজন সাহেব এসেছেন সেই সাহেবের সঙ্গে আলোচনা করেছেন পশ্চিমবঙ্গে প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানোর ব্যাপারে বিস্তৃত আলোচনা হয়েছে। সেই ব্যাপারটা এখনও ঠিক হয়নি, তাই ইংরাজি পড়ানো কোন শ্রেণী থেকে হবে কবে থেকে হবে, সেটা পরে জানানো হবে। এটা আমাদের দুর্ভাগ্য যে পশ্চিমবঙ্গে অবনমন হয়েছে। পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে সর্বত্র মাথা উঁচু করে দাঁড়াতো, আর আজকে মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন লণ্ডন থেকে সাহেব এসে দেখে তিনি নির্দিষ্ট করবেন যে প্রাথমিকস্তরে ইংরাজি পড়ানো যাবে কি, না যাবে না। অসীমবাবু তিনি তাঁর বাজেট ভাষনে বলেছেন প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হবে কি না প্রাথমিক স্তরে কোন শ্রেণী থেকে ইংরাজি পড়ানো

হবে সেটা বাজেট অধিবেশনের মধ্যেই জানানো সম্ভব হবে। এটার জন্য সিদ্ধান্তের দরকার কি? প্রাথমিক স্তরে ইংরাজি না পড়িয়ে পশ্চিমবঙ্গে ইতিমধ্যে কয়েক কোটি পিছিয়ে পড়া মানুষ গরিব মানুষের ছেলেমেয়েদের বঞ্চিত করেছেন। প্রাথমিক স্তরে ইংরাজি থাকবে, কি থাকবে না, পাশ-ফেল প্রথা চালু হবে, কি হবে না, লটারির মাধ্যমে প্রাথমিক শ্রেণীতে ভর্তি হবে, কি হবে না এটা বাংলার মানুষরা জানতে চায়। তারা এর বিরুদ্ধে রায় দিয়েছে। আজকে কি শিক্ষক নিয়োগ হচ্ছে কন্ট্রাক্ট বেসিসে, ডাক্তার নিয়োগ হবে কন্ট্রাক্ট বেসিসে, এটা আর কোন রাজ্যে হচ্ছে? পশ্চিমবঙ্গের অর্থকরী বাজেট বক্তৃতার প্রতি ছত্রে ছত্রে বলেছেন কেন্দ্রীয় সরকার করছে না কেন্দ্রীয় সরকার দিচ্ছে না, ভারতীয় সংবিধানে কেন্দ্রীয় সরকার কিভাবে চলবে রাজ্য সরকার কিভাবে চলবে পরিষ্কার করে তা লেখা আছে। প্রতি বারেই ভোটের আগেই মানুষের কাছে প্রতিশ্রুতি দিচ্ছেন আর বাংলার মানুষ সমর্থন করে দেবেন আর নির্বাচনের পর কেন্দ্রীয় সরকার বঞ্চনা করছে, কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ আচরণ করছে ইত্যাদি বলে বলে মানুষকে ভাঁওতা দিয়ে নিজেদের কাজ হাসিল করে চলেছেন। এইভাবে পশ্চিমবঙ্গে বেশি দিন চলবে না, আপনারা কুটির শিল্পগুলিকে ধ্বংস করে দিয়েছেন, হাওড়াতে কুটির শিল্প এক সময় বিখ্যাত ছিল, সেই হাওড়াতে কুটির শিল্পগুলি বন্ধ হয়ে গেছে। সারা দেশে কুটির শিল্প বন্ধ হয়েছে। মিঃ চেয়ারম্যান স্যার, হোসিয়ারি ইণ্ডাস্ট্রির সঙ্গে লক্ষ লক্ষ শ্রমিক যুক্ত, তারা ১৯৭২ সাল থেকে কংগ্রেস সরকারের মিনিমাম ওয়েজেস্ ডিক্লেয়ার করেছিল, আজকে দীর্ঘ ২০-২২ বছরের মধ্যে হোসিয়ারি শিল্পের লক্ষ লক্ষ শ্রমিকের কথা এই সরকার চিন্তা করলেন না। তিনি রাজ্য সরকারি কর্মচারিদের পে-কমিশনের কথা ঘোষণা করে তাদের নতুন বেতন ঘোষণা করার বিষয়ে পরিষ্কার করে তাঁর বাজেট ভাষণেও বলতে পারলেন না। হোসিয়ারি শিল্পে হাজার হাজার লক্ষ লক্ষ শ্রমিক যুক্ত সেই হোসিয়ারি শিল্পে নতুন করে পে-কমিশন গঠন করে হোসিয়ারি শিল্পের শ্রমিকদের বেতন কমিশন ঠিক করতে হবে তাও করলেন না। তাই পশ্চিমবঙ্গে শ্রমিকদের নিয়ে যেভাবে বঞ্চনা চলছে শ্রমিকদের তাঁদের বঞ্চিত করা হচ্ছে, অসীমবাবু তার বাজেটে পরিষ্কার করে সে কথা বলেননি।

তাই হোসিয়ারি শ্রমিকদের জন্য যাতে পে-কমিশন গঠন করা হয় এবং তাদের পে-কমিশন পুনর্বিন্যাস ঘটানো হয় সেই দাবি সবার কাছে রাখছি। ধন্যবাদ।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৯৮-৯৯ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে আনা ছাঁটাই প্রস্তাবের সমর্থন করছি। গত তিন দিন ধরে যে বাজেট আলোচনা চলছে আমরা তার অন্তিম লগ্নে এসে পৌঁছেছি। এই বাজেট বক্তৃতায়

আমাদের পক্ষ থেকে একের পর এক সদস্য অংশগ্রহণ করে তাদের কথা তুলে ধরার চেষ্টা করেছেন এবং তারমধ্যে দিয়ে তাদের দৃষ্টিভঙ্গির প্রতিফলন এখানে ঘটেছে। এই কম সময়ের মধ্যে বক্তৃতা করার আগে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটা প্রশ্ন রাখতে চাই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত ২১ বছর ধরে যে রকম বাজেট পেশ করেছেন তাকেই শাসক দলের পক্ষ থেকে জনমুখী, জনদরদি, শ্রমিক দরদি, প্রগতিশীল বাজেট বলে অখ্যাত করেছেন। এবারে অর্থমন্ত্রী মহাশয়ের আগাম আর্থিক বছরের জন্য যে ১২ কোটি টাকার ঘাটতি কাঁধে নিয়ে যাত্রা শুরু করতে চলেছেন তারজন্য কিছু প্রশ্ন রাখছি। প্রশ্ন নম্বর—

(১) রাজ্যে বেকার বাড়ছে কেন?

(২) শ্রমজীবী মানুষের অভাব বাড়ছে কেন?

(৩) রাজ্যের আওতাভুক্ত আলু, পিঁয়াজ, শাক, মাছের দাম বাড়ছে কেন?

(৪) কৃষিতে বিরাট উন্নয়ন ঘটছে বলে দাবি করলেও প্রতি বছর ক্রমশ চালের দাম বাড়ছে কেন?

(৫) স্বাস্থ্যেকেন্দ্র উন্নত হয়নি কেন এবং অতীতের তৈরি সমস্ত স্বাস্থ্যেকেন্দ্রগুলো একের পর এক রক্ষণাবেক্ষেণের অভাবে ভেঙ্গে পড়ছে। তার কোনও রক্ষণাবেক্ষণ হচ্ছে না কেন?

(৬) প্রাথমিক শিক্ষায় ১৯৯১/৯২ সালে ৯১ হাজার ২১-টা প্রাথমিক স্কুল তৈরি হয়েছিল, অনুমোদিত হয়েছিল ১৯৯৬/৯৭ সালে। আর একটাও কেন বাড়েনি?

(৭) পি. এল. অ্যাকাউন্ট এবং লোকাল ফান্ড অ্যাকাউন্ট-এ যে টাকা নয়-ছয় হয়েছে তা বাজেট বক্তৃতায় কেন অনুল্লিখিত হয়েছে?

প্রশ্ন (৮) পি. এল. অ্যাকাউন্টের টাকা এবং লোকাল ফান্ড অ্যাকাউন্টের যে টাকা সরিয়ে রাখা হয়েছে তার অ্যামাউন্টের পরিমাণ কত এবং এ বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? (৯) প্রতি জেলা পরিষদের উন্নয়নের জন্য যে টাকা কেন্দ্র এবং রাজ্য সরকার দিয়েছে এবং সেই টাকার কত টাকা উন্নয়নের খাতে খরচা করা হয়েছে? এবং কত টাকা অন্য খাতে খরচা করা হয়েছে? সেই টাকা অন্য খাতে খরচা করা হয়েছে বলে এ. জি. বেঙ্গল তার জন্য বিরাট মন্তব্য করেছেন এবং সেই জেলাপরিষদগুলোর নাম কি? এবং সেই জেলা পরিষদগুলোর বিরুদ্ধে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে? প্রতি বছর

বাজেটের পর সাপ্লিমেন্টারি বাজেট আনা হয়। অথচ কেন এক্সেস, এক্সপেন্ডিচার আমাদের সামনে উপস্থিত করা হয়? প্রতি বছর বন্ধ কারখানার সংখ্যা কেন বাড়ছে? এই বিষয়ে জবাবি ভাষণের সময় বলবার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি। যদিও মাননীয় অর্থমন্ত্রী এখন এখানে উপস্থিত নেই। মাননীয় চেয়ারম্যান স্যার, এবারে বাজেটের ব্যাপারে বলি যে, আমাদের সদস্যরা বারংবার যে কথা বলেছেন আমি সেই কথার প্রতিধ্বনি করে বলি যে, আপনি গ্রামীণ মানুষের কল্যাণের জন্য কিছু সাব-সিডি দেওয়ার ব্যবস্থা করেছেন কি? আপনি গ্রামীণ মানুষের উন্নয়নের জন্য কিছু পরিকল্পনা করার কথা ঘোষণা করেছেন কি? সামনে পঞ্চায়েত নির্বাচনকে লক্ষ্য রেখে মাননীয় অর্থমন্ত্রী প্রতি ছত্রে ছত্রে সামাজিক দায়বদ্ধতার কথা আমাদের শুনিয়েছেন। কিন্তু কেন সামাজিক দায়বদ্ধতা, কেন বিকল্প অর্থনীতি, সেকথা আমাদের মাননীয় অর্থমন্ত্রী দয়া করে বলবেন কি? আপনার বিকল্প অর্থনীতির নমুনা কি আজকে গ্রামের মানুষ জানে? মাননীয় অর্থমন্ত্রী আপনার উদ্দেশ্যে কতকগুলো প্রশ্ন আমি রেখেছি সেই প্রশ্নগুলো শুনে থাকলে আপনি তার উত্তর দেবেন। আপনি পন্ডিত ব্যক্তি। আপনি পরিসংখ্যান দিয়ে এই রাজ্যের উন্নয়নের কথা বলেছেন, আপনি বিকল্প অর্থনীতির নামে যে সামাজিক পরিকাঠামো তার কথা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী আপনি জানেন কিনা যে, জওহর রোজগার হচ্ছে গ্রামোন্নয়নের একমাত্র হাতিয়ার। আরেকটা হচ্ছে এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কীম। এই স্কীমের মধ্যে দিয়ে বলা হয়েছে যে, বছরে ১০০ দিন শ্রমদিবস সৃষ্টি করা হবে। চাষবাস, খেতখামারের বাইরে এই শ্রমদিবস সৃষ্টি করা হবে। কিন্তু একটা শ্রমদিবসের বদলে গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে ঠিকাদারদের রাজত্ব কায়েম করেছেন। একমাত্র মেদিনীপুর জেলার ৫৪টি পঞ্চায়েত সমিতির মধ্যে একমাত্র আমার বিধানসভা এলাকার কন্টাই এবং নং ব্লককে জেলা পরিষদের সভাধিপতি শ্রেষ্ঠ ব্লক বলে ঘোষণা করেছেন এবং এটি কংগ্রেস পরিচালিত পঞ্চায়েত সমিতি। আজকে আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানাতে চাই যে—

মাননীয় অর্থমন্ত্রী, আপনি প্রতিটি ক্ষেত্রে পঞ্চায়েতের মাধ্যমে স্কুল এবং চিকিৎসা কেন্দ্র স্থাপনের কথা বলেছেন এবং কন্ট্রাক্ট, চুক্তির মাধ্যমে লোক নিয়োগের কথা বলেছেন। আমরা জানি চুক্তি মানে কোনও গুণগত মান নির্ণয় করা হয় না, আপনাদের ক্যাডারদের নির্ধারণ করা হয়। ইতিমধ্যেই কিছু কিছু হাসপাতালে চুক্তিতে ডাক্তার নিয়োগ করা হয়েছে। সেখানে দেখা হয়েছে তারা কোনও দলের লোক, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ঝান্ডা দিয়ে তারা মিছিলে যাবে কি না। এটাই হচ্ছে তাদের গুণগত-মান। মাননীয় অর্থমন্ত্রী, আপনি বার বার কালো টাকা উদ্ধারের কথা বলেন। চিদাম্বরম যে কালো টাকা উদ্ধারের স্কীম ঘোষণা করেছিলেন তা আপনি যদি সমর্থন না করেন তাহলে এক্ষেত্রে আপনার কি বিকল্প পরিকল্পনা আছে, তা আপনি আমাদের আপনার জবাবি ভাষণে যদি

একটু বলেন তাহলে আমরা খুবই উপকৃত হব। মাননীয় অর্থমন্ত্রী, কেন্দ্রীয় সরকার প্রতি বছর লোকসভার সদস্যদের হাতে ১ কোটি টাকা করে তুলে দেন, ম্যাক্সিমাম ১০ লক্ষ টাকার এক একটি পরিকল্পনা প্রত্যেক সাংসদ তার নির্বাচনী এলাকার জন্য গ্রহণ করনে। দীর্ঘ দিনের পুরনো অনেক কাজ এই ভাবে বিভিন্ন এলাকায় বর্তমানে হচ্ছে আমরা দেখছি। এ বিষয়ে আমি গতবার আপনাকে বলেছিলাম, আজকেও ফরোয়ার্ড ব্লকের একজন মাননীয় সদস্য এই প্রস্তাব আপনার কাছে দিয়েছেন— আপনি আমাদের বিধায়কদের জন্য অনুরূপ পরিকল্পনা গ্রহণ করুন। এক কোটি চার ভাগের এক ভাগ, অন্তত প্রতি বিধায়ককে ২৫ লক্ষ টাকা করে হাতে দেয়া হোক। তারা নিজ নিজ এলাকার সমস্যাগুলোর মধ্যে থেকে বিশেষ জরুরি সমস্যা নির্দিষ্ট করে তার সমাধানের উদ্দেশ্যে সেই টাকা ব্যয় করবেন। আজকে আবার আমি এই প্রস্তাব আপনার কাছে পেশ করছি, আপনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করুন। আপনি যেমন ৫০ কোটি টাকা ধরে রাখছেন বন্ধ হয়ে যাওয়া কল-কারখানার শ্রমিকদের মাসিক ৫০০ টাকা করে দেয়ার জন্য, তেমন বিধায়কদের এলাকা উন্নয়নের জন্যও একটা ফান্ড তৈরি করুন। বিধায়কদের কাছে এসে এলাকার মানুষরা তাদের সমস্যার কথা বলেন, সমস্যা দূরীকরণের দাবি জানান। এমন কিছু কিছু কাজ আছে যে সমস্ত কাজে পঞ্চায়েত হাত দেয় না, পঞ্চায়েত সমিতি করে না, জেলা পরিষদ করে না, সরকারের কাছে গিয়ে মাথা কুড়েও কাজ আদায় করা যায় না সেই সমস্ত কাজের দায়িত্ব বিধায়কদের হাতে দিলে তা বিধায়করা করার চেষ্টা করতে পারেন। মাননীয় অর্থমন্ত্রী, গত বছর বাজেটের সময় আমি ব্যক্তিগতভাবে আপনাকে অনুরোধ করেছিলাম— আমাদের রাজ্যে জমি বাড়ি সংক্রান্ত স্ট্যাম্প ডিউটি সম্পত্তির বাজার মূল্য অনুযায়ী ধার্য করা হচ্ছে, এটা ঠিক আছে, কিন্তু যে সমস্ত নিরূপণ দলিল হয়, দানপত্র দলিল হয়, অংশনামা দলিল হয় সে সমস্ত ক্ষেত্রে বাজার মূল্যের একের চার ভাগ স্ট্যাম্প ডিউটি ধার্য করুন। যারা অত্যন্ত স্বল্প-বিত্তের মানুষ, মধ্যবিত্ত মানুষ তাদের তা না হলে খুবই অসুবিধা হচ্ছে। কারণ আজকে পরিবার ক্রমশ বিচ্ছিন্ন হচ্ছে, পরস্পরের না.ম সম্পত্তি ভাগ করতে হচ্ছে। বহু ক্ষেত্রেই পিতা পুত্রদের আমি যখন আপনার সঙ্গে দেখা করেছিলাম তখন আপনি অ্যাসিওরেন্স দিয়েছিলেন যে, এ বিষয়ে আপনি ব্যবস্থ, গ্রহণ করবেন। আমি আশা করব আপনি আজকে যখন জবাবি দেবেন তখন নিশ্চয়ই এই বিষয়টির প্রতি আলোকপাত করবেন। মাননীয় অর্থমন্ত্রী, আপনি নিশ্চয়ই জানেন অনেকে ১৯৭৭ সাল এবং ১৯৯৮ সালকে এক করে দেখাবার চেষ্টা করেন।

[5-40 — 5-50 p.m.]

এই রাজ্যের বাজেট-এ যে পরিমাণ টাকা ধার্য করা হয়েছে, যদি মেন হত যে

ভারতবর্ষের আর কোনও রাজ্য এই পরিমাণ টাকা তাদের বাজেটে ধার্য করেনি তাহলে নিশ্চয় আমরা বাহবা দিতাম, কিন্তু তা তো নয়। গোটা দেশের আর্থ সামাজিক ব্যবস্থার যেখানে পরিবর্তন হয়েছে, কৃষির উপর নির্ভরশীল মানুষরা যেখানে নিজেদের চেষ্টায় দু/তিনটে ফসল ফলিয়ে বাঁচার চেষ্টা করছেন সেখানে আপনাদের বাহবা নেবার কিছু নেই। আপনারা বলছেন সেচ ব্যবস্থার সম্প্রসারণের জন্য অনেক কিছু করছেন। গতবারের ৩২৬ কোটির জায়গায় এবারে ৩৫৮ কোটি করেছেন। কিন্তু আপনি জানেন কি সেচ ব্যবস্থার টাকা কোথায় যায়? এটা সব যায় তিস্তা প্রকল্পের জন্য। দক্ষিণবঙ্গের সুবর্ণরেখা প্রকল্পের জন্য মাত্র ৫ কোটি টাকা দিয়েছিলেন, তার কোনও কাজ হয়নি। বছরের পর বছর তার প্রোজেক্ট কস্ট বাড়ছে। সেখানে কয়েকটি অফিস ছাড়া সুবর্ণরেখা প্রোজেক্টে এক ইঞ্চি খালও কাটা হয়নি। কবে সেই কাজ হবে আমি জানতে চাই। দক্ষিণবঙ্গের মানুষরা সুবর্ণরেখার জল নিয়ে চাষ করতে চায়। এ বছর এই প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করেছেন তা বলবেন। না কি সবই তিস্তার জন্য পাঠিয়ে দিচ্ছেন? তিস্তার জন্য প্রায় ৭শো কোটি টাকা ইতিমধ্যেই খরচ হয়েছে কিন্তু তাতে কত একর জমিতে সেচের ব্যবস্থা হয়েছে তা আমরা জানি না, সেটা আশা করি জানাবেন। পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচ ব্যবস্থা আজকে মুখ থুবড়ে পড়েছে। পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে গতানুগতিকতার বাইরে বেরিয়ে এসে এই বাজেটের মাধ্যমে আপনি যে ফায়দা লোটার চেষ্টা করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। এই বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থন করে শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় গত ২৩শে মার্চ এই সভায় যে বাজেট পেশ করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্যার, শৈলজাবাবু তার দীর্ঘ বক্তৃতায় যা বললেন তাতে যা বুঝলাম, তিনি ১০ দফা প্রশ্ন মাননীয় মন্ত্রীর সামনে রাখলেন উত্তর পাবার জন্য, আমি তার সঙ্গে আরও এক দফা যোগ করে দিচ্ছি যে কংগ্রেসের ভরাডুবির কারণ কি সেটাও আশা করি মন্ত্রী মহাশয় বলবেন। স্যার, আমরা দেখেছি, সমাজের যারা পিছিয়ে পড়া মানুষ, শ্রমিক, খেতমজুর অন্যান্য দরিদ্র মানুষ, তাদের জীবনযাপনের মান যাতে উন্নত হয় সে কথা ভেবেই মাননীয় অর্থমন্ত্রী একটা বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে তার বাজেট রচনা করেছেন। সারা দেশে যে প্রতিকূল অবস্থা চলছে তার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি একটি শ্লোক বলতে চাই। 'ঘৃষ্টং ঘৃষ্টং ত্যজতি না পুনঃ চন্দনং চারুতারম্।' অর্থাৎ চন্দনকে যতই ঘর্ষণ করা হোক না কেন তার সৌগন্ধ কখনও বিলীন হবে না। তারপর আছে 'ছিন্নং ছিন্নং ত্যজতিন পুনং স্বাদুতাইক্ষুদন্ডম।' অর্থাৎ ইক্ষুদন্ডকে যতই ছিন্ন করা হোক না কেন তার মিষ্টত্ব কখনও নষ্ট হয় না। সেই

দিক থেকে বলছি, বামফ্রন্টের ২১ বছরের কাজের যতই সমালোচনা করা হোক না কেন তার গৌরব চিরভাস্বর হয়ে থাকবে, অম্লান হয়ে থাকবে। তার কারণ এই সরকার চলছে সাধারণ মেহনতি মানুষের শুভেচ্ছা নিয়ে। স্যার, ছাত্রাবস্থায় একটি গান শুনেছিলাম—'আজ দুজনার পথ দু দিকে গেছে বেঁকে।' আপনাদের পথ এবং আমাদের পথ ভিন্ন—দুটি পথ দু দিকে। আপনারা চিন্তা করেন আমলাতন্ত্রের কথা, পুঁজিপতিদের কথা, আর আমরা চিন্তা করি সর্বহারা মানুষদের কথা, খেটে খাওয়া মানুষদের কথা। তাই পার্থক্য থাকবেই। তার পরের লাইনটা হচ্ছে ; শপথের মালা খুলে আমারে গেছো যে ভুলে'। আপনারা নির্বাচনকে সামনে রেখে অনেক প্রতিশ্রুতি দেন কিন্তু কাজে তা পালন করেন না।

কিন্তু আমাদের সরকার যে প্রতিশ্রুতিগুলো দেন সেগুলোকে অক্ষরে অক্ষরে পালন করেন। আপনাদের শিলান্যাসের মতো গ্রামেগঞ্জে শিলা হয়ে থাকে না, বাস্তবে তা রূপায়িত হয়। তাই এই বাজেট বিবৃতিতে যতগুলো কথা বলা আছে, আমরা তার প্রতিটি কথাই বাস্তবে রূপায়িত করব। এখানে শিক্ষার কথা বলা হয়েছে। এখন ছেলেরা চাইছে আরও বেশি স্কুল হোক, বেশি কলেজ হোক। ছেলেমেয়েরা এখন বেশি করে পড়তে চাইছে। এটা সুলক্ষণ-এর কথা। তারজন্য সরকার প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যকিম বিদ্যালয়, কলেজ বাড়াচ্ছেন। প্রত্যেকটির জেলায় এক একটা করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কথা বাজেটে আছে। আমি বলেছিলাম, ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করুন, কিন্তু যে সমস্ত কৃষি ভিত্তিক, অ্যাগ্রো টেকনিক্যাল ব্যাপার আছে, সেগুলো একটু দেখবেন। যাতে কৃষি ভিত্তিক শিক্ষা ছেলেরা পায় সেজন্য আপনি এগুলোকে নিশ্চয়ই ইঞ্জিনিয়ারিং সেরে সঙ্গে যোগ করবেন। স্বাস্থ্যের কথা বলেছেন। অনেকগুলো হেলথ সেন্টার আছে। পুরনো যে হেলথ সেন্টারগুলো আছে, সেখানে দু'জন করে ডাক্তার থাকার কথা। কিন্তু অনেক তারা থাকে না। দু'জন করে ডাক্তার যাতে থাকে সেটা দেখা দরকার। এছাড়া আগেকার যে বাড়িগুলো আছে, সেগুলোর মেরামতের দরকার আছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি, গ্রামে ইলেক্ট্রিফিকেশন করার জন্য টাকা অ্যালটেড হয়ে গেছে—আমি নাম করে বলছি, দক্ষিণ দামোদরপুরে একটা হাসপাতাল আছে আমার বিধানসভা কেন্দ্রে। অর্থ দপ্তর থেকে দু'বছর আগে পাস করে দিয়েছে। সেখানে এখনও পর্যন্ত ওয়ারিং হয়ে গেলেও আলো পায়নি। আপনি যে বাজেট প্লেস করেছে তা রূপায়িত হবে নিশ্চয়ই, তবে তার অগ্রগতি যাতে হয়, যথাযথ সময়ে যাতে হয়, সেগুলো আপনি দেখবেন। স্বাস্থ্যের ক্ষেত্রে বলতে গেলে বলতে হয় যে, গ্রামেগঞ্জে যে হেলথ সেন্টারগুলো আছে, সেগুলো ভালভাবে গড়ে তোলা দরকার। সেখানে ওষুধপত্র এবং যন্ত্রপাতি দিলে মানুষ আর শহরমুখী হবে না। গ্রামের চিকিৎসা গ্রামেই হতে পারবে। কৃষির উন্নয়নের কথা বাজেটে আছে। চুঁচুড়ায় 'বিপাশা, পুর্ণেন্দু' ইত্যাদি অনেক ধরনের ধান সৃষ্টি করেছেন। সেগুলো ব্লকে ব্লকে ছড়িয়ে পড়ছে। মানুষ দু'বার, চারবার করে চাষাবাদ করবে। এর

ফলে সুফল ঘটবে। আপনি বিভিন্ন জায়গায় বিভিন্ন অনুদান দেবার কথা বলেছেন। এখন স্বাধীনতার সুবর্ণবর্ষ চলছে। ১৯৪৩ সালের ৯ই জানুয়ারি সকাল ৮-১২ টায় মাসুড়িয়া গ্রামে মেয়েদের উপরে ব্রিটিশের পুলিশ এবং মিলিটারি অত্যাচার করেছিল। ৪৩ জন মহিলার উপরে অত্যাচার করেছিল। কেন্দ্রীয় সরকারের কোনও দায় দায়িত্ব নেই। কেন্দ্রীয় সরকার আগে তাদের কোনও টাকা পয়সা দেননি। একবার শুধু ইন্দিরা গান্ধী কিছু দিয়েছিলেন। রাজ্য সরকার তাদের ৭৫০ টাকা করে আর্থিক অনুদান দিচ্ছেন। এখন যে চার-পাঁচ জন জীবিত আছেন, তারা এটা পাচ্ছেন। তাদের এটা অন্তত দেন হাজার টাকা করে দেবার ব্যবস্থা করুন। এছাড়া অন্য জেলাগুলোতে যদি কোনও ভদ্রমহিলা জীবিত থাকেন, তাদেরও যেন এই অনুদান দেওয়া হয়। দুর্গাপুরের সঙ্গে সঙ্গে হলদিয়াতে যাতে ইন্ডাস্ট্রিয়াল মার্কেট গড়ে ওঠে সেটা আপনি একটু দেখবেন। সেখানে অনেক বেকার ছেলে আছে। দেশের মঙ্গলের জন্য আপনি এই কাজটা করবেন।

**(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে এবং পরবর্তী বক্তার নাম ডাকা হয়।)**

[5-50 — 6-00 p.m.]

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পন্ডিত অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট রেখেছেন, প্রথমেই আমি তার বিরোধীতা করছি এবং আমাদের পার্টি কর্তৃক যে কাটমোশন আনা হয়েছে, সেগুলোকে সমর্থন জানিয়ে অল্প সময়ে আমি দু-একটি কথা বলছি। অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় জানিয়েছেন যে, বর্তমান বৎসরের বাজেট আগের কয়েক বৎসরের মতো একটি বিকল্প দৃষ্টিভঙ্গিতে রচিত হয়েছে। তিনি নিজেই স্বীকার করেছেন, বিগত প্রায় ৭ বছর ধরে সর্বভারতীয় স্তরে এক বিকল্প অর্থনীতির প্রয়োজনীয়তার কথা ক্লান্তিহীন ভাবে বলে আসছেন।

রবীন্দ্রনাথের একটা গান মনে পড়ে যায়, যে গানে তিনি বলেছিলেন, ''ক্লান্তি আমায় ক্ষমা করো প্রভু, পথে যদি পিছিয়ে, পিছিয়ে পড়ি কভু''। মাননীয় অর্থমন্ত্রী অন্য দিকে তার ক্লান্তিহীনতার জন্য তার প্রভুর কাছে ক্ষমা ভিক্ষা করতে পারে। ক্লান্তিহীন ভাবে বছরের পর বছর দিশাহীন ও সংখ্যা তথ্যের কানা গলিতে ঘুরে বেড়িয়ে বাজেট পাস করাতে যাচ্ছেন, যার জন্য পশ্চিমবাংলার সাধারণ মানুষের অভিজ্ঞতার সঙ্গে বাজেটের কোনও মিল নেই। তিনি উদার নীতির বিরোধীতা করেছেন। তিনি বলেছেন ''আন্তর্জাতিক অর্থভান্ডারের নির্দেশিত উদার নীতি কিভাবে অর্থনৈতিক বিপর্যয় আনতে পারে তার সম্প্রতিকতম উদাহরণ হল দক্ষিণ পূর্ব এশিয়ার বর্তমান অর্থনৈতিক সংকট। তিনি হয়ত ভুলে যাচ্ছেন পৃথিবীর বৃহত্তম দেশ যার জনসংখ্যা অত্যন্ত বেশি, সেই দেশের নাম হল চিন। সেই চিনে যারা ক্ষমতায় আছেন তারা মার্কসবাদে বিশ্বাস করেন। সেই দেশটা

আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে সমস্ত শর্ত মেনে নিয়ে উদার নীতির সঙ্গে তাল মিলিয়ে ঋণ নিতে এগিয়ে এসেছে। এটা অসীমবাবুকে মনে রাখতে বলব। চিনের যিনি প্রধানমন্ত্রী তার নাম হল জুয়াং জিং, তার প্রদর্শিত পথ ধরে যদি অসীমবাবু চলতেন তাহলে পশ্চিমবাংলার উপকার হত। চিনের প্রধানমন্ত্রী বলেছেন সংখ্যার ফুলঝুরি দিয়ে নয় বাস্তবের সঙ্গে মিল রেখে আমাদের এগিয়ে যেতে হবে। আমাদের এই অর্থমন্ত্রীর বক্তব্য বাস্তবের সঙ্গে কোনও মিল নেই। ঠান্ডা ঘরে বসে একজন অর্থনীতিবিদ হয়ে বছরের পর বছর পশ্চিমবাংলার মানুষকে যে বাজেট দিয়ে যাচ্ছেন তাতে পশ্চিমবাংলার কোনও উন্নতি হয়নি। এর পর আমি আসছি ১.৬ অনুচ্ছেদে। সেখানে তিনি একটা জায়গায় বলেছেন—"অন্যান্য ক্ষেত্রে বিশেষে যতদূর সম্ভব প্রচেষ্টা থাকবে বিকেন্দ্রীকরণের দিকে। কেন্দ্রীয় সরকারের স্তর থেকে রাজ্য সরকরের স্তর, রাজ্য সরকারের স্তর থেকে বেরিয়ে পঞ্চায়েত পরে পৌরসভা স্তর এবং তারপর তারও নিচে মূল সামাজিক লক্ষ্যের সঙ্গে সমন্বয় রেখে, স্থানীয় মানুষের সংগঠিত উদ্যোগ"। এই কথা তিনি বলেছেন। এটা কোনও নূতন কথা নয়, এই কথা রাজীব গান্ধী অনেক আগে বলে গিয়েছেন। ১৯৮৬ সালে তিনি চেষ্টা করেছিলেন এটা চালু করতে। সেই কথা আজকে মার্কসবাদী অর্থমন্ত্রী অনুসরণ করছেন। অত্যন্ত ভাল জিনিস রাজীব গান্ধী বলেছেন এবং সেই পথেই অর্থমন্ত্রী চলার চেষ্টা করছেন। তিনি দায়বদ্ধতার কথা বলেছেন। এই দায়বদ্ধতা পশ্চিমবাংলায় অনুপস্থিত বলে আমি মনে করি। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই সরকারি হাসপাতালগুলি আজকে কি অবস্থা আপনি জানেন? আজকে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য, প্রশ্নপত্র ফাঁস হয়ে যাচ্ছে, গ্রামে বিদ্যুৎ নেই, জল নেই। সরকার পক্ষের সদস্যরা অনেকে এখানে মেনশন করেছেন তার গ্রামে বিদ্যুৎ নেই রাস্তা-ঘাট নেই জল নেই। সরকার পক্ষের সদস্যরা অনেকে এখানে মেনশন করেছেন তার গ্রামে বিদ্যুৎ নেই রাস্তা-ঘাট নেই জল নেই। আজকে অনেক কথা এখানে বলা হয়েছে যে অনেক টাকা নাকি বরাদ্দ করা হয়েছে জল বিদ্যুৎ এবং রাস্তার জন্য। কিন্তু বাস্তব চিত্র কি? বাস্তব চিত্র হচ্ছে পশ্চিমবাংলার মানুষ হাহাকার করছে। একটু আগে ব্রহ্মময় নন্দ বললেন যে কংগ্রেস আজকে কি অবস্থা। আজকে কংগ্রেস এই অবস্থা বলেই পশ্চিমবাংলার এই অবস্থা। পশ্চিমবাংলায় আজকে সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিয়েছে। তার জন্য আপনারা দায়ী, আমরা দায়ী নয়।

ভূমি সংস্কারের কথা বলতে গিয়ে এর সাফল্যের কথা ১.১৩ অনুচ্ছেদে রয়েছে। কিন্তু এই সাফল্য শুধুমাত্র সি. পি. এম. ক্যাডারদের হাতে গেছে এবং তারই জন্য আজকে ভূমি সংস্কারের এই অবস্থা দাঁড়িয়েছে। কৃষি এবং শিল্পে উৎপাদন বৃদ্ধি করবার জন্য প্রয়োজন পরিকাঠামো। আমি রাস্তার কথা বলছি। অনাবাসী ভারতীয়দের ধরে আনবার জন্য মুখ্যমন্ত্রী অনেকবার বিদেশে গেছেন। এরকম একজন অনাবাসী, পূর্ণেন্দু

চট্টোপাধ্যায়, বলেছেন যে, হলদিয়ায় যেতে যে সময় লাগে তাতে শিল্প স্থাপন করতে কেউ এই রাজ্যে আসবেন না। অনাবাসী ভারতীয়দের নিয়ে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে একটি সভা হয়েছিল। সেখানে অনেকে বলে গেছেন যে, পশ্চিমবঙ্গ থেকে ওড়িষ্যার শিল্প পরিকাঠামো অনেক ভাল। আজকে একথা আপনাকে চিন্তা করতে হবে না, তাদের ডেকে আনার পর তারা চলে যাচ্ছেন কেন? ভূমি সংস্কারের প্রশ্নে বলেছেন ১৩ লক্ষ ৪৮ হেক্টর জমি যা সরকারের হাতে ন্যস্ত হয়েছে তার মধ্যে ১০ লক্ষ ৯৮ হাজার হেক্টর জমি আপনারা বিলি বন্টন করেছেন, ২ লক্ষ ৫০ হাজার হেক্টর জমি বিলি করতে পারেননি। আমি আপনাকে একটি কথা বলি যে, শুধুমাত্র বর্ধমান জেলায় ১ লক্ষ ৪৫ হাজার ৬১৬ জন বর্গাদারের নাম ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত নথিভুক্ত হয়েছে এবং তার মধ্যে জমি দেওয়া হয়েছে ১ লক্ষ ১ হাজার ৬৯৫ জনকে। কিন্তু খাস জমি যাদের মধ্যে বিলি করা হয়েছে তাদের মধ্যে কতজন সেই জমিতে চাষ করছেন? আপনি বলেছেন যে, সম সংখ্যক জমিতেই চাষ করছেন তারা। আপনি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির কথা বলেছেন। কিন্তু এটা হয়েছে ইন্দিরা গান্ধীর সবুজ বিপ্লবের মাধ্যমে। তারই ফল এটা। মার্কসীয় তত্ত্বে এই জিনিস নেই, আসেনি। ভূমি সংস্কার নীতি গ্রহণ না করে পাঞ্জাব, হরিয়ানা খাদ্যশস্য উৎপাদনে বিপ্লব ঘটিয়েছে এবং তারই জন্য আজকে ভারতবর্ষ খাদ্যে স্বয়ংভর হয়েছে এবং সেক্ষেত্রে পশ্চিমবঙ্গের কোনও অবদান নেই। এটা ইন্দিরা গান্ধীর সবুজ বিপ্লব নীতির জন্য হয়েছে। কাজেই তত্ত্ব কথা ছাড়ুন এবং পশ্চিমবঙ্গের অর্থনীতির কথা চিন্তা করুন। সেটা যদি না করেন তাহলে কিন্তু আপনাদের সংসার ভেঙে যাবে। আজকে পেঁয়াজ কিনে আনতে হয় মহারাষ্ট্র থেকে, এবং সেটা অনিয়মিত যখন হয়ে যায় তখন পশ্চিমবঙ্গে পেঁয়াজের দাম বেড়ে যায়। আজকে একথা অস্বীকার করার উপায় আছে? বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হয়েছে বলেছেন। কলকাতায় কিছু উন্নতি হয়েছে এটা অস্বীকার করা যায় না, কিছু উন্নতি হয়েছে, এর পেছনে অবাদন করা? এটা বিদ্যুৎ মন্ত্রীর অবদান নয়, গোয়েঙ্কাদের অবদান। গ্রামে ডব্লু. বি. এস. ই. বি.-র পক্ষ থেকে প্রায়ই বলা হয় যে, এত মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। কিন্তু দেখবেন, একটি মৌজার ১০টি গ্রামের মধ্যে একটি মাত্র গ্রামে হয়ত বিদ্যুৎ পৌঁছেছে, অন্য গ্রামগুলিতে বিদ্যুৎ পৌঁছায়নি।

[6-00 — 6-10 p.m.]

গোটা মৌজায় বিদ্যুতের জন্য যে টাকা ধরা আছে সেই টাকা আপনারা খরচ করতে পারেননি এবং গোটা মৌজাতেই সবটা বিদ্যুৎ দিতে পারেননি। স্বাধীনতার ৫০ বছর পরেও সমস্ত মৌজাতে আপনারা বিদ্যুৎ দিতে পারেননি। বিদ্যুতের পরে আমি এবার পানীয় জলের কথায় আসছি। আমরা গ্রাম থেকে এসেছি, সেখানে আপনারা

জলের কতটুকু ব্যবস্থা করতে পেরেছেন? আজকে বিদ্যুতের ক্ষেত্রে হীরাপুরে ই. সি. এল. বলছে যে তারা ৫০ শতাংশ বিদ্যুতের টাকা দেবে। আমরা ডব্লিউ. বি. এস. ই. বি.-কে বলেছি যে ই. সি. এল. ৫০ পারসেন্ট বিদ্যুতের জন্য টাকা দিতে রাজি আছে, আপনারা ব্যবস্থা করুন। কিন্তু তবুও কোনও ব্যবস্থা হচ্ছে না। তারপরে কোল্ড স্টোরেজের কথায় আসছি—আমাদের রাজ্যে আলু এবং চাল উৎপাদন হচ্ছে প্রধান উৎপাদন। আমার জেলায় গত বছরে আলু উৎপাদন যথেষ্ট পরিমাণে হলেও আলুর দাম এখন ২ টাকার থেকে বেড়ে ৬·টাকাতে দাঁড়িয়েছে। আজকে এগুলো চিন্তার করার বিষয়। আমরা যে ২৮০টি কোল্ড স্টোরেজ করে গেছিলাম, তারপরে আর একটিও বাড়েনি। আমাদের সময়ে নথিভুক্ত বেকারের সংখ্যা ছিল ১৭ লক্ষ ১৬, আজকে সেটা দাঁড়িয়েছে ৫৮ লক্ষতে। আপনারা তো বলেন যে বছরে ১০ লক্ষ লোককে নাকি চাকুরি দিয়েছেন। কাদের চাকরি দিলেন বুঝতে পারলাম না। মাননীয় জ্যোতিবাবু তো পূর্তমন্ত্রীকে বলেছেন যে এখানকার রাস্তাঘাটের যা অবস্থা তাতে শিল্প হবে কি করে, এখানকার পরিকাঠামো যদি উন্নত না করা যায় তাহলে কখনওই শিল্প হতে পারে না। এই কারণে আজকে এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি। এইবার যে বাজেট বিবৃতি আমাদের সামনে উপস্থাপিত হয়েছে তা আমাদের দেশের ইতিহাসে এবং পশ্চিমবঙ্গে মানুষের ক্ষেত্রে ঐতিহাসিক অভিজ্ঞতার নিরিখে এক বিকল্প দৃষ্টিভঙ্গির বাজেট এই সম্পর্কে কোনও সন্দেহ নেই। আমাদের দেশের যে বাস্তব পরিস্থিতি সেখানে আমাদের দেশের অর্থনৈতিক সমস্ত ব্যবস্থাগুলোকে বিপর্যস্ত করা হয়েছে বলে আমি মনে করি। সেই অর্থনীতিতে বাস্তবই আজকে আমাদের গোটা দেশের স্বনির্ভরতা বিপদাপন্ন। যে অর্থনীতিতে আমাদের দেশের স্বয়ম্ভরতা গড়ে উঠেছিল তা আজকে রক্ষা করা যাচ্ছে না। এতে আজকে আমাদের দেশের স্থায়িত্ব থাকতে পারে না। কারণ বিশ্বায়নের নামে, আন্তর্জাতিক পুঁজির নামে যে অরাজকতার ঝাপটা, ঝঞ্ঝা গোটা পৃথিবীকে গ্রাস করছে তার থেকে আমরা মুক্ত নই। আমাদের দেশের মানুষের সামনে যে সাম্রাজ্যবাদী শক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে, আমরা তার থেকে কোনওভাবেই মুক্ত হতে পারছি না। সেইদিক দিয়ে আমাদের শ্রমজীবী মানুষের অগ্রগতির স্বার্থে সংগ্রাম আরও জোরদার করতে হবে। সেই কারণে আমাদের দেশের পরিবর্তনের জন্য আমরা নতুন বিকল্প দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছি, যেটা রাজ্যে রাজ্যে গড়ে তুলতে হবে।

বিরোধী পক্ষের বন্ধুরা আজকে বিভিন্ন রকমভাবে প্রকৃত সত্যটাকে গুলিয়ে দেবার

চেষ্টা করছেন। বাংলার একটা প্রবাদ বাক্য আছে, 'চোরা না শোনে ধর্ম্মের কাহিনী' অর্থাৎ যারা প্রতি মুহূর্তে অন্যায় করছে, স্বাধীনতার ৪৫ বছর ধরে যারা আমাদের দেশের মানুষকে নিয়ে তাদের আশা ভরসার প্রতি বিশ্বাসঘাতকতা করেছে, যারা আজকে প্রকৃত সত্যকে বাজেটে উদ্ঘাটিত না করে, নিজেদের অপরাধকে ঢাকা দেবার জন্য কিছু বিচ্ছিন্ন কিছু নেতিবাচক ঘটনাকে তুলে ধরার জন্য পরিকল্পিতভাবে প্রস্তাবগুলিকে নস্যাৎ করে দেবার চেষ্টা করছেন। সেই দৃষ্টিভঙ্গির আমি বিরোধীতা করছি। আমাদের এই বাজেট অত্যন্ত কর্মসংস্থানমুখী, জনমুখী ও উৎপাদনমুখী এই সম্পর্কে কোনও সন্দেহ নেই। গত পরশুদিন যে অন্তর্বর্তীকালীন বাজেট পেশ হয়েছে, সেখানে রেভিনিউ কালেকশনে যে শর্টফল হয়েছে তাতে ডেভেলপমেন্ট এর জন্য যে অ্যালোকেশন ৬.৫ থেকে সেটা ৪ পারসেন্টে নেমে এসেছে। আমরা দেখছ অন্যান্য বিষয়গুলি সম্পর্কেও আজকে সঠিকভাবে যে প্রকৃত দৃষ্টিভঙ্গি তুলে ধরা উচিত ছিল তারা সেটা রাখতে পারেননি। এই রকম একটা অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের যে সার্বিক উন্নয়নের জন্য যে সর্বগ্রাসী পুঁজির যে থাবা তার বিরুদ্ধে দাঁড়িয়ে তাদের কাছে যারা আত্মসমর্পণ করেছিল, বিগত দিনে যারা কেন্দ্রীয় সরকারে ছিল, তাদের কাছে যারা আত্মসমর্পণ করেছে, যারা আমাদের দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অখন্ডতাকে নষ্ট করেছে, তাদের বিরুদ্ধে দাঁড়িয়ে আমাদের এই কথাগুলি বারে বারে বলতে হবে। ওরা যতই বলুক, আমাদের এই বিকল্প দৃষ্টিভঙ্গি থেকে তারা সরে আসতে পারেনি। আমাদের দেশের মানুষের সামনে যে নূতন পথ, নূতন আলো, নূতন দিশা আমরা দেখাতে চাইছি, সেটাকে ওরা বলেছেন, এটা দিশাহীন বাজেট। আমরা বলব, এটাই হচ্ছে প্রকৃত দিশার বাজেট, এটার মূল যে মর্মবস্তু সেটা হচ্ছে গ্রামীণ ভূমিসংস্কার ভিত্তিক কৃষি উৎপাদনকে এগিয়ে নিয়ে যাওয়া, তার উপর দাঁড়িয়ে আমাদের দেশের সার্বিক শিল্পের কতটা বিকাশ ঘটানো সম্ভব, তার দিকে দৃঢ় পদক্ষেপ-এ আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে এগিয়ে যেতে হবে। আমরা জানি, আমাদের গত বছরের যে বাজেট তাতে ৩,৯২২ কোটি টাকার বাজেট ছিল। আজকে তাকে ২৬ শতাংশ বৃদ্ধি করে যে পরিমাণ দাঁড়ায় সেটা হচ্ছে ৪,৯৫০ কোটি টাকা। কেন এই বাজেট আমাদের করতে হচ্ছে? বাজেট করতে হচ্ছে এই কারণে, অনেক পরিমাণে আমরা বাড়াতে সক্ষম হচ্ছি। যদিও আমাদের এখানে সীমাবদ্ধতা আছে, অর্থনৈতিক অসুবিধা আছে, সেই কারণে আমাদের দেশের যে সমস্ত দায়বদ্ধতাগুলি আছে, যেগুলি সেন্ট্রাল লিস্টে কেন্দ্রীয় সরকারের উপর অর্পিত হয়েছে, সেইগুলি তারা অনেকক্ষেত্রে করতে পারেনি। এই ব্যাপারে বিরোধী দলের সদস্যরা মাঝে মাঝে একমত হন। যেমন আজকে আলোচনা করছিলেন, রেলওয়ে প্রকল্পগুলি কেন কার্যকর হবে না। এটাও সেন্ট্রাল লিস্টে ছিল। ওরা অনেকে বলেন, পরিকাঠামোর জন্য পশ্চিমবাংলায় অনেক শিল্প করতে পারা যাচ্ছে না ; মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা বলছিলেন, এই ব্যাপারে আমি বলব, বড়

বড় বিমানবন্দর জাহাজ বন্দর, এক্সপ্রেস ওয়ে তৈরি করার জন্য বিভিন্ন ধরনের অত্যাধুনিক ব্যবস্থাগুলি পরিকাঠামোর ক্ষেত্রে প্রয়োজন। এক্ষেত্রে রাজ্য সরকারের নিশ্চয় দায়িত্ব আছে। কিন্তু আমাদের দেশে কেন্দ্রীয়ভাবে কতকগুলি ক্ষমতা বিভাজন করা আছে, সেন্ট্রাল লিস্টে, এই সমস্ত দায়িত্বগুলি কেন্দ্রীয় সরকারের উপর নিয়োজিত হয়।

কিন্তু আমরা দেখছি আমাদের পশ্চিমবঙ্গের ব্যাপারে ওরা বলেন বঞ্চনার কথা—কতদিন বলবেন, আমরা বলছি যতদিন বেঁচে থাকব, ততদিন বলব বঞ্চিত রাজ্য, বঞ্চিত মানুষ—তারা সব সময় বলে যাবেন—ইতিহাস কখনও এইসব ভুলে যেতে পারে না। আমরা ইতিহাস ভোলার লোক নই। আপনারা ভুলে যেতে পারেন। সেই কারণে আমাদের সামনে বাজেটে যে বিষয়গুলি এসেছে, ভূমি সংস্কার ভিত্তিক কৃষি উৎপাদনকে অবলম্বন করে পশ্চিমবঙ্গে যে পরিকাঠামোর উন্নয়ন দরকার, অন্যান্য শিল্পের বিকাশের ক্ষেত্রে, আজকে যে নূতন সম্ভারনা তৈরি হচ্ছে, যদিও সেই সম্ভাবনা আজকে গোটা দেশের পরিবর্তন এর সঙ্গে অনেকটাই নির্ভর করে ; তাই শুধু আমাদের রাজ্যের উপর নির্ভর করে তার উন্নতির সব কিছু পরিলক্ষিত হয় না, এটা আমরা সকলেই জানি।

[6-10 — 6-20 p.m.]

আজকে ভূমি সংস্কার সম্বন্ধে বলতে গিয়েই ওরা বলেন যে ভূমি সংস্কার নীতি ব্যাপারটা একটা চাইল্ডিশ অ্যাপ্রোচ করা হয়েছে বলে আমাদের মনে হয়। যেটা দিনের আলোর মতো সত্য, পরিকল্পনা কমিশনে ওরা বেশির ভাগ সময়েই ছিলেন, নবম পরিকল্পনা, দশম পরিকল্পনা, যা যা হয়েছে আমাদের দেশে এখনও পর্যন্ত তাতে তাঁরা প্রত্যেকেই স্বীকার করেছেন এই ব্যাপারটা। এটাতো অস্বীকার করার কোনও বিষয় নই। আমার পূর্ববর্তী বক্তারও বলেছেন যে, আমাদের দেশে কৃষিযোগ্য জমির মধ্যে যা ভেস্ট হিসাবে ডিক্লেয়ার হয়েছে তার মধ্যে বেশির ভাগই—আমি আপনাদের এটাও বলব—হয়েছে বামপন্থী রাজ্যগুলিতে। বামপন্থী রাজ্য ছাড়া আর কোন জায়গায় আপনারা করেছেন? আজকে সেইজন্যই ৩৫ ভাগ জমি কৃষকের হাতে রয়েছে, বেশিরভাগ জমি জোতদারদের হাতে রয়ে যায় কি করে সেটা তো আপনারা জিজ্ঞাসা করেন না। আজকে পশ্চিমবাংলায় ১৩,০২,০০০ একর খাস জমি আছে, তার মধ্যে ১০ লক্ষ একর খাসজমি বিলিবন্টন করা সম্ভব হয়েছে। অন্য রাজ্যে তো এটা হয় না? কই উত্তরপ্রদেশে হয় না, কই উড়িষ্যাতে হয় না, আপনাদের শাস্তি রাজ্যে হয় না—যদিও আপনাদের শাসিত রাজ্য কমে গেছে, এখন আর দু-তিনটি জায়গায় আছেন—মধ্যপ্রদেশে হয়নি। এই বিষয়গুলো তো আমরা বলব, এটা আজকে পশ্চিমবাংলার মানুষের গর্ব নই, পশ্চিমবাংলার মানুষের চেতনার গর্ব। দীর্ঘ লড়াই সংগ্রামের মধ্যে দিয়ে, আপনাদের অনীহা, অনিচ্ছা সত্ত্বেও, শত্রুর মুখে ছাই দিয়ে এই বিকল্প দৃষ্টিভঙ্গির জন্য এই ভূমিসংস্কার তাকে কার্যকর

করেছেন। এটা যদি আপনাদের বুঝতে অসুবিধা হয়, তাহলে আপনাদের বোঝানো যাবে না। এটা আমাদের কথা নই, আজকে বিখ্যাত যে মার্কিন সমীক্ষক সংস্থা, আর্থার ডি. লিটল, তিনি তার গবেষণা পত্রে এটা বলেছেন—পশ্চিমবঙ্গের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার বিগত কয়েক বছর ধরে গোটা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যে পরিবর্তন সংগঠিত করেছেন, এটা নিঃশব্দে ব্যাপক পরিবর্তনের দিক সূচিত করেছে। শুধু তাই নই, আজকে সেন্ট্রাল বুরো অব স্ট্যাটিস্টিক্যাল অর্গানাইজেশন তারা বলেছেন, আজকে পশ্চিমবঙ্গের খাদ্য উৎপাদনের ক্ষেত্রে ১৯৮৫-৮৬ থেকে ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত, অর্থাৎ দশ বছরের গড় হিগাব করলে দেখা যায় বার্ষিক গড় বৃদ্ধির হার ৩.৬১ পারসেন্ট। সেখানে সর্বভারতীয় গড় বৃদ্ধির হার হচ্ছে ২.২৪ পারসেন্ট। এটা কি অগ্রগতি নই? এটাকে কি অস্বীকার করা যায়? আরও যেটা বলছেন, চালের গড় উৎপাদন বৃদ্ধি অন্যান্য রাজ্যের সঙ্গে মেলানো হচ্ছে না কেন? ঠিকই তো, আমাদের কৃষি অনুচ্ছেদে ৩.২ সারণিতে দেখে নেবেন, সেখানে রয়েছে সমস্ত রাজ্যের নাম সেখানে দেওয়া হয়েছে। ১৯৯১-৯৭ সালের মধ্যে পশ্চিমবঙ্গে চালের গড় বার্ষিক বৃদ্ধির হার ছিল ৪.২ পারসেন্ট, সেখানে ভারতের গড় বার্ষিক বৃদ্ধির হার হল ২.৮৬ পারসেন্ট। এটাকে কি অস্বীকার করা যায়? আপনারা বলছেন এটা নাকি জাগলারি অব স্ট্যাটিস্টিক্স। কোনও নীতির ভিত্তিতে আপনারা এই সিদ্ধান্ত গ্রহণ করলেন? আপনাদের তো একটা নীতি নিতে হবে। কেন্দ্রীয় পরিকল্পনা কমিশনের বক্তব্য, কেন্দ্রীয় সরকারের স্ট্যাটিস্টিক্যাল অর্গানাইজেশনের বক্তব্য, যে কোনও বক্তব্যের উপর তো আপনাকে দাঁড়াতে হবে। আপনারা বলুন এটা আমরা মানতে পারব না। তাহলে আমাদের কিছু করার নেই। আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে দেখা যাচ্ছে সারা পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদনের ব্যাপক উন্নতি হয়েছে, গ্রস প্রডাকশন হয়েছে ১৩৮ লক্ষ টন। এটা একটা উন্নতির সূচক পরিবর্তন বলে অনেকে মনে করেছেন। পশ্চিমবাংলায় আজকে ভূমিসংস্কারের জন্য সেচের সম্প্রসারণ হয়েছে। সেচের সম্প্রসারণের কথা পূর্ববর্তী বক্তারা বলেছেন। ৬৪ লক্ষ হেক্টর যে চাষযোগ্য জমি আছে তার মধ্যে ৪৫ লক্ষ ২০০ হেক্টর জমিকে সেচের আওতার মধ্যে নিয়ে আসা সম্ভব হয়েছে। আজকে সারফেস ওয়াটারের মধ্যে দিয়ে, ছোট ছোট সেচের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকার আজকে পরিবর্তন ঘটাতে সক্ষম হয়েছে। আজকে পশ্চিমবাংলার মানুষের সহযোগিতা ও আশীর্বাদকে সম্বল করেই এই পরিবর্তন আমরা ঘটাতে পেরেছি। এই কথা কি অস্বীকার করা যায়? এটা কি অস্বীকার করা যায় ক্রপিং ইন্টেন্সিটির গড় সূচক ছিল ১৫৮.২, ১৯৯০-৯১ সালে, সেটা আজকে বেড়ে দাঁড়িয়েছে ১৬৬। ক্রপিং ইন্টেন্সিটি তো একাধিক ফসলের গড় হারের পরিপ্রেক্ষিতে হয়। পাঞ্জাবের পরেই আজকে পশ্চিমবাংলার স্থান হয়েছে। এটা আমরা বলছি না, কৃষি গবেষকরা আজকে এই কথা বলছে। আজকে পশ্চিমবাংলার বেশির ভাগ জমিই কৃষকের হাতে রয়েছে, সে এক কাঠা, দু কাঠা বা দু বিঘা পর্যন্ত

আছে, তার মালিকানা তারা পেয়েছে।

আজকে তারা পাট্টা পেয়েছে, বর্গাদারের অধিকার পেয়েছে, ফলে সেই জমিকে সন্তানের মতো ভালবেসেছে, এর ফলেই প্রডাকশন ইন্ড বেড়েছে—অনেক ক্ষেত্রে হরিয়ানা, পাঞ্জাবকেও ছাড়িয়ে গেছে। এটা যদি অস্বীকার করেন তো আমাদের কিছু বলার নেই। বলা হচ্ছে পশ্চিমবাংলায় মজুরি নাকি বাড়েনি মাত্র ২৭ টাকা। এটা ঠিক নয়। ১৯৯৭ সালের কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যানে দেখা যাচ্ছে এবং আমাদের আর্থিক সমীক্ষাতে বলা হয়েছে, ২৭ টাকা ছিল ৮৪-৮৫ সালে. এখন ৩৯.৪১ টাকা। গ্রামাঞ্চলে বিশেষ মরশুমে সেটা আরও বেড়ে যায়—৫০ টাকা পর্যন্ত হয়ে যায়। সেচের সম্প্রসারণের জন্য বাজেটে অ্যালোকেশন আছে—৩২৬ কোটি টাকা থেকে ৩৫৮ কোটি টাকা, প্রায় ৩২ কোটি টাকা বেশি হয়েছে। আরও ৫০ কোটি টাকা বেশি করার প্রস্তাব করা হয়েছে। এটা ঠিক বলেই আমরা মনে করি। সেচের সম্প্রসারণের মধ্যে দিয়ে আজকে ব্যাপক কৃষির উৎপাদন হচ্ছে এবং নতুন-নতুন জমিকে সেচের আওতায় নিয়ে আসার লক্ষ সাফল্যের দিকে যাচ্ছে। ৯১ সাল থেকে ৯৭ সাল পর্যন্ত ভোগ্যপণ্য মূল সূচক যেভাবে বৃদ্ধি পেয়েছে, তা ব্যুরো অব পাবলিক এন্টারপ্রাইজের পরিসংখ্যানে আছে। গোটা ভারতবর্ষে যেখানে ৯.২ শতাংশ হারে, সেখানে পশ্চিমবঙ্গে গড়পড়তা ভোগ্যপণ্য মূল্য বৃদ্ধি ৮.৭ শতাংশ হারে। স্বাভাবিকভাবেই যে মজুরি তারা পাচ্ছে, সেই কারণে পশ্চিমবঙ্গে ৩৫ হাজার কোটি টাকা একত্র ইনকাম, গোটা গ্রামের মানুষের আয় জড় হচ্ছে এবং তার একটা নির্দিষ্ট পারসেন্টেজ অনুমিত হচ্ছে ৯,৭০০ কোটি টাকা, যা একটা শিল্পের পণ্যের বাজার সৃষ্টি করছে। আজকে আপনারা যে উদ্বেগ প্রকাশ করছেন, তার জন্য তো দায়ী আপনারাই ছিলেন। একটা কথা আছে—যে অপরাধ করে, সে যখন ছুটে পালিয়ে যায়, লোকে যখন তাকে ধরে ফেলে, সে বলবার চেষ্টা করে, আমি তো অপরাধ করিনি, অন্য লোকে অপরাধ করে পালিয়ে গেছে। আপনাদের সেই অবস্থা। আপনারা যদি ভূমি-সংস্কার করতেন, তাহলে ভারতবর্ষের এই অবস্থা হোত না। স্বাধীনতার পর কংগ্রেস দল বিশাল সময় পেয়েছিল এবং আমাদের দেশে ক্যাপিটালিস্ট পাথ অব ডেভেলপমেন্টই করতে চেয়েছিল। এর জন্য যে ল্যান্ড রিফর্মস একটা প্রধান কাজ ছিল, সেই কাজ তো আপনারা করতে চাননি। তবে, আপনারা না চাইলেও আমরা তো বসে থাকতে পারি না। আমরা তার উপর দাঁড়িয়ে শিল্পায়নের চেষ্টা করছি, গ্রামীন অর্থনীতির পরিবর্তনের চেষ্টা করছি। আজকে গ্রামাঞ্চলে ব্যাপক উৎপাদনের মধ্যে দিয়ে যেমন কৃষি-উৎপাদন বেড়েছে, তেমনি মানুষের ক্রম-ক্ষমতা বাড়ছে, গড়পড়তা ৮/৯ মান গ্রামের মানুষ কাজ পাচ্ছে, ফলে সঞ্চয়ও বাড়ছে। ১৯৯৭ সালে যেখানে স্বল্প-সঞ্চয়ের লক্ষ্যমাত্রা ছিল ১,৭০০ কোটি কোটি টাকা, সেখানে আমরা ২,৬০০ কোটি টাকাও অতিক্রম করে যাওয়ার চেষ্টা করছি। এই কথা অস্বীকার করা যায় না যে আজকে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে ভারতের মধ্যে

পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। এই কথা অস্বীকার করা যায় না। কাজেই এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার জন্য যে সুযোগ, সেই সুযোগ দেওয়ার হয়নি। পশ্চিমবঙ্গে বাজেট তৈরি করতে গেলে যে পারসেন্টেজ টাকা আমাদের দেওয়া হয় সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স হিসাবে, তাও আজকে মহাজনদের সঙ্গে ব্যাপক সুদের বিনিময়ে ৭০ ভাগ টাকা কেন্দ্রীয় সরকারকে ফেরত দিতে হয়। এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আজকে রেভিনিউ এর সুয়োগ বরাবর কেড়ে নেওয়া হয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার অর্ডিন্যান্স জারি করে ট্যাক্সেশন করেছে। তার অংশগুলি রাজ্যকে দেওয়া হয় না। এই হচ্ছে স্যার, আজকের পরিস্থিতি। সেইজন্য এই বাজেট যে সমস্ত অ্যালোকেশন করা হয়েছে, রাস্তা, পরিবহন, বিদ্যুৎ, রাস্তাঘাট ইত্যাদির একটা ব্যালান্সড ডেভেলপমেন্টের জন্য এবং একটা নতুন পরিস্থিতি তৈরি করার জন্য, আজকে গোটা দেশে যা পরিস্থিতি, তাতে এই বাজেট উনি উপস্থিত করেছেন এবং এই জন্য এই বাজেটকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 p.m.]

**Shri Adhir Ranjan Chowdhury :** Before initiating my speech I must express deep anguish and sorrows to the members of those bereaved families who have lost by the devastating tornado that lashed out the large tracks of Midnapore and Balasore districts. I further like to propose to pay our one month's salary to the aid of the families.

Sir, I cannot comply with the budget statement made by prominent educationist turned communist Finance Minister Mr. Asim Kumar Dasgupta who was till the other day protaganising the golden path of zero deficit budget in the appalling and gruesome economic horizon of our state because it has not been truly reflected in this budget. Here, Sir, we are observing that like his redecessor Mr. Ashoke Mitra, our Finance Minister again joining on the band wagon on centre-state relation. After a lapse of 18 months of United Front rule, they are again harping on the same string. Here, in this budget proposal the total budget proposal is 17710 crores out of which plan outlay is merely 26% that means 4950 crores and the Central Plan Assistance is 21%.

Sir, it is most remarkable in this Budget, that no tax has been

imposed on landlords and furthermore, no tax has been imposed on agricultural income. Sir, in this Budget proposal, our Finance Minister has quoted so much high sounding words, such as, alternative approach, equal competition, social action, social objective, efficient self-reliance and so on. Already, he has earned the reputation of being a Minister of Promise only to disappoint later. He is also identified now as a Minister of contract accompanied by accountability. I would like to know on what basis, in what crisis Mr. Finance Minister has tried in vain to convince us that the social and economic locomotives of our State are running smoothly. He has also tried to convince us that due to the policy of liberalisation and due to the conditionalities of the International Monetary Fund a vast majority of common people have been affected. The DVC forces have emerged also. I would like to ask the Finance Minister through you "Was there no existence of DVC Forces before 1991". He has also cited the South Asian currency crisis. I know he is an eminent professor of Economics. I am a small fry, because I have read upto only class Ten. However, I would dare to suggest that before making such fillip of comment he should consider the potential distabilising element such as inflation food security, fiscal imbalances, savings and investment needed to sustain growth, revenue, infrastructure development and so on. Sir, everybody knows that India is a member of the IMF, I mean that International Monetary Fund. India is also the Contributor of the Fund. So India has every right to take loan from the same fund in that world of economy. There is no loan without condition. Sir, China, it is believed that Mr. Finance Minister is proposing the China Model in our State economy.

[6-30 — 6-40 p.m.]

But, Sir, China is always enjoying the most favoured nation status. We know that architecture of Chinese economic model is Mr. Den Jhiung Ping. The salient feature of Den's economical policy to strengthen the economy is absent in the Budget. Throughout this Budget there is

toll and subsidy. Sir, we are not against the subsidy, but too much expenditure on non-productive sector cannot be healthy for any economy. Sir, I would like to remind that unlike any government led by Congress all the negative aspects of our economy come forward after '96. I can produce many evidence in this regard, if I am asked by our Finance Minister. Sir, in this budget 50 crores has been earmarked as a special assistance for one lakh unemployed workers in our state. Sir, however, according to his estimate one lakh unemployed workers cannot be covered by 50 crores of Rupees. Sir, the Labour of West Bengal never prefers mendicity. They want to earn their livelihood with dignity. They do not want to carry a begging bowl in their hand. They want their factories which are closed to be reopened. I would like to ask our Minister that how many number of unemployed workers still exist in this state ? How many unemployed workers have committed suicide by the pang of hunger ? How many members of these helpless families have been compelled to engage themselves in flesh trade ? This I would like to know from you. Sir, as far as the industrial scenario of West Bengal is concerned, more than 56 thousand small scale industries have been closed. Sir, the total investment proposal of Bengal does not represent even 10 per cent to the value of total proposal as the Indian level. Sir, here always MOU rules the roost. Everyday they stuck up at MOU. This has to be remembered. So, I think tolling of five hundred rupees for each unemployed worker is just like sprinkling perfume over decomposed bodies.

Sir, in this proposal it is noticed that under anxiety syndrome they are doling out our budget keeping in view the Panchyat poll which is in the offing. Sir, it is simply an election manifesto to won the voters because a large chink has been appeared in the red bastion in West Bengal.

Sir, the State Government run 65 industries. Out of 65 industries 60 have been incurring huge losses. So this is the industrial scenario in

West Bengal. But under the cobweb of sophistry and statistical jugglery he has tried to convince us that everything is right. But it is not in reality.

Sir, as far as education is concerned, it is in shambles. Sir, you are well aware that during the last 10 years only 18 schools have been opened in West Bengal. But during last 10 years more than one lakh school goers have grown up. But there is no accommodation. Sir, 40 per cent of primary school buildings are in bad shape. Sir, according to the reports published by Education and Cultural Ministry, Bengal is ranked one of the nine states in India. State is backward in elementary education. Sir, only 1.1 per cent the Government spend in the education sector especially in elementary education sector where 4.6 per cent of the SDP, State Domestic Product, is needed to revamp the elementary education to the desired level, Sir, thousands of students in West Bengal cannot learn their lessons because the Government cannot provide schools for them. Sir, yesterday hon'ble member, Shri Deba Prasad Sarkar has delved out a nefarious design of the Left Front Government. So far the student-teacher ratio was 40:1, but they have changed now at the ratio 80:1. I mean one teacher against eighty students instead of one teacher against forty students. Sir, here the population in West Bengal is going at the rate of 2.5 per cent per annum, but in the place of education Government does not pay heed to our demand.

Sir, as far as sericulture is concerned, the West Bengal Government is totally neglecting sericulture industry in West Bengal which is evident in the budget proposal. Sir, you are likely to be aware that sericulture has a huge potentiality of earning foreign money. Sir, a huge sum of foreign donation the Government has received.

[6-40 — 6-50 p.m.]

But the sum is being spent to construct buildings and to purchase

luxurious cars. Sir, in this budget proposal, no attention was given to the Dairy Development Projects. Sir, we know that as far as milk production is concerned, West Bengal is lagging far behind in respect of other states. Sir, this Govt. has taken over a hospital in our district, i.e. the Jiagunj London Missionary Hospital in the year 1993. But still they are reluctant to open the hospital. The hospital was run by some missionaries and this could not be run without taking indemnity. Sir two and half crores of rupees have been donated to the government. But they still do not open the hospital. Sir, they are watching for Panchayat and Land Reforms. I must admit that Land Reforms has occurred in the Left Front regime. But what I am objecting to is that always they are blowing that Land Reforms out of all proportions. Sir, I have some evidences. You see the papers. They are : (1) "CAG summons Auditor in PLA case : reported by The Statesman : (2) 'How Panchayat misused the Central Fund : Reported by The Statesman'. (3) 'State divert plan money : Reported by The Statesman'. (4) 'Slate silent on spending Rs. 1,300 crores : Reported by The Statesman'. (5) 'তছরূপ হয়েছে পঞ্চায়েতে স্বীকার করলেন সূর্যকান্ত' : Reported by a Bengali daily. So I am vehemently opposing the budget proposals presented by our Finance Minister and extending my whole-hearted support to the cut motions brought by Congress. I am concluding my speech. Thank You, Sir.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেট বিতর্কের উপর বক্তব্য রাখতে উঠে আমি, বিরোধী দলের মাননীয় সদস্যের যে ছাঁটাই প্রস্তাব এনেছেন, তাকে বিরোধীতা করে, বাজেটের মূল বক্তব্য এবং প্রস্তাবগুলোর সমর্থনে আমার বক্তব্য আরও একবার রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদি কোনও ছাঁটাই প্রস্তাব এসে থাকে তাহলে তার বিরোধীতা করছি, না হলে তা করার নয়। এই বক্তব্য রাখেতে উঠে আমি মাননীয় বিরোধী সদস্যরা আজকে, গতকাল এবং গত পরশু যে যে বক্তব্য রেখেছেন আমি এখানে নিজে থেকে সেগুলোর নোট নিয়েছি, তার উপর উত্তর দেব এবং যেখানে প্রয়োজন খন্ডন করব। আমি মূল বক্তব্যগুলো আরও একবার বলব। প্রথমে, এক ধরনের প্রশ্ন উঠেছে কর সংক্রান্ত বিষয়ে। আর দ্বিতীয় বিষয় উঠেছে উন্নয়নের প্রসঙ্গে। উন্নয়নের বিকল্প নীতি কি, তাকে কেন্দ্র করে এবং যে নতুন প্রকল্পগুলো রাখা হয়েছে তার উপর। আর সর্বশেষ হল দায়বদ্ধতার উপর কতকগুলো প্রশ্ন উঠেছে। কর সংক্রান্ত

ক্ষেত্রে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় বলছেন, যে করগুলো নতুন আরোপ করা হয়েছে সেই করগুলোর বিরোধীতা মাননীয় বিরোধী সদস্যরা কেন করলেন না?

মোটর যান, বিলিতি মদ, বেশি দামের প্যাকেটে করা গম এবং লটারির ওপর কর আরোপ করা হয়েছে। মূলত এই চারটি বিষয়ের ওপর কেউ বিরোধীতা করেননি। মাননীয় সদস্য সৌগত রায় কর ছাড় নিয়ে একটা নির্দিষ্ট প্রশ্ন রেখেছেন, "সোনার গহনার ওপর আগেই দুই শতাংশ কর কমানো হয়েছিল, তাহলে আবার কেন বলা হ'ল?" মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বাজেট বক্তৃতায় পরিষ্কার করে বলেছি, এটা সোনার গহনার ওপর নয়, সোনার সামগ্রীর ওপর। বিভিন্ন ধরনের সামগ্রীর ওপর ১২ শতাংশ কম আদায় করা হয়। উৎসবের মানুষ যে-সব রূপোর জিনিস উপহার দেয়, তার থেকে আমরা কর পাই, সেটাই কমানো হচ্ছে। সোনার গহনার কর আগেই কমানো হয়েছে। দ্বিতীয় একটা প্রশ্ন এসেছে, 'কি নীতির ওপর দাঁড়িয়ে কম্প্যাক্ট ডিস্ক বা ইলেক্ট্রনিক লাইটারের ওপর থেকে কর কমানো হ'ল?' মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে কর কমানোর বিষয়ে যে নীতিটা আমরা আরোপ করেছি সেটা আমি আমার বাজেট বক্তৃতার মধ্যেই বিস্তারিতভাবে উল্লেখ করেছি। একটা নীতি হচ্ছে, আমাদের রাজ্যে এই ধরনের জিনিসগুলোর ওপর আগে আমরা বেশি হারে কর আরোপ করেছিলাম, অর্থাৎ ২০ শতাংশ হারে এবং তার সঙ্গে সারচার্জ যোগ করে ২৩ শতাংশ হত। বেশি কর হারের ফলে আমাদের রাজ্যের ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে একটা বিপরীত প্রবণতা দেখা দিয়েছিল। এই প্রসঙ্গে মাননীয় সদস্য তাপস ব্যানার্জির একটা বক্তব্য আমি মনে করি ঠিক। তিনি ঠিকই বলেছেন, তিনি ডুবড়ি চেক-পোস্টের কথা বলেছেন। শুধু ডুবড়িই নয়, এ-রকম অনেকগুলো চেক-পোস্ট আছে ঐ এলাকার বিভিন্ন স্থানে। বিহার সংলগ্ন চিত্তরঞ্জন প্রভৃতি এলাকায় এবং বিভিন্ন চেকপোস্টে আমি নিজে রাতের বেলা গিয়ে দেখেছি, বিহার থেকে পণ্য সামগ্রী নিয়ে আসা হচ্ছে। তার কারণ আমাদের কর হার ঐ রকম থাকায়, ওরা আগে থেকেই কর হার কমিয়ে রেখেছে, ওখান থেকে এনে ব্যবসায়ীরা সুবিধা পাচ্ছে। ঐ পণ্যগুলো বেশিরভাগ ক্ষেত্রেই ধনী মানুযরা ব্যবহার করেন জেনেও আমাদের কর হার কমাতে হচ্ছে—শিল্প, ব্যবসা এবং কর্মসংস্থান হ্রাস পাচ্ছিল বলে। এটা পরিষ্কার বলে দিলাম। এরপর এখানে প্রশ্ন এসেছে কিছু কর ছাড় দেওয়ার বিষয়ে। প্রায় ৩৭-টা পণ্যের ওপর আমরা কর ছাড় দিয়েছি শিল্পকে উৎসাহিত করতে, কৃষিকে উৎসাহিত করতে এবং ব্যবসা-বাণিজ্যের ক্ষতি রোধ করতে। এই সূত্রে প্রায় ১১-টা পণ্যের ক্ষেত্রে একাধিক পর্যায়ের করের বদলে কর আদায়কে একটা পর্যায়ে নিয়ে আসা হচ্ছে। মাল্টি পয়েন্ট ট্যাক্স থেকে সিঙ্গল পয়েন্ট ট্যাক্সে নিয়ে আসছি। এটাও অনেক ক্ষেত্রের ব্যবসা এবং শিল্পকে উৎসাহিত করার জন্যই করা হচ্ছে। একটা প্রশ্ন বোধ হয় মাননীয় সদস্য সৌগত রায় রেখেছেন, 'আপনারা ওয়ে বিল প্রথা চালু করেছেন, এর মধ্যে দিয়ে

আবার অক্ট্রোয় খিড়কির দরজা দিয়ে প্রবেশ করছে না তো?' না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আবার জানাচ্ছি, ওয়ে বিল হচ্ছে, আগে যে পারমিট প্রথা চালু ছিল, অন্য রাজ্য থেকে পণ্য আনলে নিতে হ'ত— যিনি আনছেন তার নাম এবং যত পরিমাণ পণ্য আনছেন তার উল্লেখ করে বিক্রয় কর দপ্তরের গিয়ে পারমিট আগেই নিতে হ'ত এবং তার জন্য হয়রান হতে হত। সেই প্রথার পরিবর্তন করে ওয়ে বিল প্রথা চালু করা হচ্ছে। সারা বছরেরটা আগাম দিয়ে দিতে হবে। একবার দিয়ে দিলে, আর সারা বছর দিতে হবে না। কিছুটা ব্ল্যাঙ্ক পারমিটও বলতে পারেন। এখন প্রশ্ন হচ্ছে, এর চেকিং বা পরীক্ষা কোথায় হবে? না, অক্ট্রোয় চেক-পোস্টে নয়। যেখানে অন্য রাজ্যের বিক্রয় কর ছাড়পত্র দেখা হয় অর্থাৎ ডুবড়ির মতো চেক-পোস্ট, সেখানে দেখা হবে। সেখানে ট্রাক এসে থামবে, পরীক্ষা হবে। এই প্রসঙ্গে কাগজে দেখলাম, কিছু কিছু সংস্থা বলেছে, "এটা ভালই হচ্ছে, ওয়ে বিল হলে আমার মনে করি হয়রানি একটু কমবে।"

[6-50 — 7-00 p.m.]

আরও একটি কথা সরলীকরণ-এর সম্বন্ধে এসে গিয়েছে, সেটা আমি একটু বলছি। এটা একটা পরীক্ষা আমরা করছি, যদি এটা ঠিক মতোন চলে তাহলে সম্প্রসারিত করব। যারা ছোট ব্যবসায়ী, ছোট ডিলার আছেন তাদের একটু রিলিফ আমরা দিতে চাইছি। ধরুন এতই ছোট ডিলার যার বছরে দেয় করের পরিমাণ ১০ হাজার টাকার মতোন। তার আবার বিক্রয়কর দপ্তরে যাওয়া ইত্যাদি—এই সংখ্যাটাই কিন্তু বেশি, গ্রামেগঞ্জে, পাড়ায় যেসব দোকান তা এরমধ্যে পড়ে। আমরা বলছি একটা কম্পাউন্ডিং প্রথার' কথা। যদি ১০ হাজার এই বছর কর দিয়ে থাকেন, আমরা যদি মনে করি কর হারের বৃদ্ধিটা হবে আগামী বছরে—আমি কথার কথা বলছি—২০ শতাংশ তাহলে ১০ হাজারের জায়গায় তিনি যদি ১২ হাজার দিতে প্রস্তুত থাকেন তাহলে তাকে আমরা বিকল্পটা দিচ্ছি। যদি তিনি প্রস্তুত থাকেন তাহলে তাকে বিক্রয়কর দপ্তরে বা কোথাও গিয়ে ফর্ম ফিল আপ করতে হবে না, তিনি শুধু এই টাকাটা ব্যাঙ্কে জমা দিয়ে দেবেন, তাহলেই মিটে গেল। আমি মনে করছি, এতে কর আদায়টা বাড়বে। ব্যবসায়ীদের মধ্যে একটা বড় অংশ আছেন যারা কর দিতে চান। তারা কোনও ঝামেলার মধ্যে যেতে চান না এবং আমিও চাই না তাদের কেউ হয়রান করুক। অপর দিকে যে নির্দিষ্ট সংখ্যক ব্যবসায়ী কর ফাঁকিও দিতে চায় তাদের উপর আমি কতকগুলি পেনাল্টি ইত্যাদি বাড়াচ্ছি। সাধারণ ব্যবসায়ী যারা কর দিতে চান তাদের হয়রানি কমানো এবং যারা দিতে চান না তাদের উপর একটু পেনালটি বাড়ানো—এই দৃষ্টিভঙ্গিটা আমি নিয়েছি। এর পর আর একটি প্রশ্ন এসে গিয়েছে, আমি এতটা চাইছিলাম না কিন্তু প্রশ্নটা এসে গিয়েছে, তাই

বলছি। একটা বক্তব্য মাননীয় সদস্য সৌগতবাবু রেখেছেন এবং আর একটা বক্তব্য মাননীয় সদস্য অধীর চৌধুরি রেখেছেন। দুটিকে আমি একত্রিত করে বলছি সৌগতবাবু বলছিলেন, এই যে স্বল্প সঞ্চয়ের ব্যাপারে আপনারা নিজেদের কথা এত বলেন, এটা কেন বলেন? তিনি আরও বললেন, এটা তো ডাক ঘরের মাধ্যমে হয়। ডাকঘরের কতকগুলি সঞ্চয় প্রকল্প আছে, তার থেকে হয়, এতে আপনাদের ক্রেডিটটা কি? আমি বলছি, ডাকঘর সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যেই আছে। কিন্তু এতে আমরাই প্রথম হয়েছি। এই যে আমার প্রথম হয়েছি এরজন্য নিশ্চয় কোনও একটা ব্যতিক্রমী কারণ আছে। কারণটা হচ্ছে, এই স্বল্প সঞ্চয় প্রকল্পগুলির ব্যাপারে বারংবার আমরা মানুষের কাছে প্রচারের জন্য এটা নিয়ে গিয়েছি। এক্ষেত্রে আরও একটি বিকেন্দ্রীকৃত উৎসাহদান প্রথা আমরা চালু করেছি। প্রত্যেক জেলাকে তার লক্ষ্যমাত্রা ঠিক করে দেওয়া আছে। যদি লক্ষ্যমাত্রা সেই জেলা পঞ্চায়েত ইত্যাদিকে যুক্ত করে অতিক্রম করতে পারে তাহলে যে অতিরিক্ত স্বল্প সঞ্চয়জনিত অর্থ আসবে তার অর্ধেক সেই জেলা পাবেন যার থেকে জেলা পরিকল্পনা ফান্ডে টাকাটা যায়। এরজন্য এটা বেড়ে গিয়েছে। আর পোস্ট অফিসের জন্য যে খরচ পড়ে—ফরম পাঠানোর খরচ, এটা চালু রাখার জন্য যে খরচ সেই সমস্ত খরচ রাজ্য সরকার দিয়ে দেন। এই প্রসঙ্গে আরও একটি কথা বলছি। বাজেটে রাজস্ব ঘাটতির কথাটা আপনারা তুলেছেন, এই প্রসঙ্গে সেই কথাটাও একটু বলে দিতে চাই। বাজেটে গতবার আমি বলেছিলাম সামগ্রিকভাবে ঘাটতি হবে ১০ কোটি টাকার মতোন। এখন যেটুকু তথ্য পাচ্ছি তাতে দেখছি ১০ কোটির চেয়ে একটু কম, হয়ত ৮ কোটির মতোন ঘাটতিতে আমাদের শেষ হতে পারে। বাজেটটা ১৫ হাজার কোটি টাকারও বেশি, ঘাটতিটা কম, এটা হচ্ছে মোট ঘাটতি। আপনি যেভাবে বললেন তার থেকে মূল নির্যাসটা বার করে নিয়ে আমি বলছি। রাজস্ব ঘাটতি কিন্তু থাকছে। রাজস্ব ঘাটতির ব্যাপারে আমি নিজেই প্রশ্নটা তুলেছি। বাজেট অ্যাট এ গ্লান্সে আছে দেখবেন প্রায় ১ হাজার ৬৬৬ কোটি টাকা। এটা চিন্তার কথা। এখানে কিন্তু পদ্ধতিটা বদলালে আর ঘাটতি থাকবে না। তার কারণ স্বল্প সঞ্চয় থেকে যা আদায় হয়—আমি কথার কথা বলছি, ধরুন ৪ হাজার কোটি টাকার মতোন টাকা মানুষ স্বল্প সঞ্চয়ে রেখেছেন, আবার এক হাজার কোটি টাকা তুলেও নিয়েছেন। তার মানে নিট স্বল্প সঞ্চয় হয়েছে তিন হাজার কোটি টাকা। প্রথমত যা আদায় হয়—যারা তুলে নিচ্ছেন সেটাও রাজ্য সরকার বহন করেন। রাজ্য সরকারের থেকে সেই টাকাটা কেটে নেওয়া হল। তাহলে বাকি থাকল তিন হাজার কোটি টাকা। এই তিন হাজার কোটি টাকা থেকেও আবার শতকরা ২৫ ভাগ কেটে নেওয়া হয় সুদের জন্য। তারপর যেটা থাকে, শতকরা ২৫ ভাগ কাটলে, ২,২৫০ কোটি টাকা। সেটা তো নির্যাস, সেটা তো উদ্বৃত্ত, সেটা তো রাজ্যের প্রাপ্য। কেন্দ্রীয় সরকার অনেকদিন ধরেই সেটাকে কিন্তু আবার ঋণ হিসাবে রাজ্যের উপর

চাপিয়ে দিচ্ছেন। তার উপর সুদের হারও খুব বেশি—১৪।। শতাংশ। এ ব্যাপারে আমি একটা অঙ্ক করে দেখছিলাম। আমরা বলার পর প্রতিটি রাজ্য এটা সমর্থন করে যে.যে রাজ্য স্বল্প সঞ্চয় করছেন। আমরা বলেছি, সেটাকে ঋণ না করে গ্রান্ট হিসাবে দিন। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, কেন্দ্রীয় সরকার মাস তিনেক আগে এরজন্য একটা কমিটি স্থাপন করেছেন আমাদের কথাটা গুরুত্ব দিয়ে। যদি হয়, যদি গ্রান্ট হিসাবে পেতে শুরু করি তাহলে আর এই ১ হাজার ৬৬৬ কোটি টাকার রাজস্ব ঘাটতিটা আর থাকবে না, উদ্বৃত্ত হয়ে যাবে।

**শ্রী সৌগত রায় ঃ (ম্যাচিওর করলে তো ফেরত দিতে হবে।)** প্রতি বছর সেটা নেট করছেন। যে রাজ্য নেট স্বল্প-সঞ্চয় করছেন তাদের ক্ষেত্রে এটা অ্যাপ্লিকেবল। গত ১৫ বছর ধরে এটা চলছে। আমি আমার যে নীতির কথা বলেছি তার দুটো দিক রয়েছে। একটা হচ্ছে সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপ। আমরা যে সংস্কারের কথা বলছি সেটা ভিন্ন। আমরা দেশের মধ্যে কৃষির ক্ষেত্রে ছোট কৃষকদের সমান সুযোগ দিই, শিল্পক্ষেত্রে ছোট শিল্পকে সুযোগ দিই। মাননীয় অধীর চৌধুরি যা বলছিলেন—আন্তর্জাতিক অর্থ-ভান্ডারের সবাই সদস্য, কিন্তু জেনে রাখবেন, সেক্ষেত্রে নিয়ামত হচ্ছে ৬টি দেশ। ভারতবর্ষের কোনও স্থান সেখানে নেই। যিনি আপনাকে এটা বলেছেন তিনি সঠিকভাবে ব্রিফ করেননি। সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপ—এটা বললেই হবে না। সামাজিক পরিকাঠামোর কথা মনে রেখে মনে হচ্ছে, এর কাউন্টার পার্ট হচ্ছে বিকেন্দ্রীকরণ। এর মানে হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন। সেখানে কিন্তু কেন্দ্র-রাজ্য সম্পর্কের প্রশ্ন আসে। তিন-সাড়েতিন মাস আগে কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকারের কাছে এই প্রশ্ন তোলা হয়েছিল। সেখানে আমরা কিছু বক্তব্য রেখেছিলাম। আমরা সেখানে কি বক্তব্য রেখেছিলাম তার জেরক্স কপি আছে। উনি চাইলে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সেটা তাকে দিতে পারি। এখানে কেন্দ্র-রাজ্য সম্পর্কের প্রশ্ন এসেছে যেটা আমরা বারবার উত্থাপন করে আসছি। এই যে বিকল্প নীতির কথা বলছি তা নিয়ে এখানে অনেকে অনেক আলোচনা করেছেন সেটা আমার ভাল লেগেছে। আমি শুধু আপনাদের দৃষ্টি আকর্ষণ করব যেটা ইউ. এন. ডি. পি. রাষ্ট্রসংঘের হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট, যেটা ১৯৯৬-৯৭ সালে সর্বশেষ বেরিয়েছে, তার প্রতি। এতে আমাদের কাছে নতুন বিষয় হচ্ছে, আমরা যে কথা বলেছি সাত-আট বছর ধরে, ঠিক সেই কথাগুলোই ১৯৯৬-৯৭ সালের রিপোর্টে ইউনাইটেড নেশন বলতে শুরু করেছেন। এটা আমার বলা উচিত নয়, আপনারা বলেছেন যে, আমি মাঝে মাঝে বিদেশে যাই। এম. আই. টি.-তে আমাকে তারা নিয়ে গিয়েছিলেন বস্তুত বিকেন্দ্রীকরণের উপর বলতে। সেখানে সকলকে বলার সময় দেওয়া হয়েছিল আধ ঘন্টা, কিন্তু আমাকে ৪৫ মিনিট দেওয়া হয়। সেখানে যা বলেছি সেটা হয়ত আগামী দিনে তৃতীয় বিশ্বের কাছে পাথেয় হতে পারে।

[7-00 — 7-10 p.m.]

চিনের ক্ষেত্রে একটা কথা বলেছেন। সব খবরটা হয়ত আপনার কাছে পৌঁছায়নি। চিনের মূল জায়গাটা কোথায়? চিন শুরু করেছিল ভূমিসংস্কার দিয়ে, একেবারে প্রথম থেকে। চিন শুরু করেছিল বিকেন্দ্রীকৃত শিল্পের স্বপ্ন নিয়ে। মনে রাখবেন চিন শুরু করেছিল স্বনির্ভরতা অর্জন করে। মনে রাখবেন চিনের প্রধানমন্ত্রী গিয়ে বলেছেন যে আমরা কোথায় ভরতুকি দেব সেটা আমাদের ব্যাপার, আপনারা কিছু বলবেন না। মনে রাখবেন আন্তর্জাতিক অর্থভান্ডারে এবং 'গ্যাট'-এ একই কথা বলেছে চিন যে আমরা কোথায় ভরতুকি দেব সেটা আমাদের ব্যাপার। চিন সম্বন্ধে আপনারা যে সব কাগজপত্র পড়ে বলেন, আমি বুঝতে পারছি আপনারা কি কাগজপত্র পড়ে বলেছেন। তাই আসল খবরটা আপনাদের কাছে পৌঁছায়নি। যেহেতু আপনার জানার ইচ্ছা এতটা তাই আমি এটা বললাম।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরপর কৃষি ক্ষেত্রে ভূমিসংস্কার সম্পর্কে আসছি। এই ব্যাপারে সৌগত রায় মহাশয় প্রশ্ন তুলেছেন এবং আপনাদের কেউ কেউ বলেছেন—ইংরাজিটা বাংলা করলে এই মানে হয় যে তে ফুলিয়ে ফাঁপিয়ে বলছেন কেন? আমি বলছি না, জাতীয় নমুনা সংস্থা কেন্দ্রীয় সরকারের সর্বশেষ প্রকাশিত যে তথ্য সেখান থেকে বলছি। তাতে বলা হচ্ছে সারা ভারতবর্ষে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষক যেখানে ৮৫ ভাগ মানুষ সেখানে তাদের হাতে ৩৫ ভাগ জমি গিয়েছে সেখানে পশ্চিমবাংলায় ৬৯ শতাংশ জমি তাদের হাতে পৌঁছে গিয়েছে। এটাই বলছি। আর একটা কথা সৌগত রায় মহাশয় তুলেছেন, বলেছেন, হ্যাঁ ভূমিসংস্কার ভাল কিন্তু এর সঙ্গে উৎপাদন বৃদ্ধিকে যুক্ত করছেন কেন? ওনার কথায় এটা একটা মূল বিষয় ছিল। আমার বক্তব্যটায় উনি প্রশ্ন করেছেন, সেই কারণে আমি মূল তথ্যটা নিয়ে আসছি। ফার্ম ম্যানেজমেন্ট স্টাডি যেটা কেন্দ্রের অর্থ মন্ত্রকের সঙ্গে আলোচনা করে প্রতিটি রাজ্য করে, আমাদের রাজ্যের ফার্ম ম্যানেজমেন্ট স্টাডি ১৯৯৫-৯৬, তার প্রকাশিত তথ্য এসে গিয়েছে। আপনি যেহেতু কৃষি বিষয়ক কমিটির শীর্ষে আছেন এটা আপনিও পেয়ে যাবেন। লক্ষ্য করুন চালের ক্ষেত্রে হেক্টর পিছু উৎপাদনশীলতা মধ্য এবং বড় কৃষকদের ১,৬৯২ কে. জি. হেক্টর প্রতি হয়, ছোট কৃষকদের চাল আসে ১,৬৯২ কে. জি. প্রতি হেক্টর নয় ১,৭৫০ কে. জি. হেক্টর প্রতি। প্রান্তিক কৃষকদের আসে আরও বেশি ১,৭৮০ কে. জি. হেক্টর পিছু। আপনি গমে আসুন। মাঝারি এবং বড় কৃষক যেখানে হেক্টর পিছু উৎপাদন করে ১,৯১৪ কে. জি. সেখানে ক্ষুদ্র কৃষকদের কাছ থেকে আসে ২,২৫২ কে. জি. প্রতি হেক্টরে। এই ক্ষেত্রে প্রান্তিক কৃষকদের কাছ থেকে আসে ২,২২৩ কে. জি. প্রতি হেক্টরে।

চাই আমরা বারে বারে বলছি যত সিলিং বহির্ভূত জমি আছে সেটা ভূমিহীন এবং ছোট কৃষকদের কাছে নিয়ে আসতে। শুধু দুয়া দাক্ষিণ্য নয় যে বেশি উৎপাদন করছে তাদের কাছে আনছি। এটাতে উৎপাদনের দিকে পদক্ষেপ স্বপ্রতিযোগিতায় উৎপাদন এবং কর্মসংস্থান বাড়ায়। সব চেয়ে বেশি কর্মসংস্থান বাড়ায় ছোট এবং প্রান্তিক কৃষকদের জমিতে। এই প্রসঙ্গে আপনারা যে প্রশ্ন করেছিলেন সেটা আমি খন্ডন করলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরও একটা ভাল কাজ করেছেন সেন্টার ফর সোশ্যাল সাইন্স পক্ষে অধ্যাপক নৃপেন ব্যানার্জি। বামপন্থী দৃষ্টিভঙ্গি তার থাকতে পারে কিন্তু কাজটা হচ্ছে মূলত ইকনমিক কাজ। পশ্চিমবাংলার ১৭টি জেলার ১০ বছরের তথ্য, কৃষি উৎপাদন কোথায় বেড়েছে সেটা এক দিকে নিয়েছেন আর এক দিকে নিয়েছেন ভূমিসংস্কার কি হয়েছে। সেচ কত বেড়েছে সার কত বেড়েছে, এর মধ্যে কোন ফ্যাক্টরটা সব চেয়ে বেশি ইম্পর্টেন্ট। উনি দেখতে পেয়েছেন ভূমিসংস্কার সবচেয়ে বেশি ফ্যাক্টর হয়ে বেরিয়ে আসছে। এটা আপনারা যেভাবে বামপন্থী বলছেন তাতে আপনারা বুঝতে পারছেন এটা অত্যন্ত প্রফেশনাল কাজ। এই বিষয়ে আপনার জানার উৎসাহ থাকা উচিত। এর পর যে প্রশ্নটা আসছে, যে প্রশ্নটা আপনারা রেখেছেন যে আমি মাঝে মাছে উৎপাদন বৃদ্ধিতে পশ্চিমবাংলার অমুক বৃদ্ধির হার, সর্বভারতীয় হার, সমস্ত রাজ্যের গড় বৃদ্ধির হার থেকে পশ্চিমবাংলা বেশি এই সমস্ত। এখানে প্রায়ই একটা সন্দেহ করছেন যে আমি কোনও কৌশল করছি, যেগুলি পেছিয়ে পড়া রাজ্য তাদেরটা আমাদের মধ্যে জড়িয়ে মড়িয়ে সমস্ত তথ্য রাখছি। না, আমি তথ্য দিয়ে দিচ্ছি। বইটা আমার কাছে আছে, যদি কোনও প্রশ্ন ওঠে আমি দেখিয়ে দিতে পারব। মূলত রাজ্যের তালিকা ভূক্ত কৃষি, এই কৃষিতে সর্বভারতীয় রাজ্য ওয়ারি তথ্য এসেছে যেটা প্রকাশিত আছে সেটাই আমার কাছে আছে। ১০ বছর, ১৯৮০/৮৩ থেকে ১৯৯০/৯৩ ঠিক এই ১০ বছর নিয়ে। তাতে খাদ্য বৃদ্ধির উৎপাদনের হার ২৫টি রাজ্যের মধ্যে প্রথম স্থানে পশ্চিমবাংলা সেটা হল ৫.৯।

তারপরে হরিয়ানায় ৪.৪ শতাংশ। তারপরে পাঞ্জাব ৪.১ শতাংশ। আপনারা জানতে চেয়েছিলেন, আমি তা শুধু গড়ের ক্ষেত্রে বলছি। হ্যাঁ, গড়ের ক্ষেত্রে শুধু বলছি—যেগুলো এাগয়ে থাকা রাজ্য, তাদের থেকে এগিয়ে নিয়ে গিয়েছি। পশ্চিমবাংলার ব্যাপারে এটা বলব না? আপনাদের খারাপ লাগলেও আমাকে বলতে হবে। এরপর চালের ক্ষেত্রে বলছি। আমি ঠিক তথ্যগুলো যেখানে, একেবারেও সেই জায়গায় দাঁড়িয়ে বলছি। চালের ক্ষেত্রে ২৫টি রাজ্যের ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির হার ৪.২ শতাংশ। পশ্চিমবাংলায় বৃদ্ধির হার প্রথম। উৎপাদনশীলতার ক্ষেত্রে প্রথম। তবে পরিমাণে আমরা এখনও প্রথম হতে পারিনি। পরিমাণে এখন পাঞ্জাব প্রথম, দ্বিতীয় হরিয়ানা এবং তৃতীয় হচ্ছে তামিলনাড়ু। আমরা তামিনাড়ুর একেবারে কাছাকাছি আছি। আমরা যেহেতু দ্রুত গতিতে এগোচ্ছি, যদি এই হারটা ঠিক থাকে তাহলে আমরা তামিলনাড়ুকে হারিয়ে দেব, তারপর হরিয়ানা

এবং পাঞ্জাবকে। আমি যে তথ্যগুলো বলছি, সেগুলো শুধু কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য নয় বলে আপনাদের মনে সন্দেহ আসে, এটা কেন্দ্রীয় সরকারের সেই সময়ের তথ্য, যখন আপনারা কেন্দ্রীয় সরকারে ছিলেন। এরপর আমি শিল্পের ক্ষেত্রে আসছি। শিল্পের ক্ষেত্রে আমি উৎসগুলো বলছি। কেন্দ্রীয় সরকারের কৃষি মন্ত্রকের তথ্য থেকে বলছি, আমার তথ্য নয়। মাঝে মাঝে আপনারা বলে দেন যে, উনি মিথ্যা কথা বলছেন, জাগলারি করছেন। সেজন্য আমি এটা বললাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্পের ক্ষেত্রে কিন্তু বলে রাখছি, স্টেট ইন্ডাস্ট্রিয়াল ইন্ডেক্স রাজ্যওয়ারি করা হয় না, কম্পেয়ার করা যায় না। তাই সর্বভারতীয় যেটা বৃদ্ধির হার, ১৯৯৬-৯৭ সালে শিল্পের সূচক ৮.৪ শতাংশ ছিল, সেখানে পশ্চিমবাংলায় ছিল ৯.২ শতাংশ। আমি বলছি, এটা কৃষির মতো সাফল্য বলছি না। যেহেতু আমাদের বেসটা কম ছিল, তাই প্রথমে রেটটা বেশি আছে। আমরা শিল্পে কিন্তু কৃষিতে যে রকম যেতে পেরেছি, সেই রকম যেতে পারিনি। কিন্তু সর্বভারতীয় হারের চেয়ে বেশি হয়েছে। আর একটা কথা মাননীয় জটু লাহিড়ি রেখেছিলেন। এই বছরে তথ্য ধরে কর্মসংস্থান কত আছে, আর ১৯৮৪ সাল থেকে ধরে কত হবে? আর প্রকল্পগুলো কত আছে? প্রথমটির ক্ষেত্রে বলছি ২২,৬৩৭। আর ১৯৮৪ সাল থেকে ধরে ৪৮,০০০। আর মোট ৮৪টি প্রকল্প আছে। আপনি এটা অনেক তাড়াতাড়ি পড়েছেন। ৩৩-৩৭ পাতায় যে লিস্ট আছে, তারমধ্যে এগুলো দেওয়া আছে। এরপর শিল্পের ক্ষেত্রে যে প্রশ্নটা হয়েছে, আমি প্রথমে আসছি, আমি একটা জায়গায় রেখেছি, সেটি কর্মসংস্থানকে নিয়ে এবং বন্ধ কলকারখানার প্রশ্নটি নিয়ে। কর্মসংস্থানের ব্যাপারে আপনারা একটি বিষয় তুলেছেন, সেটি আমার আগে থেকে ব্যাখ্যা করা উচিত। আমি যে তথ্যগুলো দিয়েছি, এটি রাজ্য স্তরের তথ্য নয়। আমি আবার দেখতে পাচ্ছি, আপনারা যখন ছিলেন, '৯০ সালের প্রথম দিকে কর্মসংস্থান বৃদ্ধি হয়েছে। সর্বভারতীয় ক্ষেত্রে বার্ষিক বৃদ্ধির হার ২.৩ শতাংশ। পশ্চিমবাংলা রাজ্যগুলোর মধ্যে সবচেয়ে বেশি—২.৯ শতাংশ। এবং নবম যোজনায় যা সর্বশেষ, মার্চে যে রিপোর্টটা পাবলিশ করেছে সেটিতে কর্মসংস্থান বৃদ্ধির হার সর্বভারতে ২৫টি রাজ্যের ক্ষেত্রে যেখানে গড় বৃদ্ধি ২.৬ শতাংশ, সেখানে পশ্চিমবাংলায় হয়েছে ৩.১৫ শতাংশ। অর্থাৎ একেবারে শীর্ষে আমরা। এরপর বলছি, একটা বছরে ১৯৯৭-৯৮ সালে ৬.৫৭ লক্ষ কর্মসংস্থান হয়েছে। আপনি জিজ্ঞাসা করেছেন, আপনি কি করে জানলেন? তাহলে নথিভুক্ত বেকারের সংখ্যা বাড়ছে কি করে? কি করে জানলাম বলছি। এটি ইকনোমিক সেন্সাস, '৮০-'৯০ আর্থিক আদমসুমারি অনুসারে হয়েছে, তাতে প্রকাশিত হয়েছে এবং প্রত্যেক জেলা ধরে বলা হয়েছে।

[7-10 — 7-20 p.m.]

তাতে প্রত্যেক জেলা ধরে কোথায় কোথায় কর্মসংস্থান সৃষ্টি হয়েছে পরিষ্কার করে

বলা আছে। এবং ঠিকই সেখানে সেচের জলে যেটুকু কৃষিতে পড়েছে তার থেকে ৬.৫৭ লক্ষ বাড়িয়েছি। কিন্তু আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একই সঙ্গে বলে রাখছি এই বৃদ্ধি মূলত হচ্ছে গ্রামবাংলার কৃষিকে কেন্দ্র করে, শহরাঞ্চলে মূলত এটা হয়নি। রেজিস্টার্ড আনএমপ্লয়েড অর্থাৎ নথিভুক্ত বেকারদের নাম মূলত গ্রামবাংলার মানুষের, শহর আধাশহর অঞ্চলের মানুষ নয়। তাই যে প্রক্রিয়া গ্রামবাংলায় হয়েছে, শহরাঞ্চলে সেইভাবে হয়নি। এই জিনিসটা কিন্তু বোঝা উচিত। আর যে সংখ্যাটা আমি দিইনি তার কারণ হচ্ছে যেখানে বেকার যুবক-যুবতীরা বেকারত্বের যন্ত্রণায় ছটফট করছে তাদের পরিসংখ্যান দিয়ে কি হবে তাই দিইনি। তাই আপনার মাধ্যমে বলছি যে, বছর দু-এক আগে এখানে কেন্দ্রীয় যোজনা কমিশন পূর্বাঞ্চলের কর্মসংস্থান নিয়ে একটা কর্মশালা করেছিলেন, তাতে একটা কথা ওদের যিনি অ্যাডভাইসর ডঃ পাগলা, যিনি লেবারে অনেকদিন ধরে কাজ করছেন তিনি একটি কথা বলেছিলেন। তার সারবত্তা আমি কখনও কোথাও পাবলিসিটি করিনি। আমি সেটা এখন বলতেও চাইছি না। তবে উনি বলেছিলেন যে, আপনাদের যে রেজিস্টার্ড আনএমপ্লয়েড ফিগারগুলো বেরিয়েছে এগুলো কি আপনারা ক্রশ চেক করেন? যারা এরমধ্যে কোথাও কোনও কাজ করছেন তাদের নামটা কাটছে কিনা সেটার খবর রাখেন কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সত্যই এই ক্রশ চেক করি না। এটা আমাদের করা উচিত। এই সংখ্যাটা সঠিক কিনা সেটা আমাদের দেখা উচিত কারণ তা না হলে তো আমাদের মিলছে না। এবং এটা আমি খোলাখুলি আপনার মাধ্যমে কোনও সাবজেক্ট কমিটি থেকে যেটা শ্রমকে নিয়ে, সেখানে এটাকে সর্বদলীয়ভাবে করা হোক এটা চাই, এটাতে কোনও ফাঁকি নয়, কিছু নয়। আমরা এক সঙ্গে এটা কাজ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপরে আমি পরিকাঠামোর দিকে আসছি। আমি পরিষ্কারভাবে বলছি যে, যে যে জায়গার ঘাটতি আছে, সেগুলো পরিকাঠামোর ক্ষেত্রেও ঘাটতি আছে। আমি এটা বলতে পারি সেটা সর্বভারতীয় সূচক। পরিকাঠামোগতদিক থেকে সেচ নিয়ে, বিদ্যুৎ নিয়ে, রাস্তাঘাট নিয়ে যেটা করা হয়েছে তাতে আপনার গড় হচ্ছে ১০০, পশ্চিমবঙ্গ সেই গড়ের উপরে। আমি এটা বলতে পারি যে, মহারাষ্ট্রের চেয়ে আমরা উঁচুতে। এই সূচকটা কিন্তু ভারতের, আমি তার উল্লেখ করছি না। আমি মনে করছি এই পরিকাঠামোয় ঘাটতি কতগুলো জায়গায় আছে। সেগুলো মেটানোর জন্য কতগুলো পদক্ষেপ আমরা এই প্রস্তাবাকারে রাখছি। আমি আনন্দের সঙ্গে লক্ষ্য করছি যে, আপনারা কিন্তু এই প্রস্তাবগুলো সরাসরি বিরোধীতা করেননি। আপনাদের কেউ কেউ বলেছেন পঞ্চায়েতের নির্বাচনের ভয় পেয়ে নাকি বলেছি, খড়দহে হেরে গিয়ে করেছি। কেউ আবার বলেছেন অনেকদিন আগেই করা উচিত ছিল। কিন্তু প্রস্তাবগুলোর কেউ বিরোধীতা করেননি। বাজেটে আমরা এই প্রস্তাবগুলোর উল্লেখ করেছি। সুতরাং আমি ধরে নিচ্ছি আপনারা এই প্রস্তাবগুলো সমর্থন করছেন। এখানে একটি কথা বলে রাখা উচিত। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই আপনারা যদি এইরকম করেন, না শোনেন তাহলে আমার পক্ষে উত্তর দেওয়া সম্ভব নয়। আপনারা যখন বলেন আমি মনোযোগ দিয়ে শুনি, আমি প্রত্যেকটা উত্তর দেবার চেষ্টা করছি কিন্তু আপনারা যদি না শোনেন তাহলে এই কষ্ট করার কোনও মানে নেই। এটা ভোটে তো পাস হয়ে যাবেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচের ক্ষেত্রে কেউ কেউ বললেন যে এটা কেন হঠাৎ করে করেছেন। আমরা লাগাতারভাবে করছি। এটা সেচ এবং ক্ষুদ্র সেচের উপকৃত কমিটির মাধ্যমে করে এটাকে লাগাতারভাবে করছি। বিদ্যুতের ক্ষেত্রে কে যে বললেন এতদিন পরে ঘুম ভাঙ্গল নাকি? গতবারের বাজেটেও আমরা একেবারে একই কথা বলেছি। বর্তমান বছরে বাজেটের অতিরিক্ত আমরা বলেছিলাম ৭৫ কোটি টাকা দেওয়া হবে। এই বছরে ৭৫ কোটি টাকার অতিরিক্ত শুধু নয়, ৮১ কোটি টাকার অতিরিক্ত দেওয়া হয়েছে। এবং এই ধারাবাহিকতা রেখেই এইবারের বাজেটে অতিরিক্ত ১০০ কোটি টাকা কথা বলেছি। আপনারা প্রশ্ন রেখেছেন আমি তাই এখানে উন্নয়ন নিগমের কথা রাখার চেষ্টা করছি গ্রামীণ বিদ্যুতিকরণ নিয়ে আপনারা কেউ কেউ প্রশ্ন রেখেছেন। এই নিগম করলে এস. ই. বি.-র সঙ্গে রাজ্যের বিদ্যুৎ পর্যদের ঝগড়া লেগে যাবে। পঞ্চায়েতকে নিয়ে করবেন কি না ইত্যাদি বিষয়।

পঞ্চায়েতকে নিয়ে করবেন ইত্যাদি। এই নিগমের কাঠামোটা কি, আমি যেটুকু বলেছি, বাকিটা বলছি। এই নিগমের যেভাবে আমরা পরিকাঠামোর উন্নয়নে নিগম করেছি, ঠিক সেই রকম একটা নিগম যে নিগম এর কিন্তু রাজ্য স্তরটা ভারি হবে না। যে নিগমের শাখা প্রত্যেকটি জেলাতে থাকবে। যে নিগম পঞ্চায়েতকে নিয়ে কাজ করবে। কাজটা কি, ১১ কে. ভি. পর্যন্ত বিদ্যুৎ আসবে, এস. ই. বি.-র সঙ্গে সমন্বয় দরকার। আমরা ধারণাটা এটা কাজ হবে। এটা একটা নূতন দিক। তার নীচে যে কাজ, আপনার কি কি লাগছে—পোল লাগছে, ট্রান্সফরমার লাগছে, ইন্সুলেটর লাগছে, এই গুলি তো রাজ্যের মধ্যেই তৈরি হয়। যদি একবার কেউ ঐ ফ্রিকুয়েন্সি কন্সিসটেন্সি চেঞ্জ করে দেয় ২২ কে. ভি. পর্যন্ত আসে তাহলে বাকি কাজ জেলায় হয়। অবসরপ্রাপ্ত যে ইঞ্জিনিয়ার আছেন জেলায়, যুবক ডিপ্লোমাধারি ইঞ্জিনিয়ার বেকার হয়ে বলে আছেন, আমরা বলছি তাকে নিন। চুক্তিবদ্ধভাবে নিন। কাউকে সেদিক থেকে মারার জন্য নয়, আমরা বলছি তাদের চুক্তিবদ্ধভাবে নিন। এই কারণে দায়বদ্ধতা ঠিক থাকে, সামাজিক দায়বদ্ধতাটা থাকবে, এটা দেখবেন, আমার ধারণা এটায় কাজ হবে। আমি অভিজ্ঞতা থেকে বলছি, এটা একটা নূতন পদ্ধতি নিচ্ছি, বিদ্যুৎ দপ্তর গ্রামোন্নয়ন দপ্তর অর্থ দপ্তর আমরা যারা ভারপ্রাপ্ত মন্ত্রী আছি, তারা মুখ্যমন্ত্রীর সঙ্গে একাধিকবার আলোচনা করে এই কোম্পানি নিলাম। এতে যে যে জেলাতে আপনারা যারা যুক্ত হয়ে আছেন, আপনাদের সহযোগিতা চাইছি। রাস্তার ক্ষেত্রে আপনারা বলছেন বোধ হয় ঘুম ভাঙলো গোছের কথা। একই

জিনিস আপনারা গতবারে বলেছেন। একই জিনিস বাজটের ১০০ ভাগের অর্থ দেওয়ার পরেও রাস্তার জন্য এবারে অতিরিক্ত ৫১ কোটি টাকা বাড়তি অর্থ দেওয়া হয়েছে। আমরা মনে করি এখানে বাড়তি অর্থ বরাদ্দটা বেশি নয়, যারা কাজ করেছেন তাদের কাজে নজর দেওয়া উচিত, যে উপাদানগুলি আসছে সেইগুলি স্যাম্পেল চেকিং করা উচিত। আমরা বারবার বলছি, এই লিস্টগুলি করে টাঙিয়ে রাখা উচিত খরচের হিসাবটা দেখানোর জন্য। কন্ট্রাক্টরদের ব্লাকলিস্টেড করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খোলাখুলিভাবে বলছি, এইসব পরিকাঠামো হওয়ার পরে শিল্পের ক্ষেত্রে আমরা যে গুরুত্বটা দিচ্ছি, মাননীয় সদস্য নির্মল ঘোষের বক্তব্যয় যেটা বেরিয়ে এসেছে এটা সঠিক এবং সরকারি সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি তারাও যা বলেছেন, গ্রামাঞ্চলে যে কৃষির বিকাশটা হচ্ছে তাকে কেন্দ্র করে যে শিল্প যেখানে হিমঘর হওয়ার দরকার ছিল, অনেকগুলি হিমঘর স্থাপন করা, চালকল স্থাপন করা, এইগুলি কিন্তু পরিকাঠামোর জন্য—২৫ কোটি টাকা ছাড়াও ১০০-১০০—২০০ কোটি টাকা রাখা হয়েছে। কে একজন প্রশ্ন করেছেন, কতকগুলি চালকল হবে, আমি বলেছি, অন্তত ১০০টি চালকল এবং ৩৫/৩৬টি হিমঘর হবে সবজি ইত্যাদি সংরক্ষণ করা যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শহরাঞ্চলে আসি, শহরাঞ্চলে কোনও পঞ্চায়েত নির্বাচন নেই, শহরাঞ্চলে আমরা মনে করেছি এই ছোট শিল্পগুলি কিন্তু বস্তি এলাকায় কলোনি এলাকায় হতে পারে। কলকাতা হাওড়ায় যে ২ হাজারের মতো বস্তি আছে, তার অধিকাংশ বস্তি কিন্তু উৎপাদন কেন্দ্রীক বস্তি। যদি কলকাতার পশ্চিমাঞ্চলের বস্তি মৃৎ শিল্পের কাজ করে, মাণিকতলার বস্তি চামড়ার কাজ করে এবং কাঠের কাজ করে। পশ্চিমে জামা কাপড় হয়। এই জায়গায় আমরা প্রবেশ করতে চাইছি। এবং সমবায় ব্যাঙ্কগুলিও বিকাশ করছে। আমরা চাইছি, শহরে আরবান প্রাইমারি কো-অপারেটিভ হোক, ব্যাঙ্ক হোক। আমরা খোলাখুলি বলেছি চুক্তির ভিত্তিতে এলাকার যুবকদের নিযুক্ত করা হোক। বস্তি উন্নয়ন এর ক্ষেত্রে বাইরে কন্ট্রাক্টর নয় এলাকার যুবকরাই কাজ করবে। এই প্রস্তাব আমি এখানে রেখেছি। এখন কোনও পঞ্চায়েত নির্বাচন নেই, আর বন্ধ কলকারখানার ক্ষেত্রে আপনারা যেটা বলছেন, এই ব্যাপারে একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়কে বলা যায়, অন্য কোনও রাজ্যে এটা করে না, আমরা বন্ধ রুগ্ন কলকারখানার পিছনে লাগাতরভাবে আছি সরকারের যে ২২টি আছে, এছাড়া প্রায় ৫৫টির মতো লিস্ট দেওয়া আছে, যেগুলি শিল্প কারখানা সেইগুলি নেই, অন্যগুলি বাদ দিচ্ছি। যেগুলি আপনাদের সময়ে রুগ্ন শিল্প হয়ে বসে ছিল সেইগুলির ক্ষেত্রে আমরা সাহায্য করে যাচ্ছি। আমরা এজন্য কিন্তু ১০০ কোটি টাকার মতো দিচ্ছি।

[7-20 — 7-30 p.m.]

শুধু রুগ্ন শিল্পগুলোর ক্ষেত্রে এখানে একজন প্রশ্ন করেছেন। আমি বলছি যে

বাইশটি শিল্প পুনর্গঠন দপ্তরের মধ্যে পড়ে সেই বাইশটি সম্বন্ধে, তার মধ্যে পাঁচটি লাভ করেছে। বাকিগুলিতে লাভ-ক্ষতি হয়ে কি দাঁড়াল সেটাও আমি বলছি। যে পাঁচটিতে লাভ করেছে সেগুলো হল সরস্বতী প্রেস, ম্যাকিনটোস বার্ণ, ইস্টার্ন ডিস্টিলারিস, ওয়েস্ট বেঙ্গল ওয়ার হাউসিং কর্পোরেশন, ইলেক্ট্রো মেডিক্যাল, এই বছরে প্রায় নয় কোটি টাকার মতো লাভ হয়েছে। কিন্তু বাকিগুলোর ক্ষেত্রে ক্ষতি হয়েছে। সামগ্রিকভাবে এই ক্ষতির পরিমাণ আট কোটি টাকা, গত বছর এই ক্ষতির পরিমাণ ছিল ২৬ কোটি টাকা। সেখান থেকে আমরা একটা জায়গায় যেতে চাচ্ছি। এইসব জায়গাতে আমাদের আধুনিক পরিচালন দরকার এবং তার জন্য যদি ভাল ম্যানেজমেন্ট আনতে হয় আনব। কোনও কোনও জায়গায় কেন্দ্রীয় সংস্থা তাদের যে লোক ছাঁটাই করে দিয়েছে বা রিটায়ার করেছে তাদেরকে আমরা পরিচালনার মধ্যে আনতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্ধ কারখানা খোলার ক্ষেত্রে মাননীয় সদস্য নির্মলবাবু কিন্তু কোনও বিরোধীতা করেননি। উনি একটা অংশের বিরোধীতা করেছেন, উনি এর মধ্যে কিছু আশার আলো দেখতে পেয়েছেন। উনি বলেছেন, আরও ভাল লাগত যদি উনি করপাস উদ্যোগটা কিন্তু বন্ধ কারখানা খোলার জন্য এবং তার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি হাউসকে জানাচ্ছি, আমরা সঠিক শিল্পপতি আনব। সে রাজ্যের মধ্যে যদি কেউ থাকে ভাল নইলে রাজ্যের বাইরে থেকে আনব। এখানে দুটো প্রশ্ন উঠেছে। একজন প্রশ্ন রেখেছেন এই ৫০ কোটি টাকা দিয়ে আপনি কত জনকে সাহায্য দেবেন। আমাদের এখানে একটা কাট অব লাইন নেওয়া হয়েছে ৩১শে মার্চ, ১৯৯৮ সালের মধ্যে যে কারখানাগুলো এক বছরের বেশি সময় ধরে বন্ধ হয়ে আছে সেই সমস্ত রেজিস্টার্ড কারখানাগুলোর লিস্ট তৈরি করা। প্রাথমিক কাজটা আমরা শ্রম দপ্তরের সঙ্গে শুরু করে দিয়েছি। আমরা কিভাবে এগোবে সেটা বলছি, আমরা আশা করছি পনেরো দিনের মধ্যে আমরা প্রাথমিক লিস্ট তৈরি করে ফেলব। যতগুলো ট্রেড ইউনিয়নস আছে তাদের কাছে আমরা লিস্টটা পাঠাব, চেম্বার অব কমার্সের কাছে পাঠাব, প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছে পাঠাব, ই. এস. আইয়ের সঙ্গেও আমরা যোগাযোগ করব এবং একটা কম্প্রিহেন্সিভ তালিকা আমরা করব। সেইজন্য আমরা ৫০ কোটি টাকা রেখেছি প্রাথমিকভাবে কাজ করার জন্য। যদি বেশি লাগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে এসে আমি সাপ্লিমেন্টারি গ্র্যান্ট আপনাদের কাছে চাইব। এই কাজটাতে আমি সকলের সহযোগিতা চাইছি। কোনও চমকের উদ্দেশ্য আমার নেই। আপনারা যারা যেখানে যুক্ত হয়ে আছেন আপনাদের সকলের সহযোগিতা আমরা চাই। শুধু ৫০০ টাকা সাহায্য নই আমরা চেষ্টা করছি কারখানা খোলার জন্য। এই কারখানাগুলো কিন্তু কোনও পঞ্চায়েত এলাকায় নই, এই এলাকাগুলিতে নির্বাচন কিন্তু অনেক পরে হবে। আমার মনে হয় এটা দরকার। যদি কেউ মনে করেন এই প্রকল্পের কেউ বিরোধীতা করবেন তাহলে আমাকে জানাবেন। মাননীয় সদস্য পঙ্কজবাবু

চলে গেছেন, তিনি বলেছেন ডানলপ কারখানার মালিককে গ্রেপ্তার করা হয়নি কেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৬ তারিখে ওখানকার সমস্ত ট্রেড ইউনিয়ন—ওখানে সকলে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করছেন—তারা যখন বলে তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে চিঠি লিখেন। তবে আমাদের বিশ্বাস এই মালিককে দিয়ে কিছু হবে না। আমরা বলেছি কেন্দ্রীয় সরকারের সর্বোচ্চ স্তর থেকে এনকোয়ারি করে যে শাস্তি হবে তা দিতে হবে এবং তাকে গ্রেপ্তার করা দরকার।

যেরকম ভাবে চিট-ফান্ড গ্রেপ্তার করেছিলাম, সেই রকম ভাবে গ্রেপ্তার করার চেষ্টা করেছিলাম—মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে। কিন্তু এরা পালিয়ে গেছে। যে যে আইন লঙ্ঘন করেছে, সব কেন্দ্রীয় সরকারের আইন। যেমন ফেরা আইন। তাদের আত্মীয়-স্বজনরাও পালিয়েছে। যারা বলেছিলেন, তারা তো কেন্দ্রে জুটে গেছেন—তারা ধরুন না, ধরার চেষ্টা করুন না, আমরা সহযোগিতা করব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আর একটা কথা এসেছে—পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম বা গণবন্টন ব্যবস্থা সম্বন্ধে। মাননীয় সদস্য অধীরবাবু যে ভাবে এটা খেটে করেছেন, তার জন্য ধন্যবাদার্হ। গণবন্টন-ব্যবস্থার একটা স্থান আছে অর্থনীতিতে। এটা দয়া-দাক্ষিণ্য বা ডোল নয়। গণবন্টন-ব্যবস্থা সেক্ষেত্রেই করা হয় যেখানে বাজারে একটা একচেটিয়া আছে। যখন গণবন্টন-ব্যবস্থা করবেন, জানবেন দাম কমে, এটা কাউন্টার প্রোডাক্টিভ ফোর্স। দ্বিতীয় হচ্ছে, একেবারে যারা গরিব মানুষ, তাদের মূল্যবৃদ্ধির হাত থেকে রেহাই দেওয়া। এটা পদ্ধতি। এটা নিয়ে বারবার কেন্দ্রীয় সরকারকে বলেছি। দারিদ্র-সীমার নিচে যারা, তাদের জন্য অন্তত ২০ কে. জি. না হলে অন্তত ১০ কে. জি. চেয়েছিলাম—এটা প্রাথমিক ভাবে। এই সিলেকশনটা সকলের ক্ষেত্রে নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব জেলায় প্রাথমিক লিস্ট একটা করা হয়েছে। এই দারিদ্র-সীমার নিচে যারা আছেন, তাদের যতদিন না কেন্দ্রীয় সরকার দিচ্ছে, প্রথম ৬ মাস রেখেছি অতিরিক্ত ১০ কে. জি. আমরা নিজেরা সংগ্রহ করে দেব, এই দায়িত্ব নিচ্ছি।

আর একটি কথা মাননীয় সদস্য সৌগত রায় রেখেছিলেন,—এত চাল উৎপাদন করছেন, আর একটু বেশি সংগ্রহ করতে পারেন না? নিশ্চয়, এটা আমরাও মনে করি। আমাদের এই রাজ্যের প্রয়োজন অনুযায়ী ৭ লক্ষ টনের মতো চাল এই রাজ্য থেকেই সংগ্রহ করা উচিত—এটা সম্ভব। এইবার এই লক্ষ্যমাত্র তিন থেকে ৫ লক্ষ টন করেছি। কিন্তু সেখানে চাল রাখার গুদাম-ঘরের অভাব আছে আমাদের। বলতে ইচ্ছা করছিল না, তবুও বলতে হচ্ছে, এফ. সি. আই. কারবার করছে না, তাদের গুদাম-ঘরগুলো ছেড়ে দেওয়া উচিত ছিল, সেইগুলো তারা ছাড়ছেন না। আগামী বছরের লক্ষ্যমাত্রা রেখেছি ৫ লক্ষ টন। এটা পুরোটাই সংগ্রহ করা উচিত, এই বিষয়ে আপনার সঙ্গে

একমত। একই সঙ্গে কেরোসিন—দম যেখানে আছে, ভরতুকি দেওয়া উচিত। এবং এর পরিমাণ বাড়ানোর জন্য কেন্দ্রীয় সরকারকে বলতে হচ্ছে। এটাকে যদি রাজনীতি বলেন, বলব, চিরকালই বলব। গতবারের বাজেটে উল্লেখ করেছিলাম, পারলে জামা-কাপড়, তাঁতবস্ত্রও আমরা দেব। তার ধারাবাহিকতা রেখে এবারে এই প্রস্তাবটা রেখেছি।

একটা কথা আপনাদের কে যেন বললেন—আপনি যার ভিত্তিতে এইগুলো করেন, সেইগুলো ডোল আর স্তম্ভগুলো বললেন গ্রামাঞ্চলের কৃষক, শ্রমিক, ইত্যাদি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রামাঞ্চলের ক্ষুদ্র-প্রান্তিক-কৃষক, ভূমিহীন ক্ষেতমজুর, আমাদের শহরাঞ্চলের কলকারখানার শ্রমিক, আমাদের মধ্যবিত্ত কর্মচারী, শিক্ষক, এরাই স্তম্ভ, এরাই রাজ্যের ৯০ ভাগ মানুষ—এদের জন্য যতবার, যা প্রয়োজন আমরা করব আমাদের সীমিত ক্ষমতায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সামাজিক প্রসঙ্গে একটি কথা মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি, বা একাধিক সদস্য রেখেছিলেন। পঙ্কজবাবু ইকনমিক রিভিউ উল্লেখ করে বলেছিলেন, হাসপাতাল বাড়ছে না। সারণি ১৩.২, ১৯৯০ সালে হাসপাতালের সংখ্যা ছিল ৪১০, ১৯৯৭ সালে হয়েছে ৪০৪। কমল কি ভাবে? আপনারা বোধ খুবই ব্যস্ত মানুষ—তবুও দয়া করে পড়ে দেখবেন এই সারণি, তার নীচে কি নোট আছে। আপনাদের আমলে অনেক হাসপাতাল তৈরি হয়েছিল, তার মধ্যে কয়েকটি হাসপাতাল ছিল অক্সিলারি হাসপাতাল—যেগুলো হাসপাতাল স্তরের নয় বলা হয়েছিল ১৯৯১ সালে।

তাই কেন্দ্রীয় সরকার এগুলোকে হাসপাতাল নামে ডাকবেন না। এইগুলো প্রাইমারি হেলথ সেন্টার করে দেওয়া হয়েছে। তারপর হাসপাতালের সংখ্যা বাড়ছে। একটা কথা উল্লেখ করছি। মেডিক্যাল ইনস্টিটিউশনের সংখ্যা কত? ৯০, পলিক্লিনিক ৩ হাজার ৩৩৮, বৃদ্ধি পেয়ে হয়েছে ৪ হাজার ৮৮২। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আপনাদের সময়ে ছিল ৩২৬ এখন ১,২৬৬। শয্যা সংখ্যা আপনাদের সময়ে ছিল ৪৫ হাজার, এখন ৬০ হাজার অতিক্রম করে গেছে। সারা রাজ্যে জনসংখ্যা পিছু শয্যা সংখ্যা তার একটা গড় আছে। আপনারা এমনভাবে বলছিলেন যেন পশ্চিমবাংলা পরিকাঠামোতে খুবই পিছিয়ে আছে। সারা ভারতে এই জনসংখ্যা, শয্যা পিছু জনসংখ্যা হচ্ছে ১ হাজার ৩২৪। যত কম হয় তত ভাল। পশ্চিমবাংলায় এটা এক হাজার একশো ছিয়াশি, যেটা কেরালার চেয়েও কম। জানবেন শয্যার দিক থেকে কম। এটা যথেষ্টই আছে। সমস্যা অন্য জায়গায়। সমস্যাটা যে জায়গায় সেটা আমি পরিষ্কার করে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পর তো আমাকে দেখতে হবে মৃত্যুর হার, শিশু মৃত্যুর হার এবং জন্মের হার সারা দেশের তুলনায় কত? আমি বলছি দেখুন সারা দেশে যেখানে মৃত্যুর হার হচ্ছে হাজার প্রতি ৮.৯ পশ্চিমবঙ্গে সেখানে ৭.৮। সর্বভারতীয় হারের থেকে আমাদের অনেক কম। শিশু

১২-এর জায়গায় ৫৫। আপনারা প্রশ্ন করেছিলেন সারা দেশে আমাদের অবস্থানটা কোথায়। সারা দেশে আমাদের অবস্থানটা প্রথমে নয়। প্রথমে কেরালা বসে আছে। আমাদের অবস্থান হয় তৃতীয় অথবা চতুর্থ স্থানে। আমাদের উপরে কেরালা, কর্ণাটক, মহারাষ্ট্র, পঞ্জাব ঘুরে ফিরে বসে আছে। আমরা তৃতীয় চতুর্থ স্থান থেকে উপরে উঠতে চাইছি। কেরালা প্রথম স্থানে বসে আছে। এটাই কিন্তু মূল জায়গা। পরিকাঠামো না থাকা নয়, মূল জায়গা হচ্ছে দায়বদ্ধতা। পরিচালনার অভাব। যার যেখানে কাজ করার কথা, মাননীয় চিকিৎসকের যেখানে কাজ করার কথা সেখানে অসুবিধা হচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা উদাহরণ দিয়েছিলাম। পুরসভা পরিচালিত নবব্যারাকপুর হাসপাতালকে কেন্দ্র করে আমরা একটা পরীক্ষা করেছিলাম। সেখানে মাননীয় চিকিৎসকদের বলা হয়েছিল যে টাকায় মারা নয়, আপনাদের কন্ট্রাক্টে নেওয়া হচ্ছে, আপনি কাজ করেছেন এলাকার মানুষ দেখবেন তারপর নবীকরণ করা হবে। চিকিৎসা কর্মিরাও তাই, অন্যান্য কর্মিদের ক্ষেত্রেও তাই। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে সেখানে গ্র্যান্ট ন্যূনতম দিতে হয় এবং ওই হাসপাতাল এলাকায় শিশু মৃত্যুর হার ৩০ শতাংশের নিচে নেমে গেছে যেটা কেরালার থেকেও নিচুতে। আমি তার ভিত্তিতে দাঁড়িয়ে বলছি যে আমাদের যে ৩৪১টা ব্লক আছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে এই ব্লকগুলোকে পঞ্চায়েত সমিতির অধীনে নিয়ে আসতে হবে। একটা প্রশ্ন উঠেছে কেন আমরা চুক্তিতে নিতে চাই। একই কারণে। কি কাজ করেছেন, ঠিক সময়ে এসেছেন কিনা, রোগী উপকার পেয়েছে কিঁনা মানুষ এসব দেখবেন তারপর নবীকরণ করা হবে। টাকায় কাউকে মারা হবে না। একই সঙ্গে বলছি প্রত্যেকটা জেলায় একটা হাসপাতাল এইভাবে আমরা চালাব। আমরা নতুন একটা পরীক্ষা করছি। বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট একবার এসেছিলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন। আমরা ঠিক ওর কাছে কোনও সার্টিফিকেট চাইছিলাম না। উনি কোথা থেকে শুনেছেন, উনি একবার নবব্যারাকপুরে হাসপাতালে যেতে চান। উনি নিজে যান। আসার পর মাননীয় মুখ্যমন্ত্রীকে বলে যান, এটাই হচ্ছে কিন্তু তৃতীয় বিশ্বের পথ। যারা আপনারা সিরিয়াসলি বাজেটে অংশগ্রহণ করেছেন, তাদের বলে রাখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার ক্ষেত্রে একটা প্রশ্ন উঠেছে। এক হাজারটা বিদ্যালয় স্যাংশন করা হয়েছে। গতানুগতিক এক হাজারটা প্রাইমারি এডুকেশন স্যাংশন করা হয়েছে। একটির অর্ডার বেরোয় সেপ্টেম্বর মাসে আরেকটির অক্টোবর মাসে। পাঁচশোটি জেলাওয়ারি যেটা প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়ে যায়। আমাদের একটা অসুবিধা হয় হাইকোর্টের অর্ডারে যখন বলা হয় যে আপনারা শুধু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে জানাচ্ছেন, আরও জায়গায় অ্যাডভারটাইজ করতে হবে। আরেকটা অসুবিধা হয়েছে নির্বাচন ঘোষণা হওয়ায়। এর মধ্যেও আমরা আনন্দের সঙ্গে জানাচ্ছি যে অন্তত তিনটি জেলা তাদের পুরো কোটা করে ফেলেছে। বড় বড় জেলা বাঁকুড়া, মেদিনীপুর

আরেকটি ছোট জেলা উত্তর দিনাজপুর। মেদিনীপুরের একটা জায়গায় আমার যাওয়ার সুযোগ হয়েছিল। গড়বেতা এলাকায়। প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র। ১১টায় শুরু হওয়ার কথা। আমি ১০-৪৫ মিনিটে গিয়েছিলাম। দুজন শিক্ষয়িত্রী এসেছেন ১৫ মিনিট আগে। একজন হিন্দু বাড়ির মা, আরেকজন মুসলমান বাড়ির মা। পড়াচ্ছেন গণিত। একেবারে প্রথম শ্রেণীতে। খুব উন্মাদনা নিয়ে শুরু হয়েছে। এই কথাটা আমি শুধু রাখছি, গড়বেতা, দুই, পঞ্চায়েত সমিতির অধীনে। আপনারা যে কেউ দেখে আসতে পারেন। পেনশনের ক্ষেত্রে আমি আগের দিনও বলেছি। মেনশনের ক্ষেত্রে প্রশ্ন উঠেছে। একটা কথা বলি। আপনাদের সময়ে পেনশন ছিল কিন্তু খুব কম ছিল। চার ভাগের এক ভাগও না। তাই কেউ সেই পেনশন ছুঁত না, কোনও সার্ভিস বুক রাখত না সেই সময়ে। আমরা এই পেনশন শুরু করি। শুরু করার পর, শতকরা ৫০ ভাগ দেওয়া হয়েছে, শেষ মাসের বেতন, ৬০ হাজার গ্র্যাচুইটি আর ১৭৩ শতাংশ ডিয়ারনেস রিলিফ। প্রশ্ন হচ্ছে এটা কি হঠাৎ করে হল। না। এটা করার পর আমরা দেখছি সরলীকরণের প্রয়োজন। আমাদের সার্ভিস বুক পেতে অসুবিধা হচ্ছে, তথ্য পাওয়া যাচ্ছে না। ধাপে ধাপে এগোচ্ছি। প্রথমে প্রভিশনাল পেনশন এক বছরে হয়, তারপর দু বছর করা হয় তাতেও মিটল না। একেবারেই কোনও তথ্য নেই। শুধু অ্যাফিডেবিট করে এক হাজার টাকা নেবে। তাতেও কেউ কেউ ভয় পেল শিক্ষকরা কি পুরো টাকা পাবেন না। সেখানে দাঁড়িয়ে আমরা বলছি যে জমা পড়েছে পেনশন ডাইরেক্টরেটে সেটা হচ্ছে ৫৯ হাজার ৯৫ এটা ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত। তার মধ্যে শতকরা ৯০ ভাগ ডিসপোস অব হয়ে গেছে—৫২ হাজার ৬৮৩। কিন্তু তার বাইরেও আছে। এক এক মাসে যা জমা পড়ছে ৭৫০, তার থেকে বেশি ডিসপোজ অব হচ্ছে ১ হাজার ৭০০। যা বাইরে আছে সেখানে দাঁড়িয়ে আমরা লক্ষ্যমাত্রা নিয়েছি ৭০ হাজারের মতো।

[7-40 — 7-50 p.m.]

এই বা্রেরের মধ্যে যদি বকেয়া বলেন আমরা সেটা শেষ করতে চাই। আর যেগুলো পড়ে আছে, সেগুলি তুলে আনতে চাই। এইক্ষেত্রে ৬০-৬৫ নিয়ে আমরা আইনজ্ঞদের সঙ্গে কথা বলেছি। আমরা কমিটির সঙ্গেও বসতে চাই। তাড়াতাড়ি বসতে চাই। আমরা তাড়াতাড়ি সিদ্ধান্ত নিতে চাই। আমাদের নতুন সিদ্ধান্ত নিতে হবে। না হলে এটা বিয়ার করা যাবে না। তাপস রায় আপনি বোধ হয় জানতেন না, আমার মা মৃণালিনী দাশগুপ্তকে দুই বছর অপেক্ষা করতে হয়েছিল। তিনি ৮৫-তে রিটায়ার্ড করেন। ৮৭ সালে পেনশন পান। আমি তার যন্ত্রণাটা জানি। এই হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেনশনের ক্ষেত্র। সরলীকরণের ক্ষেত্রে আমরা আরও একধাপ যেতে প্রস্তুত। আপনারা বলেছেন সার্ভিস বুকের ক্ষেত্রে জিও-টিও ওসবে যাবেন না, কেউ পেনশন পাবেন না। আমরা এইভাবেই এগোচ্ছি। এরমধ্যে কোনও ফাঁকি নেই। আপনি শুনুন মাননীয় সদস্য

দেবপ্রসাদ সরকার, দায়বদ্ধতার প্রশ্নটা আমি নির্দিষ্টভাবে তুলেছি। পি. এল. অ্যাকাউন্টস নিয়ে আপনারা এখানে স্পর্শ করেছেন। আমার মনে হয়, এই ব্যাপারে আমাদের আভ্যন্তরীণ আলোচনা করার একটা প্রয়োজন আছে। আমাদের বলার আছে। যেহেতু প্রশ্নটা উঠল, অভ্যন্তরীণ আলোচনা প্রয়োজন ঘটেছে। আমি দায়বদ্ধতার ক্ষেত্রে যেগুলি করতে চাই, কেন করতে চাই বলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পি. এল. অ্যাকাউন্টের উপর কোনও বক্তব্য নয় কেন। রেখেছেন, সামান্য হলেও। আমি আপনার অনুমতি নিয়ে যেটার উত্তর দেওয়া উচিত দেব। আমাকে থামতে বললে আমি থেমে যাব। আমার বলার কথা।

**(এরপরে মিঃ স্পিকার আর আধঘন্টা সময় বাড়িয়ে দেন।)**

এটা নিয়ে আমরা আগেও একবার আলোচনা করি। হাউস আমাদের বক্তব্যটা মানেন কিন্তু বিরোধীরা মানেননি। আপনারা হাইকোর্টে যান, হাইকোর্টে মামলা চলছে, এটা বিবেচনাধীন অবস্থায় আছে। আমরা বলেছি সি. এ. জি. সমস্ত রাজ্যের জন্য, পশ্চিমবঙ্গ আলাদা করে নয়। পি. এল. অ্যাকাউন্টের উপর সি. এ. জি. একটা অডিট করেছেন তাদের রিপোর্টটি আমরা আশা করছি পাব, এই অবস্থায় দাঁড়িয়ে আমি বক্তব্য রাখছি। এখানেই আমার প্রথমেই বলা উচিত সরকার যে বাজেট অনুমোদন করেন, সরকারের যেটা আর্থিক লেনদেন তার মূলটা ৮৬ শতাংশ কিন্তু ট্রেজারির মাধ্যমে হয়। বিল করা হয় তার পরিপ্রেক্ষিতে টাকা দেওয়া হয়। বিশেষ বিশেষ ক্ষেত্রের জন্য ট্রেজারিতে ব্যাঙ্কিং রোল দেওয়া আছে। ৩টি ক্ষেত্রের জন্য, একটা হচ্ছে লোকাল ফান্ডস অ্যাকাউন্টের জন্য যেটা জিলাপরিষদ, পঞ্চায়েত সমিতি অপারেট করে— আপনাদের বক্তব্যে একটা ভুল হয়ে যায় জেলাপরিষদ ও পঞ্চায়েত সমিতিতে যে অ্যাকাউন্টগুলি রাখা হয় সেগুলি পি. এল. অ্যাকাউন্ট নয়। সেগুলি লোকাল ফান্ড অ্যাকাউন্ট, এটা খোলার জন্য এ. জি.-র কোনও প্রাক কনসালটেশনের দরকার নেই। ৮৬ শতাংশের সঙ্গে ৮ শতাংশ হচ্ছে সেইটা, আর ডিপোজিট অ্যাকাউন্ট বলে একটা অ্যাকাউন্ট আছে সেটা হচ্ছে কমার্স আন্ডার টেকিং। এগুলি খোলার জন্য কোনও প্রাক কনসালটেশন লাগে না, ৪ পারসেন্ট সেটা, সবচেয়ে কম ৩ পারসেন্ট থাকে পি. এল. অ্যাকাউন্টের নির্দিষ্ট ক্ষেত্রে। আইনের জন্য লাগে বা লাগাতার পেমেন্টের জন্য যেমন ধরুন ল্যান্ড অ্যাকুইজিশন হচ্ছে বা কোনও হেলপ প্রোগ্রামের ক্ষেত্রে লাগে, এক্ষেত্রে পি. এল. অ্যাকাউন্ট লাগে। এক্ষেত্রে একটা প্রশ্ন হচ্ছে কনসালটেশন সবসময় করেছিলাম কি না। আমি আপনাদের প্রথমেই বলেছি কখনও কখনও করা হয়, জরুরি থাকলে না করে পরে চাওয়া হয়। আরেকটা প্রশ্ন হচ্ছে টাকা কোনও নয়ছয় হয়েছে কি না? এই দুটি হচ্ছে মূল প্রশ্ন। এক্ষেত্রে পি. এল. অ্যাকাউন্টের ক্ষেত্রে বলা উচিত আমাদের রাজ্যে পি. এল. অ্যাকাউন্টের মোট সংখ্যা ৫০১। এই সংখ্যার একটা বিশেষ বৃদ্ধি হয় ১৯৯২-৯৩ সালের বিশেষ পরিস্থিতিতে।

যারা এই সময় বিরোধী দলের সদস্য ছিলেন তারা জানেন ১৯৯২-৯৩ সালে স্বল্প সঞ্চয়ের উপর একটা আঘাত আসে এবং এই সময় এক একটা দিনে এমন টাকা চলে যায় ১০ দিনের বেশি ওভারড্রাফট নেওয়া যায় না। তখন রাজ্যে যে সব জায়গায় ব্যাঙ্ক অ্যাকাউন্ট ছিল, প্রত্যেকটি বি. ডি. ও. এস. ডি. ও.-দের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ছিল এই ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলি আমরা দু-এক দিনের নোটিশ দিয়ে পি. এল. অ্যাকাউন্ট করতে হয়। এই কারণেই এটা করতে হয়েছে। আমরা মনে করছি এখন এগুলি রাখার কোনও দরকার নেই। এই পি. এল. অ্যাকাউন্টগুলি বন্ধ করে দেওয়ার নির্দেশ ১৯শে ডিসেম্বর মধ্যে অনেক আগেই দিয়ে দেওয়া হয়েছে। কারণ কোনও দরকার নেই। এটা কমে হবে ৭০১ থেকে ৩২২ হবে। স্বল্প সঞ্চয়ের উপর আপনারা প্রথমে আঘাত করেছিলেন। কেন করেছিলেন মনে পড়ে না? আমাকে বলতে বাধ্য করছেন। যার জন্য ফিনান্সিয়াল স্ক্যামটা হয়। আপনারা টাকা তুলে নেন স্বল্প সঞ্চয় থেকে আঘাত আসে তার মুখে দাঁড়িয়ে আমরা যখন মাসে ১০০ কোটি টাকা করে পেতাম তখন ১ কোটি টাকা পেয়ে যাই, সেই মুখে দাঁড়িয়ে আমাদের এটা নিতে হয়। তখন আমাদের জানানোর কোনও সময় ছিল না। পরে আমরা জানাই, এখন কমে ৩২২। দুই হচ্ছে, একই সঙ্গে সাবসিডিয়ারি লেজার—৩১শে মার্চ বন্ধ করার জন্য সি. এ. জি. আমাদের লিখেছে। আমাদের বন্ধ করতে কোনও আপত্তি নেই। যে টাকা আমরা কেন্দ্রীয় সরকারের থেকে ফেব্রুয়ারি-মার্চে পাচ্ছি, বন্ধ করলে কেন্দ্রীয় সরকারকে বলতে হবে তাড়াতাড়ি রিভ্যালিডেট করবেন। তা না হলে উন্নয়নের কাজ আটকে যাবে। আরেকটা কথা হচ্ছে নয়ছয় হওয়ার কথা জিজ্ঞাসা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটুকু নয়ছয় হয়েছে—ওরা যে কাজটা করেছেন খুব খেটে করেছেন। পি. এল. অ্যাকাউন্ট বা লোকাল ফান্ড অ্যাকাউন্ট মিলে ওরা কাজ করেছেন। প্রায় ১,৪০০ কোটি টাকার মতো অডিট করেছেন, তাতে যেটুকু খবর এসেছে—বেশি তো বলা উচিত নয়, সি. এ. জি. পুরো রিপোর্ট জমা দেবে তার পরে বলা উচিত, আগে বলার অধিকার নেই। যেহেতু আপনারা বারবার প্রশ্ন করছেন এবং আপনাদের মনে হবে আমি বোধ হয় পালিয়ে যাচ্ছি।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, যারা রাজ্যের সততার কথা জানেন তারা জেনে খুশি হবেন যে, ১,৪০০ কোটি টাকার মধ্যে এক পারসেন্ট নয়, শূন্য এক পারসেন্টও নয়-ছয় পাওয়া যায়নি। তার চেয়ে কমও পাওয়া যায়নি। এই হচ্ছে আমাদের সততা, স্বচ্ছতা। যে বেলুনটা ফোলাতে চেষ্টা করেছিলেন সেটা ফেটে গেছে। আর, এই স্বচ্ছতার উপর দাঁড়িয়েই বলছি, পঞ্চায়েতে সমস্ত হিসাব টাঙ্গিয়ে রাখা হবে। তাই স্বচ্ছতার মধ্যে দায়বদ্ধতা নিয়ে মাথা উঁচু করে দাঁড়িয়ে এই বাজেট সমর্থন করে আমাদের বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The discussion on General Budget closed. Now motion for vote on account.

## MOTION FOR VOTE ON ACCOUNT

**Dr. Asim Kumar Dasgupta :** Mr. Speaker, Sir, on he recommendation of the Governor, I beg to move that—

That a sum not exceeding Rs. 4694,56,57,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 1999 namely :—

| Demand No. | Major Head | | Sums not exceeding |
|---|---|---|---|
| 1 | 2 | | 3 |
| | | | **Rs.** |
| 1 | 2011—State Legislatures | .. | 3,27,00,000 |
| 3 | 2013—Council of Ministers | .. | 89,00,000 |
| 4 | 2014—Administration of Justice | .. | 21,90,00,000 |
| 5 | 2015—Elections | .. | 20,75,00,000 |
| 6 | 2020—Collection of Taxes on Income and Expenditure | .. | 1,52,00,000 |
| 7 | 2029—Land Revenue | .. | 59,93,00,000 |
| | 5475—Capital Outlay on Other General Economic Services | .. | 19,00,000 |
| 8 | 2030—Stamps and Registration | .. | 9,92,00,000 |
| 9 | 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions | .. | 11,00,000 |
| 10 | 2039—State Excise | .. | 10,12,00,000 |
| 11 | 2040—Taxes on Sales, Trades etc. | .. | 15,65,00,000 |
| 12 | 2041—Taxes on Vehicles | .. | 2,13,00,000 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| 13 | 2045—Other Taxes and Duties on Commodities and Services | .. | 2,07,00,000 |
| 14 | 2047—Other Fiscal Services | .. | 2,81,00,000 |
| 16 | 2049—Interest Payments | .. | 16,00,000 |
| 18 | 2052—Secretariat General Services | .. | 14,77,00,000 |
| 19 | 2053—District Administration | .. | 13,33,00,000 |
| 20 | 2054—Treasury and Accounts Administration | .. | 11,16,00,000 |
| 21 | 2055—Police | .. | 2,49,39,00,000 |
| 22 | 2056—Jails | .. | 16,00,00,000 |
| 24 | 2058—Stationery and Printing | .. | 4,32,00,000 |
| | 2059—Public Works | .. | 65,50,00,000 |
| | 2205—Art and Culture (Buildings) | .. | 17,00,000 |
| | 2216—Housing (Buildings) | .. | 2,85,00,000 |
| | 2853—Non-Ferrous Mining and Metallurigical Industries (Buildings) | .. | 3,00,000 |
| | 4059—Capital Outlay on Public Works | .. | 20,95,00,000 |
| | 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings) | .. | 8,46,00,000 |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings) | .. | 20,73,00,000 |
| 25 | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings) | .. | 20,00,000 |
| | 4210—Capital Outlay on Medical and Public Health | | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | (Public Health) (Buildings) .. | 15,00,000 |
| | 4211—Capital Outlay on Family Welfare (Buildings).. | 2,00,000 |
| | 4216—Capital Outlay on Housing (Buildings) .. | 8,36,00,000 |
| | 4220—Capital Outlay on Information and Publicity (Buildings) .. | 4,00,000 |
| | 4250—Capital Outlay on Other Social Services (Buildings) .. | 6,00,000 |
| | 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings) .. | 29,00,000 |
| | 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings) | 72,00,000 |
| | 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) .. | 13,00,000 |
| | 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) .. | 2,000 |
| 26 | 2070—Other Administrative Services (Fire Protection and Control) .. | 16,12,00,000 |
| 27 | 2070—Other Administrative Services (Excluding Fire Protecion and Control) .. | 44,39,00,000 |
| 28 | 2071—Pensions and Other Retirement Benefits .. | 2,30,10,00,000 |
| 29 | 2075—Miscellaneous General Services Capital Expenditure Outside the Revenue Account .. | 4,45,00,000 |
| 30 | 2202—General Education .. | 9,41,60,00,000 |
| | 2203—Technical Education .. | 22,92,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 2205—Art and Culture .. | 4,20,00,000 |
| | 6202—Loans for Education, Sports, Art and Culture.. | 2,00,000 |
| 31 | 2204—Sports and Youth Services .. | 11,67,00,000 |
| 32 | 2210—Medical and Public Health (Excluding Public Health) .. | 2,33,93,00,000 |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) .. | 2,00,000 |
| 33 | 2210—Medical and Public Health (Public Healh) .. | 36,78,00,000 |
| 34 | 2211—Family Welfare .. | 31,30,00,000 |
| 35 | 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air & Water Pollution) .. | 1,04,80,00,000 |
| | 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) .. | 13,00,000 |
| | 2216—Housing .. | 10,53,00,000 |
| 36 | 4216—Capital Outlay on Housing .. | 13,58,00,000 |
| | 6216—Loans for Housing .. | 1,05,00,000 |
| | 2217—Urban Development .. | 1,40,85,00,000 |
| 37 | 4217—Capital Outlay on Urban Development .. | 60,00,000 |
| | 6217—Loans for Urban Development .. | 7,83,00,000 |
| | 2220—Information and Publicity .. | 8,71,00,000 |
| 38 | 4220—Capital Outlay on Information & Publicity .. | 20,00,000 |
| | 6220—Loans for Information and Publicity .. | 18,00,000 |
| 39 | 2230—Labour and Employment .. | 17,80,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 40 | 2235—Social Security and Welfare (Rehabilitation) .. | 13,77,00,000 |
| | 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation) .. | 2,00,000 |
| 41 | 2202—General Eduacation (Tribal Areas Sub-Plan) .. | 4,75,00,000 |
| | 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan) .. | 12,00,000 |
| | 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) .. | 1,29,00,000 |
| | 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan) .. | 17,00,000 |
| | 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan) .. | 3,13,00,000 |
| | 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes .. | 47,90,00,000 |
| | (f) Labour and Welfare | |
| | 2230—Labour and Employment (Tribal Areas Sub-Plan) .. | 5,00,000 |
| | 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan) .. | 12,00,000 |
| | 2236—Nutrition (Tribal Areas Sub-Plan) .. | 8,00,000 |
| | 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan) .. | 45,00,000 |
| | 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan) .. | 11,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan) .. | 13,00,000 |
| | 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan) .. | 42,00,000 |
| | 2404—Dairy Development (Tribal Areas Sub-Plan) .. | 35,000 |
| | 2405—Fisheries (Tribal Areas Sub-Plan) .. | 20,00,000 |
| | 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan) .. | 1,26,00,000 |
| | 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan) .. | 1,00,000 |
| | 2425—Co-operation (Tribal Areas Sub-Plan) .. | 9,00,000 |
| | 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan) .. | 12,00,000 |
| | 2501—Rural Development (Tribal Areas Sub-Plan) .. | 2,54,00,000 |
| | 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan) .. | 63,00,000 |
| | 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan) .. | 41,00,000 |
| | 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) .. | 25,00,000 |
| | 2852—Industries (Food & Beverages) (Tribal Areas Sub-Plan) .. | 5,00,000 |
| 41 | 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes .. | 1,65,00,000 |
| | 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan) .. | 6,00,000 |
| | 4435—Capital Outlay on Other Agricultural Programmes | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | (Tribal Areas Sub-Plan) .. | 3,00,000 |
| | 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan) .. | 71,00,000 |
| | 4705—Capital Outlay on Command Areas Development (Tribal Areas Sub-Plan) .. | 5,00,000 |
| | 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakinsgs) (Tribal Areas Sub-Plan) .. | 40,000 |
| | 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan) .. | 2,50,00,000 |
| | 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes .. | 33,00,000 |
| | 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan) .. | 4,00,000 |
| | 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan).. | 1,00,000 |
| 42 | 2235—Social Security and Welfare (Social Welfare) .. | 64,30,00,000 |
| | 4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare) .. | 80,00,000 |
| 43 | 2235—Nutrition .. | 5,40,00,000 |
| | 4236—Capital Outlay on Nutrition .. | |
| 44 | 2245—Relief on account on Natural Calamities .. | 46,20,00,000 |
| 45 | 2251—Secretariat—Social Services .. | 5,40,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | REVENUE ACCOUNT | |
| 46 | 2250—Other Social Services .. | 11,70,00,000 |
| | 4250—Capital Outlay on Other Social Services .. | 2,11,00,000 |
| | 6250—Loans for Other Social Services .. | 11,25,000 |
| 47 | 2401—Crop Husbandry .. | 40,25,00,000 |
| | 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings and Horticulture and Vegetable Crops) .. | 25,00,000 |
| 48 | 2402—Soil and Water Conservation .. | 3,70,00,000 |
| | 4402—Capital Outlay on Soil and Water Conservation .. | 2,00,000 |
| 49 | 2403—Animal Husbandry .. | 28,60,00,000 |
| | 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) .. | 65,00,000 |
| 50 | 2404—Dairy Development .. | 42,00,00,000 |
| | 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) .. | 1,27,00,000 |
| 51 | 2405—Fisheries .. | 15,50,00,000 |
| | 4405—Capital Outlay on Fisheries .. | 1,12,00,000 |
| | 6405—Loans for Fisheries .. | 2,53,00,000 |
| 52 | 2406—Forestry and Wild Life .. | 28,70,00,000 |
| | 2407—Plantations .. | 50,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 53 | 4407—Capital Outlay on Plantations .. | |
| | 6407—Loans for Plantations .. | |
| 54 | 2408—Food, Storage and Warehousing Capital Expenditure Outside the Revenue Account .. | 20,66,00,000 |
| | 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) .. | 8,57,00,000 |
| 55 | 2415—Agricultural Research and Education .. | 13,48,00,000 |
| | 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings) .. | 4,00,000 |
| 56 | 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crop) .. | 2,95,00,000 |
| | 2852—Industries (Food and Beverages) .. | 1,35,00,000 |
| | 4401—Capital Outlay on Husbandry (Horticulture and Vegetable Crop) .. | 1,70,000 |
| | 6860—Loans for Consumer Industries (Foods and Beverages) .. | 13,00,000 |
| 57 | 2425—Co-operation .. | 12,57,00,000 |
| | 4425—Capital Outlay on Co-operation .. | 3,43,00,000 |
| | 6425—Loans for Co-operation .. | 1,76,00,000 |
| 58 | 2435—Other Agricultural Programmes .. | 5,01,00,000 |
| | 4435—Capital Outlay on Other Agricultural Programmes .. | 19,00,000 |
| 59 | 2501—Special Programmes for Rural Development .. | 17,60,00,00 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| 60 | 2505—Rural Employment | .. | 1,45,00,00,000 |
| 61 | 2506—Land Reforms | .. | 6,36,00,000 |
| 62 | 2515—Other Rural Development Programmes (Panchayati Raj) | .. | 1,67,95,00,000 |
| | 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Institutions (Panchayati Raj) | .. | 3,37,00,000 |
| | 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj) | .. | 35,000 |
| 63 | 2515—Other Rural Development Programmes (Cmmunity Development) | .. | 21,84,00,000 |
| | 4515—Capital Outlay on Other Rural Dev.'opment Programmes (Community Development) | .. | 26,00,000 |
| | 6515—Loans for Other Rural Development Programmes (Community Development) | .. | 7,00,000 |
| 64 | 2551—Hill Areas | .. | 47,78,00,000 |
| | 4551—Capital Outlay on Hill Areas | .. | 44,00,000 |
| | 6551—Loans for Hill Areas | .. | 1,06,00,000 |
| 65 | 2575—Other Special Areas Programme | .. | 17,93,00,000 |
| | 4575—Capital Outlay on Other Special Areas Programme | .. | 8,23,00,000 |
| 66 | 2701—Major and Medium Irrigation | .. | 46,43,00,000 |
| | 4701—Capital Outlay on major and Medium Irrigation | .. | 1,03,43,00,000 |
| | 2702—Minor Irrigation | .. | 71,44,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 67 | 2705—Command Area Development .. | 77,00,000 |
| | 4702—Capital Outlay on Minor Irrigation .. | 13,33,00,000 |
| | 4705—Capital Outlay on Command Area Development .. | 1,38,00,000 |
| 68 | 2711—Flood Control .. | 23,60,00,000 |
| | 4711—Capital Outlay on Flood Control Projects .. | 58,16,00,000 |
| 69 | 2801—Power .. | 19,00,00,000 |
| | 6801—Loans for Power Projects .. | 4,85,27,00,000 |
| | 6860—Loans for Consumer Industries .. | 67,00,000 |
| 72 | 2810—Non-Conventional Sources of Energy .. | 45,00,000 |
| 73 | 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) .. | 28,61,00,000 |
| | 4851—Capital Outlay on village and Small Industries (Excluding Public Undertakings) .. | 2,86,00,000 |
| | 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) .. | 1,60,00,000 |
| | 6860—Loans for Consumer Industries (Village and Small Industries) .. | 4,63,00,000 |
| 74 | 2852—Industries (Closed and Sick Industries) .. | 30,00,000 |
| | 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries) .. | 17,00,000 |
| | 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries .. | 13,00,000 |
| | 4875—Capital Outlay on Other Industries (Closed and | |

| | | | |
|---|---|---|---|
| | Sick Industries) | .. | 20,00,000 |
| | 6857—Loans for Chemical & Pharmaceutical Industries (Closed and Sick Industries) | .. | |
| | 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) | .. | 6,86,00,000 |
| | 6860—Loans for other Industries (Closed and Sick Industries) | .. | 7,56,00,000 |
| | 6885—Loans for Consumer Industries Minerals (Closed and Sick Industries) | .. | |
| 75 | 2852—Industries (Excluding Public Undertakins and Closed and Sick Industries and Food & Beverages) | .. | 23,62,00,000 |
| 76 | 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries | .. | 76,00,000 |
| | 4853—Capital Outlay on Non-Ferrous Mining and Metallurgical Industries | .. | 61,00,000 |
| 77 | 3051—Ports and Lighthouses | .. | 61,00,000 |
| 78 | 3053—Civil Aviation | .. | 12,00,000 |
| 79 | 3054—Roads And Bridges | .. | 39,56,00,000 |
| | 5054—Capital Outlay on Roads and Bridges | .. | 91,27,00,000 |
| 80 | 3055—Road Transport | .. | 42,38,00,000 |
| | 3056—Inland Water Transport | .. | 5,00,000 |
| | 5055—Capital Outlay on Road Transport | .. | 18,38,00,000 |
| | 5056—Capital Outlay on Inland Water Transport | .. | 1,65,00,000 |
| | 7055—Loans for Road Transport | .. | 12,67,00,000 |
| 81 | 7075—Loans for Other Transport Services | .. | 5,35,00,000 |

| | | | |
|---|---|---|---|
| 82 | 3425—Other Scientific Research | .. | 2,50,000 |
| 83 | 3451—Seretariat-Economic Services | .. | 10,05,00,000 |
| 84 | 3452—Tourism | .. | 3,57,00,000 |
| | 5452—Capital Outlay on Tourism | .. | 15,00,000 |
| 85 | 3454—Census, Surveys And Statistics | .. | 2,13,00,000 |
| 86 | 3456—Civil Supplis | .. | 1.70,00,000 |
| 87 | 3465—General Financial And Trading Institutions | .. | |
| | 5465—Investments in General Financial And Trading Instituions | .. | 3,00,000 |
| | 7465—Loans for General Financial and Trading Institutions | .. | 1,02,00,000 |
| 88 | 3475—Other General Economic Services | .. | 1,68,00,000 |
| | 7475—Loans for Other General Economic Services | .. | |
| 89 | 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution) | .. | 10,18,00,000 |
| 90 | 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj) | .. | 96,19,00,000 |
| 92 | 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings) | .. | |
| | 6857—Loans for Chemical and Pharmaceutical Indus tries Public Undertakings) | .. | 5,22,00,000 |
| | 6858—Loans for Engineering Industries (Public Undertakings) | .. | 5,13,00,000 |
| | 6860—Loans for Consumer Industries (Public Undertakings) | .. | 37,00,000 |

| | | |
|---|---|---|
| 93 | 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public undertakings) .. | 26,67,00,000 |
| | 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings) .. | 58,00,000 |
| | 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) .. | 10,71,00,000 |
| | 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings) .. | 3,00,000 |
| 94 | 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries .. | 3,34,00,000 |
| | 6859—Loans for Telecommunication and Electronics Industries .. | 1,17,00,000 |
| 95 | 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food and Beverages) .. | 92,00,000 |
| | 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) .. | 22,00,000 |
| | 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages) .. | 5,67,00,000 |
| 96 | 6875—Loans for Other Industries (Excluding Closed and Sick Industries and Public Undertakings).. | 90,00,000 |
| | 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries) .. | 2,83,00,000 |
| 97 | 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and | |

| | | | |
|---|---|---|---|
| | Sick Industries) | .. | 44,00,000 |
| 99 | 7610—Loans to Government Servants etc. | .. | 24,00,00,000 |
| | 7615—Miscellaneous Loans | .. | 40,00,000 |
| | **Grand Toal** | .. | **4694,56,57,000** |

The motion was then put and agreed to.

[7-50 — 8-00 p.m.]

**Budget of the Government of West Bengal for 1998-99**

**DEMAND No. 1**

**Major Head : 2011—State Legislatures**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,80,93,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "2011—State Legislatures".

(This is inclusive of a total sum of Rs. 3,27,00,000 already voted on account)

(Printed Speech of Shri Prabodh Chandra Sinha on Demand No. 1 was taken as read laid on the Table.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব উত্থাপন করছি যে, ১৯৯৮-৯৯ সালে ১ নং দাবির অধীনে মুখ্যখাত ঃ ২০১১ রাজ্য বিধানমন্ডল এই হিসাবখাতে ব্যয় নির্বাহের জন্য ৯,৯৫,২০,০০০ (নয় কোটি পঁচানব্বই লক্ষ ২০ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট অন-অ্যাকাউন্টের টাকাও উল্লিখিত অর্থাঙ্কের মধ্যে আছে।

বিষয় সমিতির (Subject Committee) শিক্ষামূলক ভ্রমণ ব্যয় নির্বাহের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ ধরিয়া একটি নতুন উপ-খাত খোলা হয়েছে।

(২) এই হিসাবখাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল ঃ

(ক) পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যদের বেতন ও ভাতা এবং অপর খরচ বাবদ ব্যয় এবং

(খ) পশ্চিমবঙ্গ বিধানমন্ডল সচিবালয়ের অফিস চালানোর খরচ সমেত ওই সচিবালয়ের আধিকারিক এবং কর্মচারিদের বেতন ও ভাতা বাবদ ব্যয়—

(৩) উপরের যে অর্থের জন্য দাবি জানানো হয়েছে তা থেকে পশ্চিমবঙ্গ বিধানসভা সদস্যদের বেতন, পূরক ভাতা, কনস্টিটিউয়েন্সি ভাতা, বাড়ি ভাড়া ও অপরাপর ভাতাদি বাবদ ব্যয় নির্বাহের জন্য বরাদ্দ সঙ্গে রাখা হয়েছে। সদস্যদের ভ্রমণের খরচ মেটানোর জন্য ৩,৫৫,৩০,০০০ টাকা (তিন কোটি পঞ্চান্ন লক্ষ তিরিশ হাজার) টাকা এবং অপর খরচাদি মেটানোর জন্য ১৫,০০,০০০ টাকা (পনেরো লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

(৪) বিধানমন্ডল সচিবালয়ের আধিকারিক ও কর্মচারিদের বেতন ও মহার্ঘভাতা, এবং অ্যাড-হক বোনাসসহ ৩,৪৩,৭৯,০০০ (তিন কোটি তেতাল্লিশ লক্ষ উনআশি হাজার) টাকা ভ্রমণের খরচ বাবদ ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকা, সচিবালয়ের অফিস চালানোর খরচ বাবাদ ১,৬৫,০০,০০০ (এক কোটি পঁয়ষট্টি লক্ষ) টাকা এবং ভাড়া, অতিকর ও কর বাবদ ব্যয় নির্বাহের জন্য ১,০০,০০০ (এক লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

(৫) লন্ডনের ওয়েস্ট মিনিস্টার প্রাসাদস্থিত রাষ্ট্রমন্ডল সংসদে কর্মরত করণিক সমিতিতে দেয় চাঁদা হিসাবে ১,০০০ (এক হাজার) টাকা রাষ্ট্রমন্ডল সংসদ পরিসেল-এর পশ্চিমবঙ্গ শাখায় চাঁদা হিসাবে ২,৮০,০০০ (দুই লক্ষ আশি হাজার) টাকা যথাক্রমে বরাদ্দ করা হয়েছে।

(৬) এই বলে আমি ১৯৯৮-৯৯ আর্থিক বছরের ১ নং দাবির অধীনে ৯,৯৫,২০,০০০ (নয় কোটি পঁচানব্বই লক্ষ কুড়ি হাজার) টাকা বরাদ্দ মঞ্জুর করার জন্য আপনাদের কাছে আবেদন জানাচ্ছি।

## ১-নং দাবি

## হিসাব খাত ঃ ২০১১ রাজ্য বিধানসভা

| ০২-রাজ্য বিধানমণ্ডল | | ১৯৯৭-৯৮ সালের সংশোধিত বাজেট | ১৯৯৮-৯৯ সালের বাজেট প্রাক্কলন |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| ১০১-বিধানসভা | ভোটেড ঃ | ৪,৪৬,১৫,০০০ | ৪,৫২,৩৩,০০০ |
| | চার্জ্‌ড ঃ | ১০,০৬,০০০ | ১২,৫২,০০০ |
| মোট ১০১ | | ৪,৫৬,২১,০০০ | ৪,৬৪,৮৫,০০০ |
| ১০৩-বিধানসভা সচিবালয় | ভোটেড ঃ | ৪,৫৯,৫৯,০০০ | ৫,১৫,৭৯,০০০ |
| | চার্জ্‌ড ঃ | ১,০৪,০০০ | ১,৭৫,০০০ |
| সোসাইটি অব ক্লার্কস অ্যাট দ্য টেবল ইন কমনওয়েলথ, পার্লামেন্ট, ওয়েস্ট মিনস্টার, প্যালেস, লন্ডন'-এর চাঁদা | ভোটেড ঃ | ১,০০০ | ১,০০০ |
| কমলওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের পশ্চিমবঙ্গ শাখা, সাহায্য এবং চাঁদা | ভোটেড ঃ | ২,৮০,০০০ | ২,৮০,০০০ |
| পাঠ ভ্রমণ (নতুন) | ঃ | ৫,০০,০০০ | ১০,০০০ |
| | ভোটেড ঃ | ৪,৬৭,৪০,০০০ | ৫,২৮,৬০,০০০ |
| | চার্জড ঃ | ১,০৪,০০০ | ১,৭৫,০০০ |
| মোট ১০৩ | ঃ | ৪,৬৮,৪৪,০০০ | ৫,৩০,৩৫,০০০ |
| '২০১১ রাজ্য বিধানমণ্ডল' খাতে | ভোটেড ঃ | ৯,১৩,৫৫,০০০ | ৯,৮০,৯৩,০০০ |
| | চার্জড ঃ | ১১,১০,০০০ | ১৪,২৭,০০০ |
| সর্বমোট ('২০১১-রাজ্য বিধানমণ্ডল' খাতে) | ঃ | ৯,২৪,৬৫,০০০ | ৯,৯৫,২০,০০০ |

## ১৯৯৮-৯৯ সালের বাজেট প্রাক্কলন ব্যয়ের বিশদ বিবরণী
(খাতের বিশদ বিবরণ)

| ১০১-বিধানমন্ডল | | ১৯৯৮-৯৯ সালের বাজেট প্রাক্কলন |
|---|---|---|
| মাহিনা | | টাকা |
| বেতন | ভোটেড ঃ | ১৯,১৭,০০০ |
| | চার্জ্ড ঃ | ৪৮,০০০ |
| পূরকভাতা | ভোটেড ঃ | ১৪,৫৮,০০০ |
| কনস্টিটিউয়েন্সি ভাতা | ভোটেড ঃ | ২৯,২৮,০০০ |
| | চার্জ্ড ঃ | ২৪,০০০ |
| বাড়ি ভাড়া ও অন্যান্য ভাতা | ভোটেড ঃ | ৩০,০০,০০০ |
| | চার্জ্ড ঃ | ৮০,০০০ |
| ভ্রমণের খরচ | ভোটেড ঃ | ৩,৪৪,৩০,০০০ |
| | চার্জ্ড ঃ | ১১,০০,০০০ |
| অপর খরচ | ভোটেড ঃ | ১৫,০০,০০০ |
| মোট ১০১ | ভোটেড ঃ | ৪,৫২,৩৩,০০০ |
| | চার্জ্ড ঃ | ১২,৫২,০০০ |
| ১০৩-বিধানসভা সচিবালয় | | |
| মাহিনা | — | ১,০২,৫২,০০০ |
| মহার্ঘ ভাতা | — | ১,৯৯,৯০,০০০ |
| বাড়ি ভাড়া ও অন্যান্য ভাতা | — | ২৭,৬৭,০০০ |
| অ্যাড-হক বোনাস মধ্যবর্তী অনুদান | — | ৫,০০,০০০ |
| মধ্যবর্তী অনুদান | — | ৮,৭০,০০০ |
| ভ্রমণের খরচ | — | ৬,০০,০০০ |
| অফিস চালানোর খরচ | ভোটেড ঃ | ১,৬৫,০০,০০০ |
| | চার্জ্ড ঃ | ১,৫০,০০০ |
| ভাড়া অভিকর ও কর অপর খরচ | ভোটেড ঃ | ১,০০,০০০ |
| | চার্জ্ড ঃ | ২৫,০০০ |
| লন্ডনের ওয়েস্ট মিনিস্টার প্রাসাদস্থিত রাষ্ট্রমন্ডল সংসদে কর্মরত করণিক সমিতিতে দেয় চাঁদা | — | ১,০০০ |
| রাষ্ট্রমন্ডল সংসদ পরিশেলের পশ্চিমবঙ্গ শাখায় দেয় চাঁদা | | ২,৮০,০০০ |

| | | |
|---|---|---|
| পাঠ্য (স্টাডি) ভ্রমণ | — | ১০,০০,০০০ |
| মোট ১০৩ | ভোটেড : | ৫,২৮,৬০,০০০ |
| | চার্জ্‌ড : | ১,৭৫,০০০ |
| সর্বমোট '২০১১—রাজ্য বিধানমন্ডল' খাতে | ভোটেড : | ৯,০৮,৯৩,০০০ |
| | চার্জ্‌ড : | ১৪,২৭,০০০ |
| | মোট : | ৯,৯৫,২০,০০০ |

## DEMAND No. 3

### Major Head : 2013—Council of Ministers

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,66,00,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013—Council of Ministers".

(This is inclusive of a total sum of Rs. 89,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Jyoti Basu on Demand No. 3 was laid on the Table was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালে ৩ নং দাবির অধীনে মুখ্যখাত "২০১৩—মন্ত্রী পরিষদ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ২,৬৬,০০,০০০ (দুই কোটি ছেষট্টি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক।

[ইতোপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে দাবিকৃত ৮৯,০০,০০০ (উননব্বই লক্ষ) টাকা উল্লিখিত অর্থাঙ্কের অন্তর্ভুক্ত।]

২। এই হিসাব খাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল—

(ক) মন্ত্রিদের বেতন, ভ্রমণ ভাতা, নিয়মিক ভাতা (সাম্পচুয়ারি) এবং অন্যান্য ভাতা বাবদ ব্যয় ;

(গ) নিজেদের বিচার-বিবেচনা মতো মন্ত্রীরা যে অনুদান মঞ্জুর করেন, সেই অনুদান বাবদ ব্যয় ও সেই সঙ্গে মন্ত্রিদের অন্যান্য বিবিধ ব্যয়।

৩। পূর্বোক্ত যে পরিমাণ অর্থের জন্যে এই দাবি জানানো হচ্ছে, তা থেকে ৩০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা মন্ত্রিদের বেতন, এবং ১০ লক্ষ টাকা নিয়ামিক ভাতা এবং অন্যান্য ভাতা বাবদ ব্যয় নির্বাহের জন্য বরাদ্দ করা হয়েছে।

৪। মন্ত্রিদের ভ্রমণের খরচ মেটানোর জন্যেও ৮৫ লক্ষ (পঁচাশি লক্ষ) টাকার বরাদ্দ করা হয়েছে।

৫। এ বছর রাজ্য সরকারের অতিথি বিনোদন ও আপায়নের খরচ মেটানোর জন্য বাজেটে বরাদ্দ করা হয়েছে ৮৫ লক্ষ (পঁচাশি লক্ষ) টাকা।

৬। নিজেদের বিচার-বিবেচনা মতো অনুদান মঞ্জুর করতে গিয়ে মন্ত্রিদের যে ব্যয় হতে পারে তা মেটানোর জন্যও ৬ লক্ষ (ছয় লক্ষ) টাকা বরাদ্দ করে রাখা হয়েছে।

৭। মন্ত্রিদের বিবিধ ধরনের কিছু কিছু ব্যয় মেটানোর জন্য বাজেটে ৫০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা ধরে রাখা হয়েছে।

৮। এই বলে, আমি ১৯৯৯-৯৯ আর্থিক বছরে ৩ নং দাবির অধীনে ২.৬৬,০০,০০০ লক্ষ (দুই কোটি ছেষট্টি লক্ষ) টাকার বরাদ্দ মঞ্জুর করার জন্য সভার কাছে আবেদন জানাচ্ছি।

## DEMAND No. 4

### Major Head : 2014—Administration of Justice

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 65,70,12,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014—Administration of Justice".

(This is inclusive of a total sum of Rs. 21,90;00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Nisith Adhikari on Demand No. 4 laid on the Table was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২০১৪—বিচার সংক্রান্ত প্রশাসন" বাবদ ব্যয় মেটাবার জন্য ৬৫ কোটি ৭০ লক্ষ ১২ হাজার টাকা মঞ্জুর করা হউক। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরিকৃত ২১ কোটি ৯০ লক্ষ টাকা পূর্বোক্ত টাকার মধ্যে ধরা আছে।

২। রাজ্যের বিচার বিভাগের ১৯৯৭-৯৮ সালের বার্ষিক পরিকল্পনা খাতে ১,৫০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। উক্ত আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার রাজ্যের বিচার ব্যবস্থার পরিকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য তাদের দেয় ২৩৭ লক্ষ টাকা ইতিমধ্যে মঞ্জুর করেছেন। তদনুযায়ী রাজ্য সরকারকেও রাজ্যের দেয় ২৩৭ লক্ষ টাকা মঞ্জুর করতে হবে।

পরিকল্পনা খাতে উপরোক্ত অর্থ এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের সাহায্যে আলিপুর, আসানসোল, দুর্গাপুর, কালনায় আদালতগৃহগুলির নির্মাণের কাজ প্রায় সমাপ্ত করা হয়েছে। পুরুলিয়া এবং হাওড়ায়ও বিচার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিক গৃহ নির্মাণের কাজও সমাপ্তির পথে। দক্ষিণ দিনাজপুরে জেলা জজের জন্য বালুরঘাটে আবাসিক গৃহ নির্মাণের কাজও শেষ হতে চলেছে এবং আশা করা যায় ঐ নির্মাণকার্য অতি শীঘ্রই সম্পন্ন করা যাবে।

এছাড়া উপরোক্ত অর্থের দ্বারা নিম্নে বর্ণিত নতুন প্রকল্পগুলি অনুমোদন করা হয়েছে ঃ—

(ক) কলকাতার ২ এবং ৩নং ব্যাঙ্কশাল স্ট্রীটে বহুতল আদালত গৃহ নির্মাণ।

(খ) উত্তর দিনাজপুরের রায়গঞ্জে জেলা জজের জন্য আবাসিক গৃহ নির্মাণ।

(গ) দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটের অবস্থিত আদালত গৃহের সংস্কার সাধন।

(ঘ) হাওড়ায় ভূগর্ভস্থ জলাধার নির্মাণ।

(ঙ) দার্জিলিং-এ জেলা জজের আদালত গৃহের সংস্কার সাধন।

(ছ) মেদিনীপুরের গড়বেতায় হাজত গৃহ নির্মাণ।

(জ) পুরুলিয়া ও ঝাড়গ্রামে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক হাজত (লক আপ) নির্মাণ।

(ঝ) মেকলিগঞ্জ, কালিম্পং ও বনগাঁয়ে বিার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিক গৃহ নির্মাণ।

(ঞ) কল্যাণীতে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, মহকুমা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সিভিল জজ (জুনিয়র—ডিভিসন)-এর আদালতগুলি সাময়িকভাবে স্থাপন করার জন্য মহকুমা শাসকের বর্তমান বাড়িটির সংস্কারসাধন ও

(ট) বিচার বিভাগীয় অফিসারদের আবাসিক গৃহ হিসাবে—ব্যবহারের জন্য কালিম্পং-এ 'শৈলাবাসের' পুনর্নবীকরণ।

এছাড়া উপরোক্ত অর্থের দ্বারা অন্যান্য চালু প্রকল্প ছাড়াও নিম্ন বর্ণিত চালু প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ করা হবে ঃ—

(ক) বিধাননগরে হাইকোর্টের বিচারপতিদের জন্য আবাসিকগৃহ নির্মাণ।

(খ) আলিপুর বিচারাধীন বন্দিদের জন্য হাজত (লক-আপ) নির্মাণ।

(গ) জলপাইগুড়ির নবাববাড়িতে অবস্থিত আদালতগৃহের বিশেষ সংস্কার ও

(ঘ) হাওড়ায় অস্থায়ী আদালত গৃহ নির্মাণ।

৩। বিচার বিভাগের ১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনা খাতে ১,৬৫৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। উপরোক্ত অর্থের দ্বারা চালু প্রকল্পগুলি সম্পূর্ণকরণ এবং নিম্নবর্ণিত নতুন প্রকল্পগুলির কাজ আরম্ভ করা হবে ঃ—

(ক) কাঁথি, হলদিয়া, রঘুনাথপুর, নবদ্বীপ, খাতড়া, কাটোয়া আলিপুর-ফেজ-২, লালবাগ-ফেজ-২ এবং কার্শিয়াং-এ আদালত গৃহ নির্মাণ।

(খ) ইসলামপুর, কাঁথি, কোচবিহার, বহরমপুর এবং বর্ধমানে বিচার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিক গৃহ নির্মাণ।

(গ) মুর্শিদাবাদের বহরমপুরে জেলা জজের জন্য আবাসিক গৃহ নির্মাণ।

(ঘ) বিধাননগর, তেহট্ট, খড়গপুর, কাকদ্বীপ, বারুইপুর, ক্যানিং, খাতড়া, গঙ্গারামপুর ও রঘুনাথপুর—এই নয়টি নবনির্মিত মহকুমায় আদালতগৃহ এবং বিচার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিক গৃহ নির্মাণ।

(ঙ) এই রাজ্যে বিভিন্ন জেলা ও মহকুমায় মামলাকারি জনগণ এবং সাক্ষীদের জন্য বিশ্রামাগার নির্মাণ ; এবং

(চ) সুপ্রিম কোর্টের নির্দেশানুসারে সমস্ত জেলা আদালতগুলিকে কম্পিউটারকরণ প্রকল্পের মাধ্যমে আধুনিকীকরণ।

৪। এখানে উল্লেখ করা যেতে পারে যে কলকাতা হাইকোর্টে স্থাপিত কম্পিউটার প্রকল্প বিশেষ সন্তোষজনকভাবে কাজ করে চলেছে।

হুগলি, মালদহ, মেদিনীপুর, আলিপপুর (দঃ ২৪ পরগনা)-র জেলা আদালতগুলিতেও কম্পিউটারকরণের প্রকল্পের জন্য সরকারি অনুমোদন দেওয়া হয়েছে। বাকি জেলাগুলিতে কম্পিউটার চালু করার জন্য এই বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে এবং আশা করা যাচ্ছে বাকি জেলাগুলিতে দ্রুত কম্পিউটার চালু করা যাবে। আদালতগুলির আরও আধুনিকীকরণের জন্য প্রতি জেলা আদালতে ফ্যাক্স মেশিন বসাবার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া, প্রতি মহকুমা আদালতে যাতে মামলাকারি জনগণ আদেশ, বিচারের রায়ের অনুলিপি প্রভৃতি অতিদ্রুত পান, তারজন্য জেরক্স মেশিন বসাবার ব্যবস্থা করা হয়েছে। আশা করা যায়, বর্তমানে আর্থিক বছরেই ঐ মেশিনগুলি স্থাপন করা সম্ভব হবে।

৫। বিচারদান পদ্ধতির বিকেন্দ্রীকরণ এবং বিচারব্যবস্থাকে গ্রামের মানুষের আরও কাছে পৌঁছে দেওয়ার জন্য রাজ্য সরকারের গৃহীত নীতি অনুসারে কালনা ও আসানসোল একটি করে অতিরিক্ত জেলাজজের আদালত স্থাপন করেছেন। এছাড়া, ব্যারাকপুরে একটি জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও একটি সিভিল জজ (জুনিয়র ডিভিসন)-এর আদালত, দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুরে মহকুমা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মহকুমা সিভিল জজ (জুনিয়র ডিভিসন)-এর আদালত, আসানসোলে একটি সিভিল জজ (সিনিয়র ডিভিসন)-এর আদালত, বারুইপুরে মহকুমা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত, ক্যানিং ও কাকদ্বীপে মহকুমা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও মহকুমা সিভিল জজ (জুনিয়র ডিভিসন)-এর আদালত, তেহট্রে মহকুমা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও সিভিল জজ (জুনিয়র ডিভিসন)-এর আদালত ও বিধাননগরে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও সিভিল জজ (জুনিয়র ডিভিসন)-এর আদালত স্থাপন করা হয়েছে। বিভিন্ন জেলা ও মহকুমার প্রয়োজন অনুসারে আরও অতিরিক্ত আদালত স্থাপনের চেষ্টাও করা হচ্ছে।

৬। গ্রামের জনসাধারণকে দেশের আইন কানুন সম্বন্ধে আরও সচেতন করার জন্য ১৯৯৭-৯৮ আর্থিক বছরে শিলিগুড়ি, চুঁচুড়া, মালদহ, কল্যাণী, রানাঘাট, দুর্গাপুর ও কলকাতায় প্রতি স্থানে একটি করে মোট সাতটি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে। এই সমস্ত লোক আদালতে ২৪১টি মোটর দুর্ঘটনা বিরোধের নিষ্পত্তি ও অন্যান্য বিরোধের মীমাংসা করা হয়েছে। এই লোক আদালতগুলিতে আনুমানিক ১.২৫ কোটি টাকা ক্ষতিপূরণ

দেওয়া হয়েছে। জনসাধারণ বিশেষত, গ্রামীণ জনসাধারণ যাতে তাদের সংবিধান স্বীকৃত, আইনগত অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন হয় সেইজন্য আরও অধিক সংখ্যায় লোক আদালত এবং লিগ্যাল এইড ক্যাম্প করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। আপোস ও মধ্যস্থতার মাধ্যমেও মামলা নিষ্পত্তি করার জন্য যথেষ্ট প্রয়াস গ্রহণ করা হচ্ছে।

৭। নিম্ন আদালতগুলিতে বাংলা ভাষাকে আদালতের ভাষারূপে ব্যবহারের জন্য এই সরকার যে নীতি গ্রহণ করেছেন সেই নীতি অনুসারে হুগলি, বীরভূম, মালদহ, দঃ ২৪-পরগনা, বাঁকুড়া, জলপাইগুড়ি, বর্ধমান, মুর্শিদাবাদ, নদীয়া এবং কোচবিহারে সিভিল জজ (জুনিয়র ডিভিসন), জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এবং চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে পর্যায়ক্রমে বাংলা ভাষাকে প্রবর্তন করা হয়েছে। বাকি জেলার ঐসব আদালতগুলিতে বাংলা ভাষা আদালতের ভাষারূপে প্রবর্তন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সম্প্রতি হাইকোর্টও এই ব্যাপারে প্রয়োজনীয় অনুমোদন দিয়েছেন। এরজন্য বাকি জেলাগুলির নিম্ন আদালতগুলিতে বাংলাকে আদালতের ভাষারূপে প্রবর্তনের জন্য আনুষঙ্গিক ব্যবস্থাদি অতি দ্রুত গ্রহণ করা হচ্ছে। দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলির নিম্ন আদালতে নেপালি ভাষাকে আদালতের ভাষারূপে প্রবর্তন করার জন্য হাইকোর্টের মতামত চাওয়া হয়েছে। কলকাতা হাইকোর্টেও বাংলা ভাষাকে আদালতের ভাষারূপে প্রবর্তন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে।

৮। কলকাতার বর্তমান ফ্যামিলি পারিবারিক (ফ্যামিলি) কোর্ট পরিবার-সংক্রান্ত বিভিন্ন বিরোধের মীমাংসা সুষ্ঠুভাবেই নিষ্পত্তি করছেন। পারিবারিক বিরোধ সংক্রান্ত মামলা অস্বাভাবিক-ভাবে বৃদ্ধি পাওয়ায় কলকাতায় আরও একটি পারিবারিক আদালত স্থাপন করার জন্য সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আশা করা যাচ্ছে অতি শীঘ্রই সরকারি অনুমোদন দেওয়া হবে।

হাওড়া পৌর নিগমের লোকসংখ্যা বিবেচনা করে হাওড়াতেও একটি পারিবারিক আদালত স্থাপনের প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। এই বিষয়ে হাইকোর্টের মতামত চাওয়া হয়েছে।

বিভিন্ন জেলা ও মহকুমায় আরও পারিবারিক আদালত এবং এন. ডি. পি. এস. অ্যাক্ট অনুসারে আদালত স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এছাড়া কেবলমাত্র সি. বি. আই. মামলা নিষ্পত্তির জন্য একটি পৃথক আদালত স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে।

৯। মামলাকারী জনসাধারণ, সাক্ষী এবং আদালতের কাজে আগত ব্যক্তি ন্যূনতম

সুযোগ সুবিধা দেওয়ার নীতি এই সরকার গ্রহণ করেছেন। এই নীতি অনুসারে রাজ্যের বিভিন্ন আদালত প্রাঙ্গনে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক বসার জায়গা ও আলাদা শৌচাগার নির্মাণের প্রকল্প গ্রহণ করা হয়েছে।

১৯৯৭-৯৮ আর্থিক বছরে বর্ধমান, কাঁথি, সিউড়ি, কৃষ্ণনগর, গড়বেতা, মাথাভাঙ্গা, মেকলিগঞ্জ এবং ঘাটালে মামলাকারী জনসাধারণ এবং সাক্ষীদের জন্য প্রতীক্ষালয় তৈরির প্রস্তাব অনুমোদন করা হয়েছে।

এছাড়া কলকাতা সিটি সিভিল ও সেসন কোর্টে এবং বর্ধমান জেলা আদালতে বসার জায়গার ব্যবস্থা ইতিমধ্যেই করা হয়েছে। কলকাতা হাইকোর্টেও অনুরূপ সুযোগ-সুবিধা দেওয়ার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

১০। দেশের পূর্বাঞ্চল/উত্তর পূর্বাঞ্চলে কোনও জায়গায় সুপ্রিম কোর্টের একটি বার-আসন (সার্কিট বেঞ্চ) স্থাপনের জন্য রাজ্য সরকার সম্ভাব্য সকল রকম প্রয়াস চালিয়ে যাচ্ছেন। এ বিষয়ে পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত একটি সর্বসম্মত প্রস্তাব কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকে পাঠানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টেরও একটি বিচার আসন (সার্কিট বেঞ্চ) স্থাপন করার প্রস্তাব বিশেষ গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। বিষয়টি অনুমোদনের জন্য কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকে পাঠানো হয়েছে।

১১। রাজ্য সরকার অধিগৃহীত পূর্বতন নবাব বাহাদুরের এস্টেট (মুর্শিদাবাদ এস্টেট) রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় বিধিসমূহ তৈরি করার হয়েছে এবং এস্টেট ম্যানেজারকে প্রয়োজনীয় সাহায্য ও উপদেশ দেওয়ার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এর ফলে মুর্শিদাবাদ এস্টেট বর্তমানে সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে। এবং মুর্শিদাবাদ ভ্রমণকারি পর্যটকদের সংখ্যাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন মুর্শিদাবাদকে পর্যটকদের কাছে আরও আকর্ষণীয় করার জন্য পর্যটন বিভাগের একটি প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। স্থানীয় লালবাগ পৌরসভাকে একটি বাসস্টপ তৈরি করার জন্য ও লালবাগের কলেজ কর্তৃপক্ষকে একটি কলেজ নির্মাণের জন্য কিছু জমি সুবিধাজনক হারে দেওয়া হয়েছে।

১২। বিবাহ নিবন্ধনের সুযোগ যাতে রাজ্যের সর্বত্র পৌঁছে দেওয়া যায় এরজন্য বিচার বিভাগ প্রয়োজনীয় বিধি সমূহের সংশোধন করেছেন। এবং জেলা, মহকুমা, ব্লক ও পৌরসভা স্তরে বেসরকারি ম্যারেজ অফিসার এবং ম্যারেজ রেজিস্ট্রার যাতে নিয়োগ করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। দেশের শিক্ষিত বেকার যুবক/যুবতীরা বেসরকারি ম্যারেজ অফিসার ও ম্যারেজ রেজিস্ট্রার হিসাবে জনগণের কাছাকাছি গিয়ে বিবাহ নিবন্ধনের

সুযোগ বৃদ্ধি করতে পারবেন।

বেসরকারি ম্যারেজ অফিসার ও ম্যারেজ রেজিস্ট্রার নিয়োগের জন্যও সক্রিয় উদ্যোগ নেওয়া হয়েছে।

১৩। মহকুমা স্তর পর্যন্ত দলিল প্রমাণকদের (নোটারি) সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। বর্তমানে এই রাজ্যে দলিল প্রমাণকের সংখ্যা তিনশত। অতি সত্ত্বর দলিল প্রমাণক পদে নিয়োগের ব্যবস্থা নেওয়া হয়েছে।

১৪। কলকাতা হাইকোর্ট ও রাজ্য প্রসাসনিক ট্রাইব্যুনালে কৃত বিভিন্ন মামলায় যাতে রাজ্যের বিভিন্ন বিভাগের স্বার্থ সুরক্ষিত হয়, সেইজন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরজন্য প্যানেলভুক্ত আইনজীবীদের তাদের সিনিয়রিটি ও অভিজ্ঞতার ভিত্তিতে বিভিন্ন পর্যায়ভুক্ত করা হয়েছে। মামলার বিবরণ বন্টনের ব্যাপারেও সুষ্ঠুনীতি গ্রহণ করা হয়েছে ও বিভিন্ন রাজ্য অ্যাডভোকেটদেরও এই ব্যাপারে বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছে যাতে সরকারের বিরুদ্ধে কোনও মামলাই একতরফাভাবে শুনানি না হয়। এই উদ্দেশ্যে ঐ সকল আইনজীবীদের ফি-ও বর্দ্ধিত করা হয়েছে। অনুরূপভাবে সুপ্রিম কোর্টেও কৃত বিভিন্ন মামলায় রাজ্য সরকারের তরফে কার্যকর আত্মপক্ষ সমর্থন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইলেক্ট্রনিক্স যন্ত্রের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ ও বিধি নির্দেশকের অফিসের মধ্যে উপযুক্ত সমন্বয় সাধনের ব্যবস্থা করা হয়েছে ও সরকারের কয়েকজন বিশেষ আইন আধিকারিককেও হাইকোর্টে স্থান-সংস্থান করা হয়েছে।

মহাশয় এই কথা বলে আমি আমার ব্যয়-বরাদ্দের প্রস্তাব অনুমোদনের জন্য পেশ করছি।

## DEMAND No. 5

### Major Head : 2015—Elections

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,50,00,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "2015—Elections".

(This is inclusive of a total sum of Rs. 20,75,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Jyoti Basu on Demand No. 5 laid on the Table was taken as read.

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালে ৫নং দাবির অধীনে "২০১৫—নির্বাচন" হিসাব খাতে ব্যয় নির্বাহের জন্য ৪১,৫০,০০,০০০ (একচল্লিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক।

উল্লিখিত অর্থাঙ্কের মধ্যে ভোট অন অ্যাকাউন্টে দাবিকৃত ২০,৭৫,০০,০০০ কুড়ি কোটি পঁচাত্তর লক্ষ) টাকা ধরা হয়েছে।

১৯৯৭-৯৮ সালে লোকসভার মধ্যবর্তী নির্বাচন ও বিধায়ক অনয়গোপাল সিংহ এবং ইদ্রিশ মন্ডলের প্রয়াণে ১৩১-জগদ্দল ও ২৬৯-গলসি বিধানসভা নির্বাচন কেন্দ্রে উপনির্বাচন সংগঠিত হয়েছে। মোট ৪,৬৮,৩৮,০৬৮ নির্বাচকের মধ্যে শতকরা ৮০ জন নির্বাচকের ভোটাধিকার প্রয়োগ এই রাজ্যের নাগরিকদের রাজনৈতিক সচেতনতা এবং গণতান্ত্রিক ঐতিহ্য রক্ষা করার প্রয়াসকেই প্রতিষ্ঠিত করে। সর্বোপরি, এই নির্বাচন (সাধারণ ভাবে) শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হয়েছে।

২। এই হিসাব খাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে তা হল—

(ক) লোকসভা নির্বাচন পরিচালনার জন্য বকেয়া ব্যয়।

(ক) নির্বাচক তালিকা সংশোধন, প্রণয়ন ও মুদ্রণের জন্য ব্যয়।

(খ) লোকসভা ও বিধানসভা উপনির্বাচন (প্রয়োজনীয় ক্ষেত্রে) অনুষ্ঠানের জন্য ব্যয়।

(গ) রাজ্যের নির্বাচন সংস্থায় আধিকারিক, কর্মচারিদের বেতনদানের জন্য ব্যয়।

৩। উপরোক্ত দাবির অধীনে ব্লকস্তর পর্যন্ত বিদ্যমান স্থায়ী নির্বাচনিক সংস্থায় নিযুক্ত কর্মচারী, নির্বাচন আধিকারিকদের বেতন, মহার্ঘ ভাতা, বাড়ি ভাতা, বোনাস, ভ্রমণ ও অফিস সংক্রান্ত বিবিধ খরচ মেটানোর জন্য বাজেট ৪,৮৩,০০,০০০ (চার কোটি তিরাশি লক্ষ) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৪। ১. ১. ৯৮ তারিখকে ভিত্তি তারিখ ধরে নির্বাচক তালিকার সংক্ষিপ্ত সংশোধন বাবদ (যা ভারতের নির্বাচন কমিশনের নির্দেশানুসারে ১৯৯৭ সালের সেপ্টেম্বর মাসে শুরু হয়) ও জেলা স্তরে সংরক্ষিত তথ্যাদির যথাযথ ব্যবহারের জন্য সকল বিধানসভা নির্বাচন ক্ষেত্রের নির্বাচক তালিকার কম্পিউটারে অন্তর্ভুক্তিকরণ, সফটওয়ার ও হার্ডওয়ার

জনিত ব্যয় ইত্যাদি বাবদ প্রদেয় বকেয়া অর্থখাতে এবং ১. ১. ১৯৯ তারিখকে ভিত্তি তারিখ ধরে এই রাজ্যের সকল বিধানসভা নির্বাচন ক্ষেত্রের সম্ভাব্য সংক্ষিপ্ত সংশোধন প্রক্রিয়ার খাতে বাজেটে সর্বমোট ১৩,০৫,০০,০০০ (তের কোটি পাঁচ লক্ষ) টাকার বরাদ্দের সংস্থান করা হয়েছে।

৫। এই বাজেটে ১০৪-গৌণ খাতে কিছু স্থায়ী খরচ যেমন ক্ষতিপূরণ, ব্যালটবক্স পরিষ্কার ও মেরামত, নির্বাচনী জিনিসপত্রের জন্য গুদাম ও অফিসের জন্য বর্তমান ও বকেয়া ভাড়া মেটানোর জন্য সর্বমোট ২,০০,০০,০০০ (দুই কোটি) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৬। ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত লোকসভার নির্বাচনের বকেয়া খরচ ও লোকসভার উপনির্বাচনের (প্রয়োজনীয় ক্ষেত্রে) খরচ মেটানোর জন্য ১০৫-গৌণ খাতে এই বাজেটে ২০,০০,০০,০০০ (কুড়ি কোটি) টাকা রাখা হয়েছে।

৭। বিধানসভার সম্ভাব্য উপনির্বাচনের খরচ মেটানোর জন্য এই বাজেটে ৩০,১০,০০০ (ত্রিশ লক্ষ দশ হাজার) টাকা রাখা হয়েছে।

৮। এই বাজেটে ১০৮-গৌণখাতে এই রাজ্যে নির্বাচকদের সচিত্র পরিচয়-পত্র প্রদানের জন্য ১,০০,৪০,০০০ (এক কোটি চল্লিশ হাজার) টাকার সংস্থান করা হয়েছে।

৯। এছাড়া রাজ্য নির্বাচন কমিশনের খরচ মেটানোর জন্য ৩১,৫০,০০০ (একত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

১০। উল্লিখিত বিষয়গুলিতে আমি ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৫ নং দাবির অধীনে ৪১,৫০,০০,০০০ (একচল্লিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মঞ্জুর করার জন্য সভার কাছে আবেদন জানাচ্ছি।

## DEMAND No. 6

## Major Head : 2020—Collection of Taxes on Income and Expenditure

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,99,25,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure".

(This is inclusive of a total sum of Rs. 1,52,00,000 already voted on account)

**DEMAND No. 7**

**Major Heads : 2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,80,36,50,000 be granted for expenditure under Demand No. 7, Major Head : "2029—Land Revenue and 5475—Capital Outly on Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 60,12,00,000 already voted on account)

(Printed Budget Speech of Dr. Surya Kanta Mishra on Demand No. 7 & 61 was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭নং দাবি সংক্রান্ত দুটি মুখ্যখাত "২০২৯—ভূমি রাজস্ব" এবং "৫৪৭৫—অন্যান্য অর্থনৈতিক কৃত্যকের জন্য মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরে ১৮০ কোটি ৩৬ লক্ষ ৫০ হাজার টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরিকৃত ৬০ কোটি ১২ লক্ষ টাকাও এর অন্তর্ভুক্ত। ১৯৯৮-৯০ সালের ব্যয় নির্বাহের জন্য মোট যে ১৮০ কোটি ৩৬ লক্ষ ৫০ হাজার টাকা দাবি উত্থাপন করা হয়েছে, তার মধ্যে "২০২৯—ভূমি রাজস্ব খাতে ১৭৯ কোটি ৭৯ লক্ষ ২০ হাজার টাকা এবং "৫৪৭৫—অন্যান্য অর্থনৈতিক কৃত্যকের জন্য মূলধন বিনিয়োগ" খাতে ৫৭ লক্ষ ৩০ হাজার টাকা ব্যয় হবে বলে অনুমান করা হয়েছে।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৬১নং দাবি সংক্রান্ত মুখ্যখাত "২৫০৬—ভূমি সংস্কার'ও বাবদ ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরে ১৯ কোটি ৭ লক্ষ ৫০ হাজার টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরিকৃত ৬ কোটি ৩৬ লক্ষ টাকাও এর অন্তর্ভুক্ত।

আগের মতো আমি আবার উল্লেখ করতে চাই যে, আজকের দিনের প্রতিযোগিতাপূর্ণ আবহাওয়াতে কৃষির উন্নতির জন্য কৃষকদের জমির উপর অধিকার থাকার প্রয়োজনীয়তার গুরুত্ব কমেনি। দেশি ও বিদেশি কৃষি সম্পর্কিত তথ্য থেকে দেখা যায় যে ছোট জোতের চাষেই উৎপাদনশীলতা অধিক হয়। এই ধরনের চাষে শ্রম বিনিয়োগও বাড়ে। গ্রামের দরিদ্র মানুষের জন্য তাই জমির সমবন্টন ও চাষের জন্য প্রয়োজনীয় জিনিসের সুবন্টনই তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটাতে পারে এবং তাদের ক্রয়ক্ষমতা ও সঞ্চয়ের ক্ষমতা বৃদ্ধি করতে পারে। এই দিকে লক্ষ্য রেখেই বামফ্রন্ট সরকার তার নীতি নির্ধারণ করেছে ও তা অনুসরণ করে চলেছে।

১৯৯৮-৯৯ সালের ব্যয়-বরাদ্দের ৭ নং ও ৬১ নং দাবির অন্তর্গত ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করার প্রসঙ্গে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের কাজের একটি সংক্ষিপ্ত বিবরণ দিতে চাই।

২। সিলিং বহির্ভূত জমি খাস করার কাজ আগের মতই চলছে। এ পর্যন্ত মোট ২৯.১৭ লক্ষ একর জমি খাস করা হয়েছে যার মধ্যে ১৩.৪৮ লক্ষ একর কৃষি জমি। এই আর্থিক বছরে এখন পর্যন্ত ১৫,০০০ একর জমি খাস করা হয়েছে।

৩। এখন পর্যন্ত ১০.২৪ লক্ষ একর কৃষি জমি ২৫.০৭ লক্ষ ভূমিহীন ও প্রায় ভূমিহীন কৃষকের মধ্যে বিলি করা হয়েছে। এর মধ্যে ৫৬ শতাংশের বেশি মানুষ তফসিলি জাতি ও উপজাতিভুক্ত। এই হার রাজ্যের তফসিলিভুক্ত মানুষের শতকরা হারের দ্বিগুনেরও বেশি।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে বর্তমানে স্বামী ও স্ত্রীর যৌথ নামে যৌথ পাট্টা দিচ্ছি বা কোনও কোনও ক্ষেত্রে শুধু মহিলাদের নামেও দেওয়া হচ্ছে। এ পর্যন্ত ৪ লক্ষ ৩ হাজারেরও বেশি যৌথ পাট্টা দেওয়া হয়েছে। এই রাজ্য জমির মালিকানার ক্ষেত্রে নারী পুরুষের সমতা বিধানের ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

৫। বর্গাদারদের নাম নথিভুক্ত করণের কাজ যথারীতি চলছে। বর্তমানে এ রাজ্যে ১৪.৮১ লক্ষ নথিভুক্ত বর্গাদার ১০.৯৭ লক্ষ একর জমি চাষ করছেন।

৬। পঞ্চায়েত-এর মাধ্যমে দারিদ্র্যদূরীকরণ কর্মসূচিগুলি এমনভাবে রূপায়িত হচ্ছে যাতে বর্গাদার এবং পাট্টা পাওয়া কৃষকেরাই বেশির ভাগ উপকৃত হচ্ছেন।

৭। ৫.২০ লক্ষের বেশি কৃষিমজুর, কারিগর ও মৎস্যজীবী পরিবারকে বাস্তু জমি দেওয়া হয়েছে, যার মধ্যে ২.৮১ লক্ষ পশ্চিমবঙ্গ বাস্তুজমি অধিগ্রহণ আইন (কৃষিশ্রমিক,

মৎস্যজীবী, কারিগর) ১৯৭৫ অনুসারে এবং ২.৩৯ লক্ষ পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন ১৯৫৫ এর ৪৯ ধারা অনুসারে এবং এদের অধিকাংশকেই পঞ্চায়েতের মাধ্যমে বাড়ি তৈরি করে দেওয়া হয়েছে।

৮। নতুন শিল্পের জন্য. রকারে ন্যস্ত জমি দেওয়া বা অন্য জমির ব্যবস্থা করার কাজেও এই দপ্তর যথেষ্ট তৎপর। নতুন মিল, কারখানা, চা বাগান এর জন্য উর্ধ্বসীমার অতিরিক্ত জমি যাতে ব্যবহার করার যায় তার জন্য পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে একটি সংশোধনী মাননীয় সদস্যরা পার্শ করেছেন। শিল্প স্থাপনের জন্য অব্যবহৃত জমি সরকার পুনঃগ্রহণ করবেন যাতে নতুন শিল্পের জন্য জমির ব্যবস্থা করা যায়—এই মর্মে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত বছরে প্রায় ৩,৫০০ একর জমি কলকাতায় লেদার কমপ্লেক্স, অনাবাসী ভারতীয়দের জন্য কমপ্লেক্স, ইত্যাদি এবং হলদিয়া এবং রাজ্যের অন্যান্য জায়গায় হলদিয়া পেট্রোকেমিক্যালস, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সাইমন ইস্পাত প্রভৃতি কারখানাকে দেওয়া হয়েছে।

৯। উল্লেখ করা যেতে পারে যে ২৮০টি নতুন চা বাগান উত্তরদিনাজপুর জলপাইগুড়ি, দার্জিলিং এবং কোচবিহার জেলায় প্রায় ৪০,০০০ একর জমিতে চালু হয়েছে এবং কোনও কোনও ক্ষেত্রে এখানে সরকারের ১৯৯০-৯৩ সালে চালু করা নির্দেশ অমান্য করা হচ্ছে বিধানসভা শিল্পবিষয়ক স্ট্যান্ডিং কমিটি নির্দেশ দিয়েছেন যে এই দপ্তর ঐ সমস্ত চা বাগানের কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে একটি নীতি নির্ধারণ করবেন। এ ব্যাপারে আলোচনা শুরু হয়েছে।

১০। জরিপ ও স্বত্বলিপি সংশোধন-এর কাজ রাজ্যে সমাপ্তির পথে। ৪২,০৬৭টি মৌজার মধ্যে এখন পর্যন্ত ৩৭,-১৯টি মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশিত হয়েছে।

১১। রাজ্যের সবকটি জেলাতেই কমপিউটারের মাধ্যমে স্বত্বলিপি সংরক্ষণ এবং জনসাধারণকে তার প্রত্যায়িত নগল প্রদানের কাজে যথেষ্ট অগ্রগতি হয়েছে। বর্ধমান, হুগলি, হাওড়া ও জলপাইগুড়ি জেলার অনেক বুকে স্বত্বলিপি প্রত্যায়িত নকল কমপিউটারের মাধ্যমে জনসাধারণকে তৎপরতার সঙ্গে দেওয়া হচ্ছে।

১২। পুরুলিয়া জেলায় বিমান জরিপের সাহায্যে ম্যাপ তৈরির কাজ কালনা ও জয়পুর থানায় ৩০০টি মৌজায় সম্পন্ন হয়েছে এবং পারা, রঘুনাথপুর ও নেতুরিয়া থানায় ৩৫০টি মৌজায় ঐ কাজ চলছে। প্রথম দফার ফোটোম্যাপ ভারত সরকারের জরিপ সংস্থা থেকে আগস্ট ৯৮ নাগাদ পাওয়া যাবে।

১৩। নতুন শিল্প ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য জমি অংশগ্রহণ করার কাজও

*পূর্ণ উদ্যমে চলছে। সীমান্ত পথ, বক্রেশ্বর তাপবিদ্যুৎ, তিস্তা ব্যারেজ প্রভৃতি প্রকল্পগুলি* অধিগ্রহণের কাজ দ্রুতগতিতে চলছে। ভারত সরকার ভূমি অধিগ্রহণ আইনের সংশোধনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন।

বিগত আর্থিক বছরে প্রায় ২,১০০ একর পরিমাণ জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হয়েছে। এরজন্য ক্ষতিপূরণ হিসাবে সরকার প্রায় ৪৫ কোটি টাকা প্রদান করেছেন।

১৪। ভূমিসংস্কার সম্পর্কিত সমস্ত রকমের বিবাদের দ্রুত নিষ্পত্তির জন্য পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার এবং টেন্যান্সি ট্রাইব্যুনাল আইন ১৯৯৭ পাশ হয়েছে এবং উক্ত ট্রাইব্যুনাল গঠিত হতে চলেছে।

১৫। পশ্চিমবঙ্গ প্রেমিসেস টেন্যান্সি বিল ১৯৯৭ বিধানসভায় পাস হয়েছে যাতে বাড়িভাড়া সংক্রান্ত কিছু আইন সরলিকৃত করা হয়েছে যা এখন রাজ্যপালের সম্মতির অপেক্ষায়।

১৬। উল্লেখ করা যেতে পারে ২৬ হাজার ঠিকা ভাড়াটিয়াকে কলকাতা ঠিকা ভাড়াটিয়া (অধিগ্রহণ এবং প্রবিধান) আইন ১৯৮১ অনুযায়ী নিয়মিত করণ করা হয়েছে এবং ১০ লক্ষ ক্ষেত্রে বিষয়টি বিবেচনাধীন। আদালতের নির্দেশে আইনটির কিছু বিষয় সরকারের বিবেচনাধীন।

১৭। গত আর্থিক বছরে ২৩০৭ লক্ষ টাকা রয়ালটি বাবদ, ৮৯১ লক্ষ টাকা সেস বাবদ এবং ১৫০ লক্ষ টাকা ভূমি রাজস্ব বাবদ আদায় করা হয়েছে।

১৮। মাননীয় সদস্যরা অবহিত আছেন যে ১৯৭৮ সালে সরকার যে খাজনা মকুবের আদেশ জারি করেছিলেন তারফলে এ পর্যন্ত ৩১,৫৫,৯৪৬ জন রায়ত খাজনা মকুবের দরখাস্ত করেছেন যার মধ্যে ২৯,২৭,০৭৬ জন রায়ত খাজনা ছাড় পেয়েছেন। এই বিভাগ পঞ্চায়েতের সাথে যৌথভাবে প্রচেষ্টা চালাচ্ছেন যাতে সমস্ত রায়ত যারা খাজনা ছাড় পাবেন, তার জন্য দরখাস্ত করবেন।

১৯। মাননীয় অধ্যক্ষ মহাশয়—এই কথা বলে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরের জন্য ৭ নং ও ৬১ নং দাবির অধীনে ব্যয় বরাদ্দের জন্য আমার বাজেট প্রস্তাব অনুমোদন করতে অনুরোধ জানাচ্ছি।

## DEMAND No. 8

### Major Head : 2030—Stamps and Registration

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 29,75,60,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "2030—Stamps and Registration".

(This is inclusive of a total sum of Rs. 9,92,00,000 already voted on account)

**DEMAND No. 9**

**Major Head : 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,00,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : "2035—Collection of Other Taxes on Property and Capital Transactions".

(This is inclusive of a total sum of Rs. 11,00,000 already voted on account)

**DEMAND No. 10**

**Major Head : 2039—State Excise**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,36,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "2039—State Excise", during the next financial year.

(This is inclusive of a total sum of Rs. 10,12,00,000 already voted on account)

**DEMAND No. 11**

**Major Head : 2040—Taxes on Sales, Trades etc.**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,94,41,000 be granted for

expenditure under Demand No. 11, Major Head : "2040—Taxes on Sales, Trades etc.".

(This is inclusive of a total sum of Rs. 15,65,00,000 already voted on account)

## DEMAND No. 12

### Major Head : 2041—Taxes on Vehicles

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,39,50,000 be granted for expenditure under Demand No.12, Major Head : "2041—Taxes on Vehicles", during the next financial year.

(This is inclusive of a total sum of Rs. 213,00,000 already voted on accountaccount)

(Printed Speeches of Shri Subhas Chakraborty on Demand Nos. 12, 77,78, 80 & 81 laid on the Table was taken as read)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপা'. ক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে ১২ নং দাবির অধীন মুখ্যখাত ঃ "২০৪১—যানবাহনের উপর কর" খাতে ৬,৩৯,৫০,০০০ (ছয় কোটি উনচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ১৯৯৮ সালের মার্চ মাসে ভোট অন অ্যাকাউন্টে অনুমোদিত ২,১৩,০০,০০০ (দুই কোটি তের লক্ষ) টাকা ধরা আছে।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে ৭৭ নং দাবির অধীন মুখ্যখাত ঃ "৩০৫১—বন্দর ও অলোকস্তম্ভ" খাতে ১,৮২,৫৫,০০০ (এক কোটি বিরাশি লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ১৯৯৮ সালের মার্চ মাসে ভোট অন অ্যাকাউন্টে অনুমোদিত ৬১,০০,০০০ (একষট্টি লক্ষ) টাকা ধরা আছে।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে ৭৮নং দাবির অধীন মুখ্যখাত ঃ "৩০৫৩—অসামরিক বিমান

চলাচল" খাতে ৩৫,০০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ১৯৯৮ সালের মার্চ মাসে ভোট অন অ্যাকাউন্টে অনুমোদিত ১২,০০,০০০ (বার লক্ষ) টাকা ধরা আছে।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে ৮০নং দাবির অধীন মুখ্যখাত ঃ "৩০৫৫—সড়ক পরিবহন", "৩০৫৬—অন্তর্দেশীয় জলপথ পরিবহন", "৫০৫৫—সড়ক পরিবহন বাবদ মূলধনী বিনিয়োগ", "৫০৫৬—অন্তর্দেশীয় জলপথ পরিবহ বাবদ মূলধনী বিনিয়োগ" এবং "৭০৫৫—সড়ক পরিবহন বাবদ ঋণ" খাতগুলিতে মোট ২,২৫,৩৮,১৫,০০০ (দুই শত পঁচিশ কোটি আটত্রিশ লক্ষ পনের হাজার) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ১৯৯৮ সালের মার্চ মাসে ভোট অন অ্যাকাউন্টে অনুমোদিত ৭৫,১৩,০০,০০০ (পঁচাত্তর কোটি তের লক্ষ) টাকা ধরা আছে।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে ৮১নং দাবির অধীন মুখ্যখাত ঃ "৭০৭৫—অন্যান্য পরিবহন পরিষেবা ঋণ" খাতে ১৬,০৫,০০,০০০ (ষোল কোটি পাঁচ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ১৯৯৮ সালের মার্চ মাসে ভোট অন অ্যাকাউন্টে অনুমোদিত ৫,৩৫,০০,০০০ (পাঁচ কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা ধরা আছে।

আমার দপ্তরের ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১ নং দাবিগুলির ১৯৯৮-৯৯ সালের ব্যয়বরাদ্দের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আপনার অনুমতি নিয়ে আমি পরিবহন দপ্তরের বিভিন্ন কার্যাবলির একটি সংক্ষিপ্ত বিবরণী পেশ করছি।

প্রদত্ত অর্থসংস্থানের মধ্যে সুনির্বাচিত প্রকল্প গ্রহণ ও সেগুলির সুষ্ঠু রূপায়ণের মাধ্যমে আমরা পরিবহন ক্ষেত্রে ১৯৯৭-৯৮ সালে যথাযথ অগ্রগতি অর্জনে সফল হয়েছি। পরবর্তী অনুচ্ছেদগুলিতে এই কার্যাবলির কিছু বিবরণ উপস্থাপন করছি।

**১। কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (সি. এস. টি. সি.)**

পশ্চিমবঙ্গের সরকারি পরিবহন ক্ষেত্রের মুখ্য সংস্থা, কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা, যাত্রী সাধারণের প্রয়োজন মেটাতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সি. এস. টি. সি. সর্বমোট ২১৬টি রুটে তাদের বাস পরিষেবার মাধ্যমে রজ্যের বেশিরভাগ জেলা শহরগুলিকে যুক্ত রেখেছে, যদিও তাদের মূল পরিষেবা ক্ষেত্র হল শহর কলকাতা ও তার সংলগ্ন এলাকা। এই ২১৬টি রুটের মধ্যে ১২৭টি রুটে দূরপাল্লার বাস চলাচল করে। বিগত দুই দশক ধরে সি. এস. টি. সি. গ্রামীণ এলাকায় জনসাধারণের জন্য স্বল্পব্যয়ে

পরিবহন ব্যবস্থার সম্প্রসারণ করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এই দৃষ্টিভঙ্গি অনুসারে বাসরুটগুলির বিন্যাস করা হয়েছে।

কার্যকর প্রশাসনিক নিয়ন্ত্রণের ফলে সংস্থায় কর্মী-উৎপাদনশীলতার উন্নতি ঘটেছে। এই উৎপাদনশীলতার হার ১৯৯২-৯৩ সালে যেখানে ১৩.০৫ ছিল, তা ১৯৯৬-৯৭ সালে বৃদ্ধি পেয়ে ১৫.৭০ হয়েছে। বাস ও কর্মীসংখ্যার অনুপাতেরও উন্নতি হয়েছে। বাসপিছু কর্মীসংখ্যা ১৯৯২-৯৩ সালে যেখানে ১৪.৭৮ ছিল তা' হ্রাস পেয়ে ১৯৯৬-৯৭ সালে ১২.৭৪ হয়েছে। ১৯৯৭ সালের অক্টোবর থেকে সংশোধিত যাত্রী-ভাড়ার প্রবর্তন, রাজস্ব আদায়ে অপচয়-রোধে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ এবং মধ্য-দিবস বাস-পরিষেবার প্রচলনের ফলে রাজস্ব আদায়ে উন্নতি ঘটেছে। বার্ষিক মোট আয়ের পরিমাণ ১৯৯৬-৯৭ সালের ৪৪.২৯ কোটি টাকা থেকে বেড়ে ১৯৯৭-৯৮ সালে ৪৬ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

বাস-পরিষেবার উন্নতির লক্ষ্যে সি. এস. টি. সি. কর্তৃক গৃহীত ব্যবস্থাদি নিম্নে উল্লিখিত হল ঃ

**১৯৯৭-৯৮ সালের লক্ষ্যমাত্রা ঃ**

| | | |
|---|---|---|
| (১) নূতন বাস ক্রয় | .. | ৮০ |
| (২) পুরানো বাসের পুনর্নবীকরণ | .. | ২২৮ |

**১৯৯৭-৯৮ সালের লক্ষ্যমাত্রা ঃ**

| | | |
|---|---|---|
| (১) নূতন বাস ক্রয় | .. | ১৪৪ |
| (২) পুরানো বাসের পুনর্নবীকরণ | .. | ১৩৩ |

আলোচ্য বছরগুলিতে এই সংস্থার জন্য নির্ধারিত যোজনা বরাদ্দ থেকে এই কর্মসূচিগুলি রূপায়ণ করা হবে। এই সংস্থা পরিষেবা এবং পরিচালন-ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে গত দুই বছর যাবৎ ব্যাপক যন্ত্র-গাণনিকীকরণের কাজ হাতে নিয়েছে।

১৯৯৮-৯৯ সালে এই সংস্থার জন্য ১১ কোটি টাকা যোজনা বরাদ্দের প্রস্তাব আছে।

**২। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (এন. বি. এস. টি. সি.)**

এন. বি. এস. টি. সি. মূলত উত্তরবঙ্গের যাত্রী সাধারণকে দক্ষ এবং নির্ভরযোগ্য

পরিবহন-পরিষেবা দেওয়ার প্রচেষ্টায় নিয়োজিত রয়েছে। এ ছাড়া, এই সংস্থা তার আন্তঃ-জেলাভিত্তিক বাস পরিষেবার মাধ্যমে উত্তরবঙ্গকে মুর্শিদাবাদ, বীরভূম, নদীয়া এবং কলকাতা জেলার পাশাপাশি দুর্গাপুর ও আসানসোলের মতো গুরুত্বপূর্ণ শহরগুলির সঙ্গে যুক্ত করেছে। এ ছাড়া, এই রাজ্যের সঙ্গে আসাম, বিহার ও সিকিমের মধ্যে এই সংস্থার আন্তঃরাজ্য বাস-পরিষেবা চালু আছে। দৈনিক রাস্তায় বাস বের করার হার, কর্মী-উৎপাদনশীলতা, বাস ও কর্মীসংখ্যার অনুপাত এবং পরিষেবাজনিত আয়ের ক্ষেত্রে এই সংস্থার কাজকর্মে ১৯৯৬-৯৭ সালের তুলনায় ১৯৯৭-৯৮ সালে উন্নতি ঘটেছে।

সল্টলেকে কর্মশালা স্থাপনের কাজ চলছে। এই প্রকল্পটি বাসের রক্ষণাবেক্ষণ সুনিশ্চিত করার জন্য গ্রহণ করা হয়েছে।

১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে এই সংস্থার জন্য যোজনা খাতে ১১ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

৩। **দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা** (এস. বি. এস. টি. সি.)

এস. বি. এস. টি. সি. তাদের দুর্গাপুর ও বেলঘরিয়া—এই দুই বিভাগীয় শাখার অধীন মোট ১৪টি ডিপো থেকে বাস-পরিষেবা চালাচ্ছে।

১৯৯৮-৯৯ সালে এই সংস্থা ৫০টি নূতন বাস ক্রয় করেছে, ১২৮টি পুরানো বাসের পুনর্নবীকরণ করেছে এবং ৪৮টি নূতন রুট চালু করেছে। বাস চালানোর ক্ষেত্রে কার্যকর ব্যবস্থাপনার সাহায্যে পরিষেবা উন্নত করার মাধ্যমে কি. মি. পিছু আয় বাড়ানো গেছে এবং আশা করা যায়, এই আয় ১৯৯৬-৯৭ সালেব ৫৮০ পয়সার তুলনায় ১৯৯৭-৯৮ সালে বেড়ে ৬৫৭ পয়সায় দাঁড়াবে। যান-উৎপাদনশীলতাও ১৯৯৬-৯৭ সালের ২৪৮ কি. মি. থেকে বেড়ে ১৯৯৭-৯৮ সালে ২৬৫ কি. মি. হবে বলে আশা করা যায়। এই সংস্থার যাত্রী পরিষেবাজনিত আয় ১৯৯৬-৯৭ সালের ১৩৩৭.৪৫ লক্ষ টাকা থেকে বেড়ে ১৯৯৭-৯৮ সালে ১৯৭২.১৮ লক্ষ টাকা হবে বলে আশা করা যায়।

এই সংস্থার ১৯৯৮-৯৯ সালে পরিকল্পনাগুলির মধ্যে ১৬৫টি বাসের পুনর্নবীকরণ এবং ৫০টি বয়সোত্তীর্ণ জীর্ণ বাসের প্রতিস্থাপনও রয়েছে।

১৯৯৮-৯৯ সালে এস. বি. এস. টি. সি.-র জন্য প্রস্তাবিত যোজনা বরাদ্দ ৯ কোটি টাকা।

৪। **কলকাতা ট্রামওয়েজ কোম্পানি (১৯৭৮) লিমিটেড (সি. টি. সি.)**

১৯৯৭-৯৮ সালে প্রতিদিন গড়ে ১৮৫টি ট্রামগাড়ি পথে বের হয়েছে যা ১৯৯৬-

৯৭ সালে ছিল ১৮০টি। কিন্তু যাত্রীর সংখ্যা কিছুটা কমে দৈনিক ১.৭৮ লক্ষে দাঁড়িয়েছে। আর এটা হয়েছে বিভিন্ন সংস্থার রক্ষণাবেক্ষণ কাজকর্মের জন্য বিভিন্ন রুটে ট্রামচলাচল-পরিষেবা প্রায়শই ছাঁটাই করতে হওয়ার ফলে। যদিও ট্রামগুলির সার্বিক মেরামতি করা হচ্ছে কিন্তু ট্রামলাইন এবং ওভারহেড ব্যবস্থার নবীকরণ এবং প্রতিস্থাপন করার কাজ আশানুরূপভাবে করা যায়নি মূলত প্রয়োজনীয় অর্থের অভাবে।

এই কোম্পানির বাস-পরিষেবার কাজ সন্তোষজনক। বাস পরিষেবাজনিত বার্ষিক আয় ১৯৯৬-৯৭ সালের ১.৪০ কোটি টাকা থেকে বেড়ে ১৯৯৭-৯৮ সালে ১.৫০ কোটি টাকা হয়েছে। দৈনিক পথে বের হওয়া বাসের সংখ্যা গড়ে ২৪০। কলকাতা ও তার শহরতলীর ৩৮টি রুটে বাসগুলি চলাচল করে। ১৯৯৮ সালের জানুয়ারি মাসে আরও ২৭টি বাস সংযোজিত হয়ে এই কোম্পানির মোট বাসের সংখ্যা দাঁড়িয়েছে ৩২৭টি-তে।

সি. টি. সি.-র জন্য ১৯৯৮-৯৯ সালের প্রস্তাবিত যোজনা বরাদ্দ ৭ কোটি টাকা।

**৫। পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম (ডব্লিউ. বি. এস. টি. সি.)**

ফেরি পারাপারের ক্ষেত্রে এই নিগমের জলযানের সংখ্যা বর্তমানে ২২, যার মধ্যে ২টি হল এল. সি. টি., যেগুলি গাড়ি পারাপারের জন্য নির্মিত। নতুন এল. সি. টি. দু'টির মধ্যে একটিকে ১৯৯৮ সালের জানুয়ারি মাসে গঙ্গাসাগর মেলার সময় লট নং ৮ ও কচুবেড়িয়ার মধ্যে যান পারাপারের জন্য অত্যন্ত কার্যকরভাবে ব্যবহার করা হয়েছে।

সড়ক পরিবহন ক্ষেত্রে এই নিগমের বাসের সংখ্যা ৮৫টি-ই রয়ে গেছে। এই নিগমের বাসগুলি কলকাতা, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, হাওড়া এবং মেদিনীপুর জেলায় চলাচল করে। আন্তঃরাজ্য রুটে এই নিগমের বাস কলকাত-গিরিডির মধ্যে চলাচল করে।

ডব্লিউ. বি. এস. টি. সি. লট নং ৮ এবং কচুবেড়িয়ায় নতুন ২টি স্থায়ী জেটি নির্মাণ করেছে। সেগুলি চালু হয়েছে। ৪টি লৌহনির্মিত জলযান সংগ্রহের প্রয়াস চলছে এবং ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সেগুলিকে চালু করা যাবে বলে আশা করা যায়।

এই নিগম হুগলি নদীতে দ্রুতগতির ফেরি পরিষেবা চালু করার বিষয়ে চিন্তা-ভাবনা করছে এবং এ ব্যাপারে বিদেশি সহযোগিতার সম্ভাবনা খতিয়ে দেখছে।

**৬। পরিবহন পরিষেবা উন্নয়ন কর্মসূচি (টি. ও. আই. পি.)**

যানবাহনের গতিবৃদ্ধির পরিবহন দপ্তর পরিবহন পরিষেবা উন্নয়ন কর্মসূচিভুক্ত

প্রকল্পগুলি গ্রহণ করে থাকে। এ ছাড়াও পরিবহন পরিকাঠামোর বৃদ্ধিসাধন অথবা ইতিমধ্যে বর্তমান পরিকাঠামোর সঠিক সদ্ব্যবহারের জন্য সমীক্ষার ব্যবস্থাও এই কর্মসূচির অন্তর্ভুক্ত। মেসার্স রাইটস বর্তমানে মেট্রো পথ বরাবর বহুমুখী পরিবহন ব্যবস্থা গড়ে তোলার পরিকল্পনা প্রস্তুত করার জন্য সমীক্ষা চালাচ্ছে। এই সমীক্ষা ১৯৯৮-এর মার্চের মধ্যে শেষ হওয়ার আশা আছে।

চালু প্রকল্পগুলির মধ্যে আশুতোষ মুখার্জি রোডের উন্নয়নের কাজ শেষ হয়েছে। গোলপার্ক অ্যাপ্রোচ রোডের কাজও সমাপ্তির মুখে।

১৯৯৭-৯৮ সালে শহরের বিভিন্ন স্থানে দশটি অটো ম্যানুয়াল ট্রাফিক সিগন্যাল চালু হওয়ার সঙ্গে সঙ্গে শহরে এই ধরনের সিগন্যালের সংখ্যা দাঁড়িয়েছে ৪৮টি। এ ছাড়াও আই. বি. পি. কোং লিঃ-এর আর্থিক সহায়তায় এসপ্ল্যানেড এবং ভূপেন বসু অ্যাভেনিউ-এর মধ্যে সিংক্রোনাইজড ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা চালু করার চেষ্টা চলছে।

টি. ও. আই. পি. কর্মসূচির জন্য ১৯৯৮-৯৯ আর্থিক বছরে যোজনাখাতে ১৫০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব আছে।

**৭। কলকাতা পরিবহন পরিকাঠামো উন্নয়ন প্রকল্প (সি. টি. আই. ডি. পি.)**

মৌলালি, মল্লিকবাজার, পার্ক স্ট্রিট, বেকবাগান-রবীন্দ্রসদন, লকগেট রোড ও গড়িয়াহাটে উড়ালপুল নির্মাণ এবং মানিকতলা, এসপ্ল্যান্ডে ও শ্যামবাজারে পথসংযোগস্থলগুলির উন্নয়ন এই প্রকল্পের অন্তর্গত। জাপানের ও. ই. সি. এফ. সংস্থার কাছ থেকে পাওয়া ঋণের সাহায্যে এই প্রকল্প রূপায়িত হবে। এই প্রকল্পের প্রাথমিক কাজকর্ম শুরু হয়েছে।

১৯৯৮-৯৯ সালের জন্য এই প্রকল্পের বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৫,০০০ লক্ষ টাকা।

**৮। জেলা ও মহকুমা শহরগুলিতে বাস-স্ট্যান্ড নির্মাণ প্রকল্প**

কেবলমাত্র রামপুরহাট, মাথাভাঙ্গা, হাসনাবাদ, গুসকরা, টিটাগড়, নৈহাটি, পানিহাটি, খড়দহ, ভাটপাড়া, ব্যারাকপুর এবং হালিশহরস্থিত বাস-স্ট্যান্ড প্রকল্পগুলির জন্য এ বছর অর্থ বরাদ্দ করা সম্ভব হয়েছে। ১৯৯৭-৯৮ সালে এই খাতে মোট ৬০ লক্ষ টাকা ব্যয় হবে বলে মনে করা হচ্ছে।

**৯। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা**

বর্তমানে কলকাতা শহরে মোট ১১৫টি লাইসেন্সপ্রাপ্ত অটো এমিশন টেস্টিং সেন্টার

আছে, যার মধ্যে ১১টির লাইসেন্স সাসপেন্ড করা হয়েছে। এ ছাড়া জেলাগুলিতে আরও ২৬টি টেস্টিং সেন্টার আছে। ১৯৯৭ সালে কলকাতা পুলিশ ৭২,৬২৫টি গাড়ি পরীক্ষা করেছে। তাদের মধ্যে ২৫,৯৮০টি গাড়ি পাওয়া গেছে—যারা দূষণের নির্ধারিত মাত্রা লঙ্ঘন করেছে। এদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। এ ছাড়া কলকাতায় পাবলিক ভেহিকেল দপ্তর এবং জেলাগুলিতে আর. টি. ও. অফিসগুলি গাড়ির দূষণ-সংক্রান্ত পরীক্ষা করে থাকে। ১-৪-৯৭ থেকে ২৮-২-৯৮-এর মধ্যে পাবলিক ভেহকেল দপ্তর ২০৪টি গাড়িকে দূষণসীমা লঙ্ঘনের দায়ে দোষী সাব্যস্ত করেছে এবং এদের কাছ থেকে ৯৩,৭৫০ টাকা জরিমানা আদায় করেছে।

এ ছাড়াও, সমস্ত আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষকে তাদের এলাকার সমস্ত বাস, মিনিবাস এবং ট্রাক থেকে এয়ারহর্ন সরিয়ে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে। পরিবহন দপ্তর পশ্চিমবঙ্গ মোটরযান আইনের সংশোধন করতে চলেছে, যাতে এ রাজ্যে চলাচলকারি সব রকমের মোটরযানে এয়ারহর্ন ব্যবহার নিষিদ্ধ করা যায়।

**১০। সোলাসিয়াম ফান্ড প্রকল্প এবং অন্যান্য দুর্ঘটনা সাহায্যে প্রকল্প**

এই প্রকল্পগুলিতে মোটর দুর্ঘটনাকবলিত ব্যক্তিকে বা তার নিকট আত্মীয়কে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা আছে। সোলালিয়াম ফান্ড প্রকল্পে বিভিন্ন জেলার দাবি নির্ধারণ আধিকারিকের/ ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী জেনারেল ইন্সিওরেন্স কর্পোরেশন ক্ষতিপূরণের অর্থ প্রদান করে। মোটর দুর্ঘটনা সাহায্য প্রকল্পে রাজ্য সরকার তার নিজস্ব তহবিল থেকে অনুদান দিয়ে থাকে। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে রাজ্য সরকার এ-বাবদ ১২৭.৭৫ লক্ষ টাকা ব্যয় করেছে।

কলকাতা ও তার পার্শ্ববর্তী জেলাসমূহের ট্যাক্সি-চালকদের বাহ্যিক হিংসাত্মক ঘটনা বা অজ্ঞাত কারণবশত দুর্ঘটনাজনিত ব্যক্তিগত আঘাত অথবা মৃত্যুর ক্ষেত্রে ট্যাক্সি-চালকদের সুবিধার্থে দুর্ঘটনা জনবিমা প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পের প্রায় ১৬,০০০ ট্যাক্সি-চালক উপকৃত হচ্ছেন। রাজ্য সরকার ২৬-৮-৯৭ তারিখ থেকে এক বছরের এই প্রকল্পের প্রিমিয়াম বাবদ ৫,০৫,৩৮৪ টাকা প্রদান করেছে।

**১১। রাজ্য পরিবহন কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গ**

মোটরযান আইন, ১৯৮৮ ; কেন্দ্রীয় মোটরযান বিধি, ১৯৮৯ এবং পশ্চিমবঙ্গ মোটরযান বিধি, ১৯৮৯ অনুসারে রাজ্য পরিবহন কর্তৃপক্ষ রাজ্যের যাত্রীসাধারণকে দ্রুত, কার্যকর এবং প্রয়োজনীয় সেবা প্রদান করার ব্যাপারে তার ভূমিকা পালন করে চলেছে। আন্তঃরাজ্য পরিবহন পরিষেবার জন্য সিকিম, বিহার, উড়িষ্যা এবং আসামের সঙ্গে

সম্পাদিত দ্বিপাক্ষিক চুক্তিগুলি সন্তোষজনক ফল দিচ্ছে। জনগণের প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রাখতে উপরোক্ত চুক্তিগুলির পরিমার্জনের প্রচেষ্টা চলছে।

১৯৯৭-৯৮ আর্থিক বছরে রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলিকে ৭৫টি পারমিট এবং বেসরকারি মালিকদের ৫৭টি পারমিট দেওয়া হয়েছে।

অন্যান্য যেসব পারমিট দেওয়া হয়েছে সেগুলি হল ঃ

| | | |
|---|---|---|
| (১) বিশেষ এবং অস্থায়ী পারমিট (পণ্য পরিবহনকারি যানসহ) | .. | ৩৫,২৯৪ |
| (২) সারা পশ্চিমবাংলা ট্যুরিস্ট ট্যাক্সি পারমিট | .. | ১,০০৬ |
| (৩) জাতীয় পারমিট (পণ্য পরিবহন যানের জন্য) | .. | ৩,৩০২ |

**১২। বিমান চালনা প্রশিক্ষণকেন্দ্র, বেহালা**

যথাসাধ্য চেষ্টা সত্ত্বেও রাজ্য সরকার এই শিক্ষণকেন্দ্রের জন্য কোনও 'মুখ্য উড্ডয়ন প্রশিক্ষক' বা 'উড্ডয়ন প্রশিক্ষক' নিয়োগ করতে সফল না হওয়ায় এখানে উড্ডয়ন প্রশিক্ষণ স্থগিত হয়ে রয়েছে। অবশ্য, ঐরূপ প্রশিক্ষক নিয়োগের প্রচেষ্টা অব্যাহত আছে।

বেসরকারি সহযোগিতায় প্রস্তাবিত আধুনিক বিমান চালনা প্রশিক্ষণকেন্দ্র স্থাপনের কাজ বিলম্বিত হচ্ছে। কারণ বিমানবন্দর কর্তৃপক্ষ কাঁচড়াপাড়ায় প্রস্তাবিত কেন্দ্রটির অবস্থান সম্পর্কে কিছু টেকনিক্যাল আপত্তি জানিয়েছে। এই ধরনের প্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার জন্য বিকল্প জায়গা খোঁজার চেষ্টা চলছে।

**১৩। মোটরযান রাজস্ব সংগ্রহ, নির্বহন কার্যকলাপ এবং সীমান্ত চেক্‌পোস্ট গঠন**

নির্বহন ব্যবস্থা জোরদার করার ফলে মোটরযান সংক্রান্ত রাজস্ব (ট্যাক্স ও ফি) সংগ্রহের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৯৫-৯৬ সালে এই পরিমাণ ছিল ১১৯.১৩ কোটি টাকা। ১৯৯৬-৯৭ সালে এই খাতে রাজস্ব সংগ্রহ বেড়ে ১৩৫.৩৩ কোটি টাকা হয়েছে। ১৯৯৭-৯৮ সালের জন্য এই সংক্রান্ত রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা হল ১৪৫ কোটি টাকা।

অন্য রাজ্যের যে সব গাড়ি এই রজ্যে প্রবেশ করে তারা যাতে রাজস্ব ফাঁকি না দিতে পারে সেই উদ্দেশ্যে বর্ধমান জেলার কুলটি থানার রামপুর মৌজায় স্থাপিত চেকপোস্টটি চালু রয়েছে।

মেদিনীপুরের ঝাড়গ্রামে একটি চেক্‌পোস্ট স্থাপনের কাজ শেষ হওয়ার পথে।

উত্তর দিনাজপুরের চোপড়ায় অপর একটি চেকপোস্ট স্থাপনের কাজ প্রাথমিক পর্যায়ে আছে।

১৯৯৮-৯৯ সালে পরিকল্পনা খাতে সীমান্ত চেকপোস্ট স্থাপনের জন্য ৬০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**১৪। মোটরযান দপ্তরসমূহের যন্ত্র-গাণনিকীকরণ**

পরিবহন দপ্তর রাজ্যের মোটরযান কার্যালয়সমূহে পর্যায়ক্রমে যন্ত্র-গাণনিকীকরণের প্রকল্প হাতে নিয়েছে। জনযান বিভাগ (পি. ভি. ডি.)-এর রেজিস্ট্রেশন এবং ট্যাক্স শাখার যন্ত্র-গাণনিকীকরণের কাজ সম্পূর্ণ হয়েছে এবং যন্ত্রগণন ব্যবস্থা কার্যকর হয়েছে। এ ছাড়া দ্বিতীয় পর্যায়ে জনযান বিভাগে যন্ত্র-গাণনিকীকরণের একটি নতুন পদ্ধতি চালু করার কাজ চলছে।

হাওড়া, বারাসাত, মেদিনীপুর ও বর্ধমানের মোটরযান কার্যালয় এবং পশ্চিমবঙ্গ রাজ্য পরিবহন কর্তৃপক্ষের অফিসে যন্ত্র-গাণনিকীকরণের কাজ সম্পূর্ণ হয়েছে এবং গণনযন্ত্রগুলি চালু হয়েছে।

আলিপুর মোটরযান কার্যালয়ে যন্ত্র-গাণনিকীকরণের কাজ শেষ হয়েছে এবং ব্যারাকপুর ও আসানসোলে কাজ চলছে। ১৯৯৮-৯৯ সালে রাজ্যের অন্যান্য কয়েকটি মোটরযান কার্যালয়ে এই প্রকল্প রূপায়ণ করার প্রস্তাব আছে।

যন্ত্র-গাণনিকীকরণের জন্য ১৯৯৮-৯৯ সালে পরিকল্পনা খাতে ৪০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে।

**১৫। পশ্চিমবঙ্গ পরিবহন পরিকাঠামো উন্নয়ন নিগম**

পশ্চিমবঙ্গ পরিবহন পরিকাঠামো উন্নয়ন নিগম গঠন এখনও প্রাথমিক পর্যায়ে। এই সংস্থাটি উপযুক্তভাবে কার্যকর করার উদ্দেশ্যে কি কি পদক্ষেপ নেওয়া দরকার তা নিয়ে বিচার বিবেচনা চলছে। ইতিমধ্যে এই নিগম চুঁচুড়া এবং নৈহাটির জেটি মেরামতের কাজ হাতে নিয়েছে। এ ছাড়াও এই নিগম দমদমে একটি কমপ্লেক্স, বরানগরে ট্রাক টার্মিনাল তৈরি ইত্যাদি প্রকল্পে সক্রিয়ভাবে যুক্ত আছে। অবশ্য এই প্রকল্পগুলি এখনও কেবলমাত্র প্রাথমিক পর্যায়ে আছে।

**১৬। হুগলি রিভারব্রিজ কমিশনার্স**

হুগলি রিভারব্রিজ কমিশনার্স দ্বিতীয় সেতুটির (বিদ্যাসাগর সেতু) রূপায়ণকার্য সম্পাদন

করেছেন। মূল সেতুটি গত ১২-১০-৯২ তারিখ থেকে যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে।

১৯৯৮ সালের জানুয়ারি মাসের শেষ পর্যন্ত এ যাবৎ মূল সেতুর ৯৯.৯৬ শতাংশ, কলকাতাদিকস্থ সেতু অভিমুখী রাস্তাসমূহের ৯৯.৯৯ শতাংশ এবং হাওড়াদিকস্থ সেতু-অভিমুখী রাস্তাসমূহের (অ্যাপ্রোচ রোড) ৯৯.৯৮ শতাংশ কাজ সমাপ্ত হয়েছে। মূল সেতু এবং অভিমুখী রাস্তাসমূহের বাকি কাজগুলি বর্তমানে চালু রয়েছে।

এ ছাড়া ১৯৯৮ সালের জানুয়ারি মাস পর্যন্ত কলকাতা ও হাওড়ার রাস্তাগুলির সঙ্গে মূল সেতুর সংযোগের জন্য নির্মীয়মাণ পরিপূরক রাস্তাগুলির কাজ ৮৭ শতাংশ সম্পূর্ণ হয়েছে। বাকি কাজগুলি যাতে অতি অল্প সময়ে শেষ করা যায় তার জন্য এইচ. আর. বি. সি. সমস্ত রকমের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

কলকাতার খিদিরপুর রোড, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, সেন্ট জর্জেস গেট রোড, ডাফরিন রোড এবং হাওড়ার আন্দুল রোড, ফোরশোর রোড, কোনা এক্সপ্রেসওয়ের ১.১৩ কি. মি. ও হাওড়া ড্রেনেজ ক্যানেল রোডের ৩.০৫৫ কি. মি. অংশের উন্নয়ন এবং চওড়া করার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। মূল সেতুর উপরে হাওড়ার দিকে অবস্থিত একটি টোলপ্লাজার মাধ্যমে টোল আদায়ের কাজ সম্পন্ন করা হয়। ১২-১০-৯২ থেকে ১৯৯৮-এর জানুয়ারি পর্যন্ত মোট ৩৩,৪৫,৭৬,৭৩৮ টাকা টোল বাবদ আদায় করা হয়েছে। সেতুটির উপর দিয়ে দৈনিক গড়ে ১৮,০০০ থেকে ২০,০০০ গাড়ি যাতায়াত করছে।

এই সেতুতে ফায়ার সার্ভিস ডাইরেক্টরেটের সহযোগিতায় একটি অত্যাধুনিক অগ্নিনির্বাপণ ব্যবস্থা যুক্ত করার পরিকল্পনা তৈরির কাজ চলছে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, হুগলি রিভার ব্রিজ কমিশনার্সকে "কলকাতা পরিবহন পরিকাঠামো উন্নয়ন প্রকল্পটি"-র রূপায়ণের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রকল্পটি জাপানের ও. ই. সি. এফ. সংস্থার ঋণ-সহায়তায় রূপায়িত হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষির পরে পরিবহন ক্ষেত্রে দেশের দ্বিতীয় সর্বোচ্চসংখ্যক লোক নিয়োজিত রয়েছেন। পরিবহন পরিচালন ব্যবস্থার নিয়মমাফিক কাজগুলি ছাড়াও আমার দপ্তর বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও সেগুলির রূপায়ণের মাধ্যমে আরও বেশি পরিমাণ কর্মসংস্থানের চেষ্টা করে চলেছে—যার দ্বারা আর্থ-সামাজিক উন্নয়ন সংঘটিত হবে বলে আমি মনে করি।

শিক্ষা এবং কারিগরি উন্নতির সাথে তাল মিলিয়ে মানুষের জীবনযাপন প্রণালিতে অনেক পরিবর্তন এসেছে। সময়ের সঙ্গে সঙ্গে দূরপাল্লা এবং স্বল্পদৈর্ঘ্যের যাত্রাপথে

মহিলা যাত্রীর সংখ্যাও অনেক বেড়েছে।

যাত্রাপথে স্বাচ্ছন্দ্য ছাড়াও অন্যান্য সুযোগ-সুবিধা আজকাল যাত্রীরা আশা করে থাকেন। যথোপযুক্ত সুযোগ-সুবিধাদি চাড়া গজিয়ে ওঠা বাস টার্মিনাসগুলিতে ন্যূনতম সুযোগ-সুবিধার ব্যবস্থা করা প্রয়োজন। এ ছাড়া দূরপাল্লার যাত্রাপথের মধ্যবর্তী স্থানেও বিশেষ সুযোগ-সুবিধার ব্যবস্থা করার প্রয়োজন রয়েছে। এর দ্বারা বাসযাত্রী, বাসকর্মী, মাল পরিবহনকারী গাড়ির কর্মী ও চোটগাড়ির যাত্রীদের সুবিধা হবে। এ-ব্যাপারে শুধুমাত্র পরিবহন দপ্তর নয়, জনস্বাস্থ্য বিভাগ ও পৌর-বিষয়ক দপ্তরের উদ্যোগও প্রয়োজন। বিভিন্ন দপ্তরের যৌথ প্রচেষ্টার ফলেই কেবলমাত্র একটি উন্নত ব্যবস্থা গড়ে ওঠা সম্ভব।

সর্বশেষে, আমি সভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে জানাই যে, আগামী দিনে আমার দপ্তর বেশ কিছু প্রকল্প গ্রহণ করতে চলেছে, যার দ্বারা সামাজিক চাহিদা পূরণ হবে। আশা করি, মাননীয় সদস্যবৃন্দ এই কাজে যথাযোগ্য সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন।

এই বলে সভার অনুমোদনের জন্য আমি আমার দাবি পেশ করছি।

## DEMAND No. 13

## Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,21,56,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Services".

(This is inclusive of a total sum of Rs. 2,07,00,000 already voted on account)

## DEMAND No. 14

## Major Head : "2047—Other Fiscal Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,44,00,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2047—Other Fiscal

Services".

(This is inclusive of a total sum of Rs. 2,81,00,000 already voted on account)

**DEMAND No. 16**

**Major Head : 2049—Interest Payments**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 47,00,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "2049—Interest Payments".

(This is inclusive of a total sum of Rs. 16,00,000 already voted on account)

**DEMAND No. 18**

**Major Head : "2052—Secretariat— General Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 44,31,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "2052—Secretariat—General Services".

(This is inclusive of a total sum of Rs. 14,77,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Jyoti Basu on Demand Nos. 18 & 19 laid on the Table was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে, আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-১৯৯৯ সালে ১৮ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" বাবদ ব্যয় নির্বাহের জন্য এবং ১৯ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫৩—জেলা প্রশাসন" বাবদ ব্যয় নির্বাহের জন্য যথাক্রমে টাঃ ৪৪,৩১,০০,০০০ (চুয়াল্লিশ কোটি একত্রিশ লক্ষ) টাকা এবং

টাঃ ৩৯,৯৮,০০,০০০ (ঊনচল্লিশ কোটি আটানব্বই লক্ষ) টাকা মঞ্জুর করা হোক।

ভোট অন অ্যাকাউন্টের মাধ্যমে ইতিপূর্বে মুখ্যখাত "২০৫২ সচিবালয় সাধারণ কৃত্যক সমূহ" এবং মুখ্যখাত "২০৫৩ জেলা প্রশাসন" বাবদ যথাক্রমে টাঃ ১৪,৭৭,০০,০০০ (চৌদ্দ কোটি সাতাত্তর লক্ষ) টাকা এবং টাঃ ১৩,৩৩,০০,০০০ (তের কোটি তেত্রিশ লক্ষ) টাকা করা হয়েছিল, উল্লেখিত অর্থাঙ্কের মধ্যে তাও ধরে নেওয়া হয়েছে।

২। স্বরাষ্ট্র ও মুখ্যমন্ত্রীর সচিবালয়, অর্থ, বিচার, আইন, পৌর বিষয়ক, ভূমি ও সংস্কার, পূর্ত, খাদ্য ও সরবরাহ সেক্রেটারিয়েট বিভাগসমূহের সচিবালয় এবং সংশ্লিষ্ট অফিসসমূহের বেতন, রাহা খরচ, অফিস খরচ ইত্যাদি সংক্রান্ত বার্ষিক ব্যয় "২০৫২ মুখ্যখাত সাধারণ কৃত্যকসমূহ" খাতে বরাদ্দ অর্থ থেকে নির্বাহ করা হয়। আর বিভাগীয় কমিশনার জেলা শাসক এবং মহকুমা শাসকের অধীনে সমস্ত ধরনের কর্মচারীর ঐ সকল বাবদ বার্ষিক ব্যয় "২০৫২ জেলা প্রশাসন" খাত থেকে নির্বাহ করা হয়।

৩। ১৯৯৭-৯৮ সালে "২০৫২ সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" এবং "২০৫৩ জেলা প্রশাসন" খাতে ব্যয় বরাদ্দ ছিল যথাক্রমে টাঃ ৩৮,৬৫,০০,০০০ (আটত্রিশ কোটি পঁয়ষট্টি লক্ষ) টাকা এবং টাঃ ৩৮,০৮,৬০,০০০ (আটত্রিশ কোটি আট লক্ষ ষাট হাজার) টাকা।

৪ (১)। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অবশ্যই গণতান্ত্রিক ধারণায় প্রতি দৃঢ় আস্থা নিয়ে একবিংশ শতাব্দীর নতুন যুগে প্রবেশ করতে হবে, যেখানে জাতীয় ঐক্য, সাম্প্রদায়িক সম্প্রীতি ও ধর্মনিরপেক্ষতা অগ্রাধিকার পাবে। প্রশাসন যন্ত্রের কেন্দ্রবিন্দু হল সচিবালয় ও জেলা প্রশাসন যার মাধ্যমে এই সরকারের জনমুখী নীতিগুলি রূপায়িত হয়। আমরা সর্বদাই এক দক্ষ ও সহানুভূতিশীল প্রশাসন এর জন্য চেষ্টা করে আসছি। ইতিবাচক ও দক্ষ প্রশাসন গড়তে উপযুক্তভাবে প্রশিক্ষিত, অভিজ্ঞ ও বিবেকি অফিসার দ্বারা পদপূরণ অন্যতম প্রধান কারণ হিসাবে সহায়তা করেছে।

৪ (২)। আই. এ. এস., ডব্লু. বি. সি. এস. (এক্সিকিউটিভ) ও সচিবালয়ের সহায়কসহ সাধারণ কৃত্যকের অফিসারদের নিয়ামক ও ব্যবস্থাপকের দায়িত্ব বহন করে স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগ। সঠিক নির্বাচন, সঠিক পদে বহাল ও উন্নতির দায়িত্বও এই বিভাগের উপর ন্যস্ত। চাকুরি সংক্রান্ত বিভিন্ন কাজ ও গুণবিচারের সঙ্গেও এ দপ্তর জড়িত।

৫। স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগ বিভিন্ন স্তরের অফিসার ও কর্মচারিদের প্রশিক্ষণ ব্যাপারেও দেখাশুনা করে। চাকুরিতে অবস্থায় প্রশিক্ষণ গুণগত

মানোন্নয়ণে একান্ত প্রয়োজন যাতে যে কোনও পরিস্থিতিতে অফিসার ও অন্যান্য কর্মিরা জনগণের মঙ্গলার্থে তাদের দায়িত্ব উপযুক্তভাবে পালন করতে পারেন। সল্টলেকে অবস্থিত অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউটে কর্মচারিদের প্রশিক্ষণ দেওয়া হয়। ঐ ইনস্টিটিউট বর্তমান আর্থিক বছরে ৪৮টি শিক্ষাক্রম পরিচালনা করেছে। ন্যাচারাল ডিজাস্টার ম্যানেজমেন্ট এর উপর দুটো সেমিনারও পরিচালিত হয়েছে।

৬। শুধু দক্ষতা নয় সু-প্রশাসনের মৌলিক উপাদান নিরপেক্ষতা ও সততাও। সরকারি কর্মচারিদের বিরুদ্ধে অভিযোগের তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেওয়ার জন্য রাজ্য সরকার প্রধানত তদারকি কমিশন এর উপর নির্ভর করেন। ১৯৯৭-৯৮-তে কমিশন ৩১৭টি ক্ষেত্রে প্রাথমিক তদন্তের কাজ সম্পন্ন করেছেন। ৬৪টির ক্ষেত্রে বিভাগীয় তদন্তের, ১৮টির ক্ষেত্রে শাস্তির এবং ৩টির ক্ষেত্রে অভিযোগমুক্তির সুপারিশও করেছেন। তদারকি কমিশনের ১৯৮৯ ও ১৯৯০ বার্ষিক বিবরণী ও তাহাদের উপর বিস্তারিত ব্যাখাসহ স্মারকলিপি ইতিপূর্বেই বিধানসভায় পেশ করা হয়েছে। ১৯৯১ এবং ১৯৯২ এর প্রয়োজনীয় স্মারকলিপি সহ বিবরণী এই সেশনে উপস্থাপিত হবে এবং ১৯৯৩ এর বিবরণীও এই সভায় ১৯৯৮ সালের মধ্যে পেশ করা হবে।

৭। জনগণের প্রয়োজনের কথা বিচার করে নতুন নতুন মহকুমা সৃষ্টি সহ রাজ্য সরকার কিছু কিছু প্রশাসনিক ইউনিটের কাঠামোতে পরিবর্তন সাধন করেছেন। মাননীয় সদস্যরা অবগত আছেন যে ১লা জানুয়ারি ১৯৯৬ থেকে ৬টি নতুন মহকুমা স্থাপিত হয়েছে এবং আরও একটি ১লা জানুয়ারি ১৯৯৭ থেকে কাজ শুরু করেছে। বর্তমানে অবস্থিত মহকুমা সমূহের পরিকাঠামোর বৃদ্ধির সাথে সাথে নবগঠিত মহকুমাগুলোতে পরিকাঠামোগত সুবিধা দানের ব্যবস্থা করা হচ্ছে। মালদা জেলার চাঁচলে একটি নতুন মহকুমা সৃষ্টির জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। মুর্শিদাবাদ জেলার ডোমকলে একটি নতুন মহকুমা গঠনের প্রস্তাবটি সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

৮। দায়িত্বশীল সরকার হিসেবে আমরা সাধারণ মানুষের অভিযোগের দ্রুত প্রতিকারের জন্য দায়বদ্ধ। আমরা পঞ্চায়েত রাজের মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণের দ্বারা সবচেয়ে নিম্নস্তরের মানুষের অভিযোগ দূরীকরণে সচেষ্ট আছি। প্রশাসনের উচ্চ স্তরেও সাধারণ মানুষের অভিযোগ দ্রুত দূরীকরণে উপযুক্ত দৃষ্টি দেওয়া হয়। কাজকে ত্বরান্বিত করতে এবং কাজের প্রক্রিয়াকে সহজ করতে ও তথ্য প্রাপ্তির সুবিধার্থে কিছু কিছু বিভাগে বেছে বেছে কম্পিউটার দ্বারা কাজ চালু করা হয়েছে এবং হচ্ছে।

৯। স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগ সাধারণ মানুষের অভিযোগ দেখার ব্যাপারে সংযোগরক্ষাকারী বিভাগের ভূমিকা পালন করে। কোনও অভিযোগ এই

দপ্তরের দৃষ্টিগোচরে আনা হলে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃপক্ষের নিকট দ্রুত নিষ্পত্তির জন্য পাঠিয়ে দেওয়া হয়। নিচের স্তরে, স্থানীয় নির্বাচিত সংস্থা যথা পঞ্চায়েত সমিতি ইত্যাদি জনগণের অভিযোগের দেখাশুনো করে। তৃণমূলস্তরে সাধারণ মানুষের কল্যাণকে সুনিশ্চিত করতে সুস্বমন্বিত ত্রিস্তর পঞ্চায়েত কাঠামো গঠন এবং পৌর সংস্থাগুলিতে নিয়মিত নির্বাচন সহায়ক হয়েছে।

১০। রাজ্য সরকার বিচারব্যবস্থার বিকেন্দ্রীকরণের নীতি গ্রহণ করেছেন যাতে এর সুযোগ গ্রামীণ মানুষের নিকট প্রয়োজনে সহজলভ্য হয়। এই নীতি অনুসারে রাজ্য সরকার ইতিমধ্যে নিম্নলিখিত বিচারালয়সমূহ গঠন করেছেন ঃ—কালনা ও আসানসোলে ২টি অতিরিক্ত জেলা জজের আদালত, ব্যারাকপুরে একটি জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত এবং বুনিয়াদপুর ও ব্যারাকপুরে এস. ডি. জে. এম./জে. এম./সাবডিভিসনাল সিভিল জজের আদালতসমূহ। আসানসোলে একটি সিভিল জজের আদালত স্থাপন করা হয়েছে। বারুইপুর, ক্যানিং, কাকদ্বীপ, তেহট্টতে এস. ডি. জে. এম./জে. এম./সাবডিভিসনাল সিভিল জজ এর আদালতসমূহ স্থাপন করা হয়েছে এবং বিধাননগরে জুডিশিয়াল/সিভিল জজের আদালত এর কাজ শুরু হয়েছে। জেলা ও মহকুমা স্তরে আরও নতুন আদালত স্থাপনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

১০ (২)। বিভিন্ন স্থানে লোক আদালতও বসানো হয়েছে যাতে ১৫৯টি কেসের নিষ্পত্তি হয়েছে এবং ৬৯.৯৬ লক্ষ টাকার রায় দেওয়া হয়েছে। আরও লোক আদালত বসানোর প্রস্তাব আছে। কলকাতায় দ্বিতীয় একটি পারিবারিক আদালত এবং হাওড়াতেও একটি বসানোর ব্যবস্থা হচ্ছে। শিক্ষিত যুবকদের স্বনিযুক্তির সুযোগ দেওয়ার লক্ষ্যে বেসরকারি ম্যারেজ রেজিস্ট্রার এবং জেলা মহকুমা, ব্লক ও পুর স্তরে ম্যারেজ রেজিস্ট্রার এর নিয়োগের সংশ্লিষ্ট ধারা সংশোধন করা হয়েছে। মহকুমাস্তরে নোটারির সুযোগ বিস্তারের প্রস্তাবও আছে। উত্তরবঙ্গের জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের একটি সার্কিট বেঞ্চ স্থাপনের ব্যাপারে সরকার অত্যন্ত সক্রিয় ব্যবস্থা নিচ্ছেন। পূর্ব তথা উত্তর পূর্ব ভারতে সুপ্রিম কোর্টের একটি সার্কিট বেঞ্চ স্থাপনের ব্যাপরেও এই সরকার সক্রিয়।

১১। এই রাজ্যে শান্তিপূর্ণভাবে লোকসভা নির্বাচন পরিচালনা করার জন্য ভারতের নির্বাচন কমিশনকে সর্ব প্রকারের সাহায্য ও সহযোগিতা প্রদান করা হয়েছে।

১২। প্রতিশ্রুতিমতো বাকি জেলাগুলিতে আদালতের ভাষা হিসেবে বাংলা চালু করার ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়া হয়েছে। অবশিষ্ট জেলাগুলি যথা হাওড়া, উত্তর চব্বিশ পরগনা, পুরুলিয়া. মেদিনীপুর, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমায় সিভিল/জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সাব-ডিভিসনাল জুডিশিয়াল

ম্যাজিস্ট্রেট এবং চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতগুলিতে বাংলাভাষা চালু করার জন্য কলকাতা হাইকোর্টের সম্মতি পাওয়া গিয়েছে। দার্জিলিং-এর পার্বত্য মহকুমাগুলির নিম্ন আদালতগুলিতে নেপালি ভাষা চালু করার প্রস্তাবের উপর কালকাতা হাইকোর্টের মতামত চাওয়া হয়েছে।

১৩। মোট ১০.২৪ লক্ষ একর খাস জমি ২৫.০৭ লক্ষ মানুষের মধ্যে বিলি করা হয়েছে। সামাজিক ন্যায় বিচারের জন্য ও সুষম জমি বিতরণের লক্ষ্যে সরকার দ্রুত ভূমি সংস্কারের কাজে পুনরায় দায়বদ্ধতা জানাচ্ছে।

১৪। এই বাজেটে অন্য কয়েকটি দপ্তর যথা পূর্ত, অর্থ, আইন, খাদ্য ও সরবরাহ ইত্যাদি বিভাগের সচিবালয় সংক্রান্ত আর্থিক বরাদ্দ যুক্ত আছে। উল্লিখিত দপ্তরগুলির মন্ত্রী মহোদয়রা যখন নিজ নিজ বাজেট পেশ করবেন তখন তাদের বিভাগীয় কার্যাবলির বিস্তৃত বিবরণী দেবেন।

১৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমি বিধানসভায় ১৮ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫২—সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" টাঃ ৪৪,৩১,০০,০০০ (চুয়াল্লিশ কোটি একত্রিশ লক্ষ) টাকা এবং ১৯নং দাবির অধীন মুখ্যখাত "২০৫৩—জেলা প্রশাসন" বাবদ টাঃ ৩৯,৯৮,০০,০০০ (উনচল্লিশ কোটি আটানব্বই লক্ষ) টাকা মঞ্জুর করার জন্য সভার কাছে প্রস্তাব রাখছি।

## DEMAND No. 19

## Major Head : 2053—District Administration

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 39,98,00,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053—District Administration".

(This is inclusive of a total sum of Rs. 13,33,00,000 already voted on account)

Printed Budget Speech of Shri Jyoti Basu on Demand No. 19, has been printed along with Demand No. 18.

## DEMAND No. 20

### Major Head : 2054—Treasury and Accounts Administration

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,49,45,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "2054—Treasury and Accounts Administration".

(This is inclusive of a total sum of Rs. 11,16,00,000 already voted on account)

## DEMAND No. 21

### Major Head : 2055—Polic

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,48,15,85,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police".

(This is inclusive of a total sum of Rs. 2,49,39,00,000 already voted on account)

Printed Budget Speech of Shri Buddhadeb Bhattacharjee on Demand No. 21 laid on the Table was taken as read.

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালে ব্যয় নির্বাহের জন্য ২১ নং দাবির অধীনে মুখ্যখাত—"২০৫৫—পুলিশ" বাবদ ৭৪৮,১৫,৮৫,০০০ (সাতশত আটচল্লিশ কোটি পনেরো লক্ষ পঁচাশি হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত টাকাও এর মধ্যে ধরা হয়েছে।

এই একই খাতে ১৯৯৭-৯৮ সালে ৬৬২,৩৫,০০০ (ছয়শত বাষট্টি কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হয়েছিল। বিগত বছরের তুলনায় ১৯৯৮-৯৯ সালের অনুমিত ব্যয় বৃদ্ধি পাওয়ার কারণ হল কর্মচারিদের বেতন ও ভাতা বৃদ্ধি, বাহিনীসমূহের ব্যবহারের জন্য যান ও অত্যাবশ্যক সাজ-সরঞ্জাম ক্রয়, নতুন পদ সৃষ্টি ইত্যাদির জন্য অধিকতর বরাদ্দ। প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করার জন্য এটা প্রয়োজন। কোচবিহার ও

জলপাইগুড়ি জেলায় বহিরাগত বিদ্রোহিদের অশান্তি সৃষ্টি করার প্রচেষ্টার সম্ভাবনা সম্পর্কে রাজ্য সরকার পুরোপুরি সচেতন। এই ধরনের যে কোনও প্রচেষ্টা ব্যর্থ করার উদ্দেশ্যে জেলাগুলির সংশ্লিষ্ট পুলিশ ও প্রশাসনিক কর্তৃপক্ষকে অত্যন্ত সতর্ক থাকার জন্য এবং যেখানেই প্রয়োজন অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথভাবে নির্দেশ দেওয়া হয়েছে। এইসব বিষয় মোকাবিলা করার জন্য বিশেষ করে পুলিশ কর্তৃপক্ষকে সম্পূর্ণভাবে সংবেদনশীল করে তোলা হয়েছে। যথাসময়ে গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা এবং সেগুলির ভিত্তিতে যথাযথ ব্যবস্থা নেওয়া একটি প্রয়োজনীয় বিষয়। এই উদ্দেশ্যে, এইসব জেলায় লোকবল, পরিবহন ও যোগাযোগের দিক থেকে সামর্থ বৃদ্ধির জন্য কাজ শুরু হয়েছে।

আপনারা জানেন, বাংলাদেশের সঙ্গে আমাদের রাজ্যের ২০০০ কিলোমিটারেরও বেশি দৈর্ঘ্যের আন্তর্জাতিক সীমান্ত রয়েছে। বাংলাদেশি নাগরিকদের অনুপ্রবেশের পরিণাম সম্পর্কে সরকার সম্পূর্ণ সচেতন। এই অনুপ্রবেশের ফলে সীমান্ত এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি জটিল হয়ে উঠছে এবং বিভিন্ন ধরনের অপরাধ ও চোরাচালানের ঘটনা বৃদ্ধি পাচ্ছে। আপনারা একথা জেনে খুশি হবেন যে, রাজ্য পুলিশ ও সীমান্ত রক্ষী বাহিনী চোরাচালান বন্ধ করার অভিযানের মাধ্যমে ১৯৯৭ সালে ২.২৫ কোটি টাকা মূল্যের পণ্যদ্রব্য আটক করেছে। অস্ত্রশস্ত্র ও গোলাবারুদের বেআইনি পাচার বন্ধ করার জন্যও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভারতীয় দোসরদের মদতে বিপুল সংখ্যক বাংলাদেশি দালালের বাংলাদেশি মহিলা ও শিশু পাচারের ঘটনা সরকার গভীর মনোযোগ সহকারে লক্ষ্য করছে এবং যেখানেই সম্ভব নিবারণমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর ফলে বাংলাদেশি ও ভারতীয় নাগরিকদের গ্রেপ্তার করা হয়েছে এবং ঐধরনের মহিলা ও শিশুদের উদ্ধার করা হয়েছে।

প্রতিবেশি দেশগুলির সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের উন্নতি ঘটানোর উদ্দেশ্যে নেপাল ও বাংলাদেশের মধ্যে ব্যবসায়িক লেনদেন বৃদ্ধি করার লক্ষ্যে পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে উভয় দেশের একটি বাণিজ্য পথ খোলার জন্য ভারত সরকার যে প্রস্তাব করেছে তাতে রাজ্য সরকার সম্মতি জানিয়েছে। এই পথ ১৯৯৭ সালের ১লা সেপ্টেম্বর আনুষ্ঠানিকভাবে উন্মুক্ত করা হয়েছে এবং বাণিজ্যিক কাজকর্ম শুরু হয়েছে।

দেশের বিভিন্ন প্রান্তে সাম্প্রদায়িক ও মৌলবাদী শক্তিগুলি মাথা চাড়া দিয়ে উঠছে। এর মধ্যেও আমরা আমাদের রাজ্যকে সাম্প্রদায়িক উত্তেজনা থেকে মুক্ত রাখতে পেরেছি। বিক্ষিপ্ত কিছু ঘটনা বাদ দিলে সকল ধর্ম ও বর্ণের মানুষ এই রাজ্যে শান্তিতে বসবাস করছেন। সাম্প্রদায়িক শক্তিগুলির প্ররোচনা সত্ত্বেও এই রাজ্যের মানুষ দৃষ্টান্তমূলক সংযমের পরিচয় দিয়েছেন বলেই শান্তি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা সম্ভব হয়েছে। এই সুযোগে আমরা যে কোনও মূল্যে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি রক্ষার অঙ্গীকার আর

একবার ঘোষণা করতে চাই। আমাদের রাজ্য সাম্প্রদায়িকতার কবলে পড়েনি, নিছক এই কারণেই আমরা আত্মতুষ্ট হয়ে বসে থাকতে পারি না। সম্ভাব্য বিপদের মোকাবিলা করার উদ্দেশ্যে আমরা আমাদের রাজ্যের প্রশাসন-যন্ত্রকে গতিশীল করে তুলেছি এবং রাজ্যে, বিশেষত সীমান্ত অঞ্চলে, বোমা নিষ্ক্রিয় করা ও খুঁজে বের করার কাজে নিযুক্ত ইউনিটগুলিকে শক্তিশালী করেছি।

মেদিনীপুর ও পুরুলিয়ার কিছু কিছু অঞ্চলে জাতীয়তা-বিরোধী ও বিচ্ছিন্নতাকামী শক্তিগুলি যে ঘাঁটি গাড়ার চেষ্টা করছে সে-বিষয়ে আমরা সম্পূর্ণ সচেতন। রাজ্য সরকার এইসব ক্রিয়াকলাপের উপর সতর্ক দৃষ্টি রাখছে এবং প্রয়োজন হলেই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আমরা ইতিমধ্যেই কর্মী ও সাজ-সরঞ্জামের যোগান দিয়ে এইসব অঞ্চলে নিরাপত্তা জোরদার করার ব্যবস্থা নিয়েছি।

দেশের আর্থ-সামাজিক পরিস্থিতির যথার্থ উপলব্ধি ছাড়া আইন-শৃঙ্খলার ক্ষেত্রে কোনও সরকারের কর্মদক্ষতার মূল্যায়ন অসম্পূর্ণ থেকে যাবে। আজকের ভারতে একদিকে প্রাচুর্য ও অন্য দিকে শোচনীয় দারিদ্র্যের এক বিভ্রান্তিকর দৃশ্যপট পরিলক্ষিত হচ্ছে। ধনী ও দরিদ্রের মধ্যে দুস্তর ব্যবধান তৈরি হয়েছে। বিশেষ করে শিক্ষিত যুবকদের মধ্যে তীব্র বেকারত্ব সহ্যের শেষ সীমায় গিয়ে পৌঁছেছে। তা সত্ত্বেও, মূলত সুবিধাভোগী শ্রেণীর প্রকাশ্য সম্পদ প্রদর্শন এবং বৈদ্যুতিন ও অন্যান্য মাধ্যমে বহুজাতিক সংস্থাসহ বড় বড় বাণিজ্যিক প্রতিষ্ঠানের হঠকারি প্রচারের দৌলতে মানুষের প্রত্যাশা ঊর্ধ্বমুখী হচ্ছে। চলচ্চিত্রে একই ভাবে যৌনতা ও হিংস্রতার প্রদর্শনী চলছে। জনসমষ্টির অরক্ষিত অংশ, মূলত যুব সম্প্রদায়ের পক্ষে এইসব প্রলোভন জয় করা কঠিন। এই ঘূর্ণিপাকের মধ্যে পড়ে তারা বিভ্রান্ত হচ্ছে এবং চরম হতাশার দরুন ও জীবন-ধারণের সম্বলের অভবে তারা অপরাধমূলক কাজকেই জীবিকা হিসেবে বেছে নিচ্ছে। সমাজ-বন্ধন নিবিড় করার জন্য যেসব সামাজিক মূল্যবোধ অত্যন্ত জরুরি সেগুলি ভেঙ্গে পড়তে শুরু করেছে। অধিকাংশ ক্ষেত্রেই, একবার কোনও বড় অপারধ করে সহজেই টাকা পেয়ে যাওয়ায় তারা পেশাদার অপরাধী হয়ে পড়ে। আইন-শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে রাজ্য সরকারের কর্মসম্পাদনের মূল্যায়ন এই প্রেক্ষাপটেই করতে হবে। রাজ্য সরকার যে অপরাধমূলক ক্রিয়াকলাপ প্রতিহত করার জন্য আপ্রাণ চেষ্টা করছে তা দেশের অন্যান্য অংশে সংঘটিত অপরাধের সংখ্যার পাশাপাশি এই রাজ্যের অপরাধের সংখ্যা বিশ্লেষণ করলেই বোঝা যাবে। আমরা গত বছরের তুলনায় অপরাধের সংখ্যা সন্তোষজনকভাবে কমাতে পেরেছি। নিচের সারণি থেকে বিষয়টি স্পষ্ট হবে ঃ—

**রাজ্যে অপরাধের সংখ্যা**

| *সাল* | *ডাকাতি* | *রাহাজানি* | *খুন* | *সিঁধকেটে চুরি* | *চুরি* |
|---|---|---|---|---|---|
| ১৯৯৬ | ৫১০ | ৮৬৯ | ১,৯২৭ | ৭৫২ | ২০,৬৯৫ |
| ১৯৯৭ | ৪০৯ | ৮৫৩ | ১,৭৮০ | ৬৭৪ | ১৮,৯০৬ |

পূর্বোক্ত সংখ্যাগুলির সঙ্গে ভারতের কয়েকটি প্রধান রাজ্যে সংঘটিত অপরাধের তুলনা করা যেতে পারে। ১৯৯৭ সালে অন্ধ্রপ্রদেশে ডাকাতির সংখ্যা ছিল ৫০২, রাহাজানি ৮৫২, খুন ২,৬৮৮, সিঁধ-কেটে চুরি ৬,৬৫৫ এবং চুরি ১৪,২২৯। মহারাষ্ট্রে তুলনামূলক সংখ্যাগুলি ছিল ডাকাতি ৭০৯, রাহাজানি ২,৭৮১, খুন ২,৮২৫, সিঁধ-কেটে চুরি ১৪,৭৫৫ এবং চুরি ৪৬,২১৩টি। মুম্বইয়ের তুলনায় কলকাতায় অপরাধের সংখ্যা তুলনামূলকভাবে কম। গত বছর মুম্বইয়ে ডাকাতির ঘটনা ছিল ৭৬, রাহাজানি ৪৯৫, খুন ২৮৮, সিঁধ-কেটে চুরি ২,৬০২ এবং চুরি ১৪,০৮৬টি ; ঐ একই বছরে কলকাতায় তুলনামূলক সংখ্যাগুলি হল যথাক্রমে ৫২, ২০৭, ৮৪, ১৪৪ এবং ৪,৭২৮।

অবশ্য আমাদের আত্মতুষ্ট থাকার কোনও অবকাশ নেই। সারা দেশেই নারী-নির্যাতনের ঘটনা বৃদ্ধি পাচ্ছে। আমরা এই দুঃখজনক প্রবণতায় বিচলিত। আমাদের রাজ্যেও এ-ধরনের বেশ কয়েকটি ঘটনা ঘটেছে। বেশ কিছু ব্যবস্থা গ্রহণের মাধ্যমে আমরা এই প্রবণতা রোধ করতে চেষ্টা করছি। আমরা ইতিমধ্যেই সারা রাজ্যে মহিলা পুলিশ বাহিনীকে শক্তিশালী করে তোলার জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছি। আমরা কলকাতায় মহিলা অভিযোগ সেল গঠন করেছি। রাজ্য সি. আই. ডি.-র মহিলা অভিযোগ সেল পুলিশের একজন মহিলা ডেপুটি সুপারিন্টেন্ডেন্টের তত্ত্বাবধানে কাজ করছে। আমরা রাজ্যের প্রতিটি জেলায় এ-ধরনের সেল খুলতে চাই।

দাঙ্গা ও এ-ধরনের পরিস্থিতির মোকাবিলার জন্য কলকাতা পুলিশের গড়ে তোলা র‍্যাপিড অ্যাকশন ফোর্স ভালভাবেই কাজ করছে। বিগত লোকসভা নির্বাচনে এই বাহিনীকে সার্থকভাবে ব্যবহার করা হয়েছে। সংকটজনক আইন-শৃঙ্খলা পরিস্থিতির মোকাবিলা করার জন্য উত্তেজনা-প্রবণ অঞ্চলেও তাদের কাজে লাগানো হয়।

আমার গত বছরের বাজেট ভাষণে মুর্শিদাবাদ জেলার বেশ কিছু সংখ্যক শিশুকে সৌদি আরবে চালন করার বিষয়টি আমি মাননীয় সদস্যদের গোচরে এনেছিলাম। এই শিশুদের মুম্বাই থেকে এ রাজ্যে ফিরিয়ে এনে তাদের বাবা-মায়ের হাতে তুলে দেওয়ার কথাও বলা হয়েছিল। দেখা গেছে, কিছু বিবেকহীন ব্যক্তি এই দুষ্টচক্রের পিছনে কাজ করেছে। এই সূত্রে ১২ জনকে গ্রেপ্তার করা হয় এবং ১১টি মামলা রুজু করা হয়।

এবছর জানুয়ারি মাসেও ১৩ জন পুরুষ, ১৩ জন মহিলা ও ২৮ জন শিশু সমেত মোট ৫৪ জনকে জেলা পুলিশ মালদার একটি হোটেল থেকে আটক করেছে। এরা সবাই ছিল বাংলাদেশি এবং দুবাইযাত্রী। এরা বেআইনি ভাবে ভারতীয় ভূখণ্ডে প্রবেশ করে এবং জাল পাশপোর্টের সাহায্যে দুবাই যাওয়ার চেষ্টা করে। প্রাপ্তবয়স্ক মহিলা ও পুরুষদের মালদা জেলে রাখা হয়েছে এবং শিশুদের বহরমপুর হোমে পাঠানো হয়েছে। হোটেল মালিককে গ্রেফতার করা হয়েছে এবং এই ঘটনার তদন্ত চলছে। অপর একটি ঘটনায় ৩ জন প্রাপ্তবয়স্ক পুরুষ যখন তাদের দালালদের সঙ্গে যোগাযোগ করার জন্য বাংলাদেশে ফিরে যাওয়ার চেষ্টা করছিল তখন তাদের বালুরঘাটে আটক করা হয়। সম্ভবত এরাও দুবাইযাত্রী, কিন্তু টাকা-পয়সা কম পড়ে যাওয়ায় এরা বাংলাদেশি দালালদের কাছ থেকে অর্থ সংগ্রহের কথা ভাবে। এদের সবাইকেই গ্রেফতার করা হয়েছে এবং তদন্তের কাজ চলছে।

পুরুলিয়ার মতো শান্তিপূর্ণ জেলায় ১৯৯৫ সালের শেষদিকে বিমান থেকে বেআইনি অস্ত্র ফেলার ঘটনা এখনও আমরা ভুলতে পারিনি। আন্তর্জাতিক কয়েকটি চক্র এই ঘটনার সঙ্গে জড়িত বলে মনে করা হচ্ছে। বেশ কিছু সংখ্যক ব্যক্তিকে ইতিমধ্যেই পুলিশের হেফাজতে রাখা হয়েছে এবং তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। ঘটনাটির ব্যাপক জাল বিস্তারের কথা বিবেচনা করে কেসটির পূর্ণাঙ্গ তদন্তের ভার সি. বি. আই.-রে হাতে দেওয়া হয়েছে। আমরা মনে করি, সি. বি. আই. এ-বিষয়ে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছে।

সামাজিক মর্যাদা ও রাজনৈতিক আনুগত্য নির্বিশেষে অপরাধীদের গ্রেফতার করার জন্য পুলিশ প্রশাসনকে সুস্পষ্টভাবে নির্দেশ দেওয়া হয়েছে। প্রত্যেক নাগরিকের প্রতি ন্যায়পরতা ও সমদর্শিতা বজায় রাখার জন্য তাদের বারংবার পরামর্শ দেওয়া হচ্ছে যাতে সমাজের দরিদ্রতম ব্যক্তিও তাদের কাছ থেকে সুবিচার পায়। এই লক্ষ্য সামনে রেখে সরকার সম্প্রতি অপরাধ দমনে পুলিশকে সাহায্য ও পরামর্শ দান এবং সেই সঙ্গে জনসাধারণের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার জন্য বিশেষ একটি অঞ্চলের জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে থানাস্তরে কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে। কতিপয় পদস্থ কর্মচারী অবশ্যই ভ্রান্ত পথে চলছেন। এদের শাস্তি দেওয়ার জন্য রাজ্য সরকার এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে। ১৯৯৭ সালে ৪,০৬২ জন আধিকারিক ও কর্মচারীকে মৃদু শাস্তি দেওয়া হয়েছে এবং ৬২৭ জন পদস্থ কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। ৯ জন পুলিশ কর্মীর বিরুদ্ধে ভিজিল্যান্স [illegible]ক করা হয়েছে। একই সঙ্গে, যে সমস্ত পুলিশ জনসেবায় দৃষ্টান্তমূলক সাহসিকতা ও নিষ্ঠার পরিচয় দিয়েছেন, রাজ্য সরকার তাদের ভূমিকার তারিফ করতে চায়। আলোচ্য বছরে,

সর্বমোট ২৭,৬৮৫ জন পুলিশ কর্মীকে তাদের কৃতিত্বপূর্ণ পরিষেবার জন্য পুরস্কৃত করা হয়েছে।

যে সমস্ত পুলিশ কর্মী অপরাধীদের সঙ্গে সংঘর্ষের সময় প্রাণ বিসর্জন দিয়েছেন, রাজ্য সরকার কৃতজ্ঞতার সঙ্গে তাদের স্মরণ করছে। শোকসন্তপ্ত পরিবারসমূহের ক্ষতি কোনও ভাবেই পূরণ করা সম্ভব নয়। তবু আর্থিক সহায়তা দানের উদ্দেশ্যে রাজ্য সরকার ইতিমধ্যে এই পরিবারগুলির জন্য থেকে টাকা মঞ্জুর করেছে। বেশির ভাগ ক্ষেত্রেই প্রতিটি শোকসন্তপ্ত পরিবারের একজন সদস্যের জন্য চাকুরির ব্যবস্থা করা হয়েছে। এইসব পরিবার যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে সেজন্য পর্যাপ্ত সহায়তা দান করাই হল রাজ্য সরকারের নীতি।

পুলিশ প্রশাসনকে সুবিন্যস্ত করার উদ্দেশ্যে গত বছর আমাদের সরকার বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করেছে। বীরভূম জেলার সদাইপরে একটি নতুন থানা ইতিমধ্যেই স্থাপিত হয়েছে। মুর্শিদাবাদের রাণীতলা এবং ২৪-পরগনা জেলার পূর্ব যাদবপুরে নতুন থানা স্থাপন করার সিদ্ধান্তও আমরা নিয়েছি। উত্তর-দিনাজপুরের পাঞ্জিপাড়ায়, বাঁকুড়ার রামচন্দ্রপুরে এবং পুরুলিয়ার পাম্প স্টোরেজ প্রোজেক্ট-এ নতুন পুলিশ ফাঁড়ি স্থাপন করা হচ্ছে। মুর্শিদাবাদ জেলার ১০টি থানা এবং ঐ জেলারই লালবাগ ও কান্দিতে আপৎকালীন বাহিনীকে শক্তিশালী করার জন্য আমরা পদক্ষেপ গ্রহণ করেছি। সল্ট লেকে এস. এ. পি.-র একটি কোম্পানি গঠনের কাজ চলছে।

পুলিশ প্রশাসনের উপরিস্তরের শক্তিবৃদ্ধির জন্য আমরা প্রশিক্ষণ অধিকর্তা এবং গুপ্তবার্তা শাখা অধিকর্তার পদকে পুলিশের মহা অধিকর্তা ও মহা পরিদর্শক পদের স্তরে উন্নীত করেছি। আদালতের মামলাগুলির তত্ত্বাবধান ও তদারকির কাজ যাতে আরও ভালভাবে করা যায় সেই উদ্দেশ্যে আইন-বিষয়ক শাখায় অতিরিক্ত মহা অধিকর্তা ও মহা পরিদর্শকের একটি পদ সৃষ্টি করা হয়েছে। আইন-শৃঙ্খলাজনিত যে কোনও গুরুতর পরিস্থিতির সম্মুখীন হয়ে তার মোকাবিলা করার জন্য নিম্নতম স্তর থেকে সদর দপ্তর পর্যন্ত পুলিশ বাহিনীর গতিবিধির সমন্বয় সাধনের প্রয়োজনীয়তা আমরা বিবেচনা করেছি এবং একজন বরিষ্ঠ আধিকারিককে সেই দায়িত্ব অর্পণ করার উদ্দেশ্যে সদর দপ্তরে পুলিশ মহা পরিদর্শক (আইন-শৃঙ্খলা)-এর একটি পদ সৃষ্টি করা হয়েছে। আসাম ও ভুটান সীমান্ত অঞ্চলের আইন-শৃঙ্খলা জনিত সমস্যার প্রতি যথাযথ গুরুত্ব আরোপ করে কার্যকর পুলিশি ব্যবস্থা নেওয়ার জন্য জলপাইগুড়ি সদর দপ্তর থেকে বহুদূরে অবস্থিত আলিপুরদুয়ার মহকুমায় অতিরিক্ত পুলিশ সুপারের একটি পদ সৃষ্টি করা হয়েছে।

৭৫ লক্ষ টাকা ব্যয়ে মহাকরণে পুলিশ সদর দপ্তরের আধুনিকীকরণ এবং উত্তরবঙ্গের

৬ (ছয়)-টি জেলায় বোমা খুঁজে বের করা ও নিষ্ক্রিয় করার ইউনিট স্থাপনের জন্য আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি। দার্জিলিঙে ব্লুমফিল্ড পুলিশ লাইনে কুড়িটি শয্যা-বিশিষ্ট পুলিশ হাসপাতাল নির্মাণের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। দার্জিলিঙ জেলায় জি. এন. এল. এফ. আন্দোলনের সময় ক্ষতিগ্রস্ত ৯টি থানা/ফাঁড়ি ভবন সহ ১০টি থানা ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দশম অর্থ কমিশনের মানোন্নয়ন কর্মসূচি অনুযায়ী রাজ্যে ১০টি থানা ভবন নির্মাণের জন্য আমরা ইতিমধ্যেই অর্থ মঞ্জুর করেছি।

কলকাতা ও জেলাগুলিতে যান চলাচলের সমস্যা লাঘব করার উদ্দেশ্যে আমরা প্রয়োজনীয় সাজসরঞ্জাম ও অত্যাধুনিক যন্ত্রপাতি কেনার জন্য পদক্ষেপ গ্রহণ করেছি। এছাড়া, রাজ্য পুলিশের টেলিযোগাযোগ ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য ৩৭.২০ লক্ষ টাকা ব্যয়ে পশ্চিমবঙ্গ পুলিশের জন্য ২৫০টি ভি. এইচ. এফ. সেটা সংগ্রহ করা হয়েছে। কলকাতা পুলিশের সচলতা বৃদ্ধির জন্য ১৭৭.৩৫ লক্ষ টাকা ব্যয়ে ৫৩টি মোটর যান কেনার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শবাগারগুলির অবস্থা ও ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির কাজকর্মের উন্নতির জন্য ব্যবস্থা নেওয়ার উদ্দেশ্যে পরামর্শদানের জন্য যে বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছিল সেই কমিটির সুপারিশের শর্তানুসারে সরকার ইতিমধ্যে কাঁটাপুকুর পুলিশ শবাগার সংস্কারের পদক্ষেপ গ্রহণ করেছে। জেলাগুলিতে শবাগারগুলি কি অবস্থায় আছে কমিটি তা এখন পরীক্ষা করে দেখছে। পরিদর্শনের সময় তারা যেসব গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করেছে তার ভিত্তিতে তাদের পরবর্তী সুপারিশ তৈরি হবে। আরও কার্যকর করার উদ্দেশ্যে আমরা এই কমিটিকে পুনর্গঠিত করার সিদ্ধান্ত নিয়েছি।

অপরাধ তদন্তের ক্ষেত্রে ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি এক মুখ্য ভূমিকা গ্রহণ করে চলছে। সেজন্য কমিটি এটির মানোন্নয়নের পরামর্শ দিয়েছে। এই উদ্দেশ্যে, রাজ্য সরকার ল্যাবরেটরির আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় তহবিল ইতিমধ্যেই মঞ্জুর করেছে। জলপাইগুড়ির আঞ্চলিক ল্যাবরেটরিটিকে মজবুত করে তোলা হচ্ছে। রাজ্য সরকার মালদাতে আরও একটি আঞ্চলিক ল্যাবরেটরি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এ-জন্য জমিও ইতিমধ্যে চিহ্নিত করা হয়ে গেছে।

রাজ্য মানবাধিকার কমিশন গঠনের ক্ষেত্রে সরকার ভারতে অগ্রণী ভূমিকার বিশিষ্টতা অর্জন করেছে। ৩১-০১-৯৫ তারিখে এর সূচনার পর থেকে মানবাধিকার রক্ষায় আমাদের প্রয়াসে গতি সঞ্চার করতে আমরা সমর্থ হয়েছি। পুলিশ ও বিচার-বিভাগীয় হেফাজত— উভয় ক্ষেত্রেই মৃত্যুর সংখ্যা ছিল ১৯৯৪ সালে ৭৭টি, ১৯৯৫ সালে ৭২টি, এবং ১৯৯৬ সালে ৫২টি। গত বছর ঐ সংখ্যা ৪৬-এ নেমে এসেছে। এই তথ্য থেকেই আমাদের বক্তব্যের সারবত্তা প্রমাণিত হবে।

আলোচ্য বছরে রাজ্য সরকার মানবাধিকার কমিশনের ৫৪টি সুপারিশের সবকটিই গ্রহণ করেছে। কমিশনের সুপারিশ ও অন্যান্য অভিমতের মধ্যে যেগুলি রয়েছে তা হল দোষী কর্মিদের বিরুদ্ধে ফৌজদারি মামলা বা বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, ক্ষতিগ্রস্ত ব্যক্তির নিকট-আত্মীয়কে ক্ষতিপূরণ দান, কারাগার রাজ্য পরিচালিত হোম, থানা ও শবাগারগুলিতে অধিকতর সুষ্ঠু প্রশাসন সুনিশ্চিত করার ব্যবস্থাদি। সাজানো তথ্যের সাহায্যে শবব্যবচ্ছেদ রিপোর্ট এবং পুলিশ ও অপরাধীদের সংঘর্ষের রিপোর্ট তৈরি বন্ধ করার জন্য রাজ্য সরকার জাতীয় মানবাধিকার কমিশনের দুটি গুরুত্বপূর্ণ সুপারিশও কার্যকর করেছে। সমস্ত স্তরের পুলিশ কর্মিদের মানবাধিকার লঙ্ঘন রোধ করার বিষয়ে সচেতন করে তোলার জন্য রাজ্য সরকার ইতিমধ্যে পুলিশ কর্মিদের জন্য একটি আদর্শ মানবাধিকার প্রশিক্ষণ মডিউলের উদ্ভাবন করেছে এবং তা পুলিশ প্রশিক্ষণ পাঠক্রমে অন্তর্ভুক্ত হয়েছে।

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ১৯৯৮-৯৯ সালের বার্ষিক যোজনা বরাদ্দ ধরা হয়েছে ২,৩৩৪ লক্ষ টাকা ; এর মধ্যে অধস্তন পুলিশ কর্মিদের আবাসন ব্যবস্থার মানোন্নয়ন কর্মসূচি, থানা/ফাঁড়ি ভবন নির্মাণ এবং পুলিশ প্রশিক্ষণের জন্য দশম অর্থ কমিশনের বরাদ্দ ১,৬৪৪ লক্ষ টাকা অন্তর্ভুক্ত রয়েছে।

উপরোক্ত মোট টাকার মধ্যে ১,৪৪৪ লক্ষ টাকা অধস্তন পুলিশ কর্মিদের আবাসগৃহ নির্মাণের জন্য, ১০০ লক্ষ টাকা থানা/ফাঁড়ি ভবন নির্মাণের জন্য এবং ১০০ লক্ষ টাকা কলকাতা ও ব্যারাকপুরে পুলিশ প্রশিক্ষণ স্কুল নির্মাণের জন্য ব্যয় করা হবে। গত বছর রাজ্য সরকার সমস্ত স্তরের পুলিশ কর্মিদের আবাসগৃহ নির্মাণের জন্য রাজ্য যোজনা বাজেট থেকে ১৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছিল। আমরা দশম অর্থ কমিশনের বরাদ্দ করা টাকা থেকে মানোন্নয়ন কর্মসূচির অধীনে কলকাতা পুলিশ প্রশিক্ষণ স্কুলের নতুন ভবন নির্মাণের জন্য ৪৬ লক্ষ টাকা ব্যয় করার সিদ্ধান্ত নিয়েছি।

পুলিশ প্রশাসনের ভাবমূর্তি পুনঃপ্রতিষ্ঠা করতে আমরা বিশেষ স্থানগুলি চিহ্নিত করেছি—যেখানে পরবর্তী বছরে যোজনা এবং যোজনা-বহির্ভূত ক্ষেত্রে অতিরিক্ত বাজেট সংস্থান প্রয়োজন।

আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও ভাল ভাবে সামলানোর জন্য বেশ কয়েকটি থানা/ফাঁড়ি ভবন আশু নির্মাণের প্রয়োজন রয়েছে বলে আমরা মনে করি। পাশাপাশি, যে সমস্ত থানা ভবন বর্তমানে রয়েছে সেগুলির মধ্যে কয়েকটির আশু মেরামত এবং সংস্কারের প্রয়োজন আছে। সেগুলি যাতে আরও ক্ষতিগ্রস্ত না হয় এবং সেগুলিকে যাতে উপযুক্তভাবে ব্যবহার করা যেতে পারে সে-জন্যই এটা প্রয়োজন। বর্তমান পরিস্থিতির মোকাবিলায়

চালু গাড়ির সংখ্যাও অপ্রতুল বলে মনে করা হচ্ছে। সীমান্ত অঞ্চলে ক্রমবর্ধমান বিদ্রোহ ও সন্ত্রাসবাদী কার্যকলাপের মোকাবিলায় একটি আলাদা শাখা গঠন করা প্রয়োজন। শুধু মহিলা অপরাধীদের মোকাবিলা করার জন্যই নয়, মহিলাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধের মোকাবিলাতেও মহিলা পুলিশ বাহিনীকে শক্তিশালী করা প্রয়োজন। পুলিশ বাহিনীর মধ্যে যোগাযোগ ব্যবস্থার পুনর্বিন্যাস না ঘটালে পুলিশ বাহিনীকে শক্তিশালী এবং আধুনিক করতে আমাদের উদ্যোগ অসম্পূর্ণ থেকে যাবে।

মাননীয় সদস্যবৃন্দ সম্পূর্ণ অবগত রয়েছেন যে, অবসরপ্রাপ্ত আই. এ. এস. অফিসার শ্রী পি. কে. সরকারের নেতৃত্বে বেশ কয়েকজন অভিজ্ঞ আধিকারিক এবং সমাজের খ্যাতনামা ব্যক্তিদের নিয়ে ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ পুলিশ কমিশন গঠন করা হয়েছে। রাজ্যের পুলিশ প্রশাসনের অভ্যন্তরে সামগ্রিকভাবে বিভিন্ন সমস্যা ও বর্তমান পরিকাঠামোর পর্যালোচনা করা এবং সংস্কার ও উন্নয়নের জন্য ব্যবস্থাদির সুপারিশ করা কমিশনের বিচার্য বিষয়ের মধ্যে রয়েছে। পঞ্চায়েত প্রতিষ্ঠান এবং শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলির সঙ্গে পুলিশের সম্পর্ক পর্যালোচনা এবং এই সম্পর্কের উন্নতি ঘটানোর লক্ষ্যে গ্রহণযোগ্য ব্যবস্থাদির সুপারিশ করার জন্যও কমিশনকে বলা হয়েছে। এই উদ্দেশ্যে কমিশন ইতিমধ্যেই বিশিষ্ট ব্যক্তিবর্গ, পুরসভা ও পঞ্চায়েত প্রতিষ্ঠান, পুলিশ অ্যাসোসিয়েশন, বিচার বিভাগীয় ও নির্বাহী আধিকারিক, সরকারি অভিশংসক, সহকারী সরকারি অভিশংসক, ফৌজদারি আদালতে প্র্যাকটিস করেন এমন অ্যাডভোকেট এবং জনসাধারণের অন্যান্য অংশের সঙ্গে কথা বলেছেন। বিভিন্ন রাজনৈতিক দল এবং জনসাধারণের অন্যান্য অংশের সঙ্গে কথা বলেছেন। বিভিন্ন রাজনৈতিক দল এবং জনপ্রতিনিধিদের কাছ থেকেও পরামর্শ নেওয়া হয়েছে। পুলিশি ব্যবস্থায় দুর্বলতা এবং অপ্রতুলতার দিকগুলি সুনির্দিষ্টভাবে চিহ্নিত করার জন্য পুলিশের সঙ্গে জনসাধারণের সম্পর্কের উপর নির্দিষ্ট কিছু তথ্য নিয়ে রাজ্যব্যাপী নমুনা সমীক্ষার কাজ হাতে নেওয়া হয়েছে। এই বছরের শেষ দিকে কমিশন রিপোর্ট পেশ করবে বলে আশা করা যায়।

মহামান্য কলকাতা হাইকোর্টের আদেশ অনুযায়ী শব্দদূষণের মাত্রা কমাতে পুলিশ প্রশংসনীয় কাজ করেছে। পুলিশ দ্রুত-ব্যবস্থা নেওয়ার ফলে এই রাজ্যের জনগণ দুর্গাপূজা, কালীপূজা, দেওয়ালি, সবেবরাত ইত্যাদির মতো উৎসব তুলনামূলকভাবে শব্দদূষণ-মুক্ত অবস্থায় উপভোগ করতে পেরেছেন। এই রাজ্যকে শব্দদূষণ-মুক্ত রাখতে আমরা আমাদের অঙ্গীকার পুনরায় ব্যক্ত করছি।

পথচারীরা যাতে ফুটপাথ দিয়ে নির্বিঘ্নে হাঁটতে পারেন এবং রাস্তা দিয়ে যানবাহন যাতে স্বচ্ছন্দে চলাচল করতে পারে তা সুনিশ্চিত করতে কলকাতা পুরসভার সহায়তায় শহরের প্রধান রাস্তাগুলির ফুটপাথ থেকে হকারদের অপসারণের ক্ষেত্রে কলকাতা পুলিশ

ভাল কাজ করেছে। এইসব ফুটপাথ যাতে আবার বেদখল না হয়ে যায়, কলকাতা পুলিশ এখন সেদিকে কড়া নজর রাখছে।

গত বছর সেপ্টেম্বর মাসে প্রয়াতা মাদার টেরিজার শেষকৃত্যানুষ্ঠানে যোগ দিতে শহরে আসা প্রখ্যাত ব্যক্তিবর্গের উপস্থিত হওয়া থেকে শুরু করে চলে যাওয়া পর্যন্ত সময়কালে তাদের চলাচলের নিরাপত্তা সুনিশ্চিত করার উদ্দেশ্যে কলকাতা পুলিশের অধিকারিকরা ঘড়ির কাঁটার সঙ্গে তাল মিলিয়ে কঠোর পরিশ্রম করেন। এই সময় ব্যাপক পুলিশি ব্যবস্থা করা হয়েছিল এবং কোনও অবাঞ্ছিত ঘটনা ঘটতে পারেনি। দেশের ও বিদেশের বহু প্রখ্যাত ব্যক্তিত্ব শেষকৃত্যানুষ্ঠানে যোগ দিয়েছিলেন। রাজ্য সরকারের তরফে গৃহীত ব্যবস্থাদি সর্বস্তরে উচ্চ প্রশংসিত হয়েছিল।

গত লোকসভা নির্বাচনে এ রাজ্যের জনগণ অগ্নিগর্ভ রাজনৈতিক পরিস্থিতির মুখোমুখি হয়েও চূড়ান্ত সংযমের পরিচয় দিয়েছেন। তাদের আন্তরিক সহযোগিতা এবং রাজ্য সরকারের তরফে গৃহীত ব্যাপক নিরাপত্তা ব্যবস্থার জন্য কোনও বড় ঘটনা ছাড়াই আমরা শান্তিপূর্ণ এবং অবাধ নির্বাচন অনুষ্ঠিত করতে পেরেছি।

আমি রাজ্যের পুলিশ প্রশাসনের সাফল্য এবং একই সঙ্গে এর কিছু গুরুতর সীমাবদ্ধতা সম্পর্কে সম্পূর্ণভাবে সচেতন। অতীতের দায় থেকে মুক্তি পেতে আমাদের কঠোর পরিশ্রম করতে হবে। আমাদের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী প্রতিপালনের লগ্নে দাঁড়িয়ে পুলিশ বাহিনীকে নতুন পরিস্থিতি উপলব্ধি করতে হবে। পুলিশকে অবশ্যই সাধারণ মানুষের স্বার্থরক্ষায় কাজ করতে হবে, তাদের আস্থা অর্জন করতে হবে এবং তাদের সুহৃদ হিসাবে কাজ করতে হবে। সন্দেহ নেই যে রাজনীতির ক্ষেত্রে দেশব্যাপী দুর্নীতি এবং দুর্বৃত্তায়ন তাদের কাজের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করেছে, কিন্তু আইন-শৃঙ্খলার রক্ষাকর্তা হিসাবে পুলিশ অবশ্যই এই সমস্যা কাটিয়ে উঠবে। ধৈর্য ও দৃঢ়সঙ্কল্প সহকারে আমাদের এই চ্যালেঞ্জ গ্রহণ করতে হবে।

এই কথা বলে আমি আমার বিভাগের ব্যয় মঞ্জুরির প্রস্তাব অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে পেশ করছি।

## DEMAND No. 22

### Major Head : 2056—Jails

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 48,17,00,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2056—Jails".

(This is inclusive of a total sum of Rs. 16,00,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Biswanath Chowdhury on Demand No. 22 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে "২২ নং প্রধান খাত ঃ ২০৫৬—কারা" অভিযাচনের অধীনে আমি ১৯৯৮-৯৯ সনের ব্যয় বহনের জন্য ৪৮,১৭,০০,০০০ (আটচল্লিশ কোটি সতের লক্ষ) টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব পেশ করছি। [ইতোপূর্বে ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত অর্থ ১৬,০০,০০,০০০ (ষোল কোটি) টাকা এর মধ্যে অন্তর্ভুক্ত]।

রাজ্যের সকল কারাগারে বন্দিদের জীবনযাত্রার মানোন্নয়ন ও কারাগারগুলির কিছু কিছু অংশের আধুনিকীকরণসহ সর্বাঙ্গীণ উন্নতির জন্য কারা দপ্তর থেকে যেসব কার্যকর উদ্যোগ নেওয়া হয়েছে এবং কারা প্রশাসনকে যেভাবে সক্রিয় করা হয়েছে তার একটি সংক্ষিপ্ত বিবরণী সভার অনুমতিক্রমে পেশ করছি।

আর্থ-সামাজিক উন্নতির সাথে সাথে জটিলতার জালে আবদ্ধ কারা প্রশাসনেও বিস্ময়কর পরিবর্তন এসেছে। কারা অন্তরালে বন্দি থাকা বা বন্দিত্ব যেহেতু মানবিক মর্যাদা ক্ষুন্ন করে, সেইহেতু বন্দিদের মানবিক মর্যাদা য়াতে রক্ষিত হয় কারাগারের মধ্যে সেইরকম পরিবেশ সৃষ্টি করাই/বজায় রাখাই আমাদের একমাত্র প্রচেষ্টা। আপরাধীদের কারাবন্দি করার উদ্দেশ্য তাদের গতিবিধি নিয়ন্ত্রিত ও স্বাধীনতা সীমিত করা—তাদের মর্যাদা ক্ষুন্ন/চূর্ণ করা নয়। কারাদন্ডের মেয়াদ শেষে মুক্তিপ্রাপ্ত বন্দিরা যাতে পূর্ণ মর্যাদায় সমাজের মূলস্রোতে ফিরে আসতে পারে সেইদিকে লক্ষ্য রেখেই কারাগারগুলির পরিবেশ পরিবর্তিত/উন্নত করা হয়েছে। এই কার্যসাধনের জন্য ব্যক্তিগত সৃজনীশক্তি বিকাশের চেষ্টা করা হয়। কারাগার এখন আর শুধুমাত্র কঠোর শাস্তির জায়গা নয়—সংশোধনাগার। নানা সমস্যা থাকা সত্ত্বেও, কারাগারগুলির পরিবেশ পরিবর্তিতত করতে আমরা একান্তভাবে সচেষ্ট। আমরা নীতিগতভাবে বিশ্বাস করি, অপরাধীকে সমাজে তার নিজের জায়গায় প্রতিষ্ঠিত করে তাকে সুযোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলার জন্য পূর্ণমাত্রায় তার চারিত্রিক সংশোধনই কারা প্রশাসনের লক্ষ্য—এই নীতিই আমরা গ্রহণ করেছি। সমাজের প্রতি এই দায়িত্বপালনের জন্যই বা সমাজের প্রতি এই দায়বদ্ধতা থাকায় কারা প্রশাসনের লক্ষ্য হল ঃ

(ক) আদালতের নির্দেশে আইনমাফিক বন্দিদের জেলহাজতে রাখা।

(খ) কারাবাসকালে বন্দিদের এমনভাবে সাহায্য করা, যাতে তারা মুক্তি পাওয়ার পর নিজেরাই নিজেদের পুনর্বাসিত করে সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনতে পারে। বন্দিরা যাতে নিজেরাই সামাজিক ও ব্যক্তিগত সমস্যাগুলির মোকাবিলা করার সুযোগ পায়, তার জন্য চেষ্টা চালানো।

(গ) কারাগারে বন্দিদের অধিকতর সুযোগ-সুবিধা দেওয়ার বা সুযোগ-সুবিধা বাড়ানোর জন্য নিরন্তর চেষ্টা চালানো।

(ঘ) সকল বন্দির জন্য প্রয়োজনমতো সুযোগ-সুবিধা দেওয়া এবং চিকিৎসা ও যত্নের (মানসিক ক্ষেত্রে) ব্যবস্থা করা, অধিকার ও দায়-দায়িত্ব বিষয়ে নির্দিষ্ট নিয়মনীতি চালু করা, বন্দিদের শিক্ষা, বৃত্তিশিক্ষণ, ধর্মপালন ও পুনর্বাসনের ব্যবস্থা করা।

(ঙ) সকল কর্মীর বিশ্বাস, গভীর মানবিক সম্পর্ক ও পেশাগত এবং দক্ষ পরিচালনার মাধ্যমই কারা দপ্তরের লক্ষ্য পূরণ হওয়া সম্ভব।

(চ) কারা দপ্তর মানুষের একতা, মানবিকতা, পেশাগত দক্ষতা, বিশ্বস্ততা ও সকল স্তরের কর্মিদের সত্য ভাষণের প্রতি আস্থা রাখে।

(ছ) নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের সাথে সাথে নিজেদের উন্নতি ও প্রগতির জন্য কারাকর্মিদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি সাধিত হয়েছে ঃ

**বন্দিদের রক্ষণাবেক্ষণ ও কারাগৃহের উন্নতি**

(১) অনাময় ব্যবস্থার (স্যানিটেশন সিস্টেম) উন্নতি, জল সরবরাহ ও বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে অগ্রাধিকারের ভিত্তিতে। পরায় সব ক'টি কারাগারেই বন্দিদের জন্য বৈদ্যুতিক পাখার ব্যবস্থা করা হয়েছে। বন্দিদের জন্য গ্রন্থাগার ও বিনোদনের ব্যবস্থাও আছে প্রায় সব জেলেই। কারাবাসীদের জীবনযাত্রার মানোন্নয়নের উদ্দেশ্যে গৃহীত পরিকল্পনাতে নিকাশি ব্যবস্থার নবীকরণ একটি গুরুত্বপূর্ণ স্থান পেয়েছে। কারাগারের পরিবেশ অধিকতর স্বাস্থ্যসম্মতভাবে গড়ে তোলার চেষ্টাও চলছে। রাজ্যব্যাপী কারাগৃহগুলির মেরামতি, নবীকরণ, পরিবর্তন ও পরিবর্ধনের জন্য বিস্তারিত পরিকল্পনা করা হয়েছে—যার জন্য ধাপে ধাপে বিভিন্ন পর্যায়ে কাজও শুরু হয়েছে।

(২) দন্ডবিজ্ঞান বা কারাপালনের আধুনিক ধ্যান-ধারণা অনুযায়ী বন্দিদের সংশোধনের ও উন্নত জীবনযাত্রার সুবিধা দেওয়ার উদ্দেশ্যে পুরুলিয়া জেলায় একটি মহিলা-কারা চালু করা হয়েছে ১৯৯৭ সরে এপ্রিল মাসে। প্রায় সব ক'টি জেলা-কারা, বিশেষ কারা ও

উপ-কারায় মহিলা কারারক্ষীদের জন্য ডিউটি-রুমসহ মহিলা বন্দিদের জন্য পৃথক কারাগৃহ বেশি নির্মাণ করা হয়েছে। বালুরঘাটে একটি নতুন জেলা কারাও এ-বছর চালু করা হয়েছে। বন্দিদের বেশি যত্ন ও স্বাচ্ছন্দ্যে রাখার মানসিকতার কথা মনে রেখে একটি সম্পূর্ণ নতুন কারাগৃহ নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। জঙ্গীপুর সাব-জেলের নবীকরণ করে সেটি পুনরায় এ-বছর চালু করা হয়েছে।

(৩) রন্ধনশালা ও রন্ধনব্যবস্থা আরও উন্নত ও সুবিধাজনক করা হয়েছে। জ্বালানি কাঠ ও কয়লার রান্নার দরুন যে অপরিচ্ছন্ন ও দূষিত পরিবেশ সৃষ্টি হয়, অন্যান্য সুবিধার সাথে ডিজেল চালিত গ্যাস চুল্লির ব্যবহারে সেই দূষণ দূর করা সম্ভব হয়েছে প্রায় সব ডিস্ট্রিক্ট ও সেন্ট্রাল জেলে।

(৪) অভিযোগ দাখিল ব্যবস্থা কার্যকর ও বিশ্বাসযোগ্যভাবে উন্নত করা হয়েছে। উচ্চপদস্থ আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে ঘন ঘন জেল পরিদর্শন করা, বন্দিদের অভিযোগ খতিয়ে দেখে তা দূরীকরণের জন্য ব্যবস্থা নিতে। পরিবার-পরিজনদের সাথে দেখা-সাক্ষাতের জন্য বন্দিদের স্থানান্তরণের আবেদনগুলি সহৃদয়তার সাথে বিবেচনা করা হয়।

(৫) প্রত্যেক কেন্দ্রীয় কারায় বন্দি-পঞ্চায়েত ব্যবস্থা চালু আছে। পঞ্চায়েত সদস্যরা বন্দিদের দ্বারাই নির্বাচিত হয়। এই সদস্যরা বন্দিদের দেখাশোনা ও সুযোগ-সুবিধাদানের ব্যাপারে সতত সক্রিয়। তারাই জেল-কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে বন্দিদের সমস্যার সমাধান করে থাকে।

(৬) প্রত্যেক জেলের জন্য নির্দিষ্ট পরিদর্শক বোর্ড (বোর্ড অব ভিজিটর্স) আছেন। জেলের অভ্যন্তরে পরিচালন ব্যবস্থা, পর্যবেক্ষণ ও পুঙ্খানুপুঙ্খভাবে বিচার করে সুষ্ঠু ব্যবস্থা চালু রাখাই এর উদ্দেশ্য। এর দ্বারা পরিচালন ব্যবস্থাকে অনেক স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য করে তোলা সম্ভব হয়েছে। পরিদর্শকমন্ডলীর পরামর্শ জেল-কর্তৃপক্ষ সাগ্রহে গ্রহণ করেন ও সেইমতো ব্যবস্থাও নেওয়া হয়।

(৭) রাজ্যের সকল জেলে বিদ্যালয় শিক্ষা চালু করা ও বন্দিদের শিক্ষাগ্রহণে সুযোগ বাড়ানোর জন্য এই দপ্তর নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে। আলিপুর কেন্দ্রীয় কারার বিদ্যালয়টি যাতে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ-এর অনুমোদন পায় সে চেষ্টাও চলছে।

**(খ) চিকিৎসার সুযোগ-সুবিধা**

(১) বিভিন্ন কারায় বন্দিদের চিকিৎসার সুযোগ-সুবিধা বর্ধিত করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। দশম (১০ম) অর্থ কমিশনের সুপারিশক্রমে মঞ্জুরীকৃত অর্থে চিকিৎসার

সুযোগ-সুবিধা বৃদ্ধি ও চিকিৎসা ব্যবস্থার উন্নতিকল্পে একটি বিশদ পরিকল্পনা নেওয়া হয়েছে, সরকারিভাবে গঠিত একটি কমিটির মাধ্যমে। এই প্রকল্প রূপায়িত হলে জেল-হাসপাতালগুলিতে সবরকম আধুনিক চিকিৎসা, শল্য চিকিৎসা ও রোগ-নির্ণায়ক সকল রকম পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা থাকবে।

(২) কয়েকটি জেল-হাসপাতালের জন্য ১০ (দশটি) অ্যাম্বুলেন্স কেনা হয়েছে। দশম অর্থ কমিশনের সুপারিশক্রমে মঞ্জুরীকৃত অর্থে, বাকি জেল-হাসপাতালগুলির জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করার চিন্তা-ভাবনা দপ্তরের আছে।

(৩) দেখা গেছে, বিচারাধীন ও সাজাপ্রাপ্ত বন্দিদের একটি বড় অংশ মাদকদ্রব্যে আসক্ত। মাদকাসক্তি-নিরোধক একটি চিকিৎসা ব্যবস্থা আলিপুর কেন্দ্রীয় কারায় চালু হয়েছে এবং দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ি অর্থ মঞ্জুর হলে এই চিকিৎসা ব্যবস্থার প্রসার ও আধুনিকীকরণের প্রস্তাব আছে। আলিপুর কেন্দ্রীয় কারায় কর্তব্যরত সিনিয়র মেডিক্যাল অফিসারকে এ বিষয়ে বিশেষ প্রশিক্ষণের জন্য নয়া দিল্লিতে পাঠানো হয়েছে।

(৪) পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলেই যেমন পূর্ণ সময়ের জন্য কারা-চিকিৎসক নিযুক্ত আছেন, তেমন বেশ কয়েকটি জেলে স্বাস্থ্যদপ্তর নিযুক্ত কিছু চিকিৎসক (ভিজিটিং এম. ও.) নির্দিষ্ট সময় অন্তর প্রয়োজনে বন্দিদের চিকিৎসার কাজ করেন। বন্দিদের সত্বর সুচিকিৎসার সুযোগ নিশ্চিত করতে চিকিৎসক নিযুক্ত তরা হয়েছে চুক্তির ভিত্তিতে।

(৫) আলিপুর, মেদিনীপুর ও দমদম কেন্দ্রীয় কারায় এক্স-রে মেশিন বসানো হয়েছে। আলিপুর কেন্দ্রীয় কারায় একটি প্যাথোলজিক্যাল ল্যাবরেটরিও খোলা হয়েছে।

(৬) সর্বোচ্চ আদালতের নির্দেশে ইণ্ডিয়ান লুন্যাসি অ্যাক্ট বাতিল করা হয়েছে এবং মানসিক স্বাস্থ্য আইন (ইণ্ডিয়ান মেন্টাল হেলথ্ অ্যাক্ট) অনুযায়ী কোনও মানসিক ভারসাম্যহীন ব্যক্তিকে কারাগারে রাখা যায় না। নিরপরাধ মানসিক ভারসাম্যহীন যে সকল ব্যক্তি (মহিলা ও পুরুষ) জেলে ছিল তাদের একটি বড় অংশকে বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন বা অন্যান্য সংগঠনের মাধ্যমে পুনর্বাসিত করা হয়েছে। কিছু ব্যক্তিকে তাদের আত্মীয়-স্বজন বা পিতা-মাতার হাতে তুলে দেওয়া হয়েছে। আরও কিছু নিরপরাধ মানসিক ভারসাম্যহীন ব্যক্তি "ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ্"-এ চিকিৎসাধীন আছে, যাদের মানসিক চিকিৎসার সুব্যবস্থা করা হয়েছে।

(গ) **পুনর্বাসন কর্মসূচি**

কারাবাসকালে বন্দিদের বিভিন্নরকম হাতের কাজ শেখানো ও কারিগরি শিক্ষাদানের ব্যবস্থা করা হয় যাতে বন্দিদশা থেকে মুক্তির পর তারা নিজেরাই নিজেদের জীবিকা

অর্জনে সক্ষম হয় ও সুনাগরিক হয়ে ওঠে।

বন্দিদের জন্য বৃত্তিশিক্ষার আধুনিক ব্যবস্থা আছে। এর জন্য আলিপুর সেন্ট্রাল জেলে একটি অফ্‌সেট প্রিন্টিং মেশিন বসানো হয়েছে। দমদমে একটি পাওয়ারলুম চালু করার জন্য সরকার অর্থ বরাদ্দ করেছে। কম্প্যুটারচালিত একটি উল বোনার যন্ত্র বসানো হবে দার্জিলিং জেলে। কারিগরি শিক্ষা দপ্তরের সহায়তায় বিভিন্ন জেলে বৃত্তিশিক্ষণ কর্মসূচি চালু করা হয়েছে। প্রেসিডেন্সি জেলে বন্দিদের রেডিও ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি মেরামতের কাজ শেখানোর ব্যবস্থা আছে। বর্ধমান জেলে একটি 'ফ্রন্ট প্রসেসিং ইউনিটি' খোলা হয়েছে।

জেলে জেলে 'কমিউনিটি পলিটেকনিক স্কিম'-এর আওতায় ব্যবসাভিত্তিক বৃত্তিশিক্ষণ কর্মসূচি চালু করা হয়েছে যাতে বন্দিরা তাদের মুক্তির পর স্ব-নির্ভর হয়ে নিজেরাই কোনও ক্ষুদ্র ব্যবসা করে জীবিকা নির্বাহ করতে পারে।

কারিগরিবিদ্যা শিক্ষার সুযোগ মহিলা বন্দিরাও পেয়ে থাকে। মালদা জেলে রেশম কাপড় বোনা (সিল্ক উইভিং) শেখানো হয়। দার্জিলিং ও মেদিনীপুরে পশম বস্ত্র তৈরির কাজ হয়।

বন্দিদের শ্রমমূল্য বা মজুরি বৃদ্ধি ও সেইসাথে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার সুযোগদানের প্রস্তাবটি দপ্তরে বিবেচনাধীন আছে।

**(ঘ) অপরাধীদের অবক্ষেপণ বা তদারক**

আমাদের সরকার দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, প্রথম অপরাধিদের কারাগারে আটক না করে তাদের নিজেদেব সংশোধনের সুযোগ দেওয়া বাঞ্ছনীয়। প্রত্যেক জেলাতেই একজন করে 'প্রবেশন অফিসার' নিযুক্ত আছেন—যাঁরা কোর্টের সাথে যোগাযোগ করে এইসব নব্য অপরাধিদের বিষয়ে খোঁজ-খবর করেন। যেসব সমস্যা অপরাধের পক্ষে চালিত করে সেইসব সমস্যার সমাধানে ও নিজেদের আচরণ সংযত করা তাদের সাহায্য করাই এই তদারকি বা প্রবেশনের উদ্দেশ্য। এই অবক্ষেপণ আধিকারিকরা (প্রবেশন অফিসার) এই সময়ে নব্য অপরাধিদের সাথে নিয়মিত যোগাযোগ রেখে তাদের সৎপথে চালিত করার চেষ্টা করেন। এই প্রকল্পটি যথেষ্ট সার্থকভাবে রূপায়িত হয়েছে।

**(ঙ) আধুনিকীকরণ**

কারা-প্রশাসনের আধুনিকীকরণের জন্য বিভিন্ন প্রকল্প চালু করা হয়েছে। প্রশাসনের সুবিধার্থে প্রেসিডেন্সী, আলিপুর ও দমদম কেন্দ্রীয় কারায় নথিপত্র সংরক্ষণ ও বন্দিদের

সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণের কাজে কম্প্যুটারের ব্যবহার চালু হয়েছে। কিছু কারাগারে যে ঐতিহাসিক তথ্যাবলী পাওয়া যায় সেগুলির সংরক্ষণের কথাও ভাবা হচ্ছে। রাজ্যের সব জেলের মধ্যে সত্বর ও ত্বরিত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করতে এম. আই. সি. ডব্লু. ই কমিউনিকেশন সিস্টেম ও হাই ফ্রিকোয়েন্সী কমিউনিকেশন সিস্টেম চালু করার প্রস্তাব আছে। অধিকাংশ জেলেই ই. পি. এ. বি. এক্স. বসানো হয়েছে যোগাযোগের সুবিধার জন্য।

বিভিন্ন জেলে জেলে কর্মচারিদের আবাসন ব্যবস্থা উন্নত করার জন্য একটি বিশদ পরিকল্পনা নেওয়া দরকার।

(চ) **কর্মচারী প্রশিক্ষণ**

গণতান্ত্রিক সমাজবাদে বিশ্বাসী আমাদের সরকার মনে করে যে, কারা কর্মিদের আচরণের আমূল পরিবর্তন জরুরি, যখন বিগত চল্লিশ বছরের আর্থ-সামাজিক পরিবর্তন বিরাট চাপ সৃষ্টি করেছে। কারাগারের কর্মচারী ও আধিকারিকদের আচরণ হবে মানবিক, সহানুভূতিসম্পন্ন ও আইনানুগত—যার প্রভাবে বন্দিদের আত্মীক উন্নতি ও বিকাশ ঘটবে। এই দিক থেকে একটি সুসংবদ্ধ, সুসংগঠিত প্রশিক্ষণ কর্মসূচির গুরুত্ব বিশেষ তাৎপর্যপূর্ণ লাভ করে। নানাবিধ সামাজিক আইন-কানুন চালু হওয়ায় জেল কর্মিরা এখন নতুন দায়-দায়িত্বের সম্মুখীন। জেল কর্মচারিদের জন্য নির্দিষ্ট প্রশিক্ষণ কর্মসূচি এমনভাবে সংগঠিত করা হবে, যাতে তারা তাদের কর্তব্য সার্থকভাবে পালন করতে পারে এবং নতুন পরিস্থিতির মোকাবিলা করার জন্য নিজেদের তৈরি করতে পারে।

সকল স্তরের কারাকর্মিদের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি চালু করা হচ্ছে। মানবাধিকার রক্ষায় কর্মীদের সতর্কতা বাড়ানোর জন্য কর্মসূচি গ্রহণ করা হচ্ছে। কর্মচারিদের জন্য কাজভিত্তিক ব্যাপক কর্মসূচি পালন করা হচ্ছে। অগ্রিম প্রশিক্ষণের ব্যবস্থাও করা হবে। প্রশিক্ষণ কর্মসূচিগুলির মূল লক্ষ্য হল ঃ

(১) জেল আধিকারিকদের পেশাগতভাবে যথেষ্ট দক্ষ করে তোলা ;

(২) পারিপার্শ্বিক পরিস্থিতি সম্পর্কে কর্মচারিদের সচেতন করা ও তাদের কর্তব্যকর্মের সামাজিক উদ্দেশ্য সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা তৈরি করে দেওয়া ; এবং

(৩) সংবিধানে বর্ণিত সামাজিক ন্যায়বিচারের ধারণা অনুসারে কর্মচারিদের মানসিকতা ও আচরণের উন্নতি ঘটানো এবং বন্দিদের মন থেকে নিরাপত্তার অভাববোধ দূর করে তাদের সমাজের উপযুক্ত সদস্য হিসাবে গড়ে তোলার কাজে উৎসাহিত করা।

(ছ) **প্রশাসনিক পরিবর্তন**

সরকারি নীতিগুলির সুষ্ঠু রূপায়ণের জন্য জেলগুলিতে প্রশাসন যন্ত্রকে উন্নত করার জন্য আমরা সতত সচেষ্ট। উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের জন্য শিলিগুড়ি ও কলকাতাতে দুইজন অতিরিক্ত মহাকারা পরিদর্শক নিযুক্ত হয়েছেন। এঁদের সাহায্য করবেন শিলিগুড়ি, দমদম ও মেদিনীপুরের উপ-মহাকার পরিদর্শকগণ। এই ব্যবস্থা চালু করার উদ্দেশ্যই হল উচ্চপদস্থ জেল আধিকারিকদের দ্বারা জেলের দেখাশুনা ও ক্ষমতার যথাসম্ভব সদ্ব্যবহার করে গৃহীত প্রকল্পগুলির রূপায়ণের কাজ ত্বরান্বিত করা।

মহাকারাপরিদর্শক মহাশয় সমস্ত জেল আধিকারিকদের সঙ্গে আলোচনাসভা ডাকেন—জেল কাজকর্ম সম্পর্কে খোঁজখবর নেওয়ার জন্য। জেল কর্মচারিদের নির্দিষ্ট সময় অন্তর যথাবিহিতভাবে বদলি করা হয় এবং জেলের নিরাপত্তারক্ষী কর্মিদের শৃঙ্খলাবদ্ধ করার জন্যও ব্যবস্থা নেওয়া হয়েছে।

জেল সার্কেলগুলির পুনর্গঠন এবং জলপাইগুড়ি, দার্জিলিং, উত্তর দিনাজপুর এবং কুচবিহার জেল নিয়ে জলপাইগুড়ি জেলা কারাকে একটি সার্কেল জেল হিসাবে ঘোষণা করার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। সাব-জেলগুলিতে একজন করে অভিজ্ঞ আধিকারিক নিজউক্তির প্রস্তাবও বিবেচনা করা হচ্ছে। বন্দি ও জেল কর্মিদের জন্য ওষুধ ও পথ্য (মেডিক্যাল ডায়েট) বরাদ্দের পদ্ধতি সহজ ও সরল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(জ) **কারেকশন্যাল সার্ভিস বিল—১৯৯২ বা সংশোধন কর্মসূচি বিল—১৯৯২**

পশ্চিমবঙ্গের জেলাগুলিকে সংশোধনাগার/কারেকশন্যাল হোম বলে বিবেচনা ও ঘোষণা করার যে উদ্দেশ্য বর্তমান সরকারের ছিল, সেই উদ্দেশ্য সফল হয়েছে—গত ৩-৬-৯২ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভায় ওয়েস্টবেঙ্গল কারেকশন্যাল সার্ভিস বিল পাস হয়েছে। রাষ্ট্রপতির অনুমোদনও পাওয়া গেছে এবং বিধি/নিয়মনীতি নির্ধারণের জন্য কমিটি গঠিত হয়েছে। এই বিল কারাকর্মী ও কারা বন্দিদের দীর্ঘদিনের অনুভূত প্রয়োজন মেটাবে ও কারা-প্রশাসনে আনবে যুগান্তকারি পরিবর্তন। এই আইনের একটি বৈশিষ্ট্য হল, বন্দিদের মুক্তির পর তাদের রক্ষণাবেক্ষণের বিষয়টির অন্তর্ভুক্তি, যা মুক্তিপ্রাপ্ত বন্দিদের আর্থিক পুনর্বাসনের ক্ষেত্রে একটি সক্রিয় পদক্ষেপ। পুনর্বাসনের সুবিধার্থে সাহায্যদানের ব্যবস্থাও এই আইনের অন্তর্ভুক্ত হয়েছে। এই কারেকশন্যাল হোম বা সংশোধনগুলির জন্য বিভিন্ন কর্মসূচি নির্ধারিত হয়েছে। তার মধ্যে গুরুত্বপূর্ণ কর্মসূচি হচ্ছে ঃ

সমাজবিরোধী কার্যকলাপের কু-প্রভাব থেকে বন্দিদের মুক্ত করার জন্য সংশোধনমূলক চিকিৎসার ব্যবস্থা করা এবং যোগ্য নাগরিক হিসাবে তাদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনা। বন্দিরা যাতে মানসিক বঞ্চনার শিকার হয়ে নিজেদের সমাজচ্যুত বলে মনে না করে সেই পরিস্থিতি তৈরি করা। সমাজবিরোধী কার্যকলাপের প্রতি আসক্তি দূর করে ধীরে-ধীরে সুস্থ সমাজচেতনায় বন্দিদের উদ্বুদ্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

মুক্তিপ্রাপ্ত বন্দিদের সুষ্ঠুভাবে রক্ষণ ও পালন নিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহণ।

নতুন আইন মোতাবেক সমস্ত সংশোধনাগারগুলিকে বন্দিদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য যথেষ্ট সুযোগ-সুবিধা দেওয়ার ব্যবস্থা থাকবে। প্রতিটি বন্দি যাতে তাদের পড়াশুনার কাজ চালিয়ে যেতে পারে, সে ব্যবস্থাও থাকবে। এই নতুন আইনবলে কারাকর্মিদের ভূমিকাও উন্নত/পরিবর্তিত হবে। কর্মিরা যাতে সার্থকভাবে তাদের ভূমিকা পালন বা কর্তব্য সম্পাদন করতে পারে, সেইদিকেও লক্ষ্য রেখে কর্মী-প্রশিক্ষণের ব্যবস্থা করার কথাও এই আইনে বলা আছে।

**(ঝ) 'নবার্ক' পত্রিকা**

'নবার্ক' নামে একটি সাহিত্য পত্রিকা নিয়মিত প্রকাশিত হয়, যেখানে পশ্চিমবঙ্গের সব জেলের বন্দিদের লেখা কবিতা, ছোটগল্প ইত্যাদি ছাপানো হয়। এই পত্রিকা প্রকাশের উদ্দেশ্য হল, বন্দিদের প্রতিভার বিকাশ ঘটানো ও তাদের অনুভব করতে সাহায্য করা যে, তাদেরও সৃজনীশক্তি আছে। বন্দিদের এই আত্মিক বিকাশের সুযোগ করে দেওয়া ছাড়াও পত্রিকা প্রকাশের মাধ্যমে রাজ্য বয়স্ক সাক্ষরতা কর্মসূচিও কিছুটা প্রতিপালিত হয়।

এই সকল প্রচেষ্টাই শুভ সূচনা মাত্র। দিন-কালের বিচারে কারাপ্রাচীর হয়তো বিলুপ্ত হবে না, কিন্তু প্রাচিরের অন্তরালের পরিবেশের আমূল পরিবর্তন করা যেতে পারে এবং অপরাধিদের সংশোধনের সুযোগ দিয়ে সু-নাগরিক হিসাবে গড়ে তোলার কাজে জেলগুলি প্রকৃত সংশোধনাগার হয়ে উঠতে পারে।

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং ১৯৯৮-৯৯ সালের জন্য ২২নং অভিযাচনের অন্তর্ভুক্ত সম্পূর্ণ ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ রাখছি।

## DEMAND No. 24

### Major Head : 2058 — Stationery and Printing

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,96,00,000 be granted for expenditure under Demand No. 24, Major Head : "2058"—Stationery and Printings.

(This is inclusive of a total sum of Rs. 4,32,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Bidyut Ganguli on Demand Nos. 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96 & 97 laid on the Table was taken as read)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি নিয়ে আমি নিম্নোক্ত অভিযাচনগুলির অধীন বাজেট বরাদ্দ মঞ্জুরির জন্য উপস্থাপন করছি।

### অভিযাচন নং ২৪

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২৪ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২০৫৮-স্টেশনারি ও মুদ্রণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১২,৯৬,০০,০০০ (বারো কোটি ছিয়ানব্বই লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৪,৩২,০০,০০০ (চার কোটি বত্রিশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

### অভিযাচন নং ৫৩

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৩ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২৪০৭-চাষ-আবাদ", "৪৪০৭--চাষ-আবাদ বাবত নিয়োজিত মূলধন" এবং "৬৪০৭-চাষ-আবাদ বাবত ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৩,০৫,০০,০০০ (তিন কোটি পাঁচ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [১,০২,০০,০০০ (এক কোটি দুই লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

### অভিযাচন নং ৭৫

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৫ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২৮৫২-শিল্প (সরকারি উদ্যোগ, বন্ধ ও রুগ্ন শিল্প এবং খাদ্য ও পাণীয় বাদে)" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৭০,৮৫,৮৫,০০০ (সত্তর কোটি পঁচাশি লক্ষ পঁচাশি হাজার) টাকা মঞ্জুর করা হোক। [২৩,৬২,০০,০০০ (তেইশ কোটি বাষট্টি লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

### অভিযাচন নং ৭৬

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৬ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২৮৫৩-অ-লৌহ খনিকার্য এবং ধাতুশিল্প" সম্পর্কে বায় নির্বাহের জন্য ২,২৮,৩০,০০০ (দুই কোটি আঠাশ লক্ষ তিরিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [৭৬,০০,০০০ (ছিয়াত্তর লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

### অভিযাচন নং ৮৭

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৮৭নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৫৪৬৫-সাধারণ বিত্তীয় ও ব্যবসায় প্রতিষ্ঠানে বিনিয়োগ" ও "৭৪৬৫-সাধারণ বিত্তীয় ও ব্যবসায় প্রতিষ্ঠান বাবত ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৩,১৩,৫০,০০০ (তিন কোটি তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [১,০৫,০০,০০০ (এক কোটি পাঁচ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

### অভিযাচন নং ৮৮

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৮৮নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৩৪৭৫-অন্যান্য সাধারণ অর্থনৈতিক সেবাকার্য" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৫,০৫,০০,০০০ (পাঁচ কোটি পাঁচ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [১,৬৮,০০,০০০ (এক কোটি আটষট্টি লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

## অভিযাচন নং ৯৩

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৩নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৫৬-পেট্রোরাসায়নিক (সরকারি উদ্যোগ বাদে) বাবত নিয়োজিত মূলধন", "৪৮৬০-ভোগ্যপণ্য শিল্প (সরকারি উদ্যোগ বাদে) বাবদ নিয়োজিত মূলধন", "৪৮৮৫-শিল্প ও খনিজদ্রব্য (সরকারি উদ্যোগ বাদে) বাবদ নিয়োজিত অন্যান্য মূলধন" এবং "৬৮৮৫-অন্যান্য শিল্প ও খনিজদ্রব্য (সরকারি উদ্যোগ বাদে) বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১,১২,৯৮,৫০,০০০ (একশ তের কোটি আঠানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [৩৭,৯৯,০০,০০০ (সাঁইত্রিশ কোটি নিরানব্বই লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

## অভিযাচন নং ৯৪

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৪নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৫৯-দূরসমাযোজন ও বৈদ্যুতিন শিল্প বাবদ নিয়োজিত মূলধন" এবং "৬৮৫৯-দূরসমাযোজন ও বৈদ্যুতিন শিল্প বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১৩,৫০,০০,০০০ (তের কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৪,৫১,০০,০০০ (চার কোটি একান্ন লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

## অভিযাচন নং ৯৫

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৫নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৬০-ভোগ্যপণ্য শিল্প (সরকারি উদ্যোগ বন্ধ ও রুগ্ন শিল্প এবং খাদ্য পাণীয় বাদে) বাবদ নিয়োজিত মূলধন", "৬৮৫৭-রাসায়নিক ও ভেষজ শিল্প (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ ঋণ", এবং "৬৮৬০-ভোগ্যপণ্য শিল্প (সরকারি উদ্যোগ, বন্ধ ও রুগ্ন শিল্প এবং খাদ্য ও পাণীয় বাদে) বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২০,৪০,০০,০০০ (কুড়ি কোটি চল্লিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৬,৮১,০০,০০০ (ছয় কোটি একাশি লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

## অভিযাচন নং ৯৬

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৬নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৬৮৫৭-অন্যান্য শিল্প (বন্ধ ও রুগ্ন শিল্প এবং সরকারি উদ্যোগ বাদে) বাবদ ঋণ" এবং "৬৮৫৭-অন্যান্য শিল্প ও খনিজ দ্রব্য (বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১১,২০,০০,০০০ (এগারো কোটি কুড়ি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৩,৭৩,০০,০০০ (তিন কোটি তিয়াত্তর লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

## অভিযাচন নং ৯৭

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৭নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৮৫-শিল্প ও খণিজদ্রব্য (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ অন্যান্য নিয়োজিত মূলধন" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১,৩৩,০০,০০০ (এক কোটি তেত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৪৪,০০,০০০ (চুয়াল্লিশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]

### ১

১.১ একসময় দেশের সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ ছিল শিল্প ও অর্থনৈতিক ক্ষেত্রের কেন্দ্রবিন্দু। নানা ঐতিহাসিক, সামাজিক ও রাজনৈতিক বাধা অতিক্রম করে এই রাজ্য পুনরায় শিল্পক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে চলেছে। রাজ্যে নতুন শিল্প স্থাপনের জন্য এবং বর্তমান শিল্পগুলির পুনর্বাসন ও আধুনিকীকরণের জন্য বিনিয়োগের অনুকূল বাতাবরণ সৃষ্টি হয়েছে। বিনিয়োগকারীদের এই রাজ্যে বিনিয়োগের সুবিধা সম্পর্কে সম্যক ধারণার দ্রুত উন্নতি ঘটছে। অন্তর্দেশীয় ও বিদেশি বিনিয়োগকারিদের কাছে এই রাজ্য দেশের অন্যতম সেরা বিনিয়োগস্থল হিসেবে পরিগণতি হচ্ছে। আজ পশ্চিমবঙ্গ নতুন সুযোগ-সৃষ্টিতে প্রাণবন্ত হয়ে উঠেছে। পূর্ব ও উত্তর-পূর্ব ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের প্রবেশদ্বার হওয়ার সুবাদে এই রাজ্যের অবস্থানগত গুরুত্ব আছে।

১.২ ঐতিহ্যগতভাবে এ রাজ্যে শিল্প কর্মকাণ্ডের জন্য রয়েছে প্রয়োজনীয় কাঁচামালের যোগান, দক্ষ মানবসম্পদ এবং অপেক্ষাকৃত উন্নত পরিকাঠামো। বিগত বহু বছর শিল্প-নিয়ন্ত্রণ ও লাইসেন্স বিধি আরোপের সময়কালে শিল্প লাইসেন্স মঞ্জুরির ক্ষেত্রে জাতীয় স্তরে এই রাজ্যের প্রতি তীব্র বৈষম্যমূলক আচরণ চলতে থাকে। কয়েকটি বিশেষ ক্ষেত্রে মাসুল সমীকরণের মতো ইচ্ছাকৃতভাবে আরোপিত নীতি এই রাজ্যকে তার প্রাপ্য

তুলনামূলক অবস্থানগত সুবিধা থেকে বঞ্চিত করে। অতীতে কেন্দ্রীয় সরকারের অর্থলগ্নি সংস্থাগুলির উপর বৈষম্যমূলক নিয়ন্ত্রণ আরোপ এবং এই রাজ্যে অবস্থিত কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির উপর উদাসীনতা এই রাজ্যের স্বার্থবিরোধি অহেতুক কার্যক্রমের অন্যতম জ্বলন্ত উদাহরণ।

১.৩ বৃহৎ ও মাঝারি শিল্পে বিনোয়োগের সুযোগ-সুবিধা দেওয়ার ক্ষেত্রে যথেষ্ট ক্ষমতা হাতে না থাকায় এই রাজ্যের সার্বিক বিকাশ, উৎপাদনশীলতা এবং কর্মনিয়োজন বৃদ্ধিতে রাজ্য সরকার কিছু কিছু ক্ষেত্রকে গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত করেছেন। অন্যান্য প্রচেষ্টার মধ্যে কুটির ও ক্ষুদ্রশিল্পের প্রসার সুনিশ্চিত করা রাজ্য সরকারের সুচিন্তিত পদক্ষেপের একটি। সম্প্রতি শিল্পে লাইসেন্স প্রথার আংশিক শিথিলীকরণের পরিবেশ-এ আমরা রাজ্যে বৃহৎ ও মাঝারি শিল্পের উন্নয়নকল্পে কিছুটা স্বাধীনভাবেই পরিকল্পনা নেওয়ার সুযোগ পেয়েছি। কিছু কিছু কার্যকর পদক্ষেপ নেওয়ার ফলে রাজ্যে নতুন শিল্প সম্ভাবনা সৃষ্টি হয়েছে। অতীতে রাজ্যের স্বাভাবিক সুবিধাগুলি যেভাবে বিনষ্ট করা হয়েছে তাতে এই পুনরুজ্জীবন প্রক্রিয়াটি মোটেই সহজ হয়নি। ঐ সময় দেশের অন্যান্য কয়েকটি অঞ্চল কেন্দ্রীয় সরকারের বিশেষ সহায়তা দ্রুততর বিকাশে সক্ষম হয়।

১.৪ সাম্প্রতিককালে আমরা এই রাজ্যে শিল্প সম্ভাবনা সংক্রান্ত সম্ভাব্য লগ্নিকারীদের কিছু ভ্রান্ত ধারণা দূর করার কাজে সচেষ্ট। আমাদের এই প্রয়াসে আমরা বিভিন্ন বণিকসভার স্বতস্ফূর্ত সহযোগিতা লাভ করেছি। আন্তর্জাতিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির প্রয়োজনে রাজ্য সরকার ও বণিকসভাগুলি মিলিতভাবে নিয়মিত সফরকারি বিদেশি বাণিজ্য প্রতিনিধিদলের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে যৌথ উদ্যোগ ও প্রকৌশল বিনিময় প্রভৃতির সম্ভাবনা খতিয়ে দেখছেন। গত ১০-১১ ডিসেম্বর, ১৯৯৭-তে কলকাতায় ভারত-মার্কিন যৌথ বাণিজ্য পর্ষদ আয়োজিত "মার্কিন বিনিয়োগ শীর্ষ আলোচনা ঃ দ্য ইমার্জিং ইস্ট" অনুষ্ঠিত হয়। ভারত-মার্কিন যৌথ বাণিজ্য পর্ষদ কর্তৃক আয়োজিত এই সভাই ছিল এ যাবৎকালের মধ্যে বৃহত্তম, যাতে একশোরও বেশি মার্কিন কোম্পানির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এছাড়া, মার্কিন বাণিজ্য সচিব মিঃ উইলিয়াম ডালির নেতৃত্বে এক উচ্চ ক্ষমতাসম্পন্ন প্রতিনিধিদলও এই সভায় অংশগ্রহণ করেন। অন্যান্য অংশগ্রহণকারিদের মধ্যে বাংলাদেশ ও নেপালের উচ্চক্ষমতাসম্পন্ন প্রতিনিধিদলও ছিলেন। থাইল্যাণ্ডের উপ-পররাষ্ট্র মন্ত্রীর নেতৃত্বে এক বাণিজ্য প্রতিনিধি দলও গত বছর কলকাতা সফর করেন যার পরেই এই রাজ্য থেকে একটি প্রতিনিধি দল থাইল্যাণ্ড সফর করেন। এগুলি এই অঞ্চলে শিল্পের প্রসারের দ্রুত অগ্রগতির জন্য "সরকার-বাণিজ্য সভাগুলিব সুসম্পর্ক ভাগীদার'-র অন্যতম উদাহরণ। উভয়পক্ষের পারস্পরিক স্বার্থে এবং আমাদের অর্থনীতির সাহায্যার্থে আমাদের সরকার কিছু নির্বাচিত ক্ষেত্রে বৈদেশিক আধুনিক প্রকৌশল ও

বিনিয়োগ চান। আমরা শিল্প প্রকল্প, শিল্প ও সামাজিক পরিকাঠামো নির্মাণের ক্ষেত্রে বেসরকারি অংশগ্রহণকে স্বাগত জানাই। উন্নত প্রযুক্তির ক্ষেত্রে এবং যৌথ সুবিধা-প্রদায়ী ক্ষেত্রেও আমরা বিদেশি অংশগ্রহণ চাইছি। বিগত চার বছরে রাজ্য সরকার জাপান, আমেরিকা, ইংলণ্ড, জার্মানি, ফ্রান্স এবং ইতালির আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কোম্পানিগুলির সহিত যোগাযোগ স্থাপনে সক্ষম হয়েছে।

১.৫ রাজ্য সরকার মাঝে মাঝেই ভারত সরকার ঘোষিত নয়া আর্থিক নীতির নানান নঞর্থক দিক সম্পর্কে নানা স্থানে নীতিগত আপত্তি জানিয়েছিল। ক্ষুদ্র শিল্পক্ষেত্রে অতি প্রয়োজনীয় কয়েকটি সাহায্য প্রত্যাহার করায় এই ক্ষেত্রের বৃদ্ধি ব্যাহত হয়েছে। এতে আমাদের অর্থনীতিতে ক্ষুদ্র শিল্প ক্ষেত্রের বিপুল কর্মনিযুক্তির সম্ভাবনা ক্ষতিগ্রস্থ হয়েছে। অনিয়ন্ত্রিত ও অবাধ উদারিকরণের ফলে নির্বাচন আমদানি ও কিছু অগ্রাধিকার বহির্ভূত ক্ষেত্রে বিদেশি পুঁজির বিনিয়োগ মাত্রাতিরিক্ত বৃদ্ধি পেয়েছে। আর্থিক, শিল্প ও অর্থনৈতিক ক্ষেত্রের নির্ণায়কগুলির পরিচালনার নীতি কাঠামোয় এই আকস্মিক পরিবর্তনে স্বভাবতই আশংকা হয় যে সরকার তার স্বনির্ভরতা ও সামাজিক নিরাপত্তার নির্দ্ধারিত লক্ষ্য থেকে বিচ্যুত হয়েছে। নতুন পুঁজি বিনিয়োগ টানতে রাজ্যগুলি নিজেদের সীমিত আর্থিক ক্ষমতা নিয়ে উৎসাহবর্দ্ধক সহায়তাদানের মাধ্যমে প্রতিযোগিতায় নেমে কার্যত নিজেদের ক্ষুদ্র অর্থনৈতিক সহায়সম্পদ অধিকতরভাবে অবক্ষয় করছে। কেন্দ্রীয় সরকারেরও উচিত রাজ্যগুলির সঙ্গে আলোচনা করে সুষম আঞ্চলিক বৃদ্ধির প্রয়োজনে এই সম হারের উৎসাহবর্দ্ধক সহায়তা নিয়ে অংশগ্রহণ করা।

১.৬ রেলপথ, টেলিযোগাযোগ, জাতীয় সড়ক, সামুদ্রিক বন্দর, বিমানবন্দর প্রভৃতি বেশিরভাগ পরিকাঠামোই ভারত সরকারের একান্ত এক্তিয়ারভুক্ত। স্বাভাবিকভাবেই পরিকাঠামো ক্ষেত্রের উন্নয়নের মূল দায় নিতে হবে ভারত সরকারকে। ভারত সরকারের উচিত এই ব্যাপারে যথাযথ পরিকাঠামো নীতি নিয়ে এগিয়ে আসা। যে সমস্ত কেন্দ্রীয় সরকার পরিচালিত সংস্থা ভবিষ্যতে আসন্ন প্রতিযোগিতামূলক প্রেক্ষাপটে অত্যন্ত কৃতিত্বের সঙ্গে চলতে সক্ষম, সেই সংস্থাগুলিকে ভারত সরকারের উচিত যথোপযুক্ত সহায়তা প্রদান করা। নানাবিধ অসুবিধা সত্ত্বেও শিল্পস্থাপনা ক্ষেত্রে আমরা উল্লেখযোগ্য সাফল্য লাভ করতে সক্ষম হয়েছি। এপ্রিল ১৯৯১ থেকে সেপ্টেম্বর ১৯৯৭ সাল পর্যন্ত সময়কালে মোট ৪৩,১০০ কোটি টাকা বিনিয়োগে ১৬০৩টি শিল্প প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। এর মধ্যে মোট ২৫৩টি প্রকল্পে ৭,২৬৪ কোটি টাকা বিনিয়োগ হয়ে ইতিমধ্যেই উৎপাদন শুরু হয়ে গেছে এবং আরও ১০০৫০ কোটি টাকা বিনিয়োগ সম্বলিত ৮৪টি প্রকল্পের নির্মাণকার্য শুরু হয়ে গেছে। এইসব সমাপ্ত বা নির্মীয়মান প্রকল্পে নিয়োজিত পুঁজি মোট অনুমোদিত পুঁজি বিনিয়োগের শতকরা হার ৪০ শতাংশের কাছাকাছি। এই হার পূর্বাঞ্চলে

সর্বোচ্চ এবং অন্যান্য অঞ্চলের মধ্যে তুলনামূলকভাবে সন্তোষজনক।

১.৭ পেট্রোরসায়ন, বৈদ্যুতিন শিল্প, তথ্য প্রকৌশল, চর্মশিল্প, খাদ্যপ্রক্রিয়াকরণ ইত্যাদি আধুনিক সতেজ ও সম্ভাবনাময় (গ্রীন ফিল্ড) শিল্পগুলিকে অগ্রাধিকার দানের জন্যে ১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে ঘোষিত শিল্পোন্নয়ন নীতি অনুযায়ী চিহ্নিত করা হয়েছে। চা, পাট, বয়নশিল্প, ইঞ্জিনিয়ারিং প্রভৃতি চিরাচরিত শিল্পের উন্নতিকল্পে রাজ্য সরকার যে প্রয়াস চালিয়েছে, ঐগুলি তার অতিরিক্ত। পরিকাঠামো প্রকল্পগুলিতে বিনিয়োগের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করা হয়েছে, যাতে বিনিয়োগকারী প্রকল্পগুলি দ্রুত নির্বাচন করতে সক্ষম হন। পরিকাঠামো উন্নয়ন প্রকল্পগুলির মধ্যে হলদিয়া-কলকাতা এক্সপ্রেসওয়ে, কলকাতা-শিলিগুড়ি এক্সপ্রেসওয়ে, কুলপি, ফলতা ও উলুবেড়িয়ায় শিল্প পার্ক, হলদিয়া ও দুর্গাপুরে পলিপার্ক, দুর্গাপুর এবং হলদিয়ায় এক্সপোর্ট প্রমোশন ইণ্ডাস্ট্রিয়াল পার্ক, পশ্চিমবঙ্গের শিল্পনগরীগুলি ও প্রতিবেশি রাজ্যগুলির সঙ্গে কলকাতায় বিমান যোগাযোগ, কুলপিতে একটি বন্দর স্থাপন প্রভৃতি গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত হয়েছে। বিনিয়োগকারিদের তাৎক্ষণিক ব্যবহারের সুবিধার্থে বিভিন্ন শিল্প স্থাপনের প্রকল্প রূপরেখা তৈরি করা হয়েছে।

১.৮ শিল্পোন্নয়ন সুনিশ্চিত করতে রাজ্য সরকার ইতিমধ্যে কতকগুলি গুরুত্বপূর্ণ •পদক্ষেপ গ্রহণ করেছে। এক বিপুলসংখ্যক শিল্প ইউনিট ও পুরনো ইউনিটগুলির সম্প্রসারণের জন্যে একটি আকর্ষণীয় উৎসাহবর্দ্ধক প্রকল্প ১৯৯৩ সাল থেকে কার্যকর আছে। বর্তমান প্রকল্পটি পরিমার্জিত করা হচ্ছে এবং একটি নতুন প্রকল্প শীঘ্রই ঘোষিত হবে। শিল্পে বিনিয়োগের প্রস্তাবগুলির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করতে মাননীয় মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে শিল্প সংক্রান্ত ক্যাবিনেট কমিটি এবং বিভাগীয় সচিবদের উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি সফলতার সঙ্গে কাজ করছে। শিল্প পরিকাঠামোর প্রকল্পগুলি প্রস্তাব থেকে শুরু বাস্তবায়ন পর্যায় অবধি প্রয়োজনীয় সহায়তা (escort service) পরিষেবা দিয়ে পর্যবেক্ষণ করার জন্য পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমে কার্যরত শিল্পবন্ধু নামে এক জানালা ব্যবস্থা কার্য্যকর আছে। উৎসাহবর্দ্ধক সহায়তা প্রকল্পে বিভিন্ন ধরনের আর্থিক রিলিফ দেওয়া ছাড়াও রাজ্য সরকার গঠিত একটি উচ্চক্ষমতাশালী কমিটি এক বিপুল সংখ্যক অনুবর্তী (ডাউনস্ট্রিম) ও অনুসঙ্গ শিল্পের বৃদ্ধির সম্ভাবনাযুক্ত বিশেষ প্রকল্পগুলির জন্য অতিরিক্ত উৎসাহবর্দ্ধক সহায়তাদানের জন্য সরকারের কাছে সুপারিশ করে থাকেন। জেলাস্তরে জেলাশাসকের সভাপতিত্বে কমিটিগুলি জমি অধিগ্রহণ, বিদ্যুৎ সরবরাহ, স্থানীয় পরিকাঠামোর সুবিধা সংক্রান্ত বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেয়।

১.৯ ভৌত ও সামাজিক পরিকাঠামোগত সুবিধাগুলির মানোন্নয়নের কাজের উপর রাজ্য সরকার যথেষ্ট গুরুত্ব দিয়ে চলেছেন। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ নতুন ইউনিট, চালু ইউনিটগুলির সম্প্রসারণ এবং রুগ্ন শিল্পগুলির পুনরুজ্জীবিত ও পুনর্বাসনকল্পে তিন

বৎসর পর্যন্ত বাণিজ্যিক উৎপাদনের জন্যে মোট বিদ্যুৎ মূল্যের সর্বোচ্চ ৪০ শতাংশ পর্যন্ত ছাড় দিয়ে থাকেন। শিল্প স্থাপনের জন্যে দ্রুত জমি অধিগ্রহণ করতে, পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম আইনের ধারাগুলির উপর প্রায়শই নির্ভর করা হচ্ছে। কলিকাতা পূর্ব শহরতলিতে মেসার্স বেঙ্গল এন আর আই কমপ্লেক্স লিঃ একটি যৌথ উদ্যোগ, অনাবাসী ভারতীয়দের জন্য আনুমানিক ৫২০ কোটি টাকা ব্যয়ে একটি আবাসন তথা বাণিজ্যিক এলাকা নির্মাণ করছেন। কলকাতায় এই বাণিজ্যমেলা প্রাঙ্গন নির্মাণের ব্যাপারে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এই উদ্দেশ্যে প্রায় ৪৫ একর জমি ইতিমধ্যে অধিগৃহীত হয়েছে এবং কসবা কানেকটারের অদূরে ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের পাশে শীঘ্রই নির্মাণ কাজ শুরু হবে। বেসরকারি উদ্যোগে শিলিগুড়ির কাছে একটি উপনগরি গড়ার প্রকল্প হাতে নেওয়া হয়েছে। বর্তমান ট্যানারিগুলি পুনঃস্থাপন করা এবং নতুন চর্ম ও চর্মজাত দ্রব্য উৎপাদনের জন্য কলকাতার পূর্ব শহরতলির কাছে প্রায় ১১০০ একর জমিতে একটি চর্ম কমপ্লেক্স নির্মাণের জন্য বি. ও. টি. চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই কমপ্লেক্সের নির্মাণ কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

১.১০ মাননীয় সদস্যবৃন্দ জেনে আনন্দিত হবেন যে, ৫১৭০ কোটি টাকা ব্যয়ে হলদিয়া পেট্রোরসায়ন প্রকল্পের নির্মাণ কাজ পুরোদমে শুরু হয়েছে এবং আশা করা হচ্ছে ১৯৯৯ সালের সেপ্টেম্বর মাস নাগাদ বাণিজ্যিক উৎপাদন শুরু হবে। এই প্রকল্পের মধ্যে আছে ১১৬ মেগাওয়াট সাইক্‌ল ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, যেটিতে স্টিম ও বিদ্যুৎ চাহিদার প্রয়োজনে পুরোপুরি মেটাতে জ্বালানি হিসেবে ব্যবহৃত হবে ন্যাপথা, এছাড়াও সেখানে নাইট্রোজেনের প্রয়োজন মেটাতে একটি পৃথক প্ল্যান্ট বসানো হবে। এই ব্যাপক মাপের গ্রীণ-ফিল্ড প্রজেক্টির রূপায়ণের জন্য প্রয়োজনীয় সময় হবে ন্যূনতম, যা আন্তর্জাতিক মানে সেরা হিসাবে স্বীকৃত হবে। বর্তমানে দৈনিক ১২০০ জনেরও বেশি লোক নির্মাণস্থলটিতে কাজ করছে। ডাউনস্ট্রিমে প্লাস্টিক প্রক্রিয়াকরণ শিল্প ও রাসায়নিক শিল্প স্থাপনের সুবিধার্থে জমি অধিগ্রহণ করেছেন। জাপানের মিৎসুবিশি কর্পোরেশন ১৪৮৩ কোটি টাকা ব্যয়ে তাঁদের পিটিএ প্রকল্পের নির্মাণ কাজ শুরু করেছেন। এতে ডব্লিউ. বি. আই. ডিসির ইকুয়িটি অংশীদারি আছে। হলদিয়ায় সাউথ এশিয়ান পেট্রোকেমিক্যাল লিমিটেড ৪২৫ কোটি টাকার পিইটি রেসিন প্রকল্পটি বাস্তবায়নের কাজের হাত দিয়েছেন। ভূষণ স্টিলস্ লিমিটেড ও হলদিয়ায় সম্প্রতি আনুমানিক ২০০ কোটি টাকা ব্যয়ে একটি কোল্ড রোলিং মিল নির্মাণ সংক্রান্ত প্রকল্পের কাজে হাত দিতে চলেছেন। আশা করা যায় ১৮ মাসের মধ্যেই এঁদের কাজ সম্পূর্ণ হবে। বেসরকারি উদ্যোগে শিলিগুড়ির কাছে আনুমানিক ৮৫০ কোটি টাকা ব্যয়ে একটি কাগজকল স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই কাগজকলে নিউজপ্রিন্ট, নোট তৈরির কাগজ এবং বিশেষ কাগজ তৈরি হবে। আনুমানিক ২০০ কোটি টাকা ব্যয়ে হলদিয়ায় একটি রান্নার গ্যাস বোতলীকরণের প্ল্যান্ট

বসানোর ব্যবস্থা করা হয়েছে। চ্যাটার্জি গ্রুপ হলদিয়ায় একটি তৈল শোধনাগার স্থাপনের ব্যবস্থা করছে।

১.১১ ভারত সরকার অনুমোদিত সবকটি ক্ষেত্রেই এই রাজ্য ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট-এ আশানুরূপভাবেই ফল ভাল দেখিয়েছে। ১৯৯৭ সালে ১৮টি এন আর আই। এফ ডি আই প্রকল্প রাজ্যের হাতে আসে যার মোট বিনিয়োগ অঙ্ক প্রায় ৪৮৮৯.২২ কোটি টাকা। ১৯৯১-৯৭ সালের সময়কালে মোট ১৯৪৭৫ কোটি টাকার ২৪১টি এন আর আই, এফ ডি আই প্রকল্প পশ্চিমবঙ্গের জন্য অনুমোদিত হয়।

১.১২ রপ্তানি বাণিজ্যের উন্নয়নের জন্য এবং রপ্তানিযোগ্য পণ্য উৎপাদনকারী শিল্প ইউনিট স্থাপনের উপর রাজ্য সরকার বিসেষ মনোযোগ দিয়েছেন। শিল্প অধিকর্তার দপ্তরে একটি এক্সপোর্ট প্রমোশন সেল সক্রিয় রয়েছে। রাজ্যের রপ্তানি বাণিজ্যের সহায়তার জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমকে রপ্তানিকারক প্রতিষ্ঠান (এক্সপোর্ট হাউস) হিসাবে ঘোষণা করেছেন। দুর্গাপুরে আনুমানিক ২৪ কোটি টাকা ব্যয়ে এক্সপোর্ট প্রোমোশন ইণ্ডাস্ট্রিয়াল পার্কের নির্মাণ সংক্রান্ত কাজ সমাপ্তির মুখে। শিল্প ও বাণিজ্য মন্ত্রীর সভাপতিত্বে রাজ্য সরকার একটি বাণিজ্য পর্ষদ গঠন করেছেন। এর কাজ রাজ্যের রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ। এই পর্যদে বিভিন্ন বণিকসভা, এক্সপোর্ট প্রোমোশন সংস্থা, কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের প্রতিনিধিরা সদস্য হিসাবে আছেন। ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। সেখানে চালু ইউনিটগুলির সংখ্যা বেড়ে ৪৪-এ দাঁড়িয়েছে সেখানে মোট বিনিয়োগ ১৭৪.২৫ কোটি টাকা। এখান থেকে গত ডিসেম্বরে, ১৯৯৭ অবধি হিসাব অনুযায়ী রপ্তানির পরিমাণ ২৩০ কোটি টাকা। এক্সপোর্ট প্রমোশন জোনের অদূরে নির্মিত জেটিটি ঐ অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটাবে।

১.১৩ বাংলাদেশে পণ্য রপ্তানির পরিকাঠামোর সুযোগসুবিধার মানোন্নয়নের জন্যে কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। এর মধ্যে আছে বনগাঁয় একটি বহুমুখী ট্রাক টার্মিন্যাল স্থাপন, ইছামতী নদীর ওপর একটি সেতু নির্মাণ এবং বনগাঁ ও পেট্রাপোলের মধ্যবর্তী জাতীয় সড়ক প্রশস্তকরণ ইত্যাদি।

১.১৪ পাট শিল্পের ক্ষেত্রে, এই শিল্পে নিযুক্ত হাজার হাজার শ্রমিক কর্মচারীর জীবিকা এবং রাজ্যের অর্থনীতি ও শিল্প স্বার্থ রক্ষা করতে রাজ্য সরকার বি. আই. এফ. আর., বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান ও ব্যাঙ্ক কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রেখে চলেছেন, যাতে করে পুনর্বাসন প্রকল্পগুলির দ্রুত ইতিবাচক নিষ্পত্তি হয়। রাজ্য সরকার ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ উৎসাহবর্ধক সহায়তা প্রকল্পটির সুবিধা এই শিল্পের বেশ

কিছু রুগ্ন পাট কলকে দিয়েছেন। পাটশিল্পের উন্নতির জন্য যাতে মাননীয় সুপ্রিম কোর্টের আদেশ অনুযায়ী সিমেন্ট ও সার শিল্পগুলিতে বাধ্যতামূলক পাটের বস্তা ব্যবহৃত হয় সেজন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে নিরন্তর যোগাযোগ রাখা হচ্ছে।

২

২.১. আমি এখন শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীন বিভিন্ন কর্পোরেশন, ডাইরেক্ট ও অন্যান্য অফিস দ্বারা বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের একটি সংক্ষিপ্ত বর্ণনা দেব। প্রথমেই আমি সভার কাছে নিবেদন করতে চাই যে, দপ্তরের সকল সংস্থা, কর্পোরেশন ও ডাইরেক্টরেটগুলিকে শিল্পায়নের প্রচণ্ড গতির সঙ্গে সামঞ্জস্য রক্ষা করার জন্য উপযুক্ত করে তুলতে হবে। আমরা এইসব কার্যনির্বাহী সংস্থাগুলি প্রয়োজনীয়ভাবে পুনগঠিত করে উপযুক্ত কার্যকারিতার স্তরে উন্নতি করার ব্যবস্থা গ্রহণ করেছি।

২.২. ইলেকট্রনিক্স, খনি ও চা ইত্যাদি বাদে মাঝারি ও বৃহৎ শিল্পক্ষেত্রে বিনিয়োগ ত্বরান্বিত করার জন্য পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম মুখ্য ভূমিকা পালন করে আসছে। এই নিগমটির নির্দিষ্ট মূল কার্যধারাগুলি হ'ল দেশি, বিদেশি বহুসংখ্যক বিনিয়োগকারিদের নিয়ে যৌথ উদ্যোগ গঠন করা, মাঝারি শিল্পোদ্যোগগুলিকে আর্থিক সহায়তা দান, বিনিয়োগ প্রস্তাবগুলির বাস্তবায়নের জন্য পাশে থেকে প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবা (এস্কর্ট সার্ভিস) প্রদান, বিদেশি প্রতিষ্ঠান এবং কোম্পানিগুলির সঙ্গে বাণিজ্যিক, ব্যবসায়িক ও শিল্প সম্পর্কে গড়ে তোলা এবং রাজ্যের শিল্পায়নের উজ্জ্বল সম্ভাবনাকে তুলে ধরার জন্য তথ্যাবলী প্রকাশ ইত্যাদি। সম্প্রতি এই নিগম তার কার্যক্রম মার্চেন্ট ব্যাংকিং, ভেঞ্চার ক্যাপিটাল, নির্দিষ্ট কয়েকটি ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে বিস্তৃত করেছে। এই নিগম এক জানালা শিল্প সহায়ক কেন্দ্র 'শিল্প বন্ধু' ও পরিচালনা করছে যা রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর ও সংস্থার এমন আধিকারিকদের সমন্বয়ে গঠিত যারা রাজ্যের শিল্পোন্নয়নে তাৎক্ষণিক সিদ্ধান্ত নিতে সক্ষম। এর উদ্দেশ্য বিভিন্ন ক্ষেত্রের শিল্পোদ্যোগীদের একটি নির্দিষ্ট স্থান থেকে যথাযথ সহায়তা প্রদান করা।

২.৩. ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ৪০৮.০৮ কোটি টাকা বিনিয়োগ সম্বলিত মোট ৩৫টি শিল্প প্রকল্প রূপায়িত হয়েছে। এছাড়াও ১০,০৫৯ কোটি টাকা বিনিয়োগ সম্বলিত ৮৪টি শিল্প প্রকল্প বাস্তবায়নের চূড়ান্ত পর্যায়ে আছে।

২.৪. নতুন বিনিয়োগকারিদের সুবিধার্থে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয় নিগম বাণিজ্যিক দিক থেকে উপযোগী বিভিন্ন প্রকল্প প্রণয়নের দিকে দৃষ্টি রেখেছে এবং কতকগুলি নির্দিষ্ট চিহ্নিত প্রকল্পের রূপরেখা তৈরি করে উদ্যোগীদের প্রদান করেছে। আগামী মাসগুলিতে হলদিয়া পেট্রোকেম প্রকল্পে উৎপাদিত কাঁচামালের সাহায্যে পলিমার ও রাসায়নিক শিল্পগুলির

ক্ষেত্রে মাঝারি ও বৃহদায়তনের অনুবর্তী শিল্প (ডাউন স্ট্রিম) গুলিতে বিনিয়োগ বৃদ্ধির বিষয়ে অধিকতর প্রচেষ্টা চালাবে।

২.৫. শিল্প পরিকাঠামো উন্নয়ন এই নিগমের অন্যতম প্রধান উদ্দেশ্য। পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম এবং আই-সি-আই-সি-আই মিলিতভাবে আই-সি-আই-সি-আই পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন নিগম (আই-উইন) নামে একটি নতুন সংস্থা খুলেছে। এই সংস্থা তৎপরতার সাথে কাজ শুরু করেছে। এই সংস্থাটি বর্তমানে কলকাতাস্থ ফিনান্সিয়াল সার্ভিস সেন্টার, প্রস্তাবিত উত্তরবঙ্গ দক্ষিণবঙ্গের যোগাযোগকারী পথ নির্মাণ সম্পর্কীয় উপদেষ্টা হিসাবে কাজ, হলদিয়ায় জল সরবরাহ বৃদ্ধিকরণ এবং মহানগরীর সুবিধাদির উন্নয়নমূলক প্রকল্প ইত্যাদি কাজের সঙ্গে সংযুক্ত আছে।

২.৬. ভারতের বিভিন্ন শিল্পমেলায় অংশগ্রহণ ব্যতিরেকে ও, পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম এবং পশ্চিমবঙ্গ বৈদ্যুতিন শিল্প উন্নয়ন নিগম, এফ-আই-সি-সি-আই দ্বারা অনুষ্ঠিত চিনের শিল্প মেলা এবং ভিয়েতনামে 'ভারতের গর্ব শীর্ষক' প্রদর্শনীতে অংশগ্রহণ করে প্রভূত সাড়া পেয়েছে। এছাড়াও ঐ নিগমদ্বয় বেশ কিছু বিদেশি বাণিজ্য প্রতিনিধি দলের সঙ্গে মিলিত হয়েছে। পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম এবং পশ্চিমবঙ্গ বৈদ্যুতিন শিল্প উন্নয়ন নিগম বণিকসভাগুলিকে সঙ্গে নিয়ে বাণিজ্যিক উন্নয়নমূলক সফরের মাধ্যমে বাণিজ্যিক সুসম্পর্ক বজায় রাখছে যাতে করে এই রাজ্যে আরও নতুন বিনিয়োগ সুনিশ্চিত হয়।

২.৭. বর্তমান ওয়েবেল কোম্পানিগুলির প্রযুক্তিগত মান উন্নয়ন/প্রসার/বিকেন্দ্রীকরণ প্রভৃতি প্রক্রিয়া চালু রাখা ছাড়াও বৈদ্যুতিন ক্ষেত্রে সরকারি ও বেসরকারি "পরিকাঠামো ও প্রতিষ্ঠান" গড়ে তোলায় পশ্চিমবঙ্গ বৈদ্যুতিন শিল্পোন্নয়ন নিগম বিশেষ গুরুত্ব দিয়েছে।

২.৮. বৈদ্যুতিন ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বেশ কিছু কোম্পানি ইতিমধ্যেই পশ্চিমবঙ্গে এসেছে। ওয়েবেল এস-এল-এনার্জি সিস্টেম লিমিটেড একটি শতকরা একশ ভাগ রপ্তানি নির্ভর যৌথ ক্ষেত্রের ইউনিট যেখানে ইতালির হিলিয়েস টেকনোলজির সঙ্গে ইকুইটি অংশীদারি এবং প্রযুক্তিগত সহযোগিতা আছে। এই কোম্পানি সোলার পি. ভি সেল ও মডিউল-এর উৎপাদন ও বেশ কিছু দেশে রপ্তানি বাড়িয়েছে। ওয়েবেলের সঙ্গে যৌথ উদ্যোগে ইন্টারন্যাশনাল ফেরাইটস লিমিটেড এ. সি. সি. জার্মানির সিমেন্স-মাতসুসিতা এবং সিমেন্স লিমিটেড তাদের অত্যাধুনিক প্রযুক্তির প্রসার ঘটিয়েছে। কল্যাণীতে সফ্ট ফেরাইট উদ্যোগ তাদের উৎপাদনের প্রায় শতকরা আশি ভাগ বিদেশে রপ্তানি করছে। এই দুটি প্রকল্প বৈদ্যুতিন দ্রব্যাদি ও সরঞ্জাম উৎপাদনের ক্ষেত্রে দেশে একটি উল্লেখযোগ্য অগ্রগতি। এ-সি-সি লিঃ বিধাননগর 'থিন্ ফিল্ম নভেল কোটি' প্রযুক্তি'র জন্য একটি অত্যাধুনিক পণ্য কমপ্লেক্স স্থাপন করেছে যার ফলে সনাতন সামগ্রীর ব্যবহার ক্ষেত্র

বর্ধিত হবে। মাইক্রোওয়েভ ফেরাইট উৎপাদনের জন্য আরও একটি প্রকল্প তৈরি হতে চলেছে।

২.৯. স্ট্যাণ্ডার্ড ডিজাইন ফেসিলিটি (এস. ডি. এফ) ভবনের সকল স্থান এবং সল্টলেক কমপ্লেক্সে ৯৩ একর জায়গার সবকটি প্লটই বরাদ্দ হয়ে গেছে। ভারত-জার্মান যৌথ উদ্যোগে দি সেন্টার অফ্ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং তার কার্যকলাপ বাড়িয়ে চলেছে। 'ইনফিনিটি-দি- ইনটেলিজেন্ট সিটি' একটি আধুনিক তথ্য প্রযুক্তি শিক্ষায়তন এবং তথ্য প্রযুক্তি ব্যবহারকারিদের পরিকাঠামো প্রকল্পের কাজ শুরু হয়েছে। আধুনিক পরিকাঠামো গড়তে বেশ কিছু উচ্চ প্রযুক্তি কোম্পানি তাদের ইউনিট স্থাপনের কাজ শীঘ্রই শুরু করবে আশা করা যায়।

২.১০. মাননীয় সদস্যবৃন্দ জেনে আনন্দিত হবেন যে, সল্ট লেক বৈদ্যুতিন কমপ্লেক্স দেশের সফটওয়্যার কার্যক্রমের একটি বিশিষ্ট কেন্দ্ররূপে জায়গা করে নিয়েছে।

২.১১. ডান অ্যান্ড ব্রাডস্ট্রিট সল্টলেকে তাদের সফ্টওয়ার উন্নয়ন কার্যাবলীর সম্প্রসারণ ঘটাচ্ছে। আমেরিকার একটি সংস্থা কম্পুটার অ্যাশোসিয়েটস ইন্টারন্যাশনাল, চ্যাটার্জি গ্রুপের সঙ্গে যৌথ ভাবে একটি সফটওয়ার কেন্দ্র স্থাপন করেছে। এছাড়া আন্তর্জাতিক মানসম্পন্ন সংস্থা যেমন সেমা, প্রাইস ওয়াটার হাউস অ্যাশোসিয়েটস, টাটা কনসালটেন্সি, টেকনা ইত্যাদি কোম্পানিগুলি সল্টলেকে তাদের সফটওয়ার কেন্দ্র স্থাপন করেছে। গ্লোবসিন টেকনোলজিস লিমিটেড একটি আই. বি. এম. সফটওয়ার একসেলেন্স কেন্দ্র স্থাপন করেছে। ভারপ্রাপ্ত এই ধরনের কেন্দ্র সর্বপ্রথম স্থাপিত হ'ল।

২.১২. পশ্চিমবঙ্গে জমির অত্যাধিক চাহিদা থাকায়, শিল্প বিকাশের জন্য যথা সময়ে জমির ব্যবস্থা করা সমস্যার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। যাই হোক না কেন, পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম (W.B.I.D.C.), শিল্প স্থাপনের ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে নূতন নূতন শিল্প বিকাশ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিয়েছে। ফলতা, উলুবেড়িয়া, খন্যান প্রভৃতি অঞ্চলে অতিরিক্ত জমি অধিগ্রহণ করা হচ্ছে। নূতন শিল্প বিকাশ কেন্দ্র গড়ে তোলার উদ্দেশ্যে ফলতাতে ২৯০ একর, উলুবেড়িয়াতে ২৬০ একর, খন্যানে ২৩০ একর জমি অধিগ্রহণের ব্যবস্থা করা হচ্ছে। বেসরকারি অংশগ্রহণে ফলতাতে একটি শিল্প বিকাশ কেন্দ্র স্থাপন সংক্রান্ত প্রস্তাব এই নিগম খতিয়ে দেখছে। এছাড়া, এই নিগম দুর্গাপুর, হলদিয়া এবং অপরাপর স্থানে নূতন শিল্প বিকাশ কেন্দ্র খোলার সম্ভাবনার দিকগুলিও বিচার বিবেচনা করে দেখছে। মাননীয় সদস্যগণ একথা জেনে আনন্দিত হবেন যে, পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম তাদের কুচবিহারে অবস্থিত শিল্প বিকাশ কেন্দ্রে পাটকেন্দ্রিক শিল্প গড়ে তোলার লক্ষ্যে বর্তমানে একটি বৃহৎ পাটকল

কোম্পানির সঙ্গে আলাপআলোচনা চালিয়ে যাচ্ছেন। শিল্পে পশ্চাদপদ জেলাগুলিতে অবস্থিত মালদা, বিষ্ণুপুর, রাণীগঞ্জ, দাবগ্রাম প্রভৃতি শিল্প বিকাশ কেন্দ্রে শিল্প স্থাপনের জন্য শিল্পোদ্যোগীদের কাছ থেকে উৎসাহব্যঞ্জক সাড়া পাওয়া যাচ্ছে। মালদা, বীরভূম (বোলপুর) এবং জলপাইগুড়িতে যথাক্রমে ৪৩ কোটি টাকা, ৬৪ কোটি টাকা এবং ১১১ কোটি টাকা প্রকল্প ব্যয় সমন্বিত বৃহদায়তন শিল্প বিকাশ কেন্দ্র স্থাপনের জন্য সম্প্রতি ভারত সরকারের অনুমোদন পাওয়া গেছে।

২.১৩. বৃহত্তর কলকাতা গ্যাস্ সরবরাহ নিগম লিমিটেড ডানকুনি কোল কমপ্লেক্স থেকে গৃহস্থালী ও বাণিজ্যিক গ্রাহকদের কোলগ্যাস সরবরাহ ও বিপণন উন্নয়ন সংক্রান্ত প্রকল্পের কাজ সমাপ্ত করেছে। ডানকুনি থেকে প্রয়োজনীয় কোলগ্যাস প্রাপ্তির ক্ষেত্রে কিছু অসুবিধা থাকায় এই প্রকল্পের কাজ সুচারুরূপে চালু করা সম্ভব হয়নি। রাজ্য সরকার ডানকুনি কোল কমপ্লেক্স থেকে প্রয়োজনীয় গ্যাস প্রাপ্তির অসুবিধার বিষয়টি ভারত সরকার এবং কোল ইন্ডিয়ার সঙ্গে আলোচনা করা সত্ত্বেও এই ব্যাপারে বিশেষ উন্নতি হয়নি।

২.১৪. চা চাষে নিযুক্ত হাজার হাজার শ্রমিক এবং রুগ্ন ও পরিত্যক্ত চা বাগানগুলিতে নিয়োজিত তাদের পরিজনদের স্বার্থে সুরক্ষার মূল উদ্দেশ্য নিয়ে পশ্চিমবঙ্গ চা উন্নয়ন গম প্রতিষ্ঠিত হয়েছিল। এই নিগমের পাঁচটি চা বাগানে তৈরি চায়ের মোট উৎপাদন ১৯৯৭-৯৮ সালে পায় ৬ (ছয়) লক্ষ কেজি। জলপাইগুড়ি জেলার সোনালী চা এস্টেটের পরিচালন ব্যবস্থা এই নিগমের উপর অর্পিত হয়েছে। এই এস্টেটের তৈরি চায়ের বাৎসরিক উৎপাদন আনুমানিক ২.৫ লক্ষ কেজি. হবে আশা করা যায়।

২.১৫. নিগম তার অধীনস্থ দার্জিলিং ও ডুয়ার্স অঞ্চলের চা বাগানগুলির উৎপাদনশীলতা ও তৈরি চায়ের গুণমান আরও বাড়িয়ে তুলতে ১৯৯৭-৯৮ সালে চা বাগানগুলির সর্বাঙ্গীণ উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে গেছে। চায়ের উৎপাদন বাড়াতে নিগম বিবিধ উন্নয়ন কার্যক্রম হাতে নিয়েছে।

২.১৬. পশ্চিমবঙ্গ ঔষধ প্রস্তুতি ও উদ্ভিদরসায়ন উন্নয়ন নিগম (ওয়েস্ট বেঙ্গল ফার্মাসিউটিক্যাল অ্যান্ড ফাইটোকেমিক্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন) জলপাইগুড়ি, কল্যাণী ও বেহালায় বিবিধ মূল ভেষজ (বেসিক ড্রাগ), কৃষি রসায়ন, আয়ুর্বেদিক ঔষধ এবং গৃহস্থালীর উপযোগী সামগ্রী উৎপাদনে নিয়োজিত আছে। উত্তরবঙ্গের চা বাগিচা ও রাজ্যের অন্যান্য অংশের কৃষি এলাকার জন্য উদ্ভিদপ্রজনন বৃদ্ধি সহায়ক উদ্দীপক রসায়ন প্রস্তুতিতে জলপাইগুড়ির উদ্ভিদ রসায়ন কেন্দ্র উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। 'ফাইটোনল' শুধু চা-বাগিচা এলাকায় নয়, রাজ্যের অন্যান্য কৃষি এলাকাতেও ঈর্ষণীয় ব্যাপক বাজার পেয়েছে। উদ্ভিদরসায়ন নিষ্কাশনের জন্য একটি নিঃসারক প্ল্যান্ট (এক্সট্রাকশন

প্ল্যান্ট) এই জলপাইগুড়ি কেন্দ্রে স্থাপনের কাজ চলছে। গৃহস্থালী পণ্য নির্মাণ বিভাগে 'ফাইটোমস' নামে একটি উত্তম মশক বিতাড়ক উদ্ভাবন করা হয়েছে। 'ইউসোলিন' নামে একটি আয়ুর্বেদিক ঔষধও এই কেন্দ্রে উৎপাদিত হচ্ছে।

২.১৭. এছাড়া কৃত্রিম উদ্ভব (সিন্থেটিক অরিজিন) থেকে গুরুত্বপূর্ণ ভেষজ উৎপাদনের এক পরিকল্পনা এই নিগম গ্রহণ করেছে। সাবেকি প্রথায় লতাগুল্ম থেকে ঔষধাদি উৎপাদন প্রক্রিয়া পুনরারম্ভের সম্ভাবনা খতিয়ে দেখতে রাজ্যের এই সঞ্জীবনী সংস্থাটিকে সম্প্রতি ভারত সরকার একটি গবেষণা প্রকল্প মঞ্জুর করেছেন।

২.১৮. পশ্চিমবঙ্গ চিনি শিল্প উন্নয়ন নিগম আসন্ন মরশুমে উন্নত মাত্রায় আখচাষের পরিকল্পনা গ্রহণ করেছে যাতে করে ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরে আখ মাড়াই-এর কাজ যথাযথভাবে সম্পন্ন করা যায়।

২.১৯. পশ্চিমবঙ্গ খনিজ সম্পদ উন্নয়ন ও বাণিজ্য নিগম-এর অধীনে পুরুলিয়া জেলার বেলদি খনি কারখানার এবং রাঙ্গাডিহির পেষাই কারখানায় 'রক ফসফেট' উৎপাদনের কাজ অব্যাহত আছে। বর্তমান লক্ষ্যমাত্রা হ'ল—বছরে ১৫,০০০ টন 'পুরুলিয়া ফস' উৎপাদন ও বিপণন ; দু'হাজার সালের মধ্যে এই লক্ষমাত্রাকে ২০,০০০ টনে উন্নীত করার পরিকল্পনা রয়েছে।

২.২০. 'মাঝারি' ও 'বৃহৎ' শিল্প এর প্রসারের জন্য রাজ্য সরকারের শিল্প অধিকার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। শিল্পোন্নয়নের প্রতিক্রিয়াসমূহকে ত্বরান্বিত ও উদ্দীপিত করতে শিল্প অধিকার-এর সমস্ত শাখাগুলিকে একটি কমপিউটার শৃঙ্খলে সুসমন্বিত করা হয়েছে। এই অধিকার তার শিল্প গবেষণাগারে 'রং' ও 'বার্ণিশ' 'প্রযুক্তি' ও 'প্রস্তুতি' এবং স্বল্প পুঁজিতে সাবান এবং ইঙ্ক অ্যাডহেসিভ ডিসইনফেক্টান্ট প্রস্তুতির প্রশিক্ষণ দিয়ে থাকে। অনাবাসী ভারতীয় ও বিদেশি বিনিয়োগকারিদের বিভিন্ন শিল্পোন্নয়ন সংস্থার সাথে সংযোগসাধনে সহায়তাদানের জন্য শিল্প অধিকারে 'নাবাসী ভারতীয় শাখা' নামে একটি বিশেষ শাখা চালু করা হয়েছে। তাছাড়া রাজ্যে বহির্বাণিজ্যের উন্নতিকল্পে এই অধিকারের অধীনে 'বহির্বাণিজ্য উন্নয়ন শাখা' রপ্তানিকারকদের মধ্যে সহায়তাদানের কাজে নিয়োজিত আছে।

২.২১. এই রাজ্যের সিংকোনা ও অন্যান্য ভেষজ উদ্ভিদ অধিকার সারা দেশের মধ্যে একমাত্র প্রতিষ্ঠান যে প্রাকৃতিক 'কুইনাইন', 'কুইনিডাইন', 'এমিটিন' এবং 'ডায়োসজেনিন' উৎপাদন করে থাকে। এই অধিকারের ২৬,০০০ একর জমির মধ্যে দশ হাজার একরে 'সিংকোনা', 'ইপিকাক', ও 'ডায়োস্কোরিয়া'র চাষ হয়। তাছাড়া অতিরিক্ত ফসল হিসেবে এই জমিতে 'এলাচ', 'রবার', 'ট্যাক্সাস', এবং 'বাক্কাটা'-র চাষও করা

হয়। এর মধ্যে সিংকোনা চাষই প্রধান। ৯৭-৯৮ আর্থিক বৎসরে অতিরিক্ত একশ একর জমি সিংকোনা চাষের আওতায় আনা হয়েছে। ১২৫ একর জমিতে উন্নত জাতের 'ডায়াস্কোরিয়া'-র চাষ হচ্ছে। শ্রমিক কর্মচারিদের জন্য আদর্শ আবাসন প্রকল্প রূপায়ণে এই অধিকার সবিশেষ যত্নবান আছে। ৯৭-৯৮ আর্থিক বৎসরে এইরূপ প্রায় সত্তরটি শ্রমিক আবাস নির্মাণের কাজ চলছে। কমবেশি চুয়াত্তর শতাংশ শ্রমিক কর্মচারীর মধ্যে এইরূপ আবাস ইতিমধ্যেই বিলিবন্টন করা হয়েছে। পাইপ লাইনে পানীয় জল সরবরাহের মাত্রাও বাড়ানো হচ্ছে—প্রায় যাট শতাংশ শ্রমিক কর্মচারী বর্তমানে এই সুবিধা ভোগ করছেন।

২.২২. রাজ্যের অভ্যন্তরীণ খনি সন্ধান ও উন্নয়ন, খনি ও খনিজ সম্পদ অধিকার এর মূল লক্ষ্য। বিগত বছরের মতো এ বছরও সোনা, মৌলিক ধাতু সমূহ, টাংস্টেন, সিলিম্যানাইট ও কোরান্ডাম-এর মতো দুষ্প্রাপ্য ধাতুসমূহ এবং সুদৃশ্য প্রস্তর প্রভৃতির উৎস সন্ধানে রাজ্যের বিভিন্ন অঞ্চলে অনুসন্ধান-এর কাজ চলছে। পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় গ্রানাইট খনন-এর কাজে পশ্চিমবঙ্গ খনিজ সম্পদ উন্নয়ন ও বাণিজ্য নিগমকে এই অধিকার প্রয়োজনীয় সাহায্য দিয়ে আসছে।

২.২৩. সংশ্লিষ্ট বিধি ও আইনসমূহ প্রয়োগের মাধ্যমে ক্রেতাস্বার্থ সুরক্ষার জন্য বৈধ মাত্রাবিজ্ঞান (লিগ্যাল মেট্রোলজি) অধিকার সদা সচেষ্ট আছে। কেবল ৯৭-৯৮ আর্থিক বৎসরে ডিসেম্বর মাসে পর্যন্ত এই অধিকার ,৭৬,৯৪৫ জন ব্যবসায়ীর সাথে সংযোগ স্থাপন করতে পেরেছে এবং তার ফলে ১ কোটি ৩৮ লক্ষ টাকা ফি আদায় হয়েছে।

২.২৪. ফার্ম, সোসাইটি এবং ননট্রেডিং কর্পোরেশন সমূহের নিবন্ধকের অফিস থেকে এই রাজ্যের অংশীদারি ব্যবসা প্রতিষ্ঠান, সংঘ ও অব্যবসায়িক নিগমসমূহের নিবন্ধিভূক্ত হয়ে থাকে। বিগত পাঁচ বছর কালপর্বে বেসরকারি সংগঠন অধিক সংখ্যায় আত্মপ্রকাশ করায় নিবন্ধিভূক্তির আবেদনের মাত্রাও বৃদ্ধি পেয়েছে। কেবল ৯৭-৯৮ আর্থিক বৎসরে ফেব্রুয়ারি মাস পর্যন্ত ২৪৮৩টি সংঘ এবং ১৪৯০টি অংশীদারি কারবারী প্রতিষ্ঠানকে নিবন্ধভূক্ত করা হয়েছে।

২.২৫. সরকারি ছাপাখানাগুলির উন্নতিবিধানের চেষ্টা চলছে। আংশিক আধুনিকীকরণের পরিকল্পনাও রয়েছে। কলকাতা ও তৎসন্নিহিত জেলাগুলির সরকারি অফিসগুলিতে লেখনসামগ্রী যোগান দেওয়ার দায়িত্ব লেখনসামগ্রী কার্যালয় সুষ্ঠুভাবে প্রতিপালন করছে।

৩.

৩.১. মহাশয়, পশ্চিমবঙ্গে অতি দ্রুতগতির শিল্পায়নের একটি বাস্তব চিত্র তুলে

ধরার লক্ষ্যে আমি, ১৯৯১ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত এই রাজ্যে রূপায়িত ও রূপায়ণের পর্যায় থাকা শিল্পগুলির (অনাবাসী ভারতীয়, বিদেশি বিনিয়োগকারিদের প্রকল্পসহ) একটি সংক্ষিপ্ত বিবরণ এই সভাতে উপস্থাপন করছি—

১৯৯১ থেকে ১৯৯৭-এর ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে শিল্প প্রকল্পগুলির অবস্থা—

অনুমোদন প্রাপ্ত শিল্পপ্রকল্পের সংখ্যাঃ ১৬০৩,

রূপায়িত শিল্পপ্রকল্পের সংখ্যা ঃ ২৫৩।

**(২৫৩টি প্রকল্পের পরিসংখ্যানগত বিশ্লেষণ)**

| সাল | প্রকল্প সংখ্যা | অর্থের পরিমাণ (কোটি টাকার হিসাবে) |
|---|---|---|
| ১৯৯১ | ২৬ | ৮৪.৩৬ |
| ১৯৯২ | ৫৮ | ৪৯২.০৯ |
| ১৯৯৩ | ৪৯ | ৫৪৪.০০ |
| ১৯৯৪ | ৩৭ | ৪৯৩৮.৩৮ |
| ১৯৯৫ | ১৫ | ২৬০.৪৪ |
| ১৯৯৬ | ৩৩ | ৫৩৬.৬৪ |
| ১৯৯৭ | ৩৫ | ৪০৮.০৮ |
| মোট | ২৫৩ | ৭২৬৪.০০ আসন্ন |

**রূপায়িত প্রকল্পসমূহ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | উৎপাদন দ্রব্য | প্রকল্প ব্যয় | স্থান |
|---|---|---|---|---|
| ১. | কনসোলিডেটেড ফাইবার অ্যান্ড কেমিকেলস্ লি. | অ্যাক্রোলিক ফাইবার | ১৪৯ কোটি | হলদিয়া |
| ২. | স্পেসিফিক কটসপিন লি. | কটন ইয়ার্ন | ৬৬ কোটি | ফলতা |
| ৩. | কাজারিয়া আয়রন কাস্টিংস লি. | পিগ আয়রন | ৫৫ কোটি | দুর্গাপুর |
| ৪. | জে. জে. স্পেকট্রাম সিল্ক লি. | সিল্ক ফ্যাবরিক্স | ৪২ কোটি | আমতলা দঃ ২৪-পরগনা |

**রূপায়িত প্রকল্পসমূহ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | উৎপাদন দ্রব্য | প্রকল্প ব্যয় | স্থান |
|---|---|---|---|---|
| ৫. | ডেল্টা কর্পোরেশন লি. | অ্যালয় স্টিল কাস্টিং ও ইন্ডাস্ট্রিয়াল ভালবস | ৪৫ কোটি | ফলতা |
| ৬. | অ্যালকোয়া ইন্ডাস্ট্রিয়াল কেমিকেলস্ লি. | সিন্থেটিক ফেরিক অক্সাইজ | ১০০ কোটি | ফলতা |
| ৭. | মেট্রো ডেয়ারি | মিল্ক ও মিল্ক প্রোডাক্টস | ৪৯ কোটি | বারাসাত |
| ৮. | সেনবো ইন্ডাস্ট্রিস | IV ফ্লুইড | ২১ কোটি | সোনারপুর |
| ৯. | এলকিউ পলিয়েস্টার লি. | পি. ই. টি. রেসিন | ১৩০ কোটি | ফলতা |
| ১০. | ইন্ডিয়া ফয়েলস লি. | অ্যালুমিনিয়াম ফয়েলস | ১৩০ কোটি | কামারহাটি |
| ১১. | ভি. এক্স. এল. লেন্ডিস অ্যান্ড জি. ওয়াই আর লি. | এনার্জি মিটার | ৩০ কোটি | জোকা |
| ১২. | টাটা মেটালিকস লি. | পিগ আয়রন | ৫০ কোটি | খড়গপুর |
| ১৩. | স্টাইফেল উল্ড স্টু (আই) লি. | জুতা | ২৪ কোটি | দঃ ২৪-পরগনা |
| ১৪. | ক্রিস্টাইল কেবলস ইন্ডিয়া লি. | কেবল | ২৩ কোটি | আন্দুল, হাওড়া |
| ১৫. | ওয়েলম্যান ইনকান্ডিসেন্ট লি. | মেটালর্জিকাল কোক | ১০ কোটি | খড়গপুর |
| ১৬. | ড্রুয়েড ফার্মা লি. | ফার্মাসিউটিক্যাল প্রডাক্টস | ৮ কোটি | আমতলা |
| ১৭. | কেরো রাজেন্দ্র মোনোলিথিজ লি. | রিফ্যাক্টরি | ৫ কোটি | বরজোড়া, বাঁকুড়া |
| ১৮. | নিটওয়র্থ এক্সপোর্টস লি. | মোজা | ১১.২৫ কোটি | ভাসা, দঃ ২৪-পরগনা |
| ১৯. | ভারত পেট্রোলিয়াম লি. | অয়েল স্টোরেজ | ৪০ কোটি | হাওড়া |
| ২০. | ভিসুভিয়াস ইন্ডিয়া লি. | ইন্ডাস্ট্রিয়াল সিরামিকস | ৪০ কোটি | তারাতলা |
| ২১. | হিন্দুস্থান লিভার | সিন্থেটিক ডিটারজেন্ট | ২২ কোটি | জলপাইগুড়ি |
| ২২. | এ. সি. সি. লি. | সিন্থেটিক ফেরিক | ৫০ কোটি | ফলতা |
| ২৩. | ফিলিপস কারবন ব্লাক | কারবন ব্লাক | ৫০ কোটি | দুর্গাপুর |
| ২৪. | ভার্সাটাইল অয়ার্স | এনামেল্ড কপার অয়ার | ১৩ কোটি | রসপুঞ্জ, দঃ ২৪-পরগনা |
| ২৫. | আর. এস. সফটঅয়ার | সফটঅয়ার এক্সপোর্টস | ৬ কোটি | সল্ট লেক |

রূপায়িত প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | উৎপাদন দ্রব্য | প্রকল্প ব্যয় | স্থান |
|---|---|---|---|---|
| | প্রাইভেট লি. | | | |
| ২৬. | বায়াক্স লি. | বি. ও. পি. পি. ফিল্ম | ৫০ কোটি | বরজোড়া, বাঁকুড়া |

২০২১ রূপায়নের পথে বড় প্রকল্প—

প্রকল্প সংখ্যা : ৮৪টি

অনুমিত প্রকল্প ব্যয় : ১০,০৫৯ টাকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | উৎপাদন দ্রব্য | প্রকল্প ব্যয় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | হলদিয়া পেট্রোকেমিক্যালস লিঃ | পেট্রোকেমিক্যাল প্রোডাক্ট | ৫১৭০ কোটি | হলদিয়া |
| ২। | মিৎসুবিশি কেমিক্যালস কর্পোরেশন | পি. টি. এ. | ৬৬ কোটি | হলদিয়া |
| ৩। | বিষ্ণু কটন মিলস | কটন ইয়ার্ন | ৩৭ কোটি | বারাসাত |
| ৪। | হিন্দুস্থান লিভার লিঃ (এক্সপানসান) | সিন্থেটিক ডিটারজেন্ট অ্যান্ড আদার কেমিক্যালস | ৮০ কোটি | হলদিয়া |
| ৫। | রেড সেরামিকস লিঃ | মেকানাইজড ক্লে অ্যান্ড ফ্লাই অ্যাস ব্রিক্স | ২৩ কোটি | বজ বজ |
| ৬। | ইন্টারন্যাশনাল ফেরাইটিস লিঃ | ফেরাইটস | ৪২ কোটি | কল্যাণী |
| ৭। | এ. সি. সি.-টেলি কুয়ার্জ | কোয়ার্জ | ১২৫ কোটি | সল্ট লেক |
| ৮। | পেপসিকো ইন্ডিয়া হোল্ডিং লিঃ | সফট ড্রিংকস | ২১ কোটি | সোনারপুর (দঃ ২৪-পরগনা) |
| ৯। | ডেভেলপমেন্ট কনসালট্যান্টস লিঃ | ওয়ার্লড ট্রেড সেন্টার | ১২০ কোটি | সল্ট লেক |
| ১০। | চ্যাটার্জি গ্রুপ | রিফাইনারি | ২৯০ কোটি | হলদিয়া |
| ১১। | সেঞ্চুরি আয়রণ অ্যান্ড স্টিল | পিগ আয়রণ অ্যান্ড স্পঞ্জ আয়রণ | ৫৪৬ কোটি | খড়গপুর |
| ১২। | সাউথ এশিয়া পেট্রোকেম | পি. ই. টি. রেসিন | ৪২৫ কোটি | হলদিয়া |
| ১৩। | ক্যালটেক্স (আই) লিঃ | এল. পি. জি. স্টোরেজ | ২০০ কোটি | হলদিয়া |

রূপায়িত প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | উৎপাদন দ্রব্য | প্রকল্প ব্যয় | স্থান |
|---|---|---|---|---|
| ১৪। | ভূষণ ইন্ডাস্ট্রিজ লিঃ | কোল্ড রোল্ড জি. পি., জি. সি. সিটস | ২০০ কোটি | হলদিয়া |
| ১৫। | কগনিজেন্ট টেকনোলজি সলিউশন | সফটওয়ার | ৫০ কোটি | সল্ট লেক |
| ১৬। | সিমেন্স পাবলিক কম্যুনিকেশন নেট ওয়ার্কস | টেলি কম্যুনিকেশন অ্যান্ড সফটওয়ার | ৭৫ কোটি | সল্ট লেক |
| ১৭। | সিমোকো | মোবাইল কম্যুনিকেশন ইক্যুইপমেন্ট | ১০ কোটি | সল্ট লেক |

৪

৪.১. স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে আমরা স্যাহসী, প্রত্যয়ী এবং প্রতিশ্রুতিবদ্ধ। আত্মতুষ্টির কোনও অবকাশ নেই। অতীত গরিমা উদ্ধারের জন্য আমাদের এখনও অনেক পথ অতিক্রম করতে হবে—সে বিষয়ে আমরা সতত সচেতন। সর্বস্তরের মানুষজনের সাহায্য ও সহযোগিতাকে পাথেয় করে অচিরেই আমরা আমাদের এই রাজ্য পশ্চিমবঙ্গকে দেশের মধ্যে পুরোধা শিল্পোন্নত রাজ্য হিসাবে প্রতিষ্ঠিত করতে পারব এই আমাদের সুগভীর প্রত্যাশা।

৪.২. মহাশয়, দৈনন্দিন ন্যস্ত দায়িত্ব পালনের প্রশ্নে শুধু নয়, সেই সঙ্গে আমার বিভাগের সার্বিক কর্মকুশলতাকে উত্তরোত্তর সমৃদ্ধ করার মানসে সময়োচিত সুচিন্তিত নির্দেশ, উপদেশ ও পরামর্শ দান করার জন্য আমি এই সভার মাননীয় সকল সদস্য বন্ধুকে ও এই সভার অধীন বিভিন্ন কমিটিকে আমার সুগভীর কৃতজ্ঞতা ও অন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি এবং সঙ্গে সঙ্গে এই প্রত্যাশাও পোষণ করি—ভবিষ্যতেও আমি আপনাদের সকলের কাছ থেকে অনুরূপ উপদেশ ও পরামর্শ অবশ্যই পাব।

## DEMAND No. 25

**Major Heads :** "2059—Public Works, 2205—Art and Culture (Buildings)", 2216—Housing (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059— Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public

Health) (Buildings), 4210 —Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250— Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehouseing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) and 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings)''.

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,86,02,48,000 only be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2059—Public Works, 2205—Art and Culture (Buildings)", 2216—Housing (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059— Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210 —Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehouseing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital

Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) and 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings)".

(This is inclusive of a total sum of Rs. 1,28,66,02,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Kshiti Goswami on Demand Nos. 25 & 79 laid on the Table was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৯৮-৯৯ সালের জন্য ২৫নং এবং ৭৯নং দাবি খাতে যথাক্রমে ৩৮৬,০২,৪৮,০০০ টাকা (তিনশত ছিয়াশি কোটি দুই লক্ষ আটচল্লিশ হাজার) মাত্র এবং ৩৯২,৫০,৯০,০০০ টাকা (তিনশত বরানব্বই কোটি পঞ্চাশ লক্ষ নব্বই হাজার) মাত্র ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করছি। এই দাবির পরিমাণের মধ্যে পূর্ব অনুমোদিত ভোট-অন-অ্যাকাউন্ট-এর বরাদ্দ ধরা আছে।

মানননীয় সদস্যগণ অবহিত আছেন যে পূর্ত বিভাগ, পূর্ত (সড়ক) বিভাগ, পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ পশ্চিমবঙ্গের সরকারি বাড়ি, সড়ক, সেতু এবং অন্যান্য পূর্ত কার্যের পরিকল্পনা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করে থকে। পূর্ত বিভাগ এবং পূর্ত (সড়ক) বিভাগ বিদ্যমান সড়কগুলির উন্নতিবিধান ও দৃঢ়ীকরণ এবং যথাসম্ভব নতুন সড়ক এবং সেতু নির্মাণও করে। অবশ্য এই খাতে সীমিত বরাদ্দ ন্যূনতম লক্ষ্য পূরণের পথে প্রধান বাধা। উল্লেখিত আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও বিভিন্ন চালু প্রকল্প রূপায়ণে বেশ কিছু সাফল্য অর্জিত হয়েছে।

প্রথম সুযোগেই আমি পূর্ত (সড়ক) বিভাগের ১৯৯৭-৯৮ সালের কাজকর্মের বিবরণ ও আগামী ১৯৯৮-৯৯ সালের কর্মসূচির প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করতে চাই। আগেই বলেছি পূর্ত (সড়ক) বিভাগ নতুন সড়ক এবং সেতু নির্মাণের কাজ করে এবং নির্মিত সেতু ও সড়কগুলির রক্ষণাবেক্ষণ করে থাকে। ভারত সরকারের পক্ষে এই রাজ্যের জাতীয় সড়কের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজও এই বিভাগ করে থাকে। তাছাড়া অন্য সরকারি বিভাগ, স্থানীয় স্বায়ত্তশাসনাধীন সংস্থাও ও অন্যান্য সরকারি প্রতিষ্ঠানসমূহের অনুরোধে এবং তাদের প্রদত্ত অর্থে কিছু কিছু নির্মাণ কাজও করে থাকে।

আশা করা যায় ১৯৯৭-৯৯ সালের আর্থিক বছরে পরিকল্পনা খাতে বরাদ্দ অর্থে ৪৫ কিলোমিটার নতুন সড়ক নির্মাণ সম্ভব হবে।

(১) হুগলি জেলায় ত্রিবেণিতে সরস্বতী নদীর ওপর সেতুর নির্মাণ কাজ শেষ হয়েছে।

(২) বর্ধমান জেলার নতুনহাটে অজয় নদের ওপর নির্মীয়মাণ সেতুর কাজ শীঘ্রই শেষ হবে।

বিগত কয়েক বছরের বাজেট বক্তৃতায় একথা উল্লেখ করা হচ্ছে যে রাজ্যের বিভিন্ন অংশে সড়ক সম্পর্কে সাধারণ মানুষের মনে যে প্রত্যাশা রয়েছে তা পূরণ করা যাচ্ছে না। আর্থিক অপ্রতুলতা ছাড়াও তার নানাবিধ কারণও রয়েছে। পূর্বে বহু এলাকা কেবলমাত্র যোগাযোগ ব্যবস্থার অধীনে আনার লক্ষ্যে অনেক সড়ক নির্মাণ করা হয়েছিল যার প্রস্থ ও দৃঢ়তা যথেষ্ট ছিল না। এই কর্মসূচির উদ্দেশ্য ছিল, প্রথমে যত বেশি সম্ভব এলাকা সড়ক ব্যবস্থার অন্তর্ভূক্ত করা এবং গাড়ির চলাচল বৃদ্ধির সঙ্গে সঙ্গতি রেখে কালে কালে ওই সড়কের প্রস্থ ও দৃঢ়তা বৃদ্ধি করা। কিন্তু বাস্তবে তা করা সম্ভব হয়নি। সড়ক খাতে যে অর্থ পাওয়া গেছে তা নির্মিত সড়কগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ ও উন্নতিসাধনের জন্য ব্যয় না করে নতুন সড়ক নির্মাণের উদ্দেশে ব্যবহার করা হয়েছে। পরিকল্পনার প্রথমদিকে নির্মিত সড়কগুলির ক্ষেত্রেই এই ধরনের ক্রটি রয়ে গেছে। ফলে ওই রাস্তার প্রস্থ ও দৃঢ়তা বর্তমানের গাড়ি চলাচলের ভার বহন করতে পারছে না। তাই, ওই সড়কগুলির উন্নতিসাধন আশু প্রয়োজন। স্বাধীনতা-উত্তরকালে নির্মিত সড়ক পথগুলিরই এই ধরনের দুর্দশা হয়েছে। কারণ, যে সংখ্যায় ও যে পরিমাণ ওজন বহন করবার জন্য ওই সকল সড়ক নির্মিত হয়েছিল বর্তমানে সেই সড়কগুলিতে গাড়ি চলাচল কল্পনাতীত হারে বেড়েছে এবং গাড়িগুলি অনেক গুরুভার বহন করছে। অধুনা অধিকতর ভার বহনের উপযোগী গাড়ি অনুমোদন পাচ্ছে, এর সঙ্গে যুক্ত হচ্ছে এখানকার দুর্বল ভূস্তর, বন্ধ, নিকাশি ব্যবস্থা, অবিরাম একথা বলার অপেক্ষা রাখে না যে—অপ্রতুল সড়ক ব্যবস্থা দেশের শিল্প, বাণিজ্য, কৃষি, ভ্রমণ ও অন্যান্য অর্থনৈতিক কাজকর্মের প্রভূত ক্ষতিসাধন করে।

তাই পূর্ত (সড়ক) বিভাগ পরিকল্পনা খাতে প্রাপ্য বরাদ্দের একটি অংশ যানবহুল সড়কগুলির প্রশস্তিকরণ ও দৃঢ়ীকরণের কাজে বর্তমানে ব্যয় করে থাকে। অবশ্য এই পরিকল্পনার সার্থক রূপায়ণের জন্য রাজ্য বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করাও সম্ভবপর নয়। যা হোক, এই উদ্দেশ্যে ন্যায্য শর্তে বাইরের সাহায্য পাওয়ার সম্ভাবনাও খতিয়ে দেখা হচ্ছে। ইতিমধ্যে ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইনান্স কর্পোরেশন লিমিটেড কয়েকটি গুরুত্বপূর্ণ সেতু নির্মাণের জন্য আর্থিক ঋণ দিতে স্বীকৃত হয়েছে।

আমি একথা উল্লেখ করতে আনন্দিত বোধ করছি যে, দুর্গাপুর এক্সপ্রেসওয়ের ৬৫ কিলোমিটারের মধ্যে ৪৮ কিলোমিটার নির্মাণ সম্পূর্ণ হয়েছে এবং ১৯৯৭ সালের ডিসেম্বর মাসে তা জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। আমাদের নিরন্তর প্রচেষ্টার ফলে কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন মন্ত্রক সম্প্রতি স্থির করেছেন যে, ন্যাশনাল হাইওয়ে অথরিটি অব ইন্ডিয়া-এর মাধ্যমে তারা জাতীয় সড়কের নিম্নলিখিত অংশগুলি চার সারিতে সম্প্রসারণ ও দৃঢ়ীকরণের কাজ নিষ্পন্ন করবেন ঃ

(১) ২নং জাতীয় সড়কের পানাগড়-পালসিট-ডানকুনি-কলকাতা অংশ (৫১৫.২৩৬ কিলোমিটার ৬৭০ কিলোমিটার) ১৫৫ কিলোমিটার।

(২) ৬নং জাতীয় সড়কের কলকাতা-বাহরাগোড়া (পশ্চিমবঙ্গ-বিহার সীমান্ত)—সুবর্ণরেখা (পশ্চিমবঙ্গ-উড়িষ্যা সীমান্ত) (০ কিলোমিটার—২০৫.৬ কিলোমিটার) ২০৫ কিলোমিটার।

নিম্নলিখিত প্রকল্পগুলি রূপায়ণের জন্য আন্তরিক চেষ্টা চালানো হচ্ছে ;

(১)·৩৪নং জাতীয় সড়কে উত্তর দিনাজপুর জেলায় নাগার সেতু নির্মাণ।

(২) ২নং জাতীয় সড়কে বিবেকানন্দ সেতুর সংস্কারসাধন।

(৩) দুর্গাপুর এক্সপ্রেসওয়ের অবশিষ্ট অংশের নির্মাণ।

(৪) কচুবেড়িয়া ৮নং লটে পাকা জেটি নির্মাণ।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে—১৯৯৮-৯৯ বছরের গোড়ায় দ্বিতীয় বিবেকানন্দ সেতুর প্রাথমিক কাজও শুরু হচ্ছে।

এশীয় উন্নয়ন ব্যাঙ্কের আর্থিক সহায়তায় নির্মীয়মাণ পানাগড় মোড়গ্রাম (১৫০ কিলোমিটার) সড়কের কাজে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। পুরো সড়কপথের প্রায় ৭৭ শতাংশের বেশি কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে ও বাকি অংশে জোরকদমে কাজ চলছে। বিশ্বব্যাঙ্কের কারিগরি সহায়তা ঋণে রাজ্যের কতকগুলি গুরুত্বপূর্ণ সড়কের উন্নতিসাধন সম্পর্কে প্রোজেক্ট কো-অর্ডিনেটিং কনসালট্যান্টদের প্রকল্প প্রস্তুতির কাজ আগামী আর্থিক বছরের প্রথমে শুরু হয়ে যাবে বলে আশা করা যায়। প্রকল্প রূপায়ণের জন্য এই বিভাগে একটি ইউনিট গঠন করা হয়েছে এবং সেই ইউনিট কাজও শুরু করেছে। শীর্ষস্থানীয় উপদেষ্টাদের সাহায্যে তৈরি কারিগরি প্রস্তাবটি ইতিমধ্যে বিশ্বব্যাঙ্কের অনুমোদন পেয়েছে। প্রস্তাবটির আর্থিক মূল্যায়নও সম্প্রতি শেষ হয়েছে এবং অবিলম্বে তা বিশ্বব্যাঙ্কের কাছে পাঠানো হবে। ওই আর্থিক প্রস্তাব সম্পর্কে বিশ্বব্যাঙ্কের অনুমোদন পাওয়া গেলেই

ত্রিশটি রাজ্য সড়ক ও প্রধান জেলা সড়কের ১,৪৫৩ কিলোমিটার অংশে কার্যকারিতার পরীক্ষা চালানো হবে এবং তা থেকে প্রথম পর্যায়ে ৩৫০ কিলোমিটার ও দ্বিতীয় পর্যায়ে ৫৫০ কিলোমিটার দীর্ঘ সড়কপথ উন্নতিকরণের জন্য চূড়ান্তভাবে বাছাই করা হবে।

কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় সীমান্ত অঞ্চল উন্নয়ন কার্যক্রমের অধীনে চৌদ্দটি সড়ক ও সেতু নির্মাণ ও উন্নীতকরণের কাজ হাতে নেওয়া হয়েছে। নিম্নলিখিত সেতুগুলির নির্মাণে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে ঃ

(১) দক্ষিণ দিনাজপুর জেলার আমতলিঘাটে পুনর্ভবা নদীর ওপর সেতু,

(২) দক্ষিণ দিনাজপুর জেলার ট্যাঙ্গন নদীর ওপর সেতু।

এ রাজ্যের উত্তর অংশে বিহারে না গিয়ে পশ্চিমবাংলা থেকে পশ্চিমবাংলায় সরাসরি যাবার সড়কপথ এবং মালদহ-বালুরঘাট-এর বিকল্প পথ নির্মাণে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল প্রকল্পে (RIDF II) গৃহীত ৫১টি সড়ক ও ৩১টি সেতুর কাজ চলছে। RIDF III-তে গৃহীত ৪১টি সড়কের উন্নতিসাধন ও দৃঢ়ীকরণ এবং ২টি সেতু নির্মাণের জন্য প্রথম পর্যায়ে জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক থেকে ৯৬ কোটি ১০ লক্ষ টাকার অনুমোদন পাওয়া গেছে। ওই কাজের জন্য দ্বিতীয় পর্যায়ে ওই ব্যাঙ্ক থেকে অবিলম্বে আরও অর্থের মঞ্জুরি পাওয়া যাবে বলে আশা করা যায়।

পূর্ত বিভাগ রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ যথা—শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, স্বরাষ্ট্র (কারা), বিচার, সাধারণ প্রশাসন প্রভৃতি বিভাগের পক্ষে তাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনাভুক্ত নির্মাণকার্যের দায়িত্বভার বহন করে এবং সড়ক, সেতু ও সরকারি ভবনের পরিকল্পনা, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করে থাকে। তাছাড়া, জাতীয় নেতা, বিপ্লবী, শহিদ, সমাজসংস্কারক, সাহিত্যসেবী, মণীষীদের প্রতি সম্মান জ্ঞাপনের উদ্দেশ্যে তাদের মূর্তি নির্মাণ ও স্থাপন করে থাকে।

আমি এবারের পূর্ত বিভাগের ১৯৯৭-৯৮-এ সম্পাদিত কার্যাবলি ও আগামী ১৯৯৮-৯৯-এর যেসব কাজকর্ম অচিরে শুরু হবে তার উল্লেখ করতে চাই। গত বছরে নির্মীয়মাণ সরকারি ভবন ও সেতুগুলির মধ্যে নিম্নলিখিত প্রকল্পগুলির কাজ শেষ হয়েছে।

(১) আলিপুরে আদালত ভবন,

(২) কলকাতায় খাদ্য ভবন,

(৩) কসবা থানা ভবন,

(৪) গোবরডাঙায় যমুনা নদীর ওপর সেতু,

(৫) দক্ষিণ দিনাজপুর জেলায় হিলি-বালুরঘাট সড়কের লস্করপুরে সেতু,

(৬) কলকাতায় রাজ্য মহাফেজখানা।

নিম্নলিখিত সরকারি ভবন ও সেতু প্রকল্পগুলির কাজ সন্তোষজনকভাবে অগ্রসর হচ্ছে ঃ

(১) অসানসোল আদালত ভবন,

(২) দুর্গাপুর আদালত ভবন,

(৩) দার্জিলিং জেলায় বাতাসী স্বাস্থ্যকেন্দ্র,

(৪) জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজের শ্রুতিকক্ষ,

(৫) কোচবিহার জেলার তুফানগঞ্জে দমকল ভবন,

(৬) নদীয়া জেলায় রানাঘাটে চূর্ণী নদীর সেতু,

(৭) জলপাইগুড়ি জেলার জয়গাঁওয়ে রাজ্য অন্তঃশুল্কভবন,

(৮) বাঁকুড়া সম্মিলিনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে গাইনেকোলজিক্যাল কমপ্লেক্স,

(৯) কোচবিহার জেলার দিনহাটা গোঁসাইমারি সড়কে মাসানপাট সেতু। উল্লেখিত পরিকল্পগুলি ব্যতীত পূর্তবিভাগ নিম্নলিখিত কাজগুলি শুরু করেছে ;

(১) কলকাতার ব্যাঙ্কশাল কোর্টে বিচার ভবন,

(২) বেহালার এস. এন. রায় রোডে প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালা,

(৩) শিলিগুড়ির তৃতীয় মহানন্দা সেতু,

(৪) বিধাননগর কলেজের সায়েন্স ব্লক,

(৫) কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক ভবনসমূহের নব রূপায়ণ।

এই সভাকে জানাতে আমি গৌরবান্বিত বোধ করছি যে কলকাতায় বিধানসভা

ভবনে ডঃ বি. আর. আম্বেদকরের একটি ৯ ফুট দীর্ঘ ব্রোঞ্জ মূর্তি স্থাপিত হয়েছে এবং ১৯৯৭-এর ২রা জুলাই মাননীয় মুখ্যমন্ত্রী তার আবরণ উন্মোচন করেছেন।

প্রেসিডেন্সি কলেজের ফয়াতে হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওর একটি ব্রোঞ্জ মূর্তি স্থাপিত হয়েছে।

তাছাড়া, ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধীর ও পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত অজয়কুমার মুখোপাধ্যায়ের দুটি ১২ ফুট দীর্ঘ মূর্তির নির্মাণ কাজ শেষ হয়েছে।

ঐতিহাসিক তেভাগা আন্দোলনের স্মরণে দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে শীঘ্রই একটি স্মারক নির্মিত হবে।

পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ, শিক্ষা (স্কুল), শিক্ষা (উচ্চশিক্ষা), প্রাণীসম্পদ বিকাশ, তথ্য ও সংস্কৃতি প্রভৃতি বিভাগের অধীনস্থ ভবনগুলির নির্মাণ, সংস্কার ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে।

বিগত বছরে নিম্নলিখিত কাজগুলি শেষ হয়েছে ;

(১) বর্ধমান ও শিলিগুড়িতে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট,

(২) বর্ধমানে মহিলাদের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট,

(৩) বর্ধমান এবং শিলিগুড়িতে জেলা শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট,

(৪) পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের ব্যবহারের জন্য পূর্বতন বেঙ্গল ভেটেরিনারি কলেজের ভবনগুলির নবরূপায়ণ,

(৫) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে খাসিকামাথানিতে ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পুনর্নির্মাণ,

নিম্নলিখিত নির্মাণ কাজগুলিতে যথেষ্ট অগ্রগতি হয়েছে ঃ

(১) আলিপুরদুয়ার ও আমতলার ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট,

(২) শিলিগুড়িতে মহিলা পলিটেকনিক ভবন ও হলদিয়ায় মেঘনাদ সাহা পলিটেকনিক ভবন,

(৩) দুর্গাপুর রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ ভবনের সংস্কার ও পুনর্গঠন,

(৪) জলপাইগুড়ি, মালদহ, বাঁকুড়া, মেদিনীপুর ও উত্তর ২৪-পরগনায় জেলা শিক্ষণ ও প্রশিক্ষণ ইনস্টিটিউট,

(৫) ৩০-শয্যাবিশিষ্ট গোবরডাঙা গ্রামীণ হাসপাতাল,

(৬) মেদিনীপুর জেলার এগরায় ৬০-শয্যাবিশিষ্ট কর্মচারী বাসগৃহ,

(৭) বর্ধমান বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় ও বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভবনসমূহের পুনর্নির্মাণ ও নবরূপায়ণ।

তাছাড়া, আমি আর একটি প্রসঙ্গ উল্লেখ করতে চাই যে—উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগ এই বিভাগের হাতে বৃহত্তর কলকাতা উন্নয়ন এলাকার বাইরের ২২টি পৌর কলোনির উন্নয়নের দায়িত্বভার ন্যস্ত করেছে। সেগুলির মধ্যে ১৯টি কলোনি-সম্পর্কিত পরিকল্পনা পর্যায়ের কাজ শেষ হয়েছে ও নির্মাণের কাজ শুরু হয়েছে।

এই কটি কথা বলে ১৯৯৮-৯৯ সালের জন্য যে দাবিগুলি পেশ করলাম তা অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে অনরোধ জানাচ্ছি

## DEMAND No. 26

## Major Head : 2070—Other Administrative Services (Fire Protection and Control)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 48,35,00,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)".

(This is inclusive of a total sum of Rs. 16,12,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Ashok Bhattacharya on Demand Nos. 26 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৮-৯৯ সালে ২৬ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২০৭০—অন্যান্য প্রশাসনিক কৃত্যক (অগ্নি প্রতিরোধ ও

নিয়ন্ত্রণ)" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৪৮,৩৫,০০০ (আটচল্লিশ কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা অনুমোদন করা হোক। এই অঙ্কের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ১৬,১২,০০,০০০ (ষোল কোটি বার লক্ষ) টাকাও অন্তর্ভুক্ত। পৌর বিষয়ক বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কৃত্যকের নিয়মিত ও অসামরিক প্রতিরক্ষা উভয় শাখার ব্যয় নির্বাহের জন্য এই অর্থ ধার্য করা হয়েছে। এই হিসাবের মধ্যে নতুন দমকলকেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থবরাদ্দের দাবি অন্তর্ভূক্ত করা হয়নি। এই ব্যাপারে মূলধনী ব্যয় ২৫নং দাবির অধীন। "৪০৫৯—পূর্তখাতে মূলধনী ব্যয় (অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ)"-এর অন্তর্ভূক্ত হবে এবং পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তা উত্থাপন করবেন।

২। বর্তমানে সারা রাজ্যে ৮৪টি অগ্নি নির্বাপণ কেন্দ্র আছে। এর মধ্যে ৪৮টি নিয়মিত শাখার অধীন এবং বাকি ৩৬টি পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কৃত্যকের অসামরিক প্রতিরক্ষা শাখার অধীন। এর মধ্যে বেশির ভাগ অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলিই ভাড়া বাড়িতে অবস্থিত। প্রয়োজনীয় আর্থিক সংস্থান ও জমি পাওয়া গেলে পশ্চিমবঙ্গ সরকার সেইগুলিকে নিজস্ব স্থায়ী ভবনে স্থানান্তরের প্রচেষ্টা চালাচ্ছেন। রাজ্যের আরও বিস্তীর্ণ শহর অঞ্চলে বর্তমান সরকার নতুন দমকলকেন্দ্র স্থাপনের প্রচেষ্টা নিরবিচ্ছিন্নভাবে চালিয়ে যাচ্ছে।

২.১। রাজ্য সরকার বিধাননগর বারুইপুর, বৈষ্ণবঘাটা পাটুলি, বিজনবাড়ি এবং কালনায় যে অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলির নির্মাণের কাজ ইতিমধ্যেই হাতে নিয়েছেন সেই কাজ যথাযথভাবে অগ্রসর হচ্ছে।

২.২। রাজ্যের সীমান্ত অঞ্চলের পাঁচটি নতুন অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে সীমান্ত অঞ্চল উন্নয়ন প্রকল্পের এক কোটি টাকার কেন্দ্রীয় অনুদানে গঙ্গারামপুর, মালদা, বসিরহাট, বনগাঁ এবং ইসলামপুরে পাঁচটি অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে।

২.৩। রাজ্য সরকার দশম অর্থ কমিশনের বরাদ্দকৃত অর্থে ইতিমধ্যেই ডায়মন্ড হারবার, রঘুনাথপুর, যাদবপুর, রায়গঞ্জ এবং মুর্শিদাবাদের ধুনিয়ান অঞ্চলে নতুন অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের কাজ হাতে নিয়েছেন। এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন মুখ্য বাস্তুকারের নির্দেশনায় উক্ত কাজগুলি রূপায়িত হচ্ছে।

২.৪। বর্তমানে যে অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলি ভাড়া বাড়ি থেকে নিজস্ব স্থায়ী ভবনে সরিয়ে নেবার উদ্যোগ চলছে তার মধ্যে বর্ধমান, শিলিগুড়ি, উত্তর ব্যারাকপুর, উত্তরপাড়া এবং ক্যানাল ওয়েস্ট রোডের অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলি উল্লেখযোগ্য। দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে অগ্নি নির্বাপণ পরিষেবা ব্যবস্থা আরও সম্প্রসারণের চেষ্টা অব্যাহত

রয়েছে। দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলের শহর ও আধাশহরের জনগণের জন্য কালিম্পং, কার্শিয়াং ও বিজনবাড়িতে অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। এই পর্যায় পার্বত্য অঞ্চল উন্নয়ন প্রকল্পের অধীন কেন্দ্রীয় সহায়তার মাধ্যমে কার্শিয়াং, কালিম্পং ও বিজনবাড়ি অগ্নি নির্বাপণ কেন্দ্রে স্থায়ী ভবন নির্মাণের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে।

২.৫। নতুন অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের পাশাপাশি সরকার পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কৃত্যকের কর্মচারিদের আবাসনগুলির সংস্কার সাধনের কাজগুলিও অব্যাহত রেখেছেন। কুচবিহার, জলপাইগুড়ি, কাঁকিনাড়া ও বজবজে অবস্থিত আবাসনগুলির সংস্কার সাধনের বিষয়গুলি এই ব্যাপারে উল্লেখযোগ্য।

৩। উপযুক্ত প্রশিক্ষণ ও আধুনিক অগ্নি নির্বাপণ ব্যবস্থার সঙ্গে পরিচয় ঘটিয়ে দমকলকর্মীদের দক্ষতা ও কর্মনিপুণতা বৃদ্ধির জন্য পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপন কৃত্যকের পরিচালনায় বেহালা-ডায়মন্ড হারবার রোডে একটি অত্যাধুনিক প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। এই প্রশিক্ষণকেন্দ্রে যে সমস্ত বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে সেগুলি হল যথাক্রমে—Entry Level Induction Course, Service Refresher Course, Specialised & Skilled Course, Non-Departmental Course ইত্যাদি। বিগত ১-১-৯৭ তারিখ থেকে ৩১-১২-৯৭ সময়সীমায় বিভিন্ন স্বল্পকালীন প্রশিক্ষণের মাধ্যমে বেশকিছু দমকলকর্মী এই প্রশিক্ষণকেন্দ্রে উপযুক্ত প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এছাড়া দমকলবাহিনীর সকলস্তরের কর্মীদের দক্ষতা ও তৎপরতা বৃদ্ধির উদ্দেশ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের সাথে আলোচনার ভিত্তিতে উক্ত প্রশিক্ষণকেন্দ্রে একটি ২১/২ বছরের ডিপ্লোমা কোর্স ও একটি ছয় মাসের সার্টিফিকেট কোর্স প্রবর্তনের চেষ্টা চলছে।

৪। দমকলবাহিনী যাতে দক্ষতা বজায় রাখতে পারে ও আরও কর্মক্ষমতা ও সর্বশক্তি নিয়োজিত করে প্রশাসনকে দৃঢ় ও গতিশীল রাখতে পারে তার জন্য দমকলকর্মীদের চাকুরিগত বিভিন্ন সমস্যা ও দাবির মীমাংসার পাশাপাশি বেশ কিছু শূন্যপদ পূরণের প্রয়োজনীয় পদক্ষেপ ইতিমধ্যেই দেওয়া হয়েছে।

৫। দমকল বাহিনীর কাজের সম্প্রসারণ ছাড়াও পুরানো ও ক্ষয়প্রাপ্ত যন্ত্রপাতির বদলে নতুন এবং আরও কার্যকরী অগ্রাধিকারের ভিত্তিতে সংগ্রহ করা হচ্ছে। সরকারের আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার জেনারেল ইন্সিওরেন্স কর্পোরেশনের কাজ থেকে এ পর্যন্ত ঋণ হিসাবে ২,৮৬৬.৯৫ লক্ষ টাকা সংগ্রহ করেছেন, এই টাকা আধুনিক ও কর্মকুশল অগ্নি নির্বাপক যন্ত্রপাতি ক্রয়ের জন্য। এই ঋণের টাকায় সরকার অগ্নি নির্বাপণ সংক্রান্ত বিভিন্ন উন্নতমানের অত্যাধুনিক যন্ত্রপাতি যেমন Water tender,

Fire engine, Fire Jeeps, Breathing Apparatus, Aerial ladder, Combined foam and Carbon-di-oxide tender, Hydraulic cuttercum-spreader, Search cameras, Water bounser সংগ্রহ করেছেন।

৫.১। এখানে আরও উল্লেখ্য যে কেন্দ্রীয় সরকারের দশম অর্থ কমিশনে সহায়তায় অগ্নি নির্বাপণের বেশ কিছু উন্নতমানের অত্যাধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করে দমকল বিভাগকে আরও দঢ় ও শক্তিশালী করা হয়েছে। এ ছাড়াও রাজ্য সরকারের নিজস্ব বাজেট থেকে ৫০ লক্ষ টাকা ব্যয়ে সম্প্রতি অত্যন্ত আধুনিক ও উন্নতমানের কিছু যন্ত্রপাতি কেনা হয়েছে। যার মধ্যে Thermal image camera, Impulse fire fighting gun. Compressed air breathing apparatus, Pyroprotect delivery hoses উল্লেখযোগ্য। এইগুলি সাধারণত বিশেষ বিশেষ ক্ষেত্রে যেমন গঙ্গাসাগর মেলার মতো বহু জনসমাগম বিশিষ্ট জায়গায় অগ্নি নির্বাপণের লড়াইয়ে বিশেষভাবে কাজে দেয়। এ ছাড়া পশ্চিমবঙ্গ দমকল বিভাগের সদর কার্যালয় এবং নিয়ন্ত্রণ কক্ষকে Computer ব্যবস্থার আওতায় আনার পরিকল্পনা গৃহীত হয়েছে। দমকলবাহিনীর নেটওয়ার্ক-এ আরও আধুনিকীকরণের উদ্দেশ্যে সমস্ত দমকলকেন্দ্রগুলিকে Wireless-এর সংযোগের মাধ্যমে আবদ্ধ করার উদ্যোগ নেওয়া হয়েছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই আমার সঙ্গে সহমত পোষণ করবেন যে উক্ত ব্যবস্থা গ্রহণের নিরীখে অবশ্যই দমকল পরিষেবা বর্তমান আধুনিক সমাজের উপযুক্ত হয়ে উঠবে।

৬। দমকল একটি পরিষেবামূলক সংস্থা এবং এর উদ্দেশ্যে হল জনসাধারণের মধ্যে অগ্নি প্রতিরোধ চেতনা বৃদ্ধি করা। এই শাখা আগুনের ক্ষতি থেকে সম্পত্তি রক্ষার উদ্দেশ্যে বিশেষ বিশেষ বাড়ির, বাণিজ্যিক প্রতিষ্ঠান, গুদাম ও ভবনের নক্সা পরীক্ষা করে থাকে ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা কার্যকর করার সুপারিশ করে থাকে। এই প্রসঙ্গে উল্লেখযোগ যে Fire license প্রদান পদ্ধতির সরলীকরণ ও যুযোপযোগীকরণ এবং বর্তমান ও নতুন বহুতল এবং অধিক ঝুঁকিপ্রবণ বাড়িগুলির ক্ষেত্রে Fire safety certificate প্রদানের বিধিবদ্ধ সংস্থান রাখার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ ফায়ার সার্ভিসেস আইন, ১৯৫০ সংশোধন করা হয়েছে। সংশোধিত আইনে আইন লঙ্ঘনকারিদের দিয়ে আবশ্যিকভাবে বছরে একবার Mock drill করানো ; দমকল আধিকারিক দ্বারা অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা করা, অগ্নিকান্ডের সঠিক সংবাদ প্রদানকারী ব্যক্তিকে পুরস্কার প্রদান ইত্যাদি ব্যবস্থা রাখা হয়েছে।

১৯৯৭ সালের জানুয়ারি মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত দমকল বিভাগ ১৮৭টি নতুন গৃহনির্মাণ নক্সা পরীক্ষা করেছে ও উক্ত বাড়িগুলির নিরাপত্তার বিষয়ে যথাযথ সুপারিশ করেছে। এ ছাড়া ১৩২টি বহুতল বাড়িতে অগ্নি নিরোধক ব্যবস্থা দমকল বিভাগ

পরীক্ষিত হয়েছে ও ৩০০টি ঝুঁকিপ্রবণ বাড়ির ক্ষেত্রে বিধিবদ্ধ সংস্থান রাখার যথোপযুক্ত সুপারিশ প্রদান করেছে।

৬.১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, জনগণের সাহায্য ও সহযোগিতা ছাড়া অগ্নিজনিত দুর্ঘটনা কমানো এবং অগ্নি নিরাপত্ত ব্যবস্থা সফল করা সম্ভব নয়। অগ্নি প্রতিরোধ ব্যবস্থায় সকল মানুষকে সচেতন করার উদ্দেশ্যে প্রতিবছর এপ্রিল-মে মাসে পশ্চিমবঙ্গ সরকার সমস্ত দমকলকেন্দ্র স্তরে একমাসব্যাপী সচেতনতা বৃদ্ধির কর্মসূচি পালন করার ব্যবস্থা গ্রহণ করেছেন। বিভিন্ন সভা-সমিতি, প্রদর্শনী, প্রচার-পুস্তিকা বিতরণ, টেলিভিশন, রেডিও প্রভৃতি গণমাধমের সাহায্যে এই সচেতনতা বৃদ্ধির কাজ হয়ে থাকে। এ ছাড়া সারা রাজ্যব্যাপী প্রতি বছর একবার অগ্নি নিরাপত্তা সপ্তাহ পালন করে জনসাধারণকে অগ্নি প্রতিরোধ ব্যাপারে সচেতন করে তোলার কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৭। পশ্চিমবঙ্গ ফায়ার সার্ভিস (সংশোধনী) আইন, ১৯৯৬ গত ১-১১-৯৬ তারিখ থেকে বলবৎ আছে। উক্ত আইনটির বিভিন্ন ধারা অনুসারে ৩টি নতুন বিধি প্রণয়ন করা হয়েছে যার মধ্যে West Bengal (Fire Prevention & Fire Safety) Rules, 1997 নামক আইনটি ইতিমধ্যেই বলবৎ করা হয়েছে এবং আর বাকি ২টি আইন খুব শীঘ্রই চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই আইনের সঠিক প্রয়োগে অগ্নিজনিত দুর্ঘটনা বহুল পরিমাণে হ্রাস পাবে বলে আশা করা হচ্ছে।

৮। দমকলবাহিনীকে আরও উন্নত ও সুশৃঙ্খল ও মজবুত করার উদ্দেশ্যে দমকলকর্মীদের ড্রিল ও প্যারেড আবশ্যিক করা হয়েছে।

৯। ১৯৯৭ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্ত সর্বমোট ৬,৮৭৭টি আগুন নেভানোর সাধারণ ডাকে দমকলবাহিনী সাড়া দেয়। এর মধ্যে ৩৪টি বড় ধরনের অগ্নিকান্ড, ৬৩টি গুরুতর অগ্নিকান্ড, ৩৪৬টি মাঝারি ধরনের অগ্নিকান্ড, ৩,৩৭৫টি ছোট ধরনের অগ্নিকান্ড এবং ১,৪৭০টি উদ্ধার ও বিশেষ ধরনের কাজে এবং ১,৫৮৯টি আগুন লাগার ভুয়া খবর ছিল। উক্ত অগ্নিকান্ড ও দুর্ঘটনা কবলিত আনুমানিক ২৯৮.৬২ কোটি টাকার সম্পত্তির মধ্যে আনুমানিক ২৭৪.২০ কোটি টাকার সম্পত্তি দমকলবাহিনীর সময়োচিত হস্তক্ষেপের ফলে রক্ষা করা সম্ভভ হয়েছে।

মাননীয় সদস্যগণকে আমি আর জানাতে চাই যে, রাজ্যে দমকল বিভাগের অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলিতে এখনও যথেষ্ট প্রয়োজনীয় যন্ত্রপাতি ও লোকবলের অভাব থাকা সত্ত্বেও দমকলবাহিনীর নিরলস, বুদ্ধিদীপ্ত ও অক্লান্ত প্রচেষ্টায় জনজীবন ও সম্পত্তির ব্যবস্থা বিগত বছরে সফলভাবে প্রতিপালিত হয়েছে। দমকলবাহিনীর এই নিরলস ও অক্লান্ত প্রচেষ্টাকে সম্মানিত করার জন্য বেশ কিছু দমকলকর্মীকে রাষ্ট্রপ্রতি-পদক ও

অন্যান্য পুরস্কারে সম্মানিত করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, সকল দমকলকর্মী তাদের জীবনের ঝুঁকি নিয়ে আগুনের মোকাবিলা করেন কখনও কখনও তাদের সঙ্গে অযথা দুর্ব্যবহার করা হয়ে থাকে যা খুবই দুঃখের বিষয়। তাই আমি মাননীয় সদস্যবৃন্দের কাছে আবেদন করি যে আসুন আমরা এই বিষয়ে দমকলকর্মীদের পাশে থেকে জনসাধারণের সহযোগিতা কামনা করি।

১০। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, দমকল পরিষেবা বর্তমান আধুনিক সমাজের এক প্রয়োজনীয় ও অপরিহার্য অঙ্গ। বর্তমানে রাজ্যের শিল্পের প্রসারের সাথে সাথে দমকলবাহিনীর কার্যক্ষেত্রে আরও ব্যাপকভাবে বিস্তৃত হয়েছে। বেড়েছে অগ্নিসংক্রান্ত দুর্ঘটনার আশঙ্কাও। এই সার্বিক অবস্থানের কথা মাথায় রেখে আগামী দিনগুলিতে দমকলবাহিনীকে আরও কর্মক্ষম করে গড়ে তুলতে রাজ্য সরকারের প্রচেষ্টা অব্যাহত রাখতে আমরা দৃঢ়প্রতিজ্ঞ। দমকলবাহিনীকে আরও সুশৃঙ্খল ও মজবুত করার উদ্দেশ্যে তাদের চাকুরিগত বিভিন্ন সমস্যা ও দাবি সম্পর্কেও সরকার যথেষ্ট সচেতন। ইতিমধ্যেই এই সংক্রান্ত কিছু কিছু সমস্যা ও দাবিরও সুরাহা করা সম্ভব হয়েছে।

১১। মহাশয়, এই বক্তব্য রেখে আমি সভার অনুমোদনের জন্য আমার দাবি উপস্থিত করছি।

## DEMAND No. 27

### Major Head : 2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 133,18,07,000 be granted for expenditure under Demand No. 27, Major Head : "2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)".

(This is inclusive of a total sum of Rs. 44,39,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Srikumar Mukherjee on Demand No. 27 laid on the Table was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহোদয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২৭ নং দাবির অধীন "২০৭০—অপরাপর

প্র· ·নিক কৃত্যক (অগ্নি-সুরক্ষা ও নিয়ন্ত্রণ ব্যতীত)'' মুখ্যখাতে ১৯৯৮-৯৯ সালের প্রে· ·নীয় ব্যয় বাবদ ১৩৩,১৮,০৭,০০০ (একশত তেত্রিশ কোটি আঠার লক্ষ সাত হাজা· টাকার অনুমোদনের প্রস্তাব পেশ করার অনুমতি প্রার্থনা করছি। ইতোমধ্যে গৃহীত ·১৯৯৮-৯৯ সালের ভোট-অন-অ্যাকাউন্টের ৪৪,৩৯,০০,০০০ (চুয়াল্লিশ কোটি উনচল্লি· লক্ষ) টাকা এর মধ্যে ধরা হয়েছে।

২। মোট বরাদ্দের একটি প্রধান অংশ অসামরিক প্রতিরক্ষা সংক্রান্ত ব্যবস্থাবলী রূপায়ণ ও গৃহরক্ষী সংস্থার কার্যকলাপ চালু রাখার কাজে সুনির্দিষ্ট।

৩। এই দাবি পেশ করার সুযোগে আমি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের কার্যকলাপের মুখ্য দিকগুলি সভার সামনে উপস্থাপিত করছি।

৪। সংগঠন

৪.১। ষাটের দশকের সূচনাপর্বে ভারত-চিন সীমান্ত সংঘর্ষের সময়ে অসামরিক প্রতিরক্ষা সংস্থার গোড়াপত্তন ঘটে। এর মূল লক্ষ্য ছিল যুদ্ধজনিত আকস্মিক বিপর্যয়ে বিপন্ন মানুষের দুর্গতি লাঘব করা কালক্রমে প্রাকৃতিক দুর্যোগ, সামাজিক অসন্তোষ ও অন্যান্য অভাবিত ঘটনাবলীর দ্বারা সৃষ্ট সকল প্রকার বিপর্যয় মোকাবিলার কাজে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার কার্যপরিধি প্রসারিত হয়েছে। সমস্ত শাখাসহ এই সংস্থা প্রয়োজনের সময় জনসাধারণকে সাহায্য করতে সর্বদা প্রস্তুত থেকে জনসাধারণের পাশে দাঁড়ায়।

৪.২। অসামরিক প্রতিরক্ষা বিভাগ স্পষ্টতই দু'টি পৃথক সংস্থা নিয়ে সংগঠিত, যথা—(১) গৃহরক্ষী এবং (২) অসামরিক প্রতিরক্ষা। প্রতিটি সংস্থারই নিজস্ব কিছু দায়িত্ব আছে। এগুলি সংক্ষেপে নিচে বিবৃত করা হল ঃ

৫। গৃহরক্ষী সংস্থা

৫.১। এই সংস্থাটি তিনটি অংশে বিভক্ত ঃ

(ক) কলকাতা গৃহরক্ষী সংস্থা,

(খ) জেলা গৃহরক্ষী সংস্থা, এবং

(গ) সীমান্ত-শাখা গৃহরক্ষী সংস্থা।

এই তিনটি শাখায় ৪৭,০০০ স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রার ভিত্তিতে প্রায় ২৩,০০০ গৃহরক্ষী স্বেচ্ছাসেবক তালিকাভুক্ত। সমাজের সকল স্তরের মানুষদের মধ্য থেকে এদের নেওয়া হয় এবং কর্তব্য পালনের জন্য ডাকা হলে এদের পোশাক এবং দৈনিক

ভাতা প্রদান করা হয়।

৫.২। গৃহরক্ষী সংস্থা একটি স্থায়ী সংস্থাগত ব্যবস্থাপনায় সংগঠিত যার প্রধান হলেন পুলিশের ডিরেক্টর জেনারেল পদমর্যাদার একজন কম্যানডান্ট জেনারেল। কলকাতায় নগরপাল হলেন গৃহরক্ষীদের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত কম্যান্ড্যান্ট জেনারেল। জেলাগুলিতে লো কম্যান্ড্যান্ট থাকলেও পুলিশ সুপারগণ সামগ্রিক দায়িত্বে থাকেন। রাজ্য গৃহরক্ষী সংস্থার কম্যান্ড্যান্ট জেনারেলের নিয়ন্ত্রণাধীন একজন কম্যান্ড্যান্ট সীমান্ত-শাখা গৃহরক্ষী সংস্থার প্রধান।

৫.৩। **গৃহরক্ষীদের কর্তব্য ও কার্যকলাপ**

আইন-শৃঙ্খলা রক্ষা, যানবাহন নিয়ন্ত্রণে পুলিশকে সহায়তা করা এবং সরকারি ও আধা-সরকারি সংস্থার সম্পত্তি প্রহরার কাজে গৃহরক্ষী স্বেচ্ছাসেবকদের নিয়মিত মোতায়েন করা হয়। প্রতিবৎসর গঙ্গাসাগর মেলায় নানাবিধ কর্তব্য পালনের জন্য পুলিশকে সহায়তা করা এবং তীর্থযাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করার কাজে বিপুল সংখ্যক গৃহরক্ষী স্বেচ্ছাসেবক মোতায়েন করা হয়। পূজা-উৎসবের সময় সম্প্রীতি ও দর্শনার্থীদের নিরাপত্তা রক্ষার জন্যও তারা পুলিশের সঙ্গে কাজ করে। প্রজাতন্ত্র দিবস এবং ৬ই ডিসেম্বর অসামরিক প্রতিরক্ষা দিবস উপলক্ষে তারা সম্মিলিত কুচকাওয়াজে অংশগ্রহণ করে থাকে।

বিভিন্ন নির্বাচনে (পঞ্চায়েত, পৌরসভা ও সাধারণ নির্বাচন) পুলিশ কর্মীদের সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষার কাজে কলকাতা ও জেলাগুলিতে বিপুল সংখ্যক গৃহরক্ষী স্বেচ্ছাসেবক মোতায়েন করা হয়।

৫.৪। **সীমান্ত-শাখা গৃহরক্ষীদের কর্তব্য ঃ**

সীমান্ত-শাখা গৃহরক্ষী বাহিনীর সদস্যরা সীমান্ত নিরাপত্তা বাহিনীর সঙ্গে আমাদের আন্তর্জাতিক সীমান্ত প্রহরার দায়িত্ব পালনে অংশ নিয়ে থাকে এবং এই কাজে তাদের উল্লেখযোগ্য ঝুঁকিবহুল পরিস্থিতির সম্মুখীন হতে হয়। স্বাভাবিক পরিস্থিতিতে এবং সীমান্তে উত্তেজনাময় পরিস্থিতি চলাকালে সীমান্তবর্তী গ্রামগুলির স্থানীয় নিরাপত্তা সুনিশ্চিত করার ক্ষেত্রে তারা সহায়তা করে এবং এর দ্বারা স্থানীয় বাসিন্দাদের জমি আগলে পড়ে থাকার মনোবল বৃদ্ধি করে এবং সীমান্ত অঞ্চলে ছোটখাট চুরির ঘটনার প্রতিবন্ধক হিসাবে কাজ করে। আপৎকালীন পরিস্থিতিতে দূরসংযোগকারী লাইনগুলির সুরক্ষা ও সীমান্তবর্তী অঞ্চলের অভ্যন্তরীণ নিরাপত্তার সমস্যার সামাল দিতে তারা স্থানীয় প্রশাসনকে সহায়তা করে থাকে। অনুপ্রবেশ নিয়ন্ত্রণ ও প্রতিরোধেও তারা নিরাপত্তা বাহিনীকে সাহায্য করে।

৫.৫। **গৃহরক্ষীদের বারাক-আবাসন ঃ**

গৃহরক্ষীদের জন্য কোনও পৃথক ব্যারাকের ব্যবস্থা নেই। জেলাগুলিতে যে-সমস্ত গৃহরক্ষীদের কর্তব্য পালনে ডাকা হয়, বারাকের বন্দোবস্ত না থাকায় তাদের যথেষ্ট অসুবিধার সম্মুখীন হতে হয়। এই সমস্যার সমাধানের জন্য সরকার জেলাগুলিতে গৃহরক্ষীদের জন্য ব্যারাক স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। মেদিনীপুরে একটি এবং দার্জিলিং-একটি—মোট ব্যারাকের জন্য এবছর দশ লক্ষ টাকা অনুমোদন করা হয়েছে।

৫.৬। **গৃহরক্ষীদের প্রশিক্ষণ ঃ**

গৃহরক্ষীদের প্রশিক্ষণের জন্য কোনও প্রতিষ্ঠান নেই। এই অসুবিধা দূর করার লক্ষ্যে সরকার উত্তর দিনাজপুর জেলার ইটাহারে একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এই কাজের অনুমিত ব্যয় ১৭৮.৬২ লক্ষ টাকা এবং এর মধ্যে এই বছর ২৫ লক্ষ টাকা এই প্রতিষ্ঠানের জন্য অনুমোদিত হয়েছে।

৫.৭। **গৃহরক্ষীদের কর্তব্যভাতা ঃ**

গৃহরক্ষীদের জন্য কর্তব্যভাতা বিভিন্ন সময়ে সংশোধিত হয়েছে এবং বর্তমানে তাদের মাথাপিছু দৈনিক ৬৮ টাকা কর্তব্যভাতা প্রদান করা হয়।

৬। **অসামরিক প্রতিরক্ষা সংস্থা ঃ**

৬.১। কলকাতা এবং জেলাগুলিতে অসামরিক প্রতিরক্ষার স্থায়ী সংস্থাগত ব্যবস্থাপনার পাশাপাশি বিপুলসংখ্যক প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবীরা দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে ত্রাণ, উদ্ধার ও পুনর্বাসনের কাজে স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষকে সহায়তা করে। বন্যা, দুর্ঘটনা ও অন্যান্য বিপর্যয়জনিত আপৎকালীন পরিস্থিতিতে তাদের কাজ সবিশেষ উল্লেখের দাবি রাখে। দুর্যোগ ও বিপর্যয়ে অসামরিক প্রতিরক্ষা সংস্থার ভূমিকা জনসাধারণ যে ইতোমধ্যে প্রশংসার দৃষ্টিতে দেখেছেন, তা জেনে আমরা সন্তুষ্টা। প্রতি বৎসর গঙ্গাসাগর মেলা, দুর্গাপূজা ও অন্যান্য মেলাগুলিতে অসামরিক প্রতিরক্ষা সংস্থার স্বেচ্ছাসেবিরা মূল্যবান কাজ করে থাকে। এবছর কালিম্পং-এ ধ্বস নামলে দার্জিলিং জেলার অসামরিক প্রতিরক্ষা সংস্থার ছাত্র স্বেচ্ছাসেবিরা যে ভূমিকা পালন করেছিল আমি তা অবশ্য উল্লেখ করব প্রকৃতপক্ষে যে-কোনও ধরনের দুর্যোগ ও বিপর্যয়ে অসামরিক প্রতিরক্ষা সংস্থার বিভিন্ন শাখাগুলির কার্যকলাপ পুলিশ ও দমকলের মতো সংস্থাগুলিকে প্রভূত সহায়তা করে থাকে। তবে অসামরিক প্রতিরক্ষার ভূমিকা কেবলমাত্র পুলিশ ও দমকলের পরিপূরক নয়, বরং এর স্বকীয় বিশেষীকৃত একটি কার্যধারাও রয়েছে।

৬.২। বর্তমানে বন্যাদুর্গত অঞ্চলে ত্রাণ ও উদ্ধারকার্য পরিচালনা করা অসামরিক প্রতিরক্ষা জলবাহিনী এবং অসামরিক জরুরি বাহিনীর একটি নিয়মিত দায়িত্বে পর্যবসিত

হয়েছে। বন্যাপ্রবণ অঞ্চলগুলিতে প্রয়োজনের সময় জলমগ্ন মানুষদের উদ্ধার করার জন্য তাদের পূর্বাহ্নেই মোতায়েন করা হয়ে থাকে। এই কর্মীদের আউট-বোর্ড মোটর সংলগ্ন উদ্ধারকার্যে ব্যবহার্য নৌকাসহ প্রেরণ করা হয়। বন্যার সময় এই সমস্ত কর্মিরা জেলা প্রশাসনের অপরিহার্য সৈনিকরূপে বিবেচিত হয়ে থাকে।

৬.৩। প্রতি বৎসর উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বন্যা সংক্রান্ত পূর্বাভাস ও বার্তা প্রেরণের উদ্দেশে জলপাইগুড়ি ও কোচবিহার—এই দুটি জেলায় স্থাপিত বেতারবার্তা প্রেরণ-কেন্দ্রে মোতায়েনের জন্য পশ্চিমবঙ্গ অসামরিক জরুরি বাহিনী ও অসামরিক প্রতিরক্ষা জলবাহিনীর কর্মীরা অপরিহার্য হয়ে পড়েছে। এই দুটি জেলায় প্রতি বৎসর এজন্য তাদের মোতায়েন করা হয়।

৬.৪। আপৎকালীন পরিস্থিতিতে পুলিশ ও দমকল কর্মীদের সহায়তা করা ছাড়াও অসামরিক প্রতিরক্ষা সংস্থা নিজস্ব বিশেষীকৃত কার্যক্ষেত্র গড়ে উঠেছে।

গঙ্গাসাগর মেলা উপলক্ষে অসামরিক প্রতিরক্ষা জলবাহিনী ও অসামরিক জরুরি বাহিনীর সদস্যরা নিজস্ব বেতার-বার্তা প্রেণ ব্যবস্থা এবং আউট-বোর্ড মোটর সংলগ্ন যন্ত্রচালিত নৌকাসহ সত্ত্বর কর্মসম্পাদনের জন্য উপস্থিত থাকে।

৬.৫। কেন্দ্রীয় অসামরিক প্রতিরক্ষা প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিয়মিতভাবে অসামরিক প্রতিরক্ষা কর্মীদের প্রশিক্ষণ দিয়ে থাকে। অসামরিক প্রতিরক্ষা সংস্থার ইনস্ট্রাক্টরগণ ডেপুটি সুপারিন্টেনডেন্ট, ইনসপেক্টর, সাব-ইনসপেক্টর পদমর্যাদার বিপুলসংখ্যক পুলিশকর্মী এবং র‍্যাফ-কর্মীদের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সম্পর্কে প্রশিক্ষণ দিয়েছেন। প্রতিবৎসর নাগপুরে জাতীয় অসামরিক প্রতিরক্ষা কলেজে প্রশিক্ষণের জন্য বেশকিছু সিনিয়র স্টাফ অফিসার ইনস্ট্রাক্টর ও স্টাফ অফিসার ইনস্ট্রাক্টরদের পাঠানো হয়। জনসাধারণ ও ছাত্রদের অসামরিক প্রতিরক্ষা সম্পর্কে সচেতন করার জন্য অসামরিক প্রতিরক্ষা সংস্থা কর্তৃক অত্যাবশ্যক প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

৬.৬। আমরা সগর্বে ঘোষণা করতে চাই যে, পূর্ববর্তী বৎসরগুলির মতোই বিগত স্বাধীনতা দিবস এবং ১৯৯৮ সালের প্রজাতন্ত্র দিবসে দু'জন করে অসামরিক প্রতিরক্ষা আধিকারিককে তাদের মেধাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ সারা ভারত গৃহরক্ষী ও অসামরিক প্রতিরক্ষা পদক প্রদান করা হয়েছে।

৭। সময়ের সঙ্গে সঙ্গে অসামরিক প্রতিরক্ষা স্বাভাবিক পৌর জীবনের অঙ্গে পরিণত হয়েছে। অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা হল স্বয়ং নাগরিকদের দ্বারা সংগঠিত নাগরিকদের প্রতিরক্ষা। পরিবর্তনশীল পরিস্থিতি ও বিকাশশীলতার সঙ্গে তাল মিলিয়ে অসামরিক

প্রতিরক্ষা সংস্থা দক্ষতা বৃদ্ধির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

৮। এই বিভাগ সর্বদা এর শাখাগুলিকে জনমুখী রাখতে সচেষ্ট থেকেছে। যুদ্ধ বা শান্তি, পরিস্থিতি যাই হোক না কেন প্রয়োজনের সময় জনসাধারণের পাশে দাঁড়ানোর অঙ্গীকার এই বিভাগ পুনরায় দৃঢ়ভাবে ব্যক্ত করছে।

৯। বিভিন্ন খাতে দাবির বিস্তারিত বিবরণ নিচে দেওয়া হল ঃ

| | | টাকা |
|---|---|---|
| (১) ০০৩-প্রশিক্ষণ | | |
| (ক) যোজনা-বহির্ভূত | .. | ৪২,২৭,০০০ |
| (খ) রাজ্য-যোজনা | .. | ১০২,০০,০০০ |
| (২) ১০৪-নজরদারি | | |
| যোজনা-বহির্ভূত | .. | ১২,২০,৬৫,০০০ |
| (৩) ১০৫-বিশেষ তদন্ত আয়োগ | | |
| যোজনা-বহির্ভূত | .. | ২,৫৩,৬৮,০০০ |
| (৪) ১০৬-অসামরিক প্রতিরক্ষা | | |
| যোজনা-বহির্ভূত | .. | ১৭,৮৪,২০,০০০ |
| (৫) ১০৭-গৃহরক্ষী বাহিনী | | |
| যোজনা-বহির্ভূত | .. | ৫১,০১,১০,০০০ |
| (৬) ১১২-বাড়িভাড়া নিয়ন্ত্রণ | | |
| যোজনা-বহির্ভূত | .. | ১,৫৫,৫৫,০০০ |
| (৭) ১১৪-পরিবহ ক্রয় ও রক্ষণাবেক্ষণ | | |
| যোজনা-বহির্ভূত | .. | ২৯,৯৪,৬৫,০০০ |
| (৮) ১১৫-অতিথি নিবাস, সরকারি হস্টেল প্রভৃতি | | |
| যোজনা-বহির্ভূত | .. | ৯,৮২,০০০ |
| (৯) ১১৬-অভিবাসন ব্যুরো | | |

| | | |
|---|---|---|
| যোজনা-বহির্ভূত | .. | ১৭,০৫,০০০ |
| (১০) ১১৮-নাগরিকত্ব আইন সংক্রান্ত প্রশাসন | | |
| যোজনা-বহির্ভূত | .. | ৩৯,৬০,০০০ |
| (১১) ৮০০-অন্যান্য ব্যয় | | |
| (ক) যোজনা-বহির্ভূত | .. | ১৫,৬৯,৫০,০০০ |
| (খ) রাজ্য-যোজনা | .. | ২৮,০০,০০০ |
| সর্বমোট | .. | ১,৩৩,১৮,০৭,০০০ |

১০। মহাশয়, এই বিষয়গুলি উল্লেখ করে আমি ১৯৯৮-৯৯ সালের বাজেট মঞ্জুরির বিষয়টি সভায় গ্রহণ ও অনুমোদনের জন্য পেশ করছি।

## DEMAND No. 28

## Major Head : 2071—Pensions and Other Retirement Benefits

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 690,30,30,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits".

(This is inclusive of a total sum of Rs. 230,10,00,000 already voted on account)

## DEMAND No. 29

## Major Head : 2075—Miscellaneous General Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,36,25,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "2075—Miscellaneous General Services".

(This is inclusive of a total sum of Rs. 4,45,00,000 already voted on

account)

**DEMAND No. 30**

**Major Heads : 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2906,24,61,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture".

(This is inclusive of a total sum of Rs. 968,74,00,000 already voted on account)

Printed Budget Speeches of Shri Satya Sadhan Chakratorty, Shri Kanti Biswas, Shri Bansogopal Chowdhury, Srimati Anju Kar & Shri Nimai Mal on Demand Nos. 30 & 45 laid on the Table taken as read)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ৩০ নং অভিযাচনের অন্তর্গত "২২০২-সাধারণ শিক্ষা", "২২০৩-কারিগরি শিক্ষা", "২২০৫-কলা ও সংস্কৃতি বিষয়ের ঋণ"—এই চার খাতে ১৯৯৮-৯৯ আর্থিক বছরের জন্য মোট ২৯০৬ কোটি ২৪ লক্ষ ৬১ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করছি। ১৯৯৮-৯৯ সালের শিক্ষাখাতে ব্যয়-বরাদ্দের বৃহৎ অংশ ৩০ নং অভিযাচনের অন্তর্গত উপরোক্ত চার খাতে প্রস্তাবের অন্তর্ভুক্ত আছে। ১৯৯৮-৯৯ সালে শিক্ষাখাতে অন্যান্য অভিযানের অন্তর্গত ব্যয়-বরাদ্দের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রীগণ পেশ করবেন।

এই সঙ্গে ৪৫ নং অভিযাচনের অন্তর্গত "২২৫১-সেক্রেটারিয়েট সোশ্যাল সার্ভিস" খাতে ১৯৯৮-৯৯ আর্থিক বছরের জন্য ১৬ কোটি ২২ লক্ষ ১০ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করছি। প্রস্তাবিত এই অর্থ ১৯৯৮-৯৯ আর্থিক বছরে রাজ্য সরকারের ১৭টি বিভাগের কর্মীদের বেতন ও ভাতা ইত্যাদি প্রদানের জন্য ব্যয়িত হবে।

অন্তর্বর্তীকালের ব্যয়ের জন্য প্রস্তাবিত যথাক্রমে ৯৬৮ কোটি ৭৪ লক্ষ টাকা এবং

৫ কোটি ৪০ লক্ষ টাকা উপরোক্ত প্রস্তাব দুটির অন্তর্ভুক্ত।

আমরা বিংশ শতাব্দীর অন্তিম লগ্নে এসে উপনীত হয়েছি। বর্তমান শতাব্দীতে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির শতক হিসাবে চিহ্নিত করা হয়েছে। বিশ্বের বিশেষজ্ঞ মহল একবিংশ শতাব্দীকে বিজ্ঞান ও প্রযুক্তির অকল্পনীয় অগ্রগতির শতক হিসাবে উল্লেখ করেছেন৷ এই প্রেক্ষাপট বিচার করলে এই কথা অস্বীকার করার বিন্দুমাত্র সুযোগ নেই, স্বাধীনতার পঞ্চাশ বছর পরেও আমরা এই বিশ্ব-আঙ্গিনায় অনেক পিছিয়ে আছি। সেই জন্যই বিশ্বের নিরক্ষর মানুষের এক-তৃতীয়াংশের বাস বিশ্বের ১৬ শতাংশ মানুষের বাসভূমি—এই ভারতবর্ষে।

এটাই বাস্তব ঘটনা। বিশ্ব অত্যন্ত ক্ষুদ্র আকার নিয়েছে। বিভিন্ন দেশের দূরত্বের ব্যবধান অস্বাভাবিকভাবে সঙ্কুচিত হয়েছে। বিভিন্ন দেশের অর্থনীতির মধ্যে যোগাযোগ ঘনিষ্ঠ থেকে ঘনিষ্ঠতর হয়েছে। এই বাস্তব পরিস্থিতির দৃশ্যপটে দাঁড়িয়ে আগামী দিনের চ্যালেঞ্জকে যদি মোকাবিলা করতে হয়, শিক্ষার উপরে আমাদের যথোচিত গুরুত্ব আরোপ করতেই হবে। উচ্চতর শিক্ষার অন্যতম প্রধান দায়িত্ব হল বিভিন্ন ক্ষেত্রে যোগ্যতার ব্যক্তিত্ব প্রস্তুত করা। সর্বক্ষেত্রে গবেষণার সুযোগকে উন্নত করার উপর বিশেষ গুরুত্ব দেওয়া। দেশবাসীর বিরাট অংশকে নিরক্ষরতার অন্ধকারে রেখে দিয়ে উন্নত ব্যবস্থার সুযোগ কখনো গ্রহণ করা যায় না। সেই দিক বিচার করে সাক্ষরতার আন্দোলনকে শক্তিশালী করা এবং নিরক্ষরতার বেদনা থেকে সমাজকে মুক্ত করার বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। শিক্ষার বিষয়ে অনগ্রসর কোনও সমাজে যদি জ্ঞানের প্রসার ঘটাতে হয়, তার জন্য প্রয়োজন গ্রন্থাগারের। সাংস্কৃতিক চেতনার বিকাশেও গ্রন্থাগারের ভূমিকা থাকে বিশাল। সে কথাও আমাদের স্মরণে রাখতে হবে। আর্থিক উন্নয়নের জন্য এবং বেকারত্বের যন্ত্রণাকে প্রশমিত করার জন্য কারিগরি ও বৃত্তিগত শিক্ষার উপরে যথোপযুক্ত গুরুত্ব দিতে হবে। আর এই সমস্ত স্তরের শিক্ষার সমন্বয়সাধন এবং মানুষের মধ্যে নিহিত গুণাবলীকে বিকশিত করার ক্ষেত্রে সাধারণ শিক্ষা যাতে সকলের কাছে সহজলভ্য হয় তার প্রয়াস চালাতে হবে। ভারতবর্ষের মতো বিশাল দেশে রাজ্য সরকারের পক্ষে এই দায়িত্ব যথোপযুক্তভাবে পালন করা অত্যন্ত কঠিন। এতদ্‌সত্ত্বেও গত ২১ বছর ধরে এই দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এক অনবদ্য দৃষ্টান্ত রচনা করেছেন। দ্বাদশ লোকসভা নির্বাচনের মধ্য দিয়ে কেন্দ্রে একটি নতুন সরকার প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের প্রত্যাশা করতে বাধা নেই সেই সরকার শিক্ষার ক্ষেত্রে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়ে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করবে। শিক্ষাকে আরও গণমুখী, বিজ্ঞানভিত্তিক এবং সমস্ত প্রকার সাম্প্রদায়িকতা ও সঙ্কীর্ণতা-মুক্ত করার জন্য দেশব্যাপী যে সার্বিক প্রয়াস চলেছে তাকে তারা উৎসাহ দেবে। আমরা মাননীয় বিধায়কদের কাছে এই আবেদনই করব যে, বিভিন্ন

আলোচনা ও সমালোচনার মধ্য দিয়ে আমাদের কাজকে তারা আরও উন্নত করতে সাহায্য করবেন।

আমরা গত বছরের তুলনায় ১৭৭ কোটি ৬৫ লক্ষ ১ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব রাখছি। তারই কিছু প্রকল্পের লক্ষ্যমাত্রা এবং সাফল্যের বিবরণ উল্লেখ করা হল।

## বিদ্যালয় শিক্ষা

৬ থেকে ১৪ বছরের সকল শিশুকে বাধ্যতামূলক এবং অবৈতনিক মৌলিক শিক্ষার আওতায় আনতে হলে যে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন, স্বীকার করা সঙ্গত, বর্তমান পরিকাঠামোগত ব্যবস্থায় তা সংগ্রহ করা আমাদের সাধ্যাতীত। প্রাথমিক হিসাবে দেখা গেছে শুধু এজন্যই এককালীন প্রারম্ভিক ১০০০ কোটি টাকা এবং এ ছাড়া বছরে ১৩০০ কোটি টাকার প্রয়োজন। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে আমরা যা সম্ভব অর্থাৎ আমাদের সাধ্যের আওতায়, তাই করার প্রয়াস নিয়েছি। আমাদের হিসাবে, আগামী পাঁচ বছরে ৭২৪০টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারলে ৫ থেকে ৯ বছরের সব শিশুকে প্রাথমিক বিদ্যালয়ে জায়গা দেওয়া যাবে। উচ্চ-প্রাথমিক অর্থাৎ জুনিয়ার হাই-এর ক্ষেত্রে যথাসম্ভব বর্তমান বিদ্যালয়গুলির শ্রেণীকক্ষ বাড়িয়ে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন বিদ্যালয় স্থাপন করে নির্ধারিত বয়ঃশ্রেণীর যোগ্য শিশুদের সকলকে জায়গা দেওয়া সম্ভব। ...র পরিকল্পনা খাতে তদনুসারে অর্থের সংস্থান প্রস্তাবিত হয়েছে। কাঙ্খিত অর্থ মঞ্জুর হলে এবং আদালতের নিষেধাজ্ঞা না থাকলে আমরা এই সামান্য লক্ষ্যে পৌঁছাতে পারব বলে আশা রাখি।

## প্রাথমিক শিক্ষা

সংগঠিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মূল মামলাগুলি আদালতে নিষ্পত্তি হওয়ার পর বিগত আর্থিক বছরের শেষে আমরা এক হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের নির্দেশ জারি করেছিলাম। এই নতুন বিদ্যালয়গুলির জন্য তিন হাজার প্রাথমিক শিক্ষকের পদ এবং বর্তমান বিদ্যালয়সমূহের শিক্ষকের অভাব পূরণের জন্য দু'হাজার দু'শ পঞ্চাশটি অতিরিক্ত প্রাথমিক শিক্ষকের পদও সৃষ্টি করা হয়েছিল। প্রাথমিক শিক্ষকের শূন্যপদ পূরণের ক্ষেত্রে বর্তমান আর্থিক বছরে আমরা আবার আদালতের এক নির্দেশ যা নিষেধাজ্ঞারই সমতুল পেয়েছি। এ নির্দেশ অনুসারে সমস্ত শূন্যপদগুলি সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে তদুত্তরে যে সব দরখাস্ত পাওয়া যাবে, সেগুলিও কর্মসংস্থানকেন্দ্র থেকে প্রাপ্ত অনুমোদিত প্রার্থীদের সঙ্গে বিবেচনা করতে হবে। প্রাথমিক বিদ্যালয় সংসদগুলির বর্তমান পরিকাঠামোয় এই বিপুল সংখ্যক প্রার্থীর আবেদন পরীক্ষা ও বাছাই করা আদৌ

সম্ভব নয়। এই সঙ্কট নিরসনে আমরা আইনবিশারদগণের পরামর্শ চেয়েছি। আমাদের আন্তরিক সদিচ্ছা সত্ত্বেও নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন এবং শিক্ষকপদ পূরণের ক্ষেত্রে আমরা বারবার বাধার সম্মুখীন হচ্ছি। তদসত্ত্বেও আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখার আশা রাখি।

**নতুন মৌলিক কর্মসূচি :** বিগত আর্থিক বছরের শেষে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের প্রচেষ্টায় সারা রাজ্যে এক হাজার শিশুশিক্ষাকেন্দ্র খোলার নির্দেশ জারি করা হয়েছে। চল্লিশোর্ধ্বা শিক্ষিত মহিলারা এই সব কেন্দ্রে সামান্য সাম্মানিকের বিনিময়ে লেখাপড়া শেখাবেন। জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির মাধ্যমে এই প্রকল্প কার্যকর করা হচ্ছে। সেজন্য ন্যূনতম মৌলিক কর্মসূচির আওতায় পরিকল্পনা খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়েছে।

এ ছাড়া, প্রাথমিক বিদ্যালয়গুলির নতুন গৃহনির্মাণ এবং বর্তমান বিদ্যালয়গুলিতে অতিরিক্ত কক্ষ নির্মাণের জন্য বর্তমান বছরের মতো আগামী আর্থিক বছরেও অর্থের সংস্থান রাখা হয়েছে। এ বছর এজন্য ১৭ কোটি ২৮ লক্ষ টাকার অনুদান মঞ্জুর করা হয়েছে।

দ্বিপ্রাহরিক খরার প্রকল্পে বর্তমানে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট প্রকল্পে মাথাপিছু মাসিক ৩ কেজি চাল বা গম সরবরাহ করা হচ্ছে। এই প্রকল্পের অন্যান্য ব্যয়, যথা—পরিবহনের খরচ, কাগজপত্র, রেজিস্টার ইত্যাদি কম এবং শিশুশিক্ষাকেন্দ্রগুলির শিশুদের জন্য দ্বিপ্রাহরিক খাবারের ব্যবস্থা ইত্যাদির জন্য সরকারের পরিকল্পনা খাত থেকে এ বছর ১২ কোটি ৯০ লক্ষ টাকার অনুদান মঞ্জুর করা হয়েছে।

**উৎসাহদান প্রকল্প :** বর্তমান বছরের মতো প্রাথমিক বিদ্যালয়ের তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রীদের এবং অন্যান্য বালিকাদের ২০ শতাংশকে বছরে একবার বিদ্যালয়ের পোষাক সরবরাহের জন্য আগামী আর্থিক বছরেও পরিকল্পনা খাতে অর্থের সংস্থান রাখা হয়েছে। এ ছাড়া, প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্যও অনুদান প্রস্তাবিত হয়েছে। নির্বাচন ইত্যাদির জন্য এ বছর এই প্রতিযোগিতার শেষ পর্যায়ে— যা রাজ্যস্তরে আয়োজিত হয়— তা করতে বিলম্ব হয়ে গেল।

**জেলা প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প :** চলতি আর্থিক বছরে এই প্রকল্পের আওতায় যে পাঁচটি জেলা, যথা—কুচবিহার, মুর্শিদাবাদ, বাঁকুড়া, বীরভূম ও দক্ষিণ ২৪-পরগনা আছে, সেখানে কাজ শুরু করা হয়েছে। ভারত সরকারের মাধ্যমে এজন্য যুক্তরাজ্যের ডি. এফ. আই. ডি. থেকে ১৪ কোটি টাকার অনুদান পাওয়া গেছে। রাজ্য সরকারের দেয় ২ কোটি ৪৭ লক্ষ টাকা (১৫ শতাংশ)-ও মঞ্জুর করা হয়েছে। প্রকল্পের কাজ

উৎসাহজনকভাবে এগিয়ে চলেছে।

**পাঠ্যপুস্তক ঃ** প্রতি বছরই প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সকল শিশুকে 'বিনামূল্যে বিভিন্ন ভাষার পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়ে থাকে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরেও প্রয়োজনীয় অর্থের বরাদ্দ প্রস্তাবিত হয়েছে।

**শিক্ষার গুণগত মান উন্নয়ন ঃ** 'সকলের জন্য শিক্ষা'-র লক্ষ্য অর্জনে যে কর্মধারার সূচনা হয়েছে তার তিনটি উদ্দেশ্য ঃ (১) পাঁচ বছরের উর্ধ্বে সকল শিশুকে বিদ্যালয়ে নিয়ে আসা, (২) তাদের বিদ্যালয়ে ধরে রাখা এবং (৩) 'আনন্দপাঠ' প্রকল্পের মাধ্যমে তাদের শিক্ষার ন্যূনতম মানে পৌঁছতে সাহায্য করা। জেলা পরিষদ, স্থানীয় পঞ্চায়েত, পৌরসভা ও সাধারণ প্রশাসনের সহায়তায় এবং ইউনিসেফের সহযোগিতা ও অর্থানুকূল্যে রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদ এ পর্যন্ত ১৩টি জেলার ৪০০০ প্রাথমিক বিদ্যালয়কে 'আনন্দপাঠ' প্রকল্পের আওতায় আনতে পেরেছে। আশা করা যায় এই প্রকল্প সফল হবে এবং ভবিষ্যতে সমস্ত প্রাথমিক বিদ্যালয়কে এর আওতায় আনা যাবে।

শিক্ষার গুণগত মান উন্নয়নকল্পে রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ বিভিন্ন সময়ে প্রাথমিক শিক্ষক, শিক্ষাকর্মী ও শিক্ষা প্রশাসকদের নিয়ে কর্মশালা ও সেমিনারের আয়োজন করে চলেছে।

**জেলা শিক্ষা ও শিক্ষণ সংস্থা ঃ** এটি একটি কেন্দ্রীয় প্রকল্প। আমরা ৫টি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ সংস্থাকে জেলা শিক্ষা ও শিক্ষণ সংস্থায় উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করেছিলাম। সেগুলির নির্মাণ এবং বৈদ্যুতিকীকরণের কাজ প্রায় শেষ পর্যায়ে। সম্প্রতি আমরা আরো ৬টি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ সংস্থাকে জেলা শিক্ষা ও শিক্ষণ সংস্থায় উন্নীতকরণ এবং ২টি নতুন জেলা শিক্ষা ও শিক্ষণ সংস্থা নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেয়েছি। এগুলির নির্মাণকার্য আগামী বছরে শুরু করা যাবে বলে আশা করা যায়।

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের শিক্ষা সংক্রান্ত নির্দেশনায় এই জেলা শিক্ষা ও শিক্ষণ সংস্থাগুলি প্রাথমিক শিক্ষার সার্বিক উন্নয়নের ব্যাপারে ভবিষ্যতে বিশেষ ভূমিকা নেবে বলে আশা করা যায়।

**দশম অর্থ কমিশনের অনুমোদন ঃ** দশম অর্থ কমিশনের অনুমোদন অনুসারে বর্তমান বছরের মতো ১৯৯৮-৯৯ সালের পরিকল্পনা বাজেটেও অর্থ মঞ্জুরির প্রস্তাব রাখা হয়েছে। এই অর্থের সাহায্যে প্রাথমিক বিদ্যালয়ের কিছু শ্রেণীকক্ষ নির্মাণ, প্রাথমিক বিদ্যালয়গুলিতে পানীয় জলের ব্যবস্থা এবং জুনিয়র হাইস্কুলের ছাত্রীদের জন্য শৌচাগার নির্মাণ করা হচ্ছে।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা

১১-১৪, ১৪-১৬ এবং ১৬-১৮ বছর বয়সের অন্তর্ভুক্ত সব শিশুকে বিদ্যালয়ের আওতায় আনার প্রয়াসে বর্তমান বিদ্যালয় পরিকাঠামোর উন্নতি ও পরিবর্ধনের কথা আমরা ভেবেছি। সেজন্য শুধু শিক্ষক ও শিক্ষাকর্মীর পদ সৃষ্টিই নয়, শ্রেণীকক্ষ নির্মাণের জন্যও অর্থের সংস্থান বর্তমান বছরের মতো ১৯৯৮-৯৯ সালের পরিকল্পনা খাতেও প্রস্তাবিত হয়েছে। বরাদ্দকৃত অর্থ মঞ্জুর সাপেক্ষে এ ব্যাপারে আমাদের উদ্যোগ অব্যাহত থাকবে। পঠন-পাঠনের গুণগত মান বৃদ্ধির জন্য অন্যান্য বছরের মত আগামী বছরের বাজেটেও বিদ্যালয়ের গ্রন্থাগার, ল্যাবরেটরি, শিক্ষক-শিক্ষণের ব্যবস্থাদির উন্নয়ন ইত্যাদির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। পূর্বের ন্যায় আগামী আর্থিক বছরেও নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপন ও উচ্চবিদ্যালয় ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার প্রস্তাব রাখা হয়েছে।

রাজ্যের মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণে আমাদের প্রচেষ্টা অব্যাহত আছে। কেন্দ্রীয় সরকারও এ ব্যাপারে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। রাজ্যের ১০৮টি সংখ্যালঘু অধ্যুষিত ব্লকের মধ্যে এ পর্যন্ত আমরা ২৭টি ব্লকের প্রত্যেকটিতে ৬টি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণের জন্য ৭৫০০ টাকা হিসাবে এবং ১টি উচ্চ-প্রাথমিক (জুনিয়র হাই) বিদ্যালয়ে শ্রেণীকক্ষ নির্মাণের জন্য ১,৫০,০০০ টাকা ও পঠন-পাঠন সরঞ্জাম ক্রয়ের জন্য ৫০,০০০ টাকা হিসাবে অনুদানের মঞ্জুরি পেয়েছি। এই ২৭টি ব্লকের মধ্যে ১৯টি ব্লকের অনুদানের মঞ্জুরি সম্প্রতি পাওয়া গেছে। এ ছাড়া আরো ২৫টি ব্লকের জন্য আমাদের অনুরূপ প্রস্তাব মানব সম্পদ উন্নয়ন বিকাশ মন্ত্রণালয়ের বিবেচনাধীন রয়েছে। এ ছাড়া বর্তমান মাদ্রাসাগুলির পরিকাঠামোগত উন্নয়ন ও নতুন মাদ্রাসার অনুমোদনের জন্যও প্রয়োজনীয় অর্থের সংস্থান আমরা পরিকল্পনা বাজেটে প্রস্তাব করেছি।

**কম্পিউটার-সাক্ষরতা ঃ** এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের সহায়তায় বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার-শিক্ষা প্রচলিত করা হয়। এ বছর অতিরিক্ত কিছু বিদ্যালয়ে এই প্রকল্পকে প্রসারিত করার উদ্যোগ নেওয়া হয়েছে।

**বিদ্যালয় কৃত্যক আয়োগ ঃ** বর্তমান বছরে আমরা বিদ্যালয় কৃত্যক আয়োগ স্থাপন করেছি। জুনিয়র হাই, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলির শিক্ষক নিয়োগ এখন থেকে এই আয়োগের সুপারিশ ব্যতিত আর করা যাবে না। একটি কেন্দ্রীয় আয়োগের অধীনে চারটি আঞ্চলিক আয়োগ এ ব্যাপারে কাজ শুরু করেছে। সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে আবেদন আহ্বান, যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়া এবং সর্বশেষে উপযুক্ত প্রার্থী তালিকা প্রস্তুত—সবই এখন থেকে আঞ্চলিক আয়োগ করবে।

এই আয়োগগুলির কার্যক্রম পরিচালনা বাবদ প্রয়োজনীয় অর্থের প্রস্তাব বর্তমান বছরের মতো আগামী বছরের বাজেটেও পরিকল্পনা খাতে রাখা হয়েছে।

**রাজ্য মুক্ত বিদ্যালয় ঃ** বিদ্যালয়ছুট, বয়স্ক এবং অন্যান্য যারা নানা কারণে লেখাপড়া শেখার সুযোগ পাননি তাদের শিক্ষার সুযোগ দানের জন্য বর্তমান বছরে রাজ্য মুক্ত বিদ্যালয় স্থাপিত হয়েছে। জাতীয় মুক্ত বিদ্যালয়ের মতই পঠনকেন্দ্রের মাধ্যমে এই শিক্ষা চালু করা হবে। এই পঠনকেন্দ্রগুলি ব্লকস্তর পর্যন্ত সম্প্রসারিত করার প্রয়াস নেওয়া হচ্ছে।

**শরীর শিক্ষা এবং রাজ্য ক্রীড়া বিদ্যালয় ঃ** অন্যান্য বছরের মতো এবারেও আমাদের রাজ্যের বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভিন্ন জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং বিশেষ সাফল্য অর্জন করেছে। খেলাধূলায় বিশেষ পারদর্শী শিশুদের প্রতিভার সম্যক স্ফূরণের উদ্দেশ্যে আমরা একটি স্পোর্টস স্কুল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছিলাম বেশ ক'বছর আগেই। এজন্য উপযুক্ত জায়গা না পাওয়ায় এতদিন এ ব্যাপারে বিশেষ অগ্রগতি সম্ভব হয়নি। সম্প্রতি উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের কাছ থেকে নদীয়া জেলার গয়েশপুরে প্রায় ২৪ একর জমি পাওয়ার সম্ভাবনা হয়েছে। ঐ জমি পাওয়া গেলে সেখানে বিদ্যালয় গৃহ নির্মাণের জন্য সত্বর ব্যবস্থা নেওয়া হবে। এজন্য আগামী বছরের পরিকল্পনা খাতের বাজেটে অর্থের সংস্থান প্রস্তাবিত হয়েছে।

**প্রশাসনিক ভবন ঃ** পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নিজস্ব প্রশাসনিক ভবন নির্মাণের জন্য রাজ্য সরকার লবণহ্রদে ১৮.৬৫৫ কাঠা জমি বরাদ্দ করেছে। এখানে আনুমানিক ১৫২.৮২ লক্ষ টাকা ব্যয়ে একটি ছ'তলা বাড়ি তৈরির প্রস্তাব রাজ্য পরিকল্পনা পর্ষদ অনুমোদন করেছে। এজন্য বর্তমান বছরের মত ১৯৯৮-৯৯ সালের বাজেটেও পরিকল্পনা খাতে অর্থের সংস্থান প্রস্তাবিত হয়েছে।

পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদ লবণহ্রদে সরকার প্রদত্ত জমিতে প্রশাসনিক ভবন নির্মাণের কাজ শুরু করেছে। এজন্য পরিকল্পনা খাতে এ বছরের মতো আগামী বছরেও অর্থের সংস্থান রাখা হয়েছে।

পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের কেন্দ্রীয় প্রশাসনিক ভবন নির্মাণের কাজ প্রায় সমাপ্তির মুখে। শুধু বৈদ্যুতিক কাজ এবং অভ্যন্তরীণ পার্টিশন, সাজসজ্জা ইত্যাদির কাজ বাকি রয়েছে। এছাড়া উত্তরবঙ্গে প্রশাসনিক ভবন ও আধিকারিকদের বাসগৃহ নির্মাণ এবং কর্মচারিদের বাসস্থানের সংস্কার ইত্যাদি কাজের জন্য ইতিমধ্যেই অর্থ বরাদ্দ করা হয়েছে। আগামী বছরের বাজেটেও এজন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান প্রস্তাবিত হয়েছে।

এ ছাড়া, হাওড়া ও উত্তর দিনাজপুরে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের ভবন নির্মাণের কাজ চলছে। হুগলিতে শিক্ষা বিভাগের সমস্ত অফিসগুলির জন্য প্রশাসনিক ভবন নির্মাণের কাজ চলছে। আগামী বছরের বাজেটে এজন্য সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান প্রস্তাবিত হয়েছে।

**অবসরকালীন সুযোগ-সুবিধা ঃ** রাজ্যের সকল সরকারি সাহায্যপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষাকর্মীদের অবসরকালীন সুযোগ পূর্বে ছিল নামমাত্র। তাকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়েছে। দু-একটি ব্যতিক্রম ছাড়া এই সুযোগসুবিধা রাজ্যের সরকারি কর্মচারিদের মতো করা হয়েছে। কিন্তু অবসরপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষাকর্মীদের চাকুরি সংক্রান্ত কাগজপত্রের কিছু জটিলতা, প্রাথমিক শিক্ষকদের অবসরকালীন বয়সের বিষয়ে আদালতে মামলা অমীমাংসিত থাকা ও অন্যান্য কারণে—দুর্ভাগ্যের হলেও সত্য—এই অবসরকালীন সুযোগ মঞ্জুর করার ক্ষেত্রে অনেক সময় বিলম্ব হয়। এই সকল ব্যবস্থাকে ত্বরান্বিত করার জন্য অর্থবিভাগের সাথে আলোচনা করে এর সমাধানের চেষ্টা করা হচ্ছে।

## উচ্চশিক্ষা

**বিশ্ববিদ্যালয় শিক্ষা ঃ** এই বছর নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একে আরও উন্নত ও শক্তিশালী করে গড়ে তুলতে হবে। অনুন্নত এবং গ্রামাঞ্চলের ছাত্রছাত্রীদের পরিষেবার জন্য আগামী বছর কলকাতার বাইরে অবস্থিত বিশ্ববিদ্যালয়গুলিকে অর্থাৎ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়—এদেরকে আরও শক্তিশালী করে গড়ে তোলবার প্রয়োজন আছে।

আগামী বছরের কর্মসূচিতে বিশেষীকৃত বিষয়গুলির শিক্ষণ ব্যবস্থার উন্নতিকল্পে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। বিশেষত বিশ্ববিদ্যালয়গুলির অধীনে অগ্রবর্তী ও সম্ভাবনাপূর্ণ ক্ষেত্রগুলিতে এই ব্যবস্থা আরও জোরদার করা হবে।

বর্তমান আর্থিক বছরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধীনে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যা বিষয়ে সম্ভাবনাময় ক্ষেত্রগুলিতে ২৬টি অধ্যাপক পদ সৃষ্টি করা হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার কেন্দ্র এবং বায়োকেমিস্ট্রি বিভাগের জন্য কয়েকটি পদ সৃষ্টি করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরে বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে মেঘনাদ সাহা তারামণ্ডল ও মহাকাশ বিজ্ঞান কেন্দ্রের রক্ষণাবেক্ষণের জন্য ৫০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এর ফলে, এই প্রতিষ্ঠানটি স্বনির্ভর হয়ে উঠতে পারবে।

উচ্চশিক্ষা ক্ষেত্রে নীতি নির্ধারণ ও পাঠক্রম প্রস্তুত করবার জন্য পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা সংসদ আরও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারবে বলে আশা করা হচ্ছে। তার জন্য সংসদকে পর্যাপ্ত আর্থিক সহায়তা দানেরও প্রয়োজন রয়েছে। এছাড়া, বিশ্ববিদ্যালয়সমূহে এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলিতে মৌলিক বিজ্ঞান বিষয়ে গবেষণার উন্নতিকল্পে বিশেষ গুরুত্ব আরোপ করবার জন্য পর্যাপ্ত আর্থিক সংস্থান করা দরকার।

**সরকারি মহাবিদ্যালয়গুলি ঃ** আরও অধিক সংখ্যক ছাত্র-ছাত্রীদের কাছে স্নাতকোত্তর শিক্ষা গ্রহণের সুযোগ পৌঁছে দেবার কর্মসূচির অঙ্গ হিসাবে রাজ্যের চারটি সরকারি মহাবিদ্যালয়ে স্নাতকোত্তর পঠন-পাঠনের ব্যবস্থা চালু করা হয়েছে। স্নাতকোত্তর শ্রেণীতে পঠন-পাঠনের জন্য প্রেসিডেন্সি কলেজে রসায়ন এবং ভূতত্ত্ব বিদ্যা বিষয়ে এবং কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে সাম্মানিক বিষয়গুলির পাঠক্রম চালু করার প্রস্তাব সক্রিয়ভাবে চিন্তা করা হচ্ছে। হলদিয়া সরকারি মহাবিদ্যালয়ের ছাত্রাবাস নির্মাণের কাজ, বারাসত সরকারি মহাবিদ্যালয় এবং প্রেসিডেন্সি কলেজের পরীক্ষাগারগুলির আধুনিকীকরণের কাজ এবং বিধাননগর সরকারি মহাবিদ্যালয় নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

সরকারি চারু ও কারুশিল্প মহাবিদ্যালয়ের অধীনে এম. ভি. এ. পাঠক্রম চালু করার প্রস্তাবটি সরকার সক্রিয়ভাবে চিন্তা করছেন। কেন্দ্রীয় সরকারের আনুকূল্যে এবং রাজ্য সরকারের সহায়তায় শিক্ষক-শিক্ষণের সুযোগসুবিধার উন্নতিকল্পে কলকাতার ডেভিড হেয়ার ট্রেনিং কলেজকে আই. এ. এস. ই.-তে উন্নীত করা হয়েছে।

**বেসরকারি মহাবিদ্যালয় ঃ** ১৯৯৭-৯৮ সালে এই রাজ্যের ১৬টি বেসরকারি মহাবিদ্যালয়ে সাম্মানিক পাঠক্রমসহ ৩১টি নতুন বিষয়ে, যেমন—কমপিউটার সায়েন্স, মাইক্রোবায়োলজি, ইলেক্ট্রনিক্স প্রভৃতি বিষয়ে পাঠক্রম চালু করা হয়েছে। উচ্চশিক্ষা বিভাগ স্নাতকস্তর কলেজগুলিতে বৃত্তিমূলক পাঠক্রম চালু করার কথাও চিন্তা করছে। চলতি আর্থিক বছরে ৩টি নতুন স্নাতক পর্যায়ের মহাবিদ্যালয় গ্রামাঞ্চলে স্থাপিত হয়েছে। বেসরকারি মহাবিদ্যালয়গুলি, বিশেষ করে যেগুলি পশ্চাদপদ এবং প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত সেগুলির উন্নয়নকল্পে ১৯৯৮-৯৯ সালের বাজেটে বাড়তি সংস্থান করা আবশ্যক। রাজ্যের বেসরকারি মহাবিদ্যালয়গুলির শিক্ষা অনুষদ ও প্রশাসনকে শক্তিশালী করার উদ্দেশ্যে বর্তমান বছরে এ পর্যন্ত ২২৯টি শিক্ষক পদ ও ৮৪টি অশিক্ষক পদ সৃষ্টি করা হয়েছে। কলেজ সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী বিভিন্ন বেসরকারি মহাবিদ্যালয়ে যে নতুন পদগুলি পূরণ করা হবে সেই পদগুলির বেতন প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ করতে হবে। আগামী বছরে মহিষাদল গার্লস মহাবিদ্যালয় ও মেমারী মহাবিদ্যালয়ের ছাত্রীনিবাস নির্মাণ প্রকল্পের কাজ আরম্ভ করতে হবে। এতদ্‌ভিন্ন, বেসরকারি মহাবিদ্যালয়গুলিতে পরীক্ষাগার নির্মাণ ও গ্রন্থাগার উন্নয়নের জন্য প্রভূত পরিমাণ অর্থ উন্নয়ন-অনুদান হিসাবে দেওয়া

হয়েছে।

**কারিগরি শিক্ষা (উচ্চ) ঃ** বর্তমানে এই রাজ্যে ১১টি ইঞ্জিনিয়ারিং ও কারিগরি মহাবিদ্যালয়ে স্নাতক পর্যায়ে শিক্ষাপ্রদান করা হয়। বি. ই. কলেজ একটি পরিগণিত বিশ্ববিদ্যালয় হিসাবে উন্নীত হয়েছে। শ্রীরামপুরের টেক্সটাইল টেকনোলজি কলেজে স্নাতকোত্তর পাঠক্রম চালু করা হয়েছে। সল্টলেকে ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট নামে একটি ১০০ আসন সংখ্যাবিশিষ্ট বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ ১৯৯৭-৯৮ সাল থেকে পঠন-পাঠন শুরু করেছে। সিরামিক টেকনোলজি কলেজে ও লেদার টেকনোলজি কলেজে স্নাতকোত্তর পাঠক্রম চালু করার প্রস্তাব বিবেচনাধীন আছে। এতদ্‌ভিন্ন, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট-এ বৃত্তিমূলক পাঠক্রমের পঠন-পাঠনের ব্যবস্থা আছে এবং তারা রাজ্য সরকারের কাছে আর্থিক অনুদান পেয়ে থাকেন। ১৯৯৮-৯৯ সালে এই বিভাগ যে গুরুত্বপূর্ণ কার্যক্রমগুলি গ্রহণ করতে চায় তার মধ্যে অন্যতম হল নতুন সরকারি ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠা। জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজে দুটি ১০০ আসন বিশিষ্ট ছাত্রাবাস এবং বর্তমান ছাত্রীনিবাসটির উলম্ব প্রসারণের প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। এছাড়া, শ্রীরামপুর ও বহরমপুরের টেক্সটাইল কলেজ দুটিতে বহুসংখ্যক নির্মাণকার্য হাতে নেওয়া হয়েছে। জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজে নতুন শাখা বিষয় চালু করার প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনাধীন আছে।

**সমাজশিক্ষা ঃ** বিজ্ঞান ও কলা বিভাগের বিভিন্ন শাখায় গবেষণাকার্যে উৎসাহ প্রদান করার উদ্দেশ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থা যারা সাংস্কৃতিক, নন্দনতাত্ত্বিক ও শিক্ষামূলক কর্মকান্ডে নিয়োজিত আছে রাজ্য সরকার তাদের নিয়মিত আর্থিক অনুদান দিয়ে থাকেন। এই প্রতিষ্ঠানগুলির মধ্যে আছে যাদবপুরের ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কাল্টিভেশন অব সায়েন্স, বঙ্গীয় সাহিত্য পরিষদ, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, ইনস্টিটিউট অব হিস্টরিক্যাল স্টাডিজ প্রভৃতি সংস্থা। পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ ও পশ্চিমবঙ্গ হিন্দি অ্যাকাদেমিকে শক্তিশালী ও সংহত করে গড়ে তোলার জন্য উল্লেখযোগ্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ডুপ্রে কমপ্লেক্সকে ইনস্টিটিউট দ্য চন্দননগরে রূপান্তরিত করা এবং এই প্রতিষ্ঠানটিকে ইন্দো-ফরাসি শিক্ষাকেন্দ্র রূপে গড়ে তোলা উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক গৃহীত একটি বড় পদক্ষেপ। এতদ্‌ভিন্ন, এই বিভাগ মহাপুরুষদের বসতবাটিগুলিকে অধিগ্রহণ করে সেগুলিকে স্মৃতিসৌধ রূপে গড়ে তোলা এবং সেখানে বিভিন্ন শাখার বিদ্যাচর্চার কেন্দ্র স্থাপন করার কাজ হাতে নিয়েছে। রাজ্য মহাফেজখানাকে উজ্জীবিত করে তোলার জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে। ৪৩, সেক্সপিয়ার সরণিতে রাজ্য মহাফেজখানার নতুন কার্যকরী ভবন নির্মাণ এই লক্ষ্যে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ।

উক্ত ভবনটির নির্মাণকার্য সমাপ্তপ্রায় এবং খুব অল্পদিনের মধ্যেই পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট এই ভবনটি উচ্চশিক্ষা দপ্তরের হাতে তুলে দেবেন—এমন আশা করা যায়।

**শারীরচর্চা শিক্ষা ঃ** ছাত্রছাত্রীদের সর্বাঙ্গীণ উন্নতিকল্পে সরকারি এবং বেসরকারি মহাবিদ্যালয়গুলিতে শারীরচর্চা শিক্ষণের সুযোগসুবিধা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। স্নাতকোত্তর শ্রেণীতে শরীরচর্চা শিক্ষা পাঠক্রম ইতিমধ্যেই বাণীপুর শরীরচর্চা শিক্ষা মহাবিদ্যালয়ে চালু করা হয়েছে। এই রাজ্যের জাতীয় সমরশিক্ষার্থী বাহিনীর ইউনিটগুলির জন্য নির্মিত ভবনগুলির সংস্কার করা প্রয়োজন।

আগামী বছরে জাতীয় সমরশিক্ষার্থী বাহিনীর অন্যান্য ইউনিটগুলির জন্য ভবন নির্মাণের প্রস্তাব বিবেচনাধীন আছে।

**ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্স ঃ** ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্স ইউনিট থেকে রাজ্যের বিভিন্ন জেলার উপর পূর্ব প্রকাশিত ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্সগুলির পুনঃমুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমাদের রাজ্যের ইতিহাস ও ঐতিহ্যের পরিপ্রেক্ষিতে এই গেজেটিয়ার্সগুলির মূল্য অপরিসীম।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলির ক্ষেত্রাধিকারের পরিবর্তন বিষয়ে মনমোহন চক্রবর্তী-কৃত গ্রন্থটি ১৯৯০ সাল পর্যন্ত সাম্প্রতিক তথ্যসম্বলিত হয়ে শীঘ্রই প্রকাশিত হবে।

**পরিচালনা ও প্রশাসন ঃ** 'বিকাশ ভবন'-এর রক্ষণাবেক্ষণের জন্য উচ্চশিক্ষা বিভাগের উপর দায়িত্ব দেওয়া হয়েছে। এই ভবনের নানাবিধ পরিকাঠামোগত সুযোগসুবিধা বৃদ্ধির পাশাপাশি একটি স্বয়ংক্রিয় দূরভাষ বিনিময়কেন্দ্র স্থাপন করা হয়েছে।

উচ্চশিক্ষা বিভাগের সচিবালয়ে একটি কম্প্যুটার ব্যবস্থা স্থাপনের প্রস্তাবও সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। এই উদ্দেশ্যে পরবর্তী বছরের ব্যয়-বরাদ্দ খাতে পর্যাপ্ত অর্থ সংস্থানের ব্যবস্থা করতে হবে।

## কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ

রাজ্যে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ ক্ষেত্রের উন্নতিবিধান ও সম্প্রসারণে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ দায়বদ্ধ। এই বিভাগ কর্তৃক কারিগরি শিক্ষার বিভিন্ন প্রকল্প ডিপ্লোমা স্তরে পলিটেকনিক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে, কারুশিল্পের প্রশিক্ষণ জুনিয়র টেকনিক্যাল স্কুল ও শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়গুলির মাধ্যমে, প্রথাবহির্ভূত বৃত্তিমূলক প্রশিক্ষণ কমিউনিটি পলিটেকনিকের মাধ্যমে এবং স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ জেলা পরিষদগুলির মাধ্যমে রূপায়িত হচ্ছে।

রাজ্যে কারিগরি শিক্ষার মানোন্নয়নের উদ্দেশ্যে বিশ্বব্যাঙ্কের সহায়তায় একটি প্রকর্মী শিক্ষা প্রকল্পও এই বিভাগ কর্তৃক রূপায়িত হচ্ছে। ১৯৯৮ সালের ১লা জানুয়ারি পর্যন্ত এই প্রকল্পের মাধ্যমে ৫৫,৫২,৮৩,০০০ টাকা ব্যয় করা হয়েছে।

## পলিটেকনিক শিক্ষা

### ১৯৯৭-৯৮ আর্থিক বছরের সাফল্যসমূহ ও আগামী কর্মসূচি

বিশ্বব্যাঙ্ক সহায়তা প্রকল্পের মাধ্যমে ৪টি নতুন পলিটেকনিক প্রতিষ্ঠান যথা, (১) মহিলা পলিটেকনিক, চন্দননগর, (২) মহিলা পলিটেকনিক, শিলিগুড়ি, (৩) ডঃ মেঘনাদ সাহা ইনস্টিটিউট ও টেকনোলজি, হলদিয়া এবং (৪) রূপারায়ণপুর পলিটেকনিক, বর্ধমান-এ ইতিমধ্যে নিম্নে বর্ণিত ইঞ্জিনিয়ারিংয়ে নতুন ডিপ্লোমা পাঠক্রমের পঠন-পাঠন শুরু হয়েছে ঃ

(১) ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, (২) ফার্মাসি, (৩) আর্কিটেকচারাল অ্যাপ্রেনটিশশিপ, (৪) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, (৫) ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি, (৬) প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।

কয়েকটি বিদ্যমান সরকারি পলিটেকনিক প্রতিষ্ঠানে কম্পিউটার অ্যাপ্লিকেশন-এ ডিপ্লোমোত্তর পাঠক্রম এবং কম্পিউটার সায়েন্স ও টেকনোলজি, ফটোগ্রাফি অ্যান্ড সিনেমাটোগ্রাফি বিষয়ে ডিপ্লোমা পাঠক্রম প্রবর্তন করা হয়েছে।

আগামী শিক্ষাবর্ষ (১৯৯৮-৯৯) থেকে বিদ্যমান ৫টি পলিটেকনিক প্রতিষ্ঠানে মেডিক্যাল ইলেক্ট্রনিক্স, ফাউন্ড্রি টেকনোলজি, পেট্রো-কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, মাইনিং ইলেক্ট্রনিক্স এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ের উপর ডিপ্লোমা উত্তর পাঠক্রম প্রবর্তিত হবে। উক্ত প্রকল্পের অধীনে গৃহীত বিদ্যমান ২৮টি পলিটেকনিক প্রতিষ্ঠানসমূহের সম্প্রসারণ কার্য সম্পূর্ণ হয়েছে। রূপনারায়ণপুর পলিটেকনিকের শিক্ষাভবন এবং ছাত্রছাত্রীদের আবাসগৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। কর্মিদের বাসস্থান ও অন্যান্য পরিকাঠামোগত উন্নতি বিষয়ক কাজকর্মও সম্পূর্ণ হয়েছে। চন্দননগর, শিলিগুড়ি ও হলদিয়াতে অবস্থিত ৩টি নতুন পলিটেকনিকের নির্মাণকাজ সন্তোষজনকভাবে চলছে। আশা করা যায়, আগামী শিক্ষাবর্ষ শুরু হওয়ার আগেই শিলিগুড়ি ও চন্দননগর উভয় পলিটেকনিক প্রতিষ্ঠানের শিক্ষাবভন ব্যবহারের উপযুক্ত হবে।

শিল্পসংস্থা ও শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে নিবিড় যোগাযোগ স্থাপনের উদ্দেশ্যে কারিগরি শিক্ষা অধিকারের নবগঠিত কেন্দ্রীয় প্রশিক্ষণ ও নিযুক্তি সেল এবং প্রত্যেকটি পলিটেকনিক

প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ও নিযুক্তি সেলও তাদের কাজকর্ম যথাযথভাবে শুরু করেছে। কেন্দ্রীয় প্রশিক্ষণ ও নিযুক্তি সেলের মাধ্যমে কলকাতার বাইরে অবস্থিত পলিটেকনিক প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ ৫৪ জন ছাত্র বিভিন্ন শিল্পসংস্থায় নিযুক্ত হয়েছে। প্রতি বছর প্রতিষ্ঠানগত 'ক্যাম্পাস ইন্টারভিউ'-এর মাধ্যমে কলকাতার পলিটেকনিক প্রতিষ্ঠানগুলি থেকে উত্তীর্ণ গড়ে প্রায় ১০০ জন ছাত্রছাত্রী কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে।

পঠন-পাঠনের গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে দেশে ও বিদেশ কর্মী উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রয়েছে।

পলিটেকনিকগুলিতে সমস্ত ডিপ্লোমা স্তরে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের সংশোধিত পাঠক্রম ও পাঠ্যসূচি প্রবর্তিত হয়েছে। কম্পিউটার বিদ্যা, পরিবেশ ও নিরাপত্তা ইত্যাদি বিষয়গুলি সংশোধিত পাঠক্রমে আবশ্যিক বিষয়রূপে অন্তর্ভূক্ত করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালের রাজ্য পরিকল্পনায় উক্ত প্রকল্পের অধীনে কারিগরি শিক্ষার জন্যে ২৮,২০,০০,০০০ টাকার সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

**কমিউনিটি পলিটেকনিক ঃ** গ্রামীণ যুবকদের মধ্যে স্ব-নিযুক্তির ক্ষেত্রে সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যক্ষ কেন্দ্রীয় সহায়তা প্রকল্পের অধীনে বিদ্যমান ২৬টি পলিটেকনিক প্রতিষ্ঠানে সুষ্ঠুভাবে কমিউনিটি পলিটেকনিক প্রকল্প রূপায়িত হচ্ছে।

বর্তমানে ২৬টি কমিউনিটি পলিটেকনিক সেলের অধীনে ৮০টি সম্প্রসারণকেন্দ্র তাদের নিজস্ব কাজকর্ম করে চলেছে। স্থির হয়েছে, বিদ্যমান কমিউনিটি পলিটেকনিকগুলি, জুনিয়র টেকনিক্যাল স্কুল ও শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়গুলিতে স্বল্পমেয়াদী বৃত্তিমূলক পাঠক্রম প্রবর্তিত হবে। উক্ত পাঠক্রম প্রবর্তনের জন্যে সরকার ইতিমধ্যে বর্তমান আর্থিক বছরে দেড় কোটি টাকা ৮টি জেলাকে মঞ্জুর করেছেন।

**বৃত্তিমূলক শিক্ষা ঃ** প্রত্যক্ষ কেন্দ্রীয় সহায়তা প্রকল্পের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিকারের অধীনস্থ ৩৪টি পোষিত ও বেসরকারি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ২ বছরের বৃত্তিমূলক পাঠক্রম (১০ + ২) প্রবর্তনের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

**জুনিয়র টেকনিক্যাল স্কুল ঃ** রাজ্যের ২০টি সরকার পোষিত জুনিয়র টেকনিক্যাল স্কুলে আই. টি. আই. ট্রেড পাঠক্রম পড়ানো হচ্ছে। ভারত সরকারের রাষ্ট্রীয় বৃত্তি শিক্ষণ পরিষদের (এন. সি. ভি. টি.) কারুশিল্প প্রশিক্ষণ প্রকল্পের অধীন ৯টি বিভিন্ন ট্রেড পাঠক্রমের ৭০টি ইউনিট (১ ইউনিট = ১৬ জন ছাত্র) বর্তমানে পড়ানো হচ্ছে। এই ব্যবস্থায় প্রায় ১০০০ ছাত্রের ভর্তির সুযোগ রয়েছে। সরকার পোষিত জুনিয়র টেকনিক্যাল স্কুলগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ ও উন্নতি বিধানের লক্ষ্যে উক্ত স্কুলগুলির অধিগ্রহণের

বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

রাজ্য প্রযুক্তি ও কারিগরি শিক্ষা সংসদ 'স্বায়ত্তশাসিত সংস্থা' হিসাবে যথাযথভাবে কাজকর্ম করে চলেছে।

বিশ্বব্যাঙ্ক প্রকল্প ব্যতিরেকে ১৯৯৮-৯৯ সালের রাজ্য পরিকল্পনায় পলিটেকনিক ও জুনিয়র টেকনিক্যাল স্কুলগুলির উন্নতি বিধানে ৪ কোটি টাকার সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

**শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়**

**১৯৯৮-৯৯ আর্থিক বছরের সাফল্যসমূহ এবং আগামী কর্মসূচি**

বাঁকুড়া জেলার ছাতনা এবং উত্তর দিনাজপুর জেলার বালুরঘাটে দু'টি নতুন শিল্প প্রশিক্ষণ শিক্ষালয় স্থাপিত হয়েছে। চলতি শিক্ষাবর্ষ থেকে টালিগঞ্জ, সিউড়ি ও শিলিগুড়ির শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়গুলিতে 'প্লাস্টিক প্রসেসিং অপারেটর ট্রেড' পাঠক্রম প্রবর্তিত হয়েছে। কলকাতা, উত্তর চব্বিশ পরগনা, বর্ধমান ও শিলিগুড়িতে অবস্থিত চারটি মহিলা শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে ডাটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফ্টওয়্যার, ইলেক্ট্রনিক্স মেক্যানিক্স, মেকানিক (রেডিও ও টি. ভি.), সেক্রেটারিয়াল প্র্যাক্টিস, ড্রেস মেকিং অ্যান্ড হেয়ার এবং স্কিন কেয়ার পাঠক্রম প্রবর্তন করা হয়েছে।

বি. ই. কলেজ, শিবপুরে অবস্থিত প্রবেশিকা পরীক্ষা পর্ষদকে রাজ্যের শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়গুলিতে প্রশিক্ষণার্থীদের ভর্তির বিষয়টি যথাযথ, বৈজ্ঞানিক ও নিপুণভাবে সম্পাদন করার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে।

শিলিগুড়িতে অবস্থিত মহিলা শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ের নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে এবং নতুন ভবনে এর পঠনপাঠন কার্যক্রম শুরু হয়েছে। আলিপুরদুয়ারের নতুন শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়টির নির্মাণকার্য প্রায় শেষ হয়ে এসেছে। আমতলার প্রতিষ্ঠানটির নির্মাণকার্য পুরোদমে চলছে। স্থির হয়েছে যে, বালুরঘাট ও আলিপুরদুয়ারে নতুন শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ের কাজ ভাড়া বাড়িতে আগামী শিক্ষাবর্ষ থেকে শুরু হবে এবং কিছু স্বল্পমেয়াদি পাঠক্রম, যথা—রেডিও ও টি. ভি. পরিষেবা এবং ইলেক্ট্রনিক্স পাওয়ার আপ্লায়ান্সেস প্রবর্তিত হবে।

১৯৯৭-৯৮ সালে ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসশিপ আইন অনুসারে বিভিন্ন শিল্প সংস্থায় ৫,২৬৬ জন শিক্ষার্থীর নিযুক্তিকরণ ঘটেছে।

১৯৯৮-৯৯ সালের রাজ্য পরিকল্পনায় শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়গুলির উন্নতি বিধানে ৪,১০,০০,০০০ টাকার সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

**গ্রন্থাগার পরিষেবা**

আলোচ্যমান বছরে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারকে শীর্ষে রেখে জনগ্রন্থাগার ব্যবস্থাকে আরও সংঘবদ্ধ ও শক্তিশালী করার জন্য রাজ্য সরকার কর্মসূচি গ্রহণ করেছেন।

ইতিপূর্বেই যে সমস্ত কর্মসূচি বাস্তবায়িত হয়েছে তার মধ্যে অন্যতম হল ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ জনগ্রন্থাগার আইনের ১৬ 'এ' সংখ্যক ধারা অনুযায়ী ২৪২৩টি সরকার পোষিত গ্রন্থাগারকে সরকার পোষিত জনগ্রন্থাগার হিসাবে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা (আদেশনামা সংখ্যা-৯১১ ইডিএ (এমইই), তারিখ ২৭. ৬. ৯৭)-এর দ্বারা উপরোক্ত আইনটি কার্যকর করা সরকারের পক্ষে সহজতর হয়েছে।

সরকার পোষিত গ্রন্থাগার প্রায় ৩৫০টি শূন্যপদ এবং সরকারি গ্রন্থাগার-এ ৪০টি শূন্যপদ পূরণ করার বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সমস্ত শ্রেণীর জনগ্রন্থাগারের অনুকুলে, যা সংখ্যায় প্রায় ২,৪২৩টি, তাদের রক্ষাণাবেক্ষণের জন্য পৌনঃপুনিক হারে দেয় অনুদানের পরিমাণ বৃদ্ধি করার প্রস্তাব নেওয়া হয়েছে। এর মধ্যে ইতিমধ্যেই সরকারি গ্রন্থাগারসমূহের আসবাবপত্র, বাঁধাই ও উপনিমিত্ত (কন্টিন্‌জেন্সি) খাতে অনুদান বৃদ্ধি করা হয়েছে।

রাজ্য সরকারের সঙ্গে রাজা রামমোহন রায় গ্রন্থাগার প্রতিষ্ঠানের যৌথ প্রকল্পে রাজ্য সরকারের প্রদেয় অংশ বৃদ্ধি করা হয়েছে। এই অংশের অর্থের পরিমাণ বর্তমান বছরে ৩০,০০,০০০ টাকা থেকে ৫০,০০,০০০ টাকায় বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে।

১১৪টি প্রাইমারি ইউনিট/গ্রামীণ গ্রন্থাগারকে শহর গ্রন্থাগার স্তরে উন্নীত করার কর্মসূচির অন্যতম অংশ হিসাবে প্রথম ধাপে ৪০টি উন্নীত শহর গ্রন্থাগারের জন্য নতুন কর্মীপদ সৃষ্টি করা হয়েছে। এর ফলে গ্রুপ-সি পদালিভূক্ত ৪০টি পদ ও গ্রুপ-ডি পদালিভুক্ত ৪০টি পদ সৃষ্টি করা হয়েছে।

রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগারে দৃষ্টিহীনদের জন্য "ব্রেইল শাখা" চালু করা হয়েছে।

আলিপুরদুয়ার মহকুমা গ্রন্থাগারটিকে অতিরিক্ত জেলা গ্রন্থাগার স্তরে উন্নীত করা হয়েছে।

উত্তর দিনাজপুর জোর সদর শহর রায়গঞ্জে একটি নূতন সরকারি জেলা গ্রন্থাগার স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তেভাগা আন্দোলনের ৫০-তম বার্ষিকী স্মরণে দক্ষিণ চব্বিশ পরগনা জেলার নামখানায় একটি সরকার পোষিত গ্রামীণ গ্রন্থাগার স্থাপিত হয়েছে।

কোচবিহারের উত্তরবঙ্গ রাজ্য গ্রন্থাগারের ১২৫-তম বার্ষিকীর স্মরণে গ্রন্থাগার ভবনের পরিসর বৃদ্ধি করে গ্রন্থাগার পরিষেবা ও পুস্তক সংরক্ষণের কাজ আরও প্রসারিত করার উদ্দেশ্যে ২১,০০,৫০০ টাকা অনুদান মঞ্জুরীকৃত হয়েছে।

পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে অযোধ্যা শহর গ্রন্থাগারেও শীঘ্রই পরিষেবা পুরোপুরি চালু করা হচ্ছে। গ্রন্থাগারের জন্য পুস্তক ও আসবাব ইতিপুর্বে ক্রয় করা হয়েছিল।

উত্তরপাড়া জয়কৃষ্ণ জনগ্রন্থাগারের নব-অধীকৃত ভবনটির নবীকরণের কাজ সমাপ্ত। পুরাতন গৃহটির ভিত্তিগৃহের অনুকুলে ও মেরামতির জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। এই ঐতিহ্যমন্ডিত গ্রন্থাগারটির পুরোনো বই ও পুঁথিপত্র সংরক্ষণের জন্যও অর্থবরাদ্দের ব্যবস্থা করা হয়েছে।

মুর্শিদাবাদ জেলা গ্রন্থাগারের নূতন ভবন নির্মাণ ইতিপূর্বেই সমাপ্ত হয়েছিল এবং এই ভবন থেকেই গ্রন্থাগারটি কার্যকর হয়েছে। এবার ভবনটি ঘিরে একটি পাঁচিল নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে।

সরকার পোষিত জনগ্রন্থাগারের কর্মীদের জন্য একটি নূতন সাধারণ ভবিষ্যনিধি প্রকল্প চালু হয়েছে। এর ফলে রাজ্যের প্রায় ৫,৩০০ জন পোষিত গ্রন্থাগার কর্মী উপকৃত হয়েছে।

জেলার ১৬ জন গ্রন্থাগার আধিকারিকদের কলকাতার লবণহ্রদের পশ্চিমবঙ্গ প্রশাসনিক প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

প্রতিবারের মতো বর্তমান আর্থিক বছরেও ১৭টি জেলায় গ্রন্থমেলার আয়োজন করা হয়েছে। গ্রন্থাগারগুলি তাদের বার্ষিক অনুদানের টাকায় এই মেলা থেকে পুস্তক ক্রয় করেন। ১৯৯৭ সালে কলকাতা বইমেলার অগ্নিকান্ডের পরিপ্রেক্ষিতে সাম্প্রতিক জেলা গ্রন্থমেলাগুলিতে অগ্নিনির্বাপক ব্যবস্থার প্রতি বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। এই প্রসঙ্গে মেলাগুলির সুষ্ঠু পরিচালনা এবং নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করার জন্য বিশেষ পদক্ষেপ নেওয়া হয়েছে।

এই সঙ্গে ক্ষতিগ্রস্ত প্রকাশক ও স্টলহোল্ডারদের সাহায্য করার জন্য তাদের কাছ থেকে গ্রন্থাগারগুলির জন্য ৮০ লক্ষ টাকার বই ক্রয় করা হয়েছে।

আগেই বলা হয়েছে যে, সমগ্র পশ্চিমবঙ্গে গ্রন্থাগার পরিষেবার যে বৃহৎ কর্মকান্ড চালু আছে, রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার তার শীর্ষে অবস্থিত। এই গ্রন্থাগারটি তার নবনির্মিত ভবনে স্থানান্তরিত হয়ে বর্তমান বছরে জোরদার পরিষেবার কাজে রত আছে। শীঘ্রই এই গ্রন্থাগারে কম্পিউটার চালিত পরিষেবা চালু হবে।

বর্তমান আর্থিক বছরে সরকার পোষিত গ্রন্থাগারগুলির গৃহনির্মাণ/সংস্কার/নবীকরণ/বাড়তি পুস্তকক্রয়/আসবাবপত্র ক্রয় বাবদ অতিরিক্ত টাকা বরাদ্দ হয়েছে। এই খাতে বরাদ্দকৃত টাকার পরিমাণ ৩ কোটি ২০ লক্ষ টাকা। ঐ একই খাতে সরকারি গ্রন্থাগারগুলিকে ২৫ লক্ষ টাকা অতিরিক্ত দেওয়া হয়েছে।

এ ছাড়াও, রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগারের ভবন সংক্রান্ত বকেয়া কাজ শেষ করার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে।

জেলা গ্রন্থাগার টাকির জন্য, গৃহনির্মাণ ও সংস্কার বাবদ অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয়েছে।

বারাসাত জেলা গ্রন্থাগারের গৃহ সংস্কার বাবদ অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয়েছে।

এছাড়া ভবিষ্যতের পরিকল্পনার মধ্যে অন্যতম হল—পরিবর্ধিত এবং উন্নীত সুযোগ-সুবিধাসহ কলকাতা নগর গ্রন্থাগারের স্থানান্তরিতকরণের প্রচেষ্টা গ্রহণ করা।

সর্বস্তরের গ্রন্থাগার কর্মীদের জন্য নিয়মিত ভিত্তিতে বাণীপুর গ্রন্থাগারিক প্রশিক্ষণ কেন্দ্রের 'ওরিয়েনটেশন' এবং 'রিফ্রেসার কোর্সে'-র ব্যবস্থা করা হবে।

সবশেষে বলা যায় যে, ১৯৯৮-৯৯ আর্থিক বছরে গ্রন্থাগার পরিষেবা অধিকরের প্রধান লক্ষ্য হবে রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগার ও জেলা গ্রন্থাগারগুলিকে সর্ব অর্থে উন্নীত করা,—যাতে গ্রন্থাগার পরিষেবার ক্ষেত্রে রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগার এবং জেলা গ্রন্থাগারগুলি যথাক্রমে রাজ্যে এবং জেলাসমূহে প্রধান ভূমিকা গ্রহণ করতে পারে। এর মধ্যে উল্লেখযোগ্য যে কর্মসূচি নেওয়া হবে তা হল ঃ

শূন্যপদে লোক নিয়োগ ছাড়াও রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগারে অতিরিক্ত পদ সৃষ্টি, উক্ত গ্রন্থাগারে রিপ্রোগ্রাফি বিভাগ ও সংরক্ষণ বিভাগ চালু করা, এবং তথ্য পরিষেবাসহ এই সমস্ত গ্রন্থাগারগুলির পরিষেবার মান উন্নত করা।

## জনশিক্ষা প্রসার

**১। ক। সাক্ষরতা কর্মসূচি ঃ**

১৯৯০ সাল থেকে শুরু হওয়া সার্বিক সাক্ষরতা অভিযান এখন কলকাতা এবং দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলসহ ১৮টি জেলাতেই বিস্তৃত হয়েছে। ১৩টি জেলাতে ইতিমধ্যেই সার্বিক সাক্ষরতা অভিযানের প্রথম পর্বের কাজ শেষ হয়েছে। বহির্মূল্যায়নের পর এখন পর্যন্ত উক্ত ১৩টি জেলার ৭৯.১০ লক্ষ নরনারী সাক্ষর হয়েছেন। উত্তরবঙ্গের ৪টি জেলা যথা— মালদহ, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমার মোট ২০.২২ লক্ষ নরনারীদের সাক্ষর করে তোলার লক্ষ্যমাত্রা নিয়ে প্রথম পর্বের কাজ এগিয়ে চলেছে।

১৩টি জেলার ৭৯.১০ লক্ষ নবসাক্ষরদের জন্য সাক্ষরোত্তর কর্মসূচির কাজও চলছে। ইতিমধ্যেই বর্ধমান এবং বীরভূম জেলা দু'টিতে সাক্ষরোত্তর কর্মসূচির প্রবহমান শিক্ষা প্রকল্প শুরু হয়েছে।

আগামী ১৯৯৮-৯৯ আর্থিক বর্ষের জন্য আমাদের কর্ম পরিকল্পনা নিম্নরূপ ঃ

১। এই আর্থিক বর্ষে আমাদের প্রথম কাজ হবে সার্বিক সাক্ষরতা অভিযানের অসমাপ্ত কাজগুলি সমাপ্ত করা।

২। সাক্ষরোত্তর কর্মসূচিকে সচল রেখে নবসাক্ষরদের শিক্ষায় আগ্রহী করে তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যাতে তারা স্বনির্ভর পড়ুয়ারূপে গড়ে উঠতে পারেন।

এই আর্থিক বর্ষে মালদহ ও দক্ষিণ দিনাজপুর জেলায় সাক্ষরোত্তর কর্মসূচি গ্রহণ করার চেষ্টা চলছে।

৩। সাক্ষরোত্তর পর্বের সফল রূপায়ণের পর আগামী বর্ষে আরও ৪টি জেলা— যথা উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, মেদিনীপুর এবং বাঁকুড়াতে প্রবহমান কর্মসূচি চালু করার উদ্যোগে গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যেই উত্তর ২৪ পরগনা জেলার প্রবহমান কর্মসূচি জাতীয় সাক্ষরতা মিশনের অনুমোদন লাভ করেছে।

৪। সাক্ষরতার জন্য সাক্ষরতা নয়। মানবসম্পদের পূর্ণ বিকাশই আমাদের লক্ষ্য। তাই সাক্ষরতার পর সাক্ষরোত্তর এবং তারপর প্রবহমান প্রকল্পের ব্যবস্থা হয়েছে। এই প্রকল্পগুলির মাধ্যমে নবসাক্ষরদের বিবিধ চাহিদা পূরণের ব্যবস্থা

করা এবং তাদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ করে দেওয়াটাই হবে আমাদের কাজ। এই সমস্ত কর্মসূচির সফল রূপায়ণের লক্ষ্য হল একটি শিক্ষিত এবং সচেতন সমাজ গড়ে তোলা।

বিগত ৭ বছর ধরে প্রায় ১০/১২ লক্ষ স্বেচ্ছাসেবক/প্রশিক্ষক/প্রশিক্ষিকারা বিনা পারিশ্রমিকে সাক্ষরতা অভিযানগুলির বিভিন্ন পর্বে অংশ নিয়ে চলেছেন। এদের অবদান কখনও ভোলার নয়। এদের উৎসাহী করে তোলার ব্যাপারটিও আমাদের মাথায় রাখতে হবে।

৫। জেলায় জেলায় সাক্ষরতা অভিযান পরিচালনা কালে বিভিন্ন বিষয়ে আমাদের নজরে এসেছে। কোনও কোনও গ্রামে এই আন্দোলনকে ঘিরে অভূতপূর্ব উৎসাহ-উদ্দীপনা সঞ্চারিত হয়েছে। এই উৎসাহ ও উদ্দীপনা ধরে রাখবার জন্য এবং সাংস্কৃতিক ও পাঠচর্চা অব্যাহত রাখার উদ্দেশ্যে বর্তমান/আগামী আর্থিক বর্ষে আমরা কতকগুলি জনশিক্ষা প্রসার ভবন স্থাপন করার কথা বিবেচনা করছি।

**খ। রাজ্য সাক্ষরতা মিশন কর্তৃপক্ষের গঠনের অনুমতি লাভ ঃ**

রাজ্যের সাক্ষরতা, সাক্ষরোত্তর ও প্রবহমান শিক্ষা প্রকল্পের কাজের সুবিধার জন্য রাজ্য সাক্ষরতা মিশন কর্তৃপক্ষ গত রাজ্য সরকারের অনুমোদন লাভ করেছে। মিশন গঠিত হলে অতি দ্রুততার সঙ্গে প্রকল্পের অনুমোদন লাভ করা, অর্থের অনুমোদনের জন্য অহেতুক বিলম্ব হওয়া প্রভৃতি বাধা অতিক্রম করে সাক্ষরতার কাজে নতুন গতি সঞ্চার করা সম্ভব হবে।

বর্তমান রাজ্য সাক্ষরতা মিশন কর্তৃপক্ষটি রেজিস্ট্রিকরণের কাজে হাত দেওয়া হয়েছে। এই কাজ সম্পন্ন হলে এই কর্তৃপক্ষ তাদের কাজ শুরু করতে পারবেন। আগামী আর্থিক বর্ষে এই সংস্থার কাজকর্মের জন্য এককালীন অর্থ অনুদানের প্রয়োজন হবে।

**গ। বয়স্ক উচ্চ বিদ্যালয় ঃ**

বিগত কয়েক বর্ষ ধরে বয়স্ক উচ্চ বিদ্যালয়গুলি পুনরুজ্জীবিত করার প্রয়াস চলেছে। ১৯৯৬-৯৭ আর্থিক বর্ষে শিক্ষক-শিক্ষিকাদের সাম্মানিক ভাতা বৃদ্ধি করা হয়েছে। মধ্য শিক্ষা পর্ষদের স্বীকৃতির অভাবে বিদ্যালয়গুলির পরিচালনায় অসুবিধা দেখা দিয়েছে। বিষয়টি বিদ্যালয় শিক্ষাদপ্তর এবং মাধ্যমিক পর্ষদের গোচরে আনা হয়েছে।

**ঘ। দৃশ্য-শ্রাব্য শাখা ঃ**

সাক্ষরতার ব্যাপারে দৃশ্য-শ্রাব্য শাখার গুরুত্ব কোনওভাবেই অস্বীকার করা যায় না। এই শিক্ষা ব্যবস্থা সাক্ষরতা অভিযান পরিচালনার ক্ষেত্রে এবং পরিবেশ তৈরিতে যথেষ্ট সহায়ক হতে পারে। অধিকারে পুরানো দৃশ্য-শ্রাব্য শাখা ইউনিটকে একটি নতুন গাড়ি এবং কিছু যন্ত্রপাতি ও ফিল্ম কিনে আরও সচল করা হয়েছে। ফিল্মগুলি শিক্ষা এবং সামাজিক মূল্যবোধ বিষয় সংক্রান্ত। এ ছাড়া পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম কর্তৃক প্রস্তুত করা কতকগুলি পূর্ণ দৈর্ঘের কাহিনী চিত্রও সংগ্রহ করা হয়েছে। বিভিন্ন জেলায় দৃশ্য-শ্রাব্য শাখা কর্তৃক নিয়মিতভাবে চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা হয়েছে।

**ঙ। শ্রমিক-বিদ্যাপীঠ ঃ**

শিল্পশ্রমিকদের পরিবারভুক্ত ব্যক্তিদের এবং অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীভুক্ত ব্যক্তিদের বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত করে তোলার জন্য জনশিক্ষা প্রসার বিভাগ কলকাতার বি. টি. রোডে একটি শ্রমিক বিদ্যাপীঠ পরিচালনা করে চলেছেন। বর্তমানে ৩৭টি কার্যক্রম চলছে। এই কার্যক্রমিগুলিতে মোট ৮৪৭ জন শিক্ষার্থী বর্তমানে প্রশিক্ষণ গ্রহণ করছেন। এদের মধ্যে ৬৬৩ জনই মহিলা শিক্ষার্থী।

বিভিন্ন সংস্থার যোগাযোগ করে, টেলিফোন, এয়ার কন্ডিশনার বা রেফ্রিজারেটার মেরামতি প্রভৃতি বর্তমান যুগের অতি প্রয়োজনীয় কার্যক্রমগুলি আগামী বর্ষে চালু করার রিষয়টি বিবেচনাধীন রয়েছে।

**২। সমাজ-কল্যাণ শাখা ঃ**

অনাথ ও আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা ছেলেমেয়েদের রক্ষণাবেক্ষণ তথা বিদ্যালয় শিক্ষা প্রদানের জন্য জনশিক্ষা প্রসার বিভাগের প্রশাসনিক কর্তৃত্বাধীনে ১০টি সমাজকল্যাণ আবাস ও দুঃস্থ, মহিলাদের জন্য নির্দিষ্ট ৮টি আবাসসহ মোট ৪৮টি সাহায্যপ্রাপ্ত সমাজকল্যাণ আবাস রয়েছে।

১৯৯৭-৯৮ আর্থিক বছরে, সমাজকল্যাণ আবাসগুলিতে ভর্তির জন্য আবেদনপত্র মঞ্জুর করার ধার্য লক্ষ্যমাত্রা ছিল ১,৫০০টি। কিন্তু জনশিক্ষা প্রসার অধিকার মোট ১,৭১১টি আবেদনপত্র মঞ্জুর করেছেন। ৩১শে মার্চ, ১৯৯৮-এর মধ্যে এ সংখ্যাটি নিশ্চিতরূপেই আরও বৃদ্ধি পাবে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে আবেদনপত্র মঞ্জুর করার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১,৫০০।

সরকারি তথা সাহায্যপ্রাপ্ত সমাজকল্যাণ আবাসসমূহের উন্নতি কল্পে এ বছর যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার মধ্যে কিছু তথ্য নিচে পেশ করা হল ঃ

ক। সরকারি এবং সাহায্যপ্রাপ্ত আবাসগুলিকে বৃত্তিমূলক শিক্ষাদানের বন্দোবস্ত করার বা পুনরায় চালু করার বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে, এবং এ ধরেনর কিছু কিছু প্রকল্প সরকারের বিবেচনার জন্য ইতিমধ্যেই আসতে শুরু করেছে।

খ। সরকারি সমাজকল্যাণ আবাসসমূহে পঠন-পাঠনের গুণগত উৎকর্ষ বৃদ্ধির জন্য শিক্ষক তথা অশিক্ষক কর্মচারিদের বেশ কয়েকটি খালি পদ ইতিমধ্যে পূরণ করা হয়েছে। বাকি খালি পদগুলি পূরণ করার জন্যও কার্যকর ব্যবস্থা নেওয়া হয়েছে।

গ। সরকারি সমাজ-কল্যাণ আবাসগুলিতে সুযোগসুবিধা বৃদ্ধির জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে।

ঘ। ভরণপোষণের জন্য আবাসিক প্রতি মাসিক খরচ বর্তমান ৪০০ টাকা থেকে বাড়ানোর প্রস্তাবটি সরকার বিবেচনা করে ৫৭০ টাকা পর্যন্ত বৃদ্ধি করেছেন। সেইরূপ কল্যাণ আবাসে নতুন ভর্তির ক্ষেত্রে আবাসিক প্রতি প্রাথমিক খরচ বর্তমান ৫০০ টাকা থেকে বাড়ানোর বিষয়টিও পরীক্ষা করে দেখা হচ্ছে।

৩। **প্রতিবন্ধী শিক্ষা ঃ**

পশ্চিমবঙ্গে শারীরিক এবং মানসিক প্রতিবন্ধীদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৪৭টি-এর মধ্যে ১৯টি সরকার পোষিত, ১৮টি অনুদানপ্রাপ্ত এবং ১০টি অনুমোদিত। ১৯৯৭-৯৮ সালে সরকার ২টি ঃ—

(১) দক্ষিণ চব্বিশ পরগনার হেলেন কেলার বধির বিদ্যালয়, (২) হুগলি জেলার অ্যানস্যুলিভান মানসিক প্রতিবন্ধী বিদ্যালয় প্রতিষ্ঠানের পরিপোষণের ভারগ্রহণ করেছে এবং—

মোট ৫টি ঃ (১) হাওড়া জেলার আনন্দভবন, (২) বর্ধমান জেলার স্বয়ম্ভর, (৩) দক্ষিণ দিনাজপুর জেলার আদর্শ প্রতিবন্ধী সমিতি, (৪) নদীয়া জেলার নবদ্বীপ আচার্য প্রফুল্লচন্দ্র অন্ধ বিদ্যালয়, (৫) দক্ষিণ চব্বিশ পরগনার সাউথ সুন্দরবন বধির বিদ্যালয় প্রতিষ্ঠানকে অনুমোদন করেছে।

বর্তমান আর্থিক বছরে যে দুইটি প্রতিষ্ঠানের পরিপোষণের ভার গ্রহণ করা হয়েছে তার মধ্যে একটি দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় বধির শিশুদের জন্য এবং অন্যটি

হুগলি জেলায় মানসিক প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য। যে পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানকে অনুমোদন করা হয়েছে সেগুলি হাওড়া, বর্ধমান, দক্ষিণ দিনাজপুর, নদীয়া এবং দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় অবস্থিত।

প্রতিবন্ধী ছাত্রদের ছাত্রাবাস নির্মাণের জন্য বর্তমান আর্থিক বছরে মোট দুইটি শিক্ষা প্রতিষ্ঠানকে যথা—

১। হুগলি জেলার লুই ব্রেইল স্কুল, ২। দক্ষিশ চব্বিশ পরগনার সাউথ সুন্দরবন স্কুলকে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে।

বিদ্যালয়ে পঠন-পাঠনের মানোন্নয়নের জন্য মোট দুইটি বিদ্যালয় ঃ—

১। মেদিনীপুর জেলার বিবেকানন্দ মিশন দৃষ্টিহীন বিদ্যালয়, ২। কলকাতার লাইট হাউস ফর দি ব্লাইন্ডকে প্রয়োজনীয় অনুমোদন দেওয়া হয়েছে।

শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন ও বধির ছাত্রছাত্রীদের কর্মপ্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার জন্য এবং পরিচালনা করার জন্য বর্তমান আর্থিক বছরে মোট ৩টি ঃ—

১। কলকাতার অন্ধ বিদ্যালয়, ২। কলকাতা মূক ও বধির বিদ্যালয়, ৩। বর্ধমান জেলা পরিষদ পরিচালিত প্রতিবন্ধী কর্ম প্রশিক্ষণকেন্দ্র প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় আর্থিক অনুদান দেওয়া হয়েছে।

প্রতিবন্ধীদের জন্য নির্দিষ্ট কয়েকটি ঃ—

১। হুগলি জেলা—লুই ব্রেইল স্কুল, ২। কলকাতায় বধির শিক্ষকশিক্ষণ মহাবিদ্যালয়, ৩। বর্ধমান জেলায় বৈদ্যপুর বিকাশ ভারতী বধির বিদ্যালয় শিক্ষা প্রতিষ্ঠানের বিশেষ শিক্ষা সহায়ক যন্ত্রপাতি ও জিনিসপত্র ক্রয় করার জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে।

এছাড়া দৃষ্টিহীন শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিনামূল্যে প্রয়োজনীয় ব্রেইল পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে।

প্রতিবন্ধী কল্যাণে নিয়োজিত বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে আহ্বান জানানো হয়েছে যাতে প্রতিবন্ধীদের শিক্ষা ও কর্ম প্রশিক্ষণের জন্য আরও কেন্দ্র গড়ে তোলার ব্যাপারে তারা এগিয়ে আসেন।

আগামী আর্থিক বছরে স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত আরও দুইটি প্রতিবন্ধীদের শিক্ষা প্রতিষ্ঠানের পরিপোষণের দায়িত্ব নেবার প্রস্তাব রয়েছে। যে সকল বিশেষ শিক্ষা

প্রতিষ্ঠানের নিজস্ব কোনও স্কুল বাড়ি বা ছাত্রাবাস নেই সেই সকল বিদ্যালয়কে প্রয়োজনীয় আর্থিক সাহায্য দেবার প্রস্তাব রয়েছে। এছাড়া প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য বিশেষ শিক্ষা উপকরণ ও আসবাব ক্রয়ের জন্য আর্থিক সাহায্য দেওয়া হবে। প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য আরও কর্মপ্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার জন্য আর্থিক সাহায্য দেওয়া হবে।

**উপসংহার**

শিক্ষার বিভিন্ন শাখার যে দাবিগুলি আমরা এই বিধানসভায় পেশ করেছি তা যাতে অনুমোদিত হয়, এই রাজ্যবাসীর কল্যাণে সেই অর্থ যাতে যথোচিতভাবে ব্যবহৃত হয় তার জন্য আমরা মাননীয় সদস্যদের সর্বপ্রকার সহযোগিতা কামনা করি। তাদের তথ্যনির্ভর যুক্তিসঙ্গত আলোচনা আমাদের চলার পথকে আরও আলোকিত করবে এই বিশ্বাস আমাদের আছে। আমরা পুনরায় এই ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি।

**DEMAND No. 31**

**Major Head : 2204—Sports and Youth Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 34,99,60,000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "2204—Sports and Youth Services".

(This is inclusive of a total sum of Rs. 11,67,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Manabendra Mukhopadhyay on Demand No. 31 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব রাখতে চাই যে, দাবি নং ৩১ মুখ্যখাত "২২০৪-ক্রীড়া ও যুবকল্যাণ" বাবাদ ৩৪,৯৯৬০,০০০ টাকা (চৌত্রিশ কোটি নিরানব্বই লক্ষ ষাট হাজার টাকা) মাত্র ব্যয় বরাদ্দ অনুমোদন করা হোক। ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ১১,৬৭,০০,০০০ টাকা (এগারো কোটি সাতষট্টি লক্ষ) এর মধ্যে অন্তর্ভূক্ত।

যে সকল খাতের জন্য এই ব্যয় বরাদ্দের প্রস্তাব, সেগুলি হল ঃ

| | |
|---|---|
| (১) যুবকল্যাণ শাখা | ১৩,৯৬,৪০,০০০ টাকা |
| (২) ক্রীড়া শাখা | ৫,৯১,৯০,০০০ টাকা |
| (৩) জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী | ৯,১১,৩০,০০০ টাকা |
| (৪) শারীর শিক্ষা | ৩,৬৮,০০,০০০ টাকা |
| (৫) জাতীয় শৃঙ্খলা প্রকল্প ও অন্যান্য ব্যয়সমূহ | ২,৩২,০০,০০০ টাকা |
| মোটা | ৩৪,৯৯,৬০,০০০ টাকা |

মাননীয় সদস্যবৃন্দ জানেন যে, ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের কর্মক্ষেত্র সমাজের সবচেয়ে সংবেদনশীল অংশের মধ্যে বিস্তৃত। এই কথা মনে রেখে, ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের যুবকল্যাণ শাখা ছাত্র-যুবদের জন্য বিভিন্ন ধরনের গঠনমূলক কাজকর্মের উন্নয়নে নিরলস প্রচেষ্টা চালিয়ে আসছে। তরুণ প্রজন্মের কল্পনা ও সৃজনীশক্তিকে যা একাই সঠিক পথে চালিত করতে পারে, সেই প্রশিক্ষণ কর্মসূচি এবং কর্মমুখী বৃত্তিমূলক পাঠক্রমের উপরেই আরও বেশি বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। বিজ্ঞানমনস্কতার উন্নয়নে এবং সৃজনী শিল্প, সংস্কৃতি, সাহিত্য ও দুঃসাহসিক ক্রীড়া-সহ সব ধরনের খেলাধুলার ক্ষেত্রে নবীন প্রতিভাদের পরিচিতির সুযোগ করে দেওয়ার লক্ষ্যেও বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

নানা সমস্যা ও সীমাবদ্ধতা সত্ত্বেও আমরা আমাদের সাধ্য মতো চেষ্টা করে যাচ্ছি। পরিকল্পনা খাতের বরাদ্দকৃত অর্থে, অনেকাংশেই আ[illegible] প্রচেষ্টার মাধ্যমে একটি গণতান্ত্রিক পথে সাধারণ মানুষকে সরকারের নানা কর্মসূচিতে সামিল করতে আমরা সফল হয়েছি। যুবকল্যাণ শাখার সকল কর্মসূচিতে বিশিষ্ট ব্যক্তিবর্গ, গণসংগঠন, ক্লাব, প্রতিষ্ঠান এবং বিষয় সংশ্লিষ্ট অসংখ্য ছাত্র-যুবদের অংশগ্রহণ আবশ্যিকভাবেই চাওয়া হয়ে এসেছে।

এইভাবেই সরকারি ও বেসরকারি সংগঠনসমূহের যৌথ উদ্যোগকে মেলাতে পারার মাধ্যমে অধিকাংশ বাধা কাটিয়ে ওঠার ক্ষেত্রে আমরা যথেষ্ট সাফল্য অর্জন করেছি। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে এই বিভাগের যুবকল্যাণ শাখা যে সকল গুরুত্বপূর্ণ কর্মসূচি সম্পাদন করেছে, তার একটি সংক্ষিপ্ত রূপরেখা মাননীয় সদস্যদের অবগতির জন্য নিচে দেওয়া হল ঃ

**ক্রীড়া সরঞ্জাম সরবরাহ**

(ক) এটা সবাই বোঝেন যে, খেলাধুলার ক্ষেত্রে যুবসমাজের ব্যাপক অংশের অংশগ্রহণের পথে ক্রীড়া সরঞ্জামের অভাব অন্যতম অন্তরায় হয়ে দাঁড়ায়। এই কথা মনে রেখে, যুবকল্যাণ বিভাগ ক্রীড়া সরঞ্জাম কেনা এবং মূলত গ্রামীণ ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে সেগুলি বিনামূল্যে বিতরণ করার প্রকল্পটি রূপায়ণের কাজ চালিয়ে এসেছে। এ বছর কলকাতা-সহ ১৮টি জেলার বিভিন্ন সংগঠন/ক্লাব/স্কুল/কলেজের মধ্যে। মোট ১৫,০০০ ফুটবল, ৮,০০০ ভলিবল, ৪,৪০০ নেট, ১,১০০ ক্রিকেট সেট, ১,১০০ ক্যারাম বোর্ড, ১১৯টি টেবিল টেনিস বোর্ড (টি. টি. এফ. আই. অনুমোদিত) বিতরণ করা হয়েছে।

**যুব আবাস**

গত বছর 'পুরী যুব আবাস' উদ্বোধনের পর এই বিভাগ পশ্চিমবঙ্গের মধ্যেই বর্ধমান ও চুরুলিয়ায় আরও দুটি যুব আবাস চালু করতে চলেছে। এই দুটি যুব আবাসই ভারত সরকার নির্মাণ করেছিলেন এবং এখন সেগুলি আমাদের হাতে তুলে দেওয়া হচ্ছে। ধীর অথচ অবিচলিতভাবে আমরা যুব আবাসগুলি চালু করা এবং সেগুলিকে কাজের উপযোগী করে তোলার লক্ষ্যে এগিয়ে চলেছি। আমরা জেলা পরিষদ এবং অন্যান্য স্থানীয় সংস্থাসমূহের সক্রিয় সাহায্য ও সহযোগিতা প্রার্থনা করেছি এবং আবাসগুলির দৈনন্দিন রক্ষণাবেক্ষণের কাজেও তাদের অংশগ্রহণ চেয়েছি। জেলা পরিষদ/স্থানীয় সংস্থাসমূহকে অনুরোধ করা হয়েছে যাতে যুব আবাসগুলির ৫০ শতাংশ সংরক্ষণ তারা নিজেরাই করতে পারেন এবং এভাবে অর্জিত অর্থের পুরোটাই তারা এই যুব আবাসগুলির যথাযথ রক্ষণাবেক্ষণের কাজে ব্যবহার করতে পারেন।

সর্বোপরি, এই বিভাগ জয়পুর, জয়শলমীর, বোম্বাই, পোর্ট ব্লেয়ারেও নতুন যুব আবাস চালু করার কথা ভাবছে। যুব আবাস নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি, পছন্দসই জায়গা এবং তাড়াতাড়ি জমি পাওয়ার ব্যাপারে অন্যান্য আনুষ্ঠানিক বিষয়ে এই বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট রাজ্য সরকার/কেন্দ্রশাসিত অঞ্চলের সরকারি স্তরে আলোচনা চলছে।

**ছাত্র-যুব উৎসব**

সমাজের সর্বস্তরের ছাত্র ও যুবদের ব্যাপক অংশগ্রহণের নিরিখে আমাদের ছাত্র-যুব উৎসব এই বিভাগের সর্ববৃহৎ কর্মসূচি। সাম্রাজ্যবাদ ও ফ্যাসিবাদের বিরুদ্ধে যুবসমাজের প্রতিবাদ ও ঘৃণাকে একটি নির্দিষ্ট অভিমুখ দিতে এবং তাদের সৃষ্টিশীলতার পথে পরিচালিত করার লক্ষ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে চেকশ্লোভাকিয়ায় যে বিশ্ব যুব উৎসবের সূচনা হয়েছিল, সেই ধাঁচেই আমাদের ছাত্র-যুব উৎসব আয়োজিত হয়। বছরের পর বছর লক্ষ

লক্ষ ছাত্র এবং সংস্কৃতির নানান ধারার প্রতিভারা এই পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র-যুব উৎসবের আঙিনায় এসে জড়ো হচ্ছে।

এ বছর এই উৎসব ভারতের স্বাধীনতা সংগ্রামের অমর শহিদদের পবিত্র স্মৃতির প্রতি উৎসর্গ করা হয়েছিল। ব্লকস্তর ও জেলাস্তর—এই দুই স্তরেই এবারে উৎসব যথেষ্ট আড়ম্বরের সঙ্গে অনুষ্ঠিত হয়। রাজ্য স্তরের ছাত্র-যুব উৎসব (সাংস্কৃতিক), যা বাঁকুড়ায় ২৯ ডিসেম্বর '৯৭ থেকে ২ জানুয়ারি '৯৮ পর্যন্ত অনুষ্ঠিত হওয়ার কথা ছিল, ১৯৯৮-এর লোকসভা নির্বাচনের আকস্মিক ঘোষণার ফলে অনুষ্ঠিত হতে পারেনি। রাজ্য স্তরের ক্রীড়া উৎসবও ওই একই কারণে সংগঠিত করা যায়নি। সে যাই হোক, পরবর্তী আর্থিক বছরে যত তাড়াতাড়ি সম্ভব এই বকেয়া উৎসবগুলি আয়োজন করার পরিকল্পনা এই বিভাগের আছে।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, গত ২৮ জুলাই '৯৭ থেকে ৫ আগস্ট '৯৭ পর্যন্ত কিউবার হাভানায় অনুষ্ঠিত চতুর্দশ বিশ্ব যুব ও ছাত্র উৎসবে যুব কল্যাণের ভারপ্রাপ্ত মন্ত্রী ছাড়া আরও দশ সদস্যের এক প্রতিনিধিদল অংশগ্রহণ করেন।

## জীবিকা সমাচার তথা নির্দেশ

(ক) বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে জীবিকার সন্ধান করছেন, এমন শিক্ষিত কর্মহীন যুবাদের স্বার্থে এই বিভাগ ৪৯৩টি ব্লক/পুরসভা/নোটিফায়েড এলাকা/কলকাতা পৌর নিগমের নির্দিষ্ট কেন্দ্রগুলি ছাড়াও অন্যান্য কর্পোরেশন-গুলির প্রত্যেকটিতে এই প্রকল্পের অধীন তিনটি জরুরি বই বিতরণ করা হচ্ছে। বইগুলি হল—(১) মনোরমা ইয়ার বুক-৯৮, (২) ও পি. খান্নার জেনারেল নলেজ রিফ্রেশার (১৯৯৮ সংস্করণ) এবং (৩) টাটা ম্যাকগ্রোহিলের জেনারেল স্টাডিজ ম্যানুয়াল ১৯৯৮।

(খ) জীবিকা সমাচার তথা নির্দেশ প্রকল্পের সম্প্রসারণের লক্ষ্যে এই বিভাগ কলকাতার আশুতোষ কলেজের অধ্যক্ষ এবং কলকাতার আই. আই. এস. ডব্লু. বি. এম.-এর অধিকর্তার জন্য সহায়তা অনুদান মঞ্জুর করেছে যাতে তারা স্বাধীনভাবে প্রতিযোগিতামূলক পরীক্ষা প্রশিক্ষণ কেন্দ্র চালাতে পারেন। শিলিগুড়ি ও বাঁকুড়াতেও এ রকম আরও দুটি প্রশিক্ষণ কেন্দ্র এ বছরেই চালু করার পরিকল্পনা আমাদের কর্মসূচিতে আছে।

## পর্বতারোহণ এবং দুঃসাহসিক ক্রীড়ার উন্নয়ন

পর্বতারোহণ এবং দুঃসাহসিক ক্রীড়া হল আমাদের কাজকর্মের আর একটি ক্ষেত্র যা

যুব সমাজের কাছে দ্রুত

(ক) ইন্ডিয়ান মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশনের অগ্রিম অনুমোদন ও ছাড়পত্র নিয়ে অভিযান চালিয়েছে এমন দশটি পর্বতারোহী সংস্থাকে এই বিভাগের পক্ষ থেকে ম্যাচিং গ্রান্টের আকারে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

(খ) এই বিভাগের অধীনস্থ ওয়েস্ট বেঙ্গল মাউন্টেনিয়ারিং অ্যান্ড অ্যাডভেঞ্চার ফাউন্ডেশনের তদারকি এবং কারিগরি সহায়তায় শুশুনিয়া ও মাঠা হিলস্-এ দুটি ট্রেকিং শিবির আয়োজিত হয়। সর্বোপরি কলকাতায় যুব ভারতী ক্রীড়াঙ্গনে নবনির্মিত ১৭.৫ মিটার উচ্চতাবিশিষ্ট কৃত্রিম শৈলে ডব্লু. বি. এস. এ. এফ.-এ আয়োজনে দ্বিতীয় পূর্বাঞ্চল ক্রীড়া আরোহন প্রতিযোগিতা, ১৯৯৭ অনুষ্ঠিত হয়। এটা গর্বের ধন্য এই অনুষ্ঠান ১৯৯৭-এর ডিসেম্বরে অত্যন্ত সুশৃঙ্খলভাবে এবং উৎসাহের সঙ্গে পালিত হয়।

(গ) পর্যাপ্ত পরিমাণ পর্বতারোহণ সরঞ্জামের অভাব বৃহদাকার অভিযানের পথে অন্তরায় হয়ে দাঁড়ায়। এ-কথা মনে রেখে ডব্লু. বি. এস. এ. এফ. পর্বতারোহী সংস্থাগুলিকে অভিযান চালানোর জন্য ভাড়া দেওয়ার লক্ষ্যে প্রচুর পর্বতারোহণ সরঞ্জাম ইতিমধ্যেই কিনেছে এবং এখনও কিনে চলেছে। সর্বোপরি যুবভারতী ক্রীড়াঙ্গনের কৃত্রিম শৈলটিকে আরোহন এবং আরোহন প্রশিক্ষণ চর্চার সুবিধার্থে সাধারণের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে 'আকর্ষক ও দুঃসাহসিক ক্রীড়া' হিসাবে কৃত্রিম শৈলারোহণ পরবর্তী অলিম্পিকের অন্তর্ভুক্ত হতে চলেছে।

(ঘ) দুঃসাহসিক ক্রীড়ার উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে রাজ্য মন্ত্রী পরিষদের সাম্প্রতিক অনুমোদনে একটি রাজ্য দুঃসাহসিক ক্রীড়া অ্যাকাডেমি গঠিত হয়েছে। কেন্দ্র ও রাজ্য—উভয় সরকার আর্থিক সহায়তায় এই অ্যাকাডেমি চলবে এবং ক্যানোয়িং, কায়াকিং, স্কুবা ডাইভিং, জলক্রীড়া, বায়ুক্রীড়া, স্কি, স্কেটিং ও অধিকতর উচ্চতাবিশিষ্ট পর্বতাভিযানের উন্নতিকল্পে কাজ করবে।

**বৃত্তিমূলক শিক্ষা—কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন**

এই বিভাগ এক্সেল ইনফোকম লিমিটেডের সহায়তায় মৌলালি যুব কেন্দ্রে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করার পর বর্ধমান, কোচবিহার এবং দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরেও আরও তিনটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করতে চলেছে। ৩১ মার্চ, ১৯৯৮ পর্যন্ত পাঁচটি কেন্দ্রে মোট ২০০৬ জন শিক্ষার্থী কম্পিউটার প্রশিক্ষণ লাভ

করবেন এবং আশা করা যায় যে এইসব শিক্ষার্থীরা (পুরুষ ও মহিলা উভয়েই) কাজের বাজারে চাকরি বা বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্পে নিজেদের সুপ্রতিষ্ঠিত করতে পারবেন। কম্পিউটার প্রশিক্ষণ ছাড়াও জেলাগুলিতে অন্যান্য বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচির জন্য বর্তমান আর্থিক বছরে ৮টি জেলায় মোট ৮ লক্ষ টাকা ইতিমধ্যেই দেওয়া হয়ে গিয়েছে।

. মুক্তমঞ্চ

গ্রামীণ এলাকা সাংস্কৃতিক কর্মকান্ডের সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে এই বিভাগ পরিমিত আয়তনবিশিষ্ট মুক্তমঞ্চ নির্মাণের প্রকল্প চালু রেখেছে। চলতি আর্থিক বছরে, পাঁচটি জেলায় ৩৬টি মুক্তমঞ্চ নির্মাণের জন্য মোট ৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। মুক্তমঞ্চগুলি ৭৫ শতাংশ সরকারি অর্থানুকূল্যে এবং ২৫ শতাংশ স্থানীয় অর্থসংগ্রহের ভিত্তিতে গড়ে উঠছে। এই স্থানীয় অর্থ সংগ্রহের ক্ষেত্রে মূলত স্থানীয় বিধিবদ্ধ সংস্থাসমূহ, ক্লাব, শিক্ষা প্রতিষ্ঠান ও সাংস্কৃতিক সংগঠনের সাহায্যই নেওয়া হচ্ছে।

. সুকান্ত স্মৃতি পুরস্কার

কবি সুকান্ত ভট্টাচার্যের স্মৃতিরক্ষার্থে এবং নবীন ও প্রতিভাশালী লেখকদের উৎসাহ ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে এই বিভাগ এ বছর থেকে সাহিত্য ক্ষেত্রে সুকান্ত স্মৃতি পুরস্কার চালু করল। এ বছরের পুরস্কার প্রাপক হলেন কবি জয়দেব বসু এবং পুরস্কারটি হল নগদ ২০,০০০ হাজার টাকা এবং একটি শংসাপত্র। একটি বিশেষজ্ঞ কমিটিই এই পুরস্কার প্রাপককে নিবার্চন করেন।

. বাংলা সঙ্গীত মেলা

চলতি আর্থিক বছরে ১৫ এপ্রিল '৯৭ থেকে ২১ এপ্রিল '৯৭ পর্যন্ত রবীন্দ্র সদন ও নন্দন চত্বরে শাস্ত্রীয় ও লোকসঙ্গীত-সহ সব ধরনের বাংলা গানের এক সপ্তাহকালব্যাপী উৎসব আয়োজিত হয়। যুবসমাজকে এ-দেশের বৈচিত্র্যের মধ্যে ঐক্য এবং সমৃদ্ধশালী সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সচেতন করে তোলার লক্ষ্যে এই বিভাগ প্রতি বছর এই চমকপ্রদ সঙ্গীত মেলার আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করেছে। আমরা আগামী বছরের মেলার সাফল্য সম্পর্কে ভীষণভাবে আশাবাদী।

. ক্রীড়া শাখা

ক্রীড়া দপ্তরের স্বীকৃত লক্ষ্য হল সারা রাজ্যে গুণগত এবং সংখ্যাগত দিক দিয়ে খেলাধুলার মান উন্নয়ন করা। বলাবাহুল্য, খেলাধুলা নৈরাশ্যপীড়িত যুব সম্প্রদায়ের সকল চিত্ত বিক্ষেপের সর্বরোগ নিবারণকারিরূপে কাজ করে এবং তাদের শারীরিক ও মানসিক

বিকাশের পথ প্রশস্ত করে। এই লক্ষ্য চরিতার্থ করার জন্যই সারা রাজ্যে পরিকাঠামোগত সুযোগসুবিধা সৃষ্টি করে মুষ্টিমেয় কিছু প্রতিভাবান যুবক-যুবতীদের গুণগতমান উন্নয়নের প্রশিক্ষণের চেয়ে বিভিন্ন ক্রীড়া কর্মকান্ডে যুবসমাজের সর্বাধিক অংশগ্রহণের ওপর জোর দেওয়া হয়েছে। বর্তমান আর্থিক বছরে (১৯৯৮-৯৯) ক্রীড়া পরিকল্পনা খাতে মাত্র পাঁচ কোটি টাকা ব্যয়বরাদ্দ ধার্য হয়েছে যা প্রয়োজনের তুলনায় নিতান্ত কম।

অন্যতম বৃহৎ ইন্ডোর স্টেডিয়ামগুলির মধ্যে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম একটি যেখানে সারা বছর ধরে বিভিন্ন খেলাধুলা সংঘটিত হওয়া ছাড়াও সাংস্কৃতিক, শিক্ষামূলক সভা অনুষ্ঠান প্রভৃতি হয়ে থাকে। গতবছর এখানে জাতীয় জুনিয়র ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়। এই স্টেডিয়ামটি আন্তর্জাতিক গুরুত্ব লাভ করেছিল যখন দেশবিদেশের বহু গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে মাদার টেরিজার শেষকৃত্যের শবযাত্রা এখান থেকে শুরু হয়েছিল। সমস্ত ঘটনাটি সারা বিশ্বে দূরদর্শনের মাধ্যমে সম্প্রচারিত হয়েছিল এবং নেতাজী ইন্ডোর স্টেডিয়াম যে আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করেছিল সেকথা বলাই বাহুল্য।

জাতীয় স্তরে খেলাধুলায় অংশগ্রহণের জন্য এবং বিভিন্ন ক্রীড়া প্রশিক্ষণ চালানোর জন্য রাজ্যস্তরের ক্রীড়া সংস্থাগুলি আগের বছরের ন্যায় গতবছরেও অনুদান লাভ করেছিল। এদের মধ্যে উল্লেখযোগ্য হল, রাজ্য ব্যাডমিন্টন সংস্থা, রাজ্য বাস্কেটবল সংস্থা, বেঙ্গল হকি অ্যাসোসিয়েশন ইত্যাদি।

ব্যক্তিগত ক্রীড়া প্রতিভা বিকাশের ক্ষেত্রে এবং বিভিন্ন বিষয়ে ক্রীড়া প্রতিভা বিকাশের জন্য ক্রীড়া বিভাগ গত বছরও তার সাহায্যের হাত প্রসারিত করেছিল। এ হেন ঘটনার মধ্যে উল্লেখযোগ্য হল মাসুদুর রহমান বৈদ্যের মতো দু-দুটি হাঁটুর ওপর থেকে অঙ্গচ্ছেদন হওয়া একজন প্রতিবন্ধীর দ্বারা ইংলিশ চ্যানেল সাঁতরে পার হওয়া। সে সাহসের সঙ্গে সম্মুখীন হয়ে অবশেষে তা সাঁতরে পার হয়ে বিশ্বে এক নতুন ইতিহাস সৃষ্টি ও নজির গড়ে তোলে। একজন সঙ্গীসহ কলকাতা থেকে ইংল্যান্ড পর্যন্ত এবং ফিরতি পথে ভ্রমণের সমস্ত ব্যয়ভার ক্রীড়া দপ্তর বহন করেছিল শুধু তাই নয়, তার গৌরবময় সাফল্যের পর কলকাতায় পদার্পণ করার সঙ্গে সঙ্গে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাজ্যের মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে এক উষ্ণ অভ্যর্থনা ও সাফল্যের স্বীকৃতি পদক দেওয়া হয়। এ ছাড়াও ক্রীড়া বিভাগ কিছু প্রতিভাবান দাবা খেলোয়াড়, সাঁতারুকে আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং কৃতিত্ব অর্জনের জন্য অনুদান দিয়েছে।

দার্জিলিং-এর লেবং-এ ও বর্ধমানে স্থাপিত 'স্পোর্টস প্রোজেক্ট ডেভেলপমেন্ট এরিয়া' শীর্ষক বড় ক্রীড়া প্রকল্প দুটি সাফল্যের সঙ্গে কাজ করে চলেছে। সংলগ্ন জেলাসমূহের

পিছিয়ে পড়া শ্রেণীর ক্রীড়ামোদি যুবক-যুবতীদের একটা বড় অংশ এর থেকে তাদের ক্রীড়া তৃষ্ণা মেটাতে সক্ষম হচ্ছে।

গত বছরেও সর্বভারতীয় ফুটবল সংস্থা (এ. আই. এফ. এফ.) পরিচালিত জাতীয় লিগের গুরুত্বপূর্ণ খেলাগুলি যুবভারতীয় ক্রীড়াঙ্গণ, রবীন্দ্র সরোবর স্টেডিয়াম, বারাসাত স্টেডিয়াম প্রভৃতিতে সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। জাতীয় লিগ, কলকাতা ফুটবল লিগ ও আই এফ. এ. শিল্ড-এর খেলাগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এই বিভাগ আই. এফ. এ. ও এ. আই. এফ.-কে সবরকম সহযোগিতা ও সাহায্য করেছে।

গত ২৯ ডিসেম্বর ১৯৯৭ সালে কলকাতায় ইডেন উদ্যানে ষষ্ঠ আন্তর্জাতিক মহিলা ক্রিকেটের অন্তিম খেলাটির সাফল্যের জন্য ক্রীড়া বিভাগ বিশেষ কৃতিত্বের দাবি রাখে। এই বিভাগের আর্থিক সহায়তায় এবং প্রায় সত্তর হাজার মহিলা দর্শকের উপস্থিতিতে এই খেলাটি আন্তর্জাতিক স্তরে এক বিশেষ মাত্রা লাভ করেছে।

মহিলাদের খেলাধুলার উন্নয়নের ওপর ক্রীড়া বিভাগ সর্বদা বিশেষ গুরুত্ব দিয়ে এসেছে। ক্রীড়া পর্ষদের একটি মহিলা দল গতবছরও জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশ নিয়েছিল এবং সন্তোষজনক ফল লাভ করেছে।

ক্রীড়া বিভাগ বিভিন্ন জেলা ও মহকুমা স্তরে পরিকাঠামোগত সুযোগ-সুবিধা যথা স্টেডিয়াম, জিমন্যাসিয়াম, সুইমিং পুল প্রভৃতি নির্মাণ ও সম্পূর্ণ করার জন্য অনুদান দেওয়ার কাজ অব্যাহত রেখেছে। অতীত দিনের দক্ষ ও অভাবী ক্রীড়া ব্যক্তিত্ব অথবা তাদের প্রয়াস হওয়ার পর তাদের নিকট আত্মীয়কে মাসিক ৪০০ টাকা করে আর্থিক সাহায্য দেওয়ার প্রকল্প বিগত বছরেও চালু ছিল। এই আর্থিক অনুদানের পরিমাণ বৃদ্ধির প্রস্তাব এখনও বিবেচনাধীন।

ক্রীড়া বিভাগ বেলেঘাটায় নবরূপায়িত সুভাষ সরোবর সুইমিং পুলে বেশ সাফল্যের সঙ্গে সারা ভারত পুলিশ ক্রীড়ানুষ্ঠানের জাতীয় জলক্রীড়া প্রতিযোগিতা সংগঠিত করেছিল।

এই বিভাগের আর্থিক সহায়তায় হাওড়া মিউনিসিপ্যালিটি পরিচালিত হাওড়ার ডুমুরজলায় গত আর্থিক বছরে একটি ইন্ডোর স্টেডিয়াম উদ্বোধন করা হয়েছে।

**রাজ্য ক্রীড়া পর্ষদ**

রাজ্য ক্রীড়া পর্ষদ বিভাগের কার্যনির্বাহী শাখা হিসাবে এবং নীতি নির্ধারণের ক্ষেত্রে পরামর্শদাতা হিসাবে কাজ করে। এই পর্ষদ ক্রীড়া পরিকল্পনা ও তা সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য জেলা ক্রীড়া পর্ষদ, রাজ্য ও জেলা ক্রীড়া সংস্থার সাহায্য নেয়। ক্রীড়া পর্ষদের

স্ট্যান্ডিং কমিটি রাজ্যস্তরের ক্রীড়া সংস্থাগুলির প্রতিনিধিদের নিয়ে বিভিন্ন সাব-কমিটি গঠন করে, যারা সময়ে সময়ে তাদের মূল্যবান মতামত দিয়ে থাকেন। পক্ষান্তরে, সাব-কমিটিগুলিও তাদের সুপারিশগুলি বিবেচনার জন্য স্ট্যান্ডিং কমিটির কাছে প্রস্তাব রাখে।

ক্রীড়া পর্ষদ পরিচালিত বিভিন্ন শাখার স্থায়ী প্রশিক্ষণ শিবিরগুলির মধ্যে কয়েকটি উল্লেখ করা যাক। নেতাজী ইন্ডোর স্টেডিয়ামের লাগোয়া ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রটি হল রাজ্যের একমাত্র শীততাপনিয়ন্ত্রিত স্থায়ী প্রশিক্ষণকেন্দ্র যেখানে সারা বছর টেবিল-টেনিস, বাস্কেটবল, ব্যাডমিন্টন এবং জিমন্যাস্টিক্স প্রশিক্ষণ দেওয়া হয়, সুভাষ সরোবরের স্থায়ী সুইমিং পুলে সুইমিং-এ প্রশিক্ষণ দেওয়া হয়। উক্ত দুটি প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণের দায়িত্ব ন্যস্ত থাকে দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকদের ওপর।

এ ছাড়া ক্রীড়া পর্ষদ হাওড়া, হুগলি, বর্ধমান, নদীয়া, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা এবং কলকাতায় ভলিবলে স্থায়ী প্রশিক্ষণ চালু রেখেছে। পর্ষদের প্রশিক্ষকের মাধ্যমে কলকাতা ও জেলাগুলিতে খো-খো এবং কবাডির মতো দেশজ খেলাগুলির প্রতি খেলোয়ারদের যথারীতি উৎসাহিত করা হয়েছে। সেইরকম বর্ধমান, দুর্গাপুর এবং বোলপুরের স্থায়ী কেন্দ্রগুলিতে বাস্কেটবল প্রশিক্ষণ গত বছরেও চালু রাখা হয়েছে।

ক্রীড়া পর্ষদ জেলা ক্রীড়া পর্ষদগুলিকে, জেলা ক্রীড়া সংস্থাগুলিকে এবং সরকারি ও বেসরকারি ক্রীড়া সংস্থাগুলিকে প্রয়োজনমতো প্রশিক্ষক দিয়ে সহযোগিতা করে এবং সংস্থানের প্রাপ্যতা অনুযায়ী ফুটবল, বাস্কেটবল ও ভলিবলের উপকরণ অনুদান দেয়।

ক্রীড়া পর্ষদ গত বছরেও (১৯৯৭-৯৮) মহিলাদের জাতীয় ক্রীড়া উৎসবে যোগ দেবার জন্য একটি মহিলা দল পাঠিয়েছিল যাদের সামগ্রিক সাফল্য ছিল সন্তোষজনক।

গত ১৯৮৪ সাল থেকে চালু হওয়া জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারি ৭৫ জন সম্ভাবনাময় বালক-বালিকাকে মাসিক ৭৫ টাকা করে স্টাইপেন্ড দেওয়ার প্রকল্পটি ক্রীড়া পর্ষদ যথারীতি চালু রেখেছে।

পর্ষদের কর্মকান্ড জনসমক্ষে তুলে ধরতে এবং গ্রাম্য খেলাধুলার খবরাখবর প্রচারের উদ্দেশ্যে ক্রীড়া পর্ষদ 'বাংলার খেলা' শীর্ষক একটি মাসিক পত্রিকা নিয়মিত প্রকাশ করে আসছে।

বিগত ১৯৮৯ সাল থেকে শুরু করে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ৩৩টি শিক্ষা-প্রতিষ্ঠানের প্রতিটি থেকে ৩০ জন করে ১০ থেকে ১৪ বছরের বালক-বালিকাদের নিয়ে গঠিত দীর্ঘমেয়াদি অনাবাসী প্রশিক্ষণ প্রকল্পটি রাজ্য ক্রীড়া পর্ষদ যথারীতি চালু রেখেছে। তাদের প্রচ্ছন্ন শক্তিকে লালন করার জন্য এবং ক্রীড়া প্রতিভা চিহ্নিত করার কাজে এই

বিদ্যালয়গুলিতে অভিজ্ঞ প্রশিক্ষক নিয়োজিত আছে। ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৪টিতে ফুটবল, ৫টিতে ভলিবল এবং বাকিগুলিতে সাঁতার প্রশিক্ষণ চালু আছে। এ ছাড়া, ক্রীড়া পর্ষদ এ রাজ্যের প্রায় ২৮টি ক্রীড়া সংস্থার সঙ্গে যুক্ত। এই সংস্থাগুলির কাজ হল ক্রীড়া পর্ষদ থেকে সময়ে সময়ে আর্থিক অনুদান গ্রহণ করে জাতীয় স্তরে এবং প্রায় জাতীয় স্তরে প্রতিযোগিতায় দলগত বা ব্যক্তিগতভাবে অংশ নিতে সাহায্য করা। পর্ষদ বিভিন্ন ক্রীড়া সংস্থা এবং শারীরিক প্রতিবন্ধী সংস্থাকে বিভিন্ন খেলাধুলা পরিচালনার জন্য আর্থিক সাহায্য দিয়ে থাকে।

সর্বশেষ অথচ কোনও অংশে কম গুরুত্বের নয়, পর্ষদ পরিচালিত এমন অনুষ্ঠানটি হল, পথশিশুদের ক্রীড়া প্রতিযোগিতা যেটা সমাজ কল্যাণ দপ্তরের সক্রিয় সহযোগিতায় হয়ে থাকে। ওইদিন এসব হতভাগ্য শিশুদের নতুন পোশাক দেওয়া হয়। তারা আবার বেশ মজা ও আনন্দের সঙ্গে 'বসে আঁকো' প্রতিযোগিতায় অংশ নেয়। এই বিশেষ দিনটা তারা প্রাণভরে উপভোগ করে তারা অনুভব করে তারা আমাদের সমাজেরই অবিচ্ছেদ্য অংশ।

ভবিষ্যতে ক্রীড়া বিভাগ উপরোক্ত কর্মকান্ডগুলি অধিকতর ব্যাপকভাবে রূপায়িত করার আশা রাখে।

**.শারীর শিক্ষা**

বলাবাহুল্য, বিদ্যালয়গুলিতে শারীরচর্চায় সুযোগ সম্প্রসারিত করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। সরকারি ও বেসরকারি কলেজগুলিকে ক্রীড়া উপকরণ ক্রয়ের জন্য যথারীতি সরকারি অনুদান দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যালয় দল যথারীতি ন্যাশনাল স্কুল গেমস ফেডারেশন পরিচালিত জাতীয় বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে আশাব্যঞ্জক সাফল্য দেখিয়েছে।

**.জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী**

একটি সর্বভারতীয় সংগঠন হিসাবে জাতীয় সময় শিক্ষার্থী বাহিনী (এন. সি. সি.) সুগঠিত এবং যোগ্য বাহিনী হিসাবে নিজেদের প্রতিষ্ঠিত করার জন্য বিশেষ মর্যাদা দাবি করে আসছে। রাজ্য সরকার এন. সি. সি. শাখা কার্যালয়গুলি পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো এবং কর্মীর ব্যবস্থা করে থাকে।

প্রশিক্ষণ সংঘটিত করা ছাড়াও শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য, জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী ক্যাম্পিং, ট্রেকিং, দুঃসাহসিক অভিযান প্রভৃতি কর্মকান্ড সংঘটিত করে। জাতীয় সংহতি প্রকল্পের পশ্চিমবঙ্গের সমর শিক্ষার্থী বাহিনী তাদের দক্ষতার দাবি রাখে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কটি কথা বলে আমি আমার দাবিটি সভার অনুমোদনের জন্য পেশ করছি।

**DEMAND No. 32**

**Major Heads : "2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 701,85,00,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads : "2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)".

(This is inclusive of a total sum of Rs. 233,95,00,000 already voted on account)

**DEMAND No. 33**

**Major Head : "2210—Medical and Public Health (Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 110,33,93,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)".

(This is inclusive of a total sum of Rs. 36,78,00,000 already voted on account)

**DEMAND No. 34**

**Major Head : "2211—Famely Welfare**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 938,60,00,000 be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211—Famely

Welfare".

(This is inclusive of a total sum of Rs. 31,30,00,000 already voted on account)

## DEMAND No. 35

**Major Heads : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 262,30,45,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)".

(This is inclusive of a total sum of Rs. 104,93,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Gautam Deb on Demand No. 35 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে, ৩৫নং দাবির অন্তর্ভুক্ত মুখ্যখাতে, "২২১৫—জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত)" ব্যয় নির্বাহের জন্য টাঃ ২৬১,৯৭,৯৫,০০০ (দুইশত একষট্টি কোটি সাতানব্বই লক্ষ পঁচানব্বই হাজার) মঞ্জুর করা হোক। ইতিমধ্যে যে টাঃ ১০৪,৮০,০০,০০০ (একশত চার কোটি আশি লক্ষ) অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুর (Vote on Account) করা হয়েছে তাও উক্ত টাকার অন্তর্গত।

২। রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, একই দাবি ৩৫ নং-এর অন্তর্ভুক্ত মুখ্যখাতে "৬২১৫—জল সরবরাহ অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত)"-এর জন্য ঋণদান বাবাদ টাঃ ৩২,৫০,০০০ (বত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) মঞ্জুর

করা হোক। ইতিমধ্যে যে টাঃ ১৩,০০,০০০ (তের লক্ষ) অন্তর্বর্তীকালীন ব্যয়মঞ্জুর (Vote on Account) করা হয়েছে, তাও উক্ত টাকার অন্তর্গত।

৩। মহাশয়, আমি এই সুযোগে আপনার মাধ্যমে রাজ্য সরকার কর্তৃক জল সরবরাহ ও অনাময় সম্পর্কে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ১৯৯৮-৯৯ সালে প্রস্তাবিত কর্মসূচি সম্পর্কে কিছু তথ্য মাননীয় সদস্যদের গোচরিভূত করতে চাই।

**৪। গ্রামীণ জল সরবরাহ ঃ**

৪.১। গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ বর্তমানে রাজ্য সরকারের মৌল ন্যূনতম পরিষেবা প্রকল্প (বি. এম. এস.) (পূর্বতন ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প) এবং কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প-এর মাধ্যমে কার্যকর করা হয়। ৯৭-৯৮ সালে মৌল ন্যূনতম পরিষেবা খাতে বাজেট বরাদ্দ ছিল ৫০ কোটি টাকা যা ৭৫ কোটি টাকা বরাদ্দে সংশোধিত হয়েছে। কেন্দ্রীয় সরকার ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ খাতে প্রাথমিকভাবে ৫৭.০৪ কোটি টাকা বরাদ্দ রেখেছেন।

৪.২। গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের অবস্থা পর্যালোচনায় প্রচলিত গ্রামভিত্তিক ধারণার পরিবর্তে কেন্দ্রীয় সরকার 'বসতিভিত্তিক' ধারণার প্রবর্তন করেছেন। যেহেতু 'বসতি'র কোনও নির্দিষ্ট ভৌগোলিক সীমারেখা নাই, বসতিগুলির অবস্থান এবং সংখ্যা সময়ের সাথে ক্রমপরিবর্তনশীল। ১৯৯৪-৯৫ সালে কেন্দ্রীয় সরকার পরিচালিত নমুনা-সমীক্ষায় পশ্চিমবঙ্গে ৮০,৩৭৭টি বসতি চিহ্নিত করা হয়। ১৯৯৭ সালে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক পরিচালিত নতুন সমীক্ষায় ১-৪-৯৭ তারিখে পশ্চিমবঙ্গে ৭৯,০৩৬টি বসতি পাওয়া যায়।

৪.৩। গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের পরিমাণের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার নিম্নবর্ণিতভাবে বসতিগুলিকে বিভাজন করেছেন ঃ—

(ক) জনবিহীন বসতি—এন. সি.

(খ) জনপ্রতি দৈনিক দশ লিটার পর্যন্ত জল সরবরাহযুক্ত—পি. সি. ১

(গ) জনপ্রতি দৈনিক দশ থেকে কুড়ি লিটার পর্যন্ত জল সরবরাহযুক্ত—পি. সি. ২

(ঘ) জনপ্রতি দৈনিক কুড়ি থেকে ত্রিশ লিটার পর্যন্ত জল সরবরাহযুক্ত—পি. সি. ৩

(ঙ) জনপ্রতি দৈনিক ত্রিশ থেকে চল্লিশ লিটার পর্যন্ত জল সরবরাহযুক্ত—পি. সি. ৪

(চ) জনপ্রতি দৈনিক চল্লিশ লিটার এবং উর্ধ্বে জল সরবরাহযুক্ত—এফ. সি.

৪.৪। ১৯৯৭ সালের সমীক্ষা অনুযায়ী জল সরবরাহের মাত্রার ভিত্তিতে বসতিগুলির সংখ্যা নিম্নরূপ ঃ—

(ক) এন সি — ২২৮০

(খ) পি সি ১—৫২৭৩

(গ) পি সি ২—৯২৩৬

(ঘ) পি সি ৩—৯১৫৬

(ঙ) পি সি ৪—৮০৩৪

(চ) এফ সি — ৪৫,০৫৭

৪.৫। ১৯৯৭-৯৮ সালে, ফেব্রুয়ারি ১৯৯৮ পর্যন্ত প্রাপ্ত হিসাব অনুযায়ী ১২৬৫টি 'এন সি' বসতি এবং ৮৯৪টি' 'পি সি' বসতি জল সরবরাহের আওতায় আনা হয়েছে। এছাড়া, আর্সেনিক দূষণযুক্ত এলাকায় নলকূপগুলির প্রতিস্থাপনের কাজ করা হয়েছে।

৪.৬। 'এন সি' এবং 'পি সি' বসতিগুলিতে জল সরবরাহের ব্যবস্থা মূলত জেলা পরিষদগুলির মাধ্যমে হস্তপ্রোথিত নলকূপ, ইঁদারা ইত্যাদি দ্বারা করা হয়। যে সমস্ত অঞ্চলে নলকূপ স্থাপনের জন্য "রিগ" ব্যবহার করার প্রয়োজন সেক্ষেত্রে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের পরিকাঠামো ব্যবহার করা হয়। অগ্রাধিকারের ভিত্তিতে বসতিগুলিতে নলকূপ স্থাপনের জন্য 'এন সি' এবং 'পি সি ১' বসতিগুলির তালিকা জেলাপরিষদগুলিকে পাঠানো হয়েছে। লক্ষ্যমাত্রা পূরণের উদ্দেশ্যে জেলাপরিষদগুলিকে মোট ৫.০০ কোটি টাকা ইতিমধ্যেই মঞ্জুর করা হয়েছে। এছাড়া রিগ' প্রোথিত নলকূপ স্থাপনের জন্য ১০.২৩ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

৪.৭। বিভাগীয় বাজেট-এর একটি উল্লেখযোগ্য অংশ স্থায়ী নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণের জন্য ব্যয়িত হয়। ১৯৯৭-৯৮ সালে ৪৭টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প পূর্ণ রূপায়ণ করা হচ্ছে। এর ফলে ৬.১৬ লক্ষ লোক উপকৃত হবে। এবছর আরও ৯০টি নতুন নলবাহিত জল সরবরাহ প্রকল্প আরম্ভের জন্য অর্থ মঞ্জুর করা হয়। এই প্রকল্পগুলি সমাপ্ত হলে ২৭.৮৬. লক্ষ লোক উপকৃত হবে। ১৯৯৮ সালের মাচ মাসের শেষে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ ব্যতিরেকে, মোট ৫২৪টি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের পূর্ণ রূপায়ণের মাধ্যমে ৯১.৩৪ লক্ষ লোক উপকৃত হবে। নলবাহিত জল সরবরাহ দ্বারা উপকৃত জনসংখ্যা শতকরা হার বৎসরের শুরুতে শতকরা ১৭.২৪ থেকে বেড়ে দাঁড়াবে শতকরা ১৮.৫০।

৪.৮। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে নেওরাখোলা জলসরবরাহ প্রকল্প ব্যতীত অন্য সমস্ত এলাকায় জল সরবরাহ ও অনাময় প্রকল্প রূপায়ণ করে। নেওরাখোলা জল সরবরাহ প্রকল্পটি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মাধ্যমে রূপায়িত হচ্ছে। ১৯৯৭-৯৮ সালে রাজ্য পরিকল্পনা খাতে বাজেট বরাদ্দ ১০৫ লক্ষ টাকা এবং ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পে ১০০ লক্ষ টাকা বরাদ্দের তুলনায় ১৯৯৮-৯৯ সালে ঐ দুই খাতে যথাক্রমে ১১৫.৫০ লক্ষ এবং ১১০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৪.৯। রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প (দ্বিতীয় পর্যায়)-এ পশ্চিমবঙ্গ সরকারের দেয় সম্পূর্ণ অর্থ মঞ্জুর করা সত্ত্বেও ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষের কাছ থেকে অর্থ না পাওয়ায় প্রকল্পটি সম্পূর্ণ করা যায়নি। ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষের দেয় ১৮১০ লক্ষ টাকার মধ্যে এ পর্যন্ত মোট ১৫১৩ লক্ষ টাকা পাওয়া গেছে। বাকি অর্থ মঞ্জুরের জন্য তাদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রাখা হচ্ছে।

৪.১০। যে এলাকাগুলি রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প (প্রথম ও দ্বিতীয় পর্যায়ও)-এর আওতাভুক্ত হয়নি, সেগুলি নিয়ে রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প (তৃতীয় পর্যায়) রচনা করা হয়েছে। এই প্রকল্পের প্রথম অংশের কাজ—যা আগে শুরু হবে, তার অনুমিত ব্যয়ের বিশদ মূল্যায়নমান ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষের কাছে তাদের অংশের ব্যয় বহনের যথাবিহিত সম্মতির জন্য পাঠানো হয়েছে। এ বিষয়ে আলোচনা অনেক দূর এগিয়েছে।

**৫। জলের গুণগত সমস্যা ঃ**

৫.১। ভূগর্ভস্থ পানীয় জলে আর্সেনিক দূষণ।

৫.১.১। রাজ্যের আটটি জেলায় ৬১টি ব্লকে ২৭০০ বসতির বিস্তীর্ণ এলাকায় ভূগর্ভস্থ জলে অনুমোদিত সীমার ঊর্ধ্বে আর্সেনিকের উপস্থিতি রাজ্য সরকারের কাছে এখনও গভীর উদ্বেগের বিষয়। রাজ্য পরিকল্পনা খাতে এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় আর্সেনিক দূষণ প্রতিরোধে স্বল্পমেয়াদি এবং দীর্ঘস্থায়ী বিবিধ পন্থা অবলম্বন করা হয়েছে। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন সংস্থার পরিকাঠামো এ কাজে ব্যবহার করা হচ্ছে।

৫.১.২। আর্সেনিক দুষ্ট এলাকায় আর্সেনিক মুক্ত জল সরবরাহের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ৭৫ ঃ ২৫ অনুপাতে আর্থিক ব্যয় বহনের ভিত্তিতে চারটি প্রকল্প অনুমোদিত হয়েছে। এই প্রকল্পগুলি হল—

(ক) প্রথম পর্যায়ে কার্য প্রকল্প।

(খ) দ্বিতীয় পর্যায়ে কার্য প্রকল্প।

(গ) মালদহ ভূপৃষ্ঠ জল প্রকল্প।

(ঘ) দক্ষিণ ২৪-পরগনা ভূপৃষ্ঠ জল প্রকল্প।

৫.১.২.১। ৮.৫৮ কোটি টাকা ব্যয়ে প্রথম পর্যায় কার্য প্রকল্প সমাপ্ত হয়েছে। এই প্রকল্প অনুযায়ী ৭৫৪টি নলকূপ এবং ৮টি বড় ব্যয়ের নলকূপ পুনঃস্থাপিত হয়েছে এবং ৬টি নলবাহিত জল প্রকল্প পূর্ণ রূপায়িত হয়েছে। এর ফলে ৩ লক্ষেরও বেশি লোক উপকৃত হবে।

৫.১.২.২। দ্বিতীয় পর্যায় কার্য প্রকল্পে চারটি অধিক আর্সেনিক দুষ্ট দেলার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৭৪.৬১ কোটি টাকা অনুমিত ব্যয়ের পরিকল্পনা পাঠানো হয়েছিল। পরিকল্পনাটি আংশিকভাবে, শুধুমাত্র নদীয়া ও মুর্শিদাবাদ জেলার খণ্ডাংশের জন্য ১৭.৩৩ কোটি টাকা অনুমিত ব্যয়ে কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভ করেছে। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর সম্পূর্ণ প্রকল্পটি অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনা করছে। কেন্দ্রীয় সরকারের অনুমোদিত প্রকল্প অনুযায়ী ৪৫১টি নলকূপ, ১২২টি পাতকুয়া এবং ১৩টি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে। এই কাজ শেষ হলে ২.৭৮ লক্ষ লোক উপকৃত হবে।

৫.১.২.৩। ৮৮.৪৮ কোটি টাকা অনুমোদিত ব্যয়ে মালদহ ভূপৃষ্ঠ জল প্রকল্প দ্রুততার সঙ্গে রূপায়িত হচ্ছে। জনস্বাস্থ্য কারিগরী বিভাগ প্রস্তাবিত স্থানে গঙ্গাজল উত্তোলনের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি না পাওয়ায় প্রকল্পের দক্ষিণ অংশে উত্তোলন কাঠামো নির্মাণকার্য বিলম্বিত হয়েছে। যাই হোক, একটি বিকল্প স্থান অনুমোদিত হয়েছে এবং কাজ আরম্ভ হয়েছে। অন্যান্য সমস্ত অংশে কাজের অগ্রগতি সন্তোষজনক। প্রকল্পটি ১৯৯৯ সালের মধ্যে আংশিকভাবে রূপায়িত হবে বলে আশা করা যায়। প্রকল্পটি সম্পূর্ণ হলে ৮.১৭ লক্ষ লোক উপকৃত হবে।

৫.১.২.৪। দক্ষিণ ২৪-পরগনা জেলার ৮টি ব্লক, ২টি পৌরসভা এবং ১৮টি পৌরসভা বহির্ভূত শহরাঞ্চলে ২৬.৫৮ লক্ষ লোকের জন্য ২৩২.৮৪ কোটি টাকা অনুমিত ব্যয়ে দক্ষিণ ২৪-পরগনা ভূপৃষ্ঠ জল সরবরাহ প্রকল্প এ বছর অনুমোদিত হয়েছে। উত্তোলন কাঠামো এবং শোধনাগার স্থাপনের জন্য জমি ইতিমধ্যেই অধিগ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে।

৫.১.৩। আর্সেনিক বিপদ প্রতিরোধে রাজ্য সরকারও কিছু নিজস্ব প্রকল্প গ্রহণ

করেছেন। পূর্ববর্তী বৎসরগুলিতে রাজ্য সরকার ২১৬ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে ১৪৩টি নলকূপের প্রতিস্থাপন এবং ১২৬টি পাতকুঁয়া স্থাপন করেছে। এর ফলে, ০.৬৭ লক্ষ লোক উপকৃত হয়েছে। বর্তমান আর্থিক বৎসরে ২০৩ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে ৫৪১টি নলকূপ এবং ২০টি পাতকুয়া স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। এর ফলে ১.৫০ লক্ষ লোক উপকৃত হবে। অল ইণ্ডিয়া ইন্সটিটিউট অব হাইজিন অ্যাণ্ড পাবলিক হেলথ-এর সহযোগিতায় সমস্ত আর্সেনিক অধ্যুষিত অঞ্চলে সুসংবদ্ধভাবে জলের গুণাগুণ পরীক্ষার কাজ হাতে নেওয়া হয়েছে। আক্রান্ত জেলাগুলিতে জলের গুণাগুণ পরীক্ষার জন্য ৬টি পরীক্ষাগার স্থাপন করা হয়েছে।

৫.১.৪। উত্তর ২৪-পরগনা জেলার আর্সেনিক অধ্যুষিত এলাকার জন্য একটি ভূপৃষ্ঠ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প জাপান সরকারের আর্থিক সহায়তার জন্য উপস্থাপন করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আলাপ-আলোচনা চলছে।

৫.১.৫। এ আই আই এইচ পি এইচ, পি এইচ ডি, বি ই কলেজ এবং অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক হস্তচালিত নলকূপসমূহে ব্যবহারের উপযোগী আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট উদ্ভাবনের কাজ চলছে। বিদেশি প্রযুক্তিও পরীক্ষা করে দেখা হচ্ছে।

৫.১.৬। জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ এবং সহযোগিতা ছাড়া কেবলমাত্র সরকারি উদ্যোগ কাঙ্খিত ফলপ্রদান করতে পারে না। আক্রান্ত অঞ্চলে এ আই আই এইচ পি এইচ-এর সহযোগিতায় এবং পঞ্চায়েত, স্থানীয় বিদ্যালয়, ক্লাব, বেসরকারি সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানের সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে সচেতনতা প্রসার কর্মসূচি রাজ্য সরকার গ্রহণ করেছেন। ইউনিসেফ্-এর আর্থিক সহযোগিতা এবং পি এইচ ই ডি-র সক্রিয় অংশ গ্রহণের ভিত্তিতে এ আই আই এইচ পি এইচ কর্তৃক উদ্ভাবিত আর্সেনিক দূষণমাত্রা পরিমাপ করার বহনযোগ্য পরিক্ষাযন্ত্র প্রতিটি আক্রান্ত ব্লকে বিতরণ করা হচ্ছে। কিছু নির্বাচিত স্থানীয় লোককে যন্ত্রটির ব্যবহার পদ্ধতি শিক্ষা দেওয়া হচ্ছে। আর্সেনিক উপস্থিতি পরিলক্ষিত হলে পরবর্তী পদক্ষেপ সম্পর্কে সহজ নির্দেশাবলী তৈরি করা হয়েছে। জেলাস্তরে প্রশিক্ষকদের প্রশিক্ষণ সম্পূর্ণ হয়েছে। ব্লকস্তরে প্রশিক্ষণের কার্যক্রম নেওয়া হচ্ছে।

**৫.২। অতিরিক্ত ফ্লোরাইড ঃ**

৫.২.১। রাজ্যের পশ্চিমাঞ্চলে ভূগর্ভস্থ জলে অতিরিক্ত ফ্লোরাইডের উপস্থিতি রাজ্যকে আরও একটি জলদূষণ সমস্যার সম্মুখীন করেছে। গত বৎসর বীরভূম জেলার নলহাটি ব্লকের একটি গ্রামে এই দূষণ প্রথম পরিলক্ষিত হয়। দূষিত জলের উৎসগুলি বন্ধ করে দেওয়ার দ্রুত ব্যবস্থা নেওয়া হয়েছে এবং বিশুদ্ধ পানীয় জল সরবরাহের প্রকল্প বিকল্প ব্যবস্থা করা হয়েছে। আক্রান্ত এলাকায় একটি নলবাহিত জল সরবরাহ প্রকল্প সঙ্গে

সঙ্গেই মঞ্জুর করা হয় এবং রূপায়িত হয়। সাবধানতামূলক ব্যবস্থা হিসাবে পাশাপাশি এলাকা ও জেলাগুলিতে জলের উৎসসমূহ পরীক্ষা করা হয়। ৪টি জেলার ১৩টি ব্লকের ৩৯টি বসতিতে অতিরিক্ত ফ্লোরাইড-এর উপস্থিতি লক্ষিত হয়েছে। প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।

**৫.৩। অতিরিক্ত লবণতা ঃ**

৫.৩.১। চারটি জেলার উপকূলবর্তী ৬০টি ব্লকে অতিরিক্ত লবণতার সমস্যা আছে। কেন্দ্রীয় সরকার আর জি এন ডি ডবলু এম-রে টেক্‌নলজি মিশনের মাধ্যমে নিজস্ব সংস্থা দ্বারা উপকূলবর্তী অঞ্চলে দুইটি পরীক্ষামূলক লবণ দূরীকরণ প্ল্যান্ট স্থাপন করেছিল। কিন্তু, প্ল্যাণ্টগুলি কাঙ্খিত ফল না দেওয়ায় পরিকল্পনাটি বাতিল করা হয়েছে।

৫.৩.২। রাজ্য সরকার কাঁথি মহকুমার লবণাক্ত অঞ্চলে ভূগর্ভস্থ মিষ্টজলের স্তর থেকে সংগ্রহ করে নলবাহিত জল প্রকল্পের কাজ হাতে নিয়েছিল। আরও অধিক সংখ্যক লোককে সুবিধা দেওয়ার জন্য এই বৎসরে প্রকল্পটিকে পুনবর্ধন করা হয়েছে।

৫.৩.৩। সুন্দরবন অঞ্চলে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ৫ কোটি টাকার জল সরবরাহ প্রকল্প অনুমোদন করার শর্ত সাপেক্ষে সুন্দরবন উন্নয়ন সংস্থা ঐ অঞ্চলে জল সরবরাহের জন্য আরও ৫ কোটি টাকা মঞ্জুর করেছে। প্রস্তাবটিতে সম্মতি দেওয়া হয়েছে এবং এই গুচ্ছ প্রস্তাবে মোট ১৫টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প এবং ১০টি বৃষ্টি জল সংগ্রহ এবং ব্যবহার প্রকল্প মঞ্জুর করা হয়েছে। সুন্দরবন উন্নয়ন সংস্থার দেয় অর্থের প্রথম কিস্তি বাবদ ১.৭০ কোটি টাকা ইতিমধ্যেই পাওয়া গেছে। ১৫টি প্রকল্পের প্রাথমিক পর্যায়ের কাজ শুরু হয়েছে। এ ছাড়াও লবণাক্ত অঞ্চলে ভূগর্ভস্থ মিষ্ট জলের স্তর থেকে জল নিয়ে ৮৭টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়িত হয়েছে। যার ফলে মোট ১৬.৫০ লক্ষ লোক উপকৃত হয়েছে।

৫.৩.৪। মৌল ন্যূনতম পরিষেবার অংশ হিসাবে আর্সেনিক/সমস্যাসঙ্কুল অঞ্চলে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে রাজ্যের বাজেট বরাদ্দ ১৫.০৫ কোটি থেকে বাড়িয়ে ২৯.৭৯ কোটি টাকা করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে এই খাতে রাজ্যের বাজেট বরাদ্দ ২৮.৪০ কোটি টাকা প্রস্তাবিত হয়েছে।

**৬. শহরাঞ্চলে জল সরবরাহ ঃ**

৬.১। সি এম ডি এ বহির্ভূত এলাকায় ৮১টি পৌরশহর আছে। ৮০টি পৌরশহরে নলবাহিত জল সরবরাহ ব্যবস্থা চালু আছে। বাকি একটি মাত্র পৌরশহর বাদুড়িয়াতেও নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়িত হচ্ছে। পৌরশহরগুলির বর্ধিত এলাকাগুলিকে

জল সরবরাহের আওতায় আনার জন্য প্রকল্পগুলিকে প্রসারিত করা হচ্ছে। সি এম ডি এ বহির্ভূত এলাকার পৌর শহরগুলিতে নলবাহিত জল সরবরাহ প্রকল্পের আওতাভুক্ত জনসংখ্যা মার্চ, ১৯৯৮-তে প্রায় ৭৯% এবং মার্চ, ১৯৯৯ সালে ৮৪%-এর বেশি হবে বলে আশা করা যায়।

৬.২। শিলিগুড়ি জল সরবরাহ-প্রকল্প (অনুমিত ব্যয় ৪৬.১৭ কোটি টাকা), দুর্গাপুর জল সরবরাহ প্রকল্প (অনুমিত ব্যয় ২২.২৭ কোটি টাকা), খড়্গপুর জল সরবরাহ প্রকল্প (অনুমিত ব্যয় ২৬.৫২ কোটি টাকা), বসিরহাট জল সরবরাহ প্রকল্প (অনুমিত ব্যয় ৬.৬৮ কোটি টাকা), পুরুলিয়া জল সরবরাহ প্রকল্প (অনুমিত ব্যয় ২.৬৪ কোটি টাকা)-গুলির কাজ চলছে এবং আগামী বছর শেষ হবে বলে আশা করা যায়। জলপাইগুড়ি, কাটোয়া, বাঁকুড়া, মেদিনীপুর এবং বর্ধমানের বর্ধিত এলাকার জলসরবরাহ প্রকল্পগুলির কাজ আগামী বছরের শেষেও চলতে থাকবে।

৬.৩। কালিম্পং পৌরসভা, বিভিন্ন সামরিক ঘাঁটি এবং কিছু গ্রামীণ জনসাধারণকে জল সরবরাহের জন্য পরিকল্পিত নেওরাখোলা জল সরবরাহ প্রকল্পের কাজ, শুধুমাত্র দুইটি জলাধার নির্মাণকার্য ব্যতিত প্রায় সমাপ্ত। নলপথের অবশিষ্ট অংশের কাজ সম্পূর্ণ না হলে কাঙ্খিত ফল পাওয়া যাবে না। কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো সম্ভাব্য ব্যয়ের সংশোধিত মূল্যানুমান এখনও অনুমোদিত হয়নি। অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার জন্য রাজ্যের অর্থ ভাণ্ডার থেকে অতিরিক্ত অর্থ মঞ্জুরির জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ব্যবস্থা নিয়েছে।

৬.৪। কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত নগর জল সরবরাহ কর্মসূচি অনুযায়ী ২০,০০০-এর কম লোকসংখ্যা বিশিষ্ট তিনটি পৌরসভা—যথা খরার, ক্ষীরপাই এবং রামজীবনপুর পৌরসভাগুলির জল সরবরাহ প্রকল্প রূপায়িত হয়েছে। ঐ কর্মসূচিতে হলদিবাড়ি পৌরসভাকে অন্তর্ভুক্ত করার জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তর কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছে।

৬.৫। পৌরসভা বিষয়ক দপ্তর তাদের শহরাঞ্চলে মৌলিক ন্যূনতম পরিষেবা খাতের অর্থ-সংস্থান থেকে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর কর্তৃক রূপায়িত চলতি ১৯টি পৌরসভার জল সরবরাহ প্রকল্পগুলির জন্য মোট ১ কোটি ৮৬ লক্ষ টাকা মঞ্জুর করেছে। এই অর্থ জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের স্থানান্তরিত হলে চলতি কাজগুলির অগ্রগতি ত্বরান্বিত হবে।

**৭। বহির্দেশীয় সহায়তা প্রকল্পসমূহ ঃ**

৭.১। ফেডারেল রিপাবলিক অব জার্মানির আর্থিক অংশ গ্রহণের মাধ্যমে বীরভূম

জেলার বোলপুর ও তৎসংলগ্ন অঞ্চল এবং পুরুলিয়া জেলার রঘুনাথপুর ও তৎসংলগ্ন অঞ্চলের জন্য অনুমিত ১৪৯ কোটি টাকা ব্যয়ে একটি সুসম্বন্ধ জল সরবরাহ, অনাময় ও স্বাস্থ্যশিক্ষা বিষয়ক প্রকল্প রূপায়িত হচ্ছে। জার্মান সরকার এই প্রকল্পের জন্য ৫০০ লক্ষ ডয়েস্‌মার্ক (প্রায় ১০৬ কোটি টাকা) অনুদান হিসাবে দিতে সম্মত হয়েছেন। বাকি রাজ্য সরকারের আর্থিক সংস্থান থেকে মঞ্জুর করা হবে।

৭.২। বোলপুর অঞ্চলে ৪০০ মিটার বা অধিক গভীরতাসম্পন্ন ১৪টি নলকূপের দ্বারা ভূগর্ভস্থ জল উত্তোলন করা হবে। এই অঞ্চলের জটিল ভূ-অবস্থার জন্য নলকূপগুলি খনন ও স্থাপনের জন্য একটি জার্মান সংস্থাকে মনোনীত করা হয়েছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে ১৩টি নলকূপ ইতিমধ্যেই স্থাপন করা হয়েছে, যা থেকে যথেষ্ট পরিমাণ জল পাওয়া যাচ্ছে। খননকার্য সমাপ্তির মুখ্যে সরবরাহ ব্যবস্থার কাজ ও জলাধারের নির্মাণকার্য শীঘ্রই শুরু হবে।

৭.৩। রঘুনাথপুর প্রকল্পে জল সরবরাহের উৎস দামোদর নদের একটি উপনদী "উতালা" যেটা ডিভিসি-র পাঞ্চেৎ জলাধারে পড়ছে। প্রকল্পের বিশদ নক্সার কাজ শেষ হয়েছে এবং কাজ শীঘ্রই শুরু হবে।

**৮। শহরাঞ্চলের অনাময় এবং নিকাশি ব্যবস্থা ঃ**

৮.১। ১৯৯৮-৯৯ সালে এই খাতে ২ লক্ষ টাকার প্রতীক সংস্থানের প্রস্তাব করা হয়েছে।

**৯। গঙ্গা অ্যাকশন প্ল্যান—২য় পর্যায় ঃ**

৯.১। সি এম ডি এ এলাকা বহির্ভূত গঙ্গা এবং দামোদর নদের তীরে অবস্থিত দশটি পৌর শহরে গঙ্গা অ্যাকশন প্ল্যান—২য় পর্যায় রূপায়ণের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ভারপ্রাপ্ত হয়েছে। ১০টি প্রকল্পেরই সম্ভাব্যতার প্রাথমিক প্রতিবেদন ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে এবং তা কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভ করেছে। কেন্দ্রীয় সরকার প্রকল্পগুলির সমস্ত মূলধনী ব্যয় দিতে সম্মত হয়েছেন এবং কার্য পরিচালন ও মেরামতি ব্যয়ভার রাজ্য সরকারকে বহন করতে হবে। বিশদ প্রকল্প প্রতিবেদন রচনায় কাজ হাতে নেওয়া হয়েছে।

**১০। মহাশয়,**

এই বক্তব্য রেখে আমি ৩৫ নম্বর দাবির অন্তর্গত ২২১৫—জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত) এবং ৬২১৫ নম্বর মুখ্যখাতে জল সরবরাহ

ও অনাময় ঋণ দান (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত)-এর বাবদ ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরের ব্যয় নির্বাহের জন্য মোট টাকা ২৬২,৩০,৪৫,০০০ (দুইশত বাষট্টি কোটি ত্রিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা মঞ্জুরির প্রস্তাব পেশ করছি। অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুরীকৃত (ভোট-অন-অ্যাকাউন্ট) টাঃ ১০৪,৯৩,০০,০০০ (একশত চার কোটি তিরানব্বই লক্ষ) টাকাও এর অন্তর্গত।

## DEMAND No. 36

### Major Heads : 2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 75,47,24,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing".

(This is inclusive of a total sum of Rs. 25,16,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Goutam Deb on Demand No. 36 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে ৩৬ নং দাবির মুখ্যখাতে "২২১৬ আবাসন", "৪২১৬ আবাসনে মূলধন বিনিয়োগ" এবং "৬২১৬ আবাসনের জন্য ঋণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সর্বমোট ৭৫,৪৮,২৬,০০০.০০ (পঁচাত্তর কোটি আটচল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। এর মধ্যে ভোট অন-অ্যাকাউন্টের ২৫,১৬,৩৪,০০০.০০ (পঁচিশ কোটি ষোল লক্ষ চৌত্রিশ হাজার) টাকা ধরা হয়েছে।

*বিভিন্ন খাতে বিশদ বিবরণ নিম্নরূপ ঃ*

| | | | |
|---|---|---|---|
| ১) ২২১৬ | — | আবাসন | ৩১,৫৯,০১,০০০.০০ টাকা |
| ২) ৪২১৬ | — | আবাসনে মূলধন বিনিয়োগ | ৪০,৭৩,২৫,০০০.০০ টাকা |
| ৩) ৬২১৬ | — | আবাসনের জন্য ঋণ | ৩,১৬,০০,০০০.০০ টাকা |
| | | মোটা | ৭৫,৪৮,২৬,০০০.০০ টাকা |

২। মাননীয় সদস্যগণ—অবগত আছেন যে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বিশেষত শহর এবং আধা শহর অঞ্চলে আবাসন সমস্যা উদ্বেগজনক রূপ ধারণ করেছে এবং বিগত কয়েক বছরে দ্রুত নগরায়ণ, গৃহ নির্মাণের ব্যয় বৃদ্ধি এবং জমির দুষ্প্রাপ্যতা হেতু এই সমস্যা ক্রমে আরও প্রকট হয়েছে। এইসব প্রতিবন্ধকতা স্বত্ত্বেও আবাসন দপ্তর এবং আবাসন পর্ষদের পক্ষে বেশ কয়েকটি আবাসন প্রকল্প রূপায়িত করা সম্ভব হয়েছে। এই বৃহৎ আবাসন সমস্যা সমাধান করতে গিয়ে সরকার তার আর্থিক এবং উৎপাদন ক্ষমতার সীমাবদ্ধতা সম্পর্কে সম্পূর্ণরূপে সচেতন। সেজন্য বিগত কয়েক বছরে আমরা সরকারি প্রচেষ্টায় উৎপাদন বৃদ্ধির সাথে সাথে নতুন যৌথ উদ্যোগ কোম্পানি তৈরি করে কাজ শুরু করেছি। এই যৌথ উদ্যোগ কোম্পানিগুলিও তাদের সামর্থ মতো বেশ কিছু গৃহনির্মাণ প্রকল্পে অংশগ্রহণ করেছে। দুটি যৌথ উদ্যোগ সংস্থা তাদের প্রথম পর্যায়ের কাজ শেষ করেছে এবং দ্বিতীয় পর্যায়ের কাজও শুরু করেছে। আরও তিনটি যৌথ উদ্যোগ সংস্থা গড়া হয়েছে এবং আশা করা যাচ্ছে যে এগুলি শীঘ্রই কাজ শুরু করবে। মাননীয় সদস্যগণ একমত হবেন যে, সরকার এবং যৌথ উধ্যোগ সংস্থার যুগ্ম প্রয়াস শহরাঞ্চলে অসাধু ব্যবসায়ীদের অত্যধিক মুনাফাসহ দাম নিয়ে গৃহ বিক্রয় থেকে নিরস্ত করেছে। প্রসঙ্গত একথা বলা যায় যে আমাদের দেশের অন্যান্য মহানগরীর তুলনায় কলকাতা মহানগরী এলাকায় ফ্ল্যাটের দাম অনেক কম।

৩। বিশেষ করে শহরতলী এবং দ্রুত বর্ধমান শহরাঞ্চলে আবাসন কর্মসূচিতে বেসরকারি সংস্থাগুলিরও একটি উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তবু এটা সর্বজনবিদিত যে কিছু কিছু বেসরকারি সংস্থা দ্রুত এবং প্রচুর মুনাফা লাভে প্রলুব্ধ হয়ে বহু সমস্যার সৃষ্টি করছে। এমন কি তদের মধ্যে কেউ কেউ নিম্নমানের গৃহনির্মাণ করেছে যেগুলি ধ্বসে পড়েছে এবং জীবনহানিও ঘটিয়েছে। এই প্রেক্ষাপটে ওয়েস্টবেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অব প্রেমোশন অব কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটারস) অ্যাক্ট ১৯৯৩ আইনটি বলবৎ করা হয়েছে। এই আইনের মূল উদ্দেশ্য হল বেসরকারি সংস্থার কার্যকলাপ খর্ব করা নয় বরং ক্রেতাদের স্বার্থরক্ষা করা যাতে তারা প্রতারিত না হন এবং বাড়িগুলির নিরাপত্তা সংক্রান্ত মূল বিষয়গুলির মান্যতা সুনিশ্চিত হয়। এই আইনে অনেক ব্যবসায়ী উদ্যোগ তাদের নাম নথিভূক্ত করছে এবং যথাসময়ে নির্মাণের অনুমতি প্রদান করা হচ্ছে। এইভাবে নোটিফায়েড এলাকাতে বেসরকারি সংস্থাগুলির গৃহনির্মাণ চলেছে এবং এইসব বেসরকারি সংস্থার প্রকৃত সমস্যার সমাধানের প্রতি সরকারের দৃষ্টি রয়েছে। বস্তুত বেসরকারি সংস্থগুলির উদ্যোগ ব্যহত না করে সাধারণ ক্রেতার স্বার্থ সুরক্ষিত করার এই সরকারি প্রচেষ্টা পরীক্ষার সম্মুখীন। যেহেতু এই আইনটি খুব সম্প্রতি চালু হয়েছে তাই এই বিষয়ে অভিজ্ঞতা ও শিক্ষা লাভ করতে আরও বেশ কিছু দিন সময় লাগবে। একথা উল্লেখযোগ্য যে এই ধরনের আইন সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গেই

প্রথম চালু হয়েছে।

৪। আবাসন দপ্তর যে সব গৃহ নির্মাণ কর্মসূচি গ্রহণ করেছে তার মধ্যে মুখ্য প্রকল্পগুলি হল—(১) রাজ্য সরকারি কর্মচারিদের জন্য ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প, (২) জমি অধিগ্রহণ ও উন্নয়ন, (৩) কর্মরতা মহিলাদের জন্য ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প, (৪) অর্থনৈতিক ভাবে দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য আবাসন প্রকল্প, (৫) নিম্নবিত্ত মানুষদের জন্য আবাসন প্রকল্প, (৬) মধ্যবিত্ত মানুষদের জন্য আবাসন প্রকল্প ইত্যাদি।

৫। মাননীয় সদস্যগণের অবগতির জন্য আমি জানাই যে, ১৯৯৮-৯৯ সালের জন্য পরিকল্পনাভূক্ত খাতে মোট ৩৭২৮.০০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে যার মধ্যে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের জন্য ৩০০.০০ লক্ষ টাকা ঋণ এবং ইঁট উৎপাদন অধিকারের জন্য ৫০.০০ লক্ষ টাকা ঋণের সংস্থান রয়েছে।

এই বরাদ্দের মধ্যে ৩৪৭৭.০০ লক্ষ টাকা ১৯৯৮-৯৯ সালে বিভিন্ন প্রকল্প রূপায়িত করার জন্য প্রস্তাব করা হয়েছে। এখানে উল্লেখ্য যে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ ঐ বছরের জন্য ১০৯৪৪.৮৭ লক্ষ টাকার প্রকল্প সমূহ হাতে নিয়েছে।

৬। কলকাতা ও জেলাগুলিতে কর্মরত রাজ্য সরকারি কর্মচারিদের বাসস্থানের ব্যবস্থা করার জন্য ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প রূপায়িত করা হয়। এই প্রকল্পে ১৯৯৭-৯৮ সালে নদীয়া জেলার কৃষ্ণনগরে ১৬টি, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে ৫০টি এবং দার্জিলিং জেলার কার্শিয়াং-এ ১৬টি ফ্ল্যাটের নির্মাণকার্য শেষ হয়েছে।

মেদিনীপুর জেলার তমলুকে ৯৬টি, মুর্শিদাবাদ জেলার কান্দিতে ৪৮টি এবং লালবাগে ৪৮টি লেকগার্ডেন্স (ফেজ টু)-তে ৮৮টি ফ্ল্যাটের নির্মাণ কাজ একমাত্র বিদ্যুৎ সংযোগ কাজ ছাড়া প্রায় সম্পূর্ণ হয়ে এসেছে যা খুব শীঘ্রই সম্পূর্ণ হবে। আশা করা যায় যে উত্তর দিনাজপুরের কর্ণজোড়ায় ১০২টি ফ্ল্যাটের মধ্যে ৪৮টি ফ্ল্যাটের, দক্ষিণ-দিনাজপুরের খাদিমপুরে ৪৮টি. ফ্ল্যাটের মধ্যে ২৪টি ফ্ল্যাটের, বর্ধমান জেলার কালনায় ৯৬টি ফ্ল্যাট, মেদিনীপুর জেলার বরপাথরে ৯৬টি ফ্ল্যাটের মধ্যে ৪৮টি ফ্ল্যাটের নির্মাণ কাজ ১৯৯৭-৯৮ সালে সম্পূর্ণ হবে। এছাড়া রাজ্য সরকারি কর্মচারিদের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট হিসাবে ব্যবহার করার জন্যে হুগলি জেলার শ্রীরামপুরে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের ১৩৬টি ফ্ল্যাট ক্রয় করার প্রস্তাব আছে।

এছাড়া বাঁকুড়াতে ৬০টি ফ্ল্যাটের, উত্তর-চব্বিশ পরগনা জেলার বনমালিপু[illegible]৮টি ফ্ল্যাটের, মেদিনীপুর জেলার বরপাথরে ৪৮টি ফ্ল্যাটের, উত্তর দিনাজপুর জেলার কর্ণজোড়াতে ৫৪টি ফ্ল্যাটের, দক্ষিণ-দিনাজপুর জেলার খাদিমপুরে ২৪টি ফ্ল্যাটের, মালদা জেলার

মহেশমাটিতে ৪২টি ফ্ল্যাটের, হুগলি জেলার আরামবাগ (ফেজ টু)-এ ৪৮টি ফ্ল্যাটের বেং কুচবিহার জেলার মেখলিগঞ্জে ২০টি ফ্ল্যাটের নির্মাণ কায ১৯৯৮-৯৯ সালে শুরু হবে আশা করা হচ্ছে।

এছাড়াও দক্ষিণ-চব্বিশ পরগনা জেলার গুমরমঠে ১৫২টি ফ্ল্যাট, ১৯৭, আন্দুল রোড হাওড়াতে ১৬টি ফ্ল্যাট, দক্ষিণ-চব্বিশ পরগনার বারুপুরে ৬৪টি ফ্ল্যাট, দার্জিলিং জেলার কালিম্পঙে ৮টি ফ্ল্যাট, মালদার জেলার মহেশমাটিতে ১৮টি ফ্ল্যাট, ইসলামপুর (ফেজ টু)-তে ২৪টি ফ্ল্যাট, আলিপুরদুয়ার (ফেজ টু)-তে ২৪টি ফ্ল্যাট, কল্যাণীতে ১৯২টি ফ্ল্যাট, শম্পামির্জানগর (ফেজ থ্রি)-তে ২০৮টি ফ্ল্যাট এবং দার্জিলিং-এ ২৩টি ফ্ল্যাটের নির্মাণ কাজ ১৯৯৮-৯৯ সালে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

এছাড়াও সরকার বাঁকুড়া জেলার খাতরাতে, মুর্শিদাবাদ জেলার বানজেতিয়ায়, শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন সংস্থার নিকট হতে প্রাপ্ত জমিতে এবং কোচবিহারের রাজ বাড়িতে ভাড়াভিত্তিক আবাস প্রকল্প করার চিন্তা ভাবনা করছে।

ঐ ভাড়াভিত্তিক আবাসন প্রকল্পের জন্য ১৯৯৮-৯৯ সালে ১০০০.০০ লক্ষ (এক হাজার লক্ষ) টাকার খরচের প্রস্তাব রাখা হয়েছে।

৭। আবাসন প্রকল্পের সাথে উপযুক্ত জমি পাওয়ার প্রশ্নটি জড়িত। বিশেষ করে কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকায় ন্যায্য মূল্যে জমি পাওয়া একটা বড় সমস্যা।

দ্বিতীয়ত জমি অধিগ্রহণ পদ্ধতিটি সময় সাপেক্ষ ব্যাপার। এরূপ বেশ কয়েকটি প্রস্তাব মামলা মোকদ্দমায় জড়িত। এই সব প্রতিবন্ধকতা সত্ত্বেও আবাসন দপ্তর আবাসন অধিকার ও পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের বিভিন্ন কর্মসূচির জন্য জমি সংগ্রহের চেষ্টা করছে।

১৯৯৮-৯৯ সালে এই উদ্দেশ্যে ৪০৪.০০ লক্ষ (চারি শত চার লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৮। কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে এবং পশ্চিমবঙ্গের অন্যান্য শহরে কর্মরতা মহিলাদের নিরাপদ আশ্রয়ের সমস্যার বিষয়টি মাননীয় সদস্যগণ অবহিত আছেন।

এই সমস্যার কিয়দংশ সমাধানকল্পে সাহাপুর, সল্টলেক এবং গড়িয়াহাটে কর্মরতা মহিলাদের জন্য তিনটি হস্টেল নির্মাণ করা হয়েছিল। এখন দার্জিলিং জেলার শিলিগুড়িতে ৪৮টি শয্যাবিশিষ্ট মহিলা হস্টেলের নির্মাণ কাজ চলছে। ১৯৯৯ সালের মার্চ মাসের মধ্যে কাজটি সম্পূর্ণ হবে বলে আশা করা যাচ্ছে।

এছাড়াও দ্বিতীয় পর্যায়ে সল্টলেকে কর্মরতা মহিলাদের জন্য হোস্টেল নির্মাণের কথা ভাবা হচ্ছে।

এছাড়া এই উদ্দেশ্যে ১৯৯৮-৯৯ সালের বাজেটে ১০০.০০ লক্ষ (একশত লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৯। যদিও পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদই মুখ্যত মালিকানা ভিত্তিক আবাসন ইউনিট নির্মাণকার্যের উৎপাদনে ব্যাপৃত, তবু উৎপাদন বৃদ্ধির জন্য আবাসন দপ্তর বেশ কিছু প্রকল্প গ্রহণ করেছে। শম্পামির্জানগরে (৩য় পর্যায়)-এ নিম্নবিত্ত মানুষদের জন্য ৬৪টি আবাসন ইউনিট নির্মাণের চিন্তাভাবনা করছে।

এই উদ্দেশ্যে ১৯৯৮-৯৯ সালে ১৯৫.০০ লক্ষ (একশত পঁচানব্বই লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে। এছাড়া, ১৯৯৮-৯৯ সালের বাজেটে এল. আই. জি. লোন প্রকল্পে স্বীকৃত দায় মেটানোর নিমিত্ত ৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে।

কসবায় ইস্টার্ন বাইপাসের ধারে মধ্যবিত্ত শ্রেণীর লোকদের জন্য অপর একটি গৃহনির্মাণ প্রকল্পের কথা চিন্তা করা হয়েছে।

১৯৯৮-৯৯ সালে এই প্রকল্পের জন্য ৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকা প্রস্তাব করা হচ্ছে।

এছাড়া ১৯৯৮-৯৯ সালের বাজেটে এম. আই. জি. লোন প্রকল্পে স্বীকৃত দায় মেটানোর জন্য ৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১০। অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষদের গৃহের প্রয়োজনীয়তার বিষয়টি সরকার অবগত আছে। মাননীয় সদস্যদের আমি জানাতে চাই যে, উপযুক্ত জমি পাওয়া গেলে অর্থনৈতিকভাবে দুর্বলতর মানুষদের আবাস নির্মাণের প্রকল্প হাতে নেওয়া হবে।

১৯৯৮-৯৯ সালের বাজেটে এই খাতে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে।

এছাড়া দ্বিতীয় পর্যায়ে পঃ বঃ আবাসন পর্ষদের মাধ্যমে জেলা আবাসন প্রকল্প (২য় পর্যায়) রূপায়িত হয়েছে এবং ৪৬০৯ জন অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষ হাডকোর আর্থিক সহায়তায় তাদের গৃহনির্মাণে সমর্থ হয়েছেন।

তৃতীয় পর্যায়ে এই প্রকল্প চালু করে আরও প্রায় ৫,০০০ ব্যক্তিকে এই প্রকল্পের আওতায় আনার চেষ্টা করা হচ্ছে।

১১। অবসর গ্রহণের পর রাজ্য সরকারি কর্মচারিদের উপযুক্ত বাসস্থানের অভাবে কষ্টের কথা বিবেচনা করে সরকার তাদের এবং অন্যদের জন্যও মালিকানা ভিত্তিক ফ্ল্যাট নির্মাণের চেষ্টা করছে। এই সব কর্মচারী ও অন্যদের জন্যও শিলিগুড়ির নিকট দাবগ্রামে ১৪০টি আবাস ইউনিট নির্মাণের কাজ চলছে। এখানে ১৪০টির মধ্যে ১০০টি আবাস ইউনিটের নির্মাণ কাজ শীঘ্রই শেষ হবে বলে আশা করা হচ্ছে। অবশিষ্ট ৪০টি নির্মাণ কাজ ১৯৯৮-৯৯ সালের শেষে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। লেকগার্ডেনস-এ কর্মচারিদের জন্য মালিকানা ভিত্তিক ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে এবং আশা করা যায় যে কাজটি ১৯৯৯ সালের মার্চের মধ্যেই শেষ হবে।

এই উদ্দেশ্যে ১৯৯৮-৯৯ সালের বাজেটে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১২। বৃদ্ধ মানুষদের আবাসস্থলের অভাবের বিষয়টি সম্পর্কে সরকার সচেতন। মন্ডলগাঁথিতে একটি বৃদ্ধাবাস নির্মাণের প্রকল্পটি ১৯৯৮-৯৯ সালে শুরু করা যাবে বলে আশা করা হচ্ছে।

১৯৯৮-৯৯ সালে এই খাতে মোট ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১৩। প্রশাসনিক উন্নয়ন কাজের জন্য ১৯৯৮-৯৯ সালের জন্য ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার প্রস্তাব করা হয়েছে।

১৪। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে আবাসন দপ্তরকে ত্রিশ হাজারেরও বেশি ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণ করতে হয়। এই ফ্ল্যাটগুলির মেরামত, পরিবর্তন ও নবীকরণের জন্য বহু অর্থের প্রয়োজন হয়। মেরামতি ও নবীকরণের কাজগুলি পর্যায়ক্রমে করা হচ্ছে।

১৯৯৮-৯৯ সালের বাজেটে এই বাবদ ২০০.০০ লক্ষ (দুই শত লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

মাননীয় সদস্যগণের স্মরণে থাকতে পারে যে আমার বিগত বছরের বাজেট ভাষণে এই সভায় উল্লেখ করেছিলাম যে ই. ডব্লু. এস./এল. আই. জি./এম. আই. জি./এইচ. আই. জি. ফ্ল্যাটের ভাড়া ১. ১১. ৯৬ তারিখ থেকে বৃদ্ধি করা হয়েছে। এই ফ্ল্যাটগুলির রক্ষণাবেক্ষণের বিভিন্ন দিকগুলি পরীক্ষা করে সুপারিশ করার জন্য একটি উপদেষ্টা কমিটি গঠিত হয়েছে। অনুমান করা হচ্ছে কমিটি তার প্রতিবেদন শীঘ্রই পেশ করবে। আয় ও ব্যয়ের ক্রমবর্ধমান বৈষম্য হ্রাস করতে এবং রক্ষণাবেক্ষণের জন্য অর্থ

সংস্থানের উদ্দেশ্যে ভাড়া বৃদ্ধি করতে হয়েছে।

এল. আই. জি./এম. আই. জি./এইচ. আই. জি. আবাসনের মালিকানা যোগ্য ভাড়াটিয়াদের হস্তান্তরের পদক্ষেপও নেওয়া হয়েছে।

রাজ্য সরকারি কর্মচারিদের জন্য নির্মিত ভাড়া ভিত্তিক ফ্ল্যাটগুলির ক্ষেত্রে অবশ্য সরকারের এরূপ কোনও চিন্তাভাবনা নেই।

১৫। সহজলভ্য স্থানীয় গৃহনির্মাণ উপকরণ ব্যবহার করে স্বল্প ব্যয়ে গৃহনির্মাণ বিষয়ে জনসাধারণকে সাহায্য করার জন্য ১৯৯৭-৯৮ সালে বেসরকারি সংস্থার দ্বারা পরিচালিত বিল্ডিং সেন্টার তৈরি করার কথা চিন্তা করেছিল। কিন্তু প্রকল্পটি করার মতো উপযুক্ত কোনও বেসরকারি সংস্থা পাওয়া যায়নি। ১৯৯৮-৯৯ সালে কয়েকটি বিল্ডিং সেন্টার তৈরি করার চেষ্টা করা হবে এবং এজন্য ঐ বছরে ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার প্রস্তাব করা হয়েছে।

আবাসন দপ্তর কেন্দ্রীয় সরকারের ভরতুকির সাহায্যে বাসস্থানের উন্নয়ন করার জন্য সেল্টার আপগ্রেডেশন স্কীম রূপায়ণ করার কথা চিন্তা করছে। এই উদ্দেশ্যে ১৯৯৮-৯৯ সালের বাজেটে ২০.০০ লক্ষ (কুড়ি লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

বাগিচা শ্রমিকদের জন্য ভরতুকি ভিত্তিক প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের স্পন্সর্ড প্রকল্প ছিল, চা-বাগিচা শ্রমিকদের আবাস ইউনিট নির্মাণ করার জন্য সরকার আনুপাতিক হারে ভরতুকি দিত। প্রকল্পটি ১৯৮৬ সাল থেকে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। তবু রাজ্য সরকার স্বীকৃতদায় পর্যায়ক্রমে মেটানোর সিদ্ধান্ত নিয়েছে। এজন্য ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৬। দূরবর্তী স্থান থেকে যারা প্রায়শই শহর ও নগরে এসে উপযুক্ত আশ্রয়স্থলের সন্ধান করেন তাদের কথা ভেবে সরকার নাইট সেল্টার নির্মাণের প্রয়োজন অনুভব করেছে। টাকিতে একটি নাইট সেল্টারের নির্মাণের কাজ ১৯৯৮-৯৯ সালে শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে। ১৯৯৮-৯৯ সালের বাজেটে এই প্রকল্পের জন্য ৮৪.০০ লক্ষ (চুরাশি লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৭। আবাসন দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজ এবং পরিকল্পনার জন্য কিছু যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম কেনার প্রয়োজন হয়, এছাড়াও এই দপ্তরে কম্পিউটার বসানোর কথা চিন্তা করা হচ্ছে।

এজন্য ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকার প্রস্তাব বাজেটে ধরা হয়েছে।

১৮। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে এই দপ্তরের অধীন ব্রিক প্রোডাকশন ডাইরেক্টরেট আছে।

অনেকগুলি ইঁট ভাঁটার কাজকর্ম এই ডাইরেক্টরেট দ্বারা নিয়ন্ত্রিত হয় যেগুলির মধ্যে পলতা যন্ত্রচালিত ইঁট ভাঁটা এবং আক্রার হস্তচালিত ইঁটভাঁটা উল্লেখযোগ্য।

এই ইটভাটাগুলির মেরামত, নবীকরণ এবং আধুনিকীকরণের জন্য প্রচুর অর্থের প্রয়োজন।

১৯৯৮-৯৯ সালের বাজেটে এই উদ্দেশ্যে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার বরাদ্দ পেশ করা হয়েছে।

১৯। রাজ্যের সর্বত্র আবাসন সংখ্যা বৃদ্ধি করতে ব্যাপৃত, রাজ্য সরকারি সংস্থা পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের ক্রিয়াকলাপ সম্পর্কে মাননীয় সদস্যদের একটা ধারণা আছে। ৩১. ৩. ৯৭ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ মোট ২৪,৩১৪টি আবাস ইউনিট তৈরি করেছে। যার মধ্যে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ১১৫১টি, নিম্ন আয়ের লোকদের জন্য ৩,৯১৮টি, মধ্যবিত্ত লোকদের জন্য ৯,৩৬৩টি এবং উচ্চ আয়ের লোকদের জন্য ৯,৮৮২টি আবাস ইউনিট তৈরি করা হয়েছে। ১৯৯৭-৯৮ সালের শেষে ১৪০৪টি আবাস ইউনিট তৈরির কাজ চলছে।

১৯৯৮-৯৯ সালে প্রায় ৭৭৪টি আবাস ইউনিট সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। ১৯৯৮-৯৯ সালের বাজেটে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের সম্পদের উন্নয়নের জন্য ৩০০.০০ লক্ষ (তিনশ লক্ষ) টাকার সরকারি ঋণের প্রস্তাব রাখা হয়েছে।

২০। মাননীয় সদস্যগণ ইতিমধ্যেই অবগত আছেন যে পশ্চিমবঙ্গ সরকার কলকাতা শহরের সন্নিকটে রাজারহাটে একটি নতুন উপনগরী স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এই উপনগরী বি. বা. দি বাগ হইতে ১০ কিমি., বিমান বন্দর হইতে ৫ কিমি. এবং বিধাননগর (সল্টলেক) শহর হইতে ১ কিমি. দূরত্বের মধ্যে অবস্থিত। এই উপনগরী ভবিষ্যৎ মেট্রোপলিটন বাইপাসের সহিত সংযোজিত হবে এবং নতুন কলকাতার মুখ্য কেন্দ্র হয়ে উঠবে। বন্ধুত্বপূর্ণ পরিবেশে সৌন্দর্যপূর্ণ আকর্ষণীয় কেন্দ্রীয় বাণিজ্য অঞ্চলের পরিপূরক হিসাবে কাজ করবে এবং আধুনিক দূষণমুক্ত শল্প, আঞ্চলিক শিক্ষা, শিল্প ও স্বাস্থ্য পরিষেবা, বড় রাস্তা ও এক্সপ্রেসওয়ে পরিবহন টার্মিনাস, শপিং কমপ্লেক্স, বড় জলাশয় ও লেক, গলফ কোর্স, ইকো পার্ক দমকল, থানা, টেলিফোন এক্সচেঞ্জ ইত্যাদির জন্য উপযুক্ত স্থান এবং অন্যান্য অত্যাধুনিক সুযোগসুবিধার সুব্যবস্থা রাখবে।

জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার জন্য সরকার ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড অ্যাক্ট

১৯৭২ অনুসারে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদকে জমি কেনার দায়িত্ব দিয়েছে। এছাড়া জমি অধিগ্রহণ আইন অনুসারে (১৯৮৪ সালের অধিগ্রহণ আইন) জমি সংগ্রহের কাজও চলছে। এইভাবে নব উপনগরী প্রকল্পের জন্য জমি সংগ্রহ এগিয়ে চলেছে। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ এই প্রকল্প রূপায়ণে বর্তমানে সমন্বয়ী সংস্থা (নোড্যাল এজেন্সি) হিসাবে কাজ করছে এবং নির্দিষ্ট স্তর পর্যন্ত প্রকল্প রূপায়ণের দায়িত্বে রয়েছে। নব উপনগরী প্রকল্পের বিভিন্ন কাজ যেমন কৃষ্ণপুর খালের উপর সেতু নির্মাণ, রাস্তা প্রশস্ত করা ইত্যাদি হাতে নেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বিভিন্ন বিশেষ সংস্থার মাধ্যমে এই প্রকল্পের পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন ও আর্থিক যোগ্যতা মূল্যায়ন ব্যবস্থা করেছে। এই রিপোর্টগুলি এখন পাওয়ার অপেক্ষায়। আবাসন পর্ষদ বিভিন্ন আর্থিক সংস্থা থেকে প্রকল্প রূপায়ণে ঋণ সংগ্রহের চেষ্টাও করছে।

২১। হাডকো থেকো আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বিভিন্ন জেলার প্রাইমারি স্কুল শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের সাহায্যার্থে এল. আই. জি./এম. আই. জি. ক্যাশ লোন প্রকল্প চালু করেছে। ইতিমধ্যে বেশ কিছু দরখাস্ত ও জেলাগুলি থেকে পাওয়া গেছে।

আশা করা হচ্ছে যে প্রকল্পটি ১৯৯৮-৯৯ সালে চালু করা হবে।

২২। মাননীয় সদস্যগণের স্মরণ থাকতে পারে যে আমি ১৯৯৭-৯৮ সালের বাজেটে বক্তৃতায় বলেছিলাম যে, দুটি যৌথ উদ্যোগ সংস্থা যথা মেসার্স বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড ও মেসার্স বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোং লিমিটেড বাড়ি তৈরির প্রকল্প শুরু করেছে। আমি জানাতে চাই, আরও তিনটি যৌথ উদ্যোগ সংস্থা রাজ্যে আবাসন বৃদ্ধির রজ্যে আবাসন বৃদ্ধির স্বার্থে গঠন করা হয়েছে। ইতিমধ্যে বেঙ্গল অম্বুজা হাউসিং পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোং লিমিটেড বাগুইআটির নিকট মন্ডলগাঁথিতে ৯১২টি বাসস্থান নির্মাণের কাজ প্রায় সম্পূর্ণ করেছে। অন্য তিনটি এইরূপ কোম্পানি যেমন বেঙ্গল শ্রাচী হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড, বেঙ্গল ডি. সি. পি. হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড এবং বেঙ্গল আই. এফ. বি. হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড গঠন করা হয়েছে। এই কোম্পানিগুলি বিশেষ করে নিম্নবিত্ত শ্রেণী এবং অন্যান্য সকল মানুষের জন্য অতি প্রয়োজনীয় বাসস্থানের ব্যবস্থা করবে।

২৩। আমি পূর্বেই উল্লেখ করেছি সরকার ফ্ল্যাট কিনতে আগ্রহী জনসাধারণের স্বার্থ রক্ষার্থে প্রমোটারদের বে-আইনি ও অপরিকল্পিত কার্যকলাপ নিয়ন্ত্রিত করার ব্যবস্থা নিয়েছে। এই লক্ষ্যে ওয়েস্টবেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অব প্রমোশন অ্যান্ড কনস্ট্রাকশন অ্যান্ড

ট্রান্সফার বাই প্রোমোটরস) অ্যাক্ট ১৯৯৩ আইনটি ৯. ৮. ৯৫ থেকে কলকাতা কর্পোরেশন এলাকায় বলবৎ করা হয়েছে। এ যাবদ ২২৮টি দরখাস্ত রেজিস্ট্রেশনের জন্য জমা পড়েছে এবং ১৫৪ জন প্রোমোটরকে নথিভূক্ত করা হয়েছে। বিভিন্ন প্রকারের ফ্ল্যাট তৈরির জন্য ১১৫টি গৃহ নির্মাণ প্রকল্প শুরু করার অনুমতি দেওয়া হয়েছে। এগুলির মাধ্যমে ১৬৩০টি ফ্ল্যাট নির্মাণ করা হবে যার জন্য ব্যয় হবে ৯১,৪১,৭০৪৯৭ টাকা। এগুলির মধ্যে ১০৪টি ফ্ল্যাট নিম্নবিত্তদের জন্য ২৫৫টি মধ্যবিত্তদের জন্য এবং ১২৭১ উচ্চবিত্ত মানুষের জন্য নির্মাণ করা হচ্ছে।

২৪। নগর উন্নয়ন বিভাগ অন্যান্য ক্রিয়াকলাপের সঙ্গে কল্যাণী, পাতিপুকুর ও বিধান নগরের উন্নয়ন ও তদারকি সংক্রান্ত কর্মে নিযুক্ত। কল্যাণী ও পাতিপুকুরের উন্নয়ন প্রায় সমাপ্ত এবং বর্তমানে এই দুটি নগরীতে পরিচালন ও তদারকির কাজ চলছে। ঐসব কাজের জন্য ১৯৯৮-৯৯ সালে ৬৮,০৯,০০০.০০ (আটষট্টি লক্ষ নয় হাজার মাত্র) টাকার সংস্থান রাখা হয়েছে।

আবার বিধাননগরে চালু প্রকল্পগুলি ছাড়াও আরও কতকগুলি নূতন প্রকল্প নেওয়া হয়েছে। এগুলির মধ্যে গুরুত্বপূর্ণ কতকগুলি হল—ই-এম বাইপাশ থেকে ই-এস ব্লক পর্যন্ত রাস্তার বিদ্যুতায়ন, নেতাজী সুভাষচন্দ্র বসুর মর্মর মূর্তি স্থাপন, রাস্তাগুলির প্রশস্তকরণ, ফুটপাথ নির্মাণ ইত্যাদি। একটি নূতন বিদ্যালয় গৃহ নির্মাণের কাজও চলছে। এইসব প্রকল্পের জন্য পরিকল্পনা খাতে ২,৭৮,০০,০০০.০০ (দুই কোটি আটাত্তর লক্ষ মাত্র) টাকা ব্যয়ের প্রস্তাব রাখা হয়েছে। এ ছাড়া বিধাননগর শহরে পরিচালন ও তদারকির জন্য ১০,৬৯,৩৬,০০০.০০ (দশ কোটি উনসত্তর লক্ষ ছত্রিশ হাজার মাত্র) টাকা ব্যয়ের প্রস্তাব আছে। এর মধ্যে ৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি মাত্র) টাকা বড় প্রকল্প তদারকির জন্য এবং পরিকল্পনা বহির্ভূত খাতে খরচের জন্য নির্দিষ্ট।

মহাশয়, আমি উপস্থাপিত দাবি মঞ্জুরের জন্য সভাকে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

## DEMAND No. 37

### Major Heads : 2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 447,82,00,000 be granted for expenditure under Demand No. 37, Major Heads : "2217—Urban

Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development".

(This is inclusive of a total sum of Rs. 149,28,00,000 already voted on account)

Printed Budget Speech of Shri Ashoke Bhattacharya on Demand No. 37 laid on the Table was taken as read.

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশ অনুসারে আমি ১৯৯৮-৯৯ আর্থিক বছরের জন্য ৩৭নং দাবির অন্তর্ভূক্ত "২২১৭—নগর উন্নয়ন", "৪২১৭—নগর উন্নয়ন সংক্রান্ত মূলধনী ব্যয়" ও "৬২১৭—নগর উন্নয়ন বাবদ ঋণ" খাতে ৪৪৭,৮২,০০,০০০ (চার শত সাতচল্লিশ কোটি বিরাশি লক্ষ) টাকা মঞ্জুরি চাইছি। ১৯৯৮-৯৯ আর্থিক বছরের প্রথম ৪ মাসের ব্যয়বরাদ্দের জন্য উপস্থাপিত ১৪৯,২৮,০০,০০০ (একশত উনপঞ্চাশ কোটি আটাশ লক্ষ) টাকা এর মধ্যে অন্তর্ভূক্ত আছে।

২। নগর উন্নয়ন বিভাগের কাজকর্মকে, যা পূর্ববর্তী বছরেও বলা হয়েছে, তিনটি সাধারণ ভাবে ভাগ করা যায় ; যেমন—(১) কল্যাণী উপনগরীসহ কলকাতা মহানগরী অঞ্চলে উন্নয়নমূলক কাজকর্ম, (২) কলকাতা মহানগর অঞ্চলের বাইরে অন্যান্য অঞ্চলে উন্নয়নমূলক কাজকর্ম, যেগুলি পশ্চিমবঙ্গ শহর ও গ্রাম (পরিকল্পনা ও উন্নয়ন) আইন, ১৯৭৯ অনুযায়ী পরিকল্পনা অঞ্চল হিসাবে ঘোষিত হয়েছে এবং যেগুলিতে নগর উন্নয়ন বিভাগের শহর ও গ্রাম পরিকল্পনা শাখা দ্বারা একটি করে পরিকল্পনা উন্নয়ন কর্তৃপক্ষ গঠিত ও পরিচালিত হচ্ছে, এবং (৩) শহরের জমির ঊর্ধ্বসীমা সংক্রান্ত বিষয়াদি।

৩। কলকাতা মহানগর উন্নয়ন কর্তৃপক্ষ (সি. এম. ডি. এ.) কলকাতা মহানগর অঞ্চলের উন্নয়নে দায়িত্বপ্রাপ্ত। বর্তমানে এই সংস্থা যান ও পরিবহন, জল সরবরাহ, জলনিকাশি ও পয়ঃপ্রণালী, বস্তি উন্নয়ন, আবাসন ও অঞ্চল উন্নয়ন প্রভৃতি নানা ক্ষেত্রে উন্নয়ন কর্মসূচিতে নিযুক্ত। এগুলি মেগাসিটি, গঙ্গা অ্যাকশন প্ল্যান, ও. ডি. এ. সাহায্যপ্রাপ্ত বস্তি উন্নয়ন, ভারতীয় জনসংখ্যা প্রকল্প (IPP-VIII) প্রভৃতি পরিকল্পনার অধীনে রূপায়িত হচ্ছে। এ ছাড়াও, এই সংস্থা "মৌলিক ন্যূনতম পরিষেবা" প্রকল্পের মধ্যে (১) পানীয় জল, (২) আশ্রয়হীনের আশ্রয় ও (৩) সড়ক সংযোজনের কাজও দায়িত্বপ্রাপ্ত। ১০ম অর্থ কমিশনের বরাদ্দে কলকাতায় বস্তি উন্নয়নে বিশেষ কিছু কাজেও হাত দেওয়া হয়েছে। এ ছাড়া, পশ্চিমবঙ্গ শহর ও গ্রাম (পরিকল্পনা ও উন্নয়ন) আইন, ১৯৭৯ অনুসারে এই

সংস্থার বিধিবদ্ধ এলাকায় প্রচুর কাজ শুরু করা হয়েছে এবং সেগুলি বিভিন্ন পর্যায়ে রয়েছে।

.৪। (ক) **যান ও পরিবহন**

গড়িয়া ব্রিজের কাজ ও রাসবিহারি কানেক্টরের (আংশিক) প্রশস্তিকরণের কাজ সমাপ্ত হয়েছে এবং যান-চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। হাওড়া ময়দান এলাকার রাস্তার কাজ এবং শহরের রাস্তা আলোকিত করার প্রথম পর্যায়ের কাজ সম্পূর্ণ হয়েছে। উল্টোডাঙা থেকে রাসবিহারি কানেক্টর রোটারি পর্যন্ত ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের বিভিন্ন অংশের প্রশস্তিকরণের কাজ, শহরের রাস্তা আলোকিত করার দ্বিতীয় পর্যায়ের কাজও সমাপ্তির পথে। প্রথম পর্যায়ে ০.৭ কি.মি.· দীর্ঘ প্রিন্স আনোয়ার শাহ রোড কানেক্টরের কাজ শেষ হওয়ার পর দ্বিতীয় পর্যায়ের ০.৪ কি. মি. রাস্তা ও রেলওয়ে ওভারব্রিজ নির্মাণের কাজ চলছে। সাঁতরাগাছিতে রেলওয়ে ওভারব্রিজসহ কোনা এক্সপ্রেসওয়ের কাজ চলছে এবং আশা করা যাচ্ছে যে, দু-লেনের 'ক্যারেজওয়ে' যান-চলাচলের জন্য শীঘ্রই খুলে দেওয়া হবে। উল্টোডাঙা আন্ডারপাস, কোন্নগর আন্ডারপাস, হাওড়া (কোনা) ট্রাক টার্মিনাসের প্রথম পর্যায়, কাজি নজরুল ইসলাম অ্যাভিনিউতে স্লিপ রোড তৈরি প্রভৃতি প্রকল্পের কাজে যথেষ্ট পরিমাণে অগ্রগতি হয়েছে। অন্যান্য চালু বড় নির্মাণ প্রকল্পগুলি হল ব্যারাকপুর-দমদম এক্সপ্রেসওয়ে, বাগপেতো রোড, মধুসূদন ব্যানার্জি রোড ও শিয়ালদহ স্টেশন সংলগ্ন চত্বরের উন্নয়ন প্রভৃতি।

.৪। (খ) **জল সরবরাহ**

সল্টলেক, দমদম এবং দক্ষিণ দমদমের জন্য পানীয় জল সরবরাহের প্রকল্পটি শেষ হয়েছে এবং তার মাধ্যমে জল সরবরাহ চালু হয়েছে। ১,৫০০ মি.মি. ব্যাসের টালা-অকল্যান্ড মেনের কাজ সমাপ্তির পথে। বেলানগর, অভয়নগর জল সরবরাহ প্রকল্পের কাজ সমাপ্ত। তা ছাড়াও, আন্দুল-মোহিয়ারি, উত্তরপাড়া, উলুবেড়িয়া, বাউরিয়া ও চেঙ্গাইল প্রভৃতি প্রান্তিক অঞ্চলের জল সরবরাহ প্রকল্পগুলি সমাপ্ত হতে চলেছে। অন্যান্য বৃহৎ চালু প্রকল্পগুলি হল দ্বিতীয় একটি ৬০ মিলিয়ন গ্যালন (প্রতিদিন) ট্রিটমেন্ট প্ল্যান্টসহ গার্ডেনরিচ ওয়াটার ওয়ার্কসের ক্ষমতাবৃদ্ধিকরণ, মহম্মদ আলি পার্কে বুস্টিং স্টেশন ও ভূগর্ভস্থ জলাধার নির্মাণ, হাওড়া জল সরবরাহ প্রকল্পের স্থিতিকরণ এবং বেহালা চৌ-রাস্তার ভূগর্ভস্থ জলাধার নির্মাণ। এই কাজগুলির সবই সমাপ্তির পথে। এ ছাড়াও, মধ্যমগ্রাম (দ্বিতীয় পর্যায়), বারুইপুর ও হাওড়া জল সরবরাহ প্রকল্পের দ্বিতীয় প্ল্যান্টের দ্বারা ক্ষমতা বৃদ্ধিকরণ প্রভৃতি গুরুত্বপূর্ণ পানীয় জল সরবরাহ প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

.৪। (গ) **জলনিকাশি ও পয়ঃপ্রণালি**

*জলনিকাশি ও পয়ঃপ্রণালির ক্ষেত্রে বেলিলিয়াস রোড, বেহালা শিল্পাঞ্চল এলাকা ও* কলকাতা পৌর এলাকার বৃষ্টির জলনিকাশি-ব্যবস্থা সম্পূর্ণ হয়েছে। এ ক্ষেত্রে চন্দননগর এবং হাওড়া পৌর নিগমের ৩, ৮ ও ৫০ ওয়ার্ডের কাজ সম্পূর্ণ হওয়ার পথে। কলকাতা পৌর নিগমের অন্তর্গত ১১১ ও ১১২ নং ওয়ার্ডের কাজেও যথেষ্ট অগ্রগতি হয়েছে। অন্যান্য চালু প্রকল্পগুলি হল হাওড়া পৌর নিগমের বৃষ্টির জলনিকাশি ব্যবস্থা, ঐ নিগমের অন্তর্গত ১ থেকে ১৬ নং ওয়ার্ডের নিকাশিব্যবস্থা ও রবীন্দ্রপল্লীর নিকাশিব্যবস্থা। ভাটপাড়া, নৈহাটি এবং মাহেশে নতুন নিকাশি প্রকল্প হাতে নেওয়ার কথা ভাবা হচ্ছে।

.৪। (ঘ) **আবাসন ও অঞ্চল উন্নয়ন**

বৈষ্ণবঘাটা পাটুলি, গলফগ্রিন এবং ব্যারাকপুর এই তিনটি এলাকায় আবাসন প্রকল্পের কাজে সন্তোষজনক অগ্রগতি হয়েছে। এই তিনটি আবাসন প্রকল্পগুলির ভবিষ্যৎ প্রাপকদের লটারির মাধ্যমে নির্বাচিত করাও হয়েছে। কসবার হাতিরশুড় অঞ্চল উন্নয়ন প্রকল্পের কাজও সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। এ ছাড়া, ভিন্ন ভিন্ন আয়যুক্ত নাগরিকদের সুবিধার্থে তিনটি নতুন আবাসন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এগুলি হল বাঘাযতীনে ৭৪৪টি তিন প্রকার আয়তনের ফ্ল্যাট, ব্যারাকপুরে দ্বিতীয় পর্যায়ে ৬৬৬টি চার প্রকার আয়তনের ফ্ল্যাট ও কল্যাণীতে তিন রকমের ১৫২টি ফ্ল্যাট। এই ফ্ল্যাটগুলি নির্মাণ ও তা জনসাধারণের মধ্যে বন্টনের কাজ এগিয়ে চলছে।

৪। (ঙ) **বস্তি উন্নয়ন**

বস্তি উন্নয়ন ক্ষেত্রে ও. ডি. এ.-এর সহায়তাপ্রাপ্ত কলকাতা বস্তি উন্নয়ন প্রকল্পের (সি. এস. আই. পি.) ১-ক ও ১-খ পর্যায়ে কলকাতা পৌর নিগমের ১৫টি ওয়ার্ডে কাজ সম্পূর্ণ হয়েছে। জল সরবরাহ, নিকাশি, রাস্তা, আলো, স্বাস্থ্য ও সমষ্টি উন্নয়ন ইত্যাদি পরিকাঠামোগত সুবিধা এই প্রকল্পে অন্তর্ভুক্ত। আনুমানিক ব্যয় ৪৬.২৫ কোটি টাকার (সংশোধিত) মধ্যে ১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত ৪৪.৯০ কোটি টাকা এই প্রকল্পে ব্যয় করা হয়েছে। এই প্রকল্পের ১-গ পর্যায়ে টিটাগড় ও ব্যারাকপুরের জন্য ও. ডি. এ.-এর ১২.৭৩ কোটি টাকা অনুমোদন করেছে, যার কাজ শীঘ্রই শুরু হবে। ও. ডি. এ. সহায়তা ছাড়াও কলকাতা পৌর নিগমের ৭টি ওয়ার্ডের বস্তি উন্নয়নের কাজ মেগাসিটি প্রকল্পের অধীনে হাতে নেওয়া হয়েছে। ও. ডি. এ.-এর সহায়তাপ্রাপ্ত অথবা মেগাসিটি পরিকল্পনার অন্তর্গত বস্তি উন্নয়ন ছাড়াও বস্তি উন্নয়ন প্রকল্পের অন্যান্য কাজেও যথেষ্ট অগ্রগতি হয়েছে। সি. এম. ডি. এলাকায় বস্তিতে পরিবার-কল্যাণ প্রকল্প, ভারতীয় জনসংখ্যা পরিকল্পনা (IPP-VIII)-এর অধীনে ৪১টি স্বায়ত্তশাসিত সংস্থা (৩টি পৌর নিগম এবং

৩৮টি পৌরসভা) দ্বারা রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের গারিগরি সহায়তা এবং সমন্বয় সাধন, রূপায়ণ, পরিচালনা ও তত্ত্বাবধানের উপযোগী সহায়তাদানে সি. এম. ডি. এ. 'নোডাল এজেন্সি' হিসাবে দায়িত্বে রয়েছে। প্রকল্পটি রূপায়ণে স্থানীয় জনসাধারণকেও যুক্ত করা হয়েছে। এই প্রকল্পে আনুমানিক ১০১.৬৪ কোটি টাকা ব্যয় ধার্য করা হয়েছে এবং ১৯৯৮ সালের জানুয়ারি পর্যন্ত ব্যয় হয়েছে প্রায় ১৮.১৮ কোটি টাকা।

৪। (চ) গঙ্গা অ্যাকশন প্ল্যান

গঙ্গা অ্যাকশন প্ল্যানের প্রথম পর্যায়ে ১৫টি প্রথম শ্রেণীর শহরে ১১০টির মধ্যে ১০৭টি প্রকল্প ১৮১.৮৫ কোটি টাকা অনুমোদিত ব্যয়ে সম্পূর্ণ হয়েছে। বাকি ৩টি প্রকল্প সম্পূর্ণ হওয়ার পথে।

বিস্তারিত সমীক্ষা ও নিরীক্ষা অনুযায়ী ও মহামান্য সুপ্রিম কোর্টের দূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত নির্দেশের সঙ্গে সঙ্গতি রেখে গঙ্গা অ্যাকশন প্ল্যানের দ্বিতীয় পর্যায়ে ২৭টি প্রকল্প অন্তর্ভূক্ত করা হয়েছে। এই ২৭টি প্রকল্পের মধ্যে ২৩টি গঙ্গানদীর তীরে ও ৪টি দামোদর নদীর তীরে অবস্থিত। প্রকল্পগুলির জন্য আনুমানিক ৩৪৮ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে।

মহাশয়, প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় নদী সংরক্ষণ কর্তৃপক্ষের শেষ সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ভারত সরকার গঙ্গা অ্যাকশন প্ল্যানের দ্বিতীয় পর্যায়ের ১০০ শতাংশ খরচ বহন করবে। এই সিদ্ধান্তের প্রথাগত অনুমোদন ও প্রকল্প রূপায়ণের অর্থ ভারত সরকারের কাছ থেকে এখনও পাওয়া যায়নি।

৫। সি. এম. ডি. এ. জমি ব্যবহার পরিকল্পনা ও পরিবেশের উপর তার প্রভাব সংক্রান্ত নিরীক্ষা চালিয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গ শহর ও গ্রাম (পরিকল্পনা ও উন্নয়ন) আইন, ১৯৭৯-এর ২৯(১) ধারা অনুযায়ী কলকাতা মহানগরের মধ্যে জমি ব্যবহার সংক্রান্ত মানচিত্র এবং নথির এখনও পর্যন্ত ১০০টি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে এবং আরও কিছু বিজ্ঞপ্তি শীঘ্রই প্রজ্ঞাপিত হবে। উপরি-উক্ত আইনের ৩৮নং ধারা অনুযায়ী কলকাতা পৌর নিগম এলাকার (৪৫ নং ও ৬৩ নং ওয়ার্ড ও শহরের পূর্বপ্রান্ত ব্যতীত) জমির ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ প্ল্যান (এল. ইউ. ডি. সি. পি.) এবং কলকাতা পৌর নিগমের ৬৩নং ওয়ার্ডের এল. ইউ. ডি. সি. পি. সরকারি গেজেটে প্রকাশিত হয়েছে এবং তা গৃহীত হয়েছে। উক্ত আইনের ৩৭(১) ধারা অনুযায়ী কলকাতার পূর্বপ্রান্ত, হাওড়া পৌর নিগম এবং গঙ্গার উভয়তীরে অবস্থিত পৌর এলাকাগুলির এল. ইউ. ডি. সি. পি. অনুমোদনের জন্য রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। কলকাতা মহানগর এলাকার মধ্যে অন্যান্য জায়গার এল.ইউ.ডি.সি.পি. প্রস্তুত করা হচ্ছে। সি. এম. ডি. এ.-র পরিবেশ সংক্রান্ত সেল জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার সহযোগিতায় ভূপৃষ্ঠের বৈশিষ্ট্য, ভূগর্ভস্থ জলের অবস্থান,

মৃত্তিকার প্রকৃতি সমীক্ষার কিছু গুরুত্বপূর্ণ কাজ হাতে নিয়েছে। এই ক্ষেত্রের অন্যান্য যে সমস্ত কাজ বিভিন্ন পর্যায়ে রয়েছে সেগুলি হল কলকাতায় ভূগর্ভস্থ জল ব্যবহারের পরিস্থিতি রিপোর্ট, আর্সেনিক দূষণের পরিমাণ ও বর্জ্য পুনর্ব্যবহারের উপর সমীক্ষা ইত্যাদি।

৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি. এম. ডি. এ. কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত মেগাসিটি পরিকল্পনার অধীনে একাধিক পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছে। তবে, এই প্রকল্পে কেন্দ্রীয় সহায়তা এখনও অবধি প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। যেখানে প্রতি বছর অনুমিত ব্যয় ২০০ কোটি টাকা, যার মধ্যে কেন্দ্রীয় সাহায্য ৫০ কোটি টাকা হওয়ার কথা, সেখানে প্রতি বছর গড়ে ১৫ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্য পাওয়া যাচ্ছে। ফলে হ্রাসপ্রাপ্ত কেন্দ্রীয় সাহায্যের সমানুপাতে মেগাসিটি পরিকল্পনার কাজের পরিধিও হ্রাসপ্রাপ্ত হয়েছে। প্রাথমিকভাবে মোট ৪৩৪.৩৫ কোটি টাকার প্রকল্পগুচ্ছ এই পরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য নির্বাচিত হয়েছিল। এগুলির মধ্যে থেকে মোট ৩৩৫ কোটি টাকার প্রকল্পগুচ্ছ প্রাথমিকভাবে অনুমোদন লাভ করেছিল। সাম্প্রতিককালে আরও ১৯৭ কোটি টাকার প্রকল্পগুচ্ছ এই পরিকল্পনার অন্তর্ভূক্ত হয়েছে। তবে বেশ কিছু প্রকল্প প্রাথমিকভাবে মেগাসিটি পরিকল্পনার অন্তর্ভূক্ত হওয়ার কথা ছিল, যেগুলির কাজ অবিলম্বে শুরু করা প্রয়োজন এবং কিছু ক্ষেত্রে কাজ শুরুও হয়ে গেছে। এই প্রকল্পগুলির ক্ষেত্রে সি. এম. ডি. এ. রাজ্য সরকারের সহায়তা এবং বাজার থেকে নন-এস. এল. আর. বন্ড বিক্রয়ের মাধ্যমে অর্থ সংগ্রহের প্রস্তাব করেছে।

৭। ১৯৯৭-৯৮ সালে সল্টলেক, সেক্টর ৪-এ ই. এম. বাইপাস থেকে ই. এম. ব্লক পর্যন্ত রাস্তার বৈদ্যুতিকরণের কাজ গত বছরের উল্লিখিত অন্যান্য কাজের সাথে শুরু করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে নিক্কো পার্ক থেকে সি. এস. টি. সি.-র গ্যারাজ পর্যন্ত রাস্তার প্রশস্তিকরণ, বিধাননগরের নিকাশি পাম্পিং স্টেশনের আধুনিকীকরণ এবং সুকান্তনগর পাম্পিং স্টেশনের বৈদ্যুতিকরণের কাজ করা হবে।

৮। কল্যাণীর বর্তমান পরিকাঠামোর রক্ষণাবেক্ষণ ও সুদৃঢ় করার জন্য বিশেষ নজর দেওয়া প্রয়োজন। ১৯৯৭-৯৮ সালের বরাদ্দকৃত অর্থের অধিকাংশ ইতিমধ্যে ব্যবহৃত হয়েছে অথবা সেই বিষয়ে কাজ চলছে। ১৯৯৮-৯৯ সালে জলসরবরাহ এবং নিকাশি ব্যবস্থার ক্ষেত্রে কয়েকটি নতুন প্রকল্পে গুরুত্ব দেওয়া হবে।

৯। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শহরে জমি (ঊর্ধ্বসীমা এবং নিয়ন্ত্রণ) আইন, ১৯৭৬-এর প্রদত্ত ক্ষমতানুসারে নগর উন্নয়ন বিভাগের শহরে জমির ঊর্ধ্বসীমা শাখা আজ অবধি ৩১,৫৯,০২৪,৫৩ বর্গমিটার জমিকে খাসজমি ঘোষণা করতে পেরেছে। এর মধ্যে

মাত্র ৯,৮২,২৬৬.৩৯ বর্গমিটার জমির দখল নিতে পেরেছে। খাস হওয়া এবং দখলিকৃত জমির মধ্যে এই বিশাল ফারাকের কারণ হচ্ছে একাধিক মামলা। এই মুহূর্তে ৮১৪টি মামলা কলকাতা উচ্চ আদালতের বিবেচনাধীন রয়েছে। এই আইনের অধীনে জমি অধিগ্রহণ করার ক্ষেত্রে দীর্ঘসময়সাপেক্ষ পদ্ধতি এবং আদালতের আদেশ প্রতিবন্ধক হয়ে দাঁড়াচ্ছে। রাজ্য সরকার এখন অবধি বিভিন্ন সরকারি দপ্তর, মেট্রো রেলওয়ে, পৌরসভা, শিক্ষাপ্রতিষ্ঠান, দাতব্য প্রতিষ্ঠান, শিল্পসংস্থা ইত্যাদিকেও ৪,২০,০৭৮.৪৬ বর্গমিটার জমি বন্টন করেছে। ১৯৯৭-৯৮ সালে এই বিভাগ ৫১,৩১৬.৭২ বর্গমিটার জমি পর্যটন বিভাগ, অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ, আসানসোল-দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষ, অ্যাশোসিয়েশন অব সেন্ট্রাল গভর্নমেন্ট পেনশনারস এবং ওয়েস্ট বেঙ্গল অ্যাশোসিয়েশন অব ডেফ-এর মধ্যে বিভিন্ন প্রকল্পের জন্য বন্টন করেছে।

বিভিন্ন শিল্পসংস্থাকে শিল্প সম্বন্ধীয় কাজে ব্যবহারের জন্য এই আইনে প্রদত্ত ক্ষমতা অনুসারে সরকার এ পর্যন্ত ১,১২,৮৬,৭২২.২০৯ বর্গমিটার উদ্বৃত্ত জমিকে ছাড় দিয়েছে। এইরূপে ছাড় পাওয়া জমিগুলির সদ্ব্যবহার নিয়মিত মূল্যায়ন করা হয়। এখন অবধি ১০টি ক্ষেত্রে ছাড় পাওয়া জমি সদ্ব্যবহার না করার কারণে উদ্বৃত্ত জমি ছাড়ের আদেশ প্রত্যাহার করা হয়েছে।

মহাশয়, ১৭-২-৭৬ তারিখে বলবৎ হওয়া শহরে জমি (উর্ধ্বসীমা এবং নিয়ন্ত্রণ) আইন, ১৯৭৬ প্রত্যাহারের বিষয়ে ভারত সরকার রাজ্য সরকারের মতামত জানতে চেয়েছে। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছে যে, এই আইনটিকে রাজ্যে অন্য একটি আইন দিয়ে প্রতিস্থাপন করা গেলে কেন্দ্রীয় আইনটি প্রত্যাহারের বিষয় বিবেচনা করা যেতে পারে।

১০। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯১১ সাল থেকেই কলকাতা উন্নয়ন সংস্থা (সি.আই.টি.) কলকাতা মহানগরীর উন্নয়নে পথিকৃতের ভূমিকা পালন করেছে। এই সংস্থা এখনও তার সীমিত ক্ষমতার মধ্যে এই মহানগরীর পরিকাঠামো উন্নয়নে সরকারি সহায়তা ব্যবহার করে তার ভূমিকা পালন করে চলেছে। নিজের আর্থিক ভিত্তি সুদৃঢ় করা এবং নিজের কারিগরি পরিকাঠামোর পূর্ণ সদ্ব্যবহারের লক্ষ্যে সি. আই. টি. সরকারি এবং আধা-সরকারি বহু প্রকল্প, নিযুক্তি প্রকল্প হিসাবে রূপায়ণ করে, যেমন—স্কীম নং ১১৮-এ ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন হাউসিং কমপ্লেক্স এবং ভারত পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রিন্স গুলাম মহম্মদ শাহ রোড-এ অফিস কমপ্লেক্স। সি. আই. টি. কিছু লাভজনক আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ প্রকল্পও রূপায়ণ করছে, যেমন—চেতলায় ১৪৩ নং স্কীমে মালিকানাভিত্তিক ফ্ল্যাট, মানিকতলা সিভিক সেন্টারের 'ডি-এস' ব্লকে দোতলার উপরে আরও একতলা নির্মাণ ইত্যাদি।

রবীন্দ্রসরোবরের ব্যবস্থাপনা এবং সৌন্দর্যবৃদ্ধির জন্য এই সংস্থা কিছু উন্নয়ন/রক্ষণাবেক্ষণের কাজ করছে। যেমন, (ক) শিশুদের পার্ক ও সাধারণের ব্যবহার্য প্রস্রাবাগার নির্মাণ, (খ) পাড় রক্ষণাবেক্ষণ, (গ) সরোবর এলাকার ভিতরের রাস্তা ও পথগুলির উন্নয়ন। এ ছাড়াও, জাতীয় হ্রদ সংরক্ষণ পরিকল্পনার অধীনে রবীন্দ্রসরোবরের উন্নয়নের জন্য একটি প্রকল্প এই সংস্থা গ্রহণ করেছে। ভারত সরকারের পরিবেশ এবং বন মন্ত্রকের অধীন জাতীয় নদী সংরক্ষণ অধিকার ইতিমধ্যেই পরীক্ষা নিরীক্ষার জন্য ১.২৫ লক্ষ টাকা মঞ্জুর করেছে। এই সরোবরের জলের গুণমান, বাতাসের গুণমান শব্দমাত্রা ও সরোবরের তলদেশের বৈশিষ্ট্যসমূহ নির্ধারণসহ একটি প্রাক-সম্পদনযোগ্যতা রিপোর্ট ভারত সরকারের পরিবেশ ও বন মন্ত্রকে পাঠানো হয়েছে। ভারত সরকারের কাছে পরবর্তী কাজের জন্য আরও অর্থ চাওয়া হয়েছে।

সি. আই. টি. রাজ্য সরকারের কাছ থেকে ২ কোটি টাকা অগ্রিম নিয়ে শহরের তিনটি জায়গায় তিনটি মিশ্র বাণিজ্যিক প্রকল্পের মধ্যে হকারদের পুনর্বাসনের জন্য একটি পরিকল্পনা আরম্ভ করেছে। এই কাজে ইতিমধ্যে যথেষ্ট অগ্রগতি ঘটেছে। আশা করা যাচ্ছে যে, এই প্রকল্পের একটি নির্ধারিত অংশ হকারদের মধ্যে বন্টনের জন্য এই বছরের মধ্যে সম্পূর্ণ হবে। এই প্রকল্পগুলিতে মোট ব্যয় হবে প্রায় ৮২২.৩৪ লক্ষ টাকা—যার মধ্যে বাণিজ্যিক প্রকল্পও আছে যাতে করে পুরো পরিকল্পনাটি বাণিজ্যিকভাবে সফল হতে পারে।

মানিকতলা সিভিক সেন্টারে ডি. ভি. সি.-র অফিস কমপ্লেক্সে অগ্নিনিরোধক-ব্যবস্থা স্থাপন করার বাকি কাজও এই সংস্থা করেছে। ১৯৯৮-৯৯ সালে কসবায় বাণিজ্যিক কমপ্লেক্স, ১/১১/১, যোধপুর পার্কে বাসগৃহ, ই. এম. বাইপাস অবাধ মানিকতলা মেন রোডের প্রশস্তিকরণ ও ভিন্নমুখীকরণ, বর্তমান গলফ ক্লাব রোডটিকে দেশপ্রাণ শাসমল রোড পর্যন্ত প্রশস্তিকরণ, যাদবপুর সেন্ট্রাল রোড এবং রাজা সুবোধচন্দ্র মল্লিক রোড প্রশস্তিকরণ ইত্যাদি কাজ করা হবে।

এ ছাড়াও সি. আই. টি. বেসরকারি ক্ষেত্রের সাথে সহযোগিতার ভিত্তিতে তাদের যে জমিগুলো জবরদখল হয়ে আছে—সেগুলোকে বাণিজ্যিক তথা পুনর্বাসন কাজকর্মে ব্যবহারের জন নগর পুননবীকরণ পরিকল্পনার অধীনে একটি কার্যক্রম গ্রহণ করার সম্ভাব্যতা খতিয়ে দেখছে।

১১। হাওড়া উন্নয়ন সংস্থা (এইচ. আই. টি.) হাওড়ার পরিকাঠামো উন্নয়নে নিয়োজিত আছে। বিষয়টির প্রয়োজন অনুভব করে এই সংস্থা হাওড়া শহরে রাস্তা ও নিকাশি ব্যবস্থার আমুল সংস্কারে গুরুত্ব দিয়েছে। এ ছাড়াও পশ্চম বালি এবং উলুবেড়িয়াতেও

রাস্তা ও নিকাশিব্যবস্থার কাজ হাতে নেওয়া হয়েছে। অঞ্চল উন্নয়ন ক্ষেত্রের অধীনে কদমতলা বাণিজ্যিক কমপ্লেক্স ও ডুমুরজলা অঞ্চল উন্নয়নের কাজও চলছে। আগামী আর্থিক বছরে এই সংস্থা হাওড়া শহরে নতুন বাস টার্মিনাস ও বাণিজ্যিক কমপ্লেক্স স্থাপনের কাজ করবে। এ ছাড়া, এইচ. আই. টি. অন্যান্য সংস্থা, যেমন—সি. এম. ডি. এ. এইচ. আর. বি. সি. এবং হাওড়া পৌর নিগমের কাজও নিযুক্তি প্রকল্প হিসেবে রূপায়ণ করছে।

১২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৃহত্তর কলকাতার বাইরে ছ'টি উন্নয়ন সংস্থা তাদের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছে। এই সংস্থাগুলোর প্রধান উদ্দেশ্য হল তাদের নিজ-নিজ এলাকাভুক্ত শহর ও গ্রামগুলির অনিয়ন্ত্রিত ও অসংলগ্ন প্রসারণ রোধ করা এবং সুষম ও পরিকল্পিত নগরোন্নয়নের মাধ্যমে ন্যূনতম নাগরিক সুবিধাগুলি, যেমন আবাসন, বাজার নির্মাণ, বৈদ্যুতিক ব্যবস্থা, টাক ও বাস টার্মিনাস নির্মাণ, বাণিজ্যিককেন্দ্র গঠন, পানীয় জল সরবরাহ, রাস্তা নির্মাণ, খেলাধুলার কেন্দ্র ত্যািদি, বৃদ্ধি করা। উন্নয়ন সংস্থাগুলি নিজ-নিজ অঞ্চলের সরকারের বিভিন্ন দপ্তর ও সরকারি নিয়ন্ত্রণাধীন সংস্থাগুলোর সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে এই সমস্ত কার্যক্রম পরিচালনা করছে। এ ছাড়া, উন্নয়ন সংস্থাগুলো এল. ইউ. ডি. সি. পি. তৈরি এবং তার সঠিক প্রয়োগের দ্বারা একটি নির্দিষ্ট অঞ্চলের অগ্রগতির সম্ভাবনার, ভবিষ্যতে আরও বৃদ্ধির জন্য, পূর্ণ সদ্ব্যবহার করা।

শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন সংস্থা যে সকল উন্নয়নমূলক কাজ সম্পন্ন করেছে তার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হ'ল ফুলবাড়ি-ঘোষপুকুর বাইপাশ (পর্যায় ১ ও ২), উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ অঞ্চলে বাণিজ্যিককেন্দ্র, দ্বিতীয় মহানন্দা সেতু, শিলিগুড়িতে বৈদ্যুতিক চুল্লি, কার্সিয়াং বাস টার্মিনাস, জলপাইগুড়িতে সুপার মার্কেট ইত্যাদি। ফুলবানি-ঘোষপুকুর রাস্তা (তৃতীয় পর্যায়)-এর কাজ শীঘ্রই শুরু হবে। তৃতীয় মহানন্দা ব্রিজের কাজ শুরু হয়ে গেছে। ইস্টার্ন বাইপাসের কাজ সমাপত্রি পথে। ফুলবাড়ি ট্রাক টারমিনাসের কাজ শুরু হয়ে গেছে এবং কাজের অগ্রগতি বেশ সন্তোষজনক বলা যায়। মাটিগাড়ায় পরিবহন নগর তৈরির কাজ প্রায় শেষ। জলপাইগড়ির বাতানুকুল প্রেক্ষাগৃহ ও আর্ট-গ্যালারির কাজ আগামী কয়েক মাসের মধ্যেই শেষ হয়ে যাবে বলে আশা করা যায়। জলপাইগুড়িতে নতুন বাসস্ট্যান্ড নির্মাণের কাজ শেষ হয়েছে আর কম্পোজিট কমপ্লেক্সের কাজও সমাপ্তির পর্যায়ে এসে গেছে।

আসানসোল-দুর্গাপুর উন্নয়নসংস্থা ইতিমধ্যে পানীয় জল সরবরাহ, নিকাশিব্যবস্থা, পরিবহন ও যোগাযোগ এবং সমষ্টি উন্নয়নের মতো গুরুত্বপূর্ণ কাজগুলো সম্পন্ন করেছে। এই উন্নয়ন সংস্থা অঞ্চল উন্নয়নের মতো কাজও করেছে, যার মধ্যে আছে বাণিজ্যিক

এবং শিল্পাঞ্চল গড়ে তোলা এবং গ্রামীণ রাস্তা নির্মাণ। মঙ্গলপুর টাউনশিপ এবং শিল্পাঞ্চল এবং কল্যাণপুর টাউনশিপের উন্নয়ন অগ্রগতির পথে। দুর্গাপুরে অতিরিক্ত বাসস্থান অঞ্চল গড়ে তোলার কার্যক্রম হাতে নেওয়া হয়েছে এবং লটারির মাধ্যমে জমি-প্রাপক নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে।

কেন্দ্রীয় সরকারের সহায়তায় এবং পশ্চিমবঙ্গ সরকারের বাণিজ্য ও শিল্প বিভাগের তত্ত্বাবধানে দুর্গাপুরে একটি এক্সপোর্ট প্রমোশন ইন্ডাস্ট্রিয়াল পার্ক প্রকল্প করা হচ্ছে। আসানসোল-দুর্গাপুর উন্নয়ন সংস্থা এই প্রকল্প রূপায়ণের দায়িত্ব গ্রহণ করেছে। এই প্রকল্পের আনুমানিক ব্যয় ১৩ কোটি টাকা ছাপিয়ে যাবে। এই প্রকল্পের নির্মাণকার্য ইতিমধ্যে শুরু করা হয়েছে এবং সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে।

হলদিয়ার শিল্প ও বন্দরনগর হিসাবে গড়ে ওঠার সম্ভাবনার কথা মাথায় রেখে জমি অধিগ্রহণ ও অঞ্চল উন্নয়নের বিশেষ নজর দেওয়া হয়েছে। হলদিয়া উন্নয়ন সংস্থা যে সমস্ত কাজ সম্পন্ন করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হল, গেঁওখালি ও চৈতন্যপুর জল সরবরাহের ব্যবস্থা এবং হাতিবেড়িয়াতে জলাধার নির্মাণ। নতুন রাস্তা তৈরি এবং অভ্যন্তরীণ পরিবহন ব্যবস্থার সুযোগ বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পগুলির মধ্যে এইচ. পি. এল. অঞ্চল এবং এল. পি. জি. কারখানার মধ্যে রক্ষাকারী রাস্তার নির্মাণ ও উন্নয়নের কাজ প্রায় সমাপ্ত হয়েছে। হলদিয়া পেট্রোকেমিক্যাল লিমিটেড জল সরবরাহ প্রকল্প এবং এইচ. পি. এল.-এ যোগাযোগ রক্ষাকারী রাস্তা চওড়া করার মতো প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং এই প্রকল্প দুটির কার্যনির্বাহের আদেশনামাও দেওয়া হয়েছে। এই উন্নয়ন সংস্থা আরও কিছু নতুন প্রকল্প যেমন শিল্পাঞ্চল এস্টেট গড়ে তোলা, কেন্দ্রীয় বাস টার্মিনাস নির্মাণ এবং হলদিয়াতে বসবাসের বৃদ্ধির মতো প্রকল্প হাতে নিয়েছে।

দীঘা উন্নয়ন সংস্থা নতুন দীঘাতে স্থায়ী বনভোজন স্থান নির্মাণ, ভূতল পয়ঃপ্রণালী নির্মাণ এবং পার্কিং ব্যবস্থা উন্নয়নের মতো প্রকল্প হাতে নিয়েছে। এ ছাড়াও, অঞ্চল উন্নয়ন এবং নতুন দীঘা সংযোগকারী বাইপাস নির্মাণের কাজ হাতে নিয়েছে।

শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন সংস্থা ও হলদিয়া উন্নয়ন সংস্থা এল. ইউ. ডি. সি. পি. তৈরি করেছে এবং তা সরকারি অনুমোদনের পর বিজ্ঞাপিত হয়েছে। আসানসোল শহরাঞ্চলের এল. ইউ. ডি. সি. পি. তৈরি করা হয়েছে এবং তা সরকারি অনুমোদনের জন্য বিবেচনাধীন আছে। দুর্গাপুর পৌর অঞ্চলের জন্য এই কার্যক্রম সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। দীঘা উন্নয়ন সংস্থাধীন এলাকার এল. ইউ. ডি. সি. পি. তৈরি হয়েছে এবং তা বর্তমানে পর্যালোচনার স্তরে রয়েছে। শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন সংস্থা তার কেন্দ্রীয় এলাকার কাজ শেষ করেছে এবং তা শীঘ্রই বিজ্ঞাপিত করার ব্যবস্থা

করছে। জয়গাঁও উন্নয়ন সংস্থাও এই কার্যক্রম হাতে নিয়েছে এবং জরিপের কাজ সম্পূর্ণ হয়েছে। জয়গাঁও উন্নয়ন সংস্থার এলাকা সম্প্রসারণের মানসে আনুষঙ্গিক কাজ হাতে নেওয়া হয়েছে। মেদিনীপুর-খড়গপুর পরিকল্পনা সংস্থা জমি ব্যবহার পরিকল্পনা তৈরি করেছে এবং ঐ পরিকল্পনা সংস্থা কর্তৃক তা বিজ্ঞপিত হয়েছে।

উপরিউক্ত কার্যক্রমগুলি সম্পন্ন করার জন্য ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ১২৬০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছিল যার মধ্যে ৫০০ লক্ষ টাকা নন এস. এল. আর. বন্ডের মাধ্যমে সংগ্রহ করার কথা। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে উন্নয়ন সংস্থাগুলি কর্তৃক আরদ্ধ প্রকল্পগুলি রূপায়ণের জন্য ব্যয়বরাদ্দ ধরা হয়েছে ১৩৩৪ লক্ষ টাকা যার মধ্যে ৫০০ লক্ষ টাকা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ফিনান্স কর্পোরেশন-এর (আই. ডি. এফ. সি.) কাছ থেকে ঋণ হিসাবে সংগ্রহের কথাও ধরা আছে।

১৩। এই দাবির অন্তর্গত বেশকিছু প্রকল্প পৌর-বিষয়ক বিভাগ রূপায়ণ করে। আমি ঐ সমস্ত প্রকল্পগুলি সম্বন্ধে ৯০নং দাবি সম্বন্ধীয় আমার ভাষণে বিস্তারিত উল্লেখ করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি সকলের সহযোগিতা কামনা করছি এবং সভার নিকট আমার দাবির অন্তর্ভূক্ত ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য পেশ করছি।

## DEMAND No. 38

### Major Heads : 2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,27,80,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity".

(This is inclusive of a total sum of Rs. 9,09,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Buddhadeb Bhattacharjee on Demand No. 38 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৩৮ নং দাবির অধীন "২২২০—তথ্য ও প্রচার", "৪২২০—তথ্য ও প্রচারের মূলধনী বিনিয়োগ" এবং "৬২২০—তথ্য ও প্রচারের জন্য ঋণ" মুখ্যখাতে সর্বমোট ২৭,২৭,৮০,০০০ (সাতাশ কোটি সাতাশ লক্ষ আশি হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্ট-এ প্রস্তাবিত ৯,০৯,০০,০০০ (নয় কোটি নয় লক্ষ) টাকা এর মধ্যে ধরা আছে।

**তথ্য শাখা**

তথ্য ও সংস্কৃতি বিভাগ যে কোনও সরকারেরই দর্পণ বিশেষ। সরকারের বিভিন্ন দপ্তরের কাজকর্ম ও তার নীতিসমূহের সার্থক রূপায়ণের মুখপাত্র হল এই বিভাগ। সংবাদ মাধ্যম যেমন, সংবাদপত্র, দূরদর্শন, বেতার—এগুলির মাধ্যমে সরকারের কাজকর্ম এবং তার সাফল্যের কথা বহুলাংশে জনসমক্ষে তুলে ধরা যায়। কিন্তু এই সব মাধ্যমের বৃহদাংশ আমাদের বিভিন্ন জনমুখী নীতি ও কার্যকলাপকে আড়াল করে রেখে এই সরকারের বিরুদ্ধে সমানে অপপ্রচার চালিয়ে যাচ্ছে ও সরকারের ভাবমূর্তি ম্লান করতে এরা সদাই ব্যস্ত। সংবাদপত্রের এই নেতিবাচক ভূমিকা গণতন্ত্র ও বিকাশশীল অর্থনীতি প্রসারের ক্ষেত্রে এক দুর্ভেদ্য বাধার সৃষ্টি করছে। তাই রাজ্য সরকারকে তার কাজকর্মের খতিয়ান তুলে ধরার ক্ষেত্রে নির্দিষ্ট কতকগুলি সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়।

এই কারণে জনগণের কাছে ভুল খবর পৌঁছবার যথেষ্ট অবকাশ আছে। তাছাড়া, আন্তর্জাতিক ক্ষেত্রে বৈদ্যুতিন মাধ্যমের অবিশ্বাস্য রকমের উন্নতি হয়ে বহু অনভিপ্রেত খবর ও সংস্কৃতি আজ সমাজের রন্ধ্রে-রন্ধ্রে পৌঁছে যাচ্ছে এবং সমাজকে প্রচন্ড অবক্ষয়ের দিকে নিয়ে যাচ্ছে। এটা অবশ্যই আমাদের কাম্য নয়। কেন্দ্রীয় সরকার বিগত বৎসরে দীর্ঘ-প্রতীক্ষিত প্রসার ভারতী আইন বলবৎ করে প্রসার ভারতীয় কর্পোরেশন গঠন করেছে। আমাদের সরকার বিগত কেন্দ্রীয় সরকারের এই পদক্ষেপকে স্বাগত জানানোর সঙ্গে সঙ্গে এও মনে করে যে সরকারি তদারকি হ্রাস করে প্রসার ভারতীর হাতে আরও ক্ষমতা অর্পণ করা দরকার, যাতে এই কর্পোরেশন উন্নত আধুনিক তথ্য প্রযুক্তিজাত সাংস্কৃতিক সাম্রাজ্যবাদ ও পণ্যবাদের চ্যালেঞ্জের মোকাবিলা সঠিকভাবে করতে পারে। ভারতীয় এবং অভারতীয় মূল্যবোধ, ঐতিহ্য ও রুচিবোধের মধ্যেকার লক্ষ্মণরেখা চিহ্নিত করে তার গণতান্ত্রিক প্রয়োগে সক্ষম হয়। আমাদের সরকার মনে করে যে টেলিভিশন কোনও বিলাসদ্রব্য নয়, বরং সুস্থ বিনোদন, শিক্ষা ও জাতির সামাজিক স্থিতিশীলতা ও সংহতি বৃদ্ধির বাহন। এই লক্ষ্যে প্রসার ভারতীকে শুধু যে অধিকতর ক্ষমতা দিতে হবে

তাই নয়, আঞ্চলিক সংস্কৃতি ও ভাষাসমূহকে তুলে ধরার এবং শক্তিশালী করে তোলার লক্ষ্যেও একে ব্যবহার করতে হবে। বহু জাতি, বহু সংস্কৃতির মিলনক্ষেত্র ভারতীয় গণতন্ত্রের পরম্পরা রক্ষা ও তার স্থায়ীকরণই প্রসার ভারতীর অভিলাষিত লক্ষ্য হওয়া উচিত। নানা বাধা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার তার তথ্য ও সংস্কৃতি বিভাগের মাধ্যমে মানুষের কাছে সরকারের কাজকর্মের কিছুটা বাস্তব চিত্র পৌঁছে দেওয়ার চেষ্টা করে। চেষ্টা করে সুস্থ ও সামাজিক দৃষ্টিসম্পন্ন ঐতিহ্য তুলে ধরার। এই বাজেট তারই একটি সংক্ষিপ্ত প্রতিফলন মাত্র।

রাজ্য সরকার তার সমস্ত দপ্তরের বিজ্ঞাপন প্রকাশের জন্য কলকাতার ২৯টি দৈনিক এবং বিভিন্ন রাজ্য থেকে নানা ভাষায় প্রকাশিত ৪০টি দৈনিক সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে আসছে। এছাড়া, কলকাতা থেকে প্রকাশিত ১২৫টি ক্ষুদ্র সাময়িক পত্র-পত্রিকাকেও এই বিভাগের মাধ্যমে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। কলকাতার বাইরে রাজ্যের ১৭টি জেলা থেকে প্রকাশিত ৫২৫টি পত্র-পত্রিকায় জেলাগুলির পরামর্শদাতা কমিটির সুপারিশ অনুযায়ী বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ ছাড়াও, বিভিন্ন রাজ্য থেকে প্রকাশিত গুরুত্বপূর্ণ ১৫টি সাময়িক পত্র-পত্রিকাতেও বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে।

বিভাগীয় বার্তা শাখা সংবাদপত্র ও সরকারের মধ্যে যোগাযোগের মাধ্যমে হিসেবে কাজ করার ক্ষেত্রে নিষ্ঠার সঙ্গে তাদের দায়িত্ব পালন করে আসছে। ১৯৯৭-এর এপ্রিল থেকে ১৯৯৮-এর ফেব্রুয়ারি অবধি এই শাখা প্রায় ৩২৫টি প্রেস রিলিজ, প্রেসনোট প্রকাশ করেছে। সরকারের বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ প্রচার করার উদ্দেশ্যে ২১৫টি প্রেস কভারেজের আয়োজন করেছে। সাংবাদিক বৈঠকের আয়োজন করা হয়েছে প্রায় ১৭৫টি, কলকাতার বাইরে বিভিন্ন অনুষ্ঠানে সাংবাদিক দল নিয়ে যাওয়া হয়েছে প্রায় ২০টি ক্ষেত্রে।

মাদার টেরিজার জীবনাবসানে রাষ্ট্রীয় শেষকৃত্যের আয়োজন এবং পরবর্তী পর্যায়ে দ্বাদশ লোকসভার নির্বাচন উপলক্ষে বিশেষ মিডিয়া সেন্টার তৈরি করে বার্তা শাখা সাফল্যের সঙ্গে তার ভূমিকা পালন করেছে। গত বছর নভেম্বর মাসে অনুষ্ঠিত তৃতীয় কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবেও বার্তা শাখা নিজেদের এইভাবে নিয়োজিত করেছে।

দেশি-বিদেশি সম্মানীয় অতিথিদের সফর সংবাদপত্রে প্রচারিত হবার ব্যাপারে এই শাখা থেকে ব্যবস্থা নেওয়া হয়েছে। সংবাদপত্রে বিভ্রান্তিমূলক সংবাদ পরিবেশনের বিরুদ্ধে ২০টি প্রতিবাদপত্র পাঠানো হয়েছে। প্রেস অ্যাক্রেডিটেশন কমটির সভা নিয়মিতভাবে করা হচ্ছে।

প্রদর্শনী শাখার মাধ্যমে জনগণের কাছে রাজ্য সরকারের নীতি, বক্তব্য ও

কর্মকান্ডসমূহ তুলে ধরা হচ্ছে, পাশাপাশি ইতিহাসের উপাদান ও মণীষীদের জীবনীকেও ভিত্তি করে প্রদর্শসামগ্রী তৈরি করা হচ্ছে। এই আর্থিক বছরে ফেব্রুয়ারি মাস পর্যন্ত ৭০টি প্রদর্শনী শহর ও গ্রামাঞ্চলে সংগঠিত করা হয়েছে। নেতাজী সুভাষচন্দ্রের ওপর একটি পোস্টার সেট এবং "ভারতের মুক্তিসংগ্রামে বাংলা" শীর্ষক একটি প্রদর্শনী সেট তৈরির কাজ সম্পূর্ণ হতে চলেছে। দিল্লিতে প্রতি বছর অনুষ্ঠিত ভারত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় পশ্চিমবঙ্গের অংশগ্রহণ ও মন্ডপ তৈরির ক্ষেত্রে এই শাখা রাজ্য সরকারের কেন্দ্রীয় সমন্বয়কারী হিসেবে কাজ করে আসছে।

কলকাতা তথ্যকেন্দ্রকে একটি মডেল তথ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিগত আর্থিক বছরে সেখানে কমপিউটার স্থাপনের কাজ চূড়ান্ত হয়েছে। ১৯৯৮ সালের লোকসভা নির্বাচনের ফলাফল ঘোষণার ক্ষেত্রে কমপিউটার পরিষেবা বিশেষভাবে আমাদের সাহায্যে এসেছে। খুব শীঘ্রই রিজিওনাল কমপিউটার সেন্টারের সাহায্যে এখানে সার্বিক তথ্য সংগ্রহ ও সংরক্ষণের কাজ চূড়ান্ত হবে। হোর্ডিং-এর মারফত প্রচারের জন্য এই তথ্যকেন্দ্রের মাধ্যমে ৬৩টি হোর্ডিংকে কাজে লাগানো হচ্ছে। পুরনো ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শন শাখাকে আধুনিক করে ভিডিও এনলার্জারের মাধ্যমে ভ্রাম্যমাণ চলচ্চিত্র ও শিশির মঞ্চে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনীও এই আর্থিক বছরের অন্যতম কর্মসূচি। কলকাতা তথ্যকেন্দ্রের প্রদর্শন কক্ষটি নতুন করে সাজানো হয়েছে এবং নিয়মিতভাবে সেখানে প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। ইতিমধ্যেই চিন, বাংলাদেশ, ভিয়েতনাম ও কিউবার ওপর আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। দিল্লির জাতীয় সংগ্রহশালার সঙ্গে যৌথ উদ্যোগে নেতাজী সুভাষচন্দ্রের জীবন ও কর্মবিষয়ক এক প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে। এছাড়া, এই তথ্যকেন্দ্রে বিভিন্ন আলোচনাসভা, শিক্ষামূলক অনুষ্ঠান, প্রদর্শনী, ইত্যাদির আয়োজন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার ১৯৯৭ সালের ২৩ জানুয়ারি থেকে ১৯৯৮ সালের ২৩ জানুয়ারি পর্যন্ত ব্যাপক আকারে সারা বছরব্যাপী নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মশতবর্ষপূর্তি উদযাপন করেছে। ১৯৯৭ সালে কলকাতা ময়দানে বিপুল জনসমাগমের মধ্যে যে পূর্তি উৎসবের শুরু, তার পরবর্তী কার্যক্রম হিসেবে আরও কয়েকটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই উৎসব সমস্ত জেলা, মহকুমা এবং ব্লক স্তরেও আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গ সরকারই একমাত্র সরকার যারা আজাদ হিন্দ ফৌজের প্রাক্তন সৈন্যদের নেতাজি জন্মশতবর্ষপূর্তি উপলক্ষে মহাজাতি সদনে ১৯৯৭ সালের ১১ই ফেব্রুয়ারি সংবর্ধনা জানায়। এই অনুষ্ঠানে আমন্ত্রিত সৈনিক ছাড়াও আজাদ হিন্দ ফৌজের বহু সৈনিক দেশের বিভিন্ন প্রান্ত থেকে স্বতঃস্ফূর্তভাবে এসে যোগদান করেছিলেন। এইভাবে নিজ উদ্যোগে যারা চলে এসেছিলেন, তাদের কাছেও শ্রদ্ধার্ঘ্যস্বরূপ সংবর্ধনা সভায় প্রদত্ত সুন্দর স্মারকগুলি পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। রাজ্যের প্রাক্তন আই এন এ সৈনিকদেরও স্বাধীনতা সংগ্রামি পেনশনের আওতায় আনা হয়েছে।

কলকাতা তথ্যকেন্দ্রে অবস্থিত রাজ্য সরকারের আর একটি শাখা গণমাধ্যম কেন্দ্রের মাধ্যমে সাংবাদিকদের জন্য নিয়মিতভাবে আলোচনাসভা ও কর্মশালার আয়োজন করা হচ্ছে। এই আর্থিক বছরে প্রায় ২০টি এই ধরনের সভা ও কর্মশালার আয়োজন করা হয়েছে। গণমাধ্যম কেন্দ্রের উদ্যোগে এই সময়ের মধ্যে তিনটি প্রদর্শনীরও ব্যবস্থা করা হয়। প্রদর্শনীগুলি হল ঃ—(১) পশ্চিমবঙ্গের সমস্ত জেলা থেকে প্রকাশিত ক্ষুদ্র পত্র-পত্রিকা বিষয়ক, (২) চিত্তপ্রসাদের ছবি, (৩) "স্বাধীন ভারতে গণমাধ্যম ও নারী" শীর্ষক পোস্টার প্রদর্শনী। বিগত আর্থিক বছরে জেলা থেকে আগত ৫৫ জন শিক্ষানবিশ সাংবাদিককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া, গণমাধ্যম কেন্দ্রের পত্রিকা "গণমাধ্যম" নিয়মিতভাবে প্রকাশ করা হচ্ছে। পাঠক মহলে পত্রিকাটি সমাদৃত হচ্ছে।

সাম্প্রতিক লোকসভা নির্বাচনের পরবর্তীকালে ভারতের রাজনৈতিক আকাশে যে অশনি সংকেত লক্ষ্য করা যাচ্ছে তারই পরিপ্রেক্ষিতে সামগ্রিকভাবে তথ্য ও সংস্কৃতি বিভাগ এবং বিশেষ করে এই দপ্তরের গ্রামীণ তথ্য শাখার কাজকর্মের গুরুত্ব আগের চেয়ে এখন আরও বৃদ্ধি পেয়েছে। সাম্প্রদায়িকতা, ভেদবুদ্ধি এবং অনৈক্যের আবহাওয়া ভারতের একটা বড় অংশকে কলুষিত করলেও পশ্চিমবাংলায় বিশেষ করে গ্রামাঞ্চলে একে রুখে দেওয়া সম্ভব হয়েছে। ঐক্য এবং অগ্রগতির বিরোধী এই সব ক্ষতিকর শক্তির বিপদের বিরুদ্ধে মানুষকে সচেতন করে তোলার জন্য আমাদের লাগাতার প্রচার চালিয়ে যেতেই হবে। আজকের দিনে গ্রামীণ তথ্য শাখা তথা এই বিভাগের এটাই হবে প্রধান কাজ।

১৯৭৭ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকার গ্রামীণ মানুষের সর্বাঙ্গীণ কল্যাণ ও উন্নয়নের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে আসছে। উন্নয়নের এই প্রক্রিয়ায় জনসাধারণের অংশগ্রহণকে সুনিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পনার বিকেন্দ্রীকরণের উপর রাজ্য সরকার সবিশেষ গুরুত্ব আরোপ করেছে। এই নীতি রূপায়ণে পঞ্চায়েত ও পৌরসভাকে সত্যিকারের গণতান্ত্রিক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা হয়েছে এবং তাদের শক্তিশালী করে তোলা হয়েছে। উন্নয়ন তথা মানবসম্পদ বিকাশের অপরিহার্য শর্ত সঠিক তথ্য সংগ্রহ ও বন্টন। গ্রাম-শহরের উন্নয়নে সরকারের ভূমিকার সঙ্গে জনসাধারণের মেলবন্ধনের জন্য এবং সর্বস্তরের মানুষের সঙ্গে নিরবচ্ছিন্ন যোগাযোগ রাখার উদ্দেশ্যে গ্রামীণ তথ্য শাখার অধীনে ১৮টি জেলা ও ৫১টি মহকুমা বিভাগের অনুমোদন পাওয়া গেছে। আশা করা যায়, কিছুদিনের মধ্যেই ওইসব জায়গায় বিভাগের অফিস খোলা সম্ভব হবে। প্রকৃতপক্ষে, গ্রামীণ তথ্য শাখাই ওইসব জায়গায় বিভাগের অফিস খোলা সম্ভব হবে। প্রকৃতপক্ষে, গ্রামীণ তথ্য শাখাই এই বিভাগের মূল ভিত্তি এবং এই শাখা সরকারের চোখ ও কান হিসেবে কাজ করে থাকে, পঞ্চায়েত ও পৌরসভার সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে গ্রাম-শহরের মানুষের

কাছে সরকারের নীতি ও কর্মসূচির বার্তা পৌছে দেবার কাজ যেমন এই শাখার মাধ্যমে হচ্ছে, তেমনই সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা চিন্তাভাবনা ও প্রতিক্রিয়ার খবরও পাওয়া যায় এই শাখার মাধ্যমে।

পঞ্চায়েত প্রতিষ্ঠানের সঙ্গে ঘনিষ্ঠতা আরও বৃদ্ধি করার জন্য জেলা আধিকারিকদের পদাধিকারবলে পরিষদ তথ্য ও সংস্কৃতি আধিকারিক হিসেবে দায়িত্ব পালনের ক্ষমতা দেওয়া হয়েছে। এই শাখার ক্ষেতকর্মী বা ফিল্ডওয়ার্কারদের পঞ্চায়েত সমিতির সঙ্গে যুক্ত করা হয়েছে। এই কাজে পেশাগত দক্ষতা বাড়ানোর জন্য গত আর্থিক বছরে পর্যায়ক্রমে আধিকারিকদের কলকাতা এবং দিল্লিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। আগামী আর্থিক বছরেও জনসংযোগ বিষয়সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজনের জন্য ভাবনা-চিন্তা রয়েছে।

গ্রামীণ মানুষের কছে সরকারের বক্তব্য পৌছে দেবার জন্য প্রদর্শনী, হোর্ডিং, বিজ্ঞাপন, ভি. সি. পি., অডিও-ভিস্যুয়াল ইউনিট ইত্যাদির সাহায্য নেওয়া হচ্ছে। পঞ্চায়েত ও পৌর প্রতিষ্ঠানের সঙ্গে সম্মিলিত উদ্যোগে সরকারের নীতি ও কর্মসূচি প্রচারের জন্য হোর্ডিং নির্মাণের কাজ জেলায় জেলায় চলছে। অডিও-ভিস্যুয়াল শো-এর পাশাপাশি ভিডিও শো-এর মাধ্যমে জনসাধারণের সচেতনতা বৃদ্ধির জন্য ফিল্ম শো দেখানো হচ্ছে গ্রাম-বাংলায়। এছাড়া, শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ছাত্রছাত্রীদের উপযোগী শিক্ষামূলক চলচ্চিত্র নিয়মিত ব্যবধানে দেখানো হচ্ছে। পঞ্চায়েতের কাজকর্ম প্রতিদিনই প্রসারিত হচ্ছে। সেদিকে লক্ষ্য রেখে পঞ্চায়েত সমিতি স্তরে তথ্যকেন্দ্র গড়ে তোলা হচ্ছে। ২৫০টি ব্লকে রঙিন টি. ভি. দেওয়া হয়েছে। সব পঞ্চায়েত সমিতিকে ভি. সি. পি. দেওয়ার বিষয়টি নিয়ে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সঙ্গে আলোচনা চলছে। আনুমানিক দশ লক্ষাধিক পুস্তিকা, আশি হাজার পোস্টার, দুই লক্ষ ফোল্ডার গ্রামীণ তথ্য শাখার মাধ্যমে গ্রামস্তর পর্যন্ত বিভিন্ন ইনফরমেশন পকেটে পৌছে দেওয়া হয়েছে। গ্রামীণ সংবাদপত্রসমূহের সংবাদ সরবরাহের জন্য কেন্দ্রীয়ভাবে কলকাতা থেকে এবং জেলা ও মহকুমা থেকে স্থানীয়ভাবেও নিয়মিত সংবাদ পাঠানো হয়।

বিগত বছরে স্বাধীনতার ৫০তম বার্ষিকী কলকাতা-সহ রাজ্যের সব জেলা মহকুমার সংশ্লিষ্ট অফিসের উদ্যোগ ও পরিচালনায় যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালিত হয়েছে। জেলা প্রশাসন ও পঞ্চায়েত সর্বতভাবে সহযোগিতা করছে।

সুবর্ণজয়ন্তী বর্ষের বিভিন্ন কর্মসূচিতে ছিল প্রভাতফেরি, শোভাযাত্রা, জাতীয় পতাকা উত্তোলন, মার্চপাস্ট, স্বাধীনতা সংগ্রামিদের সংবর্ধনা, আলোচনাসভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বাধীনতার স্মৃতিবিজড়িত ঐতিহ্যবাহী ভবনসমূহে আলোকসজ্জা ইত্যাদি। প্রত্যেক জেলাতে স্বাধীনতা সংগ্রাম ও গণআন্দোলনের স্মৃতিবিজড়িত একটি স্থানে ফলক স্থাপনের কর্মসূচিও

নেওয়া হয়েছে। সুবর্ণজয়ন্তী উৎসব পালন ও স্মারক স্তম্ভ স্থাপনের জন্য রাজ্যের সব জেলায় মোট ২৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া, এই বিভাগ ও পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদের সম্মিলিত উদ্যোগে সারা রাজ্যে স্বাধীনতা-বিষয়ক প্রবন্ধ প্রতিযোগিতাও হয়েছে। এই প্রতিযোগিতায় রাজ্যের প্রত্যেকটি জেলা থেকে ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে। অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের সংখ্যা দেড় হাজারেরও বেশি এবং প্রবন্ধের মানও যথেষ্ট আশাব্যঞ্জক। বিগত ২৪. ১. ৯৮ তারিখে কলকাতার শিশির মঞ্চে সফল প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন ভারত বিখ্যাত ইতিহাসবিদ ডঃ রোমিলা থাপার। এছাড়া স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে কলকাতার বাংলা একাডেমি হলে পাঁচদিনব্যাপী এক আলোচনাচক্রের আয়োজন করা হয়। বহু বিদগ্ধ বক্তার পান্ডিত্যপূর্ণ আলোচনায় এই আলোচনাচক্রটি মনোজ্ঞ হয়ে ওঠে। ১৫ আগস্ট বিকেলে বেলেঘাটার গান্ধীজির স্মৃতিবিজড়িত ঐতিহাসিক বাসভবনে রাজ্যপাল শ্রী কে. ভি. রঘুনাথ রেড্ডির পৌরোহিত্যে এবং মুখ্যমন্ত্রী-সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও সাম্প্রদায়িক সম্প্রীতির বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। অনুষ্ঠানে একটি স্বদেশি গানের ক্যাসেট ও স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন দিক নিয়ে কয়েকটি বই প্রকাশিত হয়। এগুলি খুবই জনপ্রিয় হয়েছে।

কলকাতার বৃহৎ সংবাদপত্রগুলিতে রাজ্যের উন্নয়নমূলক সংবাদ তথা রাজ্য সরকারের বক্তব্য বিশেষ স্থান পায় না। এই পরিপ্রেক্ষিতে বাংলা, ইংরেজি, হিন্দি, উর্দু, সাঁওতালি এবং নেপালি—ছয়টি বাষায় প্রকাশিত রাজ্য সরকারের মুখপত্রগুলি বিশেষ ভূমিকা পালন করে থাকে। চলতি বছরে বিভিন্ন ভাষায় এইসব পত্রিকার কুড়িটিরও বেশি বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছে। এগুলির মধ্যে বাংলায়—তারাশঙ্কর, শিবনাথ শাস্ত্রী, তেভাগা আন্দোলন, বামফ্রন্ট সরকারের কুড়ি বছর এবং স্বাধীনতার পঞ্চাশ বছর, ইংরেজিতে বাজেট, রবীন্দ্রনাথ, কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, স্বাধীনতার পঞ্চাশ বছর, উর্দুতে রবীন্দ্রনাথ, ফয়েজ আহমদ ফয়েজ, রাজা আলি ওয়াশাত, সাঁওতালিতে সাধু রামচাঁদ মুর্মু, স্বাধীনতার পঞ্চাশ বছর, হিন্দিতে নেতাজী সুভাষচন্দ্র প্রভৃতি বিশেষ সংখ্যা একই সঙ্গে জনপ্রিয়তা এবং বিদগ্ধজনের প্রশংসা পেয়েছে। চলতি বছরে বিভিন্ন বিষয়ে প্রায় কুড়িটি পুস্তিকা প্রকাশিত হয়েছে। এগুলির মধ্যে বামফ্রন্ট সরকার ঃ কর্মধারা ও তাৎপর্য, পশ্চিমবঙ্গে শিল্প ঃ পরিপ্রেক্ষিতে ও বর্তমান অবস্থা, অগ্রগতির দুই দশক, পুর ও নগর উন্নয়নে পশ্চিমবঙ্গ ঃ কুড়ি বছর প্রভৃতি পুস্তিকাগুলি সবিশেষ উল্লেখযোগ্য। একাধিক ভাষায় এইসব পুস্তিকার লক্ষাধিক কপি মুদ্রিত হয়েছে। অতিরিক্ত চাহিদার জন্য বিগত বছরের কয়েকটি পুস্তিকার পুনর্মুদ্রণও করতে হয়। নেতাজী জন্মশতবার্ষিকী উপলক্ষে চলতি বছরে বহু বিশিষ্ট রাজনৈতিক নেতা ও বুদ্ধিজীবীর লেখায় সমৃদ্ধ হয়ে "নেতাজী স্মারক গ্রন্থ" নামে একটি মূল্যবান গ্রন্থ প্রকাশিত হয়েছে। বইটি সুধীজনের অকুণ্ঠ প্রশংসা পেয়েছে। এই বিভাগ

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে "ভারতের মুক্তি সংগ্রামে বাংলা" এবং "মৃত্যুঞ্জয়ী" নামে দুটি বই প্রকাশ করেছে। অত্যন্ত অল্প সময়ের মধ্যে বই দুটির যথাক্রমে ২৫ হাজার ও ৫০ হাজার কপি বিক্রয় হয়েছে। এছাড়াও স্বাধীনতা সংগ্রামের সময় যেসব বন্দি ব্রিটিশ কারাগারে শহিদ হন। তাদের তালিকা-সম্বলিত দুটি পুস্তিকা ইংরেজি ও বাংলাতে মুদ্রিত হয়েছে। এই চারটি বই-ই বিনামূল্যে পশ্চিমবঙ্গের সমস্ত স্কুল এবং কলেজে বিতরণ করা হচ্ছে। শিলিগুড়ি থেকে দৈনিক বসুমতি পত্রিকা নিয়মিত প্রকাশিত হচ্ছে এবং এই পত্রিকায় আর্থিক অবস্থার খানিকটা উন্নতির লক্ষণ দেখা যাচ্ছে। এছাড়া নেপালি ভাষায় 'সগরমাথা' পত্রিকাটিও বেশ জনপ্রিয়।

**সংস্কৃতি শাখা**

সুস্থ সংস্কৃতি বিকাশে রাজ্য সরকার গত কুড়ি বছর ধরেই সচেষ্ট। বাংলার সমৃদ্ধ সংস্কৃতিকে বহমান রাখার জন্য সরকারি প্রয়াসের আন্তরিকতা সম্বন্ধে জনসাধারণ যথেষ্ট ওয়াকিবহাল। একদিকে স্যাটেলাইট টি. ভি.-র সামাজিক আগ্রাসন অন্যদিকে কুরুচিপূর্ণ উত্তেজক সিনেমা-নাটক-সঙ্গীতের আক্রমণ—দুইয়ে মিলে বাংলা সংস্কৃতির আপন ধারাটির অস্তিত্ব বিপন্ন। এমন এক পরিপ্রেক্ষিতে সংস্কৃতি শাখার গঠনমূলক তন্নিষ্ঠ প্রয়াসে নতুন নতুন পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে। গুরুত্ব পেয়েছে দেশজ সংকৃতির সুপ্রাচীন লোকসাংস্কৃতিক ঐতিহ্য, থিয়েটারের প্রতিবাদী অবদান, সঙ্গীতের ঐতিহ্যবাহী ধারা, চারুকলার নব নব সৃষ্টি। স্থাপিত হয়েছে বাংলা অ্যাকাডেমি, সঙ্গীত অ্যাকাডেমি, নাট্য অ্যাকাডেমি ও চারুকলা পর্ষদের মতো অগ্রণী প্রতিষ্ঠানসমূহ। উপদেশকমন্ডলীর ঐকান্তিক সহযোগিতায় রাজ্য সরকার তরুণ সংস্কৃতি কর্মীদের জন্য বহু প্রকল্প হাতে নিয়েছে। এসব প্রতিষ্ঠানসমূহের সার্বিক সাহচর্যে নির্মিত হয়েছে—গিরিশমঞ্চ, মধুসূদনমঞ্চ, অহীন্দ্রমঞ্চ এবং নন্দনের মতো চলচ্চিত্রের বহুমুখী সংস্থা। গ্রামীণ সংস্কৃতিতে পঞ্চায়েতের ভূমিকা এনেছে নতুন উদ্দীপনা। সাধারণ মানুষ, শিল্পী, বিশেষজ্ঞ এবং সরকারি মেলবন্ধনে সংস্কৃতি হয়ে উঠেছে এক নতুন বার্তাবহ যার ভূমিকা কঠোর অভিভাকত্বের নয়, সহানুভূতিশীল প্রতিবেশির।

পশ্চিমবঙ্গ বাংলা অ্যাকাডেমি রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অধীনে একটি স্বশাসিত সংস্থা। এই রাজ্যে ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে গবেষণা, আলোচনা ও গ্রন্থ প্রকাশের উদ্দেশ্য নিয়ে এই অ্যাকাডেমি গঠিত হয় ১৯৮৬ সালে। বিগত এক দশকের কর্মকান্ডের মধ্যে দিয়ে বাংলা অ্যাকাডেমি ইতিমধ্যেই এই রাজ্যে একটি অগ্রগণ্য ও মান্য বিদ্বৎ প্রতিষ্ঠানের স্বীকৃতি লাভ করেছে। এই শীর্ষ সংস্থায় পশ্চিমবঙ্গের সকল অংশের বুদ্ধিজীবী ও সাহিত্যিকের প্রতিনিধিত্ব আছে। বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি চর্চায় নিরত প্রতিষ্ঠানগুলির সঙ্গেও একাদেমির যোগসূত্র আছে।

বাংলা বানানের একটি সর্বজনগ্রাহ্য বিধি প্রস্তুতের ব্যাপারে বাংলা অ্যাকাডেমি দীর্ঘদিন ধরেই যে উদ্যোগ চালিয়ে আসছিল, এখন সেটি চূড়ান্ত রূপ পেয়েছে। উভয় বাংলার বিশিষ্ট ভাষা বিশেষজ্ঞ, অধ্যাপক, সাহিত্যিক, সম্পাদক প্রভৃতি বিভিন্ন জনের পরামর্শ ও প্রস্তাব বিবেচনা করে এই বানানবিধি গৃহীত হয়েছে। স্বীকৃত নিয়মাবলী অনুসরণ করে একটি বানান অভিধান সংকলিত ও মুদ্রিত হয়েছে, দীর্ঘকাল অপেক্ষিত এই কাজটি সম্পন্ন করতে পেরে বাংলা বানানের সমতা বিধানের ক্ষেত্রে বাংলা অ্যাকাডেমি একটি দায়িত্ব পালন করতে সমর্থ হয়েছে। এখন এই বানানবিধি বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরে পাঠ্যপুস্তকসহ অন্যান্য প্রকাশন এবং দৈনিক ও সাময়িক পত্রপত্রিকায় প্রচলনের ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে এবং ইতিমধ্যে রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছ থেকে উল্লেখযোগ্য সাড়া পাওয়া গেছে।

অ্যাকাডেমি থেকে কিশোরদের উপযোগী একটি সচিত্র অভিধান সংকলনের কাজও সম্পন্ন হয়েছে। প্রায় কুড়ি হাজার শব্দবিশিষ্ট শিক্ষার্থী অভিধানটি মুদ্রণের কাজে হাত দেওয়া হয়েছে। পরবর্তী পর্যায়ে একটি বড় আকারের অভিধান রচনার কাজ হাতে নেওয়া হবে। এছাড়া ডঃ সুকুমার সেন সংকলিত-বাংলা শব্দের ব্যুৎপত্তি অভিধান ছাপার কাজ চলছে। ডঃ ক্ষুদিরাম দাস সংকলিত সাঁওতালি-বাংলা শব্দাভিধানটিও ছাপতে গেছে। বাংলা লিপির বিবর্তন ও সংস্কারের ইতিহাস পুনর্গঠনের উদ্দেশ্যে একটি গবেষণা প্রকল্পের কাজ এখন প্রায় শেষ পর্যায়ে। ১৭৪৩-১৯৯০ সাল অবধি মুদ্রিত ও প্রকাশিত যাবতীয় বাংলা বইয়ের একটি পঞ্জি প্রস্তুতের কাজ অ্যাকাডেমি গ্রহণ করেছে। কয়েকটি খন্ডে এই পঞ্জি প্রকাশ করা হবে। ইতিমধ্যে একটি খন্ড বেরিয়েছে এবং প্রকল্পের পরবর্তী পর্যায়ের কাজ চলছে। বাংলা ভাষায় রচিত ইতিহাস গ্রন্থের একটি স্বতন্ত্র পঞ্জি শীঘ্রই প্রকাশিত হবে। অর্থনীতি বিষয়ে একটি বিস্তৃত গ্রন্থপঞ্জি প্রস্তুতের কাজ চলছে।

বাংলা একাদেমি থেকে ইতিমধ্যে বিবিধ বিদ্যা সংগ্রহ, জীবনী গ্রন্থমালা, শিশু-কিশোর সংকলন প্রভৃতি নানা সিরিজে ৭২ খানি বই প্রকাশিত হয়েছে। এই সমস্ত বই সাধারণ পাঠক এবং গবেষক সকল মহলেই বিশেষ আদৃত হয়েছে। বিক্রির পরিমাণ উত্তরোত্তর বাড়ছে। কিছু দুষ্প্রাপ্য গ্রন্থের পুনর্মুদ্রণেরও উদ্যোগ নেওয়া হয়েছে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত 'অপূর্ব ইতিহাস' নামক একটি দুষ্প্রাপ্য গ্রন্থ বাংলা অ্যাকাডেমি প্রকাশ করেছে। বাংলা লৌকিক ছড়ার একটি সুবৃহৎ সংকলন এবং ছোটদের জন্য একটি লৌকিক ছড়ার সচিত্র সংকলন প্রকাশিত হয়েছে।

পশ্চিম বাংলা থেকে প্রকাশিত সমস্ত লিটল ম্যাগাজিনের একটি ডাইরেক্টরি প্রকাশ করা হচ্ছে।

অ্যাকাডেমি পত্রিকা নামে বাংলা একাদেমির একটি উচ্চমানের মুখপত্র আছে। এই পত্রিকার প্রতিটি সংখ্যাই বিদ্বৎ মহলে বিশেষভাবে আদৃত হয়েছে। ইতিমধ্যে একাদেমি পত্রিকার দশটি সংখ্যা প্রকাশিত হয়েছে।

সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মহাগ্রন্থ 'দি অরিজিন অ্যান্ড ডেভেলপমেন্ট অব দি বেঙ্গলি ল্যাঙ্গুয়েজ' বইখানি বঙ্গানুবাদের কাজ হাতে নেওয়া হয়েছে। সংবাদ সাময়িক পত্রে প্রকাশিত সমাজচিত্র নিয়ে ছয় খন্ডের গ্রন্থ প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রয়াত ও জীবিত বাঙালি সাহিত্যিকদের নিয়ে 'জীবনকোষ' রচনার কাজ চলছে। মানিক বন্দ্যোপাধ্যায়ের সমগ্র রচনাবলী দশটি খন্ডে বাংলা অ্যাকাডেমি থেকে প্রকাশিত হবে। ইতিমধ্যে প্রথম খন্ডটি প্রকাশিত হয়েছে এবং পাঠক মহলে সমাদৃত হয়েছে। বাংলা একাদেমি থেকে এক খন্ডে একটি বিশ্বকোষ প্রকাশেরও কাজ চলছে।

প্রশাসনের জন্য ব্যবহারোপযোগী পরিভাষার একটি সংকলন ইতিপূর্বে প্রকাশ করা হয়। এখন সেটি কালোপযোগী করে পরিমার্জনের কাজ সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয় জলবিজ্ঞান সংস্থার অনুরোধক্রমে জলবিজ্ঞান বিষয়ে বাংলা পরিভাষা এবং ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড-এর অনুরোধে তাদের পরিভাষা রচনার কাজ অ্যাকাডেমি করে দিয়েছে। ৪২-এর আন্দোলনের উপর গবেষণামূলক কয়েকটি গ্রন্থ অ্যাকাডেমি থেকে প্রকাশিত হচ্ছে। পশ্চিমবঙ্গে ভারত ছাড়ো আন্দোলনের উপর একটি ইতিহাস লেখা হচ্ছে। স্মৃতিচারণ, সাক্ষাৎকার ও বিভিন্ন নথিপত্রের ভিত্তিতে আর একটি গ্রন্থ এবং সাহিত্য ও সংবাদপত্রভিত্তিক একটি গ্রন্থ প্রণয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। পুলিশ বিভাগে রক্ষিত দলিল অবলম্বনে একটি বইও রচিত হচ্ছে। বাংলা অ্যাকাডেমিতে গবেষণা কাজের উপযোগী একটি সমৃদ্ধ গ্রন্থাগার গড়ে তোলা হয়েছে। এখানে বাইশ হাজারের মতো বই ও দুষ্প্রাপ্য পত্রপত্রিকা সংযোজিত হয়েছে। বেশ কয়েকজনের ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেক মূল্যবান বই ও পত্রপত্রিকা দান হিসাবে পাওয়া গেছে। অ্যাকাডেমির আর্কাইভটিতে রবীন্দ্রনাথ, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, সোমেন চন্দ, প্রবোধ সান্যাল, আশাপূর্ণা দেবী, সুবোধ ঘোষ প্রমুখের মূল্যবান পান্ডুলিপি সংগৃহীত হয়েছে। বেশ কয়েকটি হাতে লেখা পুঁথিও পাওয়া গিয়েছে। বাংলা ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে নেওয়া হয়েছে। সেই অনুযায়ী বেশ কিছু ক্যাসেট অ্যাকাডেমির সংগ্রহে রয়েছে। এছাড়া সমকালীন সাহিত্যিকদের নিয়ে অডিও ক্যাসেট প্রস্তুতের কাজও চলছে। ইতিমধ্যে চারটি অডিও ক্যাসেট প্রকাশিত হয়েছে।

বিভিন্ন সহৃদয় ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছ থেকে প্রাপ্ত আর্থিক দান থেকে একাদেমি তিনটি সাহিত্য পুরস্কার প্রবর্তন করতে পেরেছে। এর মধ্যে দুটি পুরস্কার হল তরুণ কবি ও গল্প লেখকের জন্য এবং অন্যটি নির্দিষ্ট আছে বিশিষ্ট লেখিকাদের জন্য। প্রতিষ্ঠা দিবসের ভাষণ, সুনীতিকুমার চট্টোপাধ্যায় স্মারক বক্তৃতা ছাড়া বিদ্যাসাগর স্মারক বক্তৃতা

ও শমিতা দাস স্মারক বক্তৃতার আয়োজন করা হচ্ছে।

বাংলা অ্যাকাডেমির সভাঘরটি বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছে। এখানে নিয়মিতভাবে সাহিত্য-সংস্কৃতি বিষয়ে আলোচনাসভা ও বৈঠক, কবি সম্মেলন, বইমেলা, পুস্তক সপ্তাহ প্রভৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। বাংলাদেশ-সহ সারা ভারত বঙ্গ সাহিত্য সম্মেলনের পরিকল্পনা করা হয়েছে। কবি নজরুল ইসলাম, কবি জীবনানন্দ দাশ, কথাসাহিত্যিক বনফুল, ভারত বিশেষজ্ঞ প্রবোধচন্দ্র বাগচি প্রমুখের জন্মশতবার্ষিকী উদযাপানের কর্মসূচি গৃহীত হয়েছে।

ইন্টারনেট, প্রিন্টার-সহ দুটি সর্বাধুনিক কম্পিউটার কেনা হয়েছে। গ্রন্থাগার ও সংগ্রহশালার তথ্য সংরক্ষণ ও অন্যান্য, দৈনন্দিন কাজ এই কম্পিউটারের সাহায্যে শুরু করা হয়েছে। ছোটখাটো ছাপার কাজও করা সম্ভব হচ্ছে।

পশ্চিমবঙ্গ সরকার নাট্য অ্যাকাডেমির মাধ্যমে নাট্য আন্দোলনকে রাজ্যব্যাপী ব্যাপ্তি দিতে সমর্থ হয়েছে। ১৯৯৭-৯৮ সালে অন্যান্য বারের মতোই নাট্য অ্যাকাডেমির বহুমুখী কার্যসূচির মধ্যে রয়েছে নাট্য প্রশিক্ষণশিবির, নাট্য উৎসব, নাট্য-বিষয়ক আলোচনাসভার আয়োজন, বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান, নাটক ও যাত্রা শিল্পীদের এবং নাট্যদলগুলিকে অনুদান প্রদান প্রভৃতি।

চার দিনব্যাপী রাজ্য পথনাটক উৎসব দ্বিতীয় পর্যায় অনুষ্ঠিত হয় আলিপুরদুয়ারের ম্যাকউইলিয়াম উচ্চ বিদ্যালয়ে। উৎসব উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় "পথনাটক—সীমাবদ্ধতা ও সম্ভাবনা" নিয়ে আলোচনা করেন বিশিষ্ট বক্তারা। বহির্বঙ্গ নাট্য উৎসব অনুষ্ঠিত হয় মুম্বাইয়ে। পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমি ও পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের যৌথ উদ্যোগে পাঁচদিনব্যাপী এই নাট্য উৎসবে, কলকাতা ও জেলা থেকে মোট পাঁচটি নাট্য দল অংশগ্রহণ করে।

গত ডিসেম্বরে রবীন্দ্রসদন-নন্দন প্রাঙ্গণে পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমি এবং পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রে যৌথ উদ্যোগে জাতীয় মুক্তমঞ্চ নাট্য উৎসব অনুষ্ঠিত হয়। কলকাতা-সহ বিভিন্ন জেলা থেকে আগত ৮টি নাট্যদল ও বহির্বঙ্গ থেকে আগত ৬টি নাট্যদল এই উৎসবে অংশগ্রহণ করে। বাংলাদেশের একটি দলও এই অনুষ্ঠানে তাদের নাটক মঞ্চস্থ করে।

এবছর শিশিরমঞ্চে জানুয়ারিতে অনুষ্ঠিত হয় প্রথম আবৃত্তি প্রশিক্ষণ শিবির। আট দিনব্যাপী বিশেষ নাট্যরচনা প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয় বাঁকুড়ার বিষ্ণুপুরে। ফরাক্কাতে অনুষ্ঠিত হতে চলেছে বিশেষ নাট্যপরিচালনা প্রশিক্ষণ শিবির।

গত ২৭ নভেম্বর, '৯৭ বাংলা একাদেমি সভাগৃহে লিয়েবেদেফ স্মারক বক্তৃতার আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমির সহযোগিতায় কলকাতা-সহ বিভিন্ন জেলাতে আলোচনাসভা আয়োজিত হয়। বিশিষ্ট নাট্যব্যক্তিত্বরা এই আলোচনাসভায় আলোচ্যরূপে উপস্থিত ছিলেন।

কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন-এর উদ্যোগে নাট্য অ্যাকাডেমির সহযোগিতায় একটি অনুষ্ঠানের মাধ্যমে ক্যাথিড্রাল রোডটির নব নামকরণ করা হয় হেরাসিম লিয়েবেদেফ সরণি।

উত্তর কলকাতায় গিরিশমঞ্চের পাশে মূলত সাংসদ তহবিল থেকে প্রাপ্ত অর্থের উপর ভিত্তি করে যাত্রামঞ্চের নির্মাণের কাজ শুরু হয়েছে। এবারেও অন্যান্য বারের মতো এক মাস ব্যাপী যাত্রা সংগঠিত করা হয়। ১৩০ জন নাটক ও যাত্রার শিল্পীদের আর্থিক অনুদান দেওয়া হয়।

তথ্য ও সংস্কৃতি বিভাগের নিয়ন্ত্রণাধীন সরকারি প্রেক্ষাগৃহগুলি যথা—রবীন্দ্রসদন, মধুসূদনমঞ্চ, শিশিরমঞ্চ, গিরিশমঞ্চ, দীনবন্ধুমঞ্চ ইত্যাদির যথাযোগ্যভাবে রক্ষণাবেক্ষণের প্রচেষ্টা অব্যাহত আছে।

এই রাজ্যে চিত্র ও ভাস্কর্য (Painting & Sculpture) চর্চা, সংরক্ষণ, সংগ্রহ, পৃষ্ঠপোষকতা ইত্যাদি ক্ষেত্রে রাজ্য চারুকলা পর্ষদ ইতিমধ্যে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পেরেছে, গগনেন্দ্র প্রদর্শনশালা একটি স্থায়ী আর্ট গ্যালারি হিসেবে গৌরবের অধিকারী। এই স্থায়ী প্রদর্শনশালায় অবনীন্দ্রনাথ, গগনেন্দ্রনাথ, যামিনী রায়, নন্দনলাল, চিত্তপ্রসাদ, গোপাল ঘোষ, ভবেশ সান্যাল, পরিতোষ সেন, বিকাশ ভট্টাচার্য, বিজন চৌধুরি, প্রকাশ কর্মকার প্রমুখ দিকপাল শিল্পীদের কালজয়ি চিত্র নিয়মিত প্রদর্শিত হয়ে থাকে। চারুকলা পর্ষদের সংগ্রহে রয়েছে বাংলার শ্রেষ্ঠ চিত্রশিল্পীদের ৪৩১ খানি চিত্র। পর্যায়ক্রমে এইসব চিত্র দর্শকদের জন্য প্রদর্শিত হয়ে থাকে। প্রয়োজনীয় স্থানের অভাবে সংগৃহীত ছবির প্রদর্শনীর ও সংরক্ষণ আশানুরূপভাবে করা হয়ত সম্ভব হচ্ছে না। কলকাতা তথ্যকেন্দ্র সংলগ্ন নির্মিয়মাণ বাড়িতে বিজ্ঞানসম্মতভাবে চিত্র-সংরক্ষণ ও প্রদর্শন করা সম্ভব হবে। চারুকলা পর্ষদের ক্রমবর্ধমান কর্মকান্ড সুচারুভাবে সম্পন্ন করার জন্য উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজন আছে। গগনেন্দ্র প্রদর্শনশালার নিম্ন কক্ষটিতে নিয়মিতভাবে চিত্র প্রদর্শনীর জন্য শিল্পীদের সুযোগ করে দেওয়া হয়ে থাকে। প্রদর্শনশালাটি নতুন করে সাজানো হচ্ছে। এই বছরে কর্মকান্ডের মধ্যে অন্যতম উল্লেখযোগ্য রবীন্দ্রভারতী সোসাইটির সঙ্গে যৌথ উদ্যোগে অবনীন্দ্রনাথ ও গগনেন্দ্রনাথের ছবির প্রদর্শনী। এই প্রদর্শনীতে ভারতীয় চিত্রকলার আধুনিক যুগের দুই পথিকৃতের ১০০টি ছবি প্রদর্শিত হয়।

এর আগে দর্শক সমাজ এই দুই মহান শিল্পীর এত বেশি সংখ্যক ছবি একসঙ্গে দেখার সুযোগ পাননি। ছবিগুলি দর্শক সমাজে অকুণ্ঠ প্রশংসা লাভ করেছে। ভবিষ্যতেও এই ধরনের উদ্যোগ বজায় রাখা হবে।

অন্যান্য বছরের মতো এবারও রাজ্য চারুকলা পর্ষদের উদ্যোগে ২ মাসব্যাপী "শিল্প পরিচয় বক্তৃতামালা" (Art Appreciation Course) অনুষ্ঠিত হয়েছে। এই কার্যক্রমটি নবীন শিল্পী ও চিত্র সমালোচকদের কাছে খুবই আদৃত হয়েছে। চারুকলা পর্ষদের উদ্যোগে প্রতি বছরের মতো বার্ষিক প্রদর্শনী আয়োজিত হয়েছে। বলা বাহুল্য নতুন চিত্রশিল্পী ও ভাস্করদের এ রাজ্যে এটাই সর্ববৃহৎ প্রদর্শনী। প্রদর্শনীর শ্রেষ্ঠ কাজগুলিকে পুরস্কৃত করার ব্যবস্থা রয়েছে। চারুকলা পর্ষদের অন্যতম উল্লেখযোগ্য সাফল্য হল "চারুকলা পত্রিকা" প্রকাশ। এ রাজ্যে এমন একটি পত্রিকার খুবই অভাব ছিল। মুদ্রণ সৌকর্য ও গুণমানে পত্রিকাটি যথেষ্ট প্রশংসিত হয়েছে। প্রতিশ্রুতিবান শিল্পীদের আর্থিক সাহায্য দিয়ে পৃষ্ঠপোষকতার কর্মসূচিও অব্যাহত রয়েছে। অন্যান্য কর্মসূচির মধ্যে চিত্র ও ভাস্কর্য কর্মশালাও বেশ কয়েকটি অনুষ্ঠিত হয়েছে, যেখানে নবীন বিশেষ করে গ্রামীণ শিল্পীরা অংশগ্রহণ করার সুযোগ পেয়ে থাকেন। প্রবীণ শিল্পীদের নিয়ে গঠিত চারুকলা পর্ষদের উপদেষ্টামন্ডলীর পরামর্শ নিয়ে পর্ষদের কর্মকান্ডের আরও প্রসার ঘটানো আমাদের লক্ষ্য। যামিনী রায়, গোপাল ঘোষের চিত্রালেখ্যর মতো আরও কয়েকটি অ্যালবাম প্রকাশ করার উদ্যোগ নেওয়া হয়েছে।

এই রাজ্যের সংস্কৃতির উন্নয়ন ও প্রসারের পথকে প্রশস্ত করার উদ্দেশ্যে ১৯৮২ সালের ২০ মার্চ পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত একাদেমি গঠন করা হয়েছিল। বিগত ১৬ বছরের কর্মকান্ডের মধ্য দিয়ে রাজ্য সঙ্গীত একাদেমি ইতিমধ্যেই এই রাজ্যের একটি উল্লেখযোগ্য প্রতিষ্ঠানের স্বীকৃতি লাভ করেছে। পশ্চিমবঙ্গের সঙ্গীত, নৃত্য জগতের বিশিষ্ট শিল্পী এবং বিশেষজ্ঞগণ একাদেমির পরিচালনের সঙ্গে যুক্ত আছেন। বিভিন্ন ধারার সঙ্গীত সংগ্রহ ও সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, প্রশিক্ষণ এবং বিভিন্ন আকারের অনুষ্ঠানের কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে একাদেমি সঙ্গীত ও নৃত্যের বিস্তীর্ণ অঙ্গণে সাধ্য অনুযায়ী ভূমিকা পালন করে চলেছে। উচ্চাঙ্গ রীতির গান ও বাংলা গানের বিবর্তনের ধারাটিকে স্থায়ীভাবে সংরক্ষিত করে রাখার লক্ষ্যে একাদেমির উদ্যোগ অব্যাহত আছে। প্রাচীন রেকর্ড, টেপ, ক্যাসেট ইত্যাদি সংগ্রহের পাশাপাশি বিশিষ্ট সঙ্গীতজ্ঞের সাক্ষাৎকার ভিডিও ক্যাসেটের মধ্যে সংরক্ষিত করে রাখার প্রয়াস অব্যাহত রয়েছে। একাদেমির গ্রন্থাগারটি আগ্রহী পাঠক ও গবেষকদের চাহিদা মেটাবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্রন্থাগারটিকে সমৃদ্ধতর করে তোলার প্রয়াস চালু রয়েছে। জেলার সঙ্গীত ও নৃত্যের বিভিন্ন ধারা কর্মশালা আয়োজনের মধ্যে দিয়ে প্রতিভাসম্পন্ন শিল্পীদের মান উন্নয়নের প্রচেষ্টা নিরলসভাবে

চালানো হচ্ছে। স্বল্পকালীন স্থায়ী এই প্রশিক্ষণ শিবিরের কর্মসূচিগুলি জেলাস্তরের সঙ্গীত ও নৃত্যের উন্নয়নের ক্ষেত্রকে প্রশস্ত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শিশু, কিশোর এবং নবীন শিল্পীদের মধ্যে উৎসাহ বৃদ্ধির উদ্দেশ্যে তিনটি বিভাগের পালন করছে। শিশু, কিশোর এবং নবীন শিল্পীদের মধ্যে উৎসাহ বৃদ্ধির উদ্দেশ্যে তিনটি বিভাগের সঙ্গীত ও নৃত্যের বিভিন্ন ধারার প্রতিযোগিতার আয়োজন ধারাবাহিকভাবে করা হচ্ছে। বিশিষ্ট সেতার শিল্পী জিতেন্দ্রপ্রসাদ এবং সৃজনশীল নৃত্য পরিচালক নরেন্দ্র শর্মার পরিচালনায় কেন্দ্রীয়ভাবে একাদেমি ভবনে দুটি কর্মশালার অনুষ্ঠান করা হয়েছে।

স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে "স্বদেশ আমার স্বদেশ" শীর্ষক গানের দুটি ক্যাসেট প্রকাশ করা হয়েছে। ক্যাসেট দুটি যথেষ্ট জনপ্রিয়তা লাভ করেছে। সঙ্গীত ও নৃত্য-বিষয়ক গ্রন্থ প্রকাশের ক্ষেত্রে একাদেমির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একাদেমি প্রকাশিত গ্রন্থগুলি পাঠকমহলে যথেষ্ট পরিমাণে আদৃত হয়েছে। সম্প্রতি "লোকসঙ্গীত সংগ্রহ-ঝুমুর" এবং "নজরুল গীতি সহায়িকা" শীর্ষক দুটি আকরগ্রন্থ প্রকাশ করা হয়েছে। জেলার বিভিন্ন ধারার সঙ্গীত সংগ্রহ, সংরক্ষণ ও সমীক্ষার কর্মসূচির অঙ্গ হিসাবে প্রথম পর্যায়ে বীরভূম জেলার গান সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে। শিশু-কিশোর সঙ্গীত ও নৃত্য শিল্পীদের উৎসাহ দানের উদ্দেশ্যে দুদিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তরুণ প্রতিভাসম্পন্ন শিল্পীদের বিকাশের ক্ষেত্রকে প্রসারিত করার লক্ষ্যে সহযোগিতার অঙ্গ হিসাবে ধারাবাহিকভাবে অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। একাদেমি ভবনে নিয়মিত পাক্ষিক অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিগত বছরগুলির ন্যায় চলতি বছরেও সাতদিনব্যাপী উদয়শঙ্কর নৃত্যোৎসব এবং চারদিনব্যাপী উচ্চাঙ্গ সঙ্গীতের আয়োজন করা হয়।

সঙ্গীত, নৃত্য, নাটক, চারুকলা ও ভাস্কর্য এবং লোকসংস্কৃতির ক্ষেত্রে যথাক্রমে আলাউদ্দিন, উদয়শঙ্কর, দীনবন্ধু, অবনীন্দ্র ও লালন পুরস্কার দেওয়া হয়ে থাকে। চলতি বছরেও এই কর্মসূচি অব্যাহত আছে।

সংস্কৃতির বিভিন্ন অঙ্গণের দুঃস্থ শিল্পী এবং বিভিন্ন ধরনের সংস্কৃতির চর্চায় নিযুক্ত সংগঠনকে আর্থিক সাহায্য দানের কর্মসূচি রূপায়ণের কাজ অব্যাহত আছে। চলতি বছরে এই খাতে ১২ লক্ষেরও অধিক টাকা ব্যয় হয়েছে।

জেলায় জেলায় বিভিন্ন উৎসব ও অনুষ্ঠান উপলক্ষে এবং রাজ্যের বাইরে লোকরঞ্জন শাখা সাধ্য অনুযায়ী নিয়মিতভাবে অনুষ্ঠান করে চলেছে।

অন্যান্য বারের মতো বিগত আর্থিক বছরেও অনেক গ্রামীণ মেলাতে আর্থিক সাহায্য বা অন্যান্যভাবে সাহায্য প্রদান করা হয়েছে।

জেলায় জেলায় রবীন্দ্রভবনগুলি ও অন্যান্য পাবলিক হলগুলিতে আর্থিক অনুদান প্রদানের কর্মসূচি অব্যাহত আছে। জেলার সংস্কৃতি বিকাশের ক্ষেত্রকে সংহত করার লক্ষ্যে এই ভবনগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কেন্দ্রীয় সঙ্গীত-নাটক একাদেমির প্রকল্প অনুযায়ী আন্তঃরাজ্য সংস্কৃতি বিনিময় কর্মসূচি রূপায়ণ প্রসঙ্গে এই রাজ্য থেকে একটি সাংস্কৃতিক দল এই রাজ্যে কলকাতা-সহ বিভিন্ন জেলায় অনুষ্ঠান করেছে। নয়াদিল্লিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় পশ্চিমবঙ্গ দিবসে এবং হায়দ্রাবাদে অনুষ্ঠিত একটি অনুষ্ঠানে এই রাজ্যের সাংস্কৃতিক দলের অনুষ্ঠান দর্শকমন্ডলীর প্রশংসা লাভ করেছে। দিল্লিতে বাংলা খাদ্য ও বাংলা সঙ্গীত মেলা সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। ত্রিপুরা সরকারের আমন্ত্রণে পশ্চিমবঙ্গ থেকে রবীন্দ্র-নজরুল জন্মোৎসব উপলক্ষে ছ'জনের একটি শিল্পীদল আগরতলা ও উদয়পুরে আকর্ষক সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করেছে।

দুঃস্থ অথচ কৃতী শিল্পী ও সাহিত্যিকদের মাসিক ভাতা প্রদান-সংক্রান্ত কাজ গত মার্চ '৯৭ থেকে উচ্চ শিক্ষা দপ্তরের পরিবর্তে তথ্য ও সংস্কৃতি বিভাগ-এর অধীনে হচ্ছে। উচ্চ শিক্ষা দপ্তর বহুদিন যাবৎ এই প্রকল্পে মোট ২৫৫ জন ব্যক্তিকে ভাতা প্রদান করে আসছিলেন। এই প্রকল্পটি তথ্য ও সংস্কৃতি বিভাগে স্থানান্তরিত হবার পর উক্ত প্রকল্পের জন্য একটি নতুন উপদেষ্টামন্ডলী গঠিত হয়েছে। এ বছর আরও ১৬ জন ব্যক্তিকে এই মাসিক ভাতা প্রকল্পে আনা হয়েছে। ভাতা প্রাপকের মোট সংখ্যা ২৫৫ + ১৬ = ২৭১ জন।

লোকসংস্কৃতি ও আধিবাসী সংস্কৃতি কেন্দ্রকে সম্প্রতি একটি স্বশাসিত কেন্দ্রে রূপান্তরিত করা হয়েছে। বর্তমানে লোকসংস্কৃতি-বিষয়ক সকল কর্মসূচি এই স্বশাসিত সংস্থার মাধ্যমেই রূপায়িত হচ্ছে। বছর তিনেকের মধ্যেই সাফল্য অর্জন করা গিয়েছে, পূর্ণ দায়িত্ব নিয়ে কেন্দ্র সুষ্ঠুভাবে কাজ করতে পারছে। কেন্দ্রের এইসব কর্মসূচিতে পঞ্চায়েতের সাহায্য সুফল এনে দিয়েছে। কেননা গ্রামীণ মানুষই লোকসংস্কৃতির মূল নিয়ন্ত্রক বলে আমরা বিশ্বাস করি।

ঝাড়গ্রাম, পুরুলিয়া, সিউড়ি ও আলিপুরদুয়ারে চারটি লোকসংস্কৃতি চর্চার কেন্দ্র ইতিমধ্যেই ভালভাবে পরিচালিত হচ্ছে, সেইসব অঞ্চলের মানুষজন সক্রিয়ভাবে যুক্ত হয়েছেন কেন্দ্রের কর্মকান্ডের সঙ্গে। বাঁকুড়া ও মালদহে আরও দুটি চর্চাকেন্দ্র স্থাপনের কাজ অনেকদূর অগ্রসর হয়েছে। ভবিষ্যতে আরও বেশি পঞ্চায়েত সমিতি স্তরে লোকচর্চা কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া হচ্ছে। তৃণমূলের সংস্কৃতিচর্চাই সুস্থ জীবনবোধ জাগিয়ে তুলতে পারে।

কলকাতার উপকণ্ঠে ছিট কালিকাপুরে লোকসংস্কৃতি গ্রামের নির্মাণ কাজ শুরু হয়েছে।

কিছুদিনের মধ্যেই আংশিক গৃহ নির্মাণ হলেই কেন্দ্র ওখানে স্থানান্তরিত করা হবে। কেন্দ্রটি এখন মধুসূদন মঞ্চে রয়েছে।

বিভিন্ন আঙ্গিকের উৎসব, আলোচনাসভা ও কর্মশালা প্রতিটি জেলায় নিয়মিতভাবে রূপায়িত হচ্ছে। আগের তুলনায় অনেক বেশি লোকশিল্পী এসব কর্মসূচিতে অংশ নিচ্ছেন।

বিশ্ববিদ্যালয়গুলিতে লোকসংস্কৃতির পঠন-পাঠন ও চর্চা ব্যাপকতর করার উদ্দেশ্যে লোকসংস্কৃতি আদিবাসী সংস্কৃতি কেন্দ্র ও কলকাতা বিশ্ববিদ্যালয়ে দুদিনের আলোচনাচক্রের ব্যবস্থা করা হয়। রাজ্যের সব বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিবৃন্দ ও খ্যাতনামা গবেষকগণ আলোচনায় যোগ দেন। বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে আদান-প্রদানের বিস্তৃত কর্মসূচি নেওয়া হয়েছে। কেন্দ্রের তরফে এই পদক্ষেপ অত্যন্ত ইতিবাচক বলে বিশ্ববিদ্যালয়গুলি মনে করছেন।

ছিট কালিকাপুরে তৃতীয় লোকসংস্কৃতির উৎসব পালিত হয়েছে। রাজ্যের সমস্ত এলাকার বিশিষ্ট আঙ্গিকের লোকসংস্কৃতি এখানে পরিবেশিত হয়।

কেন্দ্রের পরিচালনায় রাজ্যের সমস্ত জেলায় অবস্থানকারি লোকশিল্পীদের জীবন-জীবিকা বিষয়ক একটি সমীক্ষার কাজ এগিয়ে চলেছে। ভারতে এ ধরনের সমীক্ষা পরিকল্পনা এই প্রথম এই রাজ্যে অনুষ্ঠিত হচ্ছে। বাংলার লোকসংস্কৃতি-বিষয়ক একটি গ্রন্থপঞ্জির মুদ্রণের কাজ শেষ হয়ে গিয়েছে। আশা করা যায়, শীঘ্রই সেটি প্রকাশিত হবে।

এ বছর লোকসংস্কৃতির ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য পুরুলিয়ার একজন ঝুমুর শিল্পীকে লালন পুরস্কারে সম্মানিত করা হয়।

**চলচ্চিত্রে শাখা**

মহকুমা এবং জেলা সদরে রাজ্য সরকারের সকল অডিও-ভিস্যুয়াল ইউনিটগুলিতে সেলুলয়েড ও ভিডিও আকারে তথ্যচিত্রের জোগান দেওয়া এই শাখার একটি কাজ। এই উদ্দেশ্যে চলচ্চিত্র উপদেষ্টা পর্যদ গ্রামের সাধারণ মানুষের প্রয়োজনে আসবে এমন বিষয়ের উপর পাঁচটি চলচ্চিত্র, তিনটি ভিডিও চিত্র এবং তিনটি চলচ্চিত্রের প্রিন্টের স্বত্ব ক্রয় করার জন্য এই বছরে দপ্তরকে পরামর্শ দিয়েছিল। 'সুভাষচন্দ্র বসু' এবং 'সিনেমায় খেলনার ব্যবহার' এই দুইটি বিষয়ে বিভাগীয় প্যানেলভুক্ত চিত্র পরিচালকদের সহায়তায় দুইটি তথ্যচিত্র নির্মাণ করার জন্য অর্থও দেওয়া হয়েছে।

এই বছরে জাতীয় চলচ্চিত্র উন্নয়ন নিগম ও পশ্চিমবঙ্গ সরকারের যৌথ প্রয়োজনায়

'স্বপ্নের সন্ধান' নামক একটি কাহিনীচিত্র নির্মাণ করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে। এতে উচ্চমানের বাংলা চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের প্রশংসনীয় প্রয়াসে আরও একটি গৌরবোজ্জ্বল অধ্যায় যুক্ত হবে বলে আশা করা যায়। অতীতে বেশ কিছুদিন বাংলা চলচ্চিত্র শিল্পে দুঃসময় চলছিল। তা কাটিয়ে ওঠার জন্য রাজ্য সরকার কিছু ব্যবস্থা গ্রহণ করেন। এর ফলে, বাংলা চলচ্চিত্র শিল্প এখন অন্ধকারের আড়াল থেকে বেরিয়ে আসছে। প্রকৃত চলচ্চিত্রমোদীদের স্বার্থে উচ্চমানের ভারতীয় ও বিদেশি চলচ্চিত্র প্রদর্শনের জন্য পশ্চিমবঙ্গ চলচ্চিত্র কেন্দ্র ও পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম সর্বতোভাবে চেষ্টা করে আসছে। যে সব উচ্চমানের ভারতীয় ছবির বাণিজ্যিকভাবে মুক্তি নানা কারণে আটকে যায় সেই সব ছবির বাণিজ্যিক মুক্তি সম্ভব করে তোলার জন্য রাজ্য সরকার একটি কর্মসূচি হাতে নিয়েছে। শহর কলকাতায় স্বাস্থ্যকর চলচ্চিত্র পরিমণ্ডল গড়ে তোলার জন্য পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম সরকার প্রযোজিত কাহিনী চিত্রের পরিবেশনা ছাড়াও তাদের চ্যাপলিন সিনেমা হল ও অহীন্দ্র মঞ্চে চলচ্চিত্র প্রদর্শন করছে, এ ছাড়া উচ্চমানের চলচ্চিত্রের উন্নয়নের সুনির্দিষ্ট পদক্ষেপ হিসাবে বিভিন্ন জেলার রবীন্দ্রভবনগুলিতে মাসে ৭-১০ দিন চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করার অনুরোধ জানানো হয়েছে। উচ্চমানের চলচ্চিত্র নির্বাচনের কাজেও পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম নিয়োজিত। রাজ্য সরকার এ বছর বিভিন্ন জেলায় শিশু চলচ্চিত্র উৎসবের আয়োজন করার কর্মসূচি গ্রহণ করেছে। এই উৎসবের জন্য চলচ্চিত্র সংগ্রহের কাজে নিগম সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।

ভারতের পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলীয় 'রাজ্যসমূহের গ্রামীণ জনগণের জন্য শিক্ষামূলক অডিও-ভিস্যুয়ালের মাধ্যমে তথ্য সম্প্রসারণ ও উন্নয়নের উদ্দেশ্যে ইতালি সরকারের সহযোগিতায় প্রশিক্ষণ তথা প্রযোজনা কেন্দ্র স্থাপনের প্রকল্পটির কাজ শুরু হয়েছে। পূর্বে এজন্য ব্যয় ধরা হয়েছিল ১০ কোটি টাকা, যা কিছুটা বেড়ে যাবে বলে মনে করা হচ্ছে। ওই প্রশিক্ষণ তথা প্রযোজনা কেন্দ্রের জন্য প্রশিক্ষণার্থী শিক্ষক নির্বাচন করা হয়েছে এবং তাঁরা জুলাই, ১৯৯৮ থেকে ৪ মাসের জন্য ইতালিতে প্রশিক্ষণ নিতে যাবেন। সল্টলেকে ভিডিও কমপ্লেক্স স্থাপনের নকশা ইতালির অনুমোদন পেয়েছে। এই ভিডিও তথা প্রযোজনা কেন্দ্র পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের গ্রামাঞ্চলের এক বিশাল অংশের প্রয়োজন মেটাবে বলে আশা করা যায় টালিগঞ্জের সিনেমা চত্বরে প্রস্তাবিত শতবার্ষিকী ভবনের নির্মাণকাজ কয়েকটি কারিগরি অসুবিধা দূর করার পরে এই বছরের মধ্যেই শুরু হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

১৯৮৩ সালে টেকনিসিয়ান্স স্টুডিও-র পরিচালনাভার সরকার অধিগ্রহণ করার পর থেকেই এর সামগ্রিক কাজকর্ম উল্লেখযোগ্যভাবে বেড়েছে। এই ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে

তাল মেলানোর জন্য একটি নতুন ফ্লোর নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এবং এই প্রস্তাব রাজ্য যোজনা পর্ষদে অনুমোদিত হয়েছে। অন্যান্য ব্যক্তিগত মালিকানাধীন স্টুডিও-র তুলনায় এই ফ্লোরগুলির ভাড়া অনেকটাই কম। যথাযথ পরিচালনার গুণে স্টুডিও-র আয়ে বিশেষ উর্ধ্বগতিও লক্ষ্য করা যায়। আরও বেশি মাত্রায় প্রযোজকদের আকর্ষণ করতে পুরনো যন্ত্রপাতিগুলিকে বদলে আধুনিক করে এবং ব্যবহারযোগ্যগুলিকে মেরামত করে স্টুডিও আধুনিকীকরণের একটি কার্যক্রমও গ্রহণ করা হয়েছে। একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে উদ্বৃত্ত অর্থ স্থায়ি আমানত হিসাবে রেখে দেওয়ার জন্য প্রয়োজনীয় অনুমতি দেওয়া হয়েছে স্টুডিও কর্তৃপক্ষকে। আশা করা যায় যে, পাঁচ বছর সময়ের মধ্যেই এই স্টুডিওটি স্বনির্ভর হয়ে উঠবে।

পশ্চিমবঙ্গ চলচিত্র উন্নয়ন নিগমের অধীনে রূপায়ণ ফিল্ম ল্যাবরেটরি (চলচিত্র-স্ফুটনাগার) ছবি তৈরির পরিকাঠামোকে প্রসারিত করে পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের এক বৃহৎ সংখ্যক চিত্র নির্মাতাদের কাছে চলচিত্র প্রক্রিয়ণের আকর্ষণীয় সুযোগ করে দিয়েছে। ১৯৯৭ সালে এখানে ৩৬টি চলচ্চিত্রের প্রক্রিয়ণ করা হয়। গত বছরে ৪৪টি মুক্তিপ্রাপ্ত বাংলা কাহিনীচিত্রের মধ্যে রূপায়ণে প্রক্রিয়ণ করা হয়েছিল মোট ২৬টিকে। পশ্চিমবঙ্গের বাংলা চলচ্চিত্রের প্রযোজনায় এই পরিমাণ প্রায় ৬০ শতাংশ। এই সঙ্গে মণিপুরের দুটি এবং ত্রিপুরার একটি ছোট কাহিনীচিত্রও এখানে প্রক্রিয়ায়িত (Processed) হয়েছিল। প্রাপ্ত হিসাবে দেখা যায়, কোম্পানির ব্যবসার পরিমাণ এক কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে।

পশ্চিমবঙ্গ চলচ্চিত্র কেন্দ্র, 'নন্দন'—শিল্পগুণ সম্পন্ন ছবির মর্মবস্তু ভালভাবে বোঝানোর জন্য চলচিত্রমোদীদের স্বার্থে গত বছর বেশ কিছু গুরুত্বপূর্ণ কর্মসূচি হাতে নেয়। এর মধ্যে উল্লেখযোগ্য ভারত ও বিদেশের প্রথম সারির চলচ্চিত্র নির্মাতাদের চলচ্চিত্রের প্রদর্শনী। আন্তর্জাতিক চলচিত্র উৎসব এবং ব্রিটিশ চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়েছে। নন্দন শৈল্পিক চলচ্চিত্রের প্রেক্ষাগৃহ। এর গ্রন্থাগার ও সংগ্রহশালাগুলির মাধ্যমে চলচ্চিত্র গবেষকরা বিভিন্ন সুযোগ-সুবিধা পেতে পারেন। গত বছর নন্দন-১-এ প্রায় ৬৯৭টি বাণিজ্যিক প্রদর্শনী এবং ৬৬টি অ-বাণিজ্যিক প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছিল। নন্দন ২-এ ২৬৫টি বাণিজ্যিক প্রদর্শনী এবং ১২৮টি অবাণিজ্যিক প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। নন্দন ৩-এ ৭৭টি অ-বাণিজ্যিক প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল। ওই সময়কালে ৬টি শিশু চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে। এই প্রদর্শনীলব্ধ মোট আয় হ'ল ৪২,৬০,১৮০ টাকা, যার মধ্যে বক্স অফিসের আয় এবং হলভাড়া অন্তর্ভুক্ত রয়েছে। গত বছরের সংগ্রহের তুলনায় এবারের আয় আরও বেড়েছে। সংগ্রহের পরিমাণ এখানে কোনও বিষয় [illegible] কিন্তু এ থেকে বোঝা যাচ্ছে শহরের মানুষকে উচ্চমানের চলচ্চিত্রের প্রতি আকৃষ্ট করা সম্ভব হয়েছে।

১০-১৭ নভেম্বর, ১৯৯৭ তৃতীয় কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়। এই উৎসবের মূল বিষয় ছিল লাতিন আমেরিকা। এই অনুষ্ঠানের উদ্যোক্তা ছিল তথ্য ও সংস্কৃতি বিভাগ এবং পশ্চিমবঙ্গের চলচ্চিত্র উন্নয়ন নিগম। কয়েকটি ক্ষেত্রে বিভিন্ন বাণিজ্যিক সংস্থা এবং ভারত সরকারের বিভিন্ন দপ্তরের কাছে আর্থিক সহায়তা চাওয়া হয়েছিল। এই উৎসবে ইউরোপ, এশিয়া, লাতিন আমেরিকা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন চলচ্চিত্র নির্মাতা দেশ থেকে পাঠানা ৭০টিরও বেশি ছবি প্রদর্শিত হয়েছে। বিভিন্ন দেশ থেকে পরিচালক, অভিনেতা, অভিনেত্রীসহ প্রায় ২৫ জন বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব এই উৎসবে উপস্থিত ছিলেন। এই তৃতীয় কলকাতা চলচ্চিত্র উৎসবের বৈশিষ্ট্য ছিল ফ্রাঙ্কো এবং আন্দ্রেই তার্কোভস্কির রেট্রস্পেকটিভ।

আমাদের প্রাত্যহিক জীবনে বৈদ্যুতিন গণমাধ্যম দ্রুত জায়গা করে নিচ্ছে। আমরা এর থেকে মুক্তি পেতে পারি না। এই মাধ্যমে ব্যাঙের ছাতার মতো অসংখ্য ভিডিও পার্লার গজিয়ে উঠেছে এবং আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠি দেখিয়ে তারা যেসব কাজকর্ম করে চলেছে তাতে চলচ্চিত্র শিল্প গুরুতর সমস্যার সম্মুখিন এবং এ রাজ্যের সাংস্কৃতিক পরিমণ্ডল দূষিত হয়ে পড়েছে। এই পরিস্থিতি রুখতে প্রশাসনিক পদক্ষেপ নেওয়া হচ্ছে। কিন্তু কিছু বাধা থাকায় কাঙ্খিত ফল এখনও মেলেনি। সরকারের ক্রমাগত চাপে কয়েকজন পরিবেশক এ ব্যাপারে এগিয়ে এসেছেন এবং বাণিজ্যিক ক্যাসেটগুলি লাইসেন্সপ্রাপ্ত ভিডিও পার্লারগুলিতে দিচ্ছেন। সুতরাং আশা করা যায় এই প্রবণতা অব্যাহত থাকলে, ভিডিও হল মালিকদের অবৈধ কাজকর্ম একসময় বন্ধ হয়ে যাবে।

দুঃস্থ চলচিত্র কলাকুশলী এবং চলচিত্র কর্মীদের আর্থিক সহায়তা দানের জন্য সরকার ১৯৮১-তে সৃষ্ট চলচিত্র কর্মিদের তহবিলে এ বছর ১ লক্ষ টাকার অনুদান মঞ্জুর করেছে। অন্যান্য উৎস থেকে প্রাপ্ত টাকা দিয়ে তহবিলটি বাড়ানোর চেষ্টা চলছে। টালিগঞ্জ এলাকায় চলচিত্র কর্মিদের জন্য একটি দাতব্য চিকিৎসালয় গড়ে তোলার জন্য ভারত সরকারের "কল্যাণমূলক সংগঠন"-কে অনুরোধ জানানো হয়েছে।

**প্রত্নতত্ত্ব ও সংগ্রহালয় শাখা**

মালদহ জেলার হবিবপুর থানা এলাকায় জগজীবনপুরে উৎখননের ফলে আবিষ্কৃত পশ্চিমবঙ্গের বৃহত্তম বৌদ্ধ স্তূপ-বিহারের ধ্বংসাবশেষ 'নন্দদীঘি মহাবিহারের' আরও কিছু অংশ উন্মোচিত হয়েছে। এগুলির মধ্যে উল্লেখযোগ্য অঙ্গন, বৃত্তাকার স্তূপ, বারান্দা প্রভৃতি। ইতিমধ্যে উৎখনিত প্রত্নস্থলটিকে কাঁটাতারের বেড়া দ্বারা সুরক্ষিত করা হয়েছে। বর্তমান বছরে উৎখনিত সৌধগুলিকে সংরক্ষণের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। এ ব্যাপারে মালদহ জেলা পরিষদের ইঞ্জিনিয়ারিং বিভাগের সহায়তা চাওয়া হয়েছে।

এ ছাড়া কলকাতার বেথুন কলেজ চত্বরে কিছু পুরাবস্তু পাওয়া যাওয়ায় সাম্প্রতিককালে সুরক্ষামূলক উৎখনন কার্য (Salvage Archaeology) পরিচালিত হয়েছে। ২ (দুই) মিটার পর্যন্ত উৎখনন চালানোর পরে জল ওঠায় উৎখনন কার্য পুরোপুরি সমাপ্ত হতে পারেনি। বিভিন্ন বৈজ্ঞানিক সংস্থার সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করা হয়েছে এবং তাদের কাছ থেকে পাওয়া রিপোর্টের ভিত্তিতে পুনরায় কাজ শুরু করা যেতে পারে। এই কাজে পূর্বভারতে সর্বপ্রথম Geophysical Survey পদ্ধতি ব্যবহার করা হয়, CMDA এবং ভারতীয় ভূতত্ত্ব সর্বক্ষণের উদ্যোগে।

মালদহ জেলার গাজোল ও হবিবপুর থানা এলাকায় ব্যাপক ক্ষেত্রানুসন্ধান করা হয়েছে। এর ফলে উত্তরবঙ্গের ইতিহাসের উপর নতুন আলোকসম্পাত ঘটেছে। এই কাজগুলি আগামী বছরেও চলবে।

এই অধিকার ইতিপূর্বে একটি গুরুত্বপূর্ণ কাজে হাত দিয়েছিল। তা হল রাজ্য জুড়ে ছড়িয়ে থাকা বিভিন্ন বীরস্তম্ভগুলি পর্যবেক্ষণ ও তালিকাকরণ। এই কাজটি মেদিনীপুর জেলা থেকে শুরু করা হয়েছে এবং অন্য জেলায় প্রসারিত করা হবে। সরকারি তত্ত্বাবধানে থাকা প্রত্নতত্ত্ব বিভাগের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কাজ হল, বিভিন্ন প্রত্নস্থল, পুরাকীর্তি, স্মারক প্রভৃতি সংরক্ষণ। পশ্চিমবঙ্গের শতাধিক প্রত্নকীর্তি রাজ্য সরকারের কর্তৃক সংরক্ষিত। তাছাড়া আরও কয়েকশত গুরুত্বপূর্ণ প্রত্নকীর্তি, সম্পদ এবং লোকবলের অভাবে 'সংরক্ষিত' ঘোষণা করা সম্ভব হয়নি। সম্পদ ও সংরক্ষণের অভাবজনিত কারণে এইসব প্রত্নকীর্তির সংরক্ষশ অসম্ভব হয়ে উঠছে। আমরা সমস্যা সম্পর্কে সচেতন। ইতিমধ্যে নির্বাহী বাস্তুকার (Executive Engineer) (সংরক্ষণ) পদ সৃষ্টির জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। সংরক্ষণ শাখা যথাযথভাবে গড়ে তোলার জন্যও উদ্যোগ নেওয়া হবে। এ কাজে ভারত সরকারের সহায়তাও বিশেষ প্রয়োজন। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন, পুরুলিয়া জেলার বোড়ামে সুপ্রাচীন তিনটি মন্দির ভারতীয় পুরাতত্ত্ব সর্বেক্ষণের মাধ্যমে সংরক্ষণের ব্যবস্থা করা সম্ভব হয়েছে। এই জন্য প্রয়োজনীয় অর্থ রাজ্য সরকার বরাদ্দ করেছে।

হুগলি জেলার গুড়াপে অবস্থিত নন্দলাল জিউ-এর টেরাকোটা মন্দিরটির সংরক্ষণ কার্য সুসম্পন্ন হয়েছে। এখানে দ্বিতীয় পর্বের কাজ শুরু হবে। সাম্প্রতিককালে বনবিভাগের উদ্যানশাখার সঙ্গে যৌথভাবে প্রত্নস্থলগুলির সৌন্দর্যবৃদ্ধির ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা হবে। এই প্রয়াসটি নদীয়া জেলার দিগনগরের রাঘবেশ্বর মন্দির দিয়ে শুরু হয়েছে। বাঁকুড়া জেলার ধারপাটের মন্দিরে সংরক্ষণের ক্ষেত্রে প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া ওই জেলারই সোনাতপল-এর মন্দির সংরক্ষণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম সংগ্রহালয় রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালার নতুন বাড়ি তৈরির কাজ চলছে। প্রাথমিক অর্থ বরাদ্দ করা হয়েছে। এ ক্ষেত্রেও ভারত সরকারের সহায়তা একান্ত প্রয়োজন। এ ছাড়া এই সংগ্রহালয় গ্যালারিগুলির পুনর্নির্মাণ এবং প্রত্নবস্তুর প্রদর্শনের ক্ষেত্রেও নানা নতুন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই সংগ্রাহলে একটি সংরক্ষণ গবেষণাগার এবং আলোকচিত্র বিভাগ আছে। এই দুটিকে আরও উন্নত করার পরিকল্পনা নেওয়া হচ্ছে।

প্রখ্যাত ভাস্কর শ্রীচিন্তামণি করের শিল্পকর্মের সংগ্রহালয় 'ভাস্কর ভবন' এই শাখার একটি তাৎপর্যপূর্ণ উদ্যম। এখানে প্রথম পর্যায়ের কর্মী নিয়োগ করা হয়েছে এবং আরও কর্মী নিয়োগের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এটিকে একটি যথাযথ সংগ্রহালয়ের রূপ দেবার জন্য সাংসদ কোটা থেকে ২০ (কুড়ি) লক্ষ টাকা গ্রহণ করা হয়েছে এবং বাড়িটি পুনর্নির্মাণের ক্ষেত্রে প্রখ্যাত স্থপতি সংস্থা ম্যাকিনটশ বার্নকে দায়িত্ব দেওয়া হয়েছে।

প্রত্নতত্ত্ব ও সংগ্রহালয় শাখার কাজকর্ম ক্রমেই গ্রাম-গ্রামান্তরে ছড়িয়ে পড়েছে। বর্তমান আর্থিক বছরে ১১ (এগারো)-টি ছোট ও মাঝারি সংগ্রহালয়কে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এদের মধ্যে বিষ্ণুপুর সাহিত্য তাম্রলিপ্ত সংগ্রহশালা, হরিপদ সাহিত্য মন্দির—পুরুলিয়া, নবদ্বীপ পুরাতত্ত্ব পরিষদ, সুন্দরবন সংগ্রহশালা, রজনীকান্ত জ্ঞান মন্দির—ধড়াস বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়া রায়গঞ্জে জেলা সংগ্রহশালা ভবন নির্মাণের জন্য ১০ (দশ) লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে। মালদহ জেলার সংগ্রহশালার ব্যয়নির্বাহ এই শাখা করে থাকে। জিয়াগঞ্জে সংগ্রহশালাটিকেও যথাযথভাবে সংগঠিত করার চেষ্টা চলছে। পশ্চিমবঙ্গের গ্রামে-গ্রামান্তরে এবং জেলা শহরে ছড়িয়ে থাকা সংগ্রহশালাগুলির বিষয়ে একটি সুষ্ঠু নীতি নিরূপণ করা প্রয়োজন। পশ্চিমবঙ্গের এ ধরনের ছোট অথচ গুরুত্বপূর্ণ সংগ্রহালয়ের সংখ্যা প্রায় ১০০ (একশো)-টি। এদের একটি সংগঠিত পরিকাঠামার ভেতর নিয়ে আসা বিশেষ প্রয়োজন। এই কাজটি একটি বিশেষ প্রকল্প হিসেবে এ বছর হাতে নেওয়া হবে।

এই শাখার জেলাভিত্তিক পুরাকীর্তি গ্রন্থ বিশেষ জনপ্রিয়। এই সিরিজে জলপাইগুড়ি জেলার পুরাকীর্তি প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। বাঁকুড়া জেলার প্রসিদ্ধ প্রত্নস্থল শুশুনিয়া বিষয়ে একটি গ্রন্থ প্রকাশিত হয়েছে। বিভাগীয় ইংরেজি মুখপত্র "প্রত্নসমীক্ষা" ৪ ও ৫ প্রকাশের অপেক্ষায়। এই পত্রিকাটি ইতিমধ্যেই বিশেষজ্ঞ মহলে যথেষ্ট স্বীকৃতি পেয়েছে। এ বছর বাংলায় একটি বার্ষিক সংকলন প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে প্রত্নতত্ত্ব বিষয়ে সাম্প্রতিকতম গবেষণা এবং পথিকৃৎ প্রত্নতত্ত্ববিদদের রচনার পুনর্মুদ্রণ ইতিহাসমনস্ক বাঙালি পাঠকের কাছে পৌঁছে দেবার চেষ্টা করা হবে।

নবগঠিত সেন্টার ফর আর্কিওলজিক্যাল স্টাডিজ অ্যান্ড ট্রেনিং, ইস্টার্ন ইন্ডিয়া, পূর্ব ভারতে প্রত্নতত্ত্ব গবেষণার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছে। বিশিষ্ট পন্ডিতবর্গের পরামর্শক্রমে এই প্রতিষ্ঠানের গবেষণা ও পঠন-পাঠনের প্রকল্প পরিচালিত হয়। সেন্টারের গবেষকরা (Fellow) গত বছর তিনটি মূল্যবান গবেষণা সম্পন্ন করেন। সেগুলি হল (১) উত্তরবঙ্গে আদি-মধ্যযুগে জনবসতির বিন্যাস, (২) নিম্নবঙ্গে আদি ঐতিহাসিক পর্বের মৃৎশিল্প এবং (৩) সুলতানি আমলের মুদ্রা। গবেষণাপত্রগুলি খ্যাতিমান ঐতিহাসিক প্রত্নবিদদের দ্বারা পরীক্ষিত হয়। এগুলি মুদ্রণের কাজ চলছে।

এ ছাড়া, কম্পিউটারে পশ্চিমবঙ্গে প্রত্নতত্ত্ব-বিষয়ক তথ্য ভান্ডার গড়ে তোলার প্রকল্পের প্রথম পর্যায় (ঐতিহাসিক পর্ব) সম্পন্ন হয়েছে। এই তথ্যগুলির ভিত্তিতে টিকা-টিপ্পনিসহ পশ্চিমবঙ্গের প্রত্নতাত্ত্বিক মানচিত্র প্রকাশের ব্যবস্থা করা হয়েছে। এই কাজটি নয়াদিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ব্রজদুলাল চট্টোপাধ্যায়ের নেতৃত্বে করা হচ্ছে এবং আগামী বছরেও এই প্রকল্পের কাজ চলবে। এ ধরনের তথ্য ভান্ডার এবং মানচিত্র প্রত্নতত্ত্ব চর্চার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। প্রত্নতত্ত্ব চর্চায় বিজ্ঞানের ভূমিকা ক্রমেই অধিকতর গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বিজ্ঞান এবং প্রত্নতত্ত্ব চর্চার মধ্যে একটি স্থায়ী যোগাযোগ গড়ে তোলার লক্ষ্যে সেন্টার প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। গত নভেম্বরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান এবং কারিগরি বিভাগসমূহের অধ্যাপকদের সহযোগিতায় প্রত্নতত্ত্ব চর্চায় বিজ্ঞানের ভূমিকা বিষয়ে তিনদিনব্যাপী সর্বভারতীয় আলোচনাচক্রের আয়োজন করা হয়। আলোচনার সূত্র অনুসরণ করে ভারতবর্ষের অন্যতম প্রধান বৈজ্ঞানিক প্রতিষ্ঠান তামিলনাড়ুর কলপক্কমের ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় আণবিক বিজ্ঞান গবেষণাগার এবং ভারতীয় ভূতাত্ত্বিক সর্বেক্ষণের সহায়তায় প্রত্নতত্ত্ব শাখার কর্মী এবং সেন্টারের গবেষকরা এ বিষয়ে কয়েকটি গবেষণা প্রকল্প চিহ্নিত করেছেন। পূর্ব ভারতে এ ধরনের কাজের সূত্রপাত ঘটেছে সেন্টারের উদ্যোগে এবং বৈজ্ঞানিকমন্ডলীর সক্রিয় সমর্থনে।

সেন্টারের অন্যতম ঘোষিত উদ্দেশ্য তরুণতর গবেষক এবং প্রতিশ্রুতিসম্পন্ন গবেষণা-গুলিকে সমর্থন করা। সেই লক্ষ্য সামনে রেখে, এই বছর এগারো জন গবেষককে অনুদান দেওয়া হয়েছে। এর ফলে প্রত্নবিজ্ঞান (Archaeological Sciences) লোকপুরাতত্ত্ব (Ethno-archaeology), প্রত্নতত্ত্বের দেশজ ধারা (Non-official Scholarship in Archaeology) এইসব সম্ভাবনাময় বিষয়ের চর্চা সমর্থন পাবে। বিশ্ববিদ্যালয়ে বা গবেষণা প্রতিষ্ঠানের পরিকাঠামোর বাইরে যে সব গবেষকরা নিজেদের উদ্যোগে কাজ করছেন, এই অনুদান প্রকল্প তাদের উৎসাহিত করবে। প্রত্নতত্ত্বের প্রয়োগগত দিকটিকে যথাযথ গুরুত্ব দেওয়ার উদ্দেশ্যে গত বছর ছয় মাসের একটি পাঠক্রমের (Field Archaeology Training Programme) সূচনা হয়। এই পাঠক্রমে পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকেও শিক্ষার্থীরা

যোগদান করেন। এ বছর এই শিক্ষাক্রম শুরু হয়ে গেছে। এই পাঠক্রমে পূর্বভারতের বিভিন্ন প্রতিষ্ঠানের বিশিষ্ট প্রত্নতত্ত্ববিদেরা বক্তৃতা দেবেন এবং হাতে-কলমে কাজ দেখানো হবে। আশা করা যায়, আগামী বছরে এই পাঠক্রমের সময়সীমা এবং ছাত্রসংখ্যা বৃদ্ধি করা সম্ভব হবে।

এই বছর সেন্টার পূর্বভারতীয় লিপিবিদ্যা (Epgraphy) বিষয়ে আর একটি পাঠক্রম শুরু করার উদ্যোগ নিয়েছে। তা ছাড়া, প্রাচীন এবং মধ্যযুগে ভারত-চিন সম্পর্কের প্রত্নতাত্ত্বিক এবং ঐতিহাসিক সাক্ষ্য প্রমাণ বিষয়ে একটি বিশেষ পাঠক্রম শুরু করা হবে।

সেন্টারে প্রবীণ প্রত্নতাত্ত্বিক এবং ইতিহাসবিদরা স্বল্পমেয়াদের ভিজিটিং ফেলো হিসাবে যোগ দেন। তাদের সঙ্গে আলোচনার মাধ্যমে তরুণতর গবেষক সমাজ উপকৃত হন এবং তাদের বক্তৃতাগুলি গ্রন্থাকারে প্রকাশ করা হয়। এই কার্যক্রমে পাটনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বাসুদেব নারায়ণ গত বছর সেন্টারে একমাস ভিজিটিং ফেলো হিসেবে কাটিয়ে যান। এই বছর অধ্যাপক অবন্তীকুমার সান্যাল এবং ডঃ অশোককুমার দাসকে এক মাসের মেয়াদে আমন্ত্রণ জানানো হয়েছে। গত বছর সেন্টারের উদ্যোগে একাধিক বক্তৃতা ও আলোচনাসভার আয়োজন করা হয়। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক সেইন ম্যাকগ্রেল-সহ বহু প্রবীণ এবং নবীন গবেষক তাদের নিজস্ব কাজকর্ম বিষয়ে সেন্টারে বক্তৃতা দিয়েছেন। এশিয়াটিক সোসাইটির সহযোগিতায় ভারতে মধ্যযুগের নগরায়ণ-বিষয়ক একটি সর্বভারতীয় আলোচনাচক্র অনুষ্ঠিত হয়—অধ্যাপক রামশরণ শর্মা, অধ্যাপক ইরফান হাবিব-সহ অনেক খ্যাতিমান ঐতিহাসিক এই আলোচনাচক্রে প্রবন্ধ পাঠ করেন।

সেন্টারের কাজকর্ম দেশের ঐতিহাসিকমন্ডলীর দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে। ভারতীয় প্রত্নতত্ত্ব এবং শিল্প ইতিহাস-বিষয়ক গ্রন্থপঞ্জি বিষয়ক আন্তর্জাতিক গবেষণা প্রকল্পে সহায়তা করার আমন্ত্রণ পাওয়া গেছে, ভারতীয় ইতিহাস অনুসন্ধান পরিষদ গবেষকদের সহায়তা দেবার জন্য সেন্টারকে চিহ্নিত করেছেন। ভূপালের ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় মানব সংগ্রহশালার সঙ্গে একটি চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। আগামী দিনে সেন্টার রাষ্ট্রীয় মানব সংগ্রহশালার আর্থিক সহায়তায় লোকপুরাতত্ত্ব বিষয়ে অনুসন্ধান কর্ম হাতে নেবে। ইতিমধ্যে প্রাচীন এবং মধ্যযুগের বাংলার জলসম্পদ বিষয়ে একটি কাজের সূচনা হয়েছে।

সীমিত সম্পদ এবং লোকবল সত্ত্বেও, সেন্টার প্রত্নতত্ত্ব পঠন-পাঠন এবং গবেষণায় উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে। আমাদের লক্ষ্য একে একটি স্বশাসিত সংস্থারূপে গড়ে তোলা— পশ্চিমবঙ্গ সরকার, ভারত সরকার, বিভিন্ন প্রতিষ্ঠান এবং উৎসাহী মানুষজনের সমর্থনে সম্পদ সংগ্রহ এবং প্রত্নতত্ত্ব চর্চায় নতুনতর মাত্রা সংযোজন করা।

ভাষা-শাখা

মহাকরণ থেকে ব্লকস্তর পর্যন্ত প্রশাসনিক কাজকর্মে বাংলা এবং নেপালি (দার্জিলিং, কার্সিয়াং ও কালিম্পং মহকুমার জন্য), উর্দু (কলকাতার উর্দুভাষাভাষীদের ক্ষেত্রে, আসানসোল এবং ইসলামপুরের জন্য) ভাষা ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে। যেহেতু বিষয়টি বাধ্যতামূলক করা সমীচীন নয় তাই প্রক্রিয়াটির অগ্রগতি স্বভাবতই ধীর। মাতৃভাষায় সরকারি কাজকর্মের প্রশ্নে নানাস্তরে অনীহার মনোভাব লক্ষ্য করা যায়। তাছাড়া প্রয়োগের ক্ষেত্রে কিছু বাস্তব সমস্যাও এর অগ্রগতির পথে বাধা হচ্ছে। এই বাধা সত্ত্বেও বেশ কয়েকটি সরকারি দপ্তরে ক্রমশ উন্নতি লক্ষ্য করা যাচ্ছে। জেলা সমাহর্তা ও জেলা পরিষদের যৌথ উদ্যোগে প্রাথমিকভাবে কয়েকটি জেলায় এ ব্যাপারে বিশেষত প্রশাসনিক কাজে বাংলা ভাষা ব্যবহারের পরিকাঠামো তৈরির জন্য "সমন্বয় কমিটি" গঠিত হয়েছে। পশ্চিমবঙ্গ বাংলা একাদেমি এই উদ্দেশ্যে প্রশাসন-সংক্রান্ত পরিভাষা এবং সেইসঙ্গে বিভিন্ন নমুনা চিঠিপত্র, আদেশনামা ইত্যাদি সম্বলিত একটি উপযোগী পুস্তক প্রকাশনার পরিকল্পনা নিয়েছে।

নেপালি ভাষার ক্ষেত্রে দার্জিলিং, কালিম্পং ও কার্সিয়াং মহকুমায় নেপালি ভাষা প্রশিক্ষণ কেন্দ্র এবং মুদ্রলেখন প্রশিক্ষণ কেন্দ্র চালু আছে। অনুরূপভাবে উর্দু ভাষাভাষীদের ক্ষেত্রে উর্দুতে চিঠি দেওয়ার ব্যবস্থা আছে।

প্রধানত বাংলা ভাষাভাষী সাধারণ মানুষের সংখ্যা স্বাভাবিকভাবেই এই রাজ্যে বেশি হওয়ায় সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে প্রশাসনিক সংযোগ বাংলায় চালু করতে গেলে যে পরিকাঠামো— যথা বাংলা মুদ্রলেখ যন্ত্র, বাংলা মুদ্রলেখনে প্রশিক্ষণ এবং লঘুলিপি গ্রহণে সক্ষম পর্যাপ্ত কর্মচারী দরকার তা পূরণ করতে পদক্ষেপ নেওয়া হচ্ছে যাতে আলোচ্য আর্থিক বছরে উল্লেখযোগ্য অগ্রগতি সম্ভব করে তোলা যায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমি ৩৮ নং দাবির অধীন "২২২০—তথ্য ও প্রচার", "৪২২০--তথ্য ও প্রচারের জন্য মূলধনী বিনিয়োগ" এবং "৬২২০—তথ্য ও প্রচারের জন্য ঋণ" মুখ্যখাতে একত্রে ২৭,২৭,৮০,০০০ টাকা (সাতাশ কোটি সাতাশ লক্ষ আশি হাজার টাকা) মঞ্জুর করার জন্য সভার কাছে প্রস্তাব রাখছি।

## DEMAND No. 39

## Major Head : 2230—Labour and Employment

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 53,38,00,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment".

(This is inclusive of a total sum of Rs. 17,80,00,000 already voted on account)

(Printed Budget Speeches of Shri Shanti Ghatak, Smt. Chhaya Bera & Shri Bansogopal Chowdhury on Demand No. 39 laid on the Table were taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩৯ নং দাবির অধীনে মুখ্যখাত "২২৩০—শ্রম এবং কর্মনিয়োগ"-এর ব্যয় নির্বাহের জন্য ৫৩,৩৮,০০,০০০ টাকা (তিপ্পান্ন কোটি আটত্রিশ লক্ষ টাকা) মঞ্জুর করা হোক।

[ইতিপূর্বে 'ভোট অন অ্যাকাউন্ট'-এ মঞ্জুর করা ১৭,৮০,০০,০০০ টাকা (সতের কোটি আশি লক্ষ টাকা) উক্ত পরিমাণ টাকার মধ্যে ধরা হয়েছে।]

২। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ যদিও ট্রেনিং ইনস্টিটিউটগুলির দায়িত্বপ্রাপ্ত, এর জন্য তাদের কোনও পৃথক বাজেট খাত নেই। সেজন্য উক্ত দপ্তরের অধীন ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটের ১৯৯৮-৯৯ সালের বাজেট বরাদ্দ বিগত বৎসরের মতো বর্তমান মুখ্যখাত "২২৩০—শ্রম এবং কর্মনিয়োগ"-এর অন্তর্ভূক্ত করা হয়েছে।

৩। আমি পূর্বেই আমার বাজেট বক্তব্যে উল্লেখ করেছিলাম যে, যুক্তফ্রন্ট সরকারের পূর্ববর্তী সরকার কর্তৃক অনুসৃত উদারনীতি, বেসরকারিকরণ এবং খোলা বাজার অর্থনীতি দেশে মুদ্রাস্ফীতি, শিল্পে লকআউট ও বন্ধ, ক্রমবর্ধমান বেকারি এবং কর্মহীনতা সৃষ্টি করবে। আমাদের আশঙ্কা সত্যে পরিণত হয়েছে। এমন কি, কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে অনিয়মিত মজুরি ও বেতন প্রদান বিষয়টি আমরা প্রত্যক্ষ করেছি। রাজ্যের রুগ্নশিল্পগুলিকে যথাযথভাবে পুনর্বাসন বা পুনরুজ্জীবিত করা হয়নি। এই অর্থনৈতিক নীতির জন্য সম্ভাব্য রুগ্নশিল্প আরও রুগ্ন হয়েছে। আমি বলতে বাধ্য হচ্ছি যে, অধিকাংশ ক্ষেত্রেই বহুজাতিক কোম্পানি এবং ভারতীয় একচেটিয়া পুঁজিপতিদের আরও এবং আরও বেশি মুনাফা অর্জনের বাসনাই বর্তমান পরিস্থিতির জন্য দায়ী। ১৯৯৬ সালে কেন্দ্রে আসীন যুক্তফ্রন্ট সরকার তার পূর্বতন সরকারের অনুসৃত আর্থিক এবং শিল্পনীতি সংক্রান্ত কাঠামোর মধ্যে কাজ করতে বাধ্য হয়েছিল এবং সেই জন্য তারা বিশেষ অসুবিধার সম্মুখীন হয়েছিল। সেই কারণেই কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকারের নীতিতে কোনও আমূল পরিবর্তন আমরা লক্ষ্য করিনি। তৎসত্ত্বেও এই সরকার সাধারণ মানুষের জন্য একটু সাময়িক সুরাহারূপে চিহ্নিত

হয়েছিল। ন্যূনতম সাধারণ কর্মসূচির ভিত্তিতে সরকার জাতির স্বার্থ রক্ষা করতে চেষ্টা করেছিল। কিন্তু যেহেতু যুক্তফ্রন্ট সরকার বাইরের দলের সমর্থনের উপর নির্ভরশীল ছিল সেহেতু এই সমর্থন প্রত্যাহার করায় যুক্তফ্রন্ট সরকার পদত্যাগ করতে বাধ্য হয়। দ্বাদশ লোকসভার সাধারণ নির্বাচনের পর কেন্দ্রে একটি নতুন সরকার এসেছে। এই নতুন সরকারের নীতি এবং কার্যপদ্ধতির প্রতি আমাদের নজর রাখতে হবে।

৪। মাননীয় মহাশয়, এখন আমরা এই দপ্তরের কাজকর্ম এবং আগামী কর্মসূচি সম্পর্কে সংক্ষেপে কিছু বলছি।

**শিল্প সম্পর্ক**

৫। উদারনীতি এবং খোলা বাজার অর্থনীতির ফলে শিল্প ব্যবস্থায় পরিবর্তন হওয়া সত্ত্বেও, যা শ্রমিকদের স্বার্থও ক্ষুন্ন করেছে, রাজ্যে শিল্প সম্পর্ক শান্তিপূর্ণ, সহৃদয় ও সহজ ছিল। আলোচ্য বর্ষে ১৭৪টি কর্মবিরতির ঘটনা (ধর্মঘট এবং লকআউট) ঘটেছে। এর ফলে ৯৬.৪২ হাজার জন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ৮১.৬০ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছে। পক্ষান্তরে, ১৯৯৬ সালে ১৬১টি কর্মবিরতির ঘটনা ঘটেছে এবং তাতে ১২৮.১৭ হাজার জন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ১২১.৪০ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছে। আলোচ্য বছরে পূর্ববর্তী লক আউটের ঘটনাসহ মোট ১৫০টি লক-আউটের ঘটনা ঘটেছিল। তার ফলে ৮৮.৪৯ হাজার জন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছিলেন এবং ৭৫.৫০ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল। আলোচ্যবর্ষে পূর্ব বছরের জেরসহ ২৪টি ধর্মঘটের ঘটনা ঘটেছে। তার ফলে ৭.৯৩ হাজার জন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ৬.১০ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছে। এছাড়াও কিছু কিছু শিল্পে দীর্ঘ দিন ধরে লক্-আউট এবং সাসপেনশন অব ওয়ার্ক চলছে এবং এদের মধ্যে অনেকগুলি বি. আই. এফ. আর.-এর বিবেচনাধীন আছে অথবা সুপ্রিম কোর্ট বা হাইকোর্টে মামলা চলছে। আমি ইতিমধ্যেই শিল্প সম্পর্কের স্বার্থে এবং শ্রমিকদের মধ্যে আস্থা ফিরিয়ে আনার জন্য শ্রমিকদের মতামত এবং প্রস্তাবগুলি বিবেচনা করতে শিল্পমালিকদের পরামর্শ দিয়েছি। এটা করতে পারলে শ্রমিক এবং মালিকপক্ষের মধ্যে একটা সহযোগিতার পরিবেশ সৃষ্টি হবে। আজও আমি এই বিষয়টির পুনরুক্তি করছি।

৬। ১৯৯৭ সালে ৫,৭২৪টি শিল্প বিরোধের মধ্যে ২,৭৮৪টি বিরোধ সালিশি ব্যবস্থার মাধ্যমে মীমাংসা করা হয়েছে। আলোচ্যবর্ষে শিল্প ন্যায়পীঠ এবং শ্রম-আদালতগুলি এই রাজ্যে ৪২৯টি বিরোধের মীমাংসা করেছেন। ৩১-১২-১৯৯৭ তারিখে শিল্প ন্যায়পীঠ এবং শ্রম-আদালতে বিচারাধীন বিরোধগুলির সংখ্যা ১-১-১৯৯৭ তারিখের ২,৩৭৯ থেকে কমিয়ে ২,২৬৭টিতে আনা হয়েছে। অবশ্য এটা সত্য যে কিছু বিরোধ বেশি দিন ধরে

শিল্প ন্যায়পীঠগুলিতে বিচারাধীন আছে। প্রধানত মামলায় সংশ্লিষ্ট পক্ষ বার বার সময় নেওয়ার জন্যই বিচার বিলম্বিত হচ্ছে।

৭। আলোচ্যবর্ষে যে সমস্ত শিল্পে ধর্মঘট এবং লকআউট চলছিল তাদের মধ্যে অনেকগুলি শিল্পসংস্থা পুনরায় খোলা সম্ভব হয়েছে। দ্বিপাক্ষিক এবং ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে ৫৮টি লকআউটের অধীন সংস্থা এবং ধর্মঘটের অধীন ১০টি সংস্থা খোলা হয়েছে। এর ফলে যথাক্রমে ৬৮,৫৮০ জন শ্রমিক এবং ৭,১৬০ জন শ্রমিক উপকৃত হয়েছেন।

৮। আলোচ্য বছরে যে সমস্ত কলকারখানা খুলেছে তাদের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটির নাম মাননীয় সদস্যগণের অবগতির জন্য এখানে উল্লেখ করছি।

অ্যাংলো ইন্ডিয়া জুট মিল লিঃ (ধর্মঘট—৪৬০০ শ্রমিক),

কামারহাটি কোং লিমিটেড (লকআউট—৬০০০ শ্রমিক),

কানোরিয়া জুট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ (লকআউট—৩০০০ শ্রমিক),

টেপকন ইন্টারন্যাশনাল ইন্ডিয়া লিঃ (লকআউট—৩২৮৬ শ্রমিক),

হেস্টিংস জুট মিল লিঃ (লকআউট—৫০০০ শ্রমিক),

গৌরীপুর কোং লিঃ (লকআউট—৫০০০ শ্রমিক),

রানাঘাট অঞ্চলের পাওয়ারলুম শিল্প, নদীয়া (লকআউট—১০,০০০ শ্রমিক)।

৯। চা-শিল্পে শ্রম বিরোধের নিষ্পত্তি বিশেষভাবে উল্লেখনীয়। ৭-১১-৯৭ তারিখের চুক্তি অনুযায়ী এই শিল্পে শ্রমিকদের দৈনিক মজুরি ১-৪-৯৭ থেকে দৈনিক ৩ টাকা হারে, ১-৪-৯৮ থেকে পুনরায় দৈনিক ৩ টাকা হারে এবং ১-৪-৯৯ থেকে পুনরায় দৈনিক ২.৫০ টাকা হারে বৃদ্ধি হয়েছে। ৮-১-৯৮ তারিখে আর একটি চুক্তি অনুসারে মাস মাহিনা কর্মচারিদের বেতন স্কেল ১-৪-৯৭ থেকে সংশোধিত হয়ে মূল বেতন ন্যূনপক্ষে ১৮৫ টাকা বৃদ্ধি পেয়েছে। এই চুক্তি অনুযায়ী উক্ত কর্মচারিরা মূল বেতনের শতকরা ৫০ টাকা হারে স্থায়ী মহার্ঘভাতা পাবেন বলে উল্লেখ করা হয়েছে। সর্বভারতীয় ভোগ্যপণ্য মূল্যসূচক সংখ্যার সাথে মহার্ঘভাতা প্রদানের বিষয়টি যুক্ত করা হয়েছে। এই চুক্তিতে বছরে সারা ভারত ভোগ্যপণ্য সূচকের সর্বোচ্চ ২০ পয়েন্ট মূল্যসূচক বৃদ্ধির ক্ষেত্রে মূল বেতনের শতকরা ৪ টাকা হারে পরিবর্তনশীল মহার্ঘভাতা দেওয়ার কথা বলা হয়েছে। চা শিল্পে নিযুক্ত প্রায় ২.৫০ লক্ষ শ্রমিক এই চুক্তির দ্বারা উপকৃত হয়েছেন।

**শ্রম আইন বলবৎকরণ**

১০। এই বিভাগের অধীনে বিভিন্ন শ্রম আইন রূপায়ণের জন্য ব্লক, মহকুমা এবং জেলা স্তরে মোট ৪৫০ জন পরিদর্শক নিযুক্ত আছেন। ১৯৯৭ সালে ন্যূনতম মজুরি আইনের অধীনে কৃষিক্ষেত্রে ১৫,৯৮২টি পরিদর্শন হয়েছিল। ৮৮টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয় এবং ২৪,১৯৬ টাকা জরিমানা আদায় করা হয়। এই আইনে কৃষিক্ষেত্রে ছাড়া অন্যান্য নিয়োগের ক্ষেত্রে ১৮,৬২৬টি পরিদর্শন করা হয়েছে। তার মধ্যে ৪৯৩টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয়েছে এবং ১.৯৮ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে। দোকান ও সংস্থা আইনের অধীনে ১৪৬,১৯৫টি পরিদর্শন করা হয়েছে, তার মধ্যে ৮,১৮২টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয়েছে এবং ৭.২০ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে। আলোচ্যবর্ষে মজুরি না দেওয়া, বিলম্বে মজুরি দেওয়া এবং কম মজুরি দেওয়ার ক্ষেত্রে মজুরি প্রদান আইন অনুযায়ী ১২১টি মামলা দায়ের করা হয়েছে। ৬৪টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং ৭.২৩ লক্ষ টাকা আদায় করা গেছে। মজুরি প্রদান আইনের অধীনে ৮,৮২৬টি পরিদর্শন সম্পন্ন হয়েছে, তার মধ্যে ২৬২টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয়েছে এবং ১.৪১ লক্ষ টাকা জরিমানাস্বরূপ আদায় করা হয়েছে। মোটর পরিবহন শ্রমিক আইনের অধীনে ৪,৫৪৪টি পরিদর্শন করা হয়েছে, তার মধ্যে ১২৭টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয়েছে এবং ৪৩,০০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। কন্ট্রাক্ট লেবার (রেগুলেশন অ্যান্ড অ্যাবোলিশন) আইন, ১৯৭০-এর অধীনে ২,২৯৩টি পরিদর্শন করা হয়েছে, তার মধ্যে ১৭২টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয়েছে এবং ৪৯,৭৮৮ টাকা জরিমানাস্বরূপ আদায় হয়েছে। বিড়ি এবং সিগারেট শ্রমিক (নিয়োগের শর্তাবলী) আইনের অধীনে ৪,২৫২টি পরিদর্শন হয়েছে এবং ২১টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করে ৪,৯২৫ টাকা জরিমানা আদায় করা হয়েছে। আন্তঃরাজ্য প্রব্রজনকারি শ্রমিক আইন, ১৯৭৯-এর অধীনে ৬১৩টি পরিদর্শন হয়েছে। গ্র্যাচুইয়িটি প্রদান আইন অনুযায়ী উক্ত আইন নিয়ামক কর্তৃপক্ষ আলোচ্য বর্ষে ৩৮৪টি আবেদনপত্রের মীমাংসা করেছেন। উক্ত আইন নিয়ামক কর্তৃপক্ষ ৩০.০৯ লক্ষ টাকা প্রদানের আদেশ দিয়েছেন। ৬১টি গ্র্যাচুইয়িটি প্রদানের আবেদন সংশ্লিষ্ট সার্টিফিকেট আধিকারিকদের কাছে পাঠানো হয়েছিল এবং উক্ত আধিকারিকগণ ৫.৭০ লক্ষ টাকা গ্র্যাচুইয়িটি আদায় করতে পেরেছেন। আলোচ্য বছরে ৩০০টি ইউনিয়নকে ট্রেড ইউনিয়ন আইন অনুযায়ী নথিভূক্ত করা হয়েছে। ঐ ইউনিয়নগুলির মোট সদস্যসংখ্যা ২১,৭১৭ জন। একই সময়ে ১,২৯৩টি ইউনিয়নের নথিভূক্তকরণ বাতিল করা হয়েছে। ১৯৯৭ সালে ৩১শে ডিসেম্বর মোট ট্রেড ইউনিয়নের সংখ্যা ছিল ১০,৯৫৫ এবং মোট সদস্যসংখ্যা ছিল ৪১,৭৬,৪৬৩ জন।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে কিছু কিছু বৃহৎ শিল্পের বর্তমান অবস্থা সম্পর্কে কিছু বলতে চাই।

**পাটশিল্প**

১২। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এই রাজ্যে পাটশিল্প একটি কৃষিভিত্তিক কর্মসংস্থানকারী শিল্প। ২ লক্ষেরও অধিক শ্রমিক এবং লক্ষ লক্ষ পাটচাষী এই শিল্পের উপর নির্ভরশীল। সালিশি ব্যবস্থার মাধ্যমে ক্রমাগত প্রচেষ্টা গ্রহণ করায় এই শিল্পে শিল্প সম্পর্ক আলোচ্য বৎসরে মোটামুটি সন্তোষজনক ছিল। সাম্প্রতিক অতীতের বছরগুলির মধ্যে আলোচ্য বছরটি এই শিল্পে একটি সফল বছর হিসাবে গণ্য করা যায়। আলোচ্য বছরের শেষপর্বে ৫৯টি পাটকলের মধ্যে মাত্র একটি পাটকলে লকআউট ছিল।

১৩। এই রাজ্যে পাটকল এবং তার শ্রমিকদের ব্যাপারে কিছু সমস্যা এবং অসুবিধা অবশ্য আছে। কিন্তু সরকার বিভিন্ন আলোচনার মাধ্যমে এই সমস্যাগুলি সমাধান করার চেষ্টা করে যাচ্ছে। ২-১২-৯৫ তারিখের একটি ত্রিপাক্ষিক চুক্তির পরিপ্রেক্ষিতে পাটকলগুলির শ্রমিক নিয়োগ পদ্ধতির পরীক্ষা এবং কি ধরনের নিয়োগ পদ্ধতি গ্রহণ করা হবে তার সুপারিশ করার জন্য সরকার ইতিমধ্যেই একটি একসদস্য বিশিষ্ট কমিটি গঠন করেছেন। দুর্ভাগ্যবশত নিয়োগকর্তাদের অসহাযোগিতার দরুন কমিটির কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। ২-১২-৯৫ এবং ১৪-১-৯৭ তারিখের ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী আরও দুটি ত্রিপাক্ষিক কমিটি গঠন করা হয়েছে। পাটশিল্পে উৎপাদন এবং তৎসংশ্লিষ্ট বিষয়গুলি দেখা এবং সুপারিশ করার জন্য একটি কমিটি গঠিত হয়েছে। ১৪-১-৯৭ তারিখের ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী দ্বিতীয় ত্রিপাক্ষিক কমিটি গঠিত হয়েছে। এই কমিটির কাজ হল, (১) প্রভিডেন্ট ফান্ড এবং ই. এস. আই. চাঁদা প্রদান, শ্রমিকদের গ্রাচুইয়িটি প্রদান এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বিধিবদ্ধ পাওনা মিটিয়ে দেওয়ার ব্যাপারে বিভিন্ন পদ্ধতির সুপারিশ ইত্যাদি সম্পর্কীয় সুবিধা-অসুবিধার দিকে নজর রাখা এবং (২) ভাগাওয়ালা হিসাবে শ্রমিক নিয়োগের ব্যবস্থা, কম মজুরিতে বা ভাউচারের মাধ্যমে ঠিকা শ্রমিকদের মজুরি প্রদানের ব্যবস্থা বন্ধ করার জন্য বিভিন্ন উপায় নির্ধারণ করার বিষয়টি প্রতি নজর রাখা। এই দু'টি কমিটির কাজকর্মের অগ্রগতি হয়েছে।

১৪। রাজ্য সরকার জুট প্যাকেজিং মেটেরিয়ালস (প্যাকেজিং পণ্যের বাধ্যতামূলক ব্যবহার) অ্যাক্ট, ১৯৮৭-এর যথাযথ রূপায়ণ এবং আর্থিক দিক থেকে দুর্বল পাটশিল্পগুলি এবং এন. জে. মে. সি. পরিচালিত পাটকলগুলিকে ন্যায্য দামে পাট সরবরাহের নিমিত্ত কাঁচা পাট মজুত করার উদ্দেশ্যে আর্থিক সাহায্য নিশ্চিত করে ভারতের জুট কর্পোরেশনকে সক্রিয় করার বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার আবেদন করেছেন।

১৫। কেন্দ্রীয় সরকার পরিকল্পনা-বহির্ভূত খাতে যথেষ্ট বরাদ্দ না করায় এবং ক্রমাগত নগদ ক্ষতি হওয়ায় এই রাজ্যে এন. জে. এম. সি. পরিচালিত পাটকলগুলি সাংঘাতিকভাবে

আর্থিক অসুবিধার সম্মুখীন হচ্ছে। এর ফলে কাঁচা মালসহ উৎপাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য সামগ্রী ও যন্ত্রাংশ ইত্যাদির সরবরাহ অপর্যাপ্ত হওয়ায় উৎপাদন ব্যহত হচ্ছে। বছরের পর বছর ধরে এন. জে. এম. সি. পরিচালিত পাটকলগুলির পুনরুজ্জীবন প্রকল্প অর্থনৈতিক শিল্প পুনর্গঠন পর্ষদের কাছে বিবেচনাধীন আছে। কিন্তু ঐ পুনরুজ্জীবন প্রকল্প রূপায়ণের বিষয়ে আজও কোনও নির্দিষ্ট সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে মনে হয় না।

**বস্ত্রশিল্প**

১৬। এই রাজ্যের বস্ত্রবয়ন শিল্প অন্যান্য প্রধান চিরাচরিত শিল্পগুলির অন্যতম। দেশের পূর্বাঞ্চলে ৬৫টি বস্ত্রকলের মধ্যে ৩৭টি এই রাজ্যে অবস্থিত। ১৯টি বস্ত্রকল বেসরকারি উদ্যোগে এবং ১৮টি সরকারি উদ্যোগে চলছে। ১৯টি বেসরকারি কলের মধ্যে (১) শ্রীদুর্গা কটন স্পিনিং অ্যান্ড উইভিং মিলস, (২) মোহিনী মিলস, (৩) বঙ্গোদয় কটন মিলস, (৪) ডানবার মিলস এবং (৫) সোয়ান মিলস (পূর্বতন বাসন্তী কটন মিলস)—এই ৫টি কল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে। এ ছাড়া, ১৮. ৩. ৯৫ থেকে বাউড়িয়া কটন মিলে লকআউট চলছে। অর্থনৈতিক শিল্প পুনর্গঠন পর্ষদ বাউড়িয়া কটন মিলকে দেউলিয়া হিসাবে ঘোষণা করার আদেশ দিয়েছেন। মাননীয় কলকাতা হাইকোর্টের আদেশবলে দেউলিয়া আদেশটির স্থিতাবস্থা বজায় রাখা হয়েছে। এই বস্ত্রকলটি পুনরায় খোলার জন্য প্রোমোটার খোঁজার চেষ্টা চলছে। সোয়ান মিলের বিষয়ে অর্থনৈতিক শিল্পপুনর্গঠন পর্ষদ এক আদেশে বলেছেন যে, ঐ মিলটি আর পর্ষদের আওতার মধ্যে নেই। এই ক্ষেত্রেও মিলটি চালানোর জন্য প্রোমোটার খোঁজার চেষ্টা চলছে। শ্রীদুর্গা কটন স্পিনিং অ্যান্ড উইভিং মিলস এবং মোহিনী মিলসের জন্যও নতুন ইচ্ছুক প্রোমোটার খোঁজার চেষ্টা চলছে। ডানবার মিলের কেসটি অর্থনৈতিক শিল্প পুনর্গঠন পর্ষদের এখনও বিবেচনাধীন আছে। কিছু সংখ্যক মিলে কাজের পরিমাণ এবং উৎপাদন পদ্ধতির ব্যাপারে দ্বিপাক্ষিক চুক্তি হয়েছে এবং অন্যান্য ক্ষেত্রে আলোচনার মাধ্যমে উক্ত বিষয়গুলির ব্যাপারে মীমাংসায় পৌঁছানোর চেষ্টা চলছে।

১৭। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের অধীনে ১২টি মিলে বর্তমান অবস্থা নিয়ে আমরা খুবই উদ্বিগ্ন। সম্প্রতি কেন্দ্রীয় সরকার প্রস্তাব দিয়েছেন যে, যদি রাজ্য সরকার ঐ মিলগুলির দায়িত্ব গ্রহণ করতে এবং শ্রমিকস্বার্থ রক্ষা করতে ইচ্ছুক থাকেন তা হলে নামমাত্র মূল্যে অথবা বিনামূল্যে রাজ্য সরকার ঐ মিলগুলি অধিগ্রহণ করতে পারেন এবং সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ঋণ মকুব করতে এবং শ্রমিকদের বিধিবদ্ধ প্রাপ্য টাকার দায়িত্ব গ্রহণ করতে ইচ্ছুক আচেন। কেন্দ্রীয় সরকারের এই প্রস্তাবটি রাজ্য সরকার বিবেচনা করে দেখেছেন। এই মিলগুলির আধুনিকীকরণের জন্য আর্থিক বরাদ্দ এবং

মিলগুলিকে চালানোর জন্য প্রয়োজনীয় মূলধনের উপায় নিধারণ করতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছেন। আমরা মনে করি যে, এই সমস্ত মিলগুলি চালানোর জন্য যদি প্রয়োজনীয় অর্থ সুনিশ্চিত করা যায় তাহলে বর্তমান পরিচালন কর্তৃপক্ষের পক্ষে মিলগুলি দক্ষতার সঙ্গে চালানো এখনও সম্ভব হবে। দুর্ভাগ্যবশত কেন্দ্রীয় সরকার সমস্যার সমাধান দূরে থাকুক বরং সমস্যাকে এড়িয়ে চলার চেষ্টা করছেন। রাজ্য সরকার এই মত পোষণ করেন যে, কেন্দ্রীয় সরকারের তার বৃহৎ সম্পদের সহায়তায় দায়িত্ব এড়িয়ে না গিয়ে এই মিলগুলিকে দক্ষতার সঙ্গে চালানো সুনিশ্চিত করা উচিত।

**ইঞ্জিনিয়ারিং শিল্প**

১৮। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এই রাজ্যে বৃহৎ ইঞ্জিনিয়ারিং শিল্পের প্রধান কাজকর্ম বলতে ওয়াগন তৈরিকেই বোঝায়। আনুষঙ্গিক অধিকাংশ ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্পসহ বৃহৎ ইঞ্জিনিয়ারিং শিল্পগুলির গুরুত্ব ওয়াগন তৈরির উপর নির্ভর করছে। গত কয়েক বছরে েই রাজ্যে ওয়াগন তৈরি বরাত অত্যাধিক হ্রাস পেয়েছে। ১৯৯৬-৯৭ আর্থিক বছরে রেলওয়ে বোর্ড ওয়াগন তৈরির কারখানাগুলিতে ৮৮৫৪টি ওয়াগন তৈরির বরাদ দিয়েছিলেন। অথচ ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ২৮৫২টি ওয়াগন তৈরির বরাদ দিয়েছেন। 'আপনার ওয়াগন প্রকল্পের আপনি মালিক হোন' এই প্রকল্পের অধীনে প্রকৃত ওয়াগন শিল্পের কাছ থেকে প্রাপ্ত বরাদের মাধ্যমে পশ্চিমবঙ্গে বরাতের মাধ্যমে পশ্চিমবঙ্গে এই ইঞ্জিনিয়ারিং শিল্প কোনও রকমে চলছে।

১৯। আলোচ্য বর্ষে ইঞ্জিনিয়ারিং শিল্পে শিল্প সম্পর্ক মোটামুটি শান্তিপূর্ণ ছিল। ১৯৯৫ সালের এপ্রিল মাসে শিল্পভিত্তিক মজুরি মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর ইঞ্জিনিয়ারিং শিল্পের শ্রমিকদের কেন্দ্রীয় ট্রেড ইউনিটন এবং ফেডারেশন অব ইউনিয়নস একটি দাবি সনদ পেশ করেছিলেন। উক্ত দাবিসনদের পরিপ্রেক্ষিতে দু'টি নতুন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। ১০. ২. ৯৭ তারিখে কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত ইঞ্জিনিয়ারিং শিল্প (সি. পি. এস. ইউ.) ছাড়া অন্যান্য ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল এবং ২৭. ৮. ৯৭ তারিখে পশ্চিমবঙ্গে রাষ্ট্রায়ত্ত ইঞ্জিনিয়ারিং শিল্পে (সি. পি. এস. ইউ.) অপর চুক্তিটি স্বাক্ষরিত হয়েছিল। ১০. ২. ৯৭ এবং ২৭. ৮. ৯৭-এ চুক্তি দু'টিতে এই শিল্পে শ্রমিকদের প্রধান প্রধান আর্থিক সুবিধার বিষয়ে কথাগুলি বলা হয়েছে। এউ চুক্তির ফলে ১. ৭. ৯৬ থেকে বেসরকারি ইঞ্জিনিয়ারিং শিল্পে শ্রমিকদের মূল মজুরি মাসে ১১৬ টাকা ন্যূনতম পক্ষে বৃদ্ধি করা হয়েছে এবং কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত ইঞ্জিনিয়ারিং শিল্পে শ্রমিকদের মূল মজুরি মাসে ১২৬ টাকা ন্যূনতম পক্ষে বৃদ্ধি করা হয়েছে। কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত ইঞ্জিনিয়ারিং শিল্প ছাড়া অন্যান্য ইঞ্জিনিয়ারিং শিল্পে শ্রমিকরা কলকাতার ভোগ্যপণ্য মূল্যসূচক সংখ্যার সহিত যুক্ত ভোগ্যপণ্য মূল্যসূচকের প্রতি পয়েন্ট বৃদ্ধি এবং হ্রাসের ক্ষেত্রে ১.৭৫ টাকা থেকে

২.০০ টাকা বর্দ্ধিত হারে প্রশমন মহার্ঘভাতা পেয়েছেন। অন্যদিকে কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত ইঞ্জিনিয়ারিং শিল্পে শ্রমিকরা সর্বভারতীয় ভোগ্যপণ্য মূল্যসূচকের সাথে যুক্ত ভোগ্যপণ্য মূল্যসূচকের প্রতি পয়েন্টের জন্য ২.০০ টাকা হারে প্রশম মহার্ঘভাতা পেয়েছেন। এ ছাড়াও এচুক্তি অনুসারে শ্রমিকরা বছরে ১০০ টাকা হারে ভ্রমণভাতার সুবিধা (কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থার অধীন ইঞ্জিনিয়ারিং শিল্প ছাড়া অন্যান্য ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে) পেয়েছেন এবং কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে শ্রমিকরা বছরে ২৫০ টাকা হারে ভ্রমণভাতা পেয়েছেন।

**চা-শিল্প**

২০। আলোচ্য বছরে চা শিল্পে শিল্প অনুযায়ী যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল তার মেয়াদ শেষ হয়ে গেছে এবং চা-শিল্পে কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলি নতুন করে দাবিসনদ পেশ করেছেন। ৭. ১১. ৯৭ তারিখের দীর্ঘ আলাপ-আলোচনার পর একটি ত্রিপাক্ষিক চুক্তিতে পৌঁছানো গিয়েছিল। উক্ত চুক্তির ফলে ৩ বছরের ভিত্তিতে ১. ৪. ৯৭ তারিখ থেকে চা শিল্পে দিনমজুর শ্রমিকদের দৈনিক মজুরি প্রথম ধাপে দৈনিক ৩ টাকা হারে এবং দ্বিতীয় ধাপে ১. ৪. ৯৮ তারিখ থেকে দৈনিক ৩ টাকা এবং তৃতীয় ধাপে ১. ৪. ৯৯ তারিখ থেকে দৈনিক ২.৫০ টাকা—মোট ৮.৫০ টাকা দৈনিক মজুরি বৃদ্ধি করা হয়েছে। এই চুক্তি আগামী ৩১. ৩. ২০০০ পর্যন্ত বলবৎ থাকবে। ৮. ১. ৯৮ তারিখের আর একটি চুক্তি অনুসারে মাসমাহিনা ভূক্ত তিনটি শ্রেণীর কর্মচারীদের বেতন স্কেল ১. ৪. ৯৭ তারিখ থেকে সংশোধন করা হয়েছে। এই চুক্তি অনুযায়ী ঐ কর্মিদের মূল বেতন মাসে ন্যূনপক্ষে ১৮৫ টাকা বৃদ্ধি পেয়েছে এবং শ্রমিকদের মূল বেতনের শতকরা ৫০ টাকা হারে স্থায়ী মহার্ঘভাতা দেওয়ার কথা বলা হয়েছে। এ ছাড়া, সর্বভারতীয় ভোগ্যপণ্য মূল্যসূচকের গড় বৃদ্ধিতে (বছরে সর্বোচ্চ ২০ পয়েন্ট বৃদ্ধি পর্যন্ত) প্রতি পয়েন্ট বৃদ্ধির জন্য মূল বেতনের শতকরা ৪০ টাকা হারে পরিবর্তনশীল মহার্ঘভাতা শ্রমিকরা পাবেন। আলোচ্যবর্ষে চা-শিল্পে সম্পর্ক মোটামুটি সন্তোষজনক।

২১। ১৯৯৭ সালের আগস্ট মাসে রাজ্য শ্রমিক পরামর্শদাতা মতো একটি ত্রিপাক্ষিক পর্ষদ পুনর্গঠিত করা হয়েছে। এই পর্ষদ প্রধান প্রধান শ্রমনীতি ও সমস্যা আলোচনা করেন এবং ভবিষ্যৎ কর্মপদ্ধতি সুপারিশ করেন। শিশুশ্রমিক এবং বোনাসের মতো সমস্যাগুলি নিয়ে আলোচনা করার জন্য ২৯শে আগস্ট, ১৯৯৭ তারিখে এই পুনর্গঠিত পর্ষদের প্রথম আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ১৯৯৭ সালে বোনাস প্রদানের নিয়মাবলী উক্ত সভায় চূড়ান্ত করা হয়। এই সভায় পারস্পরিক বোঝাপড়া সৃষ্টি হওয়ার ফলে গত বছর বোনাস নিয়ে কোনও বড় বিরোধ দেখা দেয়নি। এই পর্ষদ রাজ্যে শিশুশ্রমিকদের পুনর্বাসন এবং কল্যাণের জন্য কতকগুলি গুরুত্বপূর্ণ প্রস্তাব দিয়েছেন।

২২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রভিডেন্ট ফান্ড এবং ই. এস. আই.-এর ক্ষেত্রে যে বিপুল পরিমাণ টাকা বকেয়া পড়ে আছে সে ব্যাপারে আমরা উদ্বগ্ন। ৩১. ১২. ৯৭ তারিখে অনাদায়ি প্রভিডেন্ট ফান্ডের টাকা ছিল প্রায় ১৮৮.১৩ কোটি টাকা। এর মধ্যে ১১৫.২৪ কোটি টাকা পাট শিল্পের বকেয়া। ৩১. ৮. ৯৭ তারিখে ই. এস. আইতে চাঁদা বাবদ বকেয়া ৯৪.৯৩ কোটি টাকার মধ্যে ৬১.৬৮ কোটি টাকা পাটকলগুলিতে অনাদায়ি ছিল। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এই বকেয়া আদায়ের পুরো দায়িত্বই কেন্দ্রীয় সরকারের অধীনস্থ অফিসগুলির উপরে ন্যস্ত। প্রয়োজনে আমরা ঐ অফিসগুলিকে পুলিশসহ সবরকম সাহায্য দিয়ে থাকি। যে সমস্ত শিল্পে প্রভিডেন্ট ফান্ড এবং ই. এস. আই.-এর টাকা অনাদায়ি পড়ে আছে সেই সমস্ত শিল্প পরিচালন কর্তৃপক্ষের বিরুদ্ধে কঠোর আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি এবং ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট আইনের সংশোধনও দরকার।

২৩। রাজ্য বিধানসভা "দি পেমেন্ট অব গ্র্যাচিউয়িটি (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিল, ১৯৯৩" এবং "দি পেমেন্ট অব ওয়েজেস (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিল, ১৯৯৩" অনুমোদন করেছিলেন। এই বিল দুটি ভারতের রাষ্ট্রপতির অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছিল। দি পেমেন্ট অব ওয়েজস (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিল, ১৯৯৩-এর ক্ষেত্রে ভারতের রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া গেছে। "দি পেমেন্ট অব ওয়েজেস অ্যাক্ট"-এর আওতায় শ্রমিকদের আনার জন্য এই সংশোধনী বিলে মজুরির উপর ঊর্ধ্বসীমা পুরোপুরি তুলে দেওয়া হয়েছে। "দি পেমেন্ট অব গ্র্যাচিউয়িটি (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিল, ১৯৯৩"-এর ক্ষেত্রে রাষট্রপতির অনুমোদন পাবার জন্য আমরা ভারত সরকারের সঙ্গে নিয়মিত পত্রালাপ চালাচ্ছি। যেহেতু আমরা কিছু কিছু আইনগত সমস্যার ক্ষেত্রে কিছু কিছু ব্যাখ্যা চাইছি—সেহেতু ট্রেড ইউনিয়নস (পশ্চিমবঙ্গ সংশোধনী) আইন, ১৯৮৩ কার্যকর করার জন্য পশ্চিমবঙ্গ ট্রেড ইউনিয়নস রুল এখনও পর্যন্ত চূড়ান্ত করতে পারিনি।

২৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে প্রায় ৪.৮৭ লক্ষ বিড়িশ্রমিকের অধিকাংশই বাড়িতে বিড়ির কাজ করেন। জেলা পরিষদ, পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি এবং ট্রেড ইউনিয়ন ইত্যাদি সংস্থাগুলির সহযোগিতায় ৩০. ১১এ ৯৭ তারিখ পর্যন্ত ৪.১৩ লক্ষ বিড়িশ্রমিককে পরিচয়পত্র প্রদান করা হয়েছ। ভারত সরকারের অধীনে শ্রমিক-কল্যাণ সংস্থা এই রাজ্যে বিড়িশ্রমিক এবং তাদের পরিবারবর্গের জন্য বিভিন্ন কল্যাণমূলক কাজকর্মের দায়িত্ব গ্রহণ করেছেন। ১৯৯৬-৯৭ সালে বিড়ি শ্রমিকদের ১৬,৪৭১ জন সন্তান-সন্ততির মধ্যে ৬৫.২৬ লক্ষ টাকা বৃত্তি হিসাবে বিতরণ করা হয়েছে। ঐ একই সময়ে বিড়ি শ্রমিকদের সন্তান-সন্ততিদের শিক্ষাদানের জন্য ২১ লক্ষ টাকা উৎসাহ ভাতা

এবং আর্থিক সাহায্য হিসাবে মঞ্জুর করা হয়েছে। এই শ্রমিক-কল্যাণ সংস্থা মাতৃত্বের সুযোগ সুবিধা, টি. বি. রোগীদের জীবিকাভাতা এবং শ্রমিকদের চশমা ইত্যাদির মূল্য হিসাবে ৭.৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। যে সমস্ত বিড়ি শ্রমিকদের পরিচয়পত্র দেওয়া হয়েছে তাদের জন্য এই শ্রমিক-কল্যাণ সংস্থা জীবন বিমা নিগম কর্তৃপক্ষকে ১০.৮৯ লক্ষ টাকা প্রিমিয়াম হিসাবে জমা দিয়েছেন। আলোচ্য বছরে বিমাকারি বিড়ি শ্রমিকদের স্বাভাবিক মৃত্যুর কারণে প্রত্যেককে ৩,০০০ টাকা করে ৪৩৫টি ক্ষেত্রে বিড়ি শ্রমিকদের পোষ্যবর্গকে ১৩.০৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

২৫। ১৯৯৭-এর ডিসেম্বর পর্যন্ত ৪টি নূতন চিকিৎসালয়সহ ১৫টি স্থায়ী এবং ভ্রাম্যমাণ চিকিৎসালয় বিড়ি-শ্রমিকদের চিকিৎসার জন্য এই রাজ্যে চালু করা হয়েছে। হুগলি জেলার রবীন্দ্রনগরে এবং উত্তর ২৪-পরগনা জেলার হিঙ্গলগঞ্জে অনুরূপ আরও দু'টি চিকিৎসালয় স্থাপনের জন্য ভারত সরকারের কাছে আমরা প্রস্তাব রেখেছি। যে সমস্ত এলাকায় বিড়ি শ্রমিকদের ঘনবসতি সেই সমস্ত এলাকায় যাতে করে অনুরূপ চিকিৎসালয় স্থাপনের আরও বেশি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো যায় তার জন্য আমরা কিছু কিছু এলাকায় অনুসন্ধান চালাচ্ছি। মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানে বিড়িশ্রমিকদের জন্য ৫০টি শয্যা বিশিষ্ট একটি হাসপাতালের নির্মাণকাজ প্রায় সম্পন্ন হতে চলেছে। আশা করা যাচ্ছে প্রয়োজনীয় সংখ্যক কর্মীনিয়োগ এবং চিকিৎসা সংক্রান্ত সাজ-সরঞ্জাম ইত্যাদি সংগ্রহের পর হাসপাতালটি চলতি বছরে চালু করা সম্ভবপর হবে।

২৬। এই শ্রমিক-কল্যাণ সংস্থা এই রাজ্যে সিনেমা কর্মিদের জন্যও অনুরূপ কল্যাণমূলক প্রকল্প চালু করেছে। সিনেমা কর্মিদের ৫৪ জন সন্তান-সন্ততির জন্য ২৫,৫০০ টাকা বৃত্তি হিসাবে এই শ্রমিক-কল্যাণ সংস্থা মঞ্জুর করেছে। এ ছাড়া, ৪,০০০ টাকা শিক্ষাদানের জন্য উৎসাহভাতা হিসাবে মঞ্জুর করেছে। কলকাতায় সিনেমা কর্মিদের চিকিৎসার জন্য একটি স্থায়ী চিকিৎসালয় স্থাপনের জন্য একটি প্রস্তাব আমরা ভারত সরকারের কাছে পাঠিয়েছি। এ পর্যন্ত ৮৮৬ জন সিনেমা কর্মীকে বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের আওতায় আনার জন্য শ্রমিক-কল্যাণ সংস্থা তাদের পরিচয়পত্র প্রদান করেছে।

২৭। মাননীয় সদস্যগণ, আপনারা অবগত আছেন যে, অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকরা, বিশেষ করে নারী এবং শিশুশ্রমিকরা তাদের নিয়োগকর্তা কর্তৃক বেশি করে শোষিত হচ্ছে। এই সমস্ত কর্মিদের বিভিন্ন শ্রম আইনের রক্ষামূলক ছত্রছায়ায় আনা এবং তাদের কাজের শর্তাবলীর উন্নতির জন্য আমরা অনেকগুলি পদক্ষেপ গ্রহণ করেছি। ন্যূনতম মজুরি আইনের তফসিলে সিকিউরিটি সার্ভিসে নিয়োগের বিষয়টি অন্তর্ভূক্তির জন্য ১৯৯৭ সালে আমরা বিজ্ঞপ্তি জারি করেছি। ইট ও লাক্ষা উৎপাদন শিল্পে, ডাল এবং তেলকলে, ট্যানারি এবং লেদার শিল্পে এবং হোসিয়ারি শিল্পে ন্যূনতম মজুরি নির্ধারণের জন্যও

আমরা বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছি। যে সমস্ত কর্মসংস্থায় ন্যূনতম মজুরি বিজ্ঞাপিত করা হয়েছে সেই সমস্ত ক্ষেত্রে পয়েন্ট প্রতি ১ টাকা হারে মূল্য বৃদ্ধির জন্য ষান্মাসিক/বার্ষিক ভিত্তিতে মজুরি সমন্বয়ের ব্যবস্থার কথা উল্লেখ করে রাজ্য সরকার অনেকগুলি বিজ্ঞপ্তি জারি করেছেন। মজুরি সমন্বয়ের পর বিভিন্ন কর্মসংস্থায় বর্তমান ন্যূনতম মজুরির হার উল্লেখ করে রাজ্য সরকার ষান্মাসিক/বার্ষিক ভিত্তিতে সার্কুলার জারি করেন। এই রাজ্যে ৩১. ১২. ৯৭ তারিখে একজন প্রাপ্ত বয়স্ক কৃষিশ্রমিকের ন্যূনতম মজুরি ৪৮.৬৪ টাকা ছিল (বিনা আহারে)।

২৮। রাজ্য সরকার ন্যূনতম মজুরি বলবৎকরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেছে। এতদ্ উদ্দেশ্যে রাজ্যের প্রতিটি ব্লকে কৃষিক্ষেত্রে ন্যূনতম মজুরি পরিদর্শক নিযুক্ত করা আছে। ন্যূনতম মজুরি পরামর্শদাতা পর্যদের মতো একটি ত্রিপাক্ষিক পর্যদ এই দপ্তরে আছে। এই পর্যদ ন্যূনতম মজুরি নির্ধারণ/সংশোধনের বিষয়ে রাজ্য সরকারকে পরামর্শ দেয়। এ ছাড়াও ন্যূনতম মজুরি আইনের বিভিন্ন ধারাগুলি ঠিকমতো প্রয়োগ হচ্ছে কি না সেদিকে নজর রাখে।

২৯। মহাশয়, আমাদের কাছে এটা খুব উদ্বেগের বিষয়, যে সমস্ত কাজ সারা বছরই চলে সেই সমস্ত কাজগুলি ঠিকা শ্রমিক করানোর ক্রমবর্ধমান ঝোঁক বহু কর্মসংস্থায় দেখা যাচ্ছে। রাজ্য পরামর্শদাতা ঠিকাশ্রমিক পর্যদের সাথে আলোচনা করে এবং আইন অনুযায়ী যথাযথ তদন্ত করার পর কন্ট্রাক্ট লেবার (রেগুলেশন এবং প্রহিবিশন) অ্যাক্ট, ১৯৭০ আওতায় ১২টি সংস্থায় বিভিন্ন নিয়োগ ক্ষেত্রে ঠিকাশ্রমিক নিয়োগ নিষিদ্ধ করা হয়েছে। আরও কিছু সংস্থায় ঠিকাশ্রমিক নিয়োগ নিষিদ্ধ করার প্রয়োজন আছে কি না সে ব্যাপারে রাজ্য পরামর্শদাতা ঠিকাশ্রমিক পর্যদের অধীনে একটি কমিটি অনুসন্ধান করছে।

৩০। এয়ার ইন্ডিয়া স্ট্যাটুটরি কর্পোরেশন এবং অন্যান্যদের সাথে ইউনাইটেড লেবার ইউনিয়ন এবং অন্যান্যদের একটি মামলায় মহামান্য সুপ্রিম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার আমাদের জানিয়েছেন যে, কন্ট্রাক্ট লেবার (রেগুলেশন এবং অ্যাবোলিশন) অ্যাক্ট, ১৯৭০ এবং অন্যান্য কয়েকটি শ্রম আইনের আওতায় কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থার ক্ষেত্রে রাজ্য সরকার আর 'অ্যাপ্রোপ্রিয়েট গভর্নমেন্ট' হিসাবে গণ্য হবে না। আমরা অবশ্য কেন্দ্রীয় সরকারের সাথে একমত হতে পারিনি এবং সেই কারণে কেন্দ্রীয় শ্রমমন্ত্রককে সম্ভব হলে উক্ত রায় পুনর্বিবেচনা করার জন্য সুপ্রিম কোর্টে আবেদন করতে অথবা রাজ্য সরকারকে 'অ্যাপ্রোপ্রিয়েট গভর্নমেন্টের' ক্ষমতা প্রদান করতে অনুরোধ করেছি। আমরা মনে করি, রাজ্য সরকারগুলির বর্তমান পরিকাঠামোর শ্রম আইনের আওতায় শিল্প বিরোধগুলি রাজ্য সরকারগুলি নিজেরাই দক্ষতার সঙ্গে মোকাবিলা করতে

পারবে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার এবিষয়ে তাদের নির্দেশাবলী স্থগিত রেখেছেন। রাজ্য সরকার এখন 'অ্যাপ্রোপ্রিয়েট গভর্নমেন্ট' হিসাবে কাজ করার মতো অবস্থায় আছেন।

৩১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্নভাবে শিশুশ্রমিকদের যেভাবে শোষণ করা হচ্ছে তাতে আমরা সবাই উদ্বিগ্ন। ধাপে ধাপে শিশুশ্রমিক-প্রথার বিলোপ ঘটানোর জন্য রাজ্য সরকার চাইল্ড লেবার (প্রহিবিশন অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট, ১৯৮৬-এর বিভিন্ন ধারা এবং সংশ্লিষ্ট বিধিগুলি বলবৎ করছেন আমরা ফ্যাক্টরি অ্যাক্ট, শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট ইত্যাদি অন্যান্য শ্রম আইনে শিশুশ্রমিক সম্পর্কিত ধারাগুলিও বলবৎ করার চেষ্টা করছি। আলোচ্যবর্ষে বিভিন্ন সংস্থায় পরিদর্শকগণ ১০,৮৭৮টি পরিদর্শন করেছেন এবং ৪৩টি সংস্থার পরিচালন কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। তার মধ্যে একটি মামলার নিষ্পত্তি হয়েছে এবং ১০,০০০ টাকা জরিমানা আদায় করা গেছে। চাইল্ড লেবার (প্রহিবিশন অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট, ১৯৮৬ আরও ফলপ্রসূ করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে শিশুশ্রমিক নিয়োগ নিষিদ্ধ নয় এমন কাজের ক্ষেত্রে ন্যূনতম বয়সের সীমা নির্ধারণের জন্য সুপারিশ করেছেন। শিশুশ্রমিকদের জন্য নিষিদ্ধ কাজের যে, তফসিল আছে তাতে সংযোজন করার ক্ষমতা রাজ্যকে দেওয়ার জন্য একটি প্রস্তাব দেওয়া হয়েছে। কিন্তু দুর্ভাগ্যবশত আইনের এখনও পর্যন্ত কোনও সংশোধন করা হয়নি। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, জাতীয় শিশুশ্রমিক প্রকল্পের অধীনে ৬টি জেলার শিশুশ্রমিকদের বিপদজনক কাজ থেকে তুলে এনে শিক্ষাদানের জন্য আমরা বিশেষ বিদ্যালয় চালু করেছি। এ পর্যন্ত ২০৬টি বিশেষ বিদ্যালয় এই জেলাগুলিতে স্থাপন করা হয়েছে এবং ১০,৩৫০ জন শিশুশ্রমিকদের ভর্তি করা হয়েছে। যেহেতু বাকি জেলাগুলিতেও শিশুশ্রমের ঘটনা যথেষ্ট সেইহেতু ঐ বাকি জেলাগুলিকেও জাতীয় শিশুশ্রমিক প্রকল্পের অধীনে অন্তর্ভূক্ত করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছি। অবশ্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা কোনও ইতিবাচক সাড়া পাইনি।

৩২। মাননীয় সদস্যগণের হয়ত স্মরণে আছে যে, আমার গত বাজেট বক্তৃতায় মাননীয় সুপ্রিম কোর্টে ১০. ১২. ৯৬ তারিখের আদেশের কথা উল্লেখ করেছিলাম। উক্ত আদেশে মাননীয় সুপ্রিম কোর্ট শিশুদের বিপজ্জনক কাজ থেকে তুলে নেওয়ার জন্য এবং বিপজ্জনক নয় এমন ক্ষেত্রে কাজের শর্ত নির্ধারণের জন্য নির্দেশ দিয়েছেন। মাননীয় সুপ্রিম কোর্টের নির্দেশমতো আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে শিশুশ্রমিক গণনার কাজ শেষ করতে পেরেছি। বিপজ্জনক কাজে ২৫৪ জন শিশুশ্রমিক এবং বিপজ্জনক নয় এমন কাজে ১৫,৭৯২ জন শিশু-শ্রমিককে সনাক্ত করতে পারা গেছে। আমি এখানে উল্লেখ করতে চাই যে, যে সমস্ত শিশুরা তাদের বাবা-মায়ের সঙ্গে কাজ করে বা যারা স্বযুক্তি আছে তাদের এই হিসেবের মধ্যে ধরা হয়নি। কারণ এই সমস্ত শিশুরা চাইল্ড লেবার

(পি অ্যান্ড আর) অ্যাক্ট, ১৯৮৬-এর আওতাভুক্ত নয়। শিশুশ্রমিক বিলুপ্তিকরণ নিঃসন্দেহে আমাদের চরম লক্ষ্য হওয়া উচিত। এই বিলুপ্তিকরণের কাজটি বিশাল কাজ, সেজন্য এই সমস্যাটির মোকাবিলার জন্য মাননীয় সদস্যগণের কাছ থেকে অভিমত ও প্রস্তাবকে স্বাগত জানাব।

**শ্রমিক কল্যাণ পর্ষদ**

৩৩। পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ শিল্প শ্রমিকদের জন্য বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচি যেমন, স্বাস্থ্যরক্ষা, খেলাধূলা, বৃত্তিমূলক শিক্ষা, সাংস্কৃতিক কর্মসূচি, পাঠাগার ইত্যাদি বিভিন্ন শিল্পাঞ্চলে অবস্থিত ৫৩টি শ্রমিক কল্যাণকেন্দ্রের মাধ্যমে বাস্তবায়িত করেন। পর্ষদ দার্জিলিং, দীঘা, বকখালি ও হলদিয়ায় স্বল্পমূল্যে থাকার জন্য ৪টি হলিডে হোম পরিচালনা করেন। আলোচ্য বৎসরে ৯৩ জন সদস্য শ্রমিকরে সন্তানদের ১.২৪ লক্ষ টাকা বৃত্তি হিসাবে দেওয়া হয়। পর্ষদ শ্রমিক কল্যাণকেন্দ্রের মাধ্যমে আলোচ্য বৎসরে চক্ষু অপারেশন এবং পালস পোলিও-র ব্যবস্থা করেন। এর ফলে পরিবারের সদস্যসহ ৩,৪৫০ জন শ্রমিক উপকৃত হন। পর্ষদ বিভিন্ন খেলাধূলার ব্যবস্থা করেন। প্রায় ৩৫,০০০ জন শ্রমিক ও তাদের পরিবারের সদস্যগণ অংশগ্রহণ করেন। কল্যাণকেন্দ্রগুলিতে যে পাঠাগারের ব্যবস্থা আছে তা প্রতিদিন গড়ে ১,০০০ জন শ্রমিকের প্রয়োজন মেটায়। গত বৎসর পর্ষদ কলকাতায় এবং উত্তরবঙ্গের কয়েকটি স্থানে উপযুক্তভাবে মে দিবস উদযাপিত করে।

৩৪। আলোচ্য বৎসরে পর্ষদের প্রধান কার্যালয় ভাড়াবাড়ি থেকে কাঁকুড়গাছিতে পর্ষদের নিজস্ব বাড়িতে স্থানান্তরিত হয়। এই কার্যালয়কে 'শ্রমিক কল্যাণ ভবন' নামকরণ করা হয়েছে। শিলিগুড়ির দাগাপুরে শ্রমিক কল্যাণকেন্দ্র তৈরির কাজ সম্পন্ন হয়েছে। শিলিগুড়িতে অবস্থিত পর্ষদের আঞ্চলিক অফিসও এই নূতন ভবনে স্থানান্তরিত হয়েছে।

৩৫। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে. আর্থিক সমস্যায় পর্ষদ ভীষণভাবে জর্জরিত। ১৯৭৪ সালের ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্টের সংশোধন করে ষান্মাসিক চাঁদার হার কর্মচারিদের দেয় ১ টাকা এবং নিয়োগকারিদের দেয় কর্মচারী পিছু ২ টাকা করা হয়েছে। এই বর্ধিত হার ১৯৯৮ সালের ১ লা জানুয়ারি থেকে চালু হয়েছে। এই বর্ধিত চাঁদা যদিও পর্ষদের আয় কিছুটা বৃদ্ধি করবে তবুও সদস্য শ্রমিকদের জন্য যতটা কল্যাণমূলক কাজ আমরা করতে চাই তার পক্ষে যথেষ্ট হবে না।

**কারখানা পরিদর্শন অধিকার**

৩৬। মাননীয় সদস্যগণ জানেন যে, এই দপ্তরের অন্তর্গত কারখানা পরিদর্শন

অধিকার কারখানার শ্রমিকদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ বিষয়ে ফ্যাক্টরি অ্যাক্ট ও অন্যান্য আইনের ধারাগুলি প্রয়োগ করেন। এই অধিকারের অন্যান্য কাজকর্মের মধ্যে পড়ে কারখানা নিবন্ধিকরণ ও লাইসেন্স প্রদান, শিল্পে স্বাস্থ্যরক্ষা করা এবং শিল্প শ্রমিকদের পেশাগত রোগ নির্ণয়ের জন্য শিল্প শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা করা। এ রাজ্যে ১৯৯৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ১১,২৩৮টি কারখানা নিবন্ধভুক্ত ছিল। এই অধিকারের পরিদর্শকগণ ১৯৯৭ সালে ৬,৩৩৬টি কারখানা ৬,৩৯১ বার পরিদর্শন করেন এবং ৮২টি মামলা দায়ের করেন। দায়ী পরিচালকদের উপর ২.৩৯ লক্ষ টাকা জরিমানা ধার্য করা হয়।

৩৭। এই অধিকারের অধীনে একটি গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত শাখা আছে। এর কাজ হচ্ছে কারখানায় নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা বিষয়ে বহুমুখী গবেষণা করা। এই শাখার অধীনে চারটি সেল আছে যেমন, রাসায়নিক সেল, গবেষণা ও পরিসংখ্যান সেল, চিকিৎসা সংক্রান্ত সেল ও শিল্প স্বাস্থ্য সেল। আলোচ্য বৎসরে রাসায়নিক সেলের অধীনস্থ পরিদর্শকগণ ২৪৯টি কারখানা পরিদর্শন করেন। এর মধ্যে ৮৭টি কারখানাকে বৃহৎ দুর্ঘটনা প্রবণ কারখানা হিসাবে চিহ্নিত করা হয়েছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এই সেলের সতর্কতার ফলে রাসায়নিক কারখানায় কোনও বড় দুর্ঘটনা ঘটেনি। এই বৎসরে চিকিৎসা সংক্রান্ত সেল ২,৪৪০টি ক্ষেত্রে সাধারণ স্বাস্থ্য সংক্রান্ত পরীক্ষা এবং ২,৩৫৫টি ক্ষেত্রে রোগ নিরূপণের জন্য বিভিন্ন ধরনের পরীক্ষা চালায়। শ্রমিকদের মধ্যে রুগ্নতা, স্বাস্থ্য সম্পর্কে প্রতিবন্ধকতা অথবা উল্লেখযোগ্য অস্বাচ্ছন্দ্য দূর করার জন্য শিল্প স্বাস্থ্য সেল ৩১টি বিপজ্জনক কারখানায় ১০৫টি গবেষণামূলক পরীক্ষা চালায়। এই পরীক্ষার আওতায় ১০,৫৮২ জন শ্রমিককে আনা হয়। গবেষণা পরিসংখ্যান সেলে নিবন্ধভূক্ত কারখানার সংখ্যা, প্রদত্ত লাইসেন্সের সংখ্যা, দুর্ঘটনার সংখ্যা, কারখানায় বিপজ্জনক প্রক্রিয়া সংক্রান্ত তথ্য রাখার পদ্ধতি উন্নত করার জন্য আমরা কম্পিউটার বসানোর একটি প্রস্তাব বিবেচনা করছি।

৩৮। কারখানায় নিরাপত্তা সংক্রান্ত বিধিগুলি সম্পর্কে পরিচালন কর্তৃপক্ষ, ট্রেড ইউনিয়ন নেতৃত্ব এবং শ্রমিকদের মধ্যে সচেতনতা সৃষ্টি করার দায়িত্বে থাকা এই অধিকার ভারত সরকার এবং শিল্প নিরাপত্তা বিষয়ে কর্মরত জাতীয় প্রতিষ্ঠানগুলির সহযোগিতায় এই বৎসরে ২২টি আলোচনাসভা এবং কর্মশালার ব্যবস্থা করেন।

**বয়লার পরিদর্শন অধিকার**

৩৯। এই অধিকার ১৯২৩ সালের ইন্ডিয়ান বয়লার্স অ্যাক্ট ও তৎসংশ্লিষ্ট বিধিসমূহ বয়লার স্থাপনকালীন ও বয়লার চালু থাকাকালীন নিরাপত্তা রক্ষার জন্য দায়িত্বপ্রাপ্ত।

১৯৯৭ সালে নির্মীয়মান ৫৬টি বয়লার পরিদর্শন করা হয়েছিল। নির্মাণ শেষ হওয়ার পর ৩৯টি বয়লারের ক্ষেত্রে প্রমাণপত্র দেওয়া হয়েছে। এই পরিদর্শন অধিকারের পরিদর্শকগণ ৩,০৩৭টি চালু বয়লার এবং ১৪৫টি ইকোনোমাইজারের কার্য দক্ষতা মূল্যায়ন করেন। আলোচ্য বৎসরে ৩১টি নূতন বয়লার ইন্ডিয়ান বয়লার্স অ্যাক্টের আওতায় নিবন্ধিভূক্ত হয়। নির্মাণের পর ৪,০৭৮টি বয়লারের যন্ত্রাংশ প্রমাণপত্র পায়।

৪০। এই অধিকারভূক্ত গবেষণাগারে বয়লার নির্মাণ এবং মেরামতের জন্য যে বিভিন্ন প্রকারের ফেয়াস এবং নন-ফেরাস পদার্থ ব্যবহার করা হয় তার মেকানিক্যাল, রাসায়নিক এবং মেটালর্জি বিষয়ে পরীক্ষা করা হয়। এই গবেষণাগারে উচ্চচাপ ওয়েল্ডারদেরও পরীক্ষা করা হয়। আলোচ্য বৎসরে ২৫০টি ক্ষেত্রে উচ্চচাপ ওয়েল্ডার সার্টিফিকেট দেওয়া হয়।

৪১। এই অধিকারের আওতাভূক্ত ওয়েল্ডার ট্রেনিং কেন্দ্রে ৪৮ জন শিক্ষার্থীকে আধুনিক উচ্চচাপবিশিষ্ট ওয়েল্ডিং পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আলোচ্য বৎসরে ১৭২ জন শিক্ষার্থী বয়লার অ্যাটেন্ডেন্ট পরীক্ষা এবং ৫১ জন বয়লার অপারেশন ইঞ্জিনিয়ার্স পরীক্ষায় উত্তীর্ণ হন।

৪২। এই অধিকারের অবিচ্ছিন্ন সতর্কতামূলক ব্যবস্থা সত্ত্বেও ফারাক্কা সুপার থার্মাল প্রকল্পের অধীনস্থ একটি বয়লারে দুর্ঘটনা ঘটে। এই দুর্ঘটনার কারণ সঠিকভাবে বয়লার চালানোয় ব্যর্থতা। চুল্লিতে আকস্মিক বিস্ফোরণের জন্য এই দুর্ঘটনা ঘটে ছিল। যা হোক, এর ফলে কোনও প্রাণহানি হয়নি যদিও সম্পত্তির যথেষ্ট ক্ষতি হয়েছে এবং বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হয়েছে। এই অধিকার বয়লার পরিদর্শনের মাত্রা আরও বাড়িয়ে দিয়েছে।

**কর্মবিনিয়োগ**

৪৩। মাননীয় মহাশয় দেশের স্বাধীনতা লাভের পর থেকেই কেন্দ্রীয় এবং রাজ্য সরকারগুলির উপর্যুপরি পরিকল্পনা রূপায়ণ সত্ত্বেও বেকার সমস্যার ক্রমাগত ভয়াবহ অবস্থা ধারণ করা গভীর উদ্বেগের বিষয়। ভারত সরকারের নূতন অর্থনীতি এবং শিল্পনীতিও কর্মসৃজনের ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে সক্ষম হয়নি।

৪৪। ১৯৯৭ সালে ১,৪৫,৫৭৯ জন মহিলাসমেত ৪,৮২,২০১ জন নূতন কর্মপ্রার্থী রাজ্যের কর্ম-বিনিয়োগ কেন্দ্রগুলিতে তাদের নাম নথিভূক্ত করেছেন। ১৯৯৭ সালের ডিসেম্বর মাসের শেষে রাজ্যে নথিভূক্ত বেকারের সংখ্যা দাঁড়িয়েছে ৫৭,৫৭,০২৬ জন যার মধ্যে মহিলাদের সংখ্যা হ'ল ১৩,০৭,৫৫৬ জন। সরকারি এবং বেসরকারি ক্ষেত্র থেকে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা ১৯৯৭ সালে বেশ কিছুটা

বৃদ্ধি পেয়েছে। ১৯৯৭ সালে কর্ম-বিনিয়োগকেন্দ্র গুলিতে বিজ্ঞাপিত শূন্যপদের সংখ্যা হল ২৯,৯১৪ যা পূর্ববর্তী বৎসরে ছিল ১৭,৬৭৯। আলোচ্য বৎসরে ১০,৯৭১ জন কর্ম-বিনিয়োগকেন্দ্রগুলির মাধ্যমে চাকরি পেয়েছেন পূর্ববর্তী বছরে যে সংখ্যাটা ছিল ১০,৩৮৫ জন। ঐ বৎসরের শেষে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত নিবন্ধিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ৫,৭১৫৬৯ এবং ১,০২,০৬৭। ঐ বৎসরে ১,৫৫৩ জন তফসিলি জাতিভুক্ত এবং ৩৭৬ জন তফসিলি উপজাতিভুক্ত কর্মপ্রার্থীকে নিয়োগ করার ব্যবস্থা করা গেছে। পূর্ববর্তী বৎসরে ঐ সংখ্যাগুলি ছিল যথাক্রমে ১,৯১৩ এবং ৫২০। আলোচ্য বৎসরে ৭৯ জন প্রতিবন্ধী এবং ২৮৭ জন অন্যান্য অনুন্নত শ্রেণীভুক্ত কর্মপ্রার্থীর চাকুরির ব্যবস্থা করা গেছে।

৪৫। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ (কম্পালসারি নোটিফিকেশন অব ভ্যাকেন্সি) অ্যাক্ট ১৯৫৯ অনুযায়ী নিয়োগ কর্তাদের কাছ থেকে পাওয়া তথ্য থেকেই সংগঠিত ক্ষেত্রে কর্মসংস্থান পরিস্থিতির অবস্থান জানা যায়। ১৯৯৭ সালের শেষে সংগঠিত ক্ষেত্রে নিযুক্ত কর্মীর সংখ্যা ছিল ২২.৯২ লক্ষ যার মধ্যে ১৪.৯৩ লক্ষ জন সরকারি ক্ষেত্রে নিযুক্ত ছিলেন।

৪৬। কর্ম-বিনিয়োগকেন্দ্রগুলিতে কম্পিউটার সংস্থাপনের পরিকল্পনা রাজ্য সরকার পর্যায়ক্রমে রূপায়িত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে কলকাতা আঞ্চলিক কর্ম-বিনিয়োগকেন্দ্র এবং দুর্গাপুর কর্মবিনিয়োগের পরিষেবা সম্পূর্ণরূপে কম্পিউটার ব্যবস্থাপনার মধ্যে আনা হয়েছে এবং এই ব্যবস্থা সন্তোষজনকভাবে কাজ করছে। হাওড়া এবং কৃষ্ণনগর কর্ম-বিনিয়োগকেন্দ্রে কম্পিউটার সংস্থাপনের স্থান নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। এই কেন্দ্রগুলিতে কম্পিউটার ব্যবস্থার প্রয়োগ খুব শীঘ্রই শুরু হবে। কর্ম-বিনিয়োগ অধিকার এবং খিদিরপুর, দমদম, বর্ধমান, হলদিয়া, বহরমপুর, জলপাইগুড়ি ও বজবজ এই ৭টি বিনিয়োগকেন্দ্রে কম্পিউটার সংস্থাপনের কাজ চলছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই একমত হবেন যে কর্ম-বিনিয়োগকেন্দ্রগুলিতে কম্পিউটার ব্যবহার কর্মপ্রার্থীদের নাম দ্রুততার সাথে নিয়োগকর্তাদের কাছে পাঠানোর ক্ষেত্রে এবং প্রয়োজনীয় তথ্য সরবরাহের সহায়ক হবে।

৪৭। রাজ্য সরকার কর্মহীনদের আর্থিক সুবিধাদান প্রকল্প অব্যাহত রেখেছেন। ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে এই প্রকল্পে সাহায্যপ্রাপ্তের সংখ্যা ছিল ১৭,৬৮১। ১৯৭৮-৭৯ সাল থেকে এখন পর্যন্ত ৮,৬৩,৬৩৮ জন ব্যক্তিকে এই প্রকল্পে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

৪৮। মাননীয় মহাশয়, নথিভুক্ত কর্মহীন ব্যক্তিদের জন্য স্বনিযুক্তি প্রকল্পে (সেসরু)

রাজ্য সরকার ১৯৮৪ সাল থেকে এখন পর্যন্ত ১,১১,২৭৫ জন নথিভুক্ত কর্মহীন ব্যক্তিকে তাদের স্ব-স্ব প্রকল্প রূপায়ণের জন্য আর্থিক সহায়তা দিয়েছেন।

৪৯। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, মহামান্য কলকাতা হাইকোর্টের এক অন্তর্বর্তী আদেশের ফলে ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট স্কীম লোন (রিকভারি) অ্যাক্ট, ১৯৯২ অনুসারে 'সেসরু' প্রকল্পে প্রদেয় ঋণ আদায়ের ক্ষেত্রে ব্যাঙ্কগুলি কোনও ফলপ্রসূ পদক্ষেপ নিতে সমর্থ হচ্ছে না। সম্ভাব্য সব রকম ব্যবস্থা নেওয়া সত্ত্বেও অন্তর্বর্তী আদেশের কোনও পরিবর্তন এখনও করা সম্ভব হয়নি এবং ফলে এই প্রকল্পে ঋণ দিতে ব্যাঙ্কগুলি ইতস্তত বোধ করছেন।

৪৯ (ক)। সরকারি ক্ষেত্রে বিজ্ঞাপনের মাধ্যমে নিয়োগ সংক্রান্ত মাননীয় সুপ্রিম কোর্টের এক সাম্প্রতিক আদেশের ফলে নিয়োজনের ক্ষেত্রে কিছু ব্যবহারিক অসুবিধার সৃষ্টি হয়েছে। রাজ্য সরকার অবশ্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানিয়েছেন এই আদেশ পুনর্বিবেচনার আবেদন পেশ করার ব্যবস্থা গ্রহণের জন্য।

**কর্মচারী রাজ্যবিমা (চিকিৎসা সংক্রান্ত সুবিধা) প্রকল্প**

৫০। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ১৯৯৭ সালের ১লা জানুয়ারি থেকে কর্মচারী রাজ্যবিমা প্রকল্পে অন্তর্ভুক্তির জন্য সংগঠিত কর্মচারিদের মাসিক বেতনসীমা ৩,০০০ (তিন হাজার) টাকা থেকে বাড়িয়ে ৬,৫০০ (ছয় হাজার পাঁচশো) টাকা করা হয়েছে। বর্তমানে রাজ্যবিমা প্রকল্প পরিষেবা দিচ্ছে ১০.৩৫ লক্ষ বিমাকারি কর্মচারী এবং তাদের পরিবারবর্গকে। এর ফলে, এই প্রকল্পে উপকৃত ব্যক্তির সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৩৯ লক্ষ। বর্তমানে এই প্রকল্পের আওতায় চিকিৎসা সুযোগ সুবিধা পাচ্ছেন—(১) কলকাতা, (২) হাওড়া, (৩) হুগলি, (৪) উত্তর চব্বিশ-পরগনা, (৫) দক্ষিণ চব্বিশ-পরগনা, (৬) নদীয়া জেলার কল্যাণী, গয়েশপুর, হরিণঘাটা, কাঁটাগঞ্জ, চাকদহ এবং ফুলিয়া, (৭) বর্ধমান জেলার দুর্গাপুর আসানসোল এবং রানিগঞ্জ শিল্পাঞ্চল এবং (৮) মেদিনীপুর জেলার হলদিয়া শিল্পনগরী এবং তৎসন্নিহিত অঞ্চল-এর বিমাকারি কর্মচারিবৃন্দ ও তাদের পরিবারবর্গ।

৫১। ৩,২৩৩ সাধারণ শয্যা এবং যক্ষ্মারোগীদের জন্য ৩০০ শয্যাবিশিষ্ট ১২টি কর্মচারী রাজ্যবিমা প্রকল্প হাসপাতালের পরিকাঠামোর মাধ্যমে বিমাকারী এবং তাদের পরিবারের সদস্যগণ অন্তর্বিভাগীয় চিকিৎসার সুযোগ পাচ্ছেন। এছাড়া রাজ্যের বিভিন্ন হাসপাতালে নিম্নরূপ শয্যা সংরক্ষিত আছে ঃ

(১) সাধারণ শয্যা .. ৩৬টি

(২) যক্ষ্মারোগীদের জন্য শয্যা .. ৫৩৪টি

(৩) ক্যান্সার রোগীদের জন্য শয্যা .. ২টি

(৪) মানসিক রোগীদের জন্য শয্যা .. ২টি

৫০০ শয্যাবিশিষ্ট মানিকতলা হাসপাতাল তার ৬ শয্যার আই. সি. সি. ইউনিট নিয়ে 'রেফারাল হাসপাতাল' হিসাবে কাজ করছে এবং হৃদরোগ, স্নায়ুরোগ, হৃদরোগের শল্য চিকিৎসার মতো জটিল বিষয়ের চিকিৎসার সুযোগ বিমাকারিদের কাছে পৌঁছে দিচ্ছে। ১৯৯৭ সালের পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগ বা পাবলিক সার্ভিস কমিশন-এর মাধ্যমে ১৫০ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার এবং বেশ কিছু সংখ্যক বিশেষজ্ঞ ডাক্তার পশ্চিমবঙ্গ রাজ্যবিমা প্রকল্পের মেডিক্যাল সার্ভিসে যোগ দিয়েছেন।

৫২। ১৯৯৭ সালের এপ্রিল মাসে শিয়ালদহে কর্মচারী রাজ্য বিমা হাসপাতালে আধুনিক চিকিৎসার সমস্ত বিষয়গুলি নিয়ে একটি সর্বাধুনিক নতুন বহির্বিভাগের উদ্বোধন করা হয়েছে। শিয়ালদহ, ব্যান্ডেল, বালটিকুরি এবং কামারহাটি কর্মচারী রাজ্যবিমা হাসপাতালগুলিতে মৃতদেহ সংরক্ষণের জন্য সর্বাধুনিক হিমঘর নির্মাণ করা হয়েছে। ১৯৯৭ সালের জুলাই মাসে ব্যান্ডেল হাসপাতালে ২৫টি অতিরিক্ত শয্যা চালু করা হয়েছে এবং স্থানীয় সাংসদের ফান্ডের সাহায্য নিয়ে ঐ হাসপাতালে একটি অ্যাম্বুলেন্স চালু করা হয়েছে। শিয়ালদহ এবং মানিকতলা হাসপাতালে একটি করে সেমি অটো অ্যানালাইসার বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। বজবজ হাসপাতালে একটি আলট্রা সাউন্ড মেশিন এবং ১টি ডিফাইব্রিলেটরসহ কার্ডিয়াক মনিটর এবং বেলুড় হাসপাতালে একটি ব্রংকোস্কোপ বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। বিমাকারী ও তাদের পরিবারবর্গকে বিশেষজ্ঞ চিকিৎসার সুযোগ স্থানীয়ভাবে দেওয়ার জন্য সমস্ত হাসপাতালগুলিতে আধুনিক এবং উন্নততর যন্ত্রপাতি বসিয়ে তাদের পরিকাঠামো যতটা সম্ভব উন্নত করার প্রচেষ্টা চালানো হচ্ছে।

৫৩। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে গত দু'বছর হল কর্মচারী রাজ্যবিমা প্রকল্প কর্পোরেশন দ্বারা সরাসরি পরিচালিত ঠাকুরপুকুর কর্মচারী রাজ্য বিমা হাসপাতাল পেশাগত রোগের প্রধান চিকিৎসাকেন্দ্র হিসাবে কাজ করছে। মানিকতলা হাসপাতালে পেশাগত রোগে আক্রান্তদের চিকিৎসার জন্য একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে। ঐ বোর্ড রোগীদের সম্বন্ধে ঠাকুরপুকুর হাসপাতাল বা অন্য কোনও ভাল হাসপাতালে পাঠানোর বিষয়ে মতামত দিতে পারেন। বেলুড় হাসপাতালে টি. বি. এবং ফুসফুসের রোগীদের জন্য অনুরূপ একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে এবং তারাই এই ধরনের রোগীদের সম্পর্কে দায়িত্ব পালন করেন।

৫৪। বিমাকারী এবং তাদের পরিবারের সদস্যদের বহির্বিভাগীয় চিকিৎসার সুবিধা পৌঁছে দেওয়ার জন্য এই প্রকল্পে ৩৫টি সার্ভিস ডিসপেন্সারি স্থাপন করা হয়েছে। এছাড়া সারা রাজ্যে বিমাকারী চিকিৎসকদের ১,২০০ ক্লিনিকের মাধ্যমেও বহির্বিভাগীয় চিকিৎসার ব্যবস্থা রয়েছে। গৌরহাটি এবং শ্রীরামপুরের হাসপাতলে দুইটি রোগ নির্ণয় কেন্দ্রসহ প্রকল্পাধীন এলাকার ৪৩০টি বিশেষজ্ঞ ক্লিনিকের মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসার সুযোগ রয়েছে। ই. এস. আই. হাসপাতালে সুযোগ নেই এমন কোনও বিশেষ ধরনের চিকিৎসার প্রয়োজন হলে বিমাকারিদের চিকিৎসার জন্য পাঠানো হয় ঐ ধরনের বিশেষ চিকিৎসার সুযোগ রয়েছে আমাদের রাজ্যের এমন সরকারি হাসপাতালে অথবা রাজ্যের বাইরে ক্রিশ্চিয়ান মেডিক্যাল কলেজ-ভেলোর, শঙ্কর নেত্রালয়—মাদ্রাজ, টাটা মেমোররিয়াল হাসপাতাল—মুম্বই, এবং এ. আই. এম. এস.— দিল্লি,-এর ন্যায় হাসপাতালে। ১৯৯৭ সালে ২৩টি হার্ট ভাল্ব এবং ৭৫টি পেসমেকার বিমাকারিদের দেওয়া হয়েছে। এই প্রকল্পে কানেশোনার যন্ত্র, দাঁত বাঁধানো, চশমা, অর্থোপেডিক এডস ইত্যাদিও বিমাকারী এবং তার পরিবারের সদস্যদের দেওয়া হয়েছে।

৫৫। ১০০ শয্যাবিশিষ্ট দুর্গাপুর ই. এস. আই. হাসপাতালের ভবন নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। কর্মিদের বাসস্থান এবং পয়ঃপ্রণালীর নির্মাণকাজও প্রায় শেষ হওয়ার মুখে। হাসপাতালটি খুব শীঘ্রই চালু হবে বলে মনে করা হচ্ছে। হাসপাতালটির নির্মাণকাজে বিলম্ব হওয়ার ফলে ঐ এলাকার বিমাকারিদের যে অসুবিধা ভোগ করতে হচ্ছে তার জন্য আমি আন্তরিক ভাবে দুঃখ প্রকাশ করছি। গড়—শ্যামনগরে ১০০ শয্যাবিশিষ্ট একটি হাসপাতাল স্থাপনের পরিবর্তিত নক্সা ই. এস. আই., কর্পোরেশন অনুমোদন করেছেন। হলদিয়াতে একটি ই. এস. আই. হাসপাতাল নির্মাণ, শিলিগুড়ি সরকারি হাসপাতালে বেশ কিছু শয্যা এই প্রকল্পের বিমাকারিদের জন্য সংরক্ষিত করার প্রস্তাব, রাজ্য সরকার এবং ই. এস. আই. কর্পোরেশনের বিবেচনাধীন আছে।

৫৬। মানিকতলা ই. এস. আই. হাসপাতালে কর্মচারী রাজ্যবিমা চিকিৎসা সংক্রান্ত সুবিধা প্রকল্পের নিজস্ব একটি ব্লাড ব্যাঙ্ক আছে। একটি অ্যাম্বুলেন্সের সুবিধা সম্বলিত এই ব্লাড ব্যাঙ্কটি রক্তদান শিবিরের মাধ্যমে সারা বৎসর ধরে নিরাপদ রক্ত সংগ্রহের কাজ করে আসছে। ব্লাড ব্যাঙ্কটি দিবারাত্র খোলা রেখে ই. এস. আই. হাসপাতালগুলিতে রক্ত সরবরাহ করা হয়। এলিজা টেস্টের মাধ্যমে এইডস রোগের এইচ. আই. ভি. ভাইরাস রক্তে আছে কি না তা দেখবার প্রয়োজনীয় ব্যবস্থা এই ব্লাড ব্যাঙ্কে রয়েছে।

৫৭। মানিকতলা হাসপাতালের পিছনে একটি নতুন ব্লকে নার্স প্রশিক্ষণকেন্দ্র চালু রয়েছে। প্রতি বৎসরে ৩০ জন প্রার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়। আরও বেশি সংখ্যক নার্সকে প্রশিক্ষণের আওতায় আনার জন্য পরিকাঠামো বাড়ানোর পরিকল্পনা নেওয়া

হয়েছে। অন্যান্য হাসপাতালগুলিতে বহির্বিভাগের প্রশিক্ষণ নেওয়ার সুবিধার্থে ট্রেনি নার্সদের ব্যবহারের জন্য একটি নতুন বাস ঐ ট্রেনিং সেন্টারে দেওয়া হয়েছে।

৫৮। ১৯৯৮ সালের শেষ নাগাদ ই. এস. আই. ডাইরেক্টরেটের এবং সেন্ট্রাল মেডিক্যাল স্টোরস-এর প্রশাসনিক ভবন সম্পূর্ণ হবে। নতুন ভবনে স্থানান্তরের পর ডাইরেক্টরেটের সমস্ত কাজ কম্পিউটার ব্যবস্থার মাধ্যমে করার পরিকল্পনা নেওয়া হয়েছে। মানিকতলা হাসপাতালে চার শয্যাবিশিষ্ট ডায়ালিসিস ইউনিট বসানো, ঐ হাসপাতালে সি. টি. স্ক্যান সেন্টার বসানো, যক্ষ্মারোগীদের বেলুড় হাসপাতাল থেকে ছাড়া পাবর পর পরবর্তী পর্যায়ের চিকিৎসার জন্য একটি ক্লিনিক স্থাপনের প্রস্তাব কর্মচারী রাজ্য বিমা কর্পোরেশনের কাছে বিবেচনার জন্য পাঠানো হয়েছে।

৫৯। কামারহাটিতে একটি এবং হুগলি জেলার কুন্তিঘাটে একটি—মোট দুটি সার্ভিস ডিসপেন্সারি খোলার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। কর্মচারী রাজ্য বিমা কর্পোরেশনের কাছে শিয়ালদহের হাসপাতালের বহির্ভিভাগ ভবনের দ্বিতীয় ও তৃতীয় তলের সংস্কারের জন্য প্রস্তাব দেওয়া হয়েছে।

৬০। টেন্ডার নির্বাচন কমিটি দ্বারা নির্ধারিত ৫০৯ রকম ওষুধের মধ্যে থেকে যতরকমের ওষুধ প্রয়োজন, কেন্দ্রীয় মেডিক্যাল স্টোর্স তা কেনেন। উপরোক্ত ওষুধগুলি ৫২টি রাজ্য বিমা ঔষধালয় এবং ৩৫টি সার্ভিস ডিসপেন্সারির মাধ্যমে বিমাকারিদের দেওয়া হয়। এই রাজ্যে কর্মচারী রাজ্যবিমার স্থায়ী সমিতির চেয়ারম্যান শ্রীরবীন মুখার্জি মহাশয় এবং অন্যান্য সদস্যদের এই কর্মচারী রাজ্যবিমা প্রকল্প কর্মসূচি রূপায়ণের প্রয়োজনীয় পরামর্শ ও সাহায্য দেওয়ার জন্য আমরা আন্তরিক ধন্যবাদ জানাই।

৬১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, পাটশিল্প এবং অন্যান্য শিল্পের বহু কর্মচারী বন্ধুগণ তাদের বেতন থেকে বিমার চাঁদা কেটে নেওয়া সত্ত্বেও এই প্রকল্পের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। কারণ ঐ চাঁদা মালিকদের দেয় অংশসহ কর্মচারী রাজ্য বিমা কর্পোরেশনের কাছে জমা পড়ছে না। সাধারণ রাজস্ব আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাসহ ইন্ডিয়ান পেনাল কোড এবং ই. এস. আই. অ্যাক্টের বিভিন্ন ধারার মাধ্যমে খেলাপি মালিকদের কাছ থেকে বকেয়া আদায়ের জন্য কর্মচারী রাজ্যবিমা কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন।

**প্রশিক্ষণ**

৬২। বাঁকুড়ার ছাতনায় এবং বালুরঘাটে একটি করে নতুন আই. টি. আই. স্থাপিত হয়েছে। চলতি শিক্ষাবর্ষে টালিগঞ্জ, সিউড়ি এবং শিলিগুড়ির আই. টি. আই.-গুলিতে

প্লাস্টিক প্রসেসিং অপারেটর ট্রেডে প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে। কলকাতা, উত্তর ২৪-পরগনা, বর্ধমান এবং শিলিগুড়িতে মহিলাদের জন্য নির্দিষ্ট চারটি আই. টি. আই.-তে ডাটা প্রস্তুতি, কম্পিউটার সফটওয়ার, ইলেক্ট্রনিকস মেকানিকস, মেকানিক (রেডিও. টি. ভি.) সেক্রেটারিয়াল প্র্যাকটিস, ড্রেস মেকিং এবং হেয়ার ও স্কিন কেয়ার প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে।

৬৩। জয়েন্ট এন্ট্রাস পরীক্ষার মাধ্যমে বিভিন্ন আই. টি. আই.-গুলিতে শিক্ষার্থীদের ভর্তির কাজটি শিবপুর বি. ই. কলেজের (ডিমড ইউনিভার্সিটি) উপর ন্যস্ত করা হয়েছে।

৬৪। শিলিগুড়িতে মহিলাদের জন্য নির্দিষ্ট আই. টি. আই.-এর নতুন ভবন নির্মাণ কাজটি সমাপ্ত হয়েছে এবং এই নতুন ভবনে প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। আলিপুরদুয়ারে নতুন আই. টি. আই. প্রতিষ্ঠানের নির্মাণকার্য প্রায় সমাপ্তির মুখে। আমতলা আই. টি. আই. প্রতিষ্ঠানের নির্মাণ কাজ এগিয়ে চলেছে।

৬৫। আগামী ১৯৯৮-৯৯ শিক্ষা বর্ষ থেকে আলিপুরদুয়ার এবং বালুরঘাটে একটি ভাড়া বাড়িতে নতুন আই. টি. আই. চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ঐ আই. টি. আই.-য়ে রেডিও এবং টিভি সার্ভিসিং এবং ইলেক্ট্রনিক্স পাওয়ার অ্যাপ্লায়েন্স-এ স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স চালু করা হবে।

৬৬। ১৯৯৭-৯৮ বর্ষে ১৯৬১-র শিক্ষানবীশ আইন অনুযায়ী বিভিন্ন সংস্থায় ৫,২৬৬ জন শিক্ষানবীশ নিযুক্ত করা হয়েছিল।

৬৭। আই. টি. আই.-গুলির উন্নতি সাধনের জন্য ১৯৯৮-৯৯ আর্থিক বছরে রাজ্য পরিকল্পনা খাতে মোট ৪ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে।

৬৮। রাজ্য সরকার এই রাজ্যে শিল্পায়নের জন্য কতকগুলি ইতিবাচক পদক্ষেপ নিয়েছেন। এই রাজ্যে আমাদের দক্ষ এবং সুশৃঙ্খল শ্রমিক আছেন। শিল্প বিনিয়োগকারিদের আকৃষ্ট করার জন্য অন্যান্য প্রয়োজনীয় পরিকাঠামোগত সুযোগ-সুবিধাগুলিও এই রাজ্যে পর্যাপ্ত। এই রাজ্যে রুগ্নশিল্পগুলিকে সাহায্য করার জন্য রাজ্য সরকার সুযোগ-সুবিধাগুলিও এই রাজ্যে শিল্পায়ন দ্রুত গতিতে এগিয়ে যাবে। আমরা এও আশা করি যে, রুগ্ন এবং পুরাতন শিল্পগুলির পুনরুজ্জীবনসহ এই রাজ্যে শিল্পায়ন প্রচেষ্টায় শ্রমিক-কর্মচারিরা সক্রিয়ভাবে সহযোগিতা করবেন। শ্রমিকদের উৎপাদন ও উৎপাদনশীলতার মান শ্রমিক ও মালিক পক্ষের মধ্যে একটি ক্রমাগত বিরোধের বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমরা আশা করি পরিচালন কর্তৃপক্ষ এবং ট্রেড ইউনিয়নগুলির পারস্পরিক আলোচনার মাধ্যমে এই বিষয়টি মীমাংসা করা যাবে।

*৬৯। মহাশয়, আমাদের আশঙ্কা যে, আগামী দিনে শ্রমিক-কর্মচারিরা আরও প্রতিকূল অবস্থার সম্মুখীন হতে পারেন। এই পরিস্থিতিতে দেশের জনসাধারণের বিশেষ করে এই* রাজ্যের ও নিজেদের স্বার্থ রক্ষার্থে শ্রমিক-কর্মচারিদের ঐক্যবদ্ধ ভাবে সংগ্রাম চালিয়ে যেতে হবে। আগের মতো রাজ্যের বামফ্রন্ট সরকার সর্বদাই শ্রমিক-কর্মচারিদের পাশে দাঁড়াবেন।

মাননীয় মহাশয়, এই বক্তব্য রেখে আমি এই সভায় আমার প্রস্তাব গ্রহণ করার জন্য পেশ করছি।

## DEMAND No. 40

### Major Heads : 2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,37,33,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)".

(This is inclusive of a total sum of Rs. 13,79,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Kanti Biswas on Demand No. 40 laid on the Table was taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে ১৯৯৮-৯৯ আর্থিক বছরের নিমিত্তে ৪০নং দাবির অধীন মোট ৪১,৩৭,৩৩,০০০ (একচল্লিশ কোটি সাঁইত্রিশ লক্ষ তেত্রিশ হাজার) টাকার ব্যয়-বরাদ্দের দাবি আমি মঞ্জুরির জন্য উপস্থিত করছি। এই দাবির মুখ্য খাতগুলি হল "২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (পুনর্বাসন)" এবং "৬২৩৫—সামাজিক নিরাপত্তা—কল্যাণের জন্য ঋণ (পুনর্বাসন)"। "ভোট অন অ্যাকাউন্ট"-এ উপস্থাপিত মোট ১৩,৭৯,০০,০০০ (তের কোটি উনআশি লক্ষ) টাকাও এর মধ্যে ধরা হয়েছে।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপরোক্ত দাবি মঞ্জুরির উদ্দেশ্যে এই সভার অনুমতি

প্রার্থনা করতে গিয়ে পশ্চিমবঙ্গে শরণার্থীদের পুনর্বাসন সমস্যার একটি মূল্যায়ন করার চেষ্টা করব এবং বামফ্রন্ট সরকার এই জাতীয় ও মানবিক সমস্যা সমাধানকল্পে কিভাবে প্রচেষ্টা করে চলেছে তারও একটা বর্ণনা দেব।

৩। ব্রিটিশ শাসনের শৃঙ্খল থেকে ভারতবর্ষ ১৫-৮-৪৭ তারিখে মুক্তি পেয়ে স্বাধীন হল। কিন্তু দেশকে এই কষ্টার্জিত স্বাধীনতার জন্যে প্রভূত মূল্য দিতে হয়েছিল—আমাদের মাতৃভূমিকে নিকৃষ্টতম অঙ্গচ্ছেদের কবলে পড়তে হয়েছিল। ভারতবর্ষের দ্বিখণ্ডীকরণ বাংলার, বিশেষ করে পূর্ব বাংলার (অধুনা বাংলাদেশের) জনগোষ্ঠীর ওপর নেমে আসা একটি নির্মম অভিশাপ।

৩.১। তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে মানুষের আগমন শুরু হয়েছিল ১৯৪৬ সাল থেকেই অর্থাৎ দেশভাগের আগে থেকেই। তখন নোয়াখালি হাঙ্গামায় ৫৮,০০০ ক্ষতিগ্রস্ত মানুষ এপার বাংলায় চলে এসেছিলেন। সেটা ছিল উদ্বাস্তুদের অর্থাৎ তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীদের কষ্টের শুরু। ১৯৪৭-এর আগস্ট থেকে ১৯৪৯-এর শেষ পর্যন্ত শরণার্থীদের সংখ্যা দাঁড়ায় ১২.৮০ লক্ষে। ১৯৫০ সালে আরও ১২ লক্ষ গৃহহীন মানুষ এ রাজ্যে চলে এলেন। সাম্প্রদায়িক হাঙ্গামা যখন তুঙ্গে, তখন অর্থাৎ ১৯৫০ সালে নেহরু-লিয়াকত চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির প্রধান উদ্দেশ্য ছিল চলে আসা মানুষগুলোর পূর্ব পাকিস্তানে ফিরে যাওয়া ত্বরান্বিত ও সহজসাধ্য করা যাতে করে সরকারকে এই সব মানুষের পুনর্বাসনের ব্যবস্থার ঝামেলা নিতে না হয়। এই চুক্তির শর্ত অনুযায়ী পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুরা যে ভূ-সম্পত্তি ওই দেশে ফেলে এসেছিলেন, তার ওপর তাদের অধিকার থাকবে। কিন্তু বস্তুতপক্ষে ওই অধিকার শুধুই কাগুজে অধিকার ছিল, কারণ একজন শরণার্থীও ওই অধিকার প্রয়োগ করতে পারেননি। অতএব, শরণার্থীরা ভারতবর্ষেই থেকে গেলেন, যদিও পুনর্বাসন পরিকল্পনা অনুপস্থিতি, অস্বাস্থ্যকর পরিবেশ, ক্যাম্পজীবনের অনিশ্চয়তা, প্রয়োজনীয় কেন্দ্রীয় অনুদানের অভাব আর এই গৃহহারা মানুষগুলোর যা সবচেয়ে প্রয়োজন সেই সহানুভূতির অভাব—এ রকম প্রতিবন্ধকতা তো ছিলই।

৩.২। ক্রমশ পূর্ব বাংলা থেকে শরণার্থীদের আগমন বাড়তে থাকে। ১৯৭৩ সালে পশ্চিমবাংলায় শরণার্থীদের সংখ্যা ছিল ৫৮ লক্ষ। উদ্বাস্তু পুনর্বাসন কমিটি (আর আর কমিটি)-র হিসেব অনুযায়ী ১৯৮১ সালে এদের সংখ্যা ৮০ লক্ষ ছিল। বর্তমানে, আমাদের রাজ্যে শরণার্থীদের সংখ্যা মোট ৬.৮৭ কোটি জনসংখ্যার ১/৬ ভাগ।

৩.৩। ১৯৪৮ সালে তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীরা তদের নিজস্ব পুনর্বাসন তদারকি করার মানসে "সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ" (ইউ. সি.

আর. সি.) নামে একটি সংগঠন তৈরি করেন। শরণার্থীরা তাদের নিজস্ব বাড়ি তৈরি করার মানসে ফাঁকা জমি দখল করতে শুরু করেন। প্রথমে যে তিনটি কলোনি তারা নিজেরাই স্থাপন করেন, সেগুলো হল ঃ (১) সোদপুরে দেশবন্ধুনগর, (২) নৈহাটিতে বিজয়নগর আর (৩) যাদবপুরে বিজয়গড়। এই তিনটি কলোনি ১৯৪৯ সালে স্থাপিত হয়েছিল আর এগুলো একটা কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিল, যাকে ঘিরে প্রচুর সংখ্যক শরণার্থী, যাদের ইতিমধ্যে জবরদখলকারি বলে চিহ্নিত করা হয়েছে, তদের বাঁচার সংগ্রাম শুরু করেন। চারিদিকে কলোনি গড়ে উঠতে থাকে; কিন্তু সরকারি সহায়তা ছাড়াই। সেই কলোনিগুলো বেশির ভাগই উষর, পতিত, জলা, নিচু এবং জঙ্গল-অধ্যুষিত জমিতে গড়ে ওঠে। এই জবরদখলকারিদের বিভিন্ন প্রতিকূলতার সঙ্গে সংগ্রাম করতে হয়, যাদের মধ্যে অন্যতম হল বিরোধী ভূস্বামিরা, যারা এইসব জমিতে অনুপ্রবেশকারিদের উৎখাত করতে সদা সচেষ্ট ছিলেন।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুনর্বাসনের ব্যাপারে দুটো পরস্পরবিরোধী দৃষ্টিভঙ্গি তুলে ধরার অনুমতি চাইছি। ১৯৫৯ সালের মধ্যে পশ্চিম পাকিস্তান থেকে আগত শরণার্থীদের পুনর্বাসন প্রায় সম্পূর্ণ হয়ে গিয়েছিল। পশ্চিম পাকিস্তান থেকে ৪৯.৪০ লক্ষ শরণার্থী এদেশে আসেন। তাদের পুনর্বাসনের সমস্যা ১২ বছরের মধ্যে সমাধান করা হল, আর সেখানে পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের সমস্যা চলতেই থাকে। কেবলমাত্র ১৯৫৫ সালের কোনও এক সময় এবং তারপরই শুধু ভারত সরকার পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুদের বিরাট সমস্যা সমাধানের কথা চিন্তা করতে থাকে। কিন্তু তার মধ্যেই ক্ষতি যা হবার হয়ে গেছে। ক্রমাগত অবহেলার ফলেই পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তান থেকে আগত শরণার্থীদের প্রাপ্ত পুনর্বাসন-সংক্রান্ত সুযোগ-সুবিধার ক্ষেত্রে পার্থক্য লক্ষ্য করা গেছে। এই বৈষম্যের কিছু কিছু নমুনা এখানে দেওয়া হল ঃ

(১) পশ্চিম পাকিস্তান থেকে আগত ১০.০৩ লক্ষ শরাণার্থী পরিবার কিছুটা যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ হিসেবে ৩১-৩-৭১ তারিখ পর্যন্ত ১৯১.১৬ কোটি টাকা পেয়েছিলেন আর এতে ৪৭.৪৩ লক্ষ উদ্বাস্তু তাদের নিজের দেশে ফেলে আসা সম্পত্তির জন্যে ক্ষতিপূরণ পেয়েছেন। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুরা এ সুযোগ পাননি।

(২) পশ্চিম পাকিস্তান থেকে আগত শরণার্থীদের পুনর্বাসনের জন্যে ভারত সরকার ১ লক্ষ ৬৬ হাজার বসতবাটি নির্মাণ করে দেয়। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীদের জন্যে অত্যন্ত সীমিত সংখ্যায় এ ধরনের বসতগৃহ নির্মাণ করা হয়েছিল।

(৩) পশ্চিম পাকিস্তান থেকে আগত শরণার্থীদের পুনর্বাসনের জন্যে ভারত সরকার ১৯টি নতুন পুরোদস্তুর উপনগরী গড়ে দিয়েছিল। তার ওপর জল সরবরাহ, পয়ঃপ্রণালী, বিদ্যুৎ ইত্যাদি আদুনিক নাগরিক সুবিধাযুক্ত ৩৬টি স্বয়ং সম্পূর্ণ কলোনি তৈরি করা হয়েছিল বর্তমান নগর ও শহরের উপকণ্ঠ হিসেবে।

(৪) ভারত সরকার পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের অস্থাবর সম্পত্তির জন্যে ক্ষতিপূরণ দিয়েছে। ঠিকাদারের বিল, বায়না, জামানত, আমানত, ভবিষ্যনিধি, বেতন, বৃত্তি ইত্যাদি বাবদ ক্ষতিপূরণ দেওয়ার জন্যে ভারত সরকার "কেন্দ্রীয় দাবিপূরণ সংস্থা" (সি. সি. ও.) নামে একটি অফিস স্থাপন করে। কিন্তু পূর্ব পাকিস্থান থেকে আগত উদ্বাস্তুদের সি. সি. ও.-র আওতা থেকে বাইরে রাখা হয়, আর তারা ওপারে যে অস্থাবর সম্পত্তি ফেলে এসেছিলেন, তার জন্যে তাদের কোনও ক্ষতিপূরণ দেওয়া হয়নি।

(৫) ভারত সরকার পশ্চিম পাকিস্তান থেকে আগত ২ লক্ষ ৮৪ হাজার উদ্বাস্তুকে চাকরি দিয়েছে। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে এই সংখ্যা শুধুই ১ লক্ষ ১০ হাজার।

(৬) পশ্চিম পাকিস্তান থেকে আগত শরণার্থীর ক্ষেত্রে পেশাগত ঋণের পরিমাণ ছিল জনপ্রতি ৩০০০ টাকা আর পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীর ক্ষেত্রে এই পরিমাণ ছিল মাত্র ১,৫০০ টাকা।

(৭) ১৯৭৩ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিম পাকিস্তান থেকে আগত ৪৭ লক্ষ ৪০ হাজার শরণার্থীদের প্রত্যক্ষ পুনর্বাসনের জন্যে মোট ৪৫৬ কোটি টাকা খরচ করা হয়েছিল। আর সেখানে ওই একই সময় পর্যন্ত পূর্ব পাকিস্তান থেকে আগত ৫৮ লক্ষ শরণার্থীর জন্যে খরচের পরিমাণ ৮৫ কোটি টাকা।

৪। আমার বিশ্বাস, ওপরে যে তথ্যগুলো দেওয়া হয়েছে, তাতে আমার এই প্রত্যয়কে বিশ্বাসযোগ্য করে তুলেছে যে, পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীদের ভাগ্যে যে বঞ্চনা জুটেছে তা হৃদয়বিদারি। সুতরাং এটা একান্তই স্বাভাবিক যে, স্বাধীনতা লাভের ৫০ বছর পরেও এ রাজ্যে উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যা উপরোক্ত কারণে এখনও অমীমাংসিত থেকে গেছে।

৫। ১৯৬০ সালে ভারত সরকার মনে করল যে, পূর্ব পাকিস্তান থেকে আগত

শরণার্থীদের অবশিষ্ট সমস্যাগুলো সমাধানের জন্যে ২১ কোটি ৮০ লক্ষ টাকার প্রয়োজন হবে। এটা ছিল অত্যন্ত ভ্রান্ত ধারণা। যখন মূল সমস্যা অমীমাংসিত থেকে গেল, তখন "অবশিষ্ট" সমস্যার প্রশ্ন কিছুতেই ওঠে না। এটা হচ্ছে মূল সমস্যা থেকে দৃষ্টি অন্যত্র সরিয়ে দেওয়া।

৬। ১৯৬৭ সালে পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর রাজ্য সরকার এ রাজ্যে উদাস্তু পুনর্বাসনের কাজ সম্পূর্ণ করার জন্যে কেন্দ্রের কাছ থেকে ২৫০ কোটি টাকা দাবি করে। ১৯৭৩ সালে ১৫০ কোটি টাকা ব্যয় করার প্রস্তাবসহ একটি "মাস্টার প্ল্যান" পেশ করে। কিন্তু ভারত সরকার ওই মাস্টার প্ল্যান বিবেচনা করতে অসম্মত হয়। উদ্বাস্তু কলোনিগুলোর পরিকাঠামোগত উন্নয়নের খাতে ওই মাস্টার প্ল্যানে ৩১ কোটি টাকার প্রস্তাব ছিল। কিন্তু ঐ টাকাও মঞ্জুর করা হয়নি। আগেই বলা হয়েছে যে, শরণার্থীরা নিজেরাই কিছু কলোনি গড়ে তোলেন। অবস্থার চাপে পড়ে সরকারও কিছু কলোনি গড়ে। কিন্তু কলোনি গড়ে তোলেন। অবস্থার চাপে পড়ে সরকারও কিছু কলোনি গড়ে। কিন্তু প্রথম শ্রেণীর কলোনির সংখ্যা শেযোক্ত শ্রেণীর চেয়ে অনেক বেশি। তবুও সরকার ওই কলোনিগুলোকে নিয়মিত করল না আর শরণার্থীরা ওই সব কলোনিতে অনিশ্চিত ভবিষ্যতের মধ্যে কালযাপন করছিলেন।

৭। অবশেষে ১৯৭৪ সালের মে মাসে ভারত সরকার জবরদখলকারিদের লিজ দলিল প্রদানে সম্মত হয়। নিঃশর্ত দলিল পাওয়ার জন্য শরণার্থীদের আরও এক দশকের বেশি সময় অপেক্ষা করতে হয়েছিল। বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসে, তারপর থেকেই শরণার্থীদের সংগ্রামে রাজ্য সরকারের পুরো সমর্থন আসতে থাকে। অবশেষে ১৯৮৬ সালের নভেম্বর মাসে নিঃশর্ত দলিল দেওয়ার জন্য রাজ্য সরকারের চাপের কাছে কেন্দ্রীয় সরকার নতি স্বীকার করে।

৮। আগেই বলা হয়েছে, ১৯৪৯ সাল থেকে কলোনিগুলোর পত্তন হতে থাকে। ১৯৭৬ সাল অবধি ১৪৯টি প্রাক-১৯৫১ পর্যায়ের কলোনির নিয়মিতকরণ হয়। ১৯৭৮ সালে ১৭৫টি ১৯৫০—পরবর্তী কলোনি নিয়মিত করা হয়। ১৯৮৭ সালে ভারত সরকার ৬০৭টি ১৯৫০—পরবর্তী কলোনি নিয়মিত করে। এভাবে নিয়মিতকরণের প্রক্রিয়ায় ৯৩১টি জবরদখল কলোনি নিয়ে আসা হয়। সমস্ত কলোনির মোট সংখ্যা ২৬১৭।

৯। ১৯৭৭ সালে কেন্দ্রে যখন জনতা সরকার আর পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে, তখন, অর্থাৎ ১৯৭৮ সালে ডিসেম্বর মাসে তৎকালীন সাংসদ শ্রী সমর মুখার্জির সভাপতিত্বে উদ্বাস্তু পুনর্বাসন কমিটি তৈরি হয়। ওই কমিটি ৭৫০ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব পেশ করে। কিন্তু জবরদখল কলোনি নিয়মিতকরণ ছাড়া কমিটির অন্য কোনও সুপারিশ ভারত সরকার মেনে নেয়নি।

১০। ১৯৭৬ সালে ভারত সরকার একটি কর্মগোষ্ঠী (Working Group) গঠন করে। ওই কর্মগোষ্ঠী সি. এম. ডি. অঞ্চল ও ওই অঞ্চলের বাইরে অবস্থিত কলোনিগুলোর উন্নয়নের জন্যে খরচের সীমারেখা সুপারিশ করে। কিন্তু যোজনা পর্যৎ খরচের সীমা সি. এম. ডি. অঞ্চলের জন্যে প্লটপিছু ৪,৫৬০ টাকা থেকে ২,৫০০ টাকায় নামিয়ে আনে আর সি. এম. ডি. অঞ্চলের বাইরে অবস্থিত কলোনির জন্যে ২,৭০০ টাকা থেকে ১,৭০০ টাকায় অবনমন করে। কর্মগোষ্ঠী ১,০০৮টি কলোনিতে অবস্থিত ১,৭০,২৬০টি প্লটের উন্নয়নের জন্যে ৫২.৩৪ কোটি টাকার সুপারিশ করে। কিন্তু ১২.০১ কোটি টাকায় ৫৯,০০০টি প্লটের উন্নয়ন করা গেছে। কারণ উন্নয়নের খরচের সীমা কোনও অর্থবহ উন্নয়ন কাজের জন্যে খুবই সামান্য।

১১। ২৩-৪-৯২ তারিখে পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভা থেকে প্রথম সর্বদলীয় প্রতিনিধিদল তৎকালীন নগর উন্নয়নের কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতী শীলা কলের সঙ্গে দেখা করেন এবং ৬০৭টি ১৯৫০—পরবর্তী জবরদখল কলোনি, গ্রামীণ, ক্ষুদ্র, বেসরকারি ব্যায়নানামা ইত্যাদি কলোনির অন্তর্ভূক্ত ২,৫০,০০০ প্লটসম্বলিত কলোনিগুলোর উন্নয়নের জন্যে ৪০০ কোটি টাকা দাবি করেন। ১,৭০,২৬৯টি প্লটের মধ্যে ১,০৩,১৫৭টি প্লট শহরাঞ্চলে আর ৬৭,১১২টি প্লট গ্রামাঞ্চলে অবস্থিত। শুধুমাত্র ৫৯,০০০টি শহরাঞ্চলের প্লটের উন্নয়ন হয়েছে, শহরাঞ্চলের ৪৪,০০০-এর বেশি প্লটের উন্নয়ন এখনও বকি। ভারত সরকার গ্রামাঞ্চলের কোনও প্লটের উন্নয়নের জন্যে টাকা বরাদ্দ করতে রাজি হয়নি।

১২। ১৯৯২ সালের জুন মাসে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ১৭২৬.৫০ কোটি টাকা দাবি করে একটি "গুচ্ছ প্রস্তাব" প্রেরণ করে। যে সব প্রধান খাতে অর্থ সাহায্য চাওয়া হয়েছে, তা নিচে দেওয়া হল ঃ

(১) কলোনিগুলোর নিয়মিতকরণ
(ব্যাক্তিমালিক ও কেন্দ্রীয় সরকারের বিভাগগুলোকে দেয়) ২৩.২২ কোটি টাকা

(২) কলোনিগুলোর নিয়মিতকরণ
(স্থানীয় সংস্থা ও অন্যান্য সংস্থাকে দেয়) ১৫ কোটি টাকা

(৩) কলোনিগুলোর নিয়মিতকরণ
(রাজ্য সরকারের জমির দেয়) ১৩৭ কোটি টাকা

(৪) কলোনি উন্নয়ন ৪০০ কোটি টাকা

(৫) অর্থনৈতিক পুনর্বাসন ১১৫০ কোটি টাকা

১৩। ৬-৪-১৯৯৪ তারিখে শ্রী সমর মুখার্জির নেতৃত্বে একটি প্রতিনিধিদল তৎকালীন প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেন। ওই প্রতিনিধিদলে শ্রী সোমনাথ চট্টোপাধ্যায়, স্বর্গত চিত্ত বসু, শ্রী ইন্দ্রজিৎ গুপ্ত ও আমার পূর্বসূরি ছিলেন। তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে শরণার্থীদের চূড়ান্ত পুনর্বাসনের জন্যে ওই প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কাছে ১৭২৬ কোটি টাকার সংস্থান করার জন্যে অনুরোধ করেন। কিন্তু রাজ্যের মুখ্য সচিবের কাছে একটি চিঠি লিখে তৎকালীন কেন্দ্রীয় গৃহসচিব এই মর্মে কেন্দ্রের সিদ্ধান্তের কথা জানান যে, শরণার্থীদের পশ্চিমবঙ্গে প্রয়োজনীয় পুনর্বাসন দেওয়া হয়েছে আর সেই জন্যই তাঁদের এ রাজ্যের জনগোষ্ঠীর মূলস্রোতের সঙ্গে মিশে গেছেন বলে ধরে নেওয়া হয়েছে, ফলতঃ প্রসঙ্গটি এই স্তরে আর উত্থাপন করা সম্ভব নয়।

১৪। তারপর, ২৩-৬-১৯৯৪ তারিখে পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভা সর্বসম্মতিক্রমে তৎকালীন প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় অর্থমন্ত্রী, যোজনা পর্ষদের উপাধ্যক্ষের সঙ্গে দেখা করে পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের ক্ষেত্রে যেমন হয়েছিল, এ রাজ্যে উদ্বাস্তু পুনর্বাসন সমাধানকল্পে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য একটি সর্বদলীয় প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত নেয়। তদনুযায়ী ১৯৯৪ সালের জুলাই মাসে ওই প্রতিনিধিদল তৎকালিন প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী ও যোজনা পর্ষদের উপাধ্যক্ষের সঙ্গে দেখা করেন।

১৫। ওপরে বর্ণিত এতসব প্রচেষ্টা সত্ত্বেও কেন্দ্রকে অবস্থার সার্বিক পর্যালোচনার প্রয়োজনীয়তার জন্যে প্রত্যয়ী করা যায়নি। অবশ্য প্লট প্রতি ১৭,৭৭৭ টাকা হিসেবে ৪৪,০০০টি শহরাঞ্চলের প্লটের উন্নয়নের জন্যে ৭৮ কোটি ২৭ লক্ষ টাকার একটি প্রকল্প কেন্দ্র মঞ্জুর করে। কিন্তু এই সংখ্যা ১৯৯২ সালের এপ্রিল মাসে সর্বদলীয় প্রতিনিধিবৃন্দের পেশ করা স্মারকলিপিতে বর্ণিত ২,৫০,০০০টি প্লটের চেয়ে অনেক কম। কেন্দ্রীয় আর্থিক সহায়তায় উন্নয়নের আওতা থেকে গ্রামীণ কলোনি ও ৬০৭টি ১৯৫০-পরবর্তী কলোনির অন্তর্গত প্রায় ৭০,০০০টি প্লট বাদ দেওয়া হয়।

১৬। ইতিমধ্যে ১৯৯৬ সালে কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়। আমরা কেন্দ্রীয় সরকারকে গ্রামীণ কলোনি ও ৬০৭ গুচ্ছের অন্তর্গত কলোনিগুলোর উন্নয়নের জন্যে আর্থিক সহায়তা দিতে অনুরোধ করেছি। ১৯৯৫ সালের নভেম্বর মাসে রাজ্য মন্ত্রিসভা ৯৯৮ গুচ্ছের কলোনিগুলোকে স্বীকৃতিদান করে আর যে সব পরিবার সরকারি এবং / অথবা খাস / সরকারে ন্যস্ত জমিতে বসবাস করেন, তাঁদের দলিল দেওয়ার সিদ্ধান্ত নেয়। ৯৯৮টি জবরদখল কলোনিকে স্বীকৃতিদানের জন্যে আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছিলাম। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের প্রস্তাবে সম্মত হতে তাদের অক্ষমতার কথা জানিয়েছে। ভারত সরকারের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার জন্যে মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে ১৯৯৭ সালের নভেম্বর মাসে অনুরোধ করেন। বিষয়টি

পুনর্বিবেচনার কোনও ইতিবাচক ইঙ্গিত ভারত সরকারের কাছ থেকে এখনও আসেনি।

১৭। কেন্দ্রীয় আর্থিক সহায়তায় যে সব কলোনির উন্নয়ন করা যায়নি, যে সব কলোনি রাজ্য সরকারের আর্থিক সহায়তায় উন্নয়ন করার মানসে রাজ্য সরকার গত বছর বাজেটে ৬ কোটি টাকার সংস্থান রাখে। সেই সংস্থান থেকে প্রায় ২ কোটি টাকা আমরা গাঙ্গুলিবাগান টেনামেন্ট প্রকল্পে মনুষ্যবাসে অনুপযোগী বাড়িগুলো ভেঙে ফেলার পর যে প্লটগুলো বেরুবে, সেগুলোর উন্নয়নের জন্যে আর ওই বাড়িগুলোর উপযুক্ত বাসিন্দাদের দেয় গৃহনির্মাণ ঋণ মঞ্জুর করেছি। রাজ্য সরকারের আর্থিক সহায়তায় কোচবিহার ও জলপাইগুড়ি জেলার কলোনিগুলোর উন্নয়নের জন্যে আমরা অর্থ মঞ্জুর করছি। কলোনির উন্নয়নের জন্যে এ বছর রাজ্য সরকার ১০ কোটি টাকার সংস্থান রাজ্য বাজেটে রেখেছে। তা ছাড়া কলোনিতে শিল্প স্থাপনের সঙ্গে যুক্ত পরিকাঠামো উন্নয়নে অপেক্ষাকৃত বড় প্রকল্পগুলির জন্য পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগম থেকে আরও ১০ কোটি টাকার সংস্থান থাকছে।

১৮। অশক্ত, অসমর্থ ও বৃদ্ধা নারীদের আশ্রয় ও রক্ষণ অনুদান দেওয়ার জন্যে এ রাজ্যে পি এল ক্যাম্প রয়েছে। এই সব মহিলার মধ্যে অনেকের সন্তান রয়েছে, আবার অনেকে নিঃসন্তান। বর্তমানে রাজ্যে ৯টি এ ধরনের ক্যাম্প রয়েছে। এই ক্যাম্পগুলো নদীয়া, উত্তর চব্বিশ-পরগনা ও হুগলি জেলায় অবস্থিত। সরকার ৬টি ক্যাম্প তুলে দিয়ে ৩টি ক্যাম্প পাকাপাকিভাবে রেখে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই ৩টি ক্যাম্প হল উত্তর ২৪-পরগনার হাবড়া সংযোজিত হোম, নদীয়া জেলার চাঁদমারি হোম আর হুগলি জেলার বাঁশবেড়িয়া হোম। টিটাগড়ের মহিলা হোম ও হাবড়ার সংযোজিত হোমের উপযুক্ত বাসিন্দাদের নিজ নিজ হোম পুনর্বাসন করার জন্যে গত বছর আমরা সরকারি আদেশনামা বের করেছি। নগদে ও পণ্যসামগ্রীতে দেয় ডোলের পরিমাণও বাড়িয়ে দেওয়া হয়েছে।

১৯। গত বছর প্রকল্প রূপায়ণ কমিটি (পি আই সি) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তার রূপায়ণযোগ্য বিভিন্ন জেলায় অবস্থিত ৭৩টি কলোনির পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পে মোট ১৮ কোটি ৯৫ লক্ষ টাকা ব্যয়ের মঞ্জুরি দিয়েছে। এই প্রকল্পগুলোতে পয়ঃপ্রণালী, জলসরবরাহ, রাস্তা নির্মাণ, জল নিষ্কাশন ইত্যাদি মৌলিক পরিকাঠামোর সংস্থান রাখা হয়েছে। বর্তমান প্রকল্পের জন্যে নির্দিষ্ট অর্থমঞ্জুরির মধ্যে ৬০৭ গুচ্ছের সবচেয়ে অনুন্নত কলোনিগুলোর উন্নয়নের বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্যে ভারত সরকারকে রাজি করাতে আমরা কৃতকার্য হয়েছি।

২০। কিছুকাল আগে পর্যন্ত এই দপ্তরের জমিতে বিদ্যালয়, কলেজ, ক্লাব, পাঠাগার,

হাসপাতাল, বাজার, পার্ক ইত্যাদি স্থাপন করার জন্যে ওই সব জমি ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের অনুকূলে হস্তান্তর করা হত। মাননীয় মন্ত্রিসভার একটি সিদ্ধান্তের বলে এখন থেকে শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের জমি উপরোক্ত প্রতিষ্ঠানগুলোর অনুকূলে হস্তান্তর করার অধিকার এই বিভাগের ওপর বর্তেছে।

২১। শরণার্থীদের পুনর্বাসনের সমস্যা অতি জটিল। দেশভাগের পর থেকেই শরণার্থীদের সংগ্রামের পাশে আমরা সব সময় দাঁড়িয়েছি। স্বাধীনতার সময় যে সব রাজনৈতিক দল ক্ষমতায় ছিলেন, তাঁরাই এদের অসহনীয় যন্ত্রণার কারণ। স্বভাবতই শরণার্থীরা এর জন্য কোনওভাবেই দায়ী নন। পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যেমন করেছে, পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের জাতীয় সমস্যা ভারত সরকারই মোকাবিলা করবে, রাজ্য সরকার নয়। আমি আশা করব, কেন্দ্রে নতুন সরকার এ সব দায়িত্ব, যা অতীতে অধিকাংশ সময় নির্দয়ভাবে অবহেলা করা হয়েছে, গ্রহণ করতে এগিয়ে আসবে। রাজ্য সরকারের একার পক্ষে ঐ সমস্যার সমাধান করা সম্ভব নয়। তদানীন্তন পূর্ব পাকিস্তানের হতভাগ্য শরণার্থীদের এত দীর্ঘদিনের যন্ত্রণার অবসানকল্পে এই সভার সদস্যের সহযোগিতার জন্যে আমি আবেদন করছি। তাদের কল্যাণে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যতটুকু সামর্থ্য আছে তাতে যথাসাধ্য প্রয়াস চালিয়েছে এবং চালিয়ে যাবে।

এই আবেদন রেখে আমি ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

## DEMAND No. 41

**Major Heads : — General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Pan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2230—Labour and Employment ((Tribal Areas Sub-Plan), 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Service (Tribal Areas Sub-Plan), 2401— Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal**

Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404—Dairy Development (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 2852—Industries (Food and Beverages) (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054— Capital Outlay on roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 208,93,18,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads : "2202—General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding

Public Health), (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225— Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2230—Labour and Employment (Tribal Areas Sub-Plan), 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandy (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404—Dairy Development (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programme (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 2852—Industries (Food and Beverages) (Tribal Areas Sub-plan) 4225— Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702— Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705— Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054— Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for

Welfare of Scheduled Castes, Scheduled tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)."

(This is inclusive of a total sum of Rs. 69,68,75,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Dinesh Chandra Dakua on Demand No. 41 laid on the Table was taken as read)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ সালের ব্যয় নির্বাহের জন্য ৪১নং দাবির অধীনে মুখ্য খাত :

২২০২—সাধারণ শিক্ষা (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২০৪—ক্রীড়া ও যুবকল্যাণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২১০—চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য বাদে ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২১০—চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২১৫—জল সরবরাহ ও স্যানিটেশন (বায়ু ও জলদূষণ প্রতিরোধ বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২২৫—তফসিলি জাতি, তফসিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ খাতে ব্যয়।

২২৩০—শ্রম এবং কর্মসংস্থান (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (সামাজিক কল্যাণ) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২৩৬—পুষ্টি (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২২৫০—অন্যান্য সামাজিক কল্যাণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০১—শস্যপালন (বাগিচা এবং সব্জি ফসল ব্যতিত) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০১—শস্যপালন (বাগিচা এবং সব্জি ফসল) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০২—মৃত্তিকা ও জল সংরক্ষণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০৩—পশুপালন (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০৩—দুগ্ধ প্রকল্প উন্নয়ন (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০৫—মৎস্য চাষ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০৬—বন ও বন্যপ্রাণী (চিড়িয়াখানা ও দার্জিলিং-এর লয়েড বোটানিক গার্ডেন বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪০৮—খাদ্য সংরক্ষণ, গুদামজাতকরণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪২৫—সমবায় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৪৩৫—অন্যান্য কৃষি কর্মসূচি সমূহ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৫০১—গ্রামীণ উন্নয়ন সম্পর্কিত বিশেষ কর্মসূচি (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৫১৫—অন্যান্য গ্রামীণ উন্নয়ন (সমষ্টি উন্নয়ন প্রকল্প( (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৫৭৫—অন্যান্য বিশেষ অঞ্চল কর্মসূচি (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৭০২—ক্ষুদ্রসেচ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প (রাষ্ট্রায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

২৮৫২—শিল্প (খাদ্য ও পানীয়) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪২১০—চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে মূলধনী ব্যয় (জনস্বাস্থ্য ব্যতীত) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪২২৫—তফসিলি জাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ খাতে মূলধনী ব্যয়।

৪২৫০—সামাজিক কল্যাণ খাতে মূলধনীয় ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৪০১—শস্যপালন খাতে মূলধনী ব্যয় (রাষ্ট্রায়ত্ত সংস্থা পুষ্প ও সব্জি শস্য বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৪০১—শস্যপালন খাতে মূলধনী ব্যয় (পুষ্প এবং সব্জি শস্য) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৪০৩—পশুপালন খাতে মূলধনী ব্যয় (রাষ্ট্রায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৪২৫—সমবায় খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৪৩৫—অন্যান্য কৃষি কর্মসূচি খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৭০২—ক্ষুদ্র সেচ খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৭০৫—নিয়ন্ত্রিত এলাকা উন্নয়ন খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৪৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প খাতে মূলধনী ব্যয় (রাষ্ট্রায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৫০৫৪—রাস্তা ও সেতু খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৬২২৫—তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীসমূহের কল্যাণ খাতে ঋণ।

৬২৫০—অন্যান্য সামাজিক কল্যাণ খাতে ঋণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৬৪২৫—সমবায় খাতে ঋণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৬৫৭৫—অন্যান্য বিশেষ অঞ্চল প্রকল্প খাতে ঋণ (রাষ্ট্রায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)।

৬৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পখাতে ঋণ (রাষ্ট্রায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান) খাত সমূহের জন্য মোট ২০৮,৯৩,১৮,০০০ (দুইশত আট কোটি তিরানব্বই লক্ষ আঠারো হাজার) টাকা মঞ্জুরির প্রস্তাব উত্থাপন করছি। এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্ট মঞ্জুরীকৃত ৬৯,৬৮,৭৫,০০০ (ঊনসত্তর কোটি আটষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ধরা আছে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের নাম পরিবর্তন করে অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ করা হয়েছে। তফসিলি জাতি ও আদিবাসী জনগণের উন্নতির সাথে অনগ্রসর সম্প্রদায়ভুক্ত মানুষের কল্যাণের দায়িত্বও

এই দপ্তরের উপর ন্যস্ত হয়েছে। অনেকের ধারণা হতে পারে যে এই নতুন নাম করণের ফলে তফসিলি জাতি ও তফসিলি আদিবাসীদের উন্নয়ন কর্মসূচির উপর যথার্থ গুরুত্ব আরোপ করা সম্ভব হবে না। সেই কারণে আমি সকল সদস্যকে সুনিশ্চিত করতে চাই যে এইরূপ ভ্রান্ত ধারণা করার কোনও অবকাশ নেই। সমাজের সবথেকে পিছিয়ে পড়া অনগ্রসর জনগণ সর্বদাই সরকারের বিশেষ সুযোগ-সুবিধা পাবেন।

আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও গত বছরের ব্যয়-বরাদ্দের ওপর ৩৪ শতাংশ বৃদ্ধি করে অর্থ দপ্তর এই বছরের পরিকল্পনা খাতে যে অর্থ বরাদ্দ করতে সক্ষম হয়েছে তা অত্যন্ত সন্তোষজনক এবং প্রমাণ করে যে অনগ্রসর সম্প্রদায়ের কল্যাণ সাধনের জন্য সরকার যথেষ্ট পরিমাণে সচেতন ও দায়িত্বশীল।

(৪) মাননীয় সদস্যগণ অবগত আছেন যে ১৯৯১ সালের আদামসুমারি অনুযায়ী পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার ২৩.৬২ শতাংশ তফসিলি জাতিভুক্ত এবং ৫.৫৯ শতাংশ তফসিলি আদিবাসী সম্প্রদায়ের মানুষ। পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী কমিশনের সুপারিশ অনুযায়ী গত বছর পর্যন্ত ৫২টি সম্প্রদায়কে অন্যান্য অনগ্রসর সম্প্রদায় হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং জনসংখ্যার হার অনুযায়ী চাকুরিতে সংরক্ষণের হার ৫ শতাংশ থেকে ৭ শতাংশ বৃদ্ধি করা হয়েছে।

(৫) গতবছর থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সংরক্ষণ নীতি যথাযথভাবে পালিত হচ্ছে কিনা দেখার জন্য অনুসন্ধানের ব্যবস্থা নেওয়া হয় তার ফলে শিক্ষাক্ষেত্রে সংরক্ষণ নীতি যথাযথভাবে পালন করার ক্ষেত্রে বিশেষভাবে উন্নতি পরিলক্ষিত হয়েছে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে তফসিলিভুক্ত জাতি ও আদিবাসি সম্প্রদায়ের মানুষদের সামাজিক, শিক্ষা ও অর্থনৈতিক উন্নতি সাধন করে বৃহত্তর সমাজের মূল স্রোতে মিলিয়ে দেওয়াই হল এই দপ্তরের ঐকান্তিক প্রচেষ্টা। সে কারণে শিক্ষাক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের সাহায্য করাব জন্য বিভিন্ন প্রকল্প প্রণয়ন করা হয়েছে। নির্দিষ্ট পারিবারিক বাৎসরিক আয়ের উচ্চসীমার মধ্যে মাধ্যমিকোত্তর পর্যায়ের সকল ছাত্র-ছাত্রীদের জন্য স্টাইপেণ্ড বাবদ, ১৯৯৭-৯৮ সালে রাজ্য সরকারের ব্যয় হয় ১৪.৭৩ কোটি টাকা। এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ব্যয় করেন মাত্র ১.৫ কোটি টাকা। প্রতি বছর নতুন ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বৃদ্ধিপ্রাপ্ত হয়। সে কারণে রাজ্য সরকার মনে করেন যে এই প্রকল্পের মোট ব্যয়ের ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকারের বহন করা উচিত তাহলে এই প্রকল্পের মোট ব্যয় প্ল্যান বাজেটের অন্তর্ভুক্ত করা সম্ভব হবে।

নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পাঠরত মেধাবি তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য বিশেষ মেধাবি ছাত্র বৃত্তি প্রকল্প চালু করা হয়েছে।

শিক্ষাক্ষেত্রে মেয়েরা বেশি পিছিয়ে থাকাতে রাজ্য সরকার পঞ্চম থেকে দশমশ্রেণী পর্যন্ত পাঠরতা ছাত্রীদের উৎসাহদানের জন্য আরও একটি মেধা বৃত্তি প্রময়ন করেছেন।

এই বিভাগ প্রাথমিক ও জুনিয়ার হাই স্কুলগুলির সাথে যুক্ত আশ্রম ছাত্রাবাস স্থাপন ও পরিচালনার ব্যবস্থা করেন। গত ১৯৯৭-৯৮ সালে মোট ৬২০ জন ছাত্রছাত্রী এই আশ্রম ছাত্রাবাসের সুযোগ পেয়েছেন। এই সকল ছাত্রছাত্রীদের সুষম খাদ্য সরবরাহ করার উদ্দেশ্যে মাসিক অনুদানের হার ২২০ টাকা থেকে মাসিক ৩০০ টাকা বর্দ্ধিত করা হয়েছে।

বিদ্যালয়ের সঙ্গে যুক্ত আশ্রম ছাত্রাবাস ব্যতিরেকে বিভিন্ন জেলার কেন্দ্রীয় স্তরে সরকারি ছাত্রাবাস ও কেন্দ্রীয় ছাত্রীনিবাস স্থাপন করা হয়েছে। বর্তমানে এই সকল নিবাসে ৩৩১৫ জনের থাকার ব্যবস্থা আছে। আশা করা যায় যে ১৯৯৮-৯৯ সালের শেষে এই সংখ্যা বৃদ্ধি করে ৪৭৫০ জনের থাকার ব্যবস্থা করা সম্ভব হবে।

রাজ্য প্রতিষ্ঠিত ৬২টি ট্রেনিং কাম প্রোডাকশন সেন্টারের মাধ্যমে বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা আছে। এই প্রকল্পের মাধ্যমে আরও দুটি কেন্দ্র স্থাপনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

১৯৯৭-৯৮ সালে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও তফসিলি আদিবাসী উন্নয়ন ও বিত্তনিগমের স্ব-নিযুক্তি প্রকল্পের অধীনে ৪৮,০৪০ জন তফসিলি জাতি ও তফসিলি আদিবাসী পরিবার উপকৃত হয়েছেন। এর জন্য অর্থ ব্যয় হয় ৪৪ কোটি টাকার কিছু বেশি। ১৯৯৭-৯৮ সালে দারিদ্র্য সীমার উপরে এবং দারিদ্র্যসীমার দ্বিগুণ পর্যন্ত আয় বিশিষ্ট ১০০ জন তফসিলি জাতি ও আদিবাসী পরিবারবর্গকে বিভিন্ন আর্থিক প্রকল্পের মাধ্যমে আয় বৃদ্ধির সুযোগ দেওয়া হয়েছে। এই প্রকল্পের জন্য ব্যয় হয়েছে মোট ৮৪ লক্ষ টাকার কিছু বেশি।

এই প্রসঙ্গে বলা যায় যে, এই টাকা পরিবহন, পাওয়ার টিলার, দুগ্ধ প্রকল্প, হাঁস-মুরগি পালন, জুতো তৈরি, কাঠের কাজ ইত্যাদি প্রকল্পের জন্য ব্যয় করা হয়েছে।

পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিমিটেড (ডব্লিউ. বি. টি. ডি. সি. সি. লিমিটিড) কেন্দ্রীয় সমবায় প্রতিষ্ঠানের প্রত্যক্ষ পরিচালনায় ১২০টি আদিবাসী বৃহদায় বহুমুখী সমবায় সমিতি, যা ল্যাম্পস নামে সুপরিচিত, এ রাজ্যে কাজ করছে। এই সমস্ত সমিতির মূল লক্ষ্য হল আদিবাসী জনগণের আয় বৃদ্ধি এবং কর্মনিযুক্তির ব্যবস্থা করা। এর প্রধান কর্মসূচিতে রয়েছে ক্ষুদ্র বনজ সম্পদ সংগ্রহ এবং বিপণন, মধ্যস্বত্বভোগীর হাত থেকে দরিদ্র আদিবাসীদের রক্ষা করা এবং ন্যায্যমূল্যে ভোগ্যপণ্য সরবরাহ করা। ১৯৯৭-৯৮ সালে সর্বমোট ১১৪০.৬৯৬ মেট্রিক টন শালবীজ সংগৃহীত হয়েছে। প্রসঙ্গত

এই সংগ্রহের পরিমাণ ১৯৯৬-৯৭ সালে ছিল ২৯০ মেট্রিক টন। বিগত আর্থিক বছরে ১০৩৩.২৮ মেট্রিক টন কেন্দু পাতা সংগৃহীত হয়েছে। এছাড়া ১৪০ হেক্টর বনবিভাগস্ত জমির গাছ কাটার কাজে ১৪০০ শ্রম দিবস সৃষ্টি হয়েছে। ১৯৯৭-৯৮ সালে এই সমবায় নিগম ক্ষুদ্র বনজ সম্পদ সংগ্রহ এবং গাছ কাটার কাজ আরও বৃদ্ধি করার পরিকল্পনা নিয়েছে। এর সাথে সাথে এই সমিতি সাবুই ঘাস চাষ ও দড়ি তৈরি, সুপারি চাষ, তসর চাষ ইত্যাদির মাধ্যমে আরও কাজের সুযোগ করার ব্যবস্থা করেছে।

পশ্চিমবঙ্গ "অনুন্নত সম্প্রদায় উন্নয়ন বিত্ত নিগম" অনগ্রসর সম্প্রদায়ের মধ্যে স্বনিযুক্তি প্রকল্পের উপর প্রাধান্য দিয়েছেন। প্রাথমিক অসুবিধা সত্ত্বেও এই নিগম বর্তমান আর্থিক বৎসরে ঋণদানের সুযোগ দেবার ব্যবস্থা করেছে।

১৯৯৭-৯৮ সালে সরকার তফসিলিজাতি ও তফসিলি আদিবাসী অধ্যুষিত অঞ্চলে পরিকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব দিয়েছেন। রাস্তা, সেতু ও কালভার্ট তৈরি, সেচ ও ভূমি সংরক্ষণ প্রভৃতি প্রকল্প ব্যতিরেকে ১৯৯৮-৯৯ সালে দুগ্ধ সংরক্ষণ, গবাদি পশুর উপযুক্ত রক্ষণাবেক্ষণের সাহায্যে বিভিন্ন প্রকল্প খাতে অর্থ বরাদ্দ করা হবে।

অনগ্রসর সম্প্রদায়ের আর্থিক উন্নয়রে উদ্দেশ্যে এই সকল প্রকল্পের পরিকল্পনা নেওয়া হয়েছে।

অনগ্রসর সম্প্রদায়গুলির শিক্ষা এবং অর্থনৈতিক উন্নতি সরকারের মূল উদ্দেশ্য হলেও সাংস্কৃতিক কর্মসূচির সহায়তার মাধ্যমে সংস্কৃতি বিকাশের লক্ষ্যে আমরা সর্বদা সচেতন।

আদিবাসী ভাষা এবং সংস্কৃতির একটি ঐতিহ্য মন্ডিত পরম্পরা আমাদের রাজ্যে দেখা যায়। এই সংস্কৃতির বিকাশ ও প্রসারণের লক্ষ্যে আমরা কিছুটা সফলও হয়েছি।

সারা রাজ্যে বাৎসরিক একাঙ্ক নাটক প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে, যার ফলে নাটক আজ আদিবাসী সমাজে যথেষ্ট জনপ্রিয় হয়েছে এবং প্রতি বৎসর প্রতিযোগী দলের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই বৎসর ৪৩০টির মতো দল এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেছেন। জগণের মধ্যে যথেষ্ট উৎসাহ এবং উদ্দীপনার সঞ্চার হয়েছে। এর সাথে সাথে এই বৎসর থেকে প্রথিতযশা সাঁওতাল কবি এবং সাহিত্যিক সাধুর রামচাঁদ মুর্মুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে তার নামে একটি গবেষণা বৃত্তি, রচনা, ছোটগল্প, কবিতা প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়েছে। আশা করা যায় এর মাধ্যমে মানুষের মনে সাঁওতাল সংস্কৃতি ও ভাষার ঐতিহ্য সম্পর্কে জানার উৎসাহের সৃষ্টি হবে। এই বৎসর কালচারাল রিসার্চ ইনস্টিটিউ 'লেপচা' সম্প্রদায়ের উপর একটি

তথ্যচিত্র তৈরি করেছে। এই চিত্রে লেপচা সম্প্রদায়ের সংস্কৃতি, ঐতিহ্য এবং জীবনধারা সম্বন্ধে একটি তথ্যবহ চিত্র পাওয়া যায়। 'ডাইনি' প্রথার উপর নির্মিত একটি তথ্যচিত্র সরকার সংগ্রহ করেছেন যার মাধ্যমে আদিবাসী সম্প্রদায় এবং অন্যান্য সম্প্রদায়ভুক্ত মানুষকে এই ধরনের সামাজিক ব্যাধি থেকে মুক্ত করা যায়। ইতিমধ্যে কিছু সফলতা অর্জিত হয়েছে, তবুও অনেক কিছু করার আছে। এই বিশাল কর্মযজ্ঞে আমি এই সভার সকল সদস্যের সহযোগিতা কামনা করি যাতে সমস্ত শ্রেণীর মানুষ শিক্ষা এবং অর্থনৈতিক উন্নয়নের সুযোগ পেতে পারেন। নিজেদের জীবনে প্রতিষ্ঠিত হতে পারেন এবং আমরা সবাইকে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করতে সক্ষম হই।

এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মারফত মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি যে, এই রাজ্যের অনুন্নত সম্প্রদায়সমূহের কল্যাণে গৃহীত নীতি ও কর্মসূচিসমূহ রূপায়ণে তারা যে সহযোগিতার হাত প্রসারিত করেন এবং ৪১ সংখ্যক দাবির ক্ষেত্রে মোট ২০৮, ৯৩,১৮,০০০ (দুই শত আট কোটি তিরানব্বই লক্ষ আঠারো হাজার) টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব মঞ্জুর করেন যার মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ৬৯,৬৮,৭৫,০০০ (উনসত্তর কোটি আটষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকাও ধার্য আছে।

[8-00 — 8-10 p.m.]

## DEMAND No. 42

### Major Heads : 2235—Social Security and Welfare (Social Welfare) and 4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 195,33,90,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads : "2235—Social Security and Welfare (Social Welfare) and 4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)".

(This is inclusive of a total sum of Rs. 65,10,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Biswanath Chowdhury on Demand Nos. 42, & 43 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪২ নং অভিযাচনের অন্তর্গত "২২৩৫—সোশ্যাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার (সোশ্যাল ওয়েলফেয়ার" খাতে মোট ১৯২,৮৩,৯০,০০০ (এক শত বিরানব্বই কোটি তিরাশি লক্ষ নব্বই হাজার) টাকা এবং ৪৩ নং অভিযাচনের অন্তর্গত '২২৩৬—নিউট্রিশন' খাতে মোট ১৬,১৫,২২,০০০ (ষোল কোটি পনেরো লক্ষ বাইশ হাজার) টাকা ব্যয় বাবদ অনুমোদনের জন্য উপস্থাপিত করছি। এর মধ্যে ভোট-অন অ্যাকাউন্ট খাতে মঞ্জুরিকৃত যথাক্রমে মোট ৬৪,৩০,০০,০০০ (চৌষট্টি কোটি ত্রিশ লক্ষ) টাকা ও মোট ৫,৪০,০০,০০০ (পাঁচ কোটি চল্লিশ লক্ষ) টাকা অন্তর্গত। এই সম্পর্কে বিস্তারিত বিবরণ ১৯৯৮-৯৯ আর্থিক বছরের ১৯ নং বাজেট সংক্রান্ত প্রকাশনে দেওয়া আছে।

সমাজ কল্যাণ বিভাগের কর্মধারা মূলত সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের সেবাকেন্দ্রীক ফলে শিশু, নারী, প্রতিবন্ধী, বৃদ্ধ-বৃদ্ধা, অক্ষম এবং দুঃস্থ, প্রাক্তন সেনা, মাদকাশক্ত, পথশিশু এবং নিষিদ্ধপল্লীর শিশুর ন্যায় বিশেষ প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন শিশুদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়ণের দায়বদ্ধ। সীমিত আর্থিক বরাদ্দ সত্ত্বেও এই বিভাগ বিভিন্ন কল্যাণ প্রকল্প সার্থকভাবে রূপায়ণ করে চলেছে। স্বাভাবিকভাবেই স্বল্পসংখ্যক নুতন প্রকল্প প্রস্তাব করা সম্ভব হয়েছে। বর্তমান অভিযাচনে বেশির ভাগ চালু প্রকল্প স্থান পেয়েছে।

এই বিভাগের কর্মধারার অন্তর্ভূক্ত বিভিন্ন চালু প্রকল্প রূপায়ণের এবং সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য পেশ করছি।

## (ক) নারী কল্যাণ

নারী জনসংখ্যার প্রায় বেশ কিছু অংশ এখনও আর্থ সামাজিক শোষণ, লিঙ্গ বৈষম্য এবং অন্যান্য সামাজিক অবিচার ও অভিশাপের শিকার। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও এই বিভাগ বিশেষত সমাজের দুর্বলতর শ্রেণী নারীর আর্থ সামাজিক উন্নতি এবং শক্তি অর্জনে নিম্নলিখিত বিভিন্ন কল্যাণ প্রকল্প গ্রহণ করেছে ঃ—

**১। পণ-প্রথা নিবারণ ঃ**

সুপ্রাচীন সামাজিক পাপ পণ-প্রথা নিবারমকল্পে এই রাজ্যে ১৯৬১ সালে যৌতুক প্রতিরোধ আইন চালু হয়েছে। এই আইন প্রয়োগে দায়িত্ববদ্ধ সমাজ কল্যাণ বিভাগ আইনের সার্থক প্রয়োগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সারা রাজ্যে বিভিন্ন স্থানীয় সংস্থা ও স্বেচ্ছাসেবী সংগঠনের সাহায্যে প্রচার ও সচেতনতা সৃষ্টির

কর্মসূচি নেওয়া হয়েছে।

২। **কর্মরতা মহিলা আবাস ঃ**

স্বল্প আয়ের কর্মরতা মহিলাদের বাসস্থানের সমস্যা সমাধানের লক্ষ্যে কর্মরতা মহিলা আবাস নির্মাণ প্রকল্প পুরসভা, পঞ্চায়েত এবং স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে রূপায়িত হচ্ছে। বর্তমানে সারা রাজ্যে চালু আবাসের সংখ্যা ১৯ এবং নির্মীয়মান আবাসের সংখ্যা ১৭।

৩। **স্বল্পকালীন আবাস ঃ**

স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মাধ্যমে নৈতিক বিপদগ্রস্ত এবং পারিবারিক সমস্যার সম্মুখীন বালিকা ও মহিলাদের কল্যাণে পরিচালিত এইসব আবাসে আশ্রয়, শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পরামর্শদানের ব্যবস্থা আছে। বর্তমানে চালু ৩০ আবাসের প্রায় ৯০০ জন বালিকা ও মহিলা উপকৃত হচ্ছেন।

৪। **কল্যাণ আবাস ঃ**

দুঃস্থ মহিলা ও বালিকাদের সুরক্ষা ও নিরাপত্তার জন্য কল্যাণ আবাস পরিচালিত। এই আবাসে খাদ্য, বাসস্থান, শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা ও বিনোদনের বন্দোবস্ত আছে। এদের পুনর্বাসনের জন্য বিভিন্ন পদেও প্রশিক্ষণের আসন সংরক্ষণ করা হয়েছে।

অন্যান্য বছরের মতো এ বছরেও যোগ্য আবাসিকরা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা পদে নিযুক্ত হয়েছেন এবং সংরক্ষিত আসনে নার্সিং প্রশিক্ষণে নির্বাচিত হয়েছেন। এছাড়া সমাজে কল্যাণ অধিকারের অধীনে চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে এদের নিযুক্তি এক নিয়মিত প্রথা। এ পর্যন্ত ১,১৫২ জন মহিলা আবাসিক এভাবে উপকৃত হয়েছেন, ১৯০ জন নার্সিং প্রশিক্ষণ নিচ্ছেন এবং ১১০ জনের বিবাহের বন্দোবস্ত করা হয়েছে।

৫। **নোরাড ঃ**

দুঃস্থ মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে উপার্জনক্ষম করে তোলার জন্য নোরাড প্রকল্প চালু আছে। এ পর্যন্ত স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে রূপায়িত ৫০টি প্রকল্পে প্রায় ২,৫০০ দুঃস্থ মহিলা উপকৃত হয়েছেন।

৬। **স্টেপ ঃ**

বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং স্বনিযুক্তির সহায়তার লক্ষ্যে এই প্রকল্প রূপায়িত হচ্ছে।

দুইটি স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে রূপায়িত রেশম সুতো তৈরি এবং গো-পালন ও দোহ প্রকল্পে প্রায় ৩,০০০ মহিলা উপকৃত হচ্ছেন।

৭। **পশ্চিমবঙ্গ মহিলা আবাসন ঃ**

১৯৯২ সালের নভেম্বর মাস থেকে পশ্চিমবঙ্গ মহিলা আয়োগ এ রাজ্যে চালু আছে। সংশ্লিষ্ট আইন অনুসারে মহিলা আয়োগের কার্যাবলী সংক্রান্ত যান্মাসিক প্রতিবেদন এই বিভাগে জমা দেওয়া হলে মাননীয় সদস্যের অবগতির জন্য তা পেশ করা হয়।

৮। **মহিলা বিকাশ নিগম ঃ**

দুঃস্থ মহিলাদের স্বাবলম্বী করার লক্ষ্যে গঠিত পশ্চিমবঙ্গ মহিলা বিকাশ নিগম বর্তমানে মহিলা সমৃদ্ধি যোজনা ও ইন্দিরা মহিলা যোজনা কর্মসূচি রূপায়ণে রাজ্য ও জেলা স্তরে কর্মশালার মাধ্যমে সচেতনতা সৃষ্টির কার্যে নিয়োজিত।

৯। **বিধবা ভাতা ঃ**

১-৪-৯৭ থেকে মাসিক পেনশনের হার ১০০ টাকা থেকে ৩০০ টাকা বৃদ্ধি করা হয়েছে এবং ১০,৯০৩ জন দুঃস্থ বিধবাকে বর্তমানে বিধবা ভাতা দেওয়া হচ্ছে। বরাদ্দের সীমাবদ্ধতা সত্ত্বেও এই দপ্তর প্রাপকের সংখ্যা বৃদ্ধি করতে সক্ষম হয়েছে এবং ঐ মতো এ বছরেও প্রাপকের সংখ্যা বৃদ্ধির চিন্তা-ভাবনা আছে।

১০। **উন্নত চুলা প্রকল্প ঃ**

গ্রামাঞ্চলে যেখানে জ্বালানি হিসাবে প্রধানত কাঠ ব্যবহৃত হয় সেখানে গ্রামীণ মহিলাদের স্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষার প্রয়োজনে এই প্রকল্প রূপায়িত হয়। এই পর্যন্ত ১০ লক্ষাধিক উন্নতমানের চুলা নির্মিত হয়েছে। প্রকল্পের সার্থক রূপায়ণের জন্য এই বিভাগ কেন্দ্রীয় সরকারের প্রথম পুরস্কার পেয়েছে।

১১। **মহিলা সমৃদ্ধি যোজনা ঃ**

গ্রামাঞ্চলে মহিলাদের সঞ্চয়ের অভ্যাস ও সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে ডাকঘরে হিসাব-বই খোলার মাধ্যমে এই প্রকল্প রূপায়িত হয়। ৫ লক্ষাধিক হিসাব-বই ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত খোলা হয়েছে। ১-৪-৯৭ থেকে কেন্দ্রীয় সরকার প্রকল্পটি স্থগিত করে দিয়েছেন।

১২। **তথ্য, শিক্ষা ও সুযোগ ঃ**

বিভাগীয় বিভিন্ন কল্যাণ প্রকল্প সম্পর্কে সচেতনতা সৃষ্টির প্রয়োজন। তাই গণচেতনা সৃষ্টির লক্ষ্যে নারী, শিশু ও প্রতিবন্ধী সম্পর্কিত তথ্যাদি প্রচার করার উদ্যোগ নেওয়া

হয়েছে। বিভাগীয় বিভিন্ন প্রচার-প্রয়াস ছাড়াও এই বিভাগ কর্তৃক নির্মিত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এবং প্রতিবন্ধী সম্পর্কিত দুটি স্বল্প দৈর্ঘ্যের (নয় মিনিটে) চলচিত্র নিয়মিত সময়ের ব্যবধানে দূরদর্শনে সম্প্রচারিত হচ্ছে।

নারী সংক্রান্ত বিভিন্ন আইন সম্বলিত "আমাদের আইন" নামক সহজবোধ্য বাংলায় অনুদিত পুস্তিকাগুলি আইনি সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ব্যাপক হারে বিলির বন্দোবস্ত করা হয়েছে।

## (খ) শিশু কল্যাণ

জাতির শ্রেষ্ঠ সম্পদ শিশু। তাই সমাজের এই দুর্বল অংশের কল্যাণে সমাজ কল্যাণ বিভাগ এদের জন্য বিভিন্ন আবাসিক ও অনাবাসিক প্রকল্প রূপায়ণ করেন। মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য কয়েকটি প্রকল্পের উল্লেখ করা হল ঃ

### ১। সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প ঃ

আই সি ডি নামে সম্যক পরিচিত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প ১৯৭৫-৭৬ সাল থেকে এ রাজ্যে চালু আছে। জনপ্রিয়তা ও উপযোগিতার নিরিখে এই প্রকল্পটি শিশু কল্যাণের ক্ষেত্রে সর্ববৃহৎ প্রকল্প হিসাবে নিয়মিত প্রসারমান।

৩৪৩টি মঞ্জুরীকৃত প্রকল্পের মধ্যে ২২০টি চালু প্রকল্পে বর্তমান ৩,৫০০ নিয়মিত কর্মচারী এবং ৬৬,০০০ জন স্বেচ্ছাসেবী মহিলা কর্মী নিযুক্ত আছেন। বর্তমানে ২৭ লক্ষাধিক মা ও শিশু বিশেষতঃ গর্ভবতী মহিলা, প্রসূতি ও ৬ বছর বয়স পর্যন্ত শিশুরা প্রকল্পের পরিষেবাসূচির মাধ্যমে উপকৃত হচ্ছেন। বাকি ১২৩টি প্রকল্প চালু হলে আরও ১৩ লক্ষাধিক মা ও শিশু উপকৃত হবেন।

প্রকল্প চালু করার জন্য যে বিশেষ প্রচেষ্টা নেওয়া হয়েছে তাহল প্রকল্পের দপ্তর স্থাপন, নিয়মিত কর্মচারী ও স্বেচ্ছাসেবী নিয়োগ, অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্বাচন, খাদ্য মজুত ও ঠিকাদার। ডোকরা গোষ্ঠী নির্বাচন এবং স্বেচ্ছাসেবী কর্মিদের প্রশিক্ষণ ব্যবস্থা। এ ছাড়া আরও ১৫টি প্রকল্পের অনুমোদন রাজ্য সরকারের বিবেচনাধীন।

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প স্থাপনে সামাজিক মূল্যায়ণ সমাপ্ত এবং এই সংক্রান্ত প্রতিবেদন কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। প্রকল্প সূত্রায়ন অগ্রগতির পথে।

গ্রামীণ উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, জনশিক্ষা প্রসার, বিদ্যালয় শিক্ষা ও জনস্বাস্থ্য কারিগরি বিভাগের কর্মধারার সাথে সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের কর্মধারার কার্যকর সমন্বয় সাধনের পূর্ববর্তী প্রয়াস এ বছরেও চালু আছে।

গ্রাম পঞ্চায়েতগুলি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণে সক্রিয় উদ্যোগ নিচ্ছেন। মা ও শিশু সংক্রান্ত প্রকল্পগুলি সমন্বিত রূপায়ণে এই কেন্দ্রগুলি কাজ করছে। গ্রামের মহিলাদের নিয়ে গঠিত "ডোকরা গোষ্ঠী" দক্ষিণ ২৪-পরগনার বিষ্ণুপুর, হুগলির ধনেখালি এবং জাঙ্গীপাড়া এই তিনটি প্রকল্পের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে খাদ্যসামগ্রী সরবরাহ করছেন।

সমাজ কল্যাণ বিভাগের তত্ত্বাবধানে কলকাতার নিষিদ্ধ পল্লী এলাকায় চারটি স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে একটি সুসংহত শিশু বিকাশ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। একটি ক্রেশ ও ঐ প্রকল্পের সাথে চালু আছে।

মাননীয় সদস্যাদের আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এই প্রকল্পের উল্লিখিত প্রসারের ফলে এই রাজ্যের ৩৪১টি ব্লকের সব কটি আই সি ডি এস প্রকল্পের আওতায় আসবে এবং এর মাধ্যমে সকল ৬ বছরেব কম বয়সী শিশু, গর্ভবতী মহিলা ও প্রসূতি মা উপকৃত হবেন।

**ইন্দিরা মহিলা যোজনা**

মহিলাদের সামাজিক ও অর্থনৈতিকভাবে ক্ষমতাশীল করার উদ্দেশ্যে ১৪টি ব্লকে (বাঁকুড়া জেলায় ৭টি ও পুরুলিয়া জেলায় ৭টি) ইন্দিরা মহিলা যোজনা রূপায়িত হচ্ছে।

**বয়ঃপ্রাপ্ত বালিকা প্রকল্প**

জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, পুরুলিয়া—এই চারটি জেলায় এই প্রকল্প চালু হয়েছে। ১১-১৫ বছরের বালিকাদের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পরিপূরক পুষ্টি, ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। ১৫-১৮ বছরের বালিকারাও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পরিপূরক পুষ্টি পেয়ে থাকেন।

২। **কিশোর বিচার আইনের অধীন কল্যাণ আবাস ঃ**

পশ্চিমবঙ্গে ১৯৮৭ সালের ২রা অক্টোবর থেকে কিশোর বিচার আইন, ১৯৮৬ বলবৎ হয়েছে। অপরাধি ও অবহেলিত নিরপরাধ শিশুরা এই আইনের আওতাভুক্ত। এই বিভাগ বিভিন্ন কল্যাণ আবাসের মাধ্যমে প্রায় ৩,২০০ জন নিরপরাধ অবহেলিত শিশুর ভরণপোষণ, প্রাথমিক শিক্ষা, প্রশিক্ষণ ও বিনোদন ইত্যাদির বন্দোবস্ত করেছে। এদের পুনর্বাসনের লক্ষ্যে উৎপাদনমুখি শিক্ষাদানের জন্য এইসব আবাসে বন্দোবস্ত আছে।

১৫০ আবাসিকযুক্ত তিনটি নতুন আবাস বিশেষ বিচার আইনে সরকারি প্রচেষ্টায় ১৯৯৮-৯৯ সালে প্রতিষ্ঠিত করার প্রস্তাব করা হয়েছে।

বিভিন্ন কল্যাণ আবাসে স্থানাভাবজনিত সমস্যা সৃষ্টি হওয়ায় আবাসগুলির উন্নতিসাধন

এবং নতুন গৃহ নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

এই সব কল্যাণ আবাসের আবাসিকদের জন্য ক্রীড়া, বিনোদন, বৃত্তি-শিক্ষা ও চিকিৎসার সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে কিশোর কল্যাণ তহবিল গঠিত হয়েছে।

আবাসিকদের পুনর্বাসনের জন্য সংরক্ষণের বন্দোবস্ত আছে। মাননীয় সদস্যবৃন্দকে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এইভাবে ১,২৫০ জন আবাসিক বালক-বালিকাকে পুনর্বাসনের সুযোগ দেওয়া হয়েছে।

৩। **কিশোর কল্যাণ পর্ষদ ঃ**

কিশোর বিচার আনি মোতাবেক পাঁচটি কিশোর কল্যাণ পর্ষদ বর্তমানে সন্তোষজনকরূপে কাজ করছে। এই পর্যদগুলির মাধ্যমে প্রায় ২,২০০ সংখ্যক মামলার নিষ্পত্তি হয়েছে এবং প্রায় ২,৮০০ জন অবহেলিত নিরপরাধ বালক-বালিকাদের অভিভাকদের কাছে ফেরত পাঠানো হয়েছে। বাকিদের ভরণ-পোষণ ও শিক্ষা ও প্রশিক্ষণ ইত্যাদির জন্য কল্যাণ আবাসে রাখা হয়েছে।

আমি এখানে উল্লেখ করতে চাই যে, আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও অন্য রাজ্য থেকে বিভিন্ন সময়ে প্রেরিত এইড্‌স্ রোগাক্রান্ত কিশোর-কিশোরীদের জন্য এই বিভাগকে বাসস্থান, ভরণ-পোষণ, চিকিৎসা ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে।

৪। **দুঃস্থ শিশুদের যত্ন ও সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত কল্যাণ আবাস ঃ**

এই প্রকল্পটি কটেজ স্কীম নামে পরিচিত। কেন্দ্রীয় সরকারের এই প্রকল্পটি ১৯৯২-৯৩ সাল থেকে রাজ্য সরকারে হস্তান্তরিত হয়েছে। তারপর থেকে আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও স্বেচ্ছাসেবী সংগঠনের সক্রিয় সহযোগিতার মাধ্যমে এই সমস্ত আবাসে প্রায় ৬,১০০ জন দুঃস্থ শিশু প্রতিপালিত হচ্ছে। আবাসিকদের ভরণ-পোষণের মাসিক ব্যয় মাথাপিছু ৪০০ টাকা।

৫। **বিশেষ প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন শিশু ঃ**

(১) **পথশিশু ঃ** শিশু কল্যাণ এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত বলেই কলকাতার পথশিশু এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত হয়েছে।

সমাজের মূলস্রোতে অন্তর্ভুক্তির লক্ষ্যে এই শিশুদের জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতায় একটি কল্যাণ প্রকল্প চালু হয়েছে। ২৪টি স্বেচ্ছাসেবী সংস্থা দ্বারা পরিচালিত এই প্রকল্পের মাধ্যমে অন্যান্য বছরের মতো এবছরেও প্রায় ৭,০০০ জন পথশিশু উপকৃত হচ্ছে। এদের পরিপূরক পুষ্টি, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা ও বৃত্তিমূলক

প্রশিক্ষণ দেওয়া হয়। পরিবারের সঙ্গে যোগসূত্র স্থাপন ও পেশাগত পরামর্শদানের বিশেষ ব্যবস্থা নেওয়া হয়।

গত ৬ বছর যাবৎ ক্রীড়া বিভাগের সহযোগিতা এদের মধ্যে বিপুল উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করেছে। যোগদানকারি শিশুদের পোষাক ও টিফিন দেওয়া হয়। এবছর ঐ বার্ষিক ক্রীড়া ১৯-১-৯৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(২) **যৌন কর্মিদের সন্তান-সন্ততি ঃ** এই শ্রেণীর শিশুদের বিশেষ যত্ন ও সুরক্ষার প্রয়োজন। এজন্য স্বল্প সংখ্যক হলেও এদের জন্য কয়েকটি শিশু রক্ষণাগার চালু আছে। এই এলাকার কন্যা শিশুরা অত্যন্ত বিপন্ন পরিস্থিতির সম্মুখীন। তাই দুটি স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে ৫০ আসন-বিশিষ্ট দুইটি আবাস এদের প্রতিপালন ও শিক্ষার জন্য চালু আছে, যাতে তারা বিনা বাধায় এবং সমাজের মূলস্রোতে ফিরে আসতে পারে।

### (গ) প্রতিবন্ধী কল্যাণ

দৃষ্টিহীন, মূক-বধির, অস্থি-সংক্রান্ত ও মানসিক প্রতিবন্ধীদের কল্যাণে এই বিভাগ বিভিন্ন প্রকল্প রূপায়ণ করে। এর মধ্যে উল্লেখযোগ্য হল ঃ—

**১। প্রতিবন্ধীদের সহায়ক যন্ত্র ও কৃত্রিম অঙ্গপ্রত্যাঙ্গাদি বিতরণ ঃ**

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এ পর্যন্ত অনুষ্ঠিত ২০০ শিবিরের মাধ্যমে ২৪,৬৫৫ জন প্রতিবন্ধীকে বিনামূল্যে এ জাতীয় সুবিধা দেওয়া হয়েছে।

**২। আর্থিক পুনর্বাসন প্রকল্প ঃ**

এই প্রকল্পে সাধারণতঃ প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধীকে ১,০০০ টাকার এককালীন অনুদান দেওয়া হয়, যাতে সে প্রয়োজনে ছোট ব্যবসার উপযোগী সরঞ্জাম কিনতে পারে। এ পর্যন্ত ১৪,৮৯৩ জন প্রতিবন্ধী এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন।

**৩। জেলা পুনর্বাসন কেন্দ্র ঃ**

এই কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধীদের পুনর্বাসন ও চিকিৎসার লক্ষ্যে মেদিনীপুর জেলার আটটি ব্লকে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় কর্মসূচি চালু আছে।

**৪। সফল প্রতিবন্ধী কর্মী ও তাদের নিয়োগকর্তাদের জন্য রাজ্য পুরস্কার ঃ**

প্রতিবন্ধকতা সত্ত্বেও নিজ পেশায় সফল ২৫ জন প্রতিবন্ধীকে বিশ্ব-প্রতিবন্ধী দিবসে পুরস্কৃত করা হয়। পুরস্কার বিতরণ করেন পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল মহোদয়।

**৫। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রকল্প ঃ**

অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাথাপিছু মাসিক ৬০ টাকা হারে বৃত্তি দেওয়া হয়। এই পর্যন্ত ২২,১৭৭ জন ছাত্র-ছাত্রী এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন।

**৬। অক্ষম ভাতা ঃ**

১-৪-৯৭ হইতে এই ভাতার হার মাসিক ১০০ টাকা থেকে ৩০০ টাকা করা হয়েছে। বর্তমানে ৬,৭০৮ জন দুঃস্থ প্রতিবন্ধী এই ভাতা পাচ্ছেন।

**৭। অন্যান্য ঃ**

প্রতিবন্ধীদের সেবায় পেশাগত দক্ষতা নিয়োজনের উদ্দেশ্যে সার্ক (SHIRC) স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্য নেওয়া হয়েছে। এরা রায়গঞ্জের মূক ও বধির বিদ্যালয়ের শিশুদের শিক্ষাদানে সহায়তা করেছেন। বিশেষত গ্রামীণ এলাকায় সমাজভিত্তিক পুনর্বাসন ও সমর্পিত শিক্ষা প্রকল্পের রূপায়ণে এই দপ্তর থেকে অনুদান মঞ্জুরির মাধ্যমে বিশিষ্ট স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করা হয়েছে।

**৮। প্রতিবন্ধীদের পরিচিতিপত্র মুদ্রণ ঃ**

গত কয়েক বৎসর যাবৎ প্রতিবন্ধীদের পরিচিতিপত্র প্রদান ব্যবস্থা চালু হয়েছে। এ পর্যন্ত যোগ্য প্রতিবন্ধীর দুই লক্ষ্যেরও বেশি পরিচিতিপত্র প্রদান করা হয়েছে। রাজ্যের সকল প্রতিবন্ধীকে অনতিবিলম্বে পরিচিতিপত্র প্রদান সর্বাত্মক উদ্যোগ গ্রহণের প্রয়োজন অনুভূত হওয়ায় যথেষ্ট সংখ্যক পরিচিতিপত্র মুদ্রণের জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**৯। বিকলাঙ্গ আইন ১৯৯৫-এর প্রয়োগ ঃ**

দপ্তর ইতিমধ্যে আইনের নির্দেশানুসারে প্রয়োজনীয় পরিকাঠামো সৃষ্টির উদ্যোগ নিয়েছে। এই আইনের সংক্ষিপ্ত নিয়মাবলী তৈরি করা হচ্ছে।

## (ঘ) বৃদ্ধ ও অশক্ত কল্যাণ

এই বিভাগ বৃদ্ধ ও অশক্তদের কল্যাণে দায়বদ্ধ। তাই এদের জন্য কিছু কিছু কল্যাণ প্রকল্প চালু করা হয়েছে। যেমন—

**১। বার্ধক্য ভাতা ঃ**

আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও দপ্তর ১-৪-৯৭ থেকে মাসিক পেনশন ১০০ টাকা থেকে ৩০০ টাকা বৃদ্ধি করেছে। বর্তমানে ৩৩,৮১৮ জন বৃদ্ধ ও বৃদ্ধা এই ভাতা পাচ্ছেন।

**২। বৃদ্ধাবাস ঃ**

এই বিভাগের পরিচালনায় তিনটি বৃদ্ধাবাস আছে। বৃদ্ধ স্বাধীনতা সংগ্রামীদের জন্য ৬০ আসন-বিশিষ্ট ও অসহায় বৃদ্ধ ও বৃদ্ধাদের যথাক্রমে ৩০ ও ২৫ আসন-বিশিষ্ট আবাসগুলি দক্ষিণ গড়িয়ায় অবস্থিত।

এছাড়া সরকারের আর্থিক সহযোগিতায় মঞ্জুরীকৃত বৃদ্ধাবাসগুলি স্বেচ্ছাসেবী সংগঠন দ্বারা পরিচালিত হয়।

**৩। অন্যান্য ঃ**

সরকারের আর্থিক সহায়তায় স্বেচ্ছাসেবী সংগঠন পরিচালিত ডে কেয়ার সেন্টার ও ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্রও চালু আছে।

**(ঙ) চক্রচর কল্যাণ**

**১। চক্রচর আবাস ঃ**

ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি নিবারণকল্পে ১৯৪৩ সালের বঙ্গীয় চক্রচর আইন অনুযায়ী চক্রচর আবাস পরিচালিত হয়। এ ধরনের ১০টি আবাসে প্রায় ২,২৩৫ জন ভবঘুরে প্রতিপালিত হচ্ছে। এদের প্রতিপালন, চিকিৎসা এবং পুনর্বাসনের উদ্দেশ্যে মুদ্রণ, পাপোস তৈরি ও তাঁত ইত্যাদি বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ বাবদ বার্ষিক ব্যয়ের পরিমাণ প্রায় ২৫০ লক্ষ টাকা। ভিক্ষুক ও ভবঘুরেদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনতে প্রশিক্ষণ তথা পুনর্বাসন কেন্দ্র চালু আছে।

**২। শিশুদের ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি উচ্ছেদ প্রকল্প ঃ**

শিশুদের ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি উচ্ছেদকল্পে ৬টি কেন্দ্রে প্রায় ৩০০ জন শিশুকে আসবাবপত্র নির্মাণ, বই বাঁধাই, পুতুল এবং পোশাক তৈরির ও চর্মকেন্দ্রের প্রশিক্ষণ ইত্যাদি দেওয়া হয়। এছাড়া দৈনিক এক বেলার আহার ও বৃত্তি ইত্যাদি ও প্রথা বহির্ভূত প্রাথমিক শিক্ষার বন্দোবস্ত আছে।

**৩। ভিক্ষাবৃত্তি নিবারণ প্রকল্প ঃ**

এই প্রকল্পে পাঁচটি প্রশিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র নিম্নোক্ত বিষয়ে মঞ্জুর হয়েছে ঃ (১) ছাপাখানা, (২) চর্মজাত দ্রব্য উৎপাদন, (৩) চিনামাটির দ্রব্য প্রস্তু, (৪) কাঠের আসবাব তৈরি ও (৫) সূচীশিল্প।

**(চ) মাদকাসক্তি নিবারণ**

যুবক-যুবতীদের মধ্যে মাদকাসক্তি উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। তাই ভারত

সরকারের কল্যাণ মন্ত্রকের সহযোগিতায় এই বিভাগ মাদকাসক্তি নিবারণে যে প্রকল্পগুলি গ্রহণ করেছে তা হল—(১) আসক্তি বিমোচন কেন্দ্র, (২) পরামর্শদান কেন্দ্র, ও (৩) সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রচার।

এই ক্ষেত্রে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন কাজ করে চলেছেন এবং বর্তমানে এ রাজ্যে স্বেচ্ছাসেবী সংগঠন দ্বারা পরিচালিত ১৬টি আসক্তি বিমোচন কেন্দ্র, ১৭টি পরামর্শ দান কেন্দ্র চালু আছে। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সরকারের সহায়তায় সচেতনতা সৃষ্টির প্রচার চালাচ্ছেন। এ পর্যন্ত ৬,০০০-এর বেশি মাদকাসক্ত উপকৃত হয়েছেন। বর্তমান প্রস্তাবে গণচেতনা সৃষ্টি ও মাদকাসক্তদের কল্যাণে আর্থিক বরাদ্দ রাখার প্রস্তাব রাখা হয়েছে।

### (ছ) কল্যাণ কুটীর

দীঘার সমুদ্রতটে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এই বিভাগ ৬টি কুঠির পরিচালনা করেন। এই কুটিরগুলি স্বল্পআয়ি মানুষের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে। পরিষেবার সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য প্রয়াস নেওয়া হচ্ছে। এ বছরে কুটির ভাড়া বাবদ প্রায় ৪০,০০০ টাকা আয় হয়েছে।

### (জ) পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ-উপদেষ্টা পর্ষদ

১৯৫৪ সালে প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গ সমাজকল্যাণ উপদেষ্টা পর্ষদ এরাজ্যে দুঃস্থ শিশু ও নারীদের কল্যাণে বিভিন্ন প্রকল্প পরিচালনা করেছেন। ৪৬টি প্রকল্পের ১,২৪১টি ইউনিটের মাধ্যমে প্রায় ৫০,০০০ মহিলা ও শিশু উপকৃত হচ্ছেন। পর্ষদের অধীনে ৩৪টি পরিবার ও শিশু কল্যাণ প্রকল্প এবং ১২টি সীমান্ত এলাকা প্রকল্প রয়েছে। এছাড়াও কৃষ্ণনগরে ১০০ আসন বিশিষ্ট একটি মহিলা দুঃস্থাবাস পরিচালনা করে।

### প্রাক্তন সৈনিক কল্যাণ

প্রাক্তন সৈনিক কল্যাণও এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত। রাজ্যস্তরে রাজ্য সৈনিক বোর্ড ও ৯টি জেলা সৈনিক বোর্ডের মাধ্যমে প্রাক্তন সৈনিকদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়িত হচ্ছে। উত্তর ২৪-পরগনা, বারাসতে একটি নতুন জেলা সৈনিক বোর্ড স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

মাননীয় সদস্যবৃন্দ জেনে আনন্দিত হবেন যে, বিপুল সংখ্যক স্বেচ্ছাসেবী সংগঠন সমাজে দুঃস্থ ও অবহেলিত মানুষের কল্যাণে এই বিভাগের সাহায্য করতে এগিয়ে এসেছেন এবং এই বিভাগ ও এদের কল্যাণব্রতে উৎসাহ দেওয়ার জন্য আর্থিক অনুদান মঞ্জুর করছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরিশেষে বিধানসভার মাননীয় সদস্য, স্থানীয় সংস্থা সমূহের সদস্যবৃন্দ স্বেচ্ছাসেবী সংগঠন পঞ্চায়েত, পৌরসভা ও অন্যান্যদের আপনার মাধ্যমে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। এঁরা সরকারের বিভিন্ন কর্মসূচি সফল করে তুলতে এবং সমাজে অসহায় ও দুর্বলতর শ্রেণীর মানুষের উন্নতির লক্ষ্যে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই, সকলের সক্রিয় সহযোগিতায় আমাদের আরো অগ্রগতি হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং ১৯৯৮-৯৯ সালের জন্য ৪২ এবং ৪৩নং অভিযাচনের অন্তর্ভুক্ত সম্পূর্ণ ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ রাখছি।

**DEMAND No. 43**

**Major Head : 2236—Nutrition**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,15,22,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition".

(This is inclusive of a total sum of Rs. 5,40,00,000 already voted on account)

(The Budget Speech of Shri Biswanath Chowdhury on Demand No. 43, has been printed alongh with Demand No. 42.)

**DEMAND No. 44**

**Major Head : 2245—Relief on account of Natural Calamities**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 115,46,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities".

(This is inclusive of a total sum of Rs. 46,20,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Satya Ranjan Mahato on Demand No. 44 laid on the Table was taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরে ৪৪ নং অনুদানের অন্তর্গত "২২৪৫ নং প্রাকৃতিক বিপর্যয় জনিত ত্রাণ" খাতে মোট ১১৫,৪৬,০০,০০০ (একশ পনেরো কোটি ছেচল্লিশ লক্ষ) টাকার ব্যয় মঞ্জুরির দাবি পেশ করছি। এর মধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এ গৃহীত ৪৬,২০,০০,০০০ (ছেচল্লিশ কোটি কুড়ি লক্ষ) টাকাও ধরা হয়েছে।

২। এই প্রসঙ্গে সভার অবগতির জন্য জানাই যে, প্রস্তাবিত ব্যয় মঞ্জুরির মধ্যে, ত্রাণ দপ্তর ছাড়াও ত্রাণ কার্যের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের অংশও রয়েছে। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরের ১৯ সংখ্যক বাজেট সংক্রান্ত প্রকাশনের যে বাজেট বই সভায় পেশ করা হয়েছে, তাতে লিপিবদ্ধ আছে।

৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

প্রারম্ভেই মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে জানাই যে, পশ্চিমবঙ্গের বৈচিত্র্যপূর্ণ আবহাওয়ার জন্য বন্যা ও অন্যান্য বিপর্যয়গুলো প্রতি বছরই ঘটে থাকে। একটি বিপর্যয় শেষ হতে না হতেই আরেকটি বিপর্যয় শুরু হয়। একদিকে গ্রীষ্মের প্রচন্ড দাবদাহে গ্রাম বাংলা উষ্ণ হয়ে ওঠে, অপরদিকে মৌসুমি বায়ুর প্রত্যাগমণের সঙ্গে সঙ্গে প্রবল বর্ষণ বিরাট এলাকা প্লাবিত করে ভয়াবহ বন্যার সৃষ্টি করে। ফলে ফসল, গৃহ ও অন্যান্য সম্পত্তির ক্ষতি এবং মানুষ ও গবাদি পশুর জীবনহানি হয়। অন্যান্য বছরের মতো এ বছরও এ রাজ্যে বিধ্বংসী বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিধ্বস প্রভৃতি সংঘটিত হয়ে গেছে। ফলে কয়েকশ গ্রামের হাজার হাজার লোক প্রকৃতির রুদ্র-রোষের কবলে পড়েছে।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে—বিগত ১৯৯৭ সালে কয়েকদিনের ক্রমাগত বর্ষণের ফলে দার্জিলিং জেলার সুখিয়া পোখারি, তাকদ ও বিজনবাড়ি এই তিনটি ব্লকে এবং দার্জিলিং সদরের এক পৌর এলাকায় ভয়াবহ ধ্বসের ফলে ১৭ জনের প্রাণহানি ঘটে। ৭৯৫ জনকে উদ্ধার করে ১৩টি ত্রাণ শিবিরে রাখা হয়। ২০৭টি বাড়ি সম্পূর্ণ এবং ৫৫৮টি আংশিক ক্ষতিগ্রস্ত হয়।

৫। ১৯৯৭ সালের ১০ই জুলাই থেকে ১৬ই জুলাই পর্যন্ত প্রবল বর্ষণে দক্ষিণ দিনাজপুর জেলার পুনর্ভবা, টাঙ্গন এবং আত্রাই নদীতে প্লাবন দেখা দেয়। ফলে তপন, গঙ্গারামপুর, বালুরঘাট, কুশমান্ডি এবং বংশীহারি এই পাঁচটি ব্লকে এবং গঙ্গারামপুর ও বালুরঘাট পৌর এলাকায় একটি বিস্তৃত অঞ্চল প্লাবিত হয়। ২ জন লোকের মৃত্যু এবং

২,৮৪৬টি বাড়ির ক্ষতি হয়। ১,০৫,৫৩০ জন লোক বন্যা কবলিত হন।

৬। বিগত ১৯৯৭ সালে মেদিনীপুর জেলায় পরপর চারবার প্লাবন হয়। ২৯/৬/৯৭ তারিখ থেকে ৪৮ ঘন্টায় ২০০ মি. মি. বৃষ্টিপাত হওয়ার ফলে প্রথমবার বন্যা দেখা দেয়। পুনরায় প্রবল বর্ষণের দরুন কংসাবতী জলাধার থেকে অতিরিক্ত জল ছেড়ে দিতে হয়। ফলে প্রবল জলের চাপে কোশী নদীর বাঁধে ভাঙ্গন ধরে। আবার ৬/৮/৯৭ তারিখ পর্যন্ত ৪৮ ঘন্টায় ১৫০ মি. মি. বৃষ্টিপাতের ফলে তৃতীয়বার প্লাবন হয়। ২০/৮/৯৭ তারিখে বঙ্গোপসাগরে জলোচ্ছ্বাসের ফলে রূপনারায়ণ, হলদি, রসুল প্রভৃতি নদীতে প্লাবন দেখা দেয়। অতিরিক্ত বর্ষণ এবং সামুদ্রিক জলোচ্ছ্বাসে দীঘা উপকূল প্লাবিত হয়।

৭। উক্ত জেলায় ২৯টি ব্লকের অন্তর্গত ৮৮টি গ্রাম পঞ্চায়েতের মোট ১.২৭৯টি মৌজা এবং দুটি পৌরসভার অন্তর্গত ৩টি ওয়ার্ড বন্যা কবলিত হয়। জলোচ্ছ্বাস ও প্লাবনে এই জেলায় ১০.৬২ লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়। এদের মধ্যে ৫৪.৫০০ জনকে উদ্ধার করে স্থানীয় বিদ্যালয় ভবন, পঞ্চায়েত ভবন ও অন্যান্য জায়গায় আশ্রয় দেওয়া হয়। এই বিধ্বংসী বন্যায় ১৯ জনের মৃত্যু হয়, ১৮,২৮০টি বাড়ির সম্পূর্ণ ও ৩৬,৭৫০টি বাড়ির আংশিক ক্ষতি হয়।

৮। বিগত ২৮/৮/৯৭ তারিখে সামুদ্রিক জলোচ্ছ্বাসের ফলে উত্তর ও দক্ষিণ ২৪-পরগনার উপকূলবর্তী অঞ্চলে মৎস্যজীবী ও অন্যান্যদের সম্পত্তির প্রভূত ক্ষতি হয়। এই জলোচ্ছ্বাসে দক্ষিণ ২৪-পরগনার ৮টি ব্লকের অন্তর্গত ৪১টি গ্রাম পঞ্চায়েতে প্রায় ৪.৩ লক্ষ লোকের ক্ষতি হয়। সুন্দরবন অঞ্চল ব্যতীত কলকাতার নিকটবর্তী বজবজ ২নং ব্লক এবং মহেশতলা পৌরসভা এলাকাও ক্ষতিগ্রস্ত হয়। ২১/৮/৯৭ তারিখের প্রবল ঘূর্ণিঝড়ে কলকাতা পৌরসভার অন্তর্গত ঠাকুরপুকুরে ১২৬ নং ওয়ার্ডে কিছু বাড়ি ক্ষতিগ্রস্ত হয়।

৯। বিগত ১৯৯৭ সালের আগস্ট মাসের প্রথম সপ্তাহে উত্তর ২৪-পরগনায় প্রবল বর্ষণে প্লাবন দেখা দেয়। ফলে উক্ত জেলার ৫টি এবং দুটি পৌরসভা এলাকা প্লাবিত হয়। এছাড়া ২/৮/৯৭ ও ২২/৮/৯৭ তারিখের ঘূর্ণিঝড়ে বসিরহাট মহকুমার হিঙ্গলগঞ্জ, বসিরহাট-১ এবং স্বরূপনগর ব্লকের ক্ষতি হয়। এই ঘূর্ণিঝড়ে ২,৫৬৩টি বাড়ি সম্পূর্ণ এবং ৫,৩৪০টি বাড়ির আংশিক ক্ষতি হয়। ৪৮,৩৭২ জন লোক ক্ষতিগ্রস্ত হন।

১০। গঙ্গানদীর ভাঙ্গনের ফলে মালদা জেলার মানিকচক, কালিয়াচক-১ এবং ২ ব্লকের প্রভূত ক্ষতি হয়। ভাঙ্গনের ফলে ১ লক্ষ লোকের ও ২১,০০৭ বাড়ির ক্ষতি হয়। অনুরূপ ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার লালগোলা, ভগবান গোলা ২ এবং ফারাক্কা ব্লকে মোট ৫০০টি বাড়ি এবং ১টি প্রাথমিক বিদ্যালয় ধ্বংসের মুখে পড়ে। ৩০০০ জন লোক এই ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত হন।

১১। রাজ্যের বন্যাপীড়িত জেলাগুলোর স্থানীয় জেলা পরিষদ, পঞ্চায়েত ও গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিবৃন্দ এবং জেলার প্রশাসকগণ সম্মিলিতভাবে উদ্ধার ও ত্রাণকার্য পরিচালনা করেন। ত্রাণদপ্তর ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরের ১২/৩/৯৮ পর্যন্ত মোট ২০০২ মে. টন গম, ৬৯,৮০০টি ত্রিপল এবং ত্রাণ ও উদ্ধার কার্যের পরিপ্রেক্ষিতে আনুষঙ্গিক ব্যয় হিসেবে ৩০.২০ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে। এ ছাড়া ধুতি, শাড়ি ইত্যাদিও যথেষ্ট পরিমাণে আবন্টন করা হয়েছে।

১২। এই বন্যা সম্পর্কে "এ মেমোর‍্যান্ডাম অন ন্যাচারাল ক্যালামিটিস ইন ওয়েস্ট বেঙ্গল—১৯৯৭" নামে একটি স্মারকলিপি কেন্দ্রীয় সরকারের নিকট গত সেপ্টেম্বর মাসে পেশ করা হয়। এক উচ্চপর্যায়ের কেন্দ্রীয় পর্যবেক্ষক দল গত ১০ ও ১১ই নভেম্বর মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনার সর্বাধিক ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলো পরিদর্শন করেন। বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে প্রায় ৩৯২ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছিল এবং ১৮৬.৩২ কোটি টাকা অতিরিক্ত সাহায্যের কথা ও স্মারকলিপিতে উল্লিখিত ছিল। কিন্তু এ পর্যন্ত অতিরিক্ত কোনও অর্থ সাহায্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যায়নি।

১৩। দশম অর্থ-কমিশনের সুপারিশ অনুযায়ী এ রাজ্যে গঠিত "বিপর্যয়-জনিত ত্রাণ-তহবিলের" ১৯৯৭-৯৮ সালে অর্থের পরিমাণ ছিল ৫৪.১৬ কোটি টাকা। তন্মধ্যে ১২-৩-৯৮ পর্যন্ত মোট ৩৬.৪৪ কোটি টাকা (আনুমানিক) ত্রাণ দপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরগুলির মধ্যে আবন্টন করা হয়েছে। যে দপ্তরগুলিকে ত্রাণ ও পুনর্গঠন কার্যের নিমিত্ত টাকা দেওয়া হয়েছে তাদের নাম ও টাকার পরিমাণ নিচে দেওয়া হল।

| দপ্তরের নাম | প্রদত্ত অর্থ (লক্ষ টাকায়) |
|---|---|
| কৃষি (ইনপুট) | ৩১৫ |
| প্রাণী সম্পদ বিকাশ | ২৪ |
| মৎস্য | ২২ |
| আরক্ষা | ২ |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | ৪০ |
| সেচ ও জলপথ | ২০১৭ |
| পৌর | ২৫ |
| জনস্বাস্থ্য ও কারিগরি | ৩৫ |

| | |
|---|---|
| পূর্ত ও পূর্ত (সড়ক) | ৪০০ |
| জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন | ৪০ |
| ত্রাণ | ৭০২.৩৯ |
| অন্যান্য বিভাগ | ২১.৫০ |
| মোট | ৩৬৪৩.৮৯ |

১৪। প্রাকৃতিক দুর্যোগ ছাড়াও অন্যান্য ক্ষেত্রে সরকারকে দুঃস্থ মানুষের সাহায্যে এগিয়ে আসতে হয়। গ্রামে শহরে অন্ধ, খঞ্জ, অনাথ ও উপার্জনে অক্ষম মানুষদের জন্য সাধারণ খয়রাতি সাহায্য দেওয়া হয়। ১৯৯৭-৯৮ সালে এ বাবদ ১২/৩/৯৮ পর্যন্ত মোট ৬.৩৪ কোটি টাকা আবন্টন করা হয়েছে। অক্ষম ও দুঃস্থ কুষ্ঠরোগগ্রস্ত ব্যক্তিদের জন্য ও সাহায্যের ব্যবস্থা করা হয়। এ বাবদ আলোচ্য বছরে মোট ৩৬,৪৬,০৪৯ টাকা আবন্টিত হয়েছে।

১৫। পশ্চিমবঙ্গের সমস্ত জেলার গ্রামে ও শহরে বসবাসকারী দরিদ্র ও দুঃস্থ মানুষদের জন্য মাননীয় বিধায়কদের মারফৎ ঈদ ও দুর্গাপূজার প্রাক্কালে জামাকাপড় সুতি কম্বল ও শিশুবস্ত্র বন্টনের ব্যবস্থা করা হয়। গত বছর ত্রাণ দপ্তর থেকে এ বাবদ ১ কোটি ৩০ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে।

১৬। আর্থিক দিক থেকে দুর্বলতর শ্রেণীভুক্ত মানুষদের আর্থ সামাজিক পুনর্বাসনের জন্য অনুদান দেওয়া হয়। এ বাবদ গত আর্থিক বছরে ১২/৩/৯৮ পর্যন্ত যথাক্রমে ৩০ লক্ষ টাকা পরিকল্পনা খাতে ও ২৬ লক্ষ টাকা পরিকল্পনা বহির্ভূত খাতে আবন্টন করা হয়েছে।

১৭। এই বিভাগ থেকে যক্ষ্মারোগমুক্ত দুর্বলতর শ্রেণীর মানুষদের আর্থ সামাজিক পুনর্বাসনের জন্য অনুদান হিসেবে গত আর্থিক বছরের ১২/৩/৯৮ পর্যন্ত ৫ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে।

১৮। ত্রাণ বিভাগ বেহালায় রেপসিড তেল জনিত অসুস্থতায় আক্রান্তদের মধ্যে খয়রাতি সাহায্য ও আর্থিক অনুদান দিয়ে যাচ্ছে। ১৯৯৭-৯৮ সালের ১২/৩/৯৮ পর্যন্ত এ বাবদ মোট ৬,১১,৯১৪ টাকা আবন্ট করা হয়েছে।

১৯। ১৯৮৮ সলের ১লা মে থেকে কেন্দ্রীয় সরকারের আনুকূল্যে ও পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগের তত্ত্বাবধানে রূপায়িত কুটির বিমা প্রকল্পের মাধ্যমে গ্রামে

দুর্ঘটনা জনিত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি নির্মাণের উদ্দেশ্যে অর্থ সাহায্য করা হয়। এ পর্যন্ত এই প্রকল্পে ৫১,০৪৬ টি পরিবারকে আর্থিক সাহায্য মঞ্জুর করা হয়েছে।

২০। পৌর এলাকায় দুর্ঘটনাজনিত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে ত্রাণ বিভাগ কুটির নির্মাণ প্রকল্পে অনুদান দিয়ে থাকে। বিগত আর্থিক বছরে এ বাবদ ১২/৩/৯৮ পর্যন্ত মোট ৪৮,৫০০ টাকা ক্ষতিপূরণ মঞ্জুর কর. হয়েছে।

২১। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ত্রাণ দপ্তরের বাজেট বরাদ্দ মূলত পরিকল্পনা বহির্ভূত খাতে ধরা হয়। তবে, বিগত কয়েক বৎসর ধরে পরিকল্পনা খাতেও নিচের পাঁচটি প্রকল্প চালু আছে।

ক) কলকাতায় ত্রাণ ভবন নির্মাণ।

খ) বন্যাশ্রয় নির্মাণ।

গ) আর্থ-সামাজিক কারণে বিপর্যস্ত ও দুঃস্থ পরিবারের পুনর্বাসনের জন্য এককালীন অনুদান।

ঙ) প্রাকৃতিক দুর্যোগ সতর্কীকরণ ব্যবস্থা (ডি. ডব্লিউ. এস)

১৯৯৭-৯৮ আর্থিক বছরের ১২/৩/৯৮ পর্যন্ত এ বাবদ ১৫০ লক্ষ টাকা আর্থিক বরাদ্দের মধ্যে ৭০.১৮ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে।

উক্ত প্রকল্পগুলোর মধ্যে ত্রাণ ভবন নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। ১৯৯৮-৯৯ সালেও উল্লিখিত পাঁচটি প্রকল্প চালু থাকবে। যদিও ত্রাণ ভবনের কাজ সম্পন্ন হয়েছে, নির্মাণ কার্যের জন্য বকেয়া পাওনা মেটাতে ৩০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। একটি নতুন প্রকল্প VSAT-এর মাধ্যমে সমুদ্রোপকূলে দুর্যোগ-পূর্বাভাস-নির্ণায়ক একটি যন্ত্র স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে।

২২। বিভিন্ন ত্রাণ প্রকল্প যথাযথ রূপায়ণের জন্য আমি যে ব্যয় মঞ্জুরির প্রস্তাব মাননীয় সদস্যগণের কাছে রাখছি, তা ১৯৯৮-৯৯ সালে বিভিন্ন ত্রাণ কার্যের জন্য ব্যয়িত হবে।

২৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বিগত আর্থিক বছরে এ রাজ্যে ত্রাণের কাজে সভার মাননীয় সদস্যগণ যে অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতার হাত বাড়িয়েছেন, সেই একই সমর্থন পাওয়ার আশা রেখে ১৯৯৮-৯৯ সালে ৪৪ নং অনুদানের অন্তর্গত "২২৪৫ নং প্রাকৃতিক বিপর্যয় জনিত

ত্রাণ" খাতে ব্যয় বরাদ্দের প্রস্তাব গ্রহণের জন্য আমি সবিশেষ অনুরোধ করছি।

**DEMAND No. 45**

**Major Head : 2251—Secretariat—Social Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,22,10,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251—Secretariat—Social Services".

(This is inclusive of a total sum of Rs. 5,40,00,000 already voted on account)

(Printed Budget Speech of on Demand No. 45 have been printed alongwith Demand No. 30)

**DEMAND No. 46**

**Major Heads : 2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,78,68,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads : "2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services".

(This is inclusive of a total sum of Rs. 13,92,25,000 already voted on account)

**DEMAND No. 47**

**Major Heads : 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) and 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings and Horticulture and Vegetable Crops)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 121,52,48,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) and 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings and Horticulture and Vegetable Crops)".

(This is inclusive of a total sum of Rs. 40,50,00,000 already voted on account)

The Printed Budget Speech of Shri Narendra Nath Dey on Demand No. 47, 48 and 55 laid on the Table was taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৭ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৪০১—শস্য উৎপাদন, (বাগিচা ফসল ও সবজি চাষ বাদে)" এবং "৪৪০১—শস্য উৎপাদনের জন্য মূলধনগত ব্যয় (সরকার পরিচালিত সংস্থাসমূহ এবং বাগিচা ফসল ও সবজি চাষ বাদে)" বাবদ ১২১,৫২,৪৮,০০০ (একশত একুশ কোটি বাহান্ন লক্ষ আটচল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৪০,৫০,০০,০০০ (চল্লিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৮ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৪০২—ভূমি ও জল সংরক্ষণ" এবং "৪৪০২—ভূমি ও জলসংরক্ষণের জন্য মূলধনগত ব্যয়" বাবদ ১১,১৯,২৪,০০০ (এগারো কোটি উনিশ লক্ষ চব্বিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৩,৭২,০০,০০০ (তিন কোটি বাহাত্তর লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৫ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৪১৫—কৃষি গবেষণা ও শিক্ষা" এবং "৪৪১৫—কৃষি গবেষণা ও শিক্ষার

জন্য মূলধনগত ব্যয় (সরকার সংস্থাসমূহ বাদে)" বাবদ ৪০,৫৭,৪৫,০০০ (চল্লিশ কোটি সাতান্ন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দ বাবদ প্রস্ত১৩,৫২৩,৭২,০০,০০০ (তেরো কোটি বাহান্ন লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

**২। আবহাওয়ার পরিপ্রেক্ষিতে ১৯৯৭-৯৮ সালের কৃষি উৎপাদন পর্যালোচনা ঃ**

পশ্চিমবঙ্গের কৃষিতে যে ব্যাপক পরিবর্তন এসেছে, এ রাজ্যের কৃষিক্ষেত্রগুলিতে সবুজের সমারোহই তার সাক্ষ্য বহন করে। ১৯৯৬-৯৭ সালে এ রাজ্যে ১৩৭.৬১ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন হয়েছে য়ারা মধ্যে কেবলমাত্র চালই ছিল ১২৬.৫৭ লক্ষ টন ;—স্বাধীনতা-উত্তরকালে এটা উৎপাদনের সর্বোচ্চ রেকর্ড বলে পরিগণিত হয়েছে।

যদিও ১৯৯৬ সালে রাজ্যে মোটামুটি ভাল বৃষ্টিপাত হয়েছিল, তথাপি সারা বছর ধরে যথাযথভাবে ফসল চাষের উপযোগী আবহাওয়া পাওয়া যায়নি। বছরের বিভিন্ন সময়ে রাজ্যের বিভিন্ন অংশে নানারূপ প্রাকৃতিক বিপর্যয় যেমন বন্যা, বঙ্গোপসাগর থেকে সামুদ্রিক জলের অনুপ্রবেশ, খরার প্রকোপ, অসময়ে বৃষ্টিপাত, মেঘাচ্ছন্ন আবহাওয়া, ঝড় ঝঞ্ঝা ইত্যাদির ফলে আমন ধানসহ মাঠফসলসমূহের ব্যাপক ক্ষতি হয়।

হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গে যথাক্রমে ৪ দিন ও ২ সপ্তাহ বিলম্বে বর্ষার আগমন ঘটে। জুন মাসে উত্তরবঙ্গের সকল জেলাতেই স্বাভাবিক বৃষ্টিপাত হয় কিন্তু নদীয়া, বীরভূম, পুরুলিয়া ও মেদিনীপুর (পশ্চিম) ছাড়া দক্ষিণ বঙ্গের অধিকাংশ জেলায় বৃষ্টিপাত ছিল বিক্ষিপ্ত ও অপর্যাপ্ত। জুলাই মাসে কোচবিহার ছাড়া সকল জেলাতেই স্বাভাবিক থেকে অতিরিক্ত বৃষ্টিপাত পরিলক্ষিত হয়। জুলাই মাসের ২য় পক্ষে সকল জেলাতেই আমন ধান রোয়ার কাজ পুর্ণোদ্যমে চলে কিন্তু কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় তা বিলম্বিত হয় পর্যাপ্ত বৃষ্টির অভাবে।

আগস্ট মাসে পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলাতে আবহাওয়া ছিল মোটামুটি অনুকূল ; কিন্তু এর ব্যতিক্রম পরিলক্ষিত হয় মেদিনীপুর (পশ্চিম), মেদিনীপুর (পূর্ব), এবং দক্ষিণ ২৪-পরগনা জেলাগুলিতে যেখানে খুব বেশি বৃষ্টিপাত ও জলাধার থেকে বিশেষ করে 'কংসাবতী প্রকল্প' থেকে বিপুল পরিমাণে জল ছাড়ার ফলে ভয়াবহ বন্যাজনিত পরিস্থিতির উদ্ভব হয়। উপসাগরীয় জোয়ারের প্রবল জলচাপ এবং দক্ষিণ-পূর্বগত প্রবল বাত্যার ফলে ক্ষতিগ্রস্ত বাঁধগুলি দিয়ে সামুদ্রিক জলের অনুপ্রবেশ রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে ক্ষতির সম্মুখীন হয়।

ফসল কাটার মরশুমে অসময়োচিত বৃষ্টিপাতের ফলে আমন ধানের আরও ক্ষতি

হয়। শীতকালের প্রথম দিকে আবহাওয়া মোটামুটি অনুকূল ছিল। কিন্তু শেষের দিকে শিলাসহ বৃষ্টিপাতের ফলে রবিশস্য বিশেষত আলু ও সর্ষে যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়। যা হোক, উত্তর-মরসুমি বৃষ্টিপাতের ফলে প্রধান প্রধান নদী-উপত্যকা প্রকল্পগুলির জলাধারে সেচের জন্য জলসঞ্চয় বৃদ্ধি পাওয়ায় এবং সেই সঙ্গে ভূগর্ভস্থ জলস্তর পূর্ণমাত্রা লাভ করায় রবি-গ্রীষ্মকালীন ফসলের চাষ আশানুরূপ হয়েছে বলে মনে করা হচ্ছে।

খরিফ মরশুমব্যাপী এবং সেই সঙ্গে রবি-গ্রীষ্মকালীন মরশুমের প্রথম দিকে বিভিন্ন প্রতিকূলতা সত্ত্বেও আশা করা যাচ্ছে যে ১৯৯৭-৯৮ সালের জন্য বিভিন্ন ফসলের উৎপাদনের যে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল তা পূরণ করা যাবে।

৩। **খাদ্যশস্য উৎপাদন পরিস্থিতি ঃ**

৬০-এর দশকের মাঝামাঝি থেকে অধিক ফলনশীল ধান এবং গম চাষের সূচনা হওয়ায় এবং সেচব্যবস্থার উন্নতি ঘটায় উৎপাদনের মাত্রা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতিকল্পে গৃহীত বিভিন্ন কার্যক্রমও উৎপাদন বৃদ্ধির সহায়ক হয়েছে। ৮ম পরিকল্পনার শেষ বছরে (১৯৯৬-৯৭) পশ্চিমবঙ্গ ১৩৭.৬১ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করে এক রেকর্ড সৃষ্টি করেছে যেখানে স্বাধীনতাকালে তা ছিল মাত্র ৪০.০ লক্ষ টন। এবং এও আশা করা যাচ্ছে যে ১৯৯৭-৯৮ সালে খাদ্যশস্য উৎপাদনের ধার্য লক্ষ্যমাত্রা ১৩৮ লক্ষ টন অতিক্রম করে ১৪০ লক্ষ টনে দাঁড়াবে।

রাজ্যে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের প্রগতিমূলক ও পদ্ধতিগত পরিকল্পনা ও প্রয়োগ কৃষিতে যুক্ত আমাদের লোকেদের নিষ্ঠা এবং খেতে ফসল উৎপাদনের প্রযুক্তির আধুনিকতম প্রয়োগের ফলেই এটা সম্ভব হয়েছে।

৪। **কৃষি উন্নয়নের ব্যবস্থাসমূহ ঃ**

ভারত সরকারের পরিকল্পনা আয়োগ প্রয়োজনভিত্তিক কৃষি পরিকল্পনা নির্ধারণ এবং আঞ্চলিক সম্পদের বিজ্ঞানসম্মত ব্যবহারের জন্য সমগ্র দেশকে ১৫টি কৃষি-আবহ অঞ্চলে বিভক্ত করেছেন। পশ্চিমবঙ্গকে এরূপ তিনটি কৃষি-আবহ অঞ্চলে অন্তর্ভূক্ত করা হয়েছে। সেগুলি হল ঃ (ক) পূর্ব হিমালয় অঞ্চল, (খ) নিম্ন গাঙ্গেয় সমভূমি অঞ্চল এবং (গ) পূর্বাঞ্চলীয় মালভূমি ও পার্বত্য অঞ্চল। জেলাকে ক্ষুদ্রতম একক হিসাবে ধরে এবং মৃত্তিকা, ভূমি-প্রকৃতি, জলবায়ু এবং শস্যরীতির উপর ভিত্তি করে এই অঞ্চলগুলিকে ৭টি (সাত) উপ-অঞ্চলে বিভক্ত করা হয়েছে। কৃষি উৎপাদনের মূল্য লক্ষ্যগুলি ঃ

(অ) বিভিন্ন অঞ্চলের উপযোগী বিভিন্ন ফসলের প্রজাতি ও কৃষি-প্রযুক্তি উদ্ভাবন করে এবং অঞ্চল বিশেষে তা যথেষ্ট সম্প্রসারণ কর্মসূচির

মাধ্যমে কৃষি-উৎপাদন বৃদ্ধির ঐকান্তিক প্রচেষ্টা করা।

(আ) টার্গেট গ্রুপ চিহ্নিতকরণ এবং তাদের জন্য বিভিন্ন কৃষি জলবায়ুভিত্তিক কৃষি প্রযুক্তিগত সুপারিশকরণ।

(ই) শংসিত/গুণমানসম্পন্ন বীজের সরবরাহ বৃদ্ধির মাধ্যমে অধিক জমিতে অধিক ফলনশীল জাতের (HYV) ব্যাপকতর প্রচলন।

(ঈ) সেচযুক্ত অঞ্চলে নিবিড় চাষের কাজ এবং সেচবিহীন অঞ্চলে উপযুক্ত জাত প্রচলনের মাধ্যমে বিজ্ঞানভিত্তিক শস্য পর্যায়ের প্রচলনের কাজ জোরদার করা।

(উ) উন্নততর পরিচালন পদ্ধতি অবলম্বন এবং ব্যবহৃত সারের কার্যকারিতা বৃদ্ধি করা।

(ঊ) অধিকতর নিবিড় চাষের মাধ্যমে একক জমির গড় উৎপাদন বৃদ্ধি করা।

(ঋ) মাটির গুণগত মান উন্নতির জন্য মাটি এবং জল সংরক্ষণের বিজ্ঞানসম্মত পদ্ধতি অবলম্বন করা।

(ঌ) বিভিন্ন কৃষি-জলবায়ুভিত্তিক উপ-অঞ্চলগুলিতে 'ফসল-নিরীক্ষা'র অধিক ফলনশীল জাতগুলির অভ্যন্তরীণ জিনঘটিত সম্ভাবনার পরিপূর্ণ ব্যবহার।

(এ) 'সুসংহত শস্যরক্ষা পদ্ধতি'র পরিপ্রেক্ষিতে কীটনাশক ব্যবস্থাদি গ্রহণ করা।

(ঐ) পরিবেশের বাস্তুতান্ত্রিক ভারসাম্য বজায় রাখার জন্য বাস্তুসহায়ক জৈব সার ও অনুখাদ্য ব্যবহার শুরু করা।

(ও) অপ্রথাগত অঞ্চলে অপেক্ষাকৃত কম লাভজনক ফসলের চাষ শুরু করা।

(ঔ) বৃষ্টিনির্ভর এলাকায় সর্বোচ্চ ফলনের জন্য উপযোগী কৃষি-প্রযুক্তি উদ্ভাবনের উপর যথেষ্ট আরোপ করা।

এবং

ফসল তোলার বহুমুখী জৈব পদ্ধতিগুলির বিষয়ে উৎসাহ প্রদান।

**৫। কয়েকটি প্রধান ফসলের উৎপাদন বৃদ্ধির কর্মসূচি ঃ**

(ক) **ধান ঃ**

বিগত দশ বছর ধরে এই রাজ্য ধান উৎপাদনের ক্ষেত্রে সমগ্র দেশে প্রথম স্থান অধিকার করে এক অভূতপূর্ব কৃতিত্বের পরিচয় রেখেছে। কিন্তু এতে আত্মতুষ্টির অবকাশ নেই কারণ, উৎপাদনের ক্ষেত্রে স্থিতিশীলতা বজায় রাখতে হবে। তিনটি বিভিন্ন ঋতুতে ধান চাষ হয়ে থাকে, যার মধ্যে খরিফ খন্দে উৎপন্ন শীতকালীন ধান (আমন) চাষের এলাকা সর্বাধিক। কৃষকের ক্ষেতে উন্নত প্রযুক্তি প্রচলনের মাধ্যমে গড় উৎপাদন বৃদ্ধি করে বিশেষত শীতকালীন ধান উৎপাদনের ক্ষেত্রে বিগত কয়েক বছরে এক নতুন সাফল্য অর্জন করা গেছে।

ধান্যপ্রধান বাস্তুতন্ত্রে "সুসংহত চাল উন্নয়ন প্রকল্প" যার নতুন নাম হয়েছে "নিবিড় খাদ্যশস্য উৎপাদন প্রকল্প" এবং যা একটি কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প তা রাজ্যের ১৭টি কৃষি জেলার ১২৫টি ব্লকে চালু আছে। ধানের সর্বোচ্চ গড় উৎপাদন বৃদ্ধিকল্পে এই প্রকল্পের মাধ্যমে উপযুক্ত মানের বীজ বিতরণ, প্রদর্শনীক্ষেত্র স্থাপন, কৃষকদের প্রশিক্ষণ, কৃষিযন্ত্রপাতি বিতরণ, সুসংহত পদ্ধতিতে শস্যরক্ষার জন্য প্রদর্শনীক্ষেত্র স্থাপন এবং প্রত্যেকটি ব্লকের সফল গ্রাম পঞ্চায়েতগুলিকে ধানের সর্বোচ্চ উৎপাদনশীলতার জন্য পুরস্কৃত করা, পাওয়ার টিলার বিতরণ এবং স্প্রিঙ্কলার সংস্থাপন ইত্যাদি বিষয়গুলি ভরতুকি দেওয়া হয়ে থাকে।

এই বলা যায় যে, এই রজ্যে চালের উৎপাদন ও উৎপাদনশীলতার উপর এই উৎপাদনমুখী পরিকল্পনা যথেষ্ট প্রভাব বিস্তার করেছে। ১৯৯৮-৯৯ সালে ৫৮.৮৫ লক্ষ হেক্টর চাল উৎপাদনের মোট লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১৩১.৯৩ লক্ষ টন এবং উৎপাদনশীলতা ধরা হয়েছে হেক্টর প্রতি ২২৪২ কেজি।

(খ) **পাট ঃ**

পাটচাষে ব্যবহৃত কৃষি জমির পরিমাণ, পাটের উৎপাদন এবং উৎপাদন হারের পরিপ্রেক্ষিতে সমগ্র দেশের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান প্রথম স্থান হল পশ্চিমবঙ্গের। সমগ্র দেশের মোট পাট উৎপাদক জমির ৬৫%-এরও বেশি অংশ এই রাজ্যের এবং এই জমি থেকেই সমগ্র দেশের ৭০% পাট উৎপাদন হয়। পাটতন্তুর মোট উৎপাদন ও উৎপাদনশীলতা বহুবিধ সমস্যায় পূর্ণ ; এগুলির মধ্যে উল্লেখযোগ্য হল অপ্রতুল ও অসংহত বিপণন পরিকাঠামো, প্রাক-মৌসুমি বৃষ্টিপাতের অনিশ্চিয়তা, পাটের বাজার দরের চিরাচরিত অস্থিরতা এবং কৃত্রিম তন্তুজনিত স্থায়ী ভীতি। এইসব সমস্যা মোকাবিলার উদ্দেশ্যে তিনটি প্রধান লক্ষ্য নিয়ে পাট উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যথা—

(অ) উৎপাদনশীলতা বৃদ্ধি, (আ) তন্তুর গুণগত মান উন্নয়ন এবং (ই) উৎপাদনের ব্যয় হ্রাস। এই লক্ষ্যসমূহ সামনে রেখে 'বিশেষ পাট উন্নয়ন কর্মসূচি' নামে কেন্দ্রীয় সরকারের ১০০% অনুদানপুষ্ট একটি প্রকল্প এই রাজ্যের ১০টি জেলার ৯০টি ব্লকে ২ লক্ষ হেক্টরে চালু আছে। এই প্রকল্পের অধীনে আছে ঃ

(ক) সহায়কমূল্যে পাটের শংসিত বীজ বিতরণ ;

(খ) সহায়ক মূল্যে চাষের যন্ত্রপাতি সরবরাহ ;

(গ) বিনামূল্যে অত্যাবশ্যক উদ্ভিদ খাদ্যের মিনিকিট ও ছত্রাক-কালচার বিতরণ ;

(ঘ) প্রযুক্তি-সংক্রান্ত প্রদর্শনীর ব্যবস্থা করা ;

(ঙ) পাতায় স্প্রে করার জন্য ইউরিয়া সারের মূল্যে ভরতুকি প্রদান ;

(চ) ফিতা পদ্ধতিতে পাট পচানো-প্রযুক্তির প্রদর্শন ;

(ছ) পাট পচানোর জন্য কাঁচা ও পাকা পুকুর খননের উদ্দেশ্যে আর্থিক সহায়তা দান ;

(জ) পাট উৎপাদক কৃষক এবং সংশ্লিষ্ট কর্মচারিদের প্রশিক্ষণ।

এ ছাড়াও পশ্চিমবঙ্গে পাট উন্নয়নের পরিকাঠামোগত সহায়তাকল্পে রাজ্য প্রকল্পভুক্ত "নিবিড় পাট জেলা কর্মসূচি" চালু আছে।

১৯৯৬-৯৭ সালে ৬.২০ লক্ষ হেক্টর জমিতে ৭৫.০৫ লক্ষ গাঁট পাট উৎপাদন হয়; উৎপাদনশীলতা ছিল হেক্টর প্রতি ১২.১০ গাঁট। যেহেতু ১৯৯৭-৯৮ সালের পাট উৎপাদনের মরশুম অনুকূল ছিল সেই কারণে আশা করা হচ্ছে যে এ বছরও একই পরিমাণে পাট উৎপাদন হবে।

১৯৯৮-৯৯ সালে ৫.৪০ লক্ষ হেক্টর জমিতে পাট চাষ করার এবং ৬৫.৭৫ লক্ষ গাঁট পাট উৎপাদন করার লক্ষ্যমাত্রার প্রস্তাব রাখা হচ্ছে।

১৯৯৮-৯৯ সালেও "বিশেষ পাট উন্নয়ন কর্মসূচি" এবং "নিবিড় পাট জেলা কর্মসূচি" দুটিই চালু থাকবে।

(গ) গম ঃ

গত কয়েক বছরে গম চাষে কৃষকদের আগ্রহ কমে যাচ্ছে ; কারণ, গমচাষ

অন্যান্য লাভজনক ফসল যথা—সরিষা, গ্রীষ্মকালীন সবজি ইত্যাদি ফসল চাষের থেকে তুলনামূলকভাবে কম লাভজনক। সেজন্য প্রচলিত অঞ্চলে গমচাষের এলাকা বৃদ্ধির চেয়ে অপ্রথাগত অঞ্চলে এর চাষের এলাকা বৃদ্ধি এবং গমের উৎপাদনশীলতার ওপর বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। ১৯৯৮-৯৯ সালে ৩.৭৫ লক্ষ হেক্টর জমির প্রতি হেক্টরে ২২২৫ কেজি হারে মোট ৮.৩৪ লক্ষ টন গম উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

(ঘ) ডালশস্য ঃ

গত তিন বছরে ডালশস্যের চাষের এলাকা প্রান্তিকভবে বৃদ্ধি পেয়েছে এবং ১৯৯৬-৯৭ সালে সর্বকালীন রেকর্ড হিসাবে উৎপাদনশীলতা হেক্টর প্রতি ৭৬০ কেজি অর্জন করা গেছে। ভারত সরকার ও রাজ্য সরকারের সহায়তায় গৃহীত বিভিন্ন প্রকল্পের ছত্রছায়ায় উৎপাদন প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে ডালশস্যের উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। ডালশস্যের চাষের জন্য মেলে এমন সীমিত এলাকা এবং ডালশস্যের উৎপাদন ক্ষমতার সীমাবদ্ধতার বিষয় বিবেচনা করে ১৯৯৮-৯৯ সালের জন্য ৩.২০ লক্ষ হেক্টরে ২.৫০ লক্ষ টন উৎপাদনের পরিমিত লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। রজ্যে ডালশস্য উৎপাদন বৃদ্ধিকল্পে ১৯৯৭-৯৮ সালে ৬০.০০ লক্ষ টাকা এবং ৫৩.০০ লক্ষ টাকায় "জাতীয় ডালশস্য উন্নয়ন প্রকল্প" এবং "ডালশস্য উন্নয়ন প্রকল্প (রাজ্য পরিকল্পনা)"-এর কার্যক্রম রূপায়িত হয়েছে।

প্রদর্শনী ক্ষেত্রগুলির মাধ্যমে প্রযুক্তির সম্প্রসারণ এবং ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের বীজের মিনিকিট বিতরণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। এই সঙ্গে উন্নতমানের ডালবীজ উৎপাদন বৃদ্ধি এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জীবাণুসার বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালেও কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সাহায্যপুষ্ট ডালশস্য উন্নয়ন কর্মসূচি ডালশস্যের একক ও মিশ্র চাষের এলাকা বৃদ্ধির উদ্দেশ্যে চালু থাকবে।

(ঙ) তৈলবীজ ঃ

৮ম পরিকল্পনাকালে রাজ্যে তৈলবীজ উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ভারত সরকার ও NOVOD বোর্ডের সহায়তায় রজ্যে ইতিমধ্যেই বিভিন্ন প্রকল্প চালু করা হয়েছে। তৈলবীজ চষের এলাকা বৃদ্ধির সীমিত সুযোগের পরিপ্রেক্ষিতে তৈলবীজের উৎপাদনশীলতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

রাজ্যে তৈলবীজের অধিকতর উৎপাদন এবং কৃষকদের কাছে প্রযুক্তিগত তথ্যাদি পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে ১৯৯৭-৯৮ সালে তৈলবীজ উন্নয়ন কার্যক্রম যেমন কেন্দ্রীয় সহায়তায় তৈলবীজ উৎপাদন প্রকল্প এবং রাজ্য সরকারের গৃহীত নিজস্ব প্রকল্প চালু রাখা হয়েছে। ২১৪১ হেক্টর এলাকায় চিনাবাদাম ও সয়াবিনের প্রদর্শনীক্ষেত্র স্থাপন করা হয়েছে। এই সঙ্গে ২২,১০৮.৭ হেক্টরে তৈলবীজ চাষের জ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের

মধ্যে ১,৭০,০৬৭ সংখ্যক রাই, সরিষা, চিনাবাদাম, তিল ইত্যাদির উপকরণ মিনিকিট বিতরণ করা হয়েছে। রজ্যের কয়েকটি এলাকায় অনুখাদ্যের অভাব থাকায় সে সব জায়গায় তৈলবীজের উৎপাদন বৃদ্ধিকল্পে ১,৩০০ হেক্টরের জন্য অনুখাদ্যের মিনিকিট সরবরাহ করা হয়। উন্নতমানের বীজ উৎপাদনের উপরও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে এবং এটা করা হয়েছে গ্রামীণ বীজ উৎপাদন কার্যক্রমের মাধ্যমে। অধিক তৈলবীজ উৎপাদনের জন্য সুসংহত শস্যরক্ষা ও তৎসংক্রান্ত কৃষক প্রশিক্ষণও চালু রাখা হয়েছে।

১৯৯৮-৯৯ সালে রাজ্যে হেক্টরপ্রতি ৪২৫ কেজি উৎপাদনশীলতার মাধ্যমে ৬.০ লক্ষ হেক্টরে ৫.৫৫ লক্ষ টন তৈলবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

উপরিউক্ত লক্ষ্যমাত্রা পূরণে বিভিন্ন প্রকল্প যেমন কেন্দ্রীয় সাহায্যপুষ্ট "তৈলবীজ উন্নয়ন কার্যক্রম," সূর্যমুখী-সহ অন্যান্য তৈলবীজ উন্নয়ন এবং NOVOD বোর্ডের সহায়তায় গৃহীত কার্যক্রমও চালু থাকবে।

৬। **কৃষি উপকরণ সরবরাহ ঃ**

নিয়মিত এবং সময়োচিত কৃষি-উপকরণ সরবরাহকে কৃষি-উৎপাদন বৃদ্ধির অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঙ্গ হিসাবে গণ্য করা হয়। এই লক্ষ্যটি সামনে রেখে রাজ্য সরকার কৃষকদের মধ্যে কৃষি-উপকরণ সহজলভ্য করার জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন।

(ক) **বীজ ঃ**

গত কয়েক বছরের মতো উন্নত গুণমানসম্পন্ন বীজ উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে "পশ্চিমবঙ্গ রাজ্য বীজ নিগম" এক বিশেষ ভূমিকা গ্রহণ করবে। কৃষকদের মধ্যে বিতরণের জন্য বীজ নিগম সরকারি খামার এবং কৃষকের জমিতে বীজ বর্ধন কর্মসূচির মাধ্যমে উন্নতগুণমানের বীজ উৎপাদন করে চলেছে। এছাড়া কয়েকটি ব্যক্তিমালিকানাধীন সংস্থাও অধিক ফলনশীল এবং উন্নতজাতের বীজ উৎপাদন ও বিতরণ কর্মসূচির সঙ্গে যুক্ত।

সংকর প্রজাতির চাল ও সবজি প্রকৃত আলুবীজ এবং "কলাকোষ থেকে তৈরি চারা", (টিসু-কালচার প্ল্যান্টিং টিরিয়ালস) উদ্ভাবনের ফলে রাজ্য সরকার এবং বেসরকারি সংস্থাসমূহ রাজ্যের কৃষকদের চাহিদা মেটানোর উদ্দেশ্যে সংকর ধান ও সবজি বীজ, প্রকৃত আলুবীজ এবং "কলাকোষ থেকে তৈরি চারা" উৎপাদনের কর্মসূচি গ্রহণ করেছে।

ফসলের উৎপাদনশীলতা এবং উৎপাদন বৃদ্ধি ও স্থিতিশীলতার জন্য যেহেতু উচ্চফলনশীল প্রজাতির বীজগুলির নির্দিষ্ট পর্যায়ভিত্তিক পরিবর্তন প্রয়োজন, সেই কারণে রাজ্যে বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি প্রকল্পের ছত্রছায়ায় বিশেষত ক্ষুদ্র ও প্রান্তিক

কৃষকদের মধ্যে বিভিন্ন উচ্চফলনশীল প্রজাতির বীজ বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

"নিবিড় তন্ডুল উন্নয়ন কর্মসূচি"—ধান এবং গুণমানসম্পন্ন বীজের ভরতুকি মূল্যে বিক্রয়ের (রাজ্য পরিকল্পনাধীন) কর্মসূচির অধীনে কৃষকের মধ্যে বিভিন্ন ফসলের বীজ, প্রধানত ধান ও গমের, বিতরণ করা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে আই. সি. ডি. পি. কর্মসূচির অধীনে ২,০০০ মেট্রিক টন ধানবীজ এবং গুণমানসম্পন্ন বীজ ভরতুকি মূল্যে বিক্রয়ের কর্মসূচির মাধ্যমে ৬১৬৭ মেট্রিক টন গম এ রাজ্যের কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে।

পুরাতন বীজ বদলের জন্য ও উন্নতমানের এবং উন্নত নতুন জাতের বীজ মিনিকিটের মাধ্যমে সরবরাহ করা হয়।

এ সম্বন্ধে ১৯৯৭-৯৮ সালের সাফল্যের চিত্রটি নিচে দেওয়া হল ঃ

| ফসল | মিনিকিটের সংখ্যা |
|---|---|
| তন্ডুল | ২,৯০,১৯৮ |
| ডালশস্য | ৬৬,৪১৫ |
| তৈলবীজ | ২,৩৪,৮২৭ |
| সবজি এবং অন্যান্য | ১,৯৮,৮১৫ |

"বীজের প্রয়োজন মেটাতে বীজ ব্যাঙ্ক স্থাপন"—এই প্রকল্পের অধীনে রাজ্য সরকার কর্তৃকও বিভিন্ন বীজ বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

বন্যা, খরা প্রভৃতির ফলে উদ্ভূত আপৎকালীন পরিস্থিতি মোকাবিলা করার জন্য ১৯৯৭-৯৮ সালে উক্ত 'বীজ ব্যাঙ্কে' ৫৫০ টন কলাইবীজ মজুত করা হয়।

সংস্থাগুলি ১৯৯৮-৯৯ সালেও চালু রাখার প্রস্তাব দেওয়া হয়েছে।

এই রাজ্যে ১৯৯৪ সালের জুলাই থেকে বীজ (নিয়ন্ত্রণ) আদেশ ১৯৮৩ বলবৎ আছে। বীজ (নিয়ন্ত্রণ) আদেশ কার্যকর করার জন্য ৫,৫৭৩-সংখ্যক বীজ অনুজ্ঞাপত্র এই রাজ্যের ব্যবসায়ীদের সরকার ইতিমধ্যেই দিয়েছে। এই রাজ্যে বীজের গুণগত মান তদারকির জন্য ৫৯০ জন বীজ পরিদর্শকও নিয়োগ করা হয়েছে। বীজ হল বিভিন্ন ফসল উৎপাদন-উন্নতির অন্যতম সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কৃষি উপকরণ। সেজন্য শংসিত ও গুণমানসম্পন্ন বীজের উন্নয়নে কেন্দ্রীয় বিভিন্ন সরকারি প্রকল্প রূপায়িত করা হচ্ছে। খাদ্যশস্য, তৈলবীজ, ডালশস্য, সবজি ইত্যাদির উৎপাদন বৃদ্ধিকল্পে সরকারি বীজখামারগুলি উন্নত এবং সংকর জাতীয় বীজসহ উচ্চফলনশীল বিভিন্ন বীজ উৎপাদনে এবং কৃষকদের মধ্যে তা বিতরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। সেই জন্য, সরকারি বীজখামারগুলির পরিকাঠামোগত সুযোগ-সুবিধার আধুনিকীকরণের জন্য একটি কর্মসূচি গৃহীত হয়েছে যার মধ্যে আছে খামারের কাঠামো, চাতাল ইত্যাদির ব্যাপক মেরামতি, ট্রাক্টর, পাওয়ার টিলার ও অন্যান্য কৃষি-সরঞ্জামের সারাই ও বদল ইত্যাদি। এই উদ্দেশ্যে রাজ্যের স্বাভাবিক "প্রকল্প-কার্যক্রমভুক্ত" বাজেট ব্যয় বরাদ্দসহ "গ্রামীণ পরিকাঠামোগত উন্নয়ন তহবিল" কাজে লাগানো হবে।

(খ) সার ঃ

১৯৯৬-এর খরিফ মরশুমের চেয়ে ১৯৯৭-এর খরিফ মরশুমে এ রাজ্যে অধিকতর সার ব্যবহারের প্রবণতা লক্ষিত হয়েছিল। আশা করা যাচ্ছে, ব্যাপক সম্প্রসারণ কাজের জন্য এবং এই গুরুত্বপূর্ণ উপকরণের ক্ষেত্রে ভরতুকি দেওয়ার জন্য ১৯৯৭-৯৮ সালের সারের সর্বমোট ব্যবহার ১৯৯৬-৯৭ সালের ব্যবহারের মাত্রাকেও অতিক্রম করবে।

পশ্চিমবঙ্গের মাটিতে অনুখাদ্যের ঘাটতি পরিলক্ষিত হওয়ায় পরবর্তীকালে রাজ্য কৃষি দপ্তর এবং বিশ্ববিদ্যালয় ইত্যাদির দ্বারা বহুসংখ্যক মাটির নমুনা পরীক্ষা করে বিভিন্ন কৃষি জলবায়ু এলাকার উপযোগী বিভিন্ন অণুখাদ্য মিশ্রণের শ্রেণী নির্দিষ্ট করা হয়েছে। অপেক্ষাকৃত ভাল ফলনের জন্য উৎপাদনকারী সংস্থাগুলি যাতে নির্দিষ্ট শ্রেণীর মিশ্রণ তৈরি ও বিক্রয় করে তার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

(গ) **মাটি সংশোধন ঃ**

মাটি সংশোধক বিতরণের মুখ্য উদ্দেশ্য হল চুন জাতীয় পদার্থের ব্যবহারে মাটির অম্লত্ব হ্রাস করা। এর ফলে অম্ল মাটির সার গ্রহণ করার ক্ষমতা বৃদ্ধি পায় যা অধিকতর ফসল উৎপাদনে সাহায্য করে। উত্তরবঙ্গের জেলাগুলিতে এবং লাল কাঁকুরে মাটি অধ্যুষিত জেলাগুলিতে যেহেতু মাটি অম্লভাবাপন্ন, সে কারণে ওই সব জায়গায় এই প্রকল্প বিশেষভাবে

চালু রাখা হয়েছে। কৃষকদের, বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের চুনজাতীয় পদার্থ ডোলোমাইট ও বেসিক স্ল্যাগরূপে সহায়ক মূল্যে সরবরাহ করা হয়।

(ঘ) **জৈব সার ঃ**

গোবর এবং খামারের আবর্জনা থেকে উন্নতমানের জৈব সার প্রস্তুত করে তা নিজ ক্ষেত্রে প্রয়োগের জন্য কৃষকদের উৎসাহ দেওয়া হয়। জৈব সার ও আবর্জনা-পচা সার প্রয়োগে মাটিতে ব্যবহৃত রাসায়নিক সারের কার্যকারিতা, মাটিতে উপস্থিত উপকারী জীবাণুসমূহের সংখ্যা, মাটির উর্বরাশক্তি ও অন্যান্য ভৌত-রাসায়নিক গুণাবলী বৃদ্ধি পায়। সেই জন্য সহায়তাদানের মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে এই ধরনের সার তৈরির জন্য সারকুড় তৈরি জনপ্রিয় করে তোলা হবে। ধানের জলাজমিতে নাইট্রোজেন-ঘটিত সারের স্বাভাবিক উৎস হিসাবে বাস্তুসহায়ক, স্বতস্ফূর্ত ও অল্প ব্যয়সাপেক্ষ নীল-সবুজ শৈবাল সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। সেকারণে নীল-সবুজ শৈবালের ন্যায় জৈব সার প্রস্তুতিতে কৃষকদের উৎসাহিত করা হয়। শৈবাল একটি জীবনচক্রে হেক্টর প্রতি ২০-৩০ কেজি নাইট্রোজেন জোগায় এবং এর ফলে নাইট্রোজেনঘটিত সারের ৩০% সাশ্রয় হয়। এছাড়া, বিভিন্ন বি. ডি. এ উপকেন্দ্রে নীল-সবুজ শৈবালের প্রবৃদ্ধিকরণ ও 'মাদার কালচার'-এর উৎপাদন করা হয় এবং জৈব সারের ব্যবহার জনপ্রিয় করার জন্য পদক্ষেপ নেওয়া হয়।

(ঘ) **কৃষি-যন্ত্রপাতি ও সরঞ্জাম ঃ**

আধুনিক কৃষিতে, উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কৃষি-যন্ত্রপাতি ও সরঞ্জামের ভূমিকা সুবিদিত। ফসল উৎপাদনে ব্যয়-হ্রাস, রোগ-পোকা নিয়ন্ত্রণ-সহ নিড়ানের কাজ সময়ে নিষ্পন্ন করা এবং নিবিড় ফসলচক্র সমন্বয়ে মাটি তৈরি করা থেকে শুরু করে ফসল কাটার পরবর্তী পদক্ষেপসমূহে কৃষি-যন্ত্রপাতি ও সরঞ্জামের ব্যবহার যে অপরিহার্য তা রাজ্যের কৃষকরা বুঝতে পেরেছেন।

বিভিন্ন ধরনের কৃষি-যন্ত্রপাতি ও সরঞ্জাম যেমন সিড-ড্রিল, হুইল-হো, উইডার, থ্রেশার, স্প্রেয়ার, ডাস্টার, স্প্রিঙ্কলার সেট, পাওয়ার টিলার কৃষকদের বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ভরতুকিতে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট, কেন্দ্রীয় স্তরের এবং রাজ্য স্তরের প্রকল্পের মাধ্যমে সরবরাহ করা হয়ে থাকে।

(ঙ) **শস্যরক্ষা ও কীটঘ্ন ঔষধ ঃ**

অধিক উৎপাদনশীল তাকে বাস্তুতান্ত্রিক পরিস্থিতি থেকে পৃথক করা যায় না। তাই সুষম ফসল পরিনিয়ন্ত্রণের অঙ্গ হিসাবে সুসংহতভাবে কীটশত্রু নিয়ন্ত্রণই হল একমাত্র উপায়।

এই পরিপ্রেক্ষিতে, বিভিন্ন ফসল (ধান, তৈলবীজ, সবজি) ইত্যাদির উপর কীটশক্র নিয়ন্ত্রণে এক ব্যাপক সুসংহত কার্যক্রম ১৯৯৭-৯৮ সালে গ্রহণ করা হয়েছে। জৈব শত্রুনাশক ও উদ্ভিজ্জ শত্রুনাশককে জনপ্রিয় করতে বিভিন্ন ফসলের জন্য রাজ্যের কৃষকদের ভরতুকি-বিতরণ কার্যক্রমও ১৯৯৭-৯৮ সালে চালু করা হয়। এই কার্যক্রমের প্রধান অঙ্গ হল 'নিরীক্ষণ ও অতন্দ্র তত্ত্ববধান' এবং কৃষক থেকে শুরু করে সম্প্রসারণ-কর্মী পর্যন্ত সকলকেই প্রশিক্ষণ দেওয়া।

যে-কোনও ফসলে কীটশত্র ও রোগ-নিয়ন্ত্রণে শেষ অবলম্বন হল রাসায়নিক ঔষধের ব্যবহার। 'কীটঘ্ন ঔষধ আইন ১৯৬৮' এবং এই সেই সংক্রান্ত গঠিত ধারা অনুযায়ী বেসরকারি ব্যবসায়ীদের মাধ্যমে সঠিক মানের কীটঘ্ন ঔষধ সরবরাহ করা হয়ে থাকে। এ-বছর আলু ফসলের নাকি-ধ্বসা নিয়ন্ত্রণের জন্যও আপৎকালীন ব্যবস্থা নেওয়া হয়েছে। বিভিন্ন ফসলের কীটশক্র, রোগ ও আগাছা নিয়ন্ত্রণের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ার উদ্দেশ্যে বিভিন্ন গণমাধ্যমগুলির সাহায্যে সতর্কীকরণ সংবাদ জ্ঞাপন করা হয়েছে। বিজ্ঞানসম্মত কীটঘ্ন ঔষধ হিসাবে এ বছর মোট প্রায় ৩৮৮২ টন ঔষধের ব্যবহার হয়, যা ১৯৯৬-৯৭ সালে হয়েছিল ৪২৯০ টন।

১৯৯৭-৯৮ সালের গৃহীত কর্মসূচি ১৯৯৮-৯৯ সালেও চালু থাকবে।

(চ) **কৃষিঋণ ঃ**

রাজ্যের কৃষি বিভাগ কৃষিঋণ পেতে ইচ্ছুক কৃষকদের সমবায় ব্যাঙ্ক ও অন্যান্য বাণিজ্যিক ও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ পেতে সাহায্য করেন। গ্রামান্তরের বিভাগীয় সম্প্রসারণ কর্মিরাই ঋণের দরখাস্ত প্রস্তুত করে দিয়ে থাকেন। রাজ্য স্তরের ব্যাঙ্কারস কমিটি ও কৃষি বিভাগ যুগ্মভাবে এই বিষয়ে নির্দেশিকা তৈরি করে দেয়।

৭। **কৃষি গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ এবং সম্প্রসারণ**

(১) **কৃষি গবেষণা এবং শিক্ষা ঃ**

রাজ্যের ছয়টি কৃষি-জলবায়ুভিত্তিক অঞ্চলে অবস্থিত গবেষণা কেন্দ্রগুলির সামগ্রিক কার্যপদ্ধতির মাধ্যমে রাজ্যের গবেষণার কাজ সম্পন্ন করা হয়ে থাকে। এর মূল উদ্দেশ্যগুলি হল কৃষিক্ষেত্রে এবং পরীক্ষাগারে গবেষণার মাধ্যমে বিভিন্ন বাস্তুতন্ত্রের উপযোগী ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবন করা। কৃষি-অধিকারের অন্তর্গত গবেষণা-ব্যবস্থার অধীনে বিভিন্ন প্রধান প্রধান ফসল-ভিত্তিক গবেষণা কেন্দ্রগুলি হল—(অ) ধান্যগবেষণা কেন্দ্র, চুঁচুড়া এবং সেই কেন্দ্রের অধীনস্থ বাঁকুড়া, পুরুলিয়া, মালদা এবং গোসাবা উপকেন্দ্র, (আ) ডালশস্য এবং তৈলবীজ গবেষণা কেন্দ্র, বহরমপুর এবং এর অধীনস্থ বেলডাঙার উপকেন্দ্র, (ই)

আখ গবেষণা কেন্দ্র, বেথুয়াডহরি, (ঈ) মাঠ-ফসল গবেষণা কেন্দ্র, বর্ধমান, (উ) বাগিচা ফসল সংক্রান্ত গবেষণা কেন্দ্র, কৃষ্ণনগর এবং এর অন্তর্গত উত্তরবঙ্গ ও পশ্চিমাঞ্চলের উপকেন্দ্র, (ঊ) জল ব্যবস্থাপনা গবেষণা কেন্দ্র, রানাঘাট, (ঋ) আলু গবেষণা কেন্দ্র, মেদিনীপুর—এইগুলি রাজ্যে কৃষি সংক্রান্ত গবেষণার প্রয়োজনীয়তা মেটাতে কাজ করে চলেছে। ফসলভিত্তিক গবেষণা কেন্দ্রগুলিতে যে-সব জাত ও প্রযুক্তি উদ্ভাবিত হয় তা পরীক্ষা করার জন্য রাজ্যের ছয়টি কৃষি জলবায়ুভিত্তিক অঞ্চলে 'আঞ্চলিক গ্রহণোপযোগী গবেষণাকেন্দ্র' স্থাপন করা হয়েছে। যা হোক, জাতীয় কৃষি অঙ্গ হিসাবে এই রাজ্যের কালিম্পং, মাঝিয়ান ও কাকদ্বীপের—এই তিনটি 'আঞ্চলিক গ্রহণোপযোগী গবেষণা কেন্দ্র' বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তর করা হয়েছে।

গবেষণা কেন্দ্রে গবেষণার কাজ এবং প্রযুক্তিগত সুপারিশগুলির মধ্যে সমন্বয় স্থাপনের উদ্দেশ্যে 'সাবডিভিশনাল অ্যাডাপটিভ রিসার্চ ফার্ম' স্থাপিত হয়েছে যেখানে 'মাল্টি-লোকেশনাল অ্যাডাপটিভ ট্রায়ালসের' কাজ চালানো হয়।

খরাপ্রবণ এলাকাগুলিতে 'শুখাজমিতে চাষের' বিষয়ে গবেষণা করার জন্য 'শুখাজমির ফসল' বিষয়ে একটি গবেষণা প্রকল্প বাঁকুড়ায় চালু রয়েছে। জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে সহযোগিতার মাধ্যমে রাজ্যে গবেষণা কর্মসূচি আরও শক্তিশালী করা হচ্ছে। উপকরণ ব্যবস্থাপন এবং কৃষকদের সহায়তাদানের বিষয়ে কৃষি-রসায়ন, ছত্রাক ও কীট-সংক্রান্ত গবেষণাকেন্দ্রগুলি কাজ করে চলেছে।

এছাড়াও নিয়মিতভাবে কৃষি-বিষয়ক শিক্ষা প্রদানের সঙ্গে সঙ্গে কৃষি, পশুপালন, বাগিচা ফসল এবং সংশ্লিষ্ট বিজ্ঞানের উপর গবেষণায় বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় (রাজ্যের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয়) এবং বিশ্বভারতীয় বিশ্ববিদ্যালয় (একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়) উন্নতি সাধন করেছে।

(খ) **কৃষি সম্প্রসারণ, প্রশিক্ষণ ও তথ্য**

কৃষি গবেষণালব্ধ তথ্যাবলী, প্রশিক্ষণ ও পরিদর্শন নামক এক সুবিন্যস্ত সম্প্রসারণ কর্মসূচির মাধ্যমে প্রসারিত হয়ে থাকে। তৃণমূলস্তরে রাজ্যের কৃষকদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখতে 'কৃষি প্রযুক্তি সহায়কগণ' (কে. পি. এস.) প্রধান ভূমিকা পালন করে থাকেন। খেতের সমস্যাগুলির সমাধানের জন্য কৃষি গবেষণা ও সম্প্রসারণ কর্মিরা মাসিক আলাপ-আলোচনার মাধ্যমে প্রযুক্তিগত খুঁটিনাটি উদ্ভাবন করে থাকেন। পাক্ষিক প্রশিক্ষণের মাধ্যমে কে-পি এসদের প্রযুক্তিগত খুঁটিনাটি বিষয়ে সমৃদ্ধ করে তোলা হচ্ছে। এইভাবে একটি নিয়মিত প্রত্যাবর্তনমুখী পদ্ধতির মাধ্যমে সম্প্রসারণ ও গবেষণা কর্মসূচির মধ্যে যোগসূত্র স্থাপিত হয়েছে। এই উভয়মুখী মাধ্যমে কৃষি সম্প্রসারণকর্মী এবং

গবেষণাকর্মিগণ পারস্পরিক সহায়তায় কৃষিক্ষেত্রে সর্বাধুনিক কৃষি-প্রযুক্তিগুলি এমনভাবে জ্ঞাপন করেছে যে এই পদ্ধতি কৃষিজীবীদের কাছে এখন খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। কৃষি অধিকারের অধীনস্থ কৃষি সম্প্রসারণ শাখা দূরদর্শন, আকাশবাণী, সংবাদপত্র প্রভৃতি গণমাধ্যমগুলির সঙ্গে ঘনিষ্ঠ যোগযোগ রক্ষা করে থাকে; বিভিন্ন মেলা/প্রদর্শনীর ব্যবস্থা করে এবং গ্রামীণ জনশিক্ষার্থে প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে। কৃষি-তথ্য শাখাকে জোরদার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং প্রযুক্তি ও প্রচার সংক্রান্ত তথ্যাদি ছাপানোর জন্য বিভাগীয় প্রেসের আধুনিকীকরণের সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

কৃষি-প্রযুক্তি সহায়কদের প্রাক্-চাকুরি এবং চাকুরিরত অবস্থায় প্রশিক্ষণের জন্য কৃষি প্রশিক্ষণকেন্দ্রগুলিকে ব্যবহার করা হয়। ১৯৯৮-৯৯ সালে কৃষি উৎপাদন এবং উৎপাদনশীলতার বৃদ্ধিকল্পে কৃষি পরিকাঠামো ও কৃষি উপদেষ্টা পরিষেবাকে আরও জোরদার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**৮। মাটি ও জল সংরক্ষণ এবং এলাকাভিত্তিক উন্নয়ন ঃ**

**(১) মাটি ও জল সংরক্ষণ ঃ**

পশ্চিমবঙ্গে চাষযোগ্য জমির প্রায় ৭% ভূমিক্ষয় ও ভূমিমান অবনমনের সমস্যায় জর্জরিত। বিভিন্ন মাটি ও জল সংরক্ষণ পদ্ধতি অবলম্বনের দ্বারা এই জমিসমূহের গুণগত মান পুনরুদ্ধার করা হয়েছে এবং বিভিন্ন উপায়ে যথাযথ ব্যবহারের উপযোগী করা হয়েছে। মাটি ও জল সংরক্ষণের বিভিন্ন পদ্ধতির প্রয়োগ ঘটিয়ে মান-অবনমিত মোট ৩.০০ লক্ষ হেক্টর অর্থাৎ ৪৫% জমি ব্যবহারের উপযোগী করা হয়েছে। ফলে সেখানে আর্থ-সামাজিক উন্নতি করা সম্ভব হয়েছে এবং বিভিন্ন ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। এই কর্মসূচিগুলির অধিকাংশই নিয়মিতভাবে উপার্জনের জন্য কাজ ও শ্রমদিবস সৃষ্টি করে থাকে। এই কর্মসূচি প্রতি বছর প্রায় ৮ লক্ষ শ্রমদিবস সৃষ্টির ক্ষমতা রাখে।

কেন্দ্রীয় সাহায্যপুষ্ট জাতীয় জলবিভাজিকা প্রকল্প (এন. ডব্লু. ডি. পি. আর. এ.) বৃষ্টিনির্ভর এলাকায় কাজ করে চলেছে। এর উদ্দেশ্য হল বিভিন্ন প্রাকৃতিক সম্পদ যেমন ঃ ভূমি, জল, বৃক্ষ, পশু এবং মানব সম্পদের সংঘবদ্ধ ও নিবিড় সংরক্ষণ, মানোন্নয়নে ও ব্যবহারিক প্রয়োগে সাধারণ মানুষকে যুক্ত করা। অন্যান্য উদ্দেশ্যগুলি হল ঃ গ্রামাঞ্চলে কর্মদিবস সৃষ্টি করা এবং বাস্তুতান্ত্রিক সামঞ্জস্য রক্ষা করা। রাজ্যের ১৬টি জেলার ১৬৫টি ব্লকে এই প্রকল্প চালু আছে। ১৯৯৮-৯৯ সালের জন্য ১২,৫০০ হেক্টর এলাকায় এই কার্যক্রম চালু থাকবে।

**(খ) এলাকাভিত্তিক উন্নয়ন ঃ**

বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর এবং বর্ধমান জেলার আদিবাসী অধ্যুষিত অনুন্নত এলাকা এই প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে। নানাবিধ উন্নয়নমূলক কাজকর্ম হাতে নেওয়া হয়েছে। ভূমি উন্নয়নসহ অগভীর নলকূপ, কুয়ো, বাঁধ, ক্রসবাঁধ/জোড়বাঁধ ইত্যাদি নির্মাণের সাহায্যে ক্ষুদ্রসেচ উন্নয়নের জন্য তফসিলি জাতি ও উপজাতিভুক্ত কৃষকদের ঋণ এবং ভরতুকিরূপে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে।

**(গ) খরাপ্রবণ এলাকার উন্নয়ন (ডি. পি. এ. পি.) কার্যক্রম**

ডি. পি. এ. পি.-র অন্তর্ভুক্ত 'জলবিভাজিকা উন্নয়ন কর্মসূচি' একটি কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প এবং ভারত সরকার ও রাজ্য সরকার কর্তক ৫০ঃ৫০ ভিত্তিতে এই প্রকল্পের জন্য আর্থিক অনুদান দেওয়া হয়।

খরাপ্রবণ এলাকাগুলিতে খরার প্রকোপ নিরশনের উদ্দেশ্যে, পরিবেশগত সামঞ্জস্য পুনরুদ্ধার এবং ভূমি, জল, গৃহপালিত পশু ও মানব সম্পদের যথাযথ ব্যবহারের লক্ষ্যে এই প্রকল্পটি রূপায়িত হচ্ছে। পুরুলিয়া জেলার ২০টি ব্লকে এবং বাঁকুড়া ও মেদিনীপুর জেলার ৭টি করে ব্লকে এবং বীরভূম জেলার ২টি ব্লকে এই প্রকল্পের কাজ চলছে। ১৯৯৮-৯৯ সালেও এই প্রকল্পের কাজ অব্যাহত থাকবে।

**(ঘ) বিশেষ সমস্যাসঙ্কুল এলাকায় কৃষি উন্নয়ন ঃ**

অনুন্নত ও আদিবাসী অধ্যুষিত এলাকা যেমন বর্ধমান জেলার কাঁকসা, বুদবুদ, আউসগ্রাম, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর, নয়াগ্রাম, পুরুলিয়া জেলার ঝালদা, আর্সা, অযোধ্যা পাহাড় ইত্যাদি ৭টি ব্লককে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে। এই এলাকাগুলি হল নিজস্ব বিশেষ সমস্যাযুক্ত এবং কৃষির দিক থেকে অনুন্নত। এই প্রকল্প তফসিলি জাতি এবং আদিবাসীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য ভরতুকি ও ঋণদান করে। উন্নয়নমূলক কাজগুলি হল ঃ ভূমি উন্নয়ন, অগভীর নলকূপ এবং কূপ খননের দ্বারা ক্ষুদ্রসেচ স্থাপন, বেসিক স্ল্যাগ প্রয়োগে ভূমি সংশোধন, বহুবিধ ফসলের প্রদর্শনী স্থাপন, বাঁধ নির্মাণ ইত্যাদি। ১৯৯৭-৯৮ সালে এই কার্যক্রম ৩৩.০০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ চালু রাখা হয়। ১৯৯৮-৯৯ সালেও এই কার্যক্রম চালু থাকবে।

**(ঙ) শুখা এলাকায় চাষের প্রকল্প ঃ**

বাঁকুড়ার পশ্চিম অংশে পুরলিয়া, বীরভূম, মেদিনীপুর (পশ্চিম) ও বর্ধমান জেলার কিয়দংশে অবস্থিত ৫৯টি ব্লকে এই প্রকল্প চালু আছে। স্বল্প এবং অনিয়মিত বৃষ্টিপাত এবং অল্প উদ্ভিদ খাদ্যযুক্ত অম্ল মাটির জন্য এই সকল এলাকার জমি একফসলি। এইসব

জায়গায় প্রথাগত পদ্ধতির পরিবর্তনের জন্য আধুনিক তথ্যে সমৃদ্ধ ফসল প্রদর্শনী স্থাপনে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১৯৯৭-৯৮ সালে ৪৮.০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ অনুসারে এই প্রকল্প চালু ছিল। ১৯৯৮-৯৯ সালেও এই কার্যক্রম চালু থাকবে।

(চ) **উত্তরবঙ্গ তরাই উন্নয়ন প্রকল্প (ইন্দো-ওলন্দাজ প্রকল্প) ঃ**

নেদারল্যান্ড সরকারের সহযোগিতায় কোচবিহার ও জলপাইগুড়ি জেলা এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা এই প্রকল্পের ছত্রছায়ায়ভুক্ত করা হয়েছে। এই প্রকল্পের কেন্দ্রীভূত লক্ষ্য হল ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জীবিকার মানোন্নয়নের এবং এই উদ্দেশে (অ) কৃষি উৎপাদন বৃদ্ধি, (আ) ভূমি ও জলরে কার্যকরি এবং যথাযথ ব্যবহার, (ই) গ্রামে নারীদের অবস্থানের উন্নতি এবং (ঈ) অংশীদার কৃষকদের মধ্যে সেচের সুযোগের সাফল্যমন্ডিত হস্তান্তর-সহ উৎসগুলির যথাযথ ব্যবহারে, রক্ষণাবেক্ষণে এবং খরচ আদায়ে তাদের অংশগ্রহণের মাধ্যমে অধিকতর রোজগারের উৎস সৃষ্টি করা।

১৯৯৭-৯৮ সালে এই কার্যক্রম ৬৬০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দে সম্পন্ন হয়েছিল। ১৯৯৮-৯৯ সালেও এই প্রকল্প চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

৯। **কৃষকদের বার্ধক্যভাতা ঃ**

বৃদ্ধ কৃষিশ্রমিক, বর্গাদার, ৬০ বছর বা ততোধিক বয়সের সকল শ্রেণীর কৃষক যাদের তিন বিঘা পর্যন্ত জিম আছে তাদের সকলকে মাসিক ৩০০ টাকা হারে বার্ধক্যভাতা এই কার্যক্রমে দেওয়া হয়। রোগে বা দুর্ঘটনাজনিত কারণে শারীরিক প্রতিবন্ধী কৃষক, বর্গাদার ও কৃষি-শ্রমিক ৫৫ বছর বয়স হলে এই প্রকল্পের সহায়তা পেয়ে থাকেন। এই প্রকল্পে ২৭,৭৭৫ জনকে বার্ধক্যভাতা প্রদান কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং যাদের মধ্যে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ১,১১৪ জন রয়েছেন।

এই প্রকল্পটি ১৯৯৭-৯৮ সালেও চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

১০। **কৃষি পরিসংখ্যান এবং মূল্যায়ন ঃ**

রাজ্যের কৃষি অধিকারের সমাজ অর্থনীতি ও মূল্যায়ন শাখা আগের মতোই ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস ও স্ট্যাটিস্টিক্স, ডাইরেক্টরেট অফ ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভেকে কৃষি উৎপাদন, ভূমি ব্যবহার-সংক্রান্ত নানাবিধ পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিশ্লেষণ করার কাজে সাহায্য করে চলেছে। এই শাখা আবার এককক দায়িত্বে ১৭টি কৃষি জেলার ৪৪৮টি মনোনীত কৃষক পরিবারের খামার পরিচালনা-সংক্রান্ত বিভিন্ন

তথ্যাদি যেমন প্রধান ও অপ্রধান ফসলের চাষ-সংক্রান্ত ব্যয়, কৃষিপণ্যের মূল্য, কৃষি-মজুরি, আয়ব্যয়ের হিসাব প্রকৃতি ইত্যাদি সংগ্রহ করার দায়িত্ব পালন করছে। এ ছাড়া প্রধান চারটি ঋতুতে নমুনা হিসাবে চিহ্নিত মৌজার ক্ষেতের এক দাগ থেকে অন্য দাগে ঘুরে ২০টি প্রধান ফসলের এলাকা, ফলন-হার এবং মোট ফলন-সংক্রান্ত গণনার কাজ করে এবং পরিসংখ্যান তৈরি করে সম্প্রসারণ শাখাকে পরমার্শগত সহযোগিতা নিয়মিতভাবে করে থাকে। এই কর্মসূচি ১৯৯৭-৯৮ সালেও চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

কয়েকটি নির্দিষ্ট সবজির ও ফলের এলাকা, উৎপাদন ও উৎপাদনশীলতা নিরূপণ করার এক নতুন কার্যক্রম ১৯৯৭-৯৮ সালে রূপায়ণ করা হয়েছিল। ১৯৯৮-৯৯ সালেও এই কার্যক্রম চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

**১১। আখ এবং তুলো উন্নয়ন কর্মসূচি ঃ**

**(ক) আখ ঃ**

আখ হল রাজ্যের এমন একটি গুরুত্বপূর্ণ অর্থকরি ফসল যার এলাকায়, উৎপাদনে এবং উৎপাদনশীলতায় ৮ম পরিকল্পনাকালে স্পষ্টরূপে বৃদ্ধির ঝোঁক পরিলক্ষিত হয়। কেন্দ্রীয় সাহায্যপুষ্ট ও রাজ্যস্তরের সহায়তায় কয়েকটি প্রকল্পের ছত্রছায়ায় যথাক্রমে ২৬.৬৩ লক্ষ টাকা এবং ৩৯.০০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দে ১৯৯৭-৯৮ সালে উন্নয়ন-কার্যক্রম চালু রাখা হয়। ১৯৯৮-৯৯ সালেও এই সব কার্যক্রম চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

**(খ) তুলো ঃ**

তুলো হল এমন এক অংশুজাতীয় গুরুত্বপূর্ণ ফসল যা রাজ্যের লবণাক্ত এলাকার একফসলি জায়গায় প্রবর্তন করা হয়েছে। উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলায় এই ফসলের চাষ হচ্ছে। এই ফসল জনপ্রিয় করে তোলার জন্য (অ) 'তুলো ও অন্যান্য অংশুজাতীয় ফসলের উন্নয়ন' এবং (আ) 'তফসিলি জাতির জন্য বিশেষ উৎপাদনস্বরূপ প্রকল্প' নামে রাজ্য স্তরের প্রকল্পাধীন মিনিকিট কার্যক্রম চালু আছে। ১৯৯৮-৯৯ সালেও এই প্রকল্প চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

**১২। কৃষি আবহবিদ্যা ঃ**

কৃষি-আবহবিদ্যা শাখার মানমন্দিরভিত্তিক কার্যক্রমে পরিকল্পনাবিদ, গবেষক, গবেষণা ও সম্প্রসারণকর্মী, শস্যরক্ষা-বিশেষজ্ঞ, এমন কি প্রত্যন্ত গ্রামের কৃষককে গণমাধ্যমে যেমন আকাশবাণী, দূরদর্শন ইত্যাদির সহযোগিতায় প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হয়ে থাকে। জনসাধারণের হিতার্থে নিয়োজিত রজ্যের গবেষক-কর্মিদেরও তথ্যাদি সরবরাহ করা হয়। এর ফলে, একদিকে যেমন প্রতিকূল আবহাওয়া-পরিস্থিতিজনিত ফসল-ক্ষতির পরিমাণ

কমিয়ে আনা সম্ভব হয়েছে, তেমনই আবার অপরদিকে অনুকূল আবহাওয়ায় পরিস্থিতিতে সদ্ব্যবহার করার বিষয়ে কৃষকরা আরও সচেতন হয়ে উঠেছেন। আবহাওয়া সংক্রান্ত তথ্যের উপর ভিত্তি করে রোগ ও পোকার আক্রমণজনিত সম্ভাবনা সম্বন্ধেও আলোকপাত করা সম্ভব হয়েছে। এই কার্যক্রম ১৯৯৮-৯৯ সালেও চালু রাখা হবে।

### ১৯৯৬-৯৭ সালে কৃষি-উপাদনে সাফল্য

| ফসল | উৎপাদন ('০০০ টনে) |
|---|---|
| ১। মোট চাল | ১২,৬৫৬.৬৯৮ |
| ২। গম | ৮৩৯.০৪০ |
| ৩। মোট দানাশস্য | ১৩,৬০৩.১৫৩ |
| ৪। ডালশস্য | ১৫৮.২৮৭ |
| ৫। মোট খাদ্যশস্য | ১৩,৭৬১.৪৪০ |
| ৬। মোট তৈলবীজ | ৪২৩.১৩৯ |
| ৭। আখ | ১,৮১০.৩২০ |
| ৮। আলু | ৮,৪৭২.২৬৫ |
| ৯। পাট এবং মেস্তা | ১,৩৬৩.০৭০ (৭৫,৭২,৬৬০ গাঁট) |
| ১০। সবজি | ৬৮০০.০০০ |
| মোট কৃষি-উৎপাদন ঃ | ৩২,৬৩২.২৩৪ |

### ১৯৯৮-৯৯ সালের কৃষি-উপাদনে লক্ষ্যমাত্রা

১৯৯৮-৯৯ সালের জন্য পশ্চিমবঙ্গের প্রধান ফসলগুলির চূড়ান্ত উৎপাদন লক্ষ্যমাত্রা নিচে দেওয়া হল ঃ

| ফসল | লক্ষ্যমাত্রা ('০০০ টনে) |
|---|---|
| ১। মোট চাল | ১৩,১৯৩.৫ |
| ২। গম | ৮২৮.০ |
| ৩। অন্যান্য দানাশস্য | ১৭৬.০ |

| ফসল | লক্ষ্যমাত্রা ('০০০ টনে) |
|---|---|
| ৪। মোট দানাশস্য | ১৪,১৯৭.৫ |
| ৫। ডালশস্য | ২২৪.০ |
| ৬। মোট খাদ্যশস্য | ১৪,৪২১.৫ |
| ৭। মোট তৈলবীজ | ৫৫৫.০ |
| ৮। বাণিজ্যিক ফসলসমূহ— | |
| (ক) আখ | ১,৬০৬.০ |
| (খ) আলু | ৫,৯৭১.০ |
| (গ) পাট | ১,১৮৩.৫ (৬৫,৭৫,০০০ গাঁট) |
| ৯। সবজি | ১০,৮৪৮.০ |
| মোট কৃষি-উৎপাদন ঃ | ৩২,৬৩২.২৩৪ |

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

কৃষি-পরিস্থিতি, কৃষি-পরিকল্পনা, কৃষি-উৎপাদন লক্ষ্যমাত্রা এবং কৃষি-উন্নয়নের বিভিন্ন প্রকল্প/কর্মসূচি যেগুলি কার্যে রূপায়ণ করার জন্য মনস্থ করা হয়েছে এবং যেগুলির জন্য ১৯৯৮-৯৯ বর্ষে বাজেট-বরাদ্দের প্রয়োজন রয়েছে সেগুলি সম্বন্ধে আমি সংক্ষেপে বক্তব্য রেখেছি।

এই সঙ্গে আমি ব্যয়-বরাদ্দের দাবি পেশ করছি এবং সভার অনুমোদন প্রার্থনা করছি।

## DEMAND No. 48

### Major Heads : 2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,19,24,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation".

(This is inclusive of a total sum of Rs. 3,72,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Narendranath Dey on Demand No. 48 has been printed alongwith Demand No. 47.)

## DEMAND No. 49

### Major Heads : 2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 87,77,30,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads : "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 29,25,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Anisur Rahaman on Demand Nos. 49 & 50 laid on the was taken as read.)

### ৪৯ নং দাবি

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৯ নং দাবির অন্তর্ভুক্ত "২৪০৩ অ্যানিমাল হাসব্যাণ্ড্রি" এবং "৪৪০৩ ক্যাপিটাল আউটলে অন অ্যানিমাল হাসব্যাণ্ড্রি (এক্সক্লুডিং পাবলিক আন্ডার-টেকিংস)" খাতে ১৯৯৮-৯৯ সালের জন্য ৮৭,৭৭,৩০,০০০ টাকা (সাতাশি কোটি সাতাত্তর লক্ষ ত্রিশ হাজার টাকা) মাত্র ব্যয় বরাদ্দের দাবি পেশ করছি। এ বছরের ভোট-অন-অ্যাকাউন্টে পেশ করা ২৯,২৫,০০,০০০ টাকা (ঊনত্রিশ কোটি পঁচিশ লক্ষ) মাত্র উল্লিখিত ব্যয়বরাদ্দ দাবির অন্তর্ভুক্ত।

### ৫০ নং দাবি

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫০ নং দাবির অন্তর্ভুক্ত "২৪০৪ ডেয়রি

ডেভেলপমেন্ট' এবং "৪৪০৪ ক্যাপিটাল আউটলে অন ডেয়ারি ডেভেলপমেন্ট (এক্সক্লুডিং পাবলিক আন্ডার-টেকিংস)" খাতে ১৯৯৮-৯৯ সালের জন্য ১২৯,৬৭,৪৫,০০০ টাকা (একশত উনত্রিশ কোটি সাতষট্টি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) মাত্র ব্যয় বরাদ্দের দাবি পেশ করছি। এ বছর ভোট-অন-অ্যাকাউন্টে পেশ করা ৪৩,২৭,০০,০০০ টাকা (তেতাল্লিশ কোটি সাতাশ লক্ষ) মাত্র উল্লিখিত দাবির অন্তর্ভূক্ত।

এই ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদনের জন্য পেশ করার সাথে, আমি বিধান টাকা (তেতাল্লিশ কোটি সাতাস লক্ষ) সভায় আমার বিভাগের বিভিন্ন কর্মসূচি ও তার লক্ষ্য, সাফল্য এবং যেসব এলাকায় এই আর্থিক বছরে বিভাগীয় কর্মসূচি রূপায়ণে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হবে, তার মূল বিষয়গুলি সম্বন্ধে উল্লেখ করছি।

২। জনসংখ্যার ক্রমবর্ধমান চাপের নিরিখে পশ্চিমবঙ্গ যেমন একেবারে প্রথম সারিতে, তেমনই মাথাপিছু জমির লভ্যতার চিত্রটি এখানে সম্পূর্ণ বিপরীত। অর্থাৎ ভারতবর্ষের যে ক'টি প্রদেশে ব্যক্তি পিছু বরাদ্দ জমির পরিমাণ ন্যূনতম, পশ্চিমবঙ্গ সেই তালিকায় মোটামুটি শীর্ষস্থানেই রয়েছে। রাজ্যের মোট জমির একটি বড় অংশ জুড়ে রয়েছে বনাঞ্চল ও ঘটেছে নগরায়ণ। কর্ষণযোগ্য জমির প্রায় পুরোটাই ব্যবহৃত হয় কৃষি কাজে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে চাষের কাজে নতুন জমি পাওয়া প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। একই সঙ্গে কৃষি ক্ষেত্রে ক্রমশ বাড়ছে যন্ত্রায়ণ, যার ফলশ্রুতি হিসাবে চাষাবাদের কাজে মানব-শ্রমের প্রয়োজনীয়তা ক্রমশ কমছে। আবার অপর দিকে গ্রামাঞ্চলে শিল্পায়নের প্রসারের সীমাবদ্ধতার কারণ—বিনিয়োগের অত্যন্ত উচ্চহার, দক্ষ ও প্রশিক্ষণ প্রাপ্ত শ্রমিকের অভাব ইত্যাদি। এই অবস্থার মুখোমুখি দাঁড়িয়ে এ রাজ্যে, প্রাণী পালনের ভূমিকা ও উপযোগিতা অত্যন্ত দ্রুততার সাথে গ্রামীণ অর্থনীতিতে এক নতুন জায়গা দখল করে নিচ্ছে এবং সংযোজিত করছে এক কার্যকর মাত্রা। প্রকৃতপক্ষে, গ্রামীণ অর্থনীতির সার্বিক উন্নয়ন ও গ্রামীণ মানুষের দারিদ্র দূরীকরণের সর্বাপেক্ষা উপযোগী রূপায়ণযোগ্য হাতিয়ার হ'ল—সুসংগঠিত প্রাণী পালন। দুধ, ডিম, মাংস জাতীয় প্রাণীজ প্রোটিনের ক্রমবর্ধমান উৎপাদন পশ্চিমবঙ্গের অর্থনীতিতে এক নতুন জোয়ার এনে, তাকে পুনরুজ্জীবিত করে তুলবে।

৩। ১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে আমার বিভাগ নিম্নলিখিত বিষয়গুলির ওপর গুরুত্ব আরোপ করেছে ঃ—

(ক) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

(খ) গ্রামীণ অর্থনীতির উন্নয়ন।

(গ) প্রোটিন সমৃদ্ধ খাদ্যের উৎপাদনবৃদ্ধি এবং নির্বাচিত কিছু প্রাণীজাত সামগ্রির

প্রক্রিয়াকরণ ও বিপনন।

(ঘ) চিরাচরিত ও প্রচলিত প্রাণীপালনের ধারায় আধুনিক প্রযুক্তির প্রবর্তন ও প্রয়োগ।

(ঙ) প্রাণীপালন ও প্রাণীস্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত শিক্ষা ও গবেষণার উন্নয়ন।

(চ) প্রাণীসম্পদ বিকাশ সংক্রান্ত বিভিন্ন প্রকল্পের সার্থক রূপায়ণের জন্য পঞ্চায়েত, অন্যান্য সংশ্লিষ্ট সরকারি বিভাগ ও বিভিন্ন বেসরকারি সংস্থার সাথে কার্যকর সমন্বয়সাধন।

৪। প্রাণীসম্পদ বিকাশ বিভাগ প্রত্যক্ষভাবে প্রাণীপালন ক্ষেত্রের সামগ্রিক কাজকর্মের তদারকি, পরিধারণ বা 'মনিটরিং' এবং উৎসাহদানের কাজটি করে থাকে। পরোক্ষভাবে এই বিভাগকে এ সকল যাবতীয় কাজে সহযোগিতা করে থাকে প্রাণীসম্পদ ও প্রাণীস্বাস্থ্য অধিকার, দোহবিকাশ অধিকার, পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ফেডারেশনসহ এই বিভাগের অধীনে 'দ্য ওয়েস্ট বেঙ্গল ডেয়রি অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ', 'দ্য লাইভস্টক প্রসেসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন' সংস্থা। এছাড়া এই বিভাগের অন্তর্গত ১৯৭১ সালে স্থাপিত একটি প্রোজেক্ট অফিসও আছে, যা বিশ্বখাদ্য কর্মসূচি ৬১৮-এর অধীন বিভিন্ন দোহ উন্নয়ন ও গবাদি-প্রাণীর পুনর্বাসন প্রকল্পগুলি কার্যকর করে থাকে।

৫। রাজ্য স্তরে প্রাণীসম্পদ বিকাশের সার্বিক কাজকর্মের পূর্ণ তত্ত্বাবধান করে থাকেন একজন উপদেষ্টা তথা পদাধিকারবলে প্রধান অধিকর্তা, অ্যানিমেল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সার্ভিসেসের একজন অধিকর্তা ও অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিকবৃন্দ। দোহ উন্নয়ন এবং বিভিন্ন দুগ্ধ সমবায় গঠন ও প্রসারের কাজের দায়িত্বে আছে যথাক্রমে একটি পৃথক অধিকার এবং রাজ্যস্তরে ফেডারেশন অব মিল্ক প্রডিউসার্স কো-অপারেটিভ সোসাইটিজ। দুগ্ধ মহাধ্যক্ষ ও ম্যানেজিং ডিরেক্টর যথাক্রমে উপরোক্ত অধিকার এবং সংস্থার প্রধান।

৬। তিনটি বিভাগীয় সদরে (হেডকোয়ার্টার) তিনজন অভিজ্ঞ যুগ্ম অধিকর্তা পর্যায়ের আধিকারিক দায়িত্বে আছেন। প্রতিটি জেলার ভার রয়েছে একজন উপ-অধিকর্তার ওপর, যিনি আবার জিলা পরিষদের পরিষদ অফিসার পদেরও অধিকারী। কৃষকদের কাছে 'প্রাণী পরিচর্যা বিষয়ক পরিষেবা' পৌঁছে দেওয়ার জন্য জেলা সদরগুলিতে বহু সংখ্যক বিশেষজ্ঞ রয়েছেন। সমস্ত রকম রোগের চিকিৎসার জন্য জেলা সদরে রাজ্য ভেটেরিনারি হাসপাতালগুলিতে আধুনিক রোগনির্ণয় ও চিকিৎসা কেন্দ্র।

৭। মহকুমা ও ব্লকস্তরে একজন করে মহকুমা প্রাণী-সম্পদ উন্নয়ন আধিকারিক (এস. এল. ডি. ও.) ও একজন ব্লক প্রাণী সম্পদ উন্নয়ন আধিকারিক (বি. এল. ডি. ও.) নিয়োগ করা হয়েছে। নিজ নিজ এলাকায় প্রাণী-সম্পদ উন্নয়ন সম্পর্কিত যাবতীয় কাজকর্মের দায়িত্বে এরা রয়েছেন এবং একাজের জন্য পঞ্চায়েত ও অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের সাথে প্রয়োজনীয় সংযোগ রক্ষার দায়িত্ব পালন করছেন।

৮। বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েতে এই বিভাগ থেকে প্রাণী বিকাশ সহায়কের (লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট) পদগুলি পূরণ করা হয়েছে। তবে এখনও এই জাতীয় পদগুলিতে লোক নিয়োগের কাজ সম্পূর্ণ করা সম্ভব হয়নি। যত শীঘ্র সম্ভব এই কাজ সম্পন্ন করার প্রয়াস চালানো হচ্ছে।

৯। ব্লক স্তরে এই বিভাগের রাজ্য প্রাণী স্বাস্থ্য কেন্দ্র আছে। এছাড়া অভিজ্ঞ প্রাণী চিকিৎসকরা অতিরিক্ত ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্রগুলি তত্ত্বাবধান করে থাকেন।

১০। ১৯৯৬-৯৭ সালের প্রলম্বিত (প্রোজেক্টেড) গবাদি-প্রাণী, হাঁস-মুরগি ও অন্যান্য প্রাণীর মোটামুটি হিসাব নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| গরু | ১৭.৭ | মিলিয়ন |
| মহিষ | ১.০ | ” |
| ছাগল | ১৫.১ | ” |
| ভেড়া | ১.৫ | ” |
| শূকর | ১.০ | ” |
| হাঁস-মুরগি | ৪৪.৭ | ” |
| মোট সংখ্যা | ৮১.০০ | ” |

১১। সংকরায়ণের মাধ্যমে দেশি গরুর মানোন্নয়ন ঘটানোর কর্মসূচি এই বিভাগের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কাজের ক্ষেত্র। পশ্চিমবঙ্গের দেশি প্রজাতির গরু শুধু যে দুধ উৎপাদনের হারের বিচারে অত্যন্ত নিম্নমানের তাই নয়, এই প্রজাতির গরুদের এমন কিছু বৈশিষ্ট্য আছে যার ফলে এই জাতীয় গোপালন কখনই লাভজনক হয় না। এইজন্য দেশি গরুকে উন্নত প্রজাতির হলস্টিন ও জার্সির গোবীজ দ্বারা কৃত্রিম উপায়ে প্রজনন করিয়ে সংকর বাছুর তৈরি করা হয়। এদের মধ্যে বকনাগুলি দুধ দেওয়ার উপযোগী হলে স্বল্প পরিচর্যা এবং দেশীয় পরিবেশেই, তদের পূর্ব প্রজন্ম থেকে প্রায় তিনগুণ বেশি দুধ দিতে সক্ষম হয়। এই গোপালন এভাবে খামারির কাছে একটি লাভজনক ব্যবসায়ে

পরিণত হয়। অবশ্য একই সঙ্গে একথাও অনস্বীকার্য যে এখনও কিছু অপরিহার্য পরিকাঠামো যেমন 'কোল্ডচেন', কৃত্রিম প্রজনন কেন্দ্র ইত্যাদির অভাবে রাজ্যের সমস্ত প্রজননক্ষণ প্রাণীকে এখনই এই পরিযেবার আওতায় আনা সম্ভব হয়নি। তবে এই অভীষ্ট পূরণের লক্ষ্যে আমাদের বিভাগ ক্রমশই এগিয়ে চলেছে।

১২। বর্তমানে কৃত্রিম প্রজনন ব্যবস্থায় তরল গোবীজের ব্যবহার পর্যায়ক্রমে পরিহার করে হিমায়িত গোবীজ প্রযুক্তিকেই পুরোপুরি গ্রহণ করার দিকে সুপরিকল্পিতভাবে আমরা এগিয়ে যাচ্ছি। ১৯৯৮-৯৯ সালে ৭ লাখের চেয়েও বেশি কৃত্রিম প্রজনন করার লক্ষ্যে আমরা বিভাগীয় সর্বশক্তি নিয়ে সচেষ্ট ও সক্রিয় হয়েছি। এমনকি আমাদের পরিকল্পনা আছে—আগামী দু' হাজার সালের মধ্যে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে এই পরিষেবা পৌঁছে দেবার।

১৩। এ সবের পাশাপাশি স্থানীয় যুবকদের ও স্বেচ্ছাসেবী সংগঠনের ইচ্ছুক ব্যক্তিদের উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে খামারির দোরগোড়ায় এই পরিষেবার সুফল পৌঁছে দেবার চেষ্টাও হচ্ছে। এই যুবকেরা তাদের পরিষেবার বিনিময়ে সরকার নির্ধারিত হারে পারিশ্রমিক খামারির কাছ থেকে পেয়ে থাকেন। এর মাধ্যমে গ্রামের বেকার যুবসম্প্রদায়ের রুজি-রোজগারের বন্দোবস্ত করা সম্ভব হয়েছে।

১৪। ১৯৯৭-৯৮ সালে যথাক্রমে মালদহ, হরিণঘাটা ও বর্ধমানে তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপন ও চালু হওয়ার ফলে, কৃত্রিম প্রজনন কর্মসূচিতে যথেষ্ট গতির সঞ্চার হয়েছে। আগামী বছরের মধ্যে দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ, মেদিনীপুরের শালবনি এবং বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে আরও তিনটি তরল নাইট্রোজেন প্ল্যান্ট চালু হতে চলেছে। উপরে বর্ণিত প্ল্যান্টগুলিসহ মোট ৯টি তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপনা করা হয়েছে। ভারত সরকারের কাছ থেকে পাওয়া ৫৩১.৯ লাখ টাকায়, আমাদের বিভাগ অবিলম্বে কতগুলি কর্মসূচি বাস্তবায়িত করবে, তার মধ্যে আছে ৪৫৫টি তরল গোবীজ কেন্দ্রকে হিমায়িত গোবীজ কেন্দ্রে পরিণত করা, ৬০০টি নতুন কৃত্রিম প্রজনন কেন্দ্র চালু করা, একটি ষাঁড় সংরক্ষণ কেন্দ্র এবং গোবীজ হিমায়িতকরণ বীক্ষণাগার, পাঁচটি প্রশিক্ষণ কেন্দ্র এবং বড় আকারে গোবীজের স্ট্র ও এল. এন$_2$, এর সংরক্ষণ ও পরিবহনের জন্য প্রয়োজনীয় যন্ত্রাদি ক্রয়।

১৫। হরিণঘাটাতে ইতিমধ্যেই একটি হিমায়িত গোবীজ বীক্ষণাগার এবং একটি ষাঁড় রক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে। বর্তমান আর্থিক বছরের এই বীক্ষণাগার ৫০,০০০ ডোজ হিমায়িত গোবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণে সক্ষম হবে বলে আশা করা হচ্ছে। এই লক্ষ্যমাত্রা ১৯৯৮-৯৯ সালে দু'লাখ ডোজ ধার্য করা হয়েছে। মেদিনীপুরের শালবনিতে আরও একটি রক্ষণ কেন্দ্র এবং হিমায়িত গোবীজ বীক্ষণাগার স্থাপন করার পরিকল্পনা

এই বিভাগের আছে। ৯৮-৯৯ সালেই এই প্রকল্পের ঘরবাড়ি শুরু করা হবে। ভারত সরকার এবং অস্ট্রেলিয়ার সংস্থার সাথে আলোচনা চলছে যাতে ১৯৯৮-৯৯ সালে উচ্চমানের ষাঁড়, গরু এবং উন্নতমানের হিমায়িত গোবীজের স্ট্র আমদানি করা যায়।

১৬। রাজ্যের যেসব অঞ্চলে এখনও কৃত্রিম প্রজনন পরিষেবা পৌঁছে দেওয়া যায়নি, সেইসব অঞ্চলে বিভাগের মোট ৯টি গবাদি প্রাণী খামার থেকে নিয়মিত প্রজননক্ষম ষাঁড় সরবরাহ করা হয়—স্বাভাবিক নিয়মে প্রজনন করানোর কাজ অব্যাহত রাখার জন্য।

১৭। মুরগিপালনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান খুবই ভাল—এটি তৃতীয় সর্বোচ্চ ডিম উৎপাদনকারী রাজ্য। পোল্ট্রি ক্ষেত্রে রাজ্য জুড়ে এক সুবিন্যস্ত ও সুসম্বদ্ধ পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। হাওড়া এবং হুগলি ছাড়া মোটামুটিভাবে সবকটি জেলাতেই বিভাগীয় পরিচালনাধীন হাঁস-মুরগি খামার রয়েছে। এইরকম মোট ২০টি খামারে প্রায় ৪৫,০০০ পাখি আছে।

১৮। ৯৭-৯৮ সালে অনুমান করা হচ্ছে, মোট ৬.৫ লাখ মুরগির বাচ্চা উৎপন্ন হবে। পরবর্তী বছরে রাজ্যের খামারগুলিতে মোট পাখির সংখ্যা দাঁড়াবে আনুমানিক ৫০,০০০।

১৯। খাঁকি ক্যাম্পবেল জাতীয় হাঁসের বাণিজ্যিক মূল্য খুবই ভাল হওয়ায়, গ্রামীণ পরিবেশে রাজ্য সরকার উন্নতমানের খাঁকি ক্যাম্পবেল হাঁস প্রজনন কর্মসূচিতে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। উন্নতমানের হাঁসের বাচ্চা যোগানোর চাহিদা মেটানোর জন্য ১৯৯৬-৯৭ সালে রায়গঞ্জে শুধুমাত্র খাঁকি ক্যাম্পবেল হাঁসের প্রজনন খামার স্থাপিত হয়েছে। জেলা পরিষদের সহায়তায় এই খামার এই বছর থেকে উৎপাদনের কাজ শুরু করছে।

২০। রাজ্য সরকার ভারত সরকারের মাধ্যমে ভিয়েতনাম থেকে ব্রয়লার হাঁস উৎপাদনের জন্য ৮৫০টি হাঁস শাবক পেয়েছে। এদের রাখা হয়েছে গোবরডাঙ্গা মেদিনীপুর, মালদহ ও নিমপীঠের রাজ্য হাঁস-মুরগি খামারে। অল্প কয়েকমাসের মধ্যেই এগুলি থেকে উচ্চহারে সংখ্যাবৃদ্ধি আরম্ভ হবে।

২১। এ বছরের শেষে রাজ্যের উৎপন্ন ডিমের সংখ্যা দাঁড়াবে ২৬৮৫ মিলিয়ন এবং আশা করা যায় যে ১৯৯৮-৯৯ সাল নাগাদ রাজ্যের ২৭৭৫ মিলিয়ন ডিম উৎপাদন করার লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে।

২২। স্বাস্থ্যসম্মত মুরগির মাংস উৎপাদনের জন্য এই বিভাগ ইতিমধ্যেই কয়েকটি কার্যকর পদক্ষেপ নিয়েছে যাতে পশ্চিমবঙ্গ ডেয়ারি অ্যান্ড পোল্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন

এর মাধ্যমে টালিগঞ্জে স্বাস্থ্যসম্মতভাবে মুরগির মাংস বিপণনের একটি বিভাগ চালু করা যায়। এর জন্য রাষ্ট্রীয় হাঁস-মুরগি খামারকে 'ব্রয়লার পেরেন্ট' এর সহায়তায় শক্তিশালী করে তোলা হবে, যাতে বাণিজ্যিকভাবে মুরগির মাংস বিপণন করা সম্ভব হয়।

২৩। সমাজের দুর্বলতর শ্রেণী, বিশেষত তফসিলি জাতি ও উপাজতির মধ্যে সনাতন পদ্ধতিতে ছাগল, ভেড়া এবং শূকরপালন বেশ জনপ্রিয়। এক্ষেত্রে দেশি প্রজাতির শূকরের যে সম্ভার রয়েছে তার মানোন্নয়নের জন্য উন্নতমানের সাদা শূকরের সঙ্গে সংকরায়ণ ঘটানোর উদ্যোগ রাজ্য সরকার নিয়েছেন। হরিণঘাটা আঞ্চলিক শূকর প্রজনন কেন্দ্রটি দেশের প্রথম সারির এ জাতীয় খামারের অন্যতম। এখানকার উন্নতমানের সাদা শূকরের সম্ভার ১০০০ এর অধিক সংখ্যক। এই খামার রেকর্ড সংখ্যক শূকর সরবরাহ করার সম্ভাবনা আছে। উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, নদীয়া, এমনকি বাঁকুড়া ও মেদিনীপুরেও বেশ কিছু সংখ্যক বিদেশি সাদা শূকরের খামার স্থাপিত হয়েছে—হরিণঘাটা খামার থেকে সরবরাহ করা শূকর নিয়ে। এই বিভাগ বর্ধমান জেলা পরিষদের সাথে যৌথ উদ্যোগে এবং ভারত সরকারের সহযোগিতায় বর্ধমানের জঙ্গলমহলে একটি বিদেশি প্রজাতির শূকর প্রজনন কেন্দ্র স্থাপন করেছে। একই ভাবে মুর্শিদাবাদের জেলা পরিষদের সহায়তায় ৯৮-৯৯ সালের মধ্যে ঐ জেলাতেও অনুরূপ একটি শূকর খামার চালু হতে চলেছে, যার প্রাথমিক পর্যায়ের কাজকর্ম ইতিমধ্যেই শুরু হয়ে গেছে।

২৪। চলতি বছরে এই বিভাগ শালবনি ও কাকদ্বীপেও (দঃ ২৪ পরগনা) দুটি শূকর খামার চালু করার প্রচেষ্টা চালাচ্ছে।

২৫। ৯৮-৯৯ সালের মধ্যে হরিণঘাটার বেকন কারখানাটির আধুনিকীকরণের কাজ হাতে নেওয়ার পরিকল্পনা এই বিভাগ গ্রহণ করেছে। ভারত সরকারের সহযোগিতায় চলতি আর্থিক বছরেই উন্নত প্রজাতির বিদেশি শূকর আমদানির বিষয়টি বাস্তবায়িত হতে চলেছে।

২৬। ছাগল ও ভেড়া উন্নয়ন কর্মসূচিতে এই বিভাগের কাজকর্ম খুব একটা ব্যাপক আকারের নয় এবং নিম্নলিখিত বিষয়গুলিতে এই কাজ সীমাবদ্ধ ঃ—

(ক) ব্ল্যাক বেঙ্গল জাতীয় ছাগলের মানোন্নয়ন।

(খ) মাংস উৎপাদন বাড়ানোর জন্য সংকরায়ন কর্মসূচি কার্যকর করা।

ইতিমধ্যেই যে ছাগল খামারগুলি আছে সেগুলির উন্নয়ন ও সম্প্রসারণ করার জন্য উন্নত প্রজাতির ছাগল আমদানি করার কাজ হাতে নেওয়া হয়েছে। এতে কম খরচে বেশি মাংস উৎপাদনকারী প্রাণী পাওয়া যাবে।

২৭। নদীয়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া সমেত সারা রাজ্যে মোট আটটি খরগোশ খামারে মাংসের জন্য বিদেশি খরগোশ পালন করা হচ্ছে। এই খামারগুলিতে আধুনিক বিজ্ঞানসম্মত পদ্ধতিতে খরগোশ পালনের প্রশিক্ষণ দেওয়া হয় এবং সেই সঙ্গে গরিব খামারিরা যাতে সংকরায়নের সুযোগ নিয়ে অধিক মাংস উৎপাদনকারী সংকর খরগোশ পালন করে খরগোশ পালনকে লাভজনক ও অর্থকরি করে তুলতে পারে—সেই উদ্দেশ্যে উন্নতমানের খরগোশ, খামারিদের সুলভে সরবরাহ করা হয়।

২৮। একটি উন্নত প্রজাতির প্রাণীর জন্মগ্রহণের পর তার কাছে আশানুরূপ উৎপাদন পাওয়ার জন্য তাকে নিরোগ রাখতে স্বাস্থ্যসম্মত পরিচর্যা অত্যন্ত জরুরি। এইক্ষেত্রে এই বিভাগ তার দায়িত্ব পালন সম্বন্ধে অত্যন্ত সচেতন এবং উন্নত প্রজাতির সংকর গরু এবং দেশি গরুর স্বাস্থ্য সুরক্ষার একটি সুবিন্যস্ত পরিকাঠামো এখানে আছে। সারা রাজ্যে রাজ্য প্রাণী স্বাস্থ্য কেন্দ্র, ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র, সহায়ক ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র, ভেটেরিনারি প্যাথলজিকাল কেন্দ্র, প্রাণীবিকাশ সহায়ক কেন্দ্র, চেকপোস্ট, রোগমুক্ত অঞ্চল (belt) ইত্যাদি মোট ১৪১০টি ভিন্ন ধরনের কেন্দ্রে মাধ্যমে নিয়মিতভাবে প্রাণীস্বাস্থ্য সুরক্ষা পরিষেবা ছড়িয়ে দেওয়া হচ্ছে। এই স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থার মধ্যে পড়ে ঃ—

(ক) রোগাক্রান্ত প্রাণীর রোগনির্ণয় ও চিকিৎসা।

(খ) মহামারি পর্যায়ের রোগব্যাধির প্রতিরোধের জন্য প্রয়োজনীয় প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ।

(গ) টিকা উৎপাদন।

(ঘ) প্রাণীরোগব্যাধি সম্পর্কে সজাগ নিরীক্ষণ।

২৯। প্রাণীর রোগমুক্তি ও রোগ প্রতিরোধের জন্য টিকাদানের প্রয়োজনীয়তা সম্পর্কিত এক ব্যাপক ও নিবিড় প্রচার অভিযান এবং অন্যান্য প্রতিষেধক ব্যবস্থা গ্রহণের ফলে এ রাজ্য ৮৮ সাল থেকে রিন্ডারপেস্ট রোগমুক্ত বলে ঘোষিত হয়েছে। এ বছর এ পর্যন্ত মহামারির আকারে কোনও প্রাণীরোগের প্রাদুর্ভাব ঘটেনি। রোগ অনুসন্ধান পরিষেবা ব্যবস্থাকেও আরও জোরদার করা হয়েছে। ভাইরাস ঘটিত রোগের রোগ নির্ণয়ের সর্বাধুনিক পদ্ধতি হিসাবে "ভাইরাল এলিজা" টেকনিক বা পদ্ধতির প্রমিতকরণ করা হয়েছে।

৩০। প্রতিরোধযোগ্য এবং অবশ্যম্ভাবী কিছু রোগব্যাধির মোকাবিলায় রোগবিস্তার বা মহামারি সংক্রান্ত জেলাওয়ারি মানচিত্র তৈরি করা হয়েছে।

৩১। রোগনির্মল কর্মসূচিতে আরও একটি গুরুত্বপূর্ণ সংযোজন বা কৃতিত্ব হল

সম্পূর্ণ কম্প্যুটার নির্ভর "নিকনেট" (NICNET) ব্যবস্থা প্রবর্তন। এর ফলে আশা করা যাচ্ছে যে চলতি আর্থিক বছরেই কয়েকটি জেলাকে এই ব্যবস্থার মাধ্যমে সংযুক্ত করা যাবে যাতে কোনও মারাত্মক প্রাণীরোগ মহামারির আকারে দেখা দেবার সম্ভাবনা ঘটলে, যথা সময়ে তার প্রতিরোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যায়।

৩২। বিশেষ নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় যক্ষ্মা ও ব্রুসেলা প্রতিরোধ পরিষেবা সাফল্যের সাথে সম্পাদিত হচ্ছে। এই কর্মসূচিতে এই ধরনের রোগের বিরুদ্ধে বিশেষ প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফুট অ্যাণ্ড মাউথ, জলাতঙ্ক, ম্যারেক্স জাতীয় অন্যান্য গবাদিপ্রাণী ও হাঁস-মুরগীর রোগের বিরুদ্ধেও সুসংবদ্ধ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করা হয়ে থাকে। সাধারণভাবে গবাদি প্রাণী এবং বিশেষ করে মূল্যবান সংকর গরুর প্রতিষেধক টিকাদান কর্মসূচির মধ্যে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের যৌথ আর্থিক সহায়তায় "ফুট অ্যাণ্ড মাউথ" জাতীয় গো-রোধের প্রতিষেধক টীকা ভর্তুকি হাতে দেওয়া সম্ভব হচ্ছে।

৩৩। এখন এ রাজ্যেই ১৫টি বিভিন্ন ধরনের প্রতিষেধক টীকা এবং দুটি অ্যান্টিজেন তৈরি করা সম্ভব হচ্ছে। দেখা গেছে এই টীকার দাম সারা দেশের তুলনায় সস্তা। ডিসেম্বর '৯৭ পর্যন্ত বিভিন্ন ধরনের মোট ২৩.৩ লাখ ডোজ টীকা তৈরি হয়েছে। এটি একটি স্বীকৃত তথ্য যে রাজ্যের সব প্রাণীকে এখনই প্রতিষেধক টীকাদান কর্মসূচির আওতায় আনা সম্ভব হয়নি, তবে আমাদের নিরন্তর প্রচেষ্টা বহাল রয়েছে এই লক্ষ্য সফল করার অর্থাৎ রাজ্যের সমস্ত প্রাণী সম্ভারকে সরকারের প্রতিষেধক টিকাদান কর্মসূচির অন্তর্ভুক্ত করা।

রাজ্যে নিয়মিতভাবে গ্রাম-পঞ্চায়েত স্তর পর্যন্ত প্রাণীস্বাস্থ্য শিবির আয়োজন করা হয়— গবাদি প্রাণীর চিকিৎসা, প্রতিষেধক টিকা এবং রোগনির্ণয় ইত্যাদি প্রাণী স্বাস্থ্য সুরক্ষাজনিত পরিষেবা সুলভে খামারির কাছে পৌঁছে দেবার জন্য ডিসেম্বর '৯৭ পর্যন্ত ৯৮৫৫টি প্রাণীস্বাস্থ্য শিবির সংগঠিত হয়েছে।

৩৪। ভেটেরিনারি ফার্মেসিতে এই বিভাগের অধীনে একটি ডিপ্লোমা পাঠক্রম চালু আছে। একটি ভেটেরিনারি পার্মাসিস্ট কাউন্সিল স্থাপনা করার কথাও ভাবা হচ্ছে।

এই বিভাগের পক্ষ থেকে গ্রামীণ যুবসম্প্রদায়কে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি নিবিড় শিক্ষাক্রম চালু করার কথা বিশেষভাবে বিবেচনা করা হচ্ছে।

৩৫। রাজ্য প্রাণী কল্যাণ পর্ষদ ইতিমধ্যেই কাজ শুরু করেছে। এই পর্ষদের মাধ্যমে রাজ্যের বেসরকারি সংস্থাগুলির সাথে একটি যোগসূত্র স্থাপন করা হয়েছে—যার উদ্দেশ্য হ'ল রোগ প্রতিরোধ ও রোগ নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা এবং যারা প্রাণী-পাখি

পালন করেন তাদের প্রাণীবাহিত রোগ ও প্রাণী পরিচর্যা সম্বন্ধে সচেতন করে তোলা।

৩৬। প্রাণীসম্পদের উন্নয়নের সাথে সাথে সুষম প্রাণীখাদ্য, বিশেষ করে সবুজ ঘাসের উৎপাদন সংক্রান্ত উন্নয়নের বিষয়টি ওতপ্রোতভাবে জড়িত। রাজ্যে চাষযোগ্য জমির অপ্রতুলতার জন্য প্রান্তিক ও পতিত জমিতে সবুজ ঘাষ চাষের উপর জোর দেওয়া হচ্ছে। রাজ্য সরকারের অধীনে প্রায় ৩০০০ একর চাষযোগ্য জমিতে ১৬টি গোখাদ্য বীজ উৎপাদন/প্রদর্শনী খামার রয়েছে।

৩৭। গ্রামের কৃষকদের কাছে সরকারি তরফে বীজ, কাটিং, মিনিকিট সরবরাহ করা হয়ে থাকে। গ্রামীণ অঞ্চলে সবুজ ঘাস চাষে উৎসাহিত করার জন্য ভারত সরকারের সহযোগিতায় এই বিভাগের পক্ষ থেকে বিনা পারিশ্রমিকে প্রশিক্ষণের সুযোগ করে দেওয়া হয়। গ্রামবন, কিষাণবন প্রভৃতি স্থাপন এবং খড় ও 'সেলুলোজিক ওয়েস্ট'-এর উন্নয়ন জাতীয় কাজও সফলভাবে হাতে নেওয়া হয়েছে। ১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত ১২৫০৮ সংখ্যাক মিনিকিট, ৫২.৮৬ মেট্রিক টন সবুজ ঘাসের বীজ, ২৬.৬৭ মেট্রিক টন সবুজ ঘাসের কাটিং গ্রামের কৃষকদের ভরতুকি মূল্যে সরবরাহ করা হয়েছে। বাঁকুড়া, বীরভূম এবং মেদিনীপুরে প্রতিটি ১০ হেক্টর সম্পন্ন ১২৫টি কিষাণবন এবং প্রতিটি ০.২৫ হেক্টর সম্পন্ন গ্রামবন স্থাপন করা হয়েছে এবং একই সময়ে ১৫ কাঠা এলাকাসম্পন্ন ১৬৩টি সবুজ ঘাস প্রদর্শনী ক্ষেত্র তৈরি করা হয়েছে। ডিসেম্বর '৯৭ পর্যন্ত রাজ্য সরকারি খামারগুলি থেকে ২২.০৭ মেট্রিক টন সবুজ ঘাসের বীজ উৎপাদন করা হয়েছে।

৩৮। বিশ্ব ব্যাঙ্কের সাহায্যপুষ্ট যে সবুজ ঘাস উন্নয়ন কর্মসূচি গত পাঁচ বছর ধরে কাজ করছিল, সেই কর্মসূচি ডিসেম্বর '৯৭-তে শেষ হয়েছে। এই কর্মসূচির অন্তর্ভুক্ত দুটি গবেষণা কেন্দ্র ও প্রশিক্ষণ কেন্দ্র মেদিনীপুরের শালবনী ও জলপাইগুড়ির রামশাহিতে স্থাপন করা হয়েছে। এই রাজ্যের বনভূমিতে ৩৫৩.১৮ হেক্টর জমিতে সবুজ ঘাসের গবেষণা ও সবুজ ঘাস উৎপাদন সংক্রান্ত বিষয়ে যৌথ উদ্যোগে ব্যাপক কর্মসূচি হাতে নেওয়া হয়েছে এবং এই কাজের অগ্রগতিও ঘটেছে। ডিসেম্বর '৯৭ পর্যন্ত ২১৪ মেট্রিক টন, সবুজ ঘাস, ১.৪৮ মেট্রিক টন বীজ উৎপাদিত হয়েছে এবং ১৪১০ মেট্রিক টন মিনিকিট সরববাহ করা হয়েছে। ১.৫ হেক্টর জমিতে ১৫টি সবুজ ঘাস প্রদর্শনী ক্ষেত্র প্রস্তুত করা হচ্ছে। এখান থেকে ২.৬ মেট্রিক টন সবুজ ঘাসের বীজ সরবরাহ করা হয়েছে। ডিসেম্বর '৯৭ পর্যন্ত ১৯৯ জন ব্যক্তিকে সবুজ ঘাস উৎপাদন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৩৯। সারা বছর ধরে এই বিভাগীয় প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে এবং রাজ্য খামারগুলিতে, এমনকি গ্রামাঞ্চলেও প্রাণীসম্পদ পরিচালনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কৃষকদের ব্যাপক প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা হয়েছে। প্রাণী-স্বাস্থ্য ও প্রাণী-সম্পদ উন্নয়নের আধুনিকতম

বিকাশের সাথে সুপরিচিত করার উদ্দেশ্যে বিভাগীয় আধিকারিক ও কর্মিদের নিয়মিত বিভাগীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়—যাতে তাঁরা আরও সুষ্ঠুভাবে এই কাজ সম্পাদন করতে সক্ষম হন।

৪০। বিভিন্ন জেলাতে এই বিভাগের পক্ষ থেকে প্রশিক্ষণ কেন্দ্র সমেত নিবিড় খামার স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে যার ফলে ঐ সব জেলার বা তাদের নিকটবর্তী জেলার কৃষকগণ উপকৃত হবেন।

৪১। এই বিভাগের পক্ষ থেকে 'প্রাণী সম্পদ' নামক একটি ষান্মাষিক বিভাগীয় পত্রিকা প্রকাশিত হচ্ছে। এই পত্রিকাটির প্রকাশ কয়েক বছর বন্ধ ছিল। দূরদর্শন ও আকাশবাণী থেকে নিয়মিতভাবে প্রাণী সম্পদ উন্নয়ন, এর বিপণন ব্যবস্থা, রোগ-প্রতিরোধ সংক্রান্ত বিবিধ গুরুত্বপূর্ণ সংবাদ, আলোচনা ও প্রচার করা হয়ে থাকে।

৪২। এই বছরে ১৩ থেকে ১৯শে নভেম্বর '৯৭-তে সর্বপ্রথম রাজ্যস্তর থেকে পঞ্চায়েত সমিতি স্তর পর্যন্ত প্রাণী উন্নয়ন সপ্তাহ পালন করা হয়েছে। মাননীয় রাজ্যপাল শ্রী কে. ভি. রঘুনাথ রেড্ডি মহাশয় অনুগ্রহ করে কলকাতাতে এই সপ্তাহের উদ্বোধন করেন। এই বিভাগের কার্যাবলী সম্পর্কে এবং লাভজনক জীবিকা হিসাবে প্রাণীপালন বিষয়টির সম্ভাবনা ও উন্নতি সম্পর্কে সাধারণ মানুষ, বিশেষ করে কৃষকদের মধ্যে প্রভূত উৎসাহ ও আগ্রহ লক্ষ্য করা গেছে।

১৯৯৮-৯৯ সালে এই বিভাগের পক্ষ থেকে প্রাণী খাদ্য দিবস, দুগ্ধ দিবস ও প্রাণী স্বাস্থ্য দিবস পালন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তী বছরেও ঐ দিবসগুলি পালন করা হবে।

৪৩। গ্রামীণ অঞ্চলে থেকে দুগ্ধ সংগ্রহ, পরিচালনা ও সরবরাহ করার কাজটিও অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং দোহ বিকাশ অধিকার এই দায়িত্বভার বহন করে থাকে। এই অধিকারের অধীনে বেলগাছিয়া, হরিণঘাটা, কৃষ্ণনগর, বর্ধমান ও দুর্গাপুরে একটি করে আধুনিক দুগ্ধাগার রয়েছে। এই দুগ্ধাগারগুলির দৈনিক ৪.৪ লক্ষ লিটার পাস্তুরাইজড দুধ উৎপাদন করার ক্ষমতা রয়েছে।

৪৪। গ্রামাঞ্চলের দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রগুলি উৎপাদক ও উৎপাদক সমবায় সমিতিগুলির কাছ থেকে দুগ্ধ সংগ্রহ করে সেই দুধের মান পরীক্ষার পর উত্তমরূপে শীতলীকরণ করে বিভিন্ন জেলার দুগ্ধাগার ও কেন্দ্রীয় দুগ্ধাগারে প্রেরণ করে থাকে। দুগ্ধাগারগুলিতে সেই দুধ প্রক্রিয়াকরণের পর প্যাকেটজাত করে সরবরাহ করা হয়।

৪৫। রাজ্য সরকারের পক্ষ থেকে দৈনিক ৬ লক্ষ লিটার ক্ষমতাসম্পন্ন মাদার

ডেয়ারীর পরিচালনভার গ্রহণ করা হয়েছে। তৃতীয় মেট্রো ডেয়ারী স্থাপন করা হয়েছে মিল্ক ফেডারেশনের সঙ্গে যৌথ উদ্যোগে যাদের শেয়ারের ভাগ বেশি। এখান থেকে প্রতিদিন ৪ লক্ষ লিটার দুধ উৎপাদনের ক্ষমতা রয়েছে।

৪৬। ক্রেতাসাধারণের নিকট তরল দুধ সরবরাহ করা ছাড়াও ঘি, সাদা মাখন ও চকোলেট উৎপাদন ও বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। টেবিল মাখন ও পনীরের উৎপাদন বিষয়টিও অগ্রগতির পথে।

৪৭। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বৃহত্তর কলিকাতা দুগ্ধ প্রকল্পের অধীনে বসবাসকারি সম্মানীয় স্বাধীনতা সংগ্রামী—যাঁরা আন্দামান জেলে ছিলেন—তাঁদের সারা জীবনের জন্য বিনামূল্যে দুধের কার্ড দেওয়া হয়েছে। স্বাধীনতার পঞ্চাশ বছর স্মরণে সরকারের পক্ষ থেকে স্বল্পমূল্যে প্রতি লিটার ৭.৫০ টাঃ হিসাবে 'জনতা দুধ' বিক্রয় করা হচ্ছে।

৪৮। ১৯৯৭-৯৮ সালে পরীক্ষামূলকভাবে কেবলমাত্র বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য মিষ্টি, সুগন্ধী, ভিটামিনসমৃদ্ধ দুধ প্রতি লিটার ৮ টাঃ হিসাবে বিক্রয় করা হচ্ছে। বিদ্যালয়ের পক্ষ থেকে প্রাপ্ত চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট বিদ্যালয়ে দুধ পাঠানো হয়ে থাকে।

৪৯। ১৯৯৭ সালের সেপ্টেম্বর মাস থেকে এজেন্টদের মাধ্যমে দুধ বিক্রয় শুরু হয়েছে এবং ১৬০ জন এজেন্টদের মধ্যে ৯০ জন এই শহরে দুধ বিক্রয় করছেন।

৫০। সারাদিন ধরে দুধ ও দুগ্ধজাত সামগ্রী বিক্রয় করবার জন্য দশটি 'সুরভী' কেন্দ্র নতুন করে সাজানো হচ্ছে। কেন্দ্রীয় দুগ্ধাগার বেলগাছিয়া ও হরিণঘাটা দুগ্ধাগার আধুনিকীকরণের কাজ শুরু হয়েছে। নিয়মিতভাবে দুধ সরবরাহ ব্যবস্থা চালু রাখার জন্য ১১টি নতুন মিল্ক ভ্যান ও ৫টি ট্যাঙ্কার ক্রয় করা হয়েছে।

৫১। প্রতি মাসের ১ থেকে ১০ তারিখের মধ্যে অগ্রিম অর্থের বিনিময়ে চাওয়ামাত্র দুধের ডিপো থেকে কার্ড পাওয়া যাচ্ছে।

৫২। দরিদ্র কৃষকদের মধ্যসত্বভোগীদের শোষণ থেকে মুক্ত করার জন্য সরকারের পক্ষ থেকে কৃষকদের সমবায় সমিতি স্থাপন করতে উৎসাহ দেওয়া হচেছ। এই কারণে নির্দিষ্ট মানসম্পন্ন দুধের ক্ষেত্রে সমবায় সমিতিগুলির নিকট থেকে কাঁচা দুধের সংগ্রহমূল্য বৃদ্ধি করে প্রতি কে. জি. ৯.৯৬ টাকা করা হয়েছে। এই রাজ্যে দুগ্ধ সমবায় সমিতিগুলির প্রধান হিসাবে "ওয়েস্ট বেঙ্গল মিল্ক প্রোডিউসার্স ফেডারেশন লিমিটেড" এই মিল্ক ইউনিয়নগুলির তত্ত্বাবধান করে থাকে।

৫৩। ১৯৯৭-৯৮ সালে রেজিস্ট্রিকৃত ১৫৩টি প্রাথমিক সমবায় সমিতির উৎপাদক

সদস্য সংখ্যা ১,৯৭৭ জন। দৈনিক গড়ে ৩৮,৭৮২ কে.জি. দুধ সংগৃহীত হয়ে থাকে। ৭৮টি নতুন কৃত্রিম প্রজননকেন্দ্র স্থাপন করা হয়েছে।

৫৪। নির্দিষ্ট কয়েকটি জেলাতে ফেডারেশনের অধীনে মহিলা দোহ সমবায় প্রকল্প এবং নিবিড় দোহ উন্নয়ন প্রকল্প বিশেষ সাফল্যের সঙ্গে কাজ করে চলেছে।

৫৫। পূর্বেই বলা হয়েছে, মাদার ডেয়ারির পরিচলনভার সরকার কর্তৃক গৃহীত হয়েছে এবং "ওয়েস্ট বেঙ্গল মিল্ক প্রোডিউসার কো-অপারেটিভ ফেডারেশন লিমিটেড"-এর মাধ্যমে এই দুগ্ধাগার বিশেষ লাভের মধ্যে দিয়ে পরিচালিত হচ্ছে।

৫৬। মিল্ক ফেডারেশন বেশির ভাগ শেয়ার নিয়ে যৌথ উদ্যোগে তৃতীয় মেট্রো ডেয়ারী স্থাপন করেছে, যারা সাফল্যের সঙ্গে তাদের বিক্রয় বৃদ্ধি করে চলেছে।

৫৭। পশ্চিমবঙ্গ দোহ ও হাঁস-মুরগি উন্নয়ন নিগম তাদের দার্জিলিং জেলার শিলিগুড়ি মালদার গাজোল, নদীয়ার কল্যাণী, বর্ধমানের দুর্গাপুর ও মেদিনীপুর জেলার শালবনীতে পাঁচটি আধুনিক প্রাণীখাদ্য উৎপাদন কারখানা থেকে বিভিন্ন ধরনের প্রাণী—যেমন গবাদি প্রাণী, ভেড়া, ছাগল, খরগোশ, হাঁস-মুরগি, মাছ প্রভৃতির জন্য প্রাণী খাদ্য উৎপাদন করছে। এইসব কারখানা প্রতি শিফ্‌টে প্রায় ১০০ মেট্রিক টন প্রাণীখাদ্য উৎপাদন করতে সক্ষম। ১৯৯৭-৯৮ সালে শিলিগুড়ি কারখানা থেকে দানা আকারের প্রাণী খাদ্য উৎপাদন করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। ডিসেম্বর '৯৭ পর্যন্ত এই নিগমের পক্ষ থেকে ১৭১০৩ মেট্রিক টন প্রাণী খাদ্য উৎপাদিত হয়েছে এবং তার মধ্যে ১৬,৯১৫ মেট্রিক টন বিক্রয় করা হয়েছে। ডিলার হিসাবে প্রাণীখাদ্য বিক্রয় করে ১৬৭ জন ব্যক্তি তাদের জীবিকা নির্বাহ করছেন। নিগমের পক্ষ থেকে প্রাণী খাদ্য ও প্রাণীখাদ্যের উৎপাদন বিভিন্ন প্রতিবেশি রাজ্য যেমন উড়িষ্যা, বিহার, ত্রিপুরা, আসাম, সিকিম এবং কেন্দ্রশাসিত অঞ্চল আন্দামান ও নিকোবরে সরবরাহ করা হচ্ছে। হাওড়াতে অবস্থিত একটি ছোট দুগ্ধাগার থেকে এই নিগম ডিসেম্বর '৯৭ পর্যন্ত ৪,৯৮,১৭৮ লিটার দুধ প্রস্তুত করেছে এবং 'রোগজীবাণুমুক্ত স্বাস্থ্যসম্মত গরুর দুধ' এজেন্টদের মাধ্যমে বিক্রয় করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে এই নিগম উন্নয়নমূলক ও বিপণনের বিবিধ কার্যসূচির মাধ্যমে অধিক সংখ্যক ক্রেতাসাধারণের কাছে পৌঁছানোর পরিকল্পনা গ্রহণ করেছে। এই নিগম জেলাভিত্তিক পরিবেশক নিযুক্ত করার বিষয়টিও বিশেষভাবে বিবেচনা করছে।

৫৮। এই নিগম বর্তমানে রান্নার জন্য প্রস্তুত করা মাংস উৎপাদন করে এজেন্টদের মাধ্যমে বিক্রয় করার জন্য একটি আধুনিক 'মুরগীর মাংস প্রস্তুত কেন্দ্র' স্থাপন করার সম্ভাবনা খতিয়ে দেখছে। এছাড়াও একটি গবাদিপ্রাণী রাখার খামার শুরু করা যায় কিনা সেই বিষয়টিও ভাবা হচ্ছে। এর ফলে, কৃষকদের কাছে নিয়মিতভাবে ন্যায্যমূল্যে উচ্চ

উৎপাদনশীল গবাদি প্রাণী সরবরাহ করা সম্ভব হবে।

৫৯। এই বিভাগ ওয়াকিবহাল যে, আরও কয়েকটি বিভাগ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে প্রাণীপালন কর্মসূচিকে গ্রহণ করেছে, যেমন এম. পি. এল. এ. ডি., এস. ই. পি., আই. আর. ডি. পি., এস. সি. পি. টি. এস. পি. ইত্যাদি প্রকল্প। প্রাণীসম্পদ বিকাশ বিভাগ ওইসব বিভাগের সংশ্লিষ্ট প্রকল্পগুলিকে একই ছত্রছায়ায় এনে, সবগুলির সাথে সমন্বয় সাধন করে কাজ করার জন্য ব্রতী হয়েছে।

৬০। ১৯৯৫-৯৬ সালে কেবলমাত্র ভেটেরিনারি ও মৎস্যবিজ্ঞান সংক্রান্ত বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে এবং বিশেষ সাফল্যের সঙ্গে কাজ করছে। এই বিশ্ববিদ্যালয় সারা দেশের মধ্যে দ্বিতীয় এবং আই. সি. এ. আর এবং ভি. সি. আই দ্বারা স্বীকৃত। যদিও খুবই অল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় বাড়ি তৈরি করা যায়নি, তবে কলকাতাতে বিশ্ববিদ্যালয়ের কার্য পরিচালনার জন্য পূর্বতন 'বেঙ্গল ভেটেরিনারি কলেজ' ব্যবহার করা হচ্ছে। আই. সি. এ. আর এবং রাজ্য সরকারের সহায়তায় ধীরে ধীরে নতুন বাড়ি ও একটি অখণ্ড ক্যাম্পাস তৈরি করা হবে। সাতটি গবেষণা প্রকল্পের কাজ চলছে এবং এই সবগুলিই 'আই. সি. এ. আর'-এর অনুদানের চলছে।

৬১। পশ্চিমবঙ্গ ও উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে উপযুক্ত প্রাণী বিশেষজ্ঞ ও চিকিৎসকের চাহিদার কথা স্মরণে রেখে ১৯৯৮-৯৯ সালে একটি দ্বিতীয় ভেটেরিনারি কলেজ স্থাপন করার কথা বিবেচনা করা হচ্ছে।

৬২। আমি আমার ভাষণের প্রথমেই যা বলে শুরু করেছি—সেই কথাই দৃঢ় প্রত্যয়ের সাথে পুনরায় বলতে চাই যে, গ্রামীণ অর্থনীতির উন্নয়নের মাধ্যমে গ্রামের দরিদ্র এবং অর্থনৈতিক দিক থেকে দুর্বল শ্রেণী ও কৃষকদের জীবনের মানোন্নয়নের জন্য বামফ্রন্ট সরকারের যে অঙ্গীকার, তা এই নবম পরিকল্পনার মধ্য দিয়ে বাস্তবায়িত করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। দারিদ্র্যসীমার নিচে বসবাসকারি পরিবারবর্গের উপকারের জন্য ১৯৯৮-৯৯ সালে আমার বিভাগ পরিবারভিত্তিক পরিকল্পনাগুলিতে বিশেষ জোর দেবে এবং আশা করা যায় যে, গবাদিপ্রাণী উন্নয়ন, হাঁস-মুরগী, ভেড়া, ছাগল, শূকর ও খরগোশ উন্নয়ন ইত্যাদি কর্মসূচি রূপায়ণের মাধ্যমে ৪০,০০০ পরিবার প্রত্যক্ষাবে উপকৃত হবেন। প্রাণীপালন বিষয়ক কর্মসূচিতে কৃষক পরিবারের মহিলা সদস্যদের সক্রিয়ভাবে অংশগ্রহণের উপর অধিক গুরুত্ব দেওয়া হচ্ছে।

৬৩। শেষ করার আগে, আমি বিধানসভার মাননীয় সকল সদস্যের কাছে সহযোগিতা, সমর্থন ও মূল্যবান মতামত কামনা করি—যাতে প্রাণীসম্পদ বিকাশ বিভাগের কর্মসূচি যথাযথভাবে রূপায়িত হতে পারে।

## DEMAND No. 50

### Major Heads : 2404—Dairy Development and 4404—Capital Outaly on Dairy Development (Excluding Public Undertakings)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 129,67,45,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 43,27,00,000 already voted on account)

(The Budget speech of Shri Anisur Rahaman on Demnd No. 50 has been printed alongwith Demand No. 49)

## DEMAND No. 51

### Major Heads : 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 57,37,95,,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries".

(This is inclusive of a total sum of Rs. 19,15,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Kiranmoy Nanda on Demand Nos. 51, laid on the Table was taken as read)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ৫১ নং খাতের অধীন "২৪০৫—মৎস্য", ৪৪০৫—মৎস্যে মূলধন ব্যয়' এবং "৬৪০৫—মৎস্য ঋণ" খাতে ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরের জন্য ৫৭,৩৭,৯৫,০০০ (সাতান্ন কোটি সাঁইত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা

ব্যয় বরাদ্দ মঞ্জুরির প্রস্তাব উত্থাপন করছি। ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ১৯,১৫,০০,০০০ (উনিশ কোটি পনের লক্ষ) টাকা এর অন্তর্ভুক্ত।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রারম্ভেই আমি আপনার মাধ্যমে এই মহামান্য সভায় মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে নবম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় কৃষি ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ৪.৫ শতাংশ। কৃষির উপক্ষেত্র মৎস্য বিভাগে নবম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় উৎপাদন বৃদ্ধির হার অধিকতর হবে বলে অনুমান করা যায়।

৩। সমগ্র দেশে ক্রিয়াশীল মৎস্য উৎপাদনকারি কর্মসূচিসমূহ এবং বিশেষত পশ্চিমবঙ্গ চলতি কর্মসূচি সমূহে সমাজের দরিদ্রতম অংশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা আছে। স্বভাবত পরিকল্পনা কমিশন কৃষিক্ষেত্রের অন্তর্ভুক্ত মৎস্য উপক্ষেত্রকে অগ্রাধিকার দিয়েছেন এবং সেই মত ধারাবাহিক পরিকল্পনাখাতে ব্যয়ের বৃদ্ধি ঘটানো হয়েছে বিভিন্ন কেন্দ্রীয় এবং রাজ্য মৎস্য কার্যক্রমগুলিতে।

৪। রাজ্যস্তরে আর্থিক অপ্রতুলতার জন্য দপ্তরের কাজ-কর্মের পরিধি সীমাবদ্ধ রাখতে হয়েছে। মহাশয়, এই অবস্থার পরিপ্রেক্ষিতে, বিগত বছরের কাজ-কর্মের খতিয়ান এবং প্রাপ্তব্য তহবিলের মধ্যে ১৯৯৮-৯৯ সালের কর্মসূচির রূপরেখা মাননীয় সদস্যদের অবগতির জন্য সংক্ষেপে উপস্থাপিত করতে চাই।

৫। মৎস্য বীজ উৎপাদনের ক্ষেত্রে এই রাজ্যের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সমগ্র দেশের উৎপাদনের ৭৫ শতাংশ এই রাজ্যে উৎপাদন হয়। এই সাফল্যের পেছনে রয়েছে মৎস্য দপ্তরের কারিগরি আধিকারিকদের ঐকান্তিক প্রচেষ্টা এবং সাধারণ মৎস্যচাষিদের কাছে এই কারিগরি প্রযুক্ত পৌঁছে দেবার মাধ্যমে আজকের যুগান্তকারি সাফল্য সম্ভব হয়েছে। এই অগ্রগতির জন্য রাজ্যে নদীবাহিত প্রাকৃতিক মৎস্য বীদের উপর দীর্ঘ দিনের নির্ভরতার অবসান হয়েছে। এর দ্বারা শুধুমাত্র মৎস্যবীজ উৎপাদনের সাফল্য ঘটেনি, হাজার হাজার মানুষের কর্মসংস্থান ও গ্রামীণ আর্থিক উন্নতি সম্ভব হয়েছে। পশ্চিমবঙ্গে মৎস্যবীজ উৎপাদনের এই সাফল্য সমগ্র দেশের মৎস্য উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে এক বিশেষ অবদান।

৬। শুধুমাত্র মৎস্যবীজ উৎপাদনে নয়, মৎস্য উৎপাদনেও এই রাজ্য সমগ্র দেশে শীর্ষস্থানে আছে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মৎস্য উৎপাদন লক্ষ্যমাত্রা ছিল ৯.৩০ লক্ষ মেঃ টন। সেখানে উৎপাদন সম্ভব হয়েছে ৯.৩৭ লক্ষ মেঃ টন, যা ভারতবর্ষে যে কোনও রাজ্যের তুলনায় বেশি।

নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১১.৬০

লক্ষ মেঃ টন। আশা করা যায় এই লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে। তবুও মাননীয় সদস্যাদের অবগতির জন্য জানাই যে এই রাজ্যে উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণ হওয়া সত্ত্বেও এই রাজ্যের মাছের বিপুল চাহিদার জন্য এখনও যোগানের ঘাটতি থেকে গেছে, যা অন্য রাজ্য থেকে আমদানির মাধ্যমে পূরণ করতে হয়। এর অন্যতম কারণ হল এই
ে য
প্রতি হেক্টরে মৎস্য উৎপাদনের বৃদ্ধি জাতীয় স্তরের তুলনায় অনেক বেশি হলেও, ক্রমহ্রাসমান জলাশয় এবং অন্যান্য সামাজিক ও প্রাকৃতিক কারণে আরো বেশি উৎপাদন করা সম্ভব হচ্ছে না।

৭। এই রাজ্যে মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য এবং জলাশয়গুলিকে উৎপাদনমুখি করে গড়ে তোলার জন্য জেলায় একটি করে মৎস্যচাষি উন্নয়ন সংস্থা (FFDA) গড়ে তোলা হয়েছে। জেলা সভাপতিকে এই সংস্থার সভাপতি এবং জেলাশাসককে উপ-সভাপতি করে একটি পরিচালন কমিটি গড়ে তোলা হয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে পঞ্চায়েত, সাধারণ প্রশাসন এবং মৎস্য দপ্তরের সমন্বয় সাধনের মাধ্যমে জল সম্পদের যথাযথ ব্যবহার করা ও সাধারণ মৎস্যচাষিকে তার সাথে যুক্ত করে এই সম্পদকে উৎপাদনমুখী করে গড়ে তোলা।

এই সংস্থার মাধ্যমে মৎস্যচাষিদের অনুদান এবং ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করা হয়। ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত ১,০১,৩০০ হেক্টর জলাশয়কে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। এই প্রকল্পের সাফল্য পশ্চিমবঙ্গে শুধুমাত্র মৎস্য উৎপাদন বৃদ্ধি নয়, গ্রামর মানুষের কর্মসংস্থানের ক্ষেত্রে এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নতির ক্ষেত্রে একটি বলিষ্ঠ ভূমিকা গ্রহণ করেছে।

৮। নোনাজলে মৎস্যচাষের ক্ষেত্রে FFDA-এর অনুরূপ নোনাজল মৎস্যচাষি উন্নয়ন সংস্থা (BFDA) গড়ে তোলা হয়েছে। FFDA-এর অনুরূপ পরিচালন কমিটি গড়ে তোলা হয়েছে। এই রাজ্যের সমুদ্র উপকূলবর্তী তিনটি জেলায় যথাক্রমে মেদিনীপুর, উঃ-চব্বিশ পরগনা এবং দক্ষিণ চব্বিশ গরগনাতে এই প্রকল্পের কর্মসূচি রূপায়িত করা হয়েছে। ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত ৬,২০০ হেক্টর অতিরিক্ত নোনাজলের এলাকাকে এই প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে।

মাননীয় সুপ্রিম কোর্টের একটি সাম্প্রতিক নির্দেশে নোনাজলের মাছ চাষের ক্ষেত্রে নিবিড় ও অর্ধ-নিবিড় (Intensive and Semi-intensive) উৎপাদনে বিধি নিষেধ আরোপ করা হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষা করে সমুদ্র উপকূলবর্তী রাজ্যগুলিকে চিরাচরিত (Traditional) প্রথায় উৎপাদন করার জন্য কেন্দ্রীয় স্তরে কেন্দ্রীয় সরকারের কৃষিমন্ত্রক

'অ্যাকোয়া কালচার অথরিটি' গঠন করেছেন এবং রাজ্য স্তরে মৎস্য সচিবকে সভাপতি করে এবং জেলাস্তরে জেলাসমাহর্তাকে সভাপতি করে কমিটি গঠন করা হয়েছে এবং এইসব কমিটি ইতিমধ্যেই তাঁদের কাজ শুরু করেছেন।

মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে সুপ্রীম কোর্টের এই নির্দেশ জারি হওয়ার পূর্বেই রাজ্য মৎস্য দপ্তর এ বিষয়ে কতকগুলি নির্দেশ মানার মাধ্যমে উচ্চ ফলনের প্রবণতাকে রোধ করেছে, কারণ প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করে কোনরূপ অতিমুনাফা এবং অতিরিক্ত উৎপাদন করার প্রবণতাকে বাধা দেওয়াই আমাদের উদ্দেশ্য।

এই রাজ্যে নোনাজলে মৎস্য চাষে যে সাফল্য এসেছে তা চিরাচরিত প্রথার মাধ্যমে এসেছে। বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে এই রাজ্যে চিংড়ি মাছ উৎপাদন একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। যেখানে ১৯৮৭-৮৮ সালের রপ্তানি মূল্যের পরিমাণ ছিল ৫৫ কোটি টাকা, সেখানে ১৯৯৫-৯৬ সালে তার পরিমাণ বেড়ে হয়েছে ৩৫৪ কোটি টাকা। শুধু তাই নয়, শুধুমাত্র চিংড়ি মাছের উৎপাদনের ক্ষেত্রে মিশ্র মৎস্য চাষ (পলি কালচার) অর্থাৎ চিংড়ির সাথে ভেটকী, ভাঙন, পার্শে প্রভৃতি চাষের উপর জোর দেওয়া হয়েছে, যাতে করে অভ্যন্তরীণ চাহিদা মেটানোর ক্ষেত্রে কিছুটা যোগান বাড়ানো সম্ভব হয়।

৯। বিশ্বব্যাঙ্কের সহায়তায় এই রাজ্যে ক্যানিং, দীঘিরপার, দীঘা ও দাদনপাত্রবার-এ ৩৬৭ হেক্টর নোনাজলের মাছ চাষের ক্ষেত্রে হিসাব গড়ে তোলা হয়েছে। এর মধ্যে দীঘা ও ক্যানিং-এর কাজ প্রায় সম্পূর্ণ এবং দাদনপাত্রবার ও দীঘিরপার-এর কাজ এই আর্থিক বছরে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। এই জলাশয়গুলিতে উপকৃত ব্যক্তিদের তালিকা তৈয়ারি করাও প্রায় সম্পূর্ণ। কিন্তু সম্প্রতি কেন্দ্রীয় সরকারের ওপর বিশ্বব্যাঙ্কের কিছু নির্দেশনামার ফলে এই কাজ সমাপ্ত করার পক্ষে অন্তরায় সৃষ্টি করেছে। তবে আশা করা যায় এই বাধা শীঘ্রই অপসারিত হবে। এছাড়া, এন. সি. ডি. সি.-র সহায়তায় মীনদ্বীপে (নয়াচর) মৎস্যজীবী সমবায় সমিতির জন্য প্রায় ২৫০ হেক্টর জলাশয় নির্মাণের কাজ চলছে।

১০। পাহাড়ি এলাকায় মানুষের কর্মসংস্থান ও আর্থিক অবস্থার উন্নতির জন্য মৎস্য দপ্তর ঝোরাতে মাছ চাষের প্রকল্পের মাধ্যমে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। এ পর্যন্ত ২,৫৭২টি বোরা এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। এই প্রকল্পে মৎস্য-চাষীদের সাহায্য করার জন্য একদিকে যেমন শুধুমাত্র দার্জিলিং পার্বত্য এলাকার জন্য FFDA তৈরি করা হয়েছে, পাশাপাশি DGHC এর মাধ্যমে মৎস্যচাষীদের ঋণ ও অনুদানের ব্যবস্থাও করা হয়েছে। এই প্রকল্পে মৎস্যবীজ যোগানের জন্য 'রিয়াং' এ যে মৎস্য খামার গড়ে তোলা হচ্ছে তাতে দপ্তর কারিগরি ও আর্থিক সাহায্য করছে।

১১। ময়লা জলে শহরের বর্জ্য পদার্থকে উৎপাদনের কাজে লাগানোর ক্ষেত্রে ময়লা জলের মাছ চাষের প্রকল্প এই রাজ্যে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শুধুমাত্র কলকাতা ও পার্শ্ববর্তী এলাকা নয়, অন্যান্য পৌর এলাকাতে যেখানে এই ধরনের প্রকল্প করার সুযোগ পাওয়া গেছে, সেখানেও এই কাজে হাত দেওয়া হয়েছে।

১২। নদীতে প্রাকৃতিক নিয়মে যে মৎস্যবীজ ও মৎস্য উৎপাদন হত তা ব্যাপক হারে ব্যাহত হয়েছে, এর ফলে একদিকে মৎস্য উৎপাদনের উপর প্রভাব পড়েছে পাশাপাশি মৎস্যজীবীদের রুজিরোজগারেও টান পড়েছে। এই দিকগুলি চিন্তা ভাবনা করে অন্যান্য উন্নতিশীল দেশের কর্মসূচিকে অনুসরণ করে মৎস্য দপ্তর দেশের মধ্যে প্রথম নদীতে মৎস্যবীজ এবং মৎস্য উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে মৎস্য সঞ্চার প্রকল্প গ্রহণ করেছে এবং তার সাথে সাথে অনেক বেসরকারি সংস্থাও এই প্রকল্প রূপায়ণে এগিয়ে এসেছে। পরিকল্পনা কমিশন এই কর্মসূচি রূপায়ণে প্রশংসা করেছেন। বর্তমানে চারটি জেলায় এই প্রকল্পের কাজে হাত দেওয়া হয়েছে যথা—মুর্শিদাবাদ, হুগলি, নদীয়া ও বর্দ্ধমান।

এই প্রকল্পের সাফল্য খুবই উৎসাহব্যঞ্জক। যেখানে নদীতে ডিমপোনা উৎপাদন প্রায় শূন্য ছিল—সেখানে আজ নদী থেকে পর্যাপ্ত পরিমাণে ডিমপোনা পাওয়া যাচ্ছে এবং এর ফলে ঐ অঞ্চলের মৎস্যজীবীরা উপকৃত হচ্ছেন।

১৩। পরিত্যক্ত জলাশয়গুলিকে উৎপাদনমুখী করে তোলার জন্য পঞ্চায়েতের মাধ্যমে সামাজিক মৎস্যচাষ প্রকল্প কর্মসূচি রূপায়িত হয়েছে।

১৪। আদিবাসীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের জন্য মৎস্য দপ্তর এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। আদিবাসীদের নতুন পুকুর খনন অথবা পতিত পুকুর সংস্কার, পুকুরে মাছ চাষ এবং তার সাথে হাঁস, মুরগি, শূকর চাষের মাধ্যমে এই প্রকল্প রূপায়িত হচ্ছে।

১৫। আমাদের রাজ্যে যে সব বড় বড় বিল, বাওড় ; ঝিল আছে সেই সব জলা-ভূমিগুলি মৎস্যজীবী সমবায় সমিতির মাধ্যমে সংরক্ষণ ও সেগুলিতে উৎপাদন করা হচ্ছে। এই সমস্ত জলাভূমিগুলিকে যাতে ঠিকমতো উৎপাদনমুখী করে তোলা যায়, তারজন্য জাতীয় সমবায় উন্নয়ন নিগমের (NGDC) সহায়তায় একটি প্রকল্পের কাজ শুরু করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ছয়টি জেলা—উত্তর চব্বিশ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, হুগলি, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুরের ৮৭টি বিলে ৫৩৮৭ হেক্টর জলাশয়ে এই প্রকল্পে কাজ শুরু করা হয়েছে। এই প্রকল্পে শুধুমাত্র উৎপাদন বৃদ্ধি নয়, মৎস্যজীবী সমবায় সমিতিগুলির আর্থিক উন্নয়নের ক্ষেত্রেও অতি অল্প সময়ের মধ্যে সাফল্য বিশেষভাবে

লক্ষ্য করা গেছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে নির্দিষ্ট সময়ের পূর্বে সমবায় সমিতিগুলি ঋণ পরিশোধ করতে শুরু করেছে।

নিম্নে সাফল্যের একটি নমুনা দেওয়া হল ঃ—

| জেলা | প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতি | প্রকল্প গ্রহণের অব্যবহিত পূর্বে তিন বছরের গড় উৎপাদন | | প্রকল্প চালু করার পর ১৯৯৬-৯৭ আর্থিক বছরের উৎপাদনের হিসাব | |
|---|---|---|---|---|---|
| | | মেট্রিকটন | অর্থমূল্য (লক্ষ্য টাকা) | মেট্রিকটন | অর্থমূল্য (লক্ষ্য টাকা) |
| মুর্শিদাবাদ | খৈরমারি এফ. সি. এস. | ৩.০৫১ | ১.৫২২ | ৮.৯৭ | ৪.৪২৬ |
| উত্তর চব্বিশ পরগনা | পাঞ্চিতা এফ. সি. এস. | ৩৬.৮ | ৬.৫৩৪ | ৯৫.৪৭ | ২১.৫৮৬ |
| | কোলা এফ. সি. এস. | ২১.০০ | ২.৫০০ | ৩৬.২৪ | ৬.৫৬৩ |
| | কুঞ্জারবাগী এফ. সি. এস. | ৫.১১ | ১.০২৫ | ১৬.০৫ | ৩.৬১১ |
| নদীয়া | ভোমরা এফ. সি. এস. | | ৩০.৯৬ | ৯.১৫ | ৬৪.০০ |
| ১৬.৭০ | | | | | |
| | দক্ষিণ বিষ্ণুপুর এফ. সি. এস. | ২.৮৯ | ০.৭৫ | ১৮.৪৪ | ৬.৩০ |
| | নিউ শক্তিনগর এফ. সি. এস. | ১৩.৪৪ | ২.৭৪ | ২৯.৭৮ | ৬.৭৯ |
| | কুতুবপুর এফ. সি. এস. | ২.১৩ | ০.৫৮ | ৬.৩৪ | ১.৩৮ |

এছাড়া পুরুলিয়ায় ও বাঁকুড়ায় যে সমস্ত বাঁধ ও বড় জলাধার আছে সেগুলিকেও উৎপাদনমুখী করার জন্য এইরূপ প্রকল্পের অন্তর্ভূক্ত করা হয়েছে।

১৬। সমুদ্রে উন্নত প্রথায় যন্ত্রচালিত নৌকার মাধ্যমে মাছ ধরার জন্য এন. সি. ডি. সি.-এর আর্থিক সহায়তায় সমবায় সমিতি গঠন করে মৎসজীবীদের সাহায্য করা হচ্ছে। এ পর্যন্ত মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা, হাওড়া, হুগলিতে ৩৫০টি যন্ত্রচালিত নৌকা দেওয়া হয়েছে। এই প্রকল্পের জন্য ব্যয় হয়েছে ৩৫ কোটি টাকা। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে সময়মতো ঋণ পরিশোধের ক্ষেত্রেও লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়েছে। এর ফলে সামুদ্রিক মৎস্য উৎপাদন প্রতি বছর বৃদ্ধি পাচ্ছে এবং সমুদ্র উপকূলবর্তী মৎস্যজীবীদের আথিক অবস্থার ও কর্ম সংস্থানের উন্নতি ঘটছে।

১৭। সামুদ্রিক মৎস্য শিকারের ক্ষেত্রে গভীর সমুদ্রে হঠাৎ প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হতে হয়। যাতে উপকূলের সঙ্গে গভীর সমুদ্রের মৎসজীবীদের যোগাযোগ রক্ষা করা যায় তার জন্য শঙ্করপুর ও ফ্রেজারগঞ্জে কেন্দরীয় সরকারের সহযোগিতায় রেডার সংযোগ কেন্দ্র স্থাপনের কাজ চলেছে। হায়দরাবাদে অবস্থিত ন্যাশনাল রিমোট সেন্সিং এজেন্সি উপগ্রহ মাধ্যমে গভীর সমুদ্রে মাছের অবস্থান সম্পর্কিত সংবাদ মৎস্যজীবীদের অবহিত করা সম্ভব হবে।

সামুদ্রিক মৎস্য শিকারের ক্ষেত্রে, পরিকাঠামোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। ইতিমধ্যে শঙ্করপুর ও ফ্রেজারগঞ্জে দুটি আধুনিক মৎস্য বন্দর তৈরি করা হয়েছে এবং শঙ্করপুরে দ্বিতীয় পর্যায়ের বন্দর তৈরির কাজ এগিয়ে চলেছে।

কাকদ্বীপ ও ডায়মন্ড হারবারের অনুরূপ ব্যবস্থা গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব অনুমোদনের অপেক্ষায় আছে।

১৮। মৎস্য দপ্তর তার সীমিত ক্ষমতার মধ্যে মৎস্যজীবীদের জন্য কতগুলি পরিকাঠামো তৈরির কাজ করে চলেছে। ইতিমধ্যে দক্ষিণ চব্বিশ পরগনা, মেদিনীপুর (২), হাওড়া, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর চব্বিশ পরগনা, কুচবিহার, মালদা, হুগলি, বীরভূম, উত্তর দিনাজপুর, বাঁকুড়া জেলায় ১৩টি আদর্শ মৎস্যজীবী গ্রাম গড়ে তুলেছে। এছাড়া বহু মৎস্যজীবী সমবায় সমিতিতে তাদের সভাসমিতির জন্য মিলনগৃহ নির্মাণ করা হয়েছে এবং অদূর ভবিষ্যতে আরও গড়ে তোলা হবে। এছাড়া কিছু রাস্তা, সেতু, পানীয় জলের ব্যবস্থা ইত্যাদি করা হয়েছে।

১৯। মৎস্য সমবায় সমিতিগুলির সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রেও গুরুত্ব দেওয়া হয়েছে। এ রাজ্যে মোট প্রাথমিক মৎস্য সমবায় সমিতির সংখ্যা ১০৬১। জেলা কেন্দ্রীয় মৎস্য সমবায় সমিতির সংখ্যা ২০, এদের সমবায় শীর্ষ সংস্থা 'বেনফিস' (BENFISH)।

'বেনফিস'-এর গত তিন বছরের লাভের হিসাব নিম্নে দেওয়া হল ঃ

| | | |
|---|---|---|
| ১৯৯৪-৯৫ | ঃ | ১৫,০৬,০০০ টাকা |
| ১৯৯৫-৯৬ | ঃ | ৬,৩০,৮৬০ টাকা |
| ১৯৯৬-৯৭ | ঃ | ১৭,৫২,৩০০ টাকা |

২০। এই রাজ্যে মৎস্যজীবীদের বিমার আওতায় আনা হয়েছে। কোনও মৎস্যজীবী মাছ ধরতে গিয়ে মৃত্যু মুখে পতিত হলে তার পরিবার এককালীন ৩৫,০০০ টাকা ও আহত হলে ১৭,৫০০ টাকা দেওয়া হয়। এ যাবৎ এই বিমা প্রকল্পে ৪১৪টি পরিবার উপকৃত হয়েছেন। পাশাপাশি মৎস্যজীবীদের জন্য সর্বপ্রথম এই রাজ্যেই বার্ধক্য ভাতা

প্রকল্প চালু করা হয়েছে। এখন এই ভাতার পরিমাণ মাসিক ১০০ টাকার পরিবর্তে ৩০০ টাকা করা হয়েছে।

মৎস্যজীবী সম্প্রদায়ের কোনও ছাত্র মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে প্রথম বিভাগে উত্তীর্ণ হলে বেনফিস-এর মাধ্যমে প্রতি ছাত্রকে ১,০০০ টাকার বই অনুদান দেওয়া হয়। রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজে ডাক্তারি পাঠরত মৎস্যজীবী সম্প্রদায়ের তিনজন ছাত্রকে ১০,০০০ টাকার অনুদান মঞ্জুর করা হয়েছে। ক্যান্সার আক্রান্ত মৎস্যজীবীর বিনামূল্যে চিকিৎসার জন্য একটি শয্যা সংরক্ষণ করা হয়েছে ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতাল।

২১। মৎস্য সংরক্ষণের জন্য পাশাপাশি গুরুত্ব দেওয়া হয়েছে। ইতিমধ্যে কুচবিহার, দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর, উঃ চব্বিশ পরগনার ন্যাজাত, দঃ চব্বিশ পরগনার ডায়মন্ডহারবার, রায়চক, নামখানা, ফ্রেজারগঞ্জ ও ক্যানিং, মেদিনীপুরে কাঁথি, শঙ্করপুর প্রভৃতি জায়গায় মৎস্য সংরক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। এছাড়া শিলিগুড়িতেও প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং অন্যান্য কয়েকটি জেলায় এই প্রকল্প গ্রহণ করার কাজ বিবেচনাধীন আছে।

২২। এই রাজ্যে মৎস্যচাষী ও মৎস্যজীবীদের আধুনি মাছ চাষ ও মাছ ধরার জন্য প্রশিক্ষণ ব্যবস্থাকে গুরুত্ব দেওয়া হয়েছে। ব্লকস্তরে, জেলাস্তরে, রাজ্যস্তরে এই প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রায় প্রতিটি জেলায় প্রশিক্ষণ ভবন নির্মাণ করা হয়েছে। এছাড়া রাজ্যস্তরে কল্যাণীর কুলিয়ায় প্রশিক্ষণ ভবনে শুধুমাত্র এ রাজ্যের মৎস্যচাষীদের নয় বিভিন্ন সংস্থা ও রাজ্যের বাইরের মৎস্যচাষে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। অনুরূপভাবে সমুদ্রে মৎস্য শিকারের জন্য দক্ষিণ চব্বিশ পরগনার নামখানা ও মেদিনীপুরের রামনগরের প্রশিক্ষণ ভবনে সমুদ্রগামী মৎস্যশিকারীদের প্রশিক্ষণ দেওয়ার কাজ চলছে।

এ পর্যন্ত এই রাজ্যে ১,৮৯,৪২৮ জন মৎস্যচাষী ও সামুদ্রিক মৎস্যশিকার ক্ষেত্রে ১৪,৬৩০ জনকে প্রশিক্ষণ দেওয়ার হয়েছে।

২৩। আজকে উন্নত প্রথায় মৎস্যচাষের ক্ষেত্রে গবেষণার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। দীর্ঘদিন ধরে কল্যাণীর কুলিয়াতে একটি গবেষণার কাজ চলেছে। পাশাপাশি মৎস্যদপ্তর আরও একটি গুরুত্বপূর্ণ গবেষণাগার তৈরি করেছে কলকাতার কাছে ক্যাপ্টেন ভেড়িতে। এখানে বিভিন্ন রকম গবেষণার কাজ চলেছে।

২৪। জলাশয়ে সংরক্ষণের ক্ষেত্রে মৎস্যদপ্তর একটি ক্রান্তিকারী ভূমিকা নিয়েছে। এর জন্য আইন প্রণয়ন করে কঠোর শাস্তির মাধ্যমে লোভাতুর ব্যক্তিদের হাত থেকে জলাশয়কে রক্ষা করার জন্য ইতিমধ্যেই উদ্দেশ্যকে সামনে রেখে এই আইন প্রণয়ন করা

হয়েছে। কিন্তু কেবলমাত্র মৎস্যদপ্তরের পক্ষে জলাশয় রক্ষা করা সম্ভব নয়, তারজন্য চাই সর্বস্তরের মানুষের সহযোগিতা ও সচেতনতা।

মাননী সদস্যগণ, মৎস্যদপ্তরের বর্তমান কর্মকান্ডের কিছু কিছু তথ্য আপনাদের অবগতির জন্য জানালাম।

আমার দৃঢ় বিশ্বাস, আপনাদের ঐকান্তিক সহযোগিতায় মৎস্য উৎপাদন বৃদ্ধি, পরিবেশের ভারসাম্য রক্ষার মাধ্যমে আরও বেশি কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা, মৎস্যজীবীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও গ্রামীণ অর্থনৈতিক বিকাশগুলির ক্ষেত্রে মৎস্য দপ্তর আগামী দিনে আরও দৃঢ় পদক্ষেপে এগিয়ে যেতে পারবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমি মৎস্যবিভাগের ব্যয় বরাদ্দের প্রস্তাবটি সভার অনুমোদনের জন্য পেশ করছি।

## DEMAND No. 52

### Major Head : 2406—Forestry and Wild Life

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 86,12,86,000 be granted for expenditure under Demand No. 52, Major Head : "2406—Forestry and Wild Life".

(This is inclusive of a total sum of Rs. 28,70,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Jogesh Chandra Barman & Smt. Bilasibala Sahis on Demand No. 52 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫২ নং দাবির অধীনে মুখ্যখাত "২৪০৬—বন ও বন্যপ্রাণী" এবং "৪৪০৬—বন ও বন্যপ্রাণী সংক্রান্ত মূলধনী ব্যয়" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৮৬,৬৬,৩৬,০০০ (ছিয়াশি কোটি ছেষট্টি লক্ষ ছত্রিশ হাজার) টাকার ব্যয় বরাদ্দ মঞ্জুর করা হোক। ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ২৮,৮৮,০০,০০০ (আটাশ কোটি অষ্টাশি লক্ষ) টাকা এই হিসাবের অন্তর্গত।

মহাশয়,

১৯৯২-৯৩ সালে শুরু হয়েছিল বিশ্ব ব্যাঙ্ক সহায়তাপ্রাপ্ত পশ্চিমবঙ্গ বনায়ন প্রকল্প। তার সময়সীমা সমাপ্ত হয়েছে গত ১৯৯৭ সালে ডিসেম্বর মাসে। এই সময়ে রূপায়িত কর্মসূচির পর্যালোচনাতে দেখা যায় যে অভিষ্ঠ্য লক্ষ্যে এই প্রকল্প অত্যন্ত সফল। যেমন বনভূমি অবক্ষয় রোধে স্থায়ী ব্যবস্থা, জনগণের ব্যাপক অংশ গ্রহণ ও উৎপাদনমুখী বন পরিচালন ব্যবস্থা প্রবর্তনের ফলে জৈব-বৈচিত্র্যের সংরক্ষণ ও বনজ সম্পদের বৃদ্ধি ইত্যাদি।

মহাশয়,

বন সন্নিহিত এলাকার অর্থনৈতিক শ্রেণীর মানুষ প্রায় ৩২৮৯টি বন সুরক্ষা সমিতি গড়ে প্রায় ৪,৫০,০০০ হেক্টর বনভূমি রক্ষণাবেক্ষণ করছেন। এই বিশাল এলাকা দক্ষিণবঙ্গের সংরক্ষিত বনাঞ্চলের ৯০% উত্তরবঙ্গ ও সুন্দরবনের বাদা বনাঞ্চলের ৫০%। এরফলে, উপগ্রহ সমীক্ষায় দেখা গেছে যে বনভূমির আয়তন ১৩.৩৮% থেকে বৃদ্ধি পেয়ে হয়েছে ১৫.০৬%।

মহাশয়,

সারা দেশের মধ্যে এই রাজ্যেই কতকগুলি অতি উত্তমভাবে পরিচালিত সংরক্ষিত বনাঞ্চল আছে। এখানে বন্যপ্রাণ পরিচালনাও সমস্ত রাজ্যগুলির মধ্যে উৎকৃষ্ঠ। বিগত কয়েক বছর বাঘ হাতি ও এক শৃঙ্গ গন্ডারের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। বন্যপ্রাণী হত্যার ঘটনাও উল্লেখযোগ্য হ্রাস পেয়েছে। বন্যপ্রাণী পরিচালনার বিশেষ ব্যবস্থা সার্থকভাবে রূপায়িত হয়েছে। যেমন, দক্ষিণবঙ্গের পুর্ণজীবিত বনাঞ্চলে হরিণ ছাড়া, মানুষ ও বন্য প্রাণীর সংঘাত কমাতে সঠিক হাতি পরিচালন ব্যবস্থা, জলদাপাড়াতে বড়াসিংহ প্রাণী ছাড়া ইত্যাদি।

মহাশয়,

জাতীয় উদ্যান ও অভয়ারণ্যগুলির জৈব-বৈচিত্র সংরক্ষণে বনের নিকটবর্তী এলাকার মানুষের অংশ গ্রহণের গুরুত্ব অনুধাবন করে রাজ্য সরকার একটি আদেশনামা জারি করেছেন। এই আদেশনামায় পরিবেশ উন্নয়ণ কমিটি গঠন করা হয়েছে। সারা দেশের মধ্যে এই উদ্যোগ প্রথম। উত্তরবঙ্গ ও সুন্দরবনে প্রায় ২০,০০০ পরিবার এইরকম ১০০টি পরিবেশ উন্নয়ন সমিতির আওতাভুক্ত।

মহাশয়,

উন্নত মানের বীজ ও কপিসের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। জৈব-বৈচিত্র সংরক্ষণে বেশ কিছু গবেষণার কাজও শেষ হয়েছে। সংরক্ষিত বনাঞ্চলের পরিচালন ব্যবস্থায় এই গবেষণালব্ধ ফল সার্থকভাবে প্রয়োগ করা হয়েছে।

মহাশয়,

জেলা পরিষদ ও পঞ্চায়েত পরিচালিত বিভিন্ন সমাজ ভিত্তিক বনসৃজন প্রকল্পে প্রযুক্তিগত ও অন্যান্য সাহায্য দেবার ব্যাপারে বিশেষ সাফল্য অর্জিত হয়েছে। যেমন, বন খামাড় ও পঞ্চায়েত বা সরকারি খাস জমিতে সারিবদ্ধ বন সৃষ্টি প্রভৃতি।

মহাশয়,

বর্তমানে আমি ১৯৯৭-৯৮ সালের কর্মবিবরণী এবং ১৯৯৮-৯৯ সালে প্রস্তাবিত কর্মসূচি সম্পর্কে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি।

১৯৯৭-৯৮ সালের কর্মবিবরণী এবং ১৯৯৮-৯৯ সালের প্রস্তাবিত কর্মসূচি।

১) বর্তমান বছরেও পতিতভূমি উন্নয়নের কর্মসূচি অব্যাহত আছে। বনসংরক্ষণে জনসাধারণের অংশগ্রহণ মূলক পরিচালন পদ্ধতি উত্তরবঙ্গ, পাহাড়ি এলাকা এবং সুন্দরবন অঞ্চলে সম্প্রসারিত হয়েছে। উত্তরবঙ্গে বনসম্পদকে সুসংহত অপহরণের হাত থেকে রক্ষা করার স্বার্থে ওয়ারলেস সেটের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা জোরদার করা হয়েছে। এখানে বনরক্ষার কাজে বনবিভাগকে সাহায্যের জন্য বনরক্ষী-বাহিনীর চারটি দল কর্মরত আছে। ১৯৮৯-৯০ সালে সুন্দরবন জীব পরিমন্ডল স্থাপিত হয়েছে এবং এলাকার উন্নয়নে এই বিভাগ প্রশংসনীয় কাজ করেছে।

**২) এলাকাভিত্তিক জ্বালানি ও পশুখাদ্য কর্মসূচি ঃ**

এই প্রকল্প শতকরা ৫০ ভাগ কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত। ১৯৯৭-৯৮ সালে এই কর্মসূচিতে ৩৪৪২ হেক্টর এলাকাতে বৃক্ষরোপনের কাজ চালু আছে। ১৯৯৮-৯৯ সালে ও এই প্রকল্প চালু রাখার প্রস্তাব আছে।

**৩) গৌণ বনজ সম্পদ উন্নয়ন ঃ**

এই প্রকল্প সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত। ১৯৯৮-৯৯ সালে বৃক্ষরোপণের উদ্দেশ্যে ১৯৯৭-৯৮ সালে ৫৫০ হেক্টর জমিতে প্রারম্ভিক কাজ শুরু করা হয়েছে। এই প্রকল্পে ভেষজ বৃক্ষ ছাড়াও বাঁশ, আমলকি, বহেড়া, হরিতকি, বেত প্রভৃতি বৃক্ষরোপণের কর্মসূচি আছে।

**৪) বীজের মানোন্নয়ন প্রকল্প ঃ**

কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত এই প্রকল্পে ১৯৯৭-৯৮ সালে বীজের কারিগরিদিক সম্বন্ধে শিক্ষাদান, বীজের উৎপাদন লোকার উন্নয়ন ইত্যাদি বিষয়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে যা ১৯৯৮-৯৯ সালে ও অব্যাহত থাকবে।

**৫) সুসংহত পতিত জমি উন্নয়ন প্রকল্প ঃ**

কেন্দ্রীয় সাহায্য পুষ্ট এই প্রকল্পে সুন্দরবন জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার ১,৪০০ হেক্টর এলাকায় প্রারম্ভিক পর্যায়ের কাজের জন্য পরিমার্জিত নির্দেশাবলী অনুযায়ী প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হয়েছে। এই নির্দেশাবলী অনুসারে যৌথ বন পরিচালন পদ্ধতি সমস্ত কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত প্রকল্পের প্রধান ও অবিচ্ছেদ্য অঙ্গ রূপে পরিগণিত হবে। এই সমস্ত প্রকল্পের মূল্যায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া যাইবে।

**৬) বন্যপ্রাণী সংরক্ষণ ঃ**

রাজ্যের বনভূমির শতকরা ৩৪ ভাগ ১৬টি অভয়ারণ্য, ২টি ব্যাঘ্র প্রকল্প, ৪টি জাতীয় উদ্যান এবং ১টি জীবপরিমন্ডল অঞ্চলের অন্তর্গত। পরিচালন পদ্ধতি অনুসরণ করে এই এলাকাতে বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত 'হস্তি প্রকল্প'-এর কাজ অব্যাহত আছে। এই সমস্ত প্রকল্প রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৯৯৭-৯৮ সালে ৯২.১০ লাখ টাকার সংস্থান রাখা হয়েছে। কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত বক্সা ব্যাঘ্র প্রকল্প ও সুন্দরবন ব্যাঘ্রপ্রকল্পের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে ৭০ লাখ টাকার সংস্থান রাখা হয়েছে। এই সমস্ত প্রকল্পের কাজ ১৯৯৮-৯৯ সালেও অব্যাহত থাকবে। বিভিন্ন ব্যাঘ্রপ্রকল্প, অভয়ারণ্য ও বন্যপ্রাণী সংরক্ষিত এলাকার সন্নিহিত অঞ্চলে বিভিন্ন উন্নয়ন প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার ১৯৯৭-৯৮ সালে ৪২.৬২৫ লাখ টাকা মঞ্জুর করেছে। ১৯৯৮-৯৯ সালে উপরোক্ত প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৭০ লাখ টাকার প্রস্তাব পাঠানো হয়েছে।

**৭) বিনোদন বনায়ন প্রকল্প ঃ**

১৯৯৭-৯৮ সালে ২২টি পার্ক রক্ষণাবেক্ষণ/উন্নয়ন এবং ২টি পার্ক তৈরির কাজ হাতে নেওয়া হয়েছে যার জন্য ৪৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে ও পার্ক ও উদ্যান স্থাপন, 'নগর বনায়ন' ও 'গ্রামীণ সবুজায়ন' প্রকল্পের কাজ অব্যাহত থাকবে। নগর বনায়ন প্রকল্পে পথিপার্শ্বস্থ বনায়ন, ছোট ছোট উদ্যান স্থাপনের কাজ করা হয়।

**৮) মৃত্তিকা সংরক্ষণ কর্মসূচি ঃ**

১৯৯৭-৯৮ সালে ৭১০ হেক্টর ক্ষয়িষ্ণু বনভূমিতে বৃক্ষরোপণ করা হয়েছে। ইহা ছাড়া ৬৬ হেক্টর জমিতে মৃত্তিকা সংরক্ষণের কাজ ও চলেছে। ১৯৯৮-৯৯ সালে এই প্রকল্পের কাজ চালু থাকবে। ইহা ছাড়াও কংসাবতী তিস্তা, রূপনারায়ণ নদীর উপত্যকা এলাকায় কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত 'নদী উপত্যকা প্রকল্প' ও 'গঙ্গা অববাহিকা' প্রকল্প দুটির কাজ অব্যাহত থাকবে। ১৯৯৭-৯৮ সালে ১০৭১ হেক্টর জমিতে মৃত্তিকা সংরক্ষণের কাজ চলছে। ১৯৯৮-৯৯ সালে এই প্রকল্পের কাজ চালু থাকবে এবং নতুন প্রকল্প প্রস্তুতির কাজ চলছে।

**৯) বিকেন্দ্রীভূত জনতা নার্সারি ঃ**

'বিকেন্দ্রীভূত জনতা নার্সারি' কর্মসূচিতে ১৯৯৭-৯৮ সালে ৪.২৫ লক্ষ চারাগাছ তৈরি করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে এই কর্মসূচি অব্যাহত থাকবে।

১০) ১৯৯২-৯৩ সাল থেকে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তা নিয়ে রাজ্য সরকার যে পশ্চিমবঙ্গ বনায়ন প্রকল্প রূপায়িত করছিল সেটি ১৯৯৭ সালের ডিসেম্বর শেষ হয়েছে। এই প্রকল্পের সাফল্য এবং বনরক্ষা সমিতির স্বার্থে আন্তর্জাতিক সংস্থার সহায়তার জন্য আরেকটি প্রকল্প প্রস্তুতির কাজ চলছে। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ও গ্লোবল এনভায়রনমেন্ট ট্রাস্টের সহায়তায় জলপাইগুড়ি জেলার বকসা ব্যাঘ্র সংরক্ষিত অঞ্চলে রাজ্য সরকার ইন্ডিয়া-ইকো-ডেভেলপমেন্ট প্রকল্প রূপায়ণ করছে। কেন্দ্রীয় সরকারের পোষকতা প্রাপ্ত কর্মসূচির অধীনে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকার এই সহায়তা পাবেন। এর উদ্দেশ্য হল গ্রামীণ ভূ-পরিবেশের উন্নয়ন যাতে সংরক্ষিত অঞ্চলের ওপর মানুষের নির্ভরতা কমিয়ে আনা যায় এবং সেই সঙ্গে পরিবেশ শিক্ষার মাধ্যমে বন-সংরক্ষণের জন্য জন সমর্থন বাড়ানো যায়।

১১) কেন্দ্রীয় সহায়তা পুষ্ট 'বীজ উন্নয়ন' প্রকল্পে ১৯৯৭-৯৮ সলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩.৬৯ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। ১৯৯৮-৯৯ সালে এই প্রকল্প চালু থাকবে।

১২) এই দপ্তরের অধীনে অন্যান্য সংস্থাগুলি হোল—আলিপুর চিড়িয়াখানা এবং দার্জিলিং-এ অবস্থিত পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক ও লয়েডস বোটানিক্যাল গার্ডেন। পর্যটকদের কাছে বিশেষ আকর্ষণীয় এবং সাংস্কৃতিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ এইসব সংস্থাগুলির উন্নয়নে যে সমস্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে তা ১৯৯৮-৯৯ সালেও অব্যাহত থাকবে। ১৯৯৭-৯৮ সালে আলিপুর চিড়িয়াখানায় স্যুয়ারেজ পাম্পিং স্টেশন বসানো হয়েছে। ১৯৯৭-৯৮ সালে হাতিদের অবাধ বিচরণের জন্য যে মুক্তাঙ্গন তৈরির কাজ শুরু হয়েছে তা ১৯৯৮-৯৯ সালে চালু থাকবে।

বনদপ্তরের অধীনস্ত বিভিন্ন নিগমের কার্যাবলীর বিবরণ নিম্নে প্রদত্ত হল ঃ

**পশ্চিমবঙ্গ পাল্পউড নিগম ঃ**

এই সংস্থা টিটাগড় পেপার মিল-এ এর সঙ্গে অংশীদারিতে যৌথভাবে গঠিত, এই সংস্থা রাজ্যের কাগজগুলির কাঁচামালের প্রয়োজন মেটাতে NABARD-এর আর্থিক সহায়তায় বিভিন্ন ব্যাঙ্ক থেকে ঋণ গ্রহণ করে মন্ডকাঠ সৃজনের কাজে লিপ্ত। মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, বর্ধমান এবং জলপাইগুড়ি জেলায় প্রায় ৬,৫০০ হেক্টর সরকারি ও বেসরকারি জমিতে বৃক্ষরোপণ করেছে।

**পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম ঃ**

দার্জিলিং জেলার কালিম্পং বনবিভাগের পরিচালনা ছাড়াও এই নিগমের উপর বনদপ্তরকে কাঠ ও অন্যান্য বনজ সম্পদ আহরণ ও বিপননে সাহায্য করার দায়িত্ব অর্পণ করা হয়েছে। বনপরিচালন সমিতির সদস্যদের মধ্যে উপসত্ব বিতরণের বনদপ্তরের উদ্যোগকে সফল করার লক্ষ্যে এই নিগম দক্ষিণ পশ্চিমবঙ্গে কাঠ আহরণ ও বিপণনের দায়িত্ব পালন করেছে।

বিভিন্ন জায়গায় ডিপো ও বিক্রয়কেন্দ্র স্থাপনের মাধ্যমে এই নিগম কাঠ ও অন্যান্য বনজাত সামগ্রী উপযুক্ত মূল্যে জনসাধারণের মধ্যে বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করেছে।

পর্যটকদের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার প্রচেষ্টাকে সফল করার জন্য এই নিগম বিভিন্ন স্থানে পর্যটনকেন্দ্র ও রোপওয়ে স্থাপন করেছে। ইহা ছাড়াও এই নিগম পর্যটন বিভাগের সঙ্গে যৌথউদ্যোগে বিভিন্ন প্রকল্প রূপায়ণের প্রচেষ্টা চালাচ্ছে।

মহাশয়,

আমরা কি কি কর্মসূচি রূপায়ণ করতে সমর্থ হয়েছি এবং ভবিষ্যতে আমাদের কর্মসূচি কি তা সংক্ষিপ্ত বিবরণের মাধ্যমে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছি।

আমি আশা করি যে, সকলেই তাদের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে আমাদের মূল লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবেন যাতে কেবল আমরাই নয় আমাদের ভবিষ্যৎ প্রজন্মও এর সুফল ভোগ করতে পারে।

মহাশয়,

পরিশেষে আমি এই মহতি সভার সদস্যদের অনুরোধ জানাচ্ছি যাতে ১৯৯৮-৯৯ সালের বাজেট সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

পরিশেষে আপনাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ।

**DEMAND No. 53**

**Major Heads : "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations", during the next financial year**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,05,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations".

(This is inclusive of a total sum of Rs. 102,00,000 already voted on account)

Budget Speech of Shri Bidyut Ganguly on Demand No. 53 has been Printed along with Budget speech on Demand No. 24.

**DEMAND No. 54**

**Major Heads : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 87,68,00,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 29,23,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Kalimuddin Shams on Demand Nos. 54 & 86 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৪ সংখ্যক দাবির

মুখ্যখাত "২৪০৮—খাদ্য, গুদামজাতকরণ ও পণ্য সঞ্চয়করণ" এবং "৪৪০৮—খাদ্য, গুদামজাতকরণ ও পণ্য সঞ্চয়করণ খাতে মূলধন বিনিয়োগ (রাষ্ট্রায়ত্ত সংস্থা ব্যতীত)"-এ ১৯৯৮-৯৯ আর্থিক বছরের ব্যয় নির্বাহের জন্য ৮৭,৬৮,০০,০০০ (সাতাশি কোটি আটষট্টি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [ইতোমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এর মাধ্যমে উত্থাপিত মোট ২৯,২৩,০০,০০০ (উনিত্রিশ কোটি তেইশ লক্ষ) টাকাও উপরি-উক্ত পরিমাণ অর্থের অন্তর্ভূক্ত।]

২। মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৮৬ সংখ্যক দাবির মুখ্যখাত "৩৪৫৬—অসামরিক সরবরাহ"-এ ১৯৯৮-৯৯ আর্থিক বছরের ব্যয় নির্বাহের জন্য ৫,০৮,৫২,০০০ (পাঁচ কোটি আট লক্ষ বাহান্ন হাজার) টাকা মঞ্জুর করা হোক। [ইতোমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এর মাধ্যমে উত্থাপিত ১,৭০,০০,০০০ (এক কোটি সত্তর লক্ষ) টাকাও উপরি-উক্ত পরিমাণ অর্থের অন্তর্ভূক্ত।]

৩। মহাশয়, আমি আমার বাজেট-বিবৃতির সঙ্গে খাদ্য ও সরবরাহ বিভাগের কাজকর্ম সম্পর্কে একটি প্রতিবেদন পৃথকভাবে মাননীয় সদস্যদের নিকট পেশ করছি। আগের বছর এবং এই বছরে এই বিভাগ কি কি সাফল্য অর্জন করেছে, কর্মসূচিই বা কি কি গ্রহণ করা হয়েছে এবং এই বিভাগকে বিভিন্ন ধরনের যে-সব অসুবিধার সম্মুখীন হতে হয়েছে, সে-সব তথ্যসম্বলিত এই প্রতিবেদনটি মাননীয় সদস্যদের নিকট আমার বাজেট বিবৃতির মুখবন্ধ হিসাবে পেশ করছি। মাননীয় সদস্যদের নিকট আমার অনুরোধ, এই বিভাগের কাজের সামগ্রিক মূল্যায়ন করার সময় অনুগ্রহ করে এই প্রতিবেদনটিও বিবেচনার জন্য গ্রহণ করবেন।

৪। খাদ্য ও সরবরাহের ক্ষেত্রে যে-সব বিষয় গুরুত্ব অর্জন করেছে, আমার বিবৃতিতে সে-রকম কয়েকটি বিষয়ের প্রতি আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিষয়গুলি হল নিম্নরূপ ঃ

৫। মূল্য নিয়ন্ত্রণ, মূল্যের হ্রাস-বৃদ্ধি লাঘব ও অত্যাবশ্যকীয় পণ্যাসামগ্রীর ন্যায্য বন্টনের লক্ষ্যে উপনীত হওয়ার পদ্ধতির স্থায়ী বৈশিষ্ট্যরূপে গণবন্টন-ব্যবস্থা ভারত সরকার কর্তৃক স্বীকৃত। এই স্বীকৃতি থাকা সত্ত্বেও ভারত সরকার অত্যন্ত ঘন-ঘন গণবন্টন-ব্যবস্থায় বন্টিতব্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দাম বাড়াচ্ছেন, ফলে—গণবন্টন-ব্যবস্থার ভিত্তিমূলে আঘাত লাগছে এবং সাধারণ মানুষ প্রচন্ড অসুবিধার সম্মুখীন হচ্ছেন। রেশন দ্রব্যাদি, বিশেষত গম প্রাপ্তির অনিয়মিত সুযোগের ফলে খোলা বাজারে গমের দাম অত্যন্ত বেড়ে গেছে এবং বন্টন-ব্যবস্থাকে জনসাধারণের সমালোচনার সম্মুখীন করে তুলেছে। বলা বাহুল্য, কেন্দ্রীয় ক্ষেত্র থেকে অব্যাহতভাবে রেশন সামগ্রির সরবরাহ সবিশেষ প্রয়োজন।

১. ১. ৯০ তারিখের তুলনায় চাল ও গমের দাম বহুলাংশে বেড়ে দারিদ্র্য সীমারেখার নিচে বসবাসকারী মানুষের সাধ্যের বাইরে গিয়ে পৌঁছেছে।

৬। খাদ্যশস্য ও চিনিসহ প্রায় সমস্ত অত্যাবশ্যকীয় সামগ্রীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য এবং সেই কারণে চাল, গম, চিনি, তৈলবীজ, ভোজ্য তেল, লবণ, ডাল, পেট্রোলজাত সামগ্রী প্রভৃতির জন্য এই রাজ্যকে বাইরের সাহায্যের ওপর নির্ভর করতে হয়। বর্তমান সংগ্রহ মরশুমে আমরা অবশ্য ভারত সরকারের অনুমতি সাপেক্ষে চাল সংগ্রহের দায়িত্ব সরাসরি গ্রহণ করেছি।

৭। ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের (চাল ও গম) মোট উৎপাদন ছিল ৭১.০১ লক্ষ মেট্রিক টন এবং ১৯৯৬-৯৭ সালে তা বেড়ে দাঁড়ায় ১৩৪.৭৫ লক্ষ মেট্রিক টনে (চাল ১২৬.৩৬ লক্ষ মেট্রিক টন ও গম ৮.৩৯ লক্ষ মেট্রিক টন)। ঘাটতি কিন্তু এখনও রয়েছে। ১৯৯১ সালের জনগণনা অনুযায়ী পশ্চিমবঙ্গের জনসংখ্যা ৬৭৯.৮ লক্ষ। শতকরা ২.২ শতাংশ বার্ষিক মিশ্র বৃদ্ধির হারের ভিত্তিতে ১. ৩. ৯৮ তারিখে পশ্চিমবঙ্গের আনুমানিক জনসংখ্যা ৭৯৩.৩৫ লক্ষ ধরা যেতে পারে। খাদ্য শস্যের বাৎসরিক চাহিদা হিসেব করার সময় দৈনিক মাথা পিছু ৪৫৩.৬ গ্রাম ভিত্তি হিসেবে গ্রহণ করা ঠিক হবে না। এই পরিমাণ খাদ্য শস্য খাওয়া বলতে বোঝায় দুগ্ধ, দুগ্ধজাত দ্রব্য, ডিম, মাছ, মাংস ও সবজি খাওয়ার মধ্য দিয়ে প্রোটিন, কার্বোহাইড্রেট ও ভিটামিন গ্রহণ করা, যা গড়পড়তা ভারতীয়দের পক্ষে সংগ্রহ করা দুঃসাধ্য, যেহেতু এদের ৩৫ শতাংশ এখনও দরিদ্র্যসীমার নিচে বাস করেন। সেজন্য প্রয়োজনীয় খাদ্য/ক্যালরি খাদ্যশস্যের আকারে গ্রহণ করা হয়। গড় দৈনিক খাদ্যশস্য গ্রহণের আরও বেশি বাস্তবসম্মত পরিমাণ দাঁড়াবে ৫০০ গ্রাম। এই নিরীখে খাদ্যশস্যের বাৎসরিক চাহিদার মোট পরিমাণ ১৪৪.৭৯ লক্ষ মেট্রিক টন। বীজ, পশুখাদ্য, অপচয় ইত্যাদি বাবদ ১০ শতাংশ এবং প্রতিবেশী রাজ্যগুলি ও বাংলাদেশে পাচার বাবদ আরও ১০ শতাংশ বাদ দিয়ে ১৩৪.৭৫ লক্ষ মেট্রিক টন উৎপাদন বস্তুত গৃহস্থালির উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে কমে দাঁড়ায় ১০৯.১৫ লক্ষ মেট্রিক টনে। সুতরাং রাজ্যে ঘাটতির মোট পরিমাণ দাঁড়াচ্ছে ৩৫.৬৪ লক্ষ মেট্রিক টনে। তবুও আশা করা যায়, ভূমি-সংস্কার কর্মসূচির সার্থক রূপায়ণ, বৈজ্ঞানিকভাবে শস্য ও জল-নিয়ন্ত্রণ এবং জৈব-প্রযুক্তিবিদ্যার সুষ্ঠুতর প্রয়োগ ও ব্যবহারের দ্বারা পশ্চিমবঙ্গ কয়েক বছরের মধ্যে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে স্বনির্ভর হয়ে উঠতে পারবে।

৮। সমগ্র পশ্চিমবঙ্গ রাজ্য জুড়ে প্রচলিত আছে সমগ্র জনসাধারণকে আওতাভুক্তকারি গণবন্টন-ব্যবস্থার এক নিয়োটল কার্যক্রম। এই ব্যবস্থায় আরও কিছু সংযোজনের প্রয়োজনীয়তার বিষয়টি সর্বদা খতিয়ে দেখা হচ্ছে। বৃহত্তর কলকাতা এবং হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনা, আসনসোল ও দুর্গাপুর শিল্পাঞ্চল নিয়ে যে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা

আছে, সেখানে ১.১৮ কোটি মানুষ ২.৬১৯টি ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে তাদের রেশন দ্রব্য সংগ্রহ করেন। আর রাজ্যের বাকি এলাকায় যে সংশোধিত রেশন ব্যবস্থা আছে, সেখানে প্রায় ৬.৩৮ কোটি মানুষ ১৭.৮৪৬টি ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে তাদের রেশন দ্রব্য সংগ্রহ করেন।

বৃহদাকার দারিদ্র্যের সঙ্গে সংগ্রামের কৌশল হিসেবে ভারত সরকারের রূপরেখা অনুযায়ী ১. ৬. ৯৭ তারিখ থেকে পশ্চিমবঙ্গে অভিষ্ট গণ-বন্টনব্যবস্থার প্রচলন ঘটেছে। বার্ষিক ১৫,০০০ টাকার রকম আয় সম্পন্ন পরিবারগুলিকে দারিদ্র্য সীমারেখার নিচে অবস্থিত বলে চিহ্নিত করা হয়েছে। ৫ জন সদস্য-বিশিষ্ট এরকম পরিবারকে বিশেষ ভরতুকি-দত্ত দরে মাসে ১০ কিলোগ্রাম খাদ্যশস্য দেবার ক্ষেত্রে অভিষ্ট পরিবার বলে বিবেচনা করা হয়েছে। রাজ্যে ২.৩৯৫৮ কোটি ব্যক্তিকে ইতোমধ্যেই দারিদ্র্য সীমারখোর নিচে বসবসাকারী বলে চিহ্নিত করা হয়েছে এবং পরিবারপিছু মাসিক নির্ধারিত ১০ কিলোগ্রাম হারে প্রতি কিলোগ্রাম ৪ টাকা দরে চাল ও ৩ টাকার দরে গম পাচ্ছেন। দারিদ্র্য সীমারেখার নিচে বসবাসকারী ব্যক্তিদের শীঘ্রই তাদের নিজ নিজ রেশন কার্ড দেওয়া হবে। খাদ্যশস্য সংগ্রহ সাপেক্ষে দারিদ্র্য সীমারেখার ঊর্ধ্বে বসবাসকারী জনসাধারণের মধ্যেও খাদ্যশস্য সরবরাহ বজায় রাখা হয়েছে। বিধিবদ্ধ রেশনিং এলাকায় দারিদ্র্য সীমারেখার ঊর্ধ্বে বসবাসকারী ব্যক্তিদের মাসে ২,৭০০ গ্রাম করে খাদ্যশস্য বর্তমানে দেওয়া হয়। রাজ্যে অভিষ্ট গণ-বন্টনব্যবস্থায় সার্থক রূপায়ণের প্রতি সর্বদা দৃষ্টি রাখা হচ্ছে।

বিধিবদ্ধ রেশন এলাকায়গুলিতে, বিশেষত কলকাতা শিল্পাঞ্চলে চাল, গম ও লেভি চিনি ছাড়াও অন্যান্য সামগ্রী, যেমন (ক) ভোজ্য তেল, (খ) বিস্কুট, (গ) গুঁড়ো-মশলা, (গ) আয়োডিনযুক্ত লবণ, (ঙ) খাতা, (চ) কাপড়কাচা সাবান, (ছ) গুঁড়ো কাপড়কাচা সাবান, (জ) দেশলাই ও (ঞ) ডাল, রেশন দোকানের মাধ্যমে বন্টন করা হয়। উপরন্তু, রাজ্যে খুচরা দোকানগুলি থেকে কেরোসিন তেলও সরবরাহ করা হয়।

পশ্চিমবঙ্গ চাল ও ধান নিয়ন্ত্রণ আদেশ, ১৯৯৭ জারি হওয়ায় কলকাতা ও সন্নিহিত অঞ্চলে স্থানীয় ক্ষেত্রে উৎপাদত চাল সরবরাহের ব্যাপারে কোনও সমস্যা হবে বলে মনে হয় না। এর ফলে কেন্দ্রীয় ক্ষেত্র থেকে ভারতীয় খাদ্য নিগম কর্তৃক খাদ্যশস্যের ওপর রাজ্য সরকারের বিধিবদ্ধ নির্ভরশীলতাও লাঘব হবে। নিজেদের পছন্দ অনুযায়ী বিধিবদ্ধ রেশনিং এলাকার গ্রাহকদের জন্য প্রয়োজনীয় খাদ্যশস্যের পরিমাণ সুলভ করে তুলতে বৈধ কাগজপত্রের (অনুজ্ঞাপত্র) ভিত্তিতে চালের স্বচ্ছন্দ আদান-প্রদানের বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

৯। দীর্ঘদিন ধরে পশ্চিমবঙ্গের জন্য মাসিক কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ ছিল

১,২৫,০০০ মেট্রিক টন চাল ও ১,২৬,০০০ মেট্রিক টন গম। ১৯৮৮ সাল থেকে এই বরাদ্দ ক্রমশ কমতে থাকে। সাম্প্রতিক কাল পর্যন্ত ভারত সরকার বছরের বিশে, সময়ের ভিত্তিতে মাসিক ৬৫,০০০ মেট্রিক টন থেকে ৭৫,০০০ মেট্রিক টন পর্যন্ত বিভিন্ন পরিমাণ চাল বরাদ্দ করে আসছিলেন। গমের পরিমাণ ছিল মাসিক ৭২,০০০ মেট্রিক টন থেকে ১,১৫,০০০ মেট্রিক টন। এই বছরের শুরুতে চালের মাসিক বরাদ্দের পরিমাণ আরও কমে দাঁড়ায় প্রায় ৬৫,০০০ মেট্রিক টনে ও গমের পরিমাণ হয় প্রায় ১,০৫,০০০ মেট্রিক টন। ১. ৬. ৯৭ তারিখ থেকে অভিষ্ট গণবন্টন-ব্যবস্থা প্রচলিত হবার পর চালের মাসিক বরাদ্দের পরিমাণ আরও কমে দাঁড়ায় ৩২,৬০০ মেট্রিক টনে ও গম ৮৮,৩৫০ মেট্রিক টনে। এই বরাদ্দ দারিদ্র্য সীমারেখার নিচে ও ওপরে বসবসাকারী উভয় শ্রেণীর মানুষের জন্য। বরাদ্দ অনুযায়ী ভারতীয় খাদ্য নিগম সরবরাহ বজায় রাখতে ব্যর্থ হওয়ায় গণ-বন্টনব্যবস্থায় খাদ্যশস্য লাভের সুযোগ আরও সংকুচিত হয়। ফলে, বিধিবদ্ধ ও সংশোধিত উভয় রেশনিং এলাকাতেই খাদ্যশস্য বন্টন অনিয়মিত হয়ে পড়ে। বরাদ্দ বৃদ্ধি ও দারিদ্র্য সীমারেখার নিচের ও ওপরের উভয় শ্রেণীর মানুষকেই নিয়মিত খাদ্যশস্য সরবরাহের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দ্বারস্থ হয়েছেন।

রাজ্যে চালকল ও অন্যান্য উৎপাদকদের কাছ থেকে সরাসরি খাদ্যশস্য গ্রহণের অনুমতির জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে দীর্ঘদিন ধরে অনুরোধ জানিয়ে আসছিলেন। বহুদিন যাবৎ দরবারের পর ২৪. ১১. ৯৭ তারিখে গণ-বন্টনব্যবস্থার চাহিদা পূরণের উদ্দেশ্যে খাদ্য ও সরবরাহ দপ্তর কর্তৃক সরাসরি অভ্যন্তরীণ চাল সংগ্রহের বিষয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের মধ্যে সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়। এইভাবে অন্যত্র উৎপাদিত নিম্নমানের আতপ চাল গ্রহণে বাধ্য হওয়ার পরিবর্তে স্থানীয় ক্ষেত্রে উৎপাদিত সিদ্ধচালের জন্য গ্রাহকদের চাহিদা পূরণ করা সম্ভব হয় এবং রাজ্যের বাইরের থেকে ভারতীয় খাদ্য নিগম কর্তৃক আমদানিকৃত কেন্দ্রীয় ক্ষেত্রের চাল পরিবহনের ব্যয় লাঘবও সম্ভব হয়।

এতদিন পর্যন্ত চাল সংগ্রহ অভিযানের সমগ্র বিষয়টির মূলভিত্তি ছিল সংগঠিত চালকলের উৎপাদনের ওপর লেভি ও ছোট চালকলগুলির ওপর সামান্য লেভি। হাস্কিং মিলগুলিতে যেখানে রাজ্যে উৎপাদিত ধানের সিংহভাগ ভাঙ্গানো হয়, সেগুলিকেও লেভি নিয়ন্ত্রণ আদেশের আওতায় আনা হয়েছে। বর্তমান খরিফ মরশুমে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩.৫ লক্ষ মেট্রিক টন। এর মধ্যে সংগঠিত চালকলগুলি থেকে পাওয়া যাবে ২.৪৪ লক্ষ মেট্রিক টন, ছোট চালকল ও হাস্কিং মিল প্রত্যেকের কাছ থেকে ০.৫৩ লক্ষ মেট্রিক টন করে। এই বিকেন্দ্রীকৃত ব্যবস্থায় সংগৃহীত চাল কেন্দ্রীয় ক্ষেত্রে বরাদ্দের সঙ্গে অন্বয়-সাপেক্ষ। ১৯৯৮-এর ফেব্রুয়ারি মাস পর্যন্ত চাল সংগ্রহের পরিমাণ ১,১৬,৭০১ মেট্রিক টন, যা ১৯৯৭ সালের একই সময়ে ভারতীয় খাদ্য নিগম কর্তৃক সংগৃহীত ১.১০ লক্ষ মেট্রিক টনের সঙ্গে সন্তোষজনকভাবে তুলনীয়। সংসদীয় নির্বাচনের পর সংগ্রহ অভিযান

আরও ত্বরান্বিত করা হয়েছে ও ১৯৯৮ সালের মার্চ মাসের শেষে চাল সংগ্রহের মাত্রা ২.০০ লক্ষ মেট্রিক টনে পৌঁছোবে বলে আশা করা হচ্ছে।

রেশন সমগ্রী ও সংগৃহীত চালের গুণমান পরীক্ষার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। বিভিন্ন সংগ্রহ কেন্দ্রে সংগৃহীত চাল পর্যবেক্ষণ ও গুণমান নিয়ন্ত্রণ করা হচ্ছে।

১০। উৎসবের মরশুমে কখনও কখনও অতিরিক্ত বরাদ্দসহ ১৯৯১ সালের আগস্ট মাস থেকে এই রাজ্যে লেবি চিনির মাসিক বরাদ্দের পরিমাণ ছিল ২৭,১৮২ মেট্রিক টন। বর্তমান বরাদ্দের পরিমাণ মাসিক ২৮,৯৩৪ মেট্রিক টন। মাথাপিছু মাসে ৬০০ গ্রাম করে সরবরাহ করা হলেও এই পরিমাণ এখনও অপর্যাপ্ত। ১৯৯৭ সালের অক্টোবর মাস থেকে লেভি চিনির দাম ৯০ পয়সা বৃদ্ধি পেয়েছে। লেভি চিনির বর্তমান মূল্য কিলোপ্রতি ১১.৪০ টাকা। খোলা বাজারের চিনির দরও যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। যাই হোক, বিধিবদ্ধ ও সংশোধিত উবয রেশনিং এলাকাতেই লেভি চিনি বন্টনের পরিমাণ বৃদ্ধি করার জন্য ভারত সরকারকে অনুরোধ জানানো হয়েছে।

১১। গণ-বন্টনব্যবস্থায় ভোজ্য তেলের চাহিদার বার্ষিক পরিমাণ প্রায় ১,৮০,০০০ মেট্রিক টন। বিভিন্ন সময়ে বিভিন্ন পরিমাণ কেন্দ্রীয় বরাদ্দের অনুপাতে অবশ্য রেশন দোকানের মাধ্যমে আমদানিকৃত ভোজ্য তেল অব্যাহতভাবে বন্টন করা হচ্ছে। এই বছরের শুরুতে ভারত সরকার কেবলমাত্র উৎসব উপলক্ষ্যেই বরাদ্দের পরিমাণ মাত্র ৪,০০০ মেট্রিক টন থেকে ৫,০০০ মেট্রিক টন করে। এই ঘাটতির পরিমাণ অন্তত কিছুটা পূরণ করার উদ্দেশ্যে খাদ্য ও সরবরাহ দপ্তর পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমের মাধ্যমে ৬,০০০ মেট্রিক টন পামোলিন সরাসরি আমদানি করার ব্যবস্থা করেছে। এর মধ্যে ২,০০০ মেট্রিক টন গণ-বন্টনব্যবস্থার মাধ্যমে বিক্রয় করা হয় ও বাকি পরিমাণ বিলি করা হয় খোলা বাজারসূত্রে। গণ-বন্টনব্যবস্থার মাধ্যমে সরবরাহ করার জন্য এই রাজ্যে ভারত সরকারের বরাদ্দের পরিপ্রেক্ষিতে স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে ২,০০০ মেট্রিক টন আর. বি. ডি. পামোলিন তেলের যোগান আশা করা হচ্ছে।

১২। জ্বালানি কয়লা ও জ্বালানি উপাদানের ক্ষেত্রে এই রাজ্য সমস্যার সম্মুখীন। অদ্যাবধি কেন্দ্রীয় সরকার প্রকৃতি চাহিদা অপেক্ষা অনেক কম জ্বালানি কয়লার সরবরাহ মঞ্জুর করেছেন। ভারত সরকার ১৪. ৫. ৯৭ তারিখের আদেশবলে জ্বালানি কয়লার উৎপাদন ও বন্টনের ওপর থেকে নিয়ন্ত্রণ তুলে নিয়েছেন। এর ফলে, রাজ্যে জ্বালানি কাঠের প্রয়োজনীয়তা বাড়বে, বনাঞ্চল সঙ্কটাপন্ন হয়ে পড়বে ও প্রাকৃতিক ভারসাম্য হবে বিঘ্নিত।

*কেরোসিন তেলের ক্ষেত্রে গৃহস্থালি ও অন্যান্য অনুমোদিত উদ্দেশ্যে আমাদের মাসিক*

চাহিদার পরিমাণ ১,৬৩,৩৭৭ কিলোলিটার। উন্নতমানের কেরোসিনের মাসিক বরাদ্দের পরিমাণ হল ৮৪,০৬৮ কিলোলিটার। অপ্রতুল সরবরাহের জন্য রাজ্য সরকার শহরাঞ্চলে সপ্তাহে মাথাপিছু ১/২ লিটার ও গ্রামাঞ্চলে ১/৪ লিটার বন্টনের পরিমাণ নির্ধারণ করতে বাধ্য হয়েছেন। এই পার্থক্য দূর করার উদ্দেশ্যে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দ্বারস্থ হয়েছিলেন। কিন্তু এখনও কোনও ফলপ্রসূ প্রত্যুত্তর পাওয়া যায়নি। এইরূপ অপ্রতুলতার ফলে ক্ষুদ্রশিল্প ক্ষতিগ্রস্ত হলেও তাদের ক্ষেত্রে সীমিত হারে বরাদ্দের পরিমাণ বজায় রাখা হয়েছে। পশ্চিমবঙ্গে ৪৮২ জন এজেন্ট ও ২৯,৯৩০ জন খুচরা বিক্রেতা কেরোসিন তেল বন্টনের কাজে নিয়োজিত। কেরোসিন তেল বন্টনের ক্ষেত্রে অসুবিধাগুলি হল চাহিদা অনুযায়ী সরবরাহ না পাওয়া ও তেল কোম্পানিগুলির তাদের এজেন্টদিগকে অনিয়মিত সরবরাহের ব্যাপারে রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ না থাকা। একথা সত্যি যে, অনুরূপ ব্যবসায়ীরা সমান্তরালভাবে বিভিন্ন মূল্যে কেরোসিন বিক্রি শুরু করেছেন, কিন্তু তাদের নির্ধারিত মূল অত্যন্ত বেশি হওয়ায়, এই পদ্ধতি গ্রাহকদের বিশেষ কাজে লাগেনি।

জনসাধারণের মধ্যে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিশেষ সমাদর লাভ করেছে। বর্তমানে রাজ্যে এল. পি. জি. ব্যবহারকারীর সংখ্যা ১৪,১৩,৪৪৭ জন ও গৃহস্থালির উদ্দেশ্যে অপেক্ষমান তালিকায় নথিভুক্তের সংখ্যা ৮,৬৬,৯৫৬ জন। রাজ্যে এল. পি. জি. ডিলার রয়েছেন মোট ৩১২ জন। বর্তমানে গৃহস্থালি সিলিন্ডারের দাম ১৫৮.৬০ টাকা ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত সিলিন্ডারের মূল্য ৩৯২.৭২ টাকা। এল. পি. জি. বন্টকদের বিষয়ে, গ্রাহক সংযোগ ও বিচ্ছিন্নকরণ, লে. পি. জি.-র বরাদ্দ ও সরবরাহের ক্ষেত্রে গ্রাহকদের সুষ্ঠুতম স্বার্থরক্ষার ব্যাপারে রাজ্য সরকারের কতকগুলি বাস্তব সমস্যা রয়েছে। তেল কোম্পানিগুলির সঙ্গে কথা চলছে যাতে প্রয়োজন-প্রবণ অঞ্চলগুলিতে রাজ্য সরকারের সঙ্গে আলোচনার ভিত্তিতে বন্টক নিয়োগ করা হয়।

১৩। খাদ্য ও সরবরাহ দপ্তর অভ্যন্তরীণ সংগ্রহের কাজ হাতে নেওয়ায় পর্যাপ্ত পরিমাণ গুদামেরও প্রয়োজনীয়তা অপরিহার্য হয়ে পড়েছে। পুরাতন ও বর্তমান গুদামগুলির সংস্কারসাধন তথা নব-রূপায়ণ করে রাজ্য সরকার আরও বেশি গুদামের সুযোগ সৃষ্টি করার ক্ষেত্রে সর্বদা প্রয়াসী। ঐ উদ্দেশ্যে প্রয়োজনীয় অর্থেরও সংস্থান রাখা হয়েছে। জেলাস্তরে সংগৃহীত চাল গুদামে রাখার উদ্দেশ্যে আমরা নতুন গুদাম তৈরি করার কথাও ভাবছি।

১৪। বর্তমানে রাজ্যে ৪০০টি চালকল রয়েছে। ধান থেকে আরও বেশি পরিমাণ চাল সংগ্রহ, অপচয়-রোধ, চালের উন্নতমান নির্ধারণ, তেল-সমৃদ্ধ চালের খোসা প্রভৃতি সহজাত সামগ্রির ব্যবহার আধুনিক প্রযুক্তিবিদ্যা গ্রহণের দ্বারা নিশ্চিত করার উদ্দেশ্যে

আমরা রাজ্যে বাণিজ্যিক প্রয়োজনে ৪ থেকে ৮ মেট্রিক টন ধান নিয়ে কাজ করতে সমর্থ আধুনিক চালকল স্থাপনের সুযোগ সৃষ্টির জন্য ব্যবস্থা গ্রহণ করেছি।

দৈনিক ৪ থেকে ৮ মেট্রিক টন ধান নিয়ে কাজ করার উপযোগী নতুন তথা আধুনিক চালকল স্থাপনের ব্যাপারে উৎসাহ দানের জন্য খাদ্য ও সরবরাহ দপ্তর একটি অনুকূল প্রকল্প হাতে নিয়েছে। এরকম চালকলের প্রত্যেকটিতে এক লক্ষ টাকা করে ভরতুকি দানের ব্যবস্থা রাজ্য সরকার গ্রহণ করেছেন।

১৫। ১৯৮৬ সালের ক্রেতা সংরক্ষণ আইনের বিধান অনুযায়ী কলকাতা এবং ১৭টি জেলার সব কটিতে রাজ্য কমিশন ও জেলা ফোরাম কাজ শুরু করেছে। আমরা আজ পর্যন্ত ১২টি আংশিক সময়ের জেলা ফোরামকে পূর্ণ-সময়ভিত্তিকে পরিণত করেছি এবং কলকাতাতে ২টি পূর্ণ-সময়ের ফোরাম গড়ে তুলেছি। বাকি ৫টি আংশিক সময়ের জেলা ফোরাম খুব শীঘ্রই পূর্ণ-সময়ভিত্তিক হয়ে উঠবে। রাজ্য কমিশন ও জেলা ফোরামগুলি গ্রাহকদের রুজু করা পঁচাত্তর শতাংশ মামলারই নিষ্পত্তি করে ফেলেছে।

১৬। ন্যায্য মূল্যে রাজ্যের জনগণকে অত্যাবশ্যকীয় সামগ্রী সরবরাহ করার উদ্দেশ্যে ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমের প্রতিষ্ঠা হয়েছিল। নিগম সন্তোষজনকভাবে কাজ করে চলেছে। ১৯৬৬-৯৭ সালে অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ নিগমের বার্ষিক বাণিজ্য ছিল ৭৬.৪২ কোটি টাকা এবং ১৯৯৭-৯৮ সালের সম্ভাব্য বাণিজ্য প্রায় ৯০.০০ কোটি টাকা। ১৯৯৭-৯৮ সালে নিগমের কাজকর্ম ছিল খুবই উল্লেখযোগ্য, শুধুমাত্র আর. বি. ডি. পামোলিন তেল আমদানি করার পর রপ্তানিকারী দেশে মুদ্রার মূল্যহ্রাসের ফলে নিগমকে ঐ তেলের ক্ষেত্রে কিছুটা লোকসানের সম্মুখীন হতে হয়। অবশ্য উপযুক্ত সময়ে যথাযথ মূল্যে তেল বিক্রি করে দিয়ে নিগম ঐ লোকসান সামান্য পরিমাণের মধ্যেই সীমিত করে ফেলে। সিমেন্ট ও গমজাত দ্রব্যের কারবার করে নিগম এই লোকসান অনেকটাই মিটিয়ে ফেলেছে। নিগমের বাণিজ্যের তালিকায় রয়েছে ভোজ্য তেল, সরষেবীজ, খাদ্যশস্য, ডাল প্রভৃতি। ব্যবসার সম্প্রসারণ ও আরও বেশি লভ্যাংশের জন্য নিগম চা, গুঁড়ো কাপড়কাচা সাবান ও খাতাও তার কারবারের অঙ্গীভূত করে তুলেছে ও পশ্চিমবঙ্গ সরকারের বিকেন্দ্রীকৃত সংগ্রহের ক্ষেত্রে রেশন দ্রব্য চালান/পরিবহন তথা সংশ্লিষ্ট কাজে নিজেকে ব্যাপৃত করেছে।

১৭। অত্যাবশ্যক পণ্যসামগ্রীর বিবেকহীন ও অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে এই দপ্তর সততই প্রয়াসী আছে। ১৯৯৭ সালে ৯৭৬ জনকে গ্রেপ্তার করা হয় এবং পুলিশ ৭.৯৪ কোটি টাকার সামগ্রী আটক করে। এই রাজ্যে ৫৩৬ জন অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে নির্বহন শাখা মামলা রুজু করে। ভূয়ো রেশন কার্ড ধরা ও বাতিল করার কাজে সরকার সদা-সচেষ্ট। ১৯৯৭ সালে (নভেম্বর মাস পর্যন্ত)

১৭,০৮,৮৭৮টি রেশন কার্ড বাতিল করা হয়েছে। এই সংখ্যার মধ্যেই ধরা রয়েছে বিধিবদ্ধ রেশনিং এলাকায় ভুয়ো/ভুতুড়ে কার্ড হওয়ার জন্য বা অন্যান্য কারণে বাতিল হওয়া ৪,৭৯,৮৮০টি কার্ড ও সংশোধিত রেশনিং এলাকায় শুধুমাত্র ভুতুড়ে হিসেবে বাতিল হওয়া ৪,১৮,৬২১টি রেশন কার্ড।

১৮। রাজ্য সরকারের নির্বহন শাখা ও সীমান্তরক্ষী বাহিনী খাদ্যদ্রব্য ও অন্যান্য অত্যাবশ্যকীয় পণ্যের চোরাচালানরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। নির্বহন শাখা ও অন্যান্য সহযোগী সংস্থাসমূহের আধিকারিকগণের সঙ্গে প্রয়োজন অনুযায়ী পর্যায়ক্রমে পর্যালোচনা করা হচ্ছে। জেলাগুলিতে জেলাশাসকগণ এইসব সংগঠনের আধিকারিকদের সঙ্গে নিয়মিত বৈঠক করেন। সীমান্তবর্তী জেলাগুলির আধিকারিকগণকে অত্যাবশ্যক পণ্যসামগ্রীর মূল্য ও চোরাচালান বিরোধী ব্যবস্থার ওপর সতর্ক দৃষ্টি রাখতে নির্দেশ দেওয়া হয়েছে।

১৯। আমি এই সুযোগে মাননীয় সদস্যগণ ও তাদের মাধ্যমে রাজ্যের জনগণকে জনস্বার্থে খাদ্যশস্যসহ সমস্ত অত্যাবশ্যকীয় পণ্য সুষ্ঠু বন্টনের জন্য রাজ্য সরকারকে সাহায্য করতে আবেদন জানাচ্ছি। অর্থনৈতিক ব্যবস্থায় মুদ্রাস্ফীতি, যার ফলে মূল্যস্তরের ওপর মারাত্মক প্রভাব পড়ে ও সাধারণ মানুযের দুর্দশা বেড়ে যায়—সেটিকে রোধ করার জন্য অসৎ ব্যবসা ও মুনাফাবাজি—যা আর্থিক অবস্থায় মূল্যবৃদ্ধি ঘটায়, এমন সব কিছুর বিরুদ্ধে আমাদের সতর্ক থাকতে হবে। এই দুরূহ কর্তব্য-সম্পাদনে একই সঙ্গে কেন্দ্রীয় সরকার, বিভিন্ন শ্রমিক-সংগঠন, কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক অধিগৃহীত বিভিন্ন সংস্থা এবং খাদ্য প্রশাসনের সঙ্গে জড়িত অন্যান্য সংস্থার সহযোগিতা ও সমর্থনও আমাদের কাম্য।

## DEMAND No. 55

### Major Heads : 2415—Agricultural Research and education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,57,45,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2415—Agricultural Research and education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 13,52,00,000 already voted on account)

(The Budget Speech of Shri Narendra Nath Dey on Demand No. 55 has been printed along with Demand No. 47.)

## DEMAND No. 56

**Major Heads : 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852—Industries (Foods and Beverages), 4401—Capital Outlay on Crop Husbandry (Horiticulture and Vegetable Crops), 6860—Loans for consumer Industries (Foods and Beverages)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,33,79,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads : "2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852—Industries (Foods and Beverages), 4401—Capital Outlay on Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 6860—Loans for consumer Industries (Foods and Beverages)".

(This is inclusive of a total sum of Rs. 4,44,70,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Abdur Razzak Molla on Demand No. 56 laid on the Table was taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমি নিম্নলিখিথ দাবি এবং দাবি নং ৫৬, ৪১, ও ৮৩ অন্তর্গত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ সম্পর্কিত উল্লেখিত বরাদ্দের সমর্থনে প্রস্তাব পেশ করার জন্য অনুমতি প্রার্থনা করছি।

### দাবি নাং ৫৬

মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে, আমি, ৫৬ নং দাবিতে সম্বলিত "২৪০১—ক্রপ হাজব্যান্ড্রি (হর্টিকালচার অ্যান্ড ভেজিটেবল ক্রপস)'৩, '২৪৪০১—ক্যাপিটাল আউটলে অন ক্রপ হাজব্যান্ড্রি (হর্টিকালচার অ্যান্ড ভেজিটেবল ক্রপস)'৩, '২২৮৫২—ইন্ডাস্ট্রিজ (ফুড অ্যান্ড বিভারেজেস)" এবং "৬৮৬০—লোনস ফর কনজিউমার ইন্ডাস্ট্রিজ (ফুড

অ্যান্ড বিভারেজেস)", মুখ্যখাত সমূহে মোট ১৩,৩৩,৭৯,০০০ (তের কোটি তেত্রিশ লক্ষ উনআশি হাজার) টাকা মাত্রা ব্যয় মঞ্জুরির উদ্দেশ্যে প্রস্তাব পেশ করছি।

[ইহা ভোট অন অ্যাকাউন্ট বাবদ ইতিপূর্বে অনুমোদিত ৪,৪৪৭০,০০০ (চার কোটি চুয়াল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা মাত্র সমেত উল্লিখিত।]

অষ্টম বার্ষিক যোজনার প্রারম্ভিক পর্বে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পকে এক অতি গুরুত্বপূর্ণ ও সম্ভাবনাময় ক্ষেত্র হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং ১৯৯২ সালে পশ্চিমবঙ্গ সরকার খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগটি স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেন। ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পক্ষেত্রগুলিতে প্রয়োজনীয় কাঁচামালের উৎপাদন বৃদ্ধি করতে এবং স্থানীয় চাহিদা মেটাতে ও রপ্তানিযোগ্য বাজার সৃষ্টিকল্পে সরকার রাজ্যের বিভিন্ন স্থানে পুল, ফল, শাক-সবজি, নারকেল, সুপারি, কাজুবাদাম ইত্যাদি আবাদি ফসল, মশলা ও মাশরুম ইত্যাদির উৎপাদন বাড়াবার কাজে সবিশেষ গুরুত্ব আরোপ করেছেন। এই উদ্যোগের সার্থক রূপায়ণের জন্য সরকার ১৯৯৬ সালে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের সাথে উদ্যান পালনকে সংযুক্ত করে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ নামকরণ করার সিদ্ধান্ত নেন।

৩। বাগিচা ফসলের উৎপাদন ও উৎপাদিকা বাড়ানোর ব্যবস্থা করা ছাড়াও উন্নত মানের রপ্তানিযোগ্য বিভিন্ন জাতের ও উন্নত মানের বাগিচা ফসল উৎপাদনের জন্য এই বিভাগ বহুবিধ পদক্ষেপ নিচ্ছেন।

৪। রাজ্যে বাগিচা ফসল উৎপাদনের পর্যাপ্ত প্রাকৃতিক সম্পদ থাকা ও উক্ত ক্ষেত্রে সরকারের উদার ও প্রতিবন্ধকতাহীন রপ্তানিনীতি থাকার ফলে একদিকে যেমন টাটকা-তাজা বাগিচা ফসলের স্থানীয় চাহিদা বৃদ্ধি লক্ষিত হচ্ছে, অন্যদিকে শহরাঞ্চলেও ঐ সামগ্রীর চাহিদাও বৃদ্ধি পাচ্ছে।

৫। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পক্ষেত্রে উদ্যোগী সংস্থাসমূহকে এই বিভাগ থেকে নিম্নলিখিত সহায়তা দেবার ব্যবস্থা নেওয়া হয় ঃ

(ক) সঠিক প্রকল্প চিহ্নিতকরণ ও প্রকল্প তৈয়ারি।

(খ) প্রকল্প অনুমোদন ও প্রযুক্তিসহ প্রায়োগিক উপদেশ প্রদান।

(গ) কাঁচামালের উৎস ও প্রাপ্তি যোগ্যতা বিষয়ে তথ্যাদি সরবরাহ।

(ঘ) প্রয়োজনীয় অর্থ, পরিকাঠামো, বিদ্যুৎ, জমি, লাইসেন্স ইত্যাদির যোগানে সহায়ক ভূমিকা পালন।

(ঙ) বিপণন যোগ্য ও রপ্তানি যোগ্য উৎপাদনের বিষয় প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ্ করা।

(চ) চালু কারখানাগুলিতে উৎপন্ন দ্রব্যের গুণগতমান বৃদ্ধিসহ্ উৎপাদন সংক্রান্ত সমস্যার সমাধান ও সেই সব সংস্থার কর্মিদের দক্ষতা বৃদ্ধিতে পরামর্শ ও সহায়তা প্রদান।

(ছ) যন্ত্রাদি ও যন্ত্রাংশ সম্পর্কিত প্রয়োগিক উপদেশ ও তথ্যাদি সরবরাহ।

(জ) উৎপাদনরত শিল্পোদ্যোগুলির প্রসারণ এবং আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

(ঝ) ভারত সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রালয় এ. পি. ডা. ও জাতীয় উদ্যান পালন পর্যদ প্রভৃতির কাজ থেকে বিভিন্ন সাহায্য ও অনুদান মঞ্জুরির বিষয়ে সহায়তা করা।

(ঞ) ক্ষুদ্র শিল্পোদ্যোগগুলির ক্ষেত্রে জেলা শিল্পকেন্দ্রের মাধ্যমে "মার্জিন মানি" ঋণ ও অনুদানের ব্যবস্থা করা।

(ট) বিদেশি সহায়তা ও যৌথ উদ্যোগ প্রকল্পগুলির ক্ষেত্রে প্রয়োজন ভিত্তিক পরামর্শ দান।

৬। এই বিভাগ সরকারি, বিভিন্ন বেসরকারি সংস্থা, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ইত্যাদির মাধ্যমে বেকার যুবক/যুবতীদের ও সম্ভাবনাময় শিল্পোদ্যোগিদের দক্ষতা বৃদ্ধির জন্য খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে বিশেষ প্রশিক্ষণ দানের ব্যবস্থা গ্রহণ করেছেন। এ যাবৎ খাদ্য প্রক্রিয়াকরণ বিষয়ে ২৮৩ (দুইশত তিরাশি) জন, মাশরুমের জন্য ২৩৩৫ (দুই হাজার তিনশত পঁয়ত্রিশ) জন বেকার যুবক/যুবতীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৭। এই রাজ্যে মোট ৭,৫৫৪টি ক্ষুদ্র শিল্প বিভাগ অধীন নথিভুক্ত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পসংস্থা আছে। এর মধ্যে ৩৬৬টি সবজি ও ফল প্রক্রিয়াকরণ সংস্থা আছে। এছাড়া ৫২টি মৎস্য প্রক্রিয়াকরণ এবং ২০টি মাংস প্রক্রিয়াকরণ উদ্যোগ আছে। এ ছাড়া কিছু শিল্প উদ্যোগ নির্মীয়মাণ ও রূপায়ণস্তরে আছে। ১৯৯৭-৯৮ সনে মোট ২৭টি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প প্রকল্প অনুমোদনের জন্য পাওয়া গিয়াছে যার মধ্যে এই বিভাগ ইতিমধ্যে ১৭টি প্রকল্পকে ছাড়পত্র দিয়েছে।

৮। ১৯৯৭-৯৮ সালে এই বিভাগ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পোদ্যোগগুলিকে খাদ্য প্রক্রিয়াকরণ বিষয়ে নতুন শিল্প ক্ষেত্র গড়ে তোলা, তাদের প্রসারণ ও আধুনিকীকরণের

*জন্য এক কোটি টাকা অনুদান হিসাবে মঞ্জুর করেছেন।*

৯। উপরোক্ত অনুদান ছাড়াও এই বিভাগ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প সংস্থাগুলিকে পনের লক্ষ টাকা 'মার্জিন মানি' ঋণ হিসাবে মঞ্জুর করেছে।

১০। এই বিভাগের প্রত্যক্ষ সহায়তায় একটি বেসরকারি সংস্থা হুগলি জেলার ডানকুনিতে ৫৩০ (পাঁচশত ত্রিশ) একর জমিতে কৃষিভিত্তিক খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পক্ষেত্র স্থাপনের উদ্যোগ নিয়েছেন। মড়ুলার ফুড পার্ক নামের এই খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পক্ষেত্রটিতে ২১৫ (দুইশত পনের)টি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন করা যাবে। অন্যান্য সুযোগ-সুবিধার মধ্যে এই প্রকল্পে থাকছে প্রযুক্তিগত পরিকাঠামো, শীততাপ নিয়ন্ত্রিত সংরক্ষণ ও পরিবহন ব্যবস্থা, গবেষণা ও উন্নয়ন কেন্দ্র, বিভিন্ন প্রকার প্রশিক্ষণের সুবিধা এবং শহরাঞ্চলের বিবিধ সামাজিক পরিকাঠামোসমূহ। এই কাজের জন্য অনেকটা জমি ইতিমধ্যে সংগৃহীত হয়েছে এবং নির্মাণকার্য শুরু হয়ে গিয়েছে। যদিও জমির উর্ধ্বসীমা সংক্রান্ত বিষয়ে কিছু সমস্যা দেখা দিয়েছিল ও অগ্রগতি কিছুটা ব্যাহত হয়েছিল, অবশেষে, সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে অবিরাম আলোচনা চালিয়ে এই সমস্যাগুলি অনেকাংশে সমাধান করা সম্ভব হয়েছে। আমরা আশা করি এই প্রকল্পটি যখন সাফল্যের সঙ্গে রূপায়িত হবে তখন পশ্চিমবঙ্গে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উন্নতির ক্ষেত্রে এক নতুন দিগন্তের সূচনা হবে।

১১। বিভিন্ন উদ্যোগী সংস্থার কাছে পুঁজিলগ্নি আকর্ষণীয় করে তুলতে রাজ্য সরকার বেশ কিছু প্রকার কর ছাড়ের সিদ্ধান্ত নিয়েছেন। এর মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ হল 'অক্ট্রয়' কর ছাড় ও বাণিজ্যিকিকরণের সহায়তার জন্য ৯০% (৯০ শতাংশ) বিক্রয়কর প্রত্যর্পণ। ক্ষুদ্রশিল্প সংস্থাগুলি যেখানে পাঁচ লক্ষ টাকা মূল্য পর্যন্ত যন্ত্রাদির ব্যবহার হয় সেই সব কারখানায় তৈরি মালের উপর বিক্রয়কর ছাড় দেওয়া হয়েছে। সমস্ত গুরুত্বপূর্ণ জেলাগুলিতে পুঁজি লগ্নিকরণের সুযোগ-সুবিধা খতিয়ে দেখার জন্য সমীক্ষা চালানো হয়েছে যাতে সেগুলি শিল্পোদ্যোগীদের নিকট ব্যবহার উপযোগী হয়ে উঠতে পারে। এ ছাড়া মহীশূরে কেন্দ্রীয় ফুড টেকনোলজি ও রিসার্চ ইনস্টিটিউট ইত্যাদি কিছু প্রতিষ্ঠান থেকে এ রাজ্যে উৎসাহী শিল্পোদ্যোগীদের সাহায্য করার জন্য প্রযুক্তি আমদানি করা হয়েছে। এই রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা ও এই শিল্পসংস্থাগুলির উদ্যোগক্ষমতা আজ আর অজানা নয়। বৃহৎ অভ্যন্তরীণ বাজার, আন্তর্জাতিক বাজরের সুযোগ, পর্যাপ্ত কাঁচামাল যোগন, বিদ্যুৎ জল ইত্যাদি ব্যবহারের সুযোগ এই শিল্প উদ্যোগ সৃষ্টিতে আমাদের প্রধান শক্তি। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প কৃষিভিত্তিক কর্মসমস্থানের সুযোগ বৃদ্ধি করতে পারবে বলেই রাজ্য সরকার এই ক্ষেত্রটিকে অগ্রাধিকার দিতে চান। উৎপাদন ক্ষমতা বৃদ্ধি, উৎপন্ন ফসলের পরিমাণ ও গুণগত মান বৃদ্ধি, উৎপাদনকারিদের উৎপন্ন

ফসলের জন্য অধিকতর মূল্য দানের ব্যবস্থা করা, এইগুলিই হচ্ছে নিখুঁত পরিকল্পনার অবিচ্ছেদ্য অঙ্গ। বর্তমানে প্রচন্ড প্রতিযোগিতামূলক বাজারে কাঁচামালের গুণগত মান বজায় রাখা অত্যন্ত জরুরি, কারণ, এতে প্রক্রিয়াজাত খাদ্যের উৎকর্ষতা নিশ্চিত হয়। বিষয়টি সুনিশ্চিত করতে প্রক্রিয়াকারকদের তরফে উৎপাদকদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখা ও তাদের সঙ্গে আধুনিক কারিগরি কৌশল বিনিময় করা একান্ত জরুরি। এই বিভাগ সেই চেষ্টাই করে চলেছেন। আমরা যখন মুক্ত বাজারের কথা বলব, তখন আমাদের চেষ্টা হওয়া উচিত যাতে উৎপাদকদের অধিকতর মূল্য দেওয়া যায়।

১২। রাজ্য সরকার এই রাজ্যে যে অনুকূল ও সহায়ক বাতাবরণ সৃষ্টি করতে সক্ষম হয়েছেন যাতে রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনে কেবলমাত্র ভারতীয় শিল্পোদ্যোগিদেরই নয়, বিদেশি শিল্পোদ্যোগিদেরও আকৃষ্ট করা যাচ্ছে। শীঘ্রই এই রাজ্যে বেশ কিছু সংখ্যক বৃহদাকার ও বহুমুখী মাংস, মৎস্য, দুগ্ধজাত দ্রব্য, ফল, শাক-সবজি, আলু ও মাশরুম ইত্যাদি প্রক্রিয়াকরণ শিল্প প্রতিষ্ঠিত হবার সম্ভাবনা দেখা যাচ্ছে।

১৩। এই দপ্তরের প্রশাসনি দায়িত্বাধীন "তিস্তা ফ্রুট অ্যান্ড ভেজিটেবল প্রসেসিং লিমিটেড" নামে একটা নথিভুক্ত সংস্থা আছে। উক্ত সংস্থাটি ফল, সবজি, মশলাপাতি এবং কৃষি উপকরণ, উৎপাদন, প্রস্তুতকরণ, প্রক্রিয়াকরণ, গুদামজাতকরণ, সংরক্ষণ এবং বিপননের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ উক্ত সংস্থাকে একটি সরকারি নিগমে উন্নীতকরণের উদ্দেশ্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন। এই সংস্থা দক্ষিণ ২৪ পরগনা জেলার রাজপুরে ইতিমধ্যেই নিজ ব্যবস্থাপনায় একটি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প প্রতিষ্ঠা করেছে। এছাড়াও এই সংস্থা নিজস্ব উৎপাদিত দ্রব্যসমূহই শুধু নয়, অন্যান্য বেসরকারি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পোদ্যোগগুলিতে প্রস্তুত দ্রব্যাদি ও বিপননের উদ্দেশ্যে একটি সেলস-কাম-শো-রুম খুলেছে। উদ্যান পালন ক্ষেত্রে এই সংস্থা বীজ সংগ্রহ এবং অন্যান্য বাগিচা ফসল সংক্রান্ত দ্রব্যাদিসমূহ সংগ্রহের বিষয়ে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। সম্প্রতি উক্ত সংস্থা এই রাজ্যের চাষীদের দ্বারা উৎপন্ন এবং ক্ষুদ্র উদ্যোগগুলিতে প্রস্তুত প্রক্রিয়াজাত খাদ্যসামগ্রী, বীজ, রোপনযোগ্য চারা বিক্রয়ের সম্ভাবনা খতিয়ে দেখছে যাতে উক্ত চাষীরা এবং ক্ষুদ্র শিল্পোদ্যোগগুলি উৎপন্ন দ্রব্যের উপযুক্ত মূল্য পেতে পারে। উক্ত সংস্থার টার্নওভারও সম্প্রতি উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে।

১৪। পশ্চিমবঙ্গের ভৌগোলিক আয়তন ৮৮.৭৫ লক্ষ হেক্টর। মোট কৃষিযোগ্য জমির পরিমাণ ৮৭ লক্ষ হেক্টর (গ্রস) ও ফসল উৎপন্ন হয় এমন নিট জমির পরিমাণ ৫৭ লক্ষ হেক্টর। রাজ্যের মোট কৃষিযোগ্য জমির মধ্যে শতকরা ৮ থেকে ১০ ভাগ জমিতে বাগিচা ও আবাদি ফসল উৎপন্ন হয়। পশ্চিমবঙ্গের কৃষিতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরাই মূলত চাষ

করেন এবং তারা রাজ্যের শতকরা ৯১ ভাগ (শতকরা একানব্বই) কৃষিযোগ্য জমিতে চাষ করেন। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরাই বাগিচা ফসল উৎপাদনের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে আসছেন। বর্তমানে প্রায় ৭ থেকে ৮ লক্ষ হেক্টর জমিতে বাগিচা ফসলের চাষ হয়ে থাকে। রাজ্য সরকারের গৃহীত নীতি হচ্ছে ভূমির ব্যবহার ও চাষের ধরনের সাথে খাদ্যশস্য উৎপাদন এবং ফসলের উৎপাদনের মধ্যে সামঞ্জস্য রক্ষা করা যাতে "খাদ্য নিরাপত্তা" বজায় রেখে জমিতে বাগিচা ফসল ও অন্যান্য ফসলের চাষ করা যায়। বিগত কয়েক বছরে রাজ্যে বাগিচা ফসলের উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। সবজি উৎপাদন প্রায় দ্বিগুণ হয়েছে এবং বিভিন্ন প্রকার ফলের উৎপাদনও যথেষ্ট বেড়েছে।

১৫। বাগিচা ফসল চাষে দুটি দুর্বলতা হল—দুর্বল উৎপাদিকা এবং উৎপাদনোত্তর পরিচালন ব্যবস্থার ঘাটতি যা মূল্য বৃদ্ধির কারণ। আমাদের শক্তি হল বাগিচা ফসল উৎপাদনের অনুকূল বৈচিত্র্যময় জলবায়ু যা বছরের বিভিন্ন সময়ে বিবিধ ফসল চাষ করার সুযোগ সৃষ্টি করে। যেখানে দুর্বল উৎপাদিকা সমস্যা নিম্ন ফলনশীল চাযের পরিবর্তে উন্নত জাতের উচ্চ ফলনসীল ফসলের চাষ ও উন্নত কারিগরি কৌশল প্রয়োগ করে সমাধান করা যায়, অন্যদিকে উৎপাদনোত্তর প্রায়োগিক কৌশল ও বিপননের সমস্যাটি একটি জটিল বিষয়।

১৬। এই কারণে রাজ্য সরকার নিম্নলিখিত বিষয়গুলির উপর গুরুত্ব দেবার কথা বিবেচনা করেছেন।

(ক) সমস্ত প্রকার বাগিচা ফসলের উৎপাদন ও উৎপাদিকা বৃদ্ধি করা।

(খ) বাগিচা ফসল চাষকে বাণিজ্যিকীকরণ।

(গ) উৎপাদনোত্তর পরিচালন ব্যবস্থা—প্রযুক্তির আধুনিকীকরণ ও তার বিকাশ সাধন।

(ঘ) বিপণন কেন্দ্র, বিপণন ও বিপণন তথ্যাবলীর উন্নয়ন ও আধুনিকীকরণ।

(ঙ) ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের কৃষিকার্যের ও উৎপাদনোত্তর পরিচালন কার্যের পরিকাঠামোর যান্ত্রিকীকরণ।

(চ) চাষীদের, শিল্পোদ্যোগিদের ও প্রশিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা।

(ছ) উন্নত মানের বীজ, চারা ও বিবিধ কৃষি যন্ত্রপাতিসমূহ ও অন্যান্য উপকরণের সুলভ প্রাপ্তি যোগ্যতা।

(জ) কৃষিজীবিদের বিভিন্ন সমস্যার সমাধানকল্পে গবেষণা কার্য।

(ঝ) পশ্চিমাঞ্চল, সুন্দরবন ও পার্বত্য এলাকার অব্যবহৃত ও স্বল্প--ব্যবহৃত জমিতে বাগিচা ফসলের চাষ বাড়ানো। সাধারণের ব্যবহার্য সম্পত্তি যেমন খাস জমি, নিচু জমি, খালপাড় ইত্যাদি জায়গাকেও যতদূর সম্ভব কাজে লাগিয়ে বাগিচা ফসল উৎপাদনের কথা ভাবা হচ্ছে।

(ঞ) সুন্দরবন, বাঁকুড়া, পুরুলিয়া ও পার্বত্য অঞ্চল প্রভৃতি বিশেষ এলাকার জন্য বিশেষ প্রকল্প কার্যক্রমের প্রস্তুতকরণ।

১৭। বর্তমানে উৎপাদন ও উৎপাদিকা উন্নয়নের ক্ষত্রে মূল অন্তরায় হচ্ছে উন্নত মানের বীজ ও চারার দুষ্প্রাপ্যতা। রাজ্য সরকার এই অসুবিধা দূরীকরণের জন্য রাজ্য সরকারের বিভিন্ন বাগিচা ফসলের খামার ছাড়াও বেসরকারি নার্সারিগুলিতে উন্নত ধরনের বীজ উৎপাদনের কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছেন। জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিগুলি এই ব্যাপারে রাজ্য সরকারকে ক্রমাগত সাহায্য করতে এগিয়ে আসছেন। ইতিমধ্যেই মুর্শিদাবাদ জেলা পরিষদ তাদের জেলায় উন্নত মানের বীজ, চারা ইত্যাদি উৎপাদনের একটি বড় নার্সারি স্থাপন করেছেন। রাজ্য সরকারও ঐ নার্সারিটির পরিকাঠামোগত বিকাশ সাধনের উদ্দেশ্যে সেচের সুবিধা, "ল্যাথ-হাউস" নির্মাণ, কৃষিকার্যের যান্ত্রিকীকরণ ইত্যাদির জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেছেন। এই নার্সারিগুলিতে উৎপন্ন সামগ্রিসমূহ ক্রয় করে এই বিভাগ সেইগুলির স্থানীয় এলাকায় বিতরণ করছেন।

১৮। ১৯৯৭-৯৮ সালে এই বিভাগ প্রায় এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা মূল্যের বাগিচা ফসল, আবাদি ফসল ও মশলাপাতির বিবিধ প্রকারের উন্নত মানের বীজ ও চারা বিতরণ করেছেন।

১৯। এই বিভাগ ইতিমধ্যেই পুরাতন বাগিচাগুলির পুনরুজ্জীবন এবং উপযুক্ত ক্ষেত্রে কম ফলন ক্ষমতাসম্পন্ন চারার পরিবর্তে উচ্চফলন ক্ষমতাসম্পন্ন চারা রোপনের মাধ্যমে তাদের উৎপাদিকা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছেন।

২০। বাগিচা ফসল উৎপাদন সংক্রান্ত কাজের বাণিজ্যিকীকরণের জন্য সরকার যে সকল বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন তার মধ্যে উল্লেখযোগ্য হল চাষী ও শিল্পোদ্যোগিদের চাষ, ফসল তোলা ও উৎপাদনোত্তর কার্যাবলীর প্রযুক্তি কৌশল ও বিপণন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া। খাদ্য প্রক্রিয়াকরণ, ভেষজগুণসম্পন্ন ও সুগন্ধি উদ্ভিদের প্রক্রিয়াকরণ বিষয়েও শিল্পোদ্যোগিদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। চাষীদের ও শিল্পোদ্যোগিদের বিপনন যোগাযোগ ব্যবস্থা এবং বিপণন তথ্যাবলীর সরবরাহের উদ্দেশ্যে যতদূর সম্ভব সহায়তা দেওয়ার প্রচেষ্টা করা হবে।

২১। ভারতবর্ষে উৎপন্ন বাগিচা ফসলের প্রায় ২৫ থেকে ৩০ শতাংশ নষ্ট হয়ে যায় উৎপাদিত ফসলের উপযুক্ত গুদাম, প্যাকেজিং ও পরিবহন ইত্যাদি উৎপাদনোত্তর সুযোগ-সুবিধার ঘাটতি থাকার জন্য এই জন্য এই বিভাগ চাষীদের উৎপন্ন ফসল সংরক্ষণের জন্য শীতাতপনিয়ন্ত্রিত গুদাম, প্লাস্টিক ক্রেট-এর ব্যবহার ও ক্রমান্তর শীতাতপনিয়ন্ত্রিত সংরক্ষণ ব্যবস্থা ও দ্রুত পরিবহন ব্যবস্থা গ্রহণের সুবিধা বাড়ানো এবং উক্ত বিষয়গুলিতে বিশেষ প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

২২। এই বিভাগ উৎপাদনোত্তর যথোপযুক্ত প্রযুক্তিকৌশল উদ্ভাবনের জন্য গবেষণাকার্যের বিকাশ সাধনের সিদ্ধান্ত নিয়েছেন। এই বিষয়ে ফসল পক্কতার সময়-নির্বাচন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক এবং সরকার এই ব্যাপারে সেন্ট্রাল ফুড টেকনোলজিকাল রিসার্চ (সি. এফ. টি. আর. আই.) মহীশূর, ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইন্সটিটিউট (আই. এ. আর. আই.) নতুন দিল্লি, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হর্টিকালচারাল রিসার্চ, ব্যাঙ্গালোর ও দেশের বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয়গুলি থেকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা নেবার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছেন। এ ছাড়াও, এই বিভাগ করোগেটেড ফাইবার বোর্ড বাক্স ও প্লাস্টিক ক্রেট প্রভৃতি স্বল্পমূল্যের প্যাকেজিং উপকরণ সরবরাহ এবং ক্ষুদ্র শীতাতপনিয়ন্ত্রিত গুদাম তৈরির জন্য আর্থিক সহায়তা দেবার কথা বিবেচনা করছেন।

২৩। গবেষণামূলক কৃষিকার্য চালিয়ে তার ভিত্তিতে এই দপ্তর বিবিধ পদ্ধতি গ্রহণ ও কার্যকর করার জন্য সুপারিশ করেছেন। তাদের মধ্যে কয়েকটি সুপারিশ হল ঃ

(ক) বছরের ৩-৪ মাসের বদলে যাতে বছরে ৮ মাস আনারস পাওয়া যায় তার জন্য ফসল তোলার প্রযুক্তি।

(খ) উৎকৃষ্ট মানের কলা উৎপন্নের জন্য কলার ফুল আসার তিন-চার মাস বাদে ফসল তোলার ব্যবস্থার প্রযুক্তি।

(গ) আনারসের চারা রোপণে নিবিড়তা সুনিশ্চিতকরণের প্রযুক্তি।

(ঘ) বিভাগের অধীন গবেষণাকেন্দ্রগুলি থেকে বেশ কিছু সংখ্যক নতুন উন্নত মানের বীজ ও চারাগাছ সৃষ্টি করা হয়েছে। যেমন বাতাবিলেবুর ক্ষেত্রে কৃষ্ণনগর-২ ও কৃষ্ণনগর-৩ ; মটরশুটির ক্ষেত্রে কৃষ্ণনগর ডোয়ার্ফ ইত্যাদি।

২৪। বিপণনকেন্দ্র, বিপণন এবং বিপণন তথ্যাবলীর অপর্য্যাপ্ততাই হল সামগ্রিক বাগিচা ফসলের উৎপাদনের উন্নতির মুখ্য অন্তরায়। এই সংক্রান্ত বেশিরভাগ বাজারই অবিন্যস্ত ও অসংগঠিত ও ব্যক্তিগত মালিকানাধীন।। রাজ্য সরকার এই বাজারগুলিকে

সংরক্ষণ ও গ্রেডিং করার ব্যাপারে আধুনিকীকরণ ও শক্তিশালী করার কথা ভাবছেন। এই ব্যাপারটি কার্যকর করার জন্য সরকার ইতিমধ্যেই কলকাতা বিমান বন্দরের কাছাকাছি একটি সংহত ফ্লোরিকালচারাল কমপ্লেক্স ও মেদিনীপুর জেলার পাঁশকুড়া অথবা তমলুকের নিকট ও দার্জিলিং জেলার সমতল শিলিগুড়িতে তার দুটি শাখা স্থাপনের কাজ শুরু করার উদ্যোগ নিয়েছেন। এই কমপ্লেক্স স্থাপনের জন্য প্রাথমিক কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। এই ফ্লোরিকালচার কমপ্লেক্স-এ থাকবে গ্রেডিং, প্যাকেজিং, মডিফায়েড অ্যাটমসফিয়ারিক প্যাকেজিং ব্যবস্থার সুযোগ, নিলামকেন্দ্র, খুচর ও পাইকারি বিক্রয়কেন্দ্র, সভাকক্ষ, ডরমেটরি প্রথায় থাকবার ব্যবস্থা, রপ্তানি করার সুবিধা ইত্যাদি। এই ফ্লোরিকালচার কমপ্লেক্সে বর্জ্য উদ্ভিদ পুনরাবর্তিত প্রক্রিয়ায় ব্যবহার করে জৈব সার উৎপাদন করবে এবং বিপণন সম্পর্কে বিভিন্ন প্রয়োজনীয় তথ্যাদি ক্রেতা ও বিক্রেতাদের সরবরাহ করা হবে।

২৫। পান এই রাজ্যের একটি অন্যতম প্রধান অর্থকরি বাগিচা ফসল। প্রায়শই পানচাষীরা দালাল বা ফড়েদের দ্বারা শোষিত হনয় বেশিরভাগ পান বাজারই অসংগঠিত ও ব্যক্তিগত মালিকানাধীন। এই দপ্তর হাওড়া জেলায় একটি ও মেদিনীপুর জেলায় একটি পান বিক্রয়কেন্দ্র স্থাপন ও তার বিকাশ সাধনের প্রস্তাব দিয়েছেন। এই সংক্রান্ত প্রাথমিক কার্যাবলি ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। বিক্রয়কেন্দ্রের পরিকাঠামো ছাড়াও সরকার সিদ্ধান্ত নিয়েছেন একটি উপদেষ্টা কেন্দ্র স্থাপনের যাতে পান চাষীরা উৎপাদন, সংরক্ষণ ইত্যাদি বিভিন্ন ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ পেয়ে উপকৃত হতে পারেন।

২৬। পানচাষীদের সাহায্য করার জন্য সরকার পান বরোজ গঠন/পুনর্গঠনের জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা দিয়েছেন।

২৭। উদ্যান পালনের বিকাশ সাধনের জন্য সর্বাপেক্ষা প্রয়োজনীয় হল প্রশিক্ষণ ও প্রযুক্তিগত শিক্ষা। চাষীদের প্রশিক্ষণ দেবার মতো উপযুক্ত নিজস্ব প্রশিক্ষণকেন্দ্র এই বিভাগ এখনও স্থাপন করে উঠতে পারেননি এবং এই ব্যাপারে রামকৃষ্ণ মিশন সহ অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠান (এন. জি. ও.) ও বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয় থেকে সহায়তা নেওয়া হচ্ছে। বিভাগ ইতিমধ্যে একশত আশি জন কৃষক/কৃষক পরিবারের ছেলেমেয়েদের কৃষি বিশ্ববিদ্যালয়ে ও নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের তদারকিতে প্রশিক্ষণের কাজ শুরু করার উদ্যোগ নিয়েছেন। বিভাগ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পোদ্যোগিদেরও সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ দানকারি প্রতিষ্ঠানগুলির সাহায্যে প্রশিক্ষণ দেবার বিষয়ে সাহায্য নিচ্ছেন। এই বিভাগ বাগিচা ফসল উৎপাদন বিষয়ে বিভিন্ন প্রয়োজনীয় প্রযুক্তিগত কৌশল সম্বলিত প্যাকেজ উৎসাহী চাষীদের ও যারা প্রশিক্ষণ নেবেন তাদের মধ্যে সরবরাহ করার ব্যবস্থা নিয়েছেন যাতে রাজ্যে বাগিচা ফসলের উন্নয়নের সাথে সাথে তারাও

*বাগিচা ফসলের লাভজনক বাণিজ্যিকিকরণ করতে পারে ও নিজেরাও এই প্রকল্পে স্ব-নিযুক্ত ও স্বনির্ভর হয়ে উঠতে পারে।*

২৮। এই বিষয়ে এই বিভাগ নার্সারি স্থাপনের জন্য চাষীদের মোট খরচের শতকরা ২৫ ভাগ অনুদান দেওয়ার এবং এই সব নার্সারি থেকে উৎপন্ন চারা প্রভৃতি ঠিকমতো পরীক্ষা-নিরীক্ষা করে চাষীদের কাছ থেকে কিনে পুনরায় বিক্রি করার পরিকল্পনা রূপায়ণের পদক্ষেপ নিয়েছেন।

২৯। এই বিভাগ কৃষ্ণনগরস্থ স্টেট হর্টিকালচার রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেশনে একটি প্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং দক্ষিণ ২৪-পরগনা জেলার বামুঘাটার নিকট একটি প্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহের উদ্যোগ নিয়েছেন।

৩০। বাগিচা ফসলের সংরক্ষণের উদ্দেশ্যে এই বিভাগ, ফসল রক্ষাকারী কীটনাশক, 'স্প্রেয়ার', 'ডাস্টার' ইত্যাদি ভরতুকিতে বিতরণ শুরু করেছেন।

৩১। ফুল এই রাজ্যের একটি অতিগুরুত্বপূর্ণ অর্থকরি ফসল। এই ক্ষেত্রে এখনও পর্যন্ত বিশেষ কিছু করা হয়নি। এই বিভাগ শুধুমাত্র মেদিনীপুরের বন্যাপীড়িত ফুলচাষীদেরই আর্থিক সহায়তা দেননি উপরন্তু ১৯৯৭-৯৮ সালে ব্যাপকভাবে চাষীদের উন্নতমানের বীজ, চারা এবং উন্নতমানের বীজ, চারা সংগ্রহের জন্য আর্থিক অনুদান দিয়েছেন।

৩২। ভেষজ উদ্ভিদ অপর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্র। এই বিভাগ ভেষজ গুণসম্পন্ন নানা উদ্ভিদ রোপণ ও বীজ উৎপাদনের জন্য অত্যন্ত গুরুত্ব সহকারে উদ্যোগ নেবার প্রচেষ্টা চালাচ্ছেন যাতে আগামী কয়েক বছরের মধ্যেই চাষীদের মূল্যবান ভেষজ উদ্ভিদের বীজ, চারা ও আধুনিক প্রযুক্তিকৌশল সমেত সরবরাহ করা যায়।

৩৩। বর্তমানে এই বিভাগে নিয়মিতভাবে পরিসংখ্যান সংগ্রহের কোনও ব্যবস্থা নেই। তবে প্রথাগত অনুমানভিত্তিক পদ্ধতিতে বিভিন্ন প্রকার বাগিচা ফসল চাষের জমির পরিমাণ বৃদ্ধির ধারাই শুধু নয় সাথে উৎপাদন বৃদ্ধির ধারাও পরিলক্ষিত হয়েছে। প্রাপ্ত তথ্যাবলী সম্বলিত একটি তালিকা উপস্থাপিত করা হল।

৩৪। কৃষি বিভাগ থেকে কয়েকটি গবেষণা খামার এই বিভাগের অধীনে এসেছে। এ যাবৎ এই ফার্মগুলি কিছু বিশেষ ধরনের ফসলের উপরই গবেষণায় রত ছিল। এই বিভাগ চাষীদের চাহিদা মেটানোর জন্য এই খামারগুলির আধুনিকীকরণ ও বিকাশ সাধনের উদ্যোগ নিয়েছেন এবং সেখানে উন্নতমানের বীজ ও চারা প্রভৃতি উৎপাদনের সিদ্ধান্ত নিয়েছেন। যে সমস্ত মুখ্য খামারগুলির কৃষি বিভাগ থেকে এই বিভাগে এসেছে তাদের

পরিবর্তিত নামগুলি উপস্থাপিত করা হল ঃ

| ক্রমিক সংখ্যা | স্টেশন/সেন্টার/ফার্মের পূর্ববর্তী নাম | পরিবর্তিত নাম |
|---|---|---|
| ১। | স্টেট হর্টিকালচারাল রিসার্চ স্টেশন, কৃষ্ণনগর, নদীয়া | স্টেট হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেশন, কৃষ্ণনগর, নদীয়া |
| ২। | চুঁচুড়া বেনানা রিসার্চ সেন্টার, চুঁচুড়া, হুগলি | চুঁচুড়া হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফার্ম, চুঁচুড়া, হুগলি |
| ৩। | চন্দননগর কোকোনাট নার্সারি, চন্দননগর, হুগলি | চন্দননগর হর্টিকালচারাল ডেভেলপমেন্ট ফার্ম, |
| ৪। | ম্যাঙ্গো রিসার্চ স্টেশন, মালদহ | মালদহ হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফার্ম, |
| ৫। | তালডাংরা হর্টিকালচার রিসার্চ সাব-স্টেশন, তালডাংরা, বাঁকুড়া | তালডাংরা হর্টিকালচারাল ডেভেলপমেন্ট ফার্ম, তালডাংরা, বাঁকুড়া |
| ৬। | বরজোড়া নিউক্লিয়াস ভেজিটেবিল সিড ফার্ম, বরজোড়া, বাঁকুড়া | বরজোড়া হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড বরজোড়া, বাঁকুড়া |
| ৭। | মহিতনগর পাইনাপেল রিসার্চ স্টেশন, জলপাইগুড়ি | জলপাইগুড়ি হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফার্ম, জলপাইগুড়ি, মহিতনগর |
| ৮। | কাজলাগড় কোকোনাট নার্সারি, তমলুক, মেদিনীপুর (ইস্ট) | কাজলাগড় হর্টিকালচারাল ডেভেলপমেন্ট ফার্ম, তমলুক, মেদিনীপুর (ইস্ট) |
| ৯। | কোচবিহার কোকোনাট নার্সারি, কোচবিহার | কোচবিহার হর্টিকালচারাল ডেভেলপমেন্ট ফার্ম, কোচবিহার |

| | | |
|---|---|---|
| ১০। | বারুইপুর কোকোনাট নার্সারি, সাউথ ২৪ পরগনা | বারুইপুর হর্টিকালচারাল ডেভেলপমেন্ট ফার্ম, সাউথ ২৪ পরগনা |
| ১১। | ক্যাসুনাট ফার্ম, দীঘা, মেদিনীপুর | স্টেট ক্যাসুনাট অ্যান্ড হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফার্ম, দিঘা, মেদিনীপুর |

৩৫। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন, এই নতুন বিভাগটির উপর কৃষি বিভাগের কাছ থেকে রাজ্যে উদ্যানপালন সংক্রান্ত সমস্ত কার্যাবলী ও দায়-দায়িত্ব ন্যস্ত হয়েছে কিন্তু প্রাথমিকভাবে এই বিভাগটিকে বিভিন্নস্তরে কর্মী সংখ্যার স্বল্পতার জন্য খুবই অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। এই বিভাগ অপ্রতুল কর্মী সংখ্যা নিয়ে উদ্যানপালন সংক্রান্ত বিবিধ প্রকল্পের যথাযথ রূপায়ণকল্পে এই রাজ্যকে চারটি রেঞ্জে বিভক্ত করেন, যথা চুঁচুড়া, কৃষ্ণনগর, বাঁকুড়া এবং মালদা। আমরা আশা করি অদূর ভবিষ্যতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন সংক্রান্ত একটি পৃথক অধিকরণ স্থাপন করতে এবং জেলা ও রেঞ্জ স্তরের কার্যালয়গুলিকে আরও শক্তিশালী করতে সক্ষম হব, যেহেতু অতি সম্প্রতি কিছু অতিরিক্ত কর্মচারীপদ এই বিভাগের জন্যে অনুমোদিত হয়েছে।

৩৬। এই বিভাগ সেবামূলক কার্য নিয়োজিত। এই বিভাগ ক্রপডক্টর প্রকল্প রূপায়ণের জন্য প্রবীণ কৃষি ও উদ্যানপালন বিশেষজ্ঞদের স্বল্পমেয়াদি চুক্তির ভিত্তিতে নিয়োগ করে তাদের পরিষেবা উদ্যানপালন সংক্রান্ত কার্যাবলীতে কাজে লাগাতে মনস্থ করেছেন। এই 'ক্রপডাক্তারদের' কিছু যন্ত্রাদি ও অল্প পরিমাণ অর্থ বরাদ্দ করা হবে। এরা কিছু নির্দিষ্ট উৎপাদনশীল এলাকায় থাকবেন যেখান থেকে চাষীরা তাদের দৈনন্দিন কৃষি সংক্রান্ত সমস্যার সুরাহাকল্পে পরামর্শ নিতে পারবেন।

৩৭। রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন এবং উল্লেখযোগ্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি কল্পে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ অন্যতম মুখ্য ভূমিকা নেবে।

৩৮। আমি এই সভার মাননীয় সদস্যদের নিকট এই বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রার্থনা করছি এবং আমাদের প্রচেষ্টার সার্থক রূপায়ণের উদ্দেশ্যে সদস্যদের তরফ থেকে যে কোনও গঠনমূলক সুপারিশ গ্রহণ করতে প্রস্তুত।

৩৯। আমি আশা করি এই রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালনের উন্নয়নের স্বার্থে মাননীয় সদস্যমন্ডলী অনুগ্রহপূর্বক ১৯৯৮-১৯৯৯ সালের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দ বিবেচনা ও অনুমোদন করবেন।

## তালিকা

| শস্যের নাম | বর্ষ | লক্ষ হেক্টরে ব্যবহৃত জমির পরিমাণ | উৎপাদন লক্ষ টনে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| শাকসবজি | ১৯৯৫-৯৬ | ৫.১০ | ৫৩.৯১ |
| ফল | ” | ১.১৫ | ১২.৭৫ |
| ফুল | ” | ০.০৭৩ | ০.৪৮ |
| কাজুবাদাম | ” | ০.০৭৭ | ০.০৫ |
| পান | ” | ০.১৮৩ | ৯৯.০৬ (বান্ডিল) |
| সুপারি | ” | ০.০৭০ | ৯৯.৭৫ (নাটস) |
| মশলা | ” | ০.৭৭ | ০.৮৪ |
| নারিকেল | ” | ০.২১৬ | ২৭.৫০ (নাটস) |
| শাকসবজি | ১৯৯৬-৯৭ | ৫.৬৬ | ৫৮.৬৩ |
| ফল | ” | ১.১৬ | ১০.৩৫ (অফ ইয়ার ম্যাঙ্গো) |
| ফুল | ” | ০.০৮ | ০.৫৩ |
| কাজুবাদাম | ” | ০.০৯ | ০.০৬ |
| পান | ” | ০.১৮৪ | ১০০.১৮ (বান্ডিল) |
| সুপারি | ” | ০.০৭২ | ১০২.৬০ (নাটস) |
| মশলা | ” | ০.৭৮ | ০.৮৬ |
| নারিকেল | ” | ০.২১৮ | ২৭.৭৬ (নাটস) |
| শাকসবজি | ১৯৯৭-৯৮* | ৬.১৯ | ৬৬.৫২ |
| ফল | ” | ১.১৭ | ১৩.৭৩ |

| শস্যের নাম | বর্ষ | লক্ষ হেক্টরে ব্যবহৃত জমির পরিমাণ | উৎপাদন লক্ষ টনে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ফুল | ” | ০.১০ | ০.৫৮ |
| কাজুবাদাম | ” | ০.০৯৬ | ০.০৭ |
| পান | ” | ০.১৮৬ | ১০১.২৭ (বাণ্ডিল) |
| সুপারি | ” | ০.০৭৩ | ১০৪.০২ (লাখ নাটস) |
| মশলা | ” | ০.৮৫ | ০.৯৩ |
| নারিকেল | ” | ০.২১৮ | ২৭.৭৭ (নাটস) |

* প্রভিশনাল নোট : প্রত্যেক বাণ্ডিলে ১০,০০০ পাত

## DEMAND No. 57

### Major Heads : 2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 53,29,12,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads : "2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation".

(This is inclusive of a total sum of Rs. 17,76,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Bhakti Bhusan Mondal on Demand No. 57 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৯৮-৯৯ সালের জন্য ৫৭ সংখ্যক দাবির অধীন '২৪২৫—সমবায়', '৪৪২৫—সমবায়ে মূলধন মূলধন বিনিয়োগ' এবং '৬৪২৫—সমবায়

সমিতিসমূহকে ঋণদান'—এই খাতগুলিকে মোট ৫৩,২৯,১২,০০০ (তিপান্ন কোটি উনত্রিশ লক্ষ বারো হাজার) টাকা ব্যয়-বরাদ্দের দাবি মঞ্জুর করার জন্য আবেদন করছি। ইতিপূর্বে অন্তর্বর্তী ব্যয়ের জন্য অনুমোদিত ১৭,৭৬,০০,০০০ (সতের কোটি ছিয়াত্তর লক্ষ) টাকা এই প্রস্তাবের অন্তর্ভুক্ত।

সমবায় আন্দোলনের মূল পরিকাঠামোর বৈশিষ্ট্যপূর্ণ পরিবর্তনসাধনের জন্য সমবায় আন্দোলনকে গণ-আন্দোলনে পরিণত করার সর্বপ্রকার চেষ্টা চালানো হচ্ছে। সাধারণ মানুষ, বিশেষত দুর্বলতর গোষ্ঠী যাতে সমবায় আন্দোলনের শরিক হতে পারে সে জন্য সমবায়ের প্রধান ক্ষেত্রগুলি যা সরাসরি আর্থিক প্রগতি, কর্মসংস্থান, গ্রামীণ শিল্পায়ন প্রভৃতির সঙ্গে যুক্ত যেগুলির পরিবর্তন সাধন করা হচ্ছে। উপরোক্ত পরিকল্পনাগুলিকে বাস্তবায়িত করার নিমিত্ত সর্বাত্মক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

## স্বল্পমেয়াদি ঋণক্ষেত্র

### সর্বজনীন সদস্যভুক্তি প্রকল্প

এটি একটি অন্যতম গুরুত্বপূর্ণ প্রকল্প। এর লক্ষ্য হচ্ছে সমাজের দুর্বলতর শ্রেণীভুক্ত মানুষদের সমবায়ের আওতায় নিয়ে আসা, যাতে ওই সকল মানুষ বিভিন্ন সমবায়ের সুবিধা ভোগ করতে পারে। এই প্রকল্পের মাধ্যমে সমবায় প্রতিষ্ঠানের সদস্যভুক্তির জন্য প্রারম্ভিক শেয়ার কিনতে যে অর্থ লাগে তা অনুদান হিসাবে দেওয়া হয়। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে অতিরিক্ত দু-লক্ষ সদস্য অন্তর্ভুক্তির ব্যবস্থা নেওয়া হয়েছে।

১৯৯৮-৯৯ সালে আরও দু-লক্ষ সদস্যভুক্তির জন্য ১০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ করা হচ্ছে।

### স্বল্পমেয়াদি ঋণদান

বিনিয়োগ ও আদায়ের ব্যাপারে উক্ত ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। বর্তমান সমবায় বৎসরে গত ৩১-১২-৯৭ পর্যন্ত ১৫৭ কোটি ৬ লক্ষ টাকা দাদন দেওয়া হয়েছে, যেখানে লক্ষ্যমাত্রা হল ২১০ কোটি টাকা। আশা করা যায়, ১৯৯৮-৯৯ সালে ২৩০ কোটি টাকা বিনিয়োগের লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে।

উপরোক্ত ৩১-১২-৯৭ তারিখ পর্যন্ত, আদায়যোগ্য মোট ২৪৪ কোটি ৫৩ লক্ষ টাকা ঋণের প্রায় ৩০.৫৮ শতাংশ অর্থাৎ ৭৪ কোটি ৭৯ লক্ষ টাকা আদায় হয়েছে।

### সদস্যভুক্তিকরণ

বর্তমানে রাজ্যে কৃষি ঋণদান সমিতিগুলির মোট সদস্য ৩৫ লক্ষ ৫৮ হাজার, যার প্রায় ৮০ শতাংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষি।

**প্রাথমিক সমবায় কৃষি ঋণদান সমিতি শক্তিশালীকরণ প্রকল্প**

রাজ্যে মোট ৬ হাজার ৬০০টি প্রাথমিক ঋণদান সমিতি (পি এ সি এস) আছে। গ্রামের সকল প্রকার মানুষকে প্রাতিষ্ঠানিক ঋণ প্রদানের ব্যবস্থা এই সমিতিগুলি করে থাকে। ভারত সরকার নিয়োজিত 'টাস্ক ফোর্সের' সুপারিশ অনুযায়ী সপ্তম পঞ্চবার্ষিক যোজনাকালে ৬৬০০টি সমিতির মধ্যে ২০০টিকে প্রয়োজনীয় আর্থিক সাহায্যদানের জন্য বাছাই করা হয়েছে। উক্ত সমিতিগুলি যাতে বহুবিধ কাজকর্ম যেমন—আমানত সংগ্রহ, কৃষিজ দ্রব্য বিপণন, ভোগ্যপণ্যের ব্যবসা ইত্যাদি করতে পারে তার ব্যবস্থা করা এই প্রকল্পের লক্ষ্য। ৩১-১২-৯৭ পর্যন্ত এই প্রকল্পের ১১০২টি সমিতি সাহায্য পেয়েছে। ১৯৯৮-৯৯ সালে এই খাতে ৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**আমানত সংগ্রহ**

গত ১০-৯-৯৭ পর্যন্ত রাজ্য সমবায় ব্যাঙ্ক ৬৬৭ কোটি ৬৭ লক্ষ টাকা, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি ৮৮১ কোটি ৬৭ লক্ষ টাকা এবং ১৮৬৯টি প্রাথমিক সমিতি ২২৭ কোটি টাকা আমানত সংগ্রহ করেছে। এ থেকে বোঝা যাচ্ছে যে, বর্তমানে আমানত সংগ্রহে যথেষ্ট উন্নতি ঘটেছে এবং আশা করা যায় ১৯৯৭-৯৮ সালের শেষে সংগ্রহের পরিমাণ আরও বাড়বে। এ সি আর সি-এর প্রতিবেদনসাপেক্ষে ভারত সরকার নিযুক্ত 'ওয়ার্কিং গ্রুপ'-এর সুপারিশক্রমে রাজ্যের প্রাথমিক সমিতিগুলির জন্য আমানত গ্যারান্টি প্রকল্প চালু করা হয়েছে। গ্রামীণ আমানতকারিদের আস্থা অর্জনে ও আশা পূরণে এই প্রকল্প এক নতুন বাতাবরণ তৈরি করেছে।

**অংশীদারি মূলধনের সহায়তা**

১৯৯৬-৯৭ সালে দীর্ঘ ও স্বল্পমেয়াদি ক্ষেত্রে মোট ২১১ লক্ষ ১৩ হাজার টাকা এই খাতে ব্যয় করা হয়েছিল। ১৯৯৭-৯৮ সালে 'ন্যাবার্ড' কর্তৃক মঞ্জুরীকৃত ৬৯৪ লক্ষ ১৩ হাজার টাকা সরকারিভাবে মঞ্জুর করার ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৯৮-৯৯ সালে এই খাতে ২৫০ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে।

**সুদ বাবদ অনুদান**

সময়মতো কৃষিঋণ পরিশোধে উৎসাহদানের উদ্দেশ্যে, ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের স্বার্থে রাজ্য সরকার এই অনুরোধের ব্যবস্থা করেছে।

১৯৯৬-৯৭ সালে দীর্ঘ ও স্বল্পমেয়াদি ক্ষেত্রে এই বাবদ মোট ৩ কোটি টাকা মঞ্জুর করা হয়েছিল। বর্তমান আর্থিক বছরে (১৯৯৭-৯৮) ৫ কোটি ৫২ লক্ষ ৫৭ হাজার টাকা ম ব করা হয়েছে, যা এ বছরের বাজেট বরাদ্দ ৫ কোটি ৫০ লক্ষ টাকার সামান্য

অধিক। ১৯৯৮-৯৯ সালে এই খাতে যথোপযুক্ত বাজেট বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে।

**রিস্ক ফাণ্ড**

ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের ঋণদানের ঝুঁকি বহনের জন্য এই প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও সংশ্লিষ্ট প্রাথমিক সমিতিগুলিকে আর্থিক সাহায্য দিয়ে থাকে। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিতে উক্ত ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বিনিয়োগের উপর ২ শতাংশ হারে এবং সংশ্লিষ্ট প্রাথমিক সমিতিগুলিকে অনুরূপ বিনিয়োগের উপর ৪ শতাংশ হারে সাহায্য দেওয়া হয়। ১৯৯৬-৯৭ সালে এ বাবদ ২৮ লক্ষ ৯২ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল। এ বছর হয়েছে (১৯৯৭-৯৮) বাজেট বরাদ্দের ৫৯ লক্ষ টাকার সবটাই ৩১-৩-৯৮ তারিখের মধ্যে মঞ্জুর করা যাবে। ১৯৯৮-৯৯ সালে এই খাতে ১৫০ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে।

**সমবায় প্রতিষ্ঠানগুলির মধ্যে আর্থিক অসঙ্গতি দূরীকরণ**

ভারত সরকার এই প্রকল্পটি প্রবর্তন করেছে যার উদ্দেশ্যে হল রাজ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও সংশ্লিষ্ট প্রাথমিক সমিতিগুলির মধ্যে আর্থিক লেনদেনের অসঙ্গতি দূর করা। এই প্রকল্প রূপায়ণে মোট ব্যয়ের ২৫ শতাংশ কেন্দ্রীয় সরকার, ৩৫ শতাংশ রাজ্য সরকার, রাজ্য সমবায় ব্যাঙ্ক ১০ শতাংশ ও সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি ৩০ শতাংশ করে বহন করবে। এই সাহায্য পেতে গেলে সমবায় সমিতিগুলিকে মোট আদায়যোগ্য ঋণের ন্যূনতম ৬০ শতাংশ ও খেলাপি ঋণের ন্যূনতম ২৫ শতাংশ আদায় করতে সমর্থ হতে হবে।

এই খাতে ১৯৯৭-৯৮ সালে ১ কোটি টাকা বাজেট বরাদ্দ রয়েছে যা কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্য অর্থাংশ পাওয়া গেলে খরচ করা হবে। ১৯৯৮-৯৯ সালেও এই খাতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**সুসংহত সমবায় বিকাশ প্রকল্প (আই সি ডি পি)**

জাতীয় সমবায় বিকাশ নিগম (এন সি ডি সি)-এর সহায়তায় প্রাথমিক সমবায় সমিতিগুলির সর্বাঙ্গীন উন্নতিসাধনের লক্ষ্যে এই প্রকল্প রূপায়িত হচ্ছে। এ রাজ্যের দ্বিতীয় প্রকল্পটি যা ১৯৯৪-৯৫ সালে হুগলি জেলায় শুরু হয়েছিল তা ১৯৯৮-৯৯ সালে সম্পূর্ণ হয়ে যাবে। রাজ্য সরকার সম্প্রতি সিদ্ধান্ত নিয়েছে যে, বীরভূম ও কোচবিহার জেলায় অনুরূপ দুটি প্রকল্প শীঘ্রই চালু করা হবে। ১৯৯৮-৯৯ সালে এই খাতে যথাযথ বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে।

**দীর্ঘমেয়াদি ঋণদান ক্ষেত্র**

১৯৯৬-৯৭ এবং ১৯৯৭-৯৮ সালে দীর্ঘমেয়াদি ঋণদান ক্ষেত্রে বিশেষ উন্নতি পরিলক্ষিত হয়। ১৯৯৬-৯৭ বর্ষে সমবায় ক্ষেত্রে দীর্ঘমেয়াদি ঋণদানের লক্ষ্যমাত্রা ছিল ৬,৫৫৪ লক্ষ টাকা এবং ঐ সময়ে বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৬,১১৬.২৪ লক্ষ টাকা। ১৯৯৭-৯৮ সালে ধার্য লক্ষ্যমাত্রা ছিল ৮,৬৩৩ লক্ষ টাকা সে ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৪,৪২৫ লক্ষ টাকা (১১-২-৯৮ পর্যন্ত)।

বিগত তিন বছরে দীর্ঘমেয়াদি ঋণদান ক্ষেত্রে বিনিয়োগ ও ঋণ আদায়ের চিত্রটি নিচে প্রদর্শিত হল ঃ

| বছর | লক্ষ্যমাত্র (লক্ষ টাকায়) | প্রকৃত বিনিয়োগ (লক্ষ টাকায়) | আদায় শতকরা হার |
|---|---|---|---|
| ১৯৯৫-৯৬ | ৪৫০০ | ৪০২০ | ৬০.০৭ |
| ১৯৯৬-৯৭ | ৬৫৫৪ | ৬১১৬.২৪ | ৬৪.২১ |
| ১৯৯৭-৯৮ (১১-২-৯৮ পর্যন্ত | ৮৬৩৩ | ৪৪২৫ | — |

১৯৯৮-৯৯ সালের জন্য লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১১৭২৫ লক্ষ টাকা।

**ঋণপত্র বিক্রয়**

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে সাধারণ ও বিশেষ ঋণপত্র বিক্রয়ের উদ্দেশ্যে ১৯৯৭-৯৮ সালে রাজ্যের অংশ ক্রয় বাবদ ঐ খাতে ৯৫ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে ১ কোটি টাকার বাজেট বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এ ছাড়া ঋণপত্র বিক্রয়ের সুবিধার জন্য অতিরিক্ত গ্যারান্টি দেওয়ার বিশেষ ব্যবস্থা হয়েছে।

**গৃহনির্মাণ ঋণদান**

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক গ্রামীণ এলাকায় গৃহনির্মাণ প্রকল্পে ঋণদান ব্যবস্থা প্রসারিত করছে। সংশ্লিষ্ট প্রাথমিক, কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলির মাধ্যমে ওই ব্যাঙ্ক ১৯৯৫-৯৬ সালে সারা রাজ্যে মোট ১৯০ লক্ষ ৫৭ হাজার টাকা গৃহনির্মাণ ঋণ হিসাবে বিনিয়োগ করেছে। ১৯৯৬-৯৭ সালে ঐ ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধি পেয়ে হয়েছে ৩৯০ লক্ষ টাকা। এই প্রকল্পে তহবিল বৃদ্ধির জন্য 'হাডকো'-র কাছে প্রস্তাব উপস্থাপিত করে ১৯৯৭-৯৮ সালে ২৮-২-৯৮ পর্যন্ত এক্ষেত্রে অগ্রগতির মাত্রা

৩০৯ লক্ষ টাকা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে 'হাডকো'-র সহযোগিতায় পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় গৃহনির্মাণ সংঘ (হাউজিং ফেডারেশন) অনুরূপ প্রকল্পে প্রাথমিক সমবায় গৃহনির্মাণ সমিতিগুলিকে ১৯৯৭-৯৮ সালে স্বল্প সুদে ঋণ জোগানের এক বড় পরিকল্পনা গ্রহণ করেছে। রাজ্য সমবায় গৃহনির্মাণ সংঘ, ভারতীয় জীবনবিমা নিগমের কাছে ঐ খাতে ৬ কোটি টাকা ঋণ চেয়েছে। ৩১-১২-৯৭ পর্যন্ত ১০০২টি গৃহনির্মাণ সমিতিকে ৫৭.০২ কোটি টাকা ঋণ সরবরাহ করা হয়েছে। বাসগৃহ নির্মাণের প্রয়োজনে ঐ সমিতিগুলিকে অধিক ঋণ মঞ্জুরের জন্য ১৯৯৮-৯৯ সালে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি**

শহরাঞ্চলের জনসাধারণকে ব্যাঙ্কিং সুযোগ-সুবিধা প্রদানের একমাত্র লক্ষ্যে স্থানীয় লোকের উদ্যোগে প্রাথমিক শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি, প্রাথমিক সমবায় ব্যাঙ্ক এবং বেতনভোগী কর্মচারী ঋণদান সমিতি গঠিত হয়েছে। এই ঋণদান সমিতিগুলি সংগৃহীত ৫০৫ কোটি টাকা আমানতের মধ্যে ৩১-১২-৯৭ পর্যন্ত ৪৯৮ কোটি টাকা বিনিয়োগ করেছে। উপরোক্ত ব্যাঙ্কগুলির শীর্ষস্থানীয় ব্যাঙ্ক হিসেবে পশ্চিমবঙ্গ শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সংঘ (ফেডারেশন অফ্ ওয়েস্ট বেঙ্গল আরবান কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিস লিঃ) রয়েছে যা সকল প্রাথমিক সমবায় সমিতিগুলির উপদেষ্টা হিসেবে কাজ করছে এবং সমিতিগুলির মধ্যে সমন্বয়সাধন করে চলেছে।

**মহিলা সমবায় ঋণদান সমিতি**

রাজ্য সমবায় আন্দোলনের অনন্যসাধারণ অগ্রগতির সাক্ষ্য হিসেবে প্রত্যেক জেলায় সম্পূর্ণভাবে মহিলাদের দ্বারা পরিচালিত অন্ততঃ একটি মহিলা সমবায় ঋণদান সমিতি গঠিত হয়েছে। এ পর্যন্ত ঐ ধরনের ২৮টি মহিলা সমিতির সদস্য সংখ্যা ৫০,০০০ এবং সমিতিগুলির কার্যকর মূলধনের মাত্রা  কোটি ৭৫ লক্ষ টাকা। ঋণদান ছাড়াও উক্ত সমবায় সমিতিগুলি মহিলা সদস্যদের বিভিন্ন ব্যবসায় শিক্ষাদান এবং তাদের উৎপন্ন সামগ্রীর বিপণনের ব্যাপারেও ব্যবস্থা নিয়ে থাকে। এই ধরনের সমিতিগুলির প্রত্যেকটি লাভে চলছে।

**ক্রেতা সমবায়**

পশ্চিমবঙ্গের শহর ও গ্রামাঞ্চলে বিভিন্ন ধরনের ভোগ্যপণ্য বিতরণের জন্য ক্রেতা সমবায়সমূহের ব্যাপক পরিকাঠামো রয়েছে। গণবন্টন ব্যবস্থায়, সরকার নির্ধারিত মূল্যে নির্দিষ্ট আবশ্যকীয় দ্রব্য সরবরাহের কাজে সহায়তা ছাড়াও ক্রেতা সমবায়গুলি ব্যাপকভাবে জনগণের  নিকট প্রতিযোগিতামূলক মূল্যে বহুবিধ ভোগ্যপণ্য সরবরাহের কাজে লিপ্ত রয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য ক্রেতা সমবায় সংঘ (কনফেড)-সহ ৩১টি পাইকারি ক্রেতা

সমবায় সমিতি ও ৭৫০টি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতির এক ব্যাপক পরিকাঠামোর মাধ্যমে ন্যায্যমূল্যে ভোগ্যপণ্য বিক্রয়ের ব্যবস্থা রয়েছে। এই সমিতিগুলির সাহায্যে ১৮টি বিভাগীয় বিপণি, ৭৬টি বৃহদায়তন এবং ১৬৬টি ক্ষুদ্রায়তন বিক্রয় কেন্দ্র চলছে। এদের মধ্যে কয়েকটি কলকাতার শহরাঞ্চলে থাকলেও বেশিরভাগ কেন্দ্রগুলিই জেলা, মহকুমা ও গ্রামাঞ্চলে অবস্থিত।

উপরন্তু, এন সি ডি সি প্রকল্পের সহায়তায় অগ্রগামী সমিতিসহ সহযোগী সমিতির মাধ্যমে গ্রামাঞ্চলে ভোগ্যপণ সরবরাহের কাজ চলছে। যে অঞ্চলে কোনওরূপ ক্রেতা সমবায় নেই, সেরূপ কিছু জায়গায় ১০টি ভ্রাম্যমাণ বিপণি কাজ করে চলেছে।

সমবায় সমিতিগুলির মাধ্যমে ১৯৯৬-৯৭ সালে প্রায় ৪১০ কোটি টাকার ভোগ্যপণ্য সরবরাহ করা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে মোট লেনদেনের পরিমাণ ৪১৫ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে। ১৯৯৮-৯৯ সালে ব্যবসার পরিমাণ ধার্য করা হয়েছে ৪৩৯ কোটি টাকা। রাজ্য সরকার অংশীদারি মূলধন, ঋণ ও ভরতুকি হিসেবে এই সমিতিগুলিকে আর্থিক সাহায্য দিয়ে আসছে যাতে তারা বিভাগীয় বিপণন কেন্দ্র, বৃহদায়তন ও ক্ষুদ্রায়তন বিপণন কেন্দ্র খুলতে এবং দুর্বল কেন্দ্রগুলিকে মজবুত করতে সক্ষম হয়।

১৯৯৮-৯৯ সালে ক্রেতা সমবায়গুলির উন্নতির জন্য ১৯০ লক্ষ টাকা ধার্য করার প্রস্তাব রাখা হয়েছে। এ ছাড়া গ্রামাঞ্চলে ক্রেতা সমবায় প্রকল্পগুলির উন্নয়নকল্পে এন. সি. ডি. সি.-ও সাহায্য দিচ্ছে।

**বিপণন ও প্রক্রিয়াকরণ সমবায়**

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় বিপণন সমিতির (বেনফেড) নেতৃত্বে প্রাথমিক কৃষি বিপণন সমিতিগুলির (পি. এ. এম. এস.) মাদ্যমে কৃষকদের মধ্যে কৃষি সরঞ্জাম বিতরণ এবং উৎপাদিত পণ্য সংগ্রহ করা হয়ে থাকে। এই ব্যবস্থার মাধ্যমে রাজ্যের ২৬৯টি প্রাথমিক কৃষি বিপণন সমিতির দ্বারা কৃষকদের আপৎকালীন (ডিস্ট্রেস) বিক্রি রোখা হয়ে থাকে।

১৯৯৬-৯৭ সালে সমবায় বিপণন সমিতিগুলির মাধ্যমে ২৫০ কোটি টাকার সার বিতরণ করা হয়েছিল। ১৯৯৭-৯৮ সালে সমবায় বিপণন সমিতিগুলির মাধ্যমে ২৫০ কোটি টাকার সার বিতরণ করা হয়েছিল। ১৯৯৭-৯৮ সালের ৩১-১২-৯৭ পর্যন্ত ২০০ কোটি টাকার ৩.৩০ লক্ষ মেট্রিক টন সার বিতরণ করা হয়েছে। আশা করা যায় ১৯৯৮ সালের মার্চ পর্যন্ত উক্ত সার বন্টন যথেষ্ট পরিমাণ বেশি হবে। ১৯৯৮-৯৯ সালের জন্য উক্ত লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ৪.৩০ লক্ষ মেট্রিক টন এবং যার মূল্য হবে প্রায় ২৬০ কোটি টাকা। উক্ত সমিতিগুলির মাধ্যমে সার ছাড়াও কীটনাশক এবং কৃষি সরঞ্জামও কৃষকদের মধ্যে বিক্রি করা হয়ে থাকে। রাজ্যে ১.৯৮ লক্ষ মেট্রিক টন ধারণক্ষমতা

সম্পন্ন ৪৫টি সমবায় হিমঘর মোটামুটিভাবে ৩১-১২-৯৭ তারিখ পর্যন্ত ১.৮৮ লক্ষ মেট্রিক টন ধারণক্ষমতা ব্যবহার করেছে।

১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত রাজ্যে ৩৫০০টি গুদামঘর রয়েছে। উক্ত গুদামঘরগুলির ধারণ ক্ষমতা ৫.১৫ লক্ষ মেট্রিক টন। ১৯৯৮-৯৯ সালের মধ্যে উক্ত ধারণক্ষমতা বেড়ে হবে ৫.৩০ লক্ষ মেট্রিক টন।

**অন্যান্য সমবায় সমিতি**

**(ক) ইঞ্জিনিয়ারদের সমবায় সমিতি**

রাজ্য সরকার রাজ্যের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি ও ডিপ্লোমাধারী বেকার যুবকদের দ্বারা গঠিত সমবায় সমিতিগুলিকে আর্থিক সাহায্য দিয়ে উৎসাহিত করে থাকে এবং উক্ত সমিতিগুলিকে কাজ পাওয়ার ব্যাপারে প্রাধান্য দেওয়া হয়ে থাকে। ৩১-১২-৯৭ পর্যন্ত এ ধরনের সমিতির সংখ্যা ৯৭৫।

**(খ) শ্রমিক সমবায় সমিতি**

অসংগঠিত শ্রমিকদের সংগঠিত করতে এবং বেসরকারি ঠিকাদারদের দ্বারা উক্ত ধরনের শ্রমিকদের অর্থনৈতিক শোষণ থেকে রক্ষার উদ্দেশ্যে রাজ্য সরকার শ্রমিক সমবায় গঠনের ক্ষেত্রে উৎসাহ প্রদান করে থাকে। ৩১-১২-৯৭ পর্যন্ত এ রাজ্যে ১৫১২টি উক্ত প্রকার সমবায় সমিতি রয়েছে।

**গ্রামীণ বৈদ্যুতিকরণ সমবায় সমিতি**

বর্তমানে সিঙ্গুর-হরিপাল গ্রামীণ বৈদ্যুতিকরণ সমবায় ভাল কাজ করছে। সেকথা মাথায় রেখেই রাজ্য সরকার প্রতি জেলায় একটি করে গ্রামীণ বৈদ্যুতিকরণ সমবায় গঠন করার পরিকল্পনা করেছে। ৩১-১-৯৮ পর্যন্ত এ ধরনের রেজিস্টার্ড সমিতির সংখ্যা তিন। ঐ সমবায় সমিতিগুলি পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে বিদ্যুৎ ক্রয় করে সেই বিদ্যুৎ ক্রেতাসাধারণের মধ্যে বিতরণ করবে। উক্ত সমিতিগুলি এ সংক্রান্ত ব্যাপারে ছোটখাটো মেরামতিরও কাজ করবে।

**সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা**

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন উত্তরপাড়া, বড়শুল, ঝাড়গ্রাম, ইলামবাজার, জলপাইগুড়ি এবং কালিম্পং-এ অবস্থিত ৬টি সমবায় প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে সমবায় নিরীক্ষক কেন্দ্রে জেলা সমবায় ব্যাঙ্কগুলির অবেক্ষক (সুপারভাইজার) এবং প্রাথমিক কৃষি সমবায় ঋণদান সমিতি, প্রাথমিক কৃষি বিপণন সমবায় সমিতি এবং অন্যান্য সমবায়

সমিতিগুলির ম্যানেজারদের প্রশিক্ষণ দিয়ে থাকে। রাজ্য সরকার পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নকে তাদের বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির জন্য আর্থিক অনুদান দিয়ে থাকে।

উপরন্তু, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক লিঃ কলকাতার উল্টোডাঙায় একটি প্রশিক্ষণ কেন্দ্র (আই. সি. এম. এ. আর. ডি—ইকমার্ড) চালাচ্ছে। সমবায় পরিদর্শক এবং সমবায় ব্যাঙ্ক, প্রাথমিক কৃষি সমবায় ঋণদান সমিতি, প্রাথমিক কৃষি বিপণন সমিতি এবং অন্যান্য সমবায় সমিতির ম্যানেজার ও সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত নেতৃবৃন্দকে প্রশিক্ষণ দেওয়ার জন্য কল্যাণীতে 'ন্যাশনাল সেন্টার ফর কো-অপারেটিভ ট্রেনিং'-এরও একটি প্রশিক্ষণ কেন্দ্র আছে।

সমবায় আন্দোলন সম্পর্কে জনগণকে অবহিত করতে এবং সমাজে এর প্রচারের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন সেমিনার, কর্মশালা ও আলোচনাসভার আয়োজন এবং প্রচারপত্র মুদ্রণও করে থাকে। আশা করা যায় যে, ১৯৯৭-৯৮ বর্ষে পরিকল্পনা খাতে ৮০ (আশি) লক্ষ টাকার বাজেট বরাদ্দের সবটাই ব্যয় করা যাবে। ১৯৯৮-৯৯ বর্ষে এ ব্যাপারে পরিকল্পনা খাতে ৮৮ লক্ষ টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

**সমবায় সেবা আয়োগ**

১৯৮৩ সালের পশ্চিমবঙ্গ সমবায় আইনের পঞ্চম তফসিলে বর্ণিত সমবায় সমিতিগুলিতে কর্মী নিয়োগের ব্যাপারে সুষম নীতি মেনে চলার উদ্দেশ্যে রাজ্য সরকার কর্তৃক সমবায় সেবা আয়োগ গঠিত হয়েছে।

**অতিরিক্ত তদর্থক ভাতা**

নির্দিষ্ট কয়েক ধরনের প্রাথমিক সমবায় সমিতির কর্মচারিদের বকেয়া অতিরিক্ত তদর্থক ভাতা বাবদ ১৯৯৭-৯৮ বর্ষে ৬ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। ১৯৯৮-৯৯ বর্ষে এই বাবদ প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হচ্ছে।

**সমবায় নিরীক্ষা অধিকার**

বিভিন্ন ধরনের সমবায় সমিতিগুলিকে দেওয়া আর্থিক সাহায্য সুরক্ষিত করা, তার যথাযথ ব্যবহার সুনিশ্চিত করা এবং সমবায় সমিতিগুলির আর্থিক অবস্থা মূল্যায়নের জন্য নিরীক্ষা ব্যবস্থা থাকা অত্যাবশ্যক। এই উদ্দেশ্যে পৃথক সমবায় নিরীক্ষা অধিকার কাজ করছে।

সমবায় নিরীক্ষা অধিকারে প্রয়োজনীয় কর্মচারীর অভাব সত্ত্বেও বিভাগীয় আধিকারিকদের দ্বারা বিধিবদ্ধ নিরীক্ষার কাজ সম্পন্ন করার ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক অগ্রগতি ঘটেছে।

১৯৯৭-৯৮ সালে (৩১-১২-৯৭ পর্যন্ত) সমবায় নিরীক্ষা অধিকার ১১ হাজার ৭৯৯টি সমিতির নিরীক্ষণকার্য সম্পন্ন করেছে এবং ৫০ লক্ষ টাকা নিরীক্ষা ফি হিসাবে পাওয়া যাবে। আশা করা যায়, উক্ত অধিকার ১৯৯৮-৯৯ বর্ষে ১৫ হাজার সমিতির নিরীক্ষণকার্য সম্পন্ন করবে এবং এই সময় নিরীক্ষা ফি বাবদ আদায় হবে ১৬০ লক্ষ টাকা।

**পশ্চিমবঙ্গ সমবায় ট্রাইব্যুনাল**

পশ্চিমবঙ্গ সমবায় আইন অনুযায়ী বিতর্কিত বিষয়গুলি নিষ্পত্তি করার উদ্দেশ্যে ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গ সমবায় ট্রাইব্যুনাল গঠিত হয়। বিগত ১৯৮৯-৯০ সাল থেকে ১৯৯৮ সালের জানুয়ারি পর্যন্ত পেশ করা ৬২০টি আর্জির মধ্যে ৩৫২টি নিষ্পত্তি করা হয়েছে ও ২৬৮টি বকেয়া হয়েছে।

**পশ্চিমবঙ্গ সমবায় রেজিস্ট্রেশন কাউন্সিল**

তিনজন সদস্য নিয়ে পশ্চিমবঙ্গ সমবায় রেজিস্ট্রেশন কাউন্সিল গঠিত হয় ১৯৮৮ সালে। পশ্চিমবঙ্গ সমবায় ট্রাইব্যুনাল সদস্য ওই কাউন্সিলের সভাপতি ; অপর দুজন সদস্যের একজন পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নের এবং অন্যজন রাজ্য সরকারের প্রতিনিধি। সমবায় সমিতি নিবন্ধীকরণের বিষয়গুলি পরীক্ষা ও বিবেচনা করার দায়িত্ব এই কাউন্সিলের উপর ন্যস্ত। ১৯৮৮ সাল থেকে কাউন্সিলে পাঠানো ৩১৭টি কেসের মধ্যে ২১৭টির নিষ্পত্তি হয়েছে।

উপরোক্ত কর্মকান্ড ছাড়াও সমবায় আন্দোলনের কর্মক্ষেত্র গতানুগতিকতার সীমা ছাড়িয়ে বিস্তার লাভ করেছে।

(ক) চা পর্ষদ এবং চা গবেষক সংস্থার সহায়তায় এবং পরিচালনায় পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন সমবায় ব্যাঙ্ক পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ের সিরকাবাদ এলাকায় এক উদ্যোগী প্রকল্পের মাধ্যমে চা চাষ শুরু করেছে। এই প্রকল্পের সার্থক প্রয়োগে উক্ত জেলার আদিবাসী এলাকার অর্থনীতিতে সার্বিক উন্নতিসাধন হবে।

(খ) উত্তর চব্বিশ পরগনা ও নদীয়া জেলার পাটচাষী সমবায় সমিতিগুলিকেও উৎসাহ প্রদান করা হচ্ছে। ঐ দুই জেলায় ক্ষুদ্র সমবায় পাটকল স্থাপনের কাজে ভারত সরকারের বস্ত্র দপ্তরের সঙ্গে আলোচনা সাপেক্ষে অগ্রগতি ঘটছে।

রাজ্য সরকার সমবায় আন্দোলনকে গণতান্ত্রিক নীতির উপর প্রতিষ্ঠিত করতে এবং একে কায়েমি স্বার্থের প্রভাব মুক্ত করতে বদ্ধপরিকর। এই উদ্দেশ্যে জনগণের মধ্যে

সমবায় চেতনাকে জাগরিত করবার প্রচেষ্টা গৃহীত হয়েছে যা সমবায় আন্দোলনকে সঠিক পথে সুনিশ্চিত করতে পারে। আমি নিশ্চিত যে, এই রাজ্যে সমবায় আন্দোলন ন্যস্ত ভূমিকা সঠিকভাবে পালন করে গ্রামীণ অর্থনীতি ও অন্যান্য ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তন আনতে সমর্থ হবে।

এখন আমি সভার মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি তারা যেন রাজ্যের সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সক্রিয় সহযোগিতা ও সমর্থন করেন। এই বলেই আমি এই সভার কাছে আমার বিভাগের প্রস্তাবিত ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য সুপারিশ করছি।

**DEMAND No. 58**

**Major Heads : 2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,61,75,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes".

(This is inclusive of a total sum of Rs. 5,20,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Birenda Kumar Moitra on Demand No. 58 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৫৮ নং দাবির অন্তর্গত মুখ্যখাত '২৪৩৫—কৃষি সম্পর্কীয় অন্যান্য কার্যসূচি' এবং '৪৪৩৫— কৃষি সম্পর্কীয় অন্যান্য কার্যসূচির' জন্য মূলধনগত ব্যয় বাবদ ১৫,৬১,৭৫,০০০ (পনেরো কোটি একষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয় বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৫,২০,০০,০০০ (পাঁচ কোটি কুড়ি লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

**পশ্চিমবঙ্গের বিপণন দৃশ্যবিবরণী**

কৃষিক্ষেত্রে সম্প্রতি পশ্চিমবঙ্গ বিরাট সাফল্য অর্জন করেছে। কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধির পাশাপাশি রাজ্য জুড়ে এক সুসংবদ্ধ বিপণন পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজনীয়তা গভীর ভাবে অনুভব করা হয়েছে। উৎপাদন বৃদ্ধির স্বার্থে গৃহীত কোনও পরিকল্পনাই সফল হতে পারে না যদি না উৎপাদনকারীরা তাদের উৎপাদনের ন্যায্য মূল্য পায়। খামার থেকে ভোক্তা পর্যন্ত পণ্যের সুষ্ঠু স্থানান্তরণের জন্য প্রয়োজন উপযুক্ত বাজার চত্বর এবং বাজারজাতকরণ, পরিবহন, গুদামজাতকরণ, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও গুণমান নিয়ন্ত্রণের সুবিধা-সুযোগ। ভোক্তা কর্তৃক প্রদেয় পণ্যের মূল্যের মধ্যে বিভিন্ন ধাপে এ বাবদ ব্যয় অন্তর্ভুক্ত করা হয়। কাজেই বিপণন ব্যবস্থা কতখানি কার্যকর এবং ক্রেতারা যে দাম দেন তার কত ভাগ কৃষকেরা পান সেটা নির্ভর করে বিপণনের সুযোগ-সুবিধা খরচপত্রাদি এবং বিভিন্ন স্তরে বিপণন প্রক্রিয়ার সঙ্গে যারা যুক্ত তাদের পারিশ্রমিকের উপর।

উৎপাদনকারী, ব্যবসায়ী, মধ্যস্থকারবারী, ভোগকারী এবং অন্যান্য বাজার ব্যবহারকারীর স্বার্থে রাজ্যব্যাপী এক সুষ্ঠু বিপণন পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে বিপণন দপ্তর এক কর্মসূচি গ্রহণ করেছে। বিপণনের উপযোগী প্রয়োজনীয় পরিকাঠামোগত সুবিধা-সুযোগ প্রদান করাই হল নিয়ন্ত্রিত বাজার সমিতি ও উপ-বাজারগুলির মূখ্য উদ্দেশ্য। কৃষি বিপণন ক্ষেত্রে এক নতুন যুগের সূচনা করতে নিয়ন্ত্রিত বাজার কমিটির পর্যায়ে চাষী, কারবারী, স্থানীয় সংস্থা, জনপ্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠান প্রভৃতির সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত আছে।

গ্রামাঞ্চলের মানুষের সুবিধার্থে খামার থেকে বাজার সংযোগকারী সড়ক (প্রয়োজনবোধে কালবুদ ও সেতুসমেত) নির্মাণ ও উন্নয়ন অগ্রাধিকার কর্মসূচিভুক্ত। সহজ ও দ্রুত কৃষিপণ্যের হস্তান্তর ও গ্রাম্য পরিবহনের সাহায্যকারী এই সড়কের গুরুত্ব অনস্বীকার্য। আজকাল গৃহস্থের বাড়িতে সহজে পচনশীল ফল ও শাক-সবজির প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ, বিপণনের স্বার্থে একান্ত আবশ্যক। প্রশিক্ষণ প্রদান ও কমিউনিটি ক্যানিং সুবিধাসহ ২৪টি ফল প্রক্রিয়াকরণ কেন্দ্র (কালিয়াগঞ্জ নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনে ১টি) আমার দপ্তরের পরিচালনাধীন। প্রশিক্ষণ প্রদান ছাড়াও, এইসব কেন্দ্রগুলি স্বল্প মূল্যে প্রক্রিয়াজত ফল উৎপাদন ও বিক্রি করে।

আমার ধারণা, তুলনামূলক বিচারে কৃষিক্ষেত্রে পরিবর্তনের চেয়ে বর্তমান বিপণন পরিকাঠামোর সংস্কারসাধন অধিকতর কঠিন ও সময়-সাপেক্ষ। ইতিমধ্যে সীমিত সামর্থের মধ্যে নেওয়া কর্মসূচিতে সুফল পাওয়া গেছে। ১২টি বাজার চত্বরে অবস্থিত পাটের গুদাম, পাট বাঁধা ও শ্রেণী বিভাজনের উপযোগী ছাউনি এবং পেষাযন্ত্র সমেত জুট

কমপ্লেক্স ভারতীয় পাট নিগমকে পরিপোষক মূল্যে পাট কেনার কাজে নামতে সাহায্য করেছে। এটা সম্ভব হয়েছিল আমার দপ্তর কাঁচা পাটের দাম কমে যাওয়ার মুখে কেন্দ্রীয় সরকারের Textile দপ্তরে সম্মতি আদায় করার পর। পাট চাষীরা সীমিত হলেও কিছু পরিমাণে সুযোগ লাভে সমর্থ হয়েছিলেন। গত বছর পশ্চিমবঙ্গ এবং ভারতের অন্যান্য রাজ্যে রেকর্ড পরিমাণ আলুর চাষ ও ফলন হয়েছিল। সর্বত্র অনুকূল আবহাওয়ার জন্যই এটা সম্ভব হয়েছিল। স্বাভাবিকের তুলনায় এই উৎপাদনের হার প্রায় ১$^{১}/_{২}$ গুণ বেশি। প্রয়োজনের তুলনায় হিমঘরের ধারণ ক্ষমতা পর্যাপ্ত ছিল না। সারা বছর ধরেই অন্যান্য রাজ্যে রপ্তানি কম হওয়ায় আলুর অভাবি বিক্রিও হয়েছে। ফলে চাষীরা মার খেয়েছেন।

এ বছরের চিত্রটি সম্পূর্ণ আলাদা। পশ্চিমবঙ্গসহ, বিহার, উত্তরপ্রদেশ এবং অন্যান্য রাজ্যে আলুর চাষ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আলু চাষের জমির পরিমাণ অনেক কমেছে। কুয়াশা, মাঝে মাঝে বৃষ্টি এবং শিলাবৃষ্টির জন্য একর প্রতি ফলনও অনেক কম। এর ফলে মোট উৎপাদন এ বছর স্বাভাবিকের অনেক নিচে। গত বছর আমি ভরতুকির প্রতিশ্রুতি দিয়েও অন্য রাজ্যে আলু পাঠাতে পারিনি, কিন্তু এ বছর ফসল উঠবার শুরু থেকেই প্রচুর পরিমাণ আলু ভিন রাজ্যে যেতে আরম্ভ করেছে। সামগ্রিক ভাবে জোগান কম থাকায় বাজারে আলুর দাম ঊর্ধ্বমুখী। কিন্তু তুলনামূলকভাবে কৃষকেরা ভাল দাম পাচ্ছেন এবং অভাবি বিক্রির গঠনা নেই। আমি ব্যবস্থাপক সভাকে জানাতে চাই যে আমার দপ্তর সমস্ত পরিস্থিতি বিবেচনা করে ভারত সরকারের কৃষি মন্ত্রকের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করে রাজ্যে উৎপাদিত আলুর রপ্তানির ব্যাপারে আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে রাজি করে। এর ফলে পরীক্ষামূলকভাবে বেসরকারি উদ্যোগে কিছু আলু শ্রীলঙ্কা ও সিঙ্গাপুরের মতো সম্ভাব্য বাজারে প্রেরণ করা সম্ভব হয়েছে। উক্ত দুটি দেশ ও প্রতিবেশী রাষ্ট্রগুলিতে আগামী বছরগুলিতে আলু রপ্তানির সম্ভাবনা খতিয়ে দেখার প্রস্তাব রাখছি। পেঁয়াজের মূল্যের ঊর্ধ্বগতি সম্পর্কে আমাদের ভূমিকা ছিল নীরব দর্শকের মতো কারণ, মহারাষ্ট্র ও গুজরাটের মতো। পেঁয়াজ উৎপাদনকারী রাজ্যগুলিতে এবার ফসল হয়নি এবং ফসল বিলম্বিত হয়েছে। স্থানীয় পেঁয়াজ জোগানের ঘাটতি পূরণ করতে সক্ষম হয়নি। ফলে মূল্যবৃদ্ধি অনিবার্য হয়ে পড়ে।

**বাজার নিয়ন্ত্রণ**

কৃষিজাত পণ্য বিপণন নিয়ন্ত্রণ আইন, ১৯৭২ অনুসারে বর্তমান বাজার ব্যবস্থার যথাযথ সংস্কারসাধন এবং বাজার ও হাটগুলির উন্নয়ন সাধনের প্রচেষ্টা চালানো হচ্ছে। বাজার ব্যবহারকারী, উৎপাদক-বিক্রেতা ও ব্যবসায়িদের জন্য গ্রামীণ হাট ও বাজারগুলি উপযুক্ত সুযোগ-সুবিধা ও পরিকাঠামো-সংক্রান্ত ব্যবস্থা সুনিশ্চিত করতে সক্ষম হয়নি। শোষণ ও দুর্নীতির ফলে অবস্থা আরও খারাপ হয়। সেজন্য বাজার নিয়ন্ত্রণ কর্মসূচিকে

সকলে আশীর্বাদ হিসাবেই গণ্য করে। ১৯৯৭-৯৮ আর্থিক বছরের শেষে রাজ্য সরকার ১০৪টি পাইকারি বাজার ও ২০০৭টি গ্রামীণ প্রাথমিক বাজার সমেত মোট ৪৬টি নিয়ন্ত্রিত বাজার সমিতি সংগঠিত করেছে। ১৩২টি প্রজ্ঞাপিত উপ-বাজার উক্ত ৪৬টি নিয়ন্ত্রিত বাজারের অন্তর্গত। ২৬টি বাজার সমিতির প্রধান বাজার চত্বরের জন্য নিজস্ব জমি আছে। পরিকাঠামোগত ব্যবস্থাসম্পন্ন ২২টি মার্কেটিং কমপ্লেক্স গড়ে তোলা সম্ভব হয়েছে।

**পরিকাঠামো**

(ক) প্রধান ও উপ-বাজার চত্বর নির্মাণের ফলে পুরাতন বাজারের ভিড় ও রাস্তার ধারে সংগঠিত বেচাকেনা এড়ানো সম্ভব হয়েছে।

(খ) নিলামের জন্য ছাউনি থাকার ফলে বাজার ব্যবহারকারিরা সব ঋতুতেই রোদ, বৃষ্টি ও ঝড় উপেক্ষা করে কার্য নির্বাহ করতে সক্ষম হচ্ছেন।

(গ) উপযুক্ত প্রবেশপথ ও অভ্যন্তরীণ পথ থাকার ফলে বর্ষাকালেও বাজারে প্রবেশ, নির্গমন ও চলাচলের কোনও অসুবিধা হয় না।

(ঘ) বাজার চত্বরের মধ্যে অবস্থিত শস্য গোলা, বস্তাবন্দি ও শ্রেণী বিভাজন করার উপযুক্ত ছাউনি ও পাট পেষণযন্ত্র গ্রামাঞ্চলে মজুতকরণের সমস্যা সমাধানে বহুলাংশে সহায়ক হয়েছে। এর ফলে ভারতীয় পাট নিগমের পাট আস্বাদন (সংগ্রহ) অভিযান অনেক সহজতর হয়েছে। জে. সি. আই. এস. ডাবলিউ. সি. সি., ডবলিউ. সি. ফার্টিলাইজার কর্পোরেশন অব ইন্ডিয়া এইসব গুদাম ব্যবহারকারী। এ পর্যন্ত ৭৫,০০০ মেট্রিক টন স্থান মজুতকরণের জন্য নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক সৃষ্ট হয়েছে।

(ক) **দোকান-তথা-গুদাম**

১৫টি বাজার সমিতি বাজার চত্বরে গুদাম সংলগ্ন দোকান ঘর ব্যবসায়িদের ভাড়া দিয়েছে।

(খ) **আর্থিক সাহায্য**

নির্বাচিত কিছু বাজার সমিতি জামিন হিসাবে গচ্ছিত ফসলের বিনিময়ে নগদ ঋণ প্রদান করে। ফসল তোলার অব্যবহিত পরে পণ্যের অভাবি বিক্রয়ের হাত থেকে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীকে বাঁচাতে এই প্রকল্পকে যথেষ্ট জনপ্রিয় করে তোলার প্রচেষ্টা চালানো হচ্ছে।

**(গ) আইন সংক্রান্ত সাহায্য**

আইনমতো বাজার ফি আদায় করা ছাড়াও বাজার সমিতি কৃষিপণ্যের পর্যায়করণ ও ওজন-সংক্রান্ত বিতর্কে মধ্যস্থতা করে। বাজার সমিতি কর্তৃক প্রদেয় বাজার ফিসের রসিদ গবাদি পশুর ক্রেতার নিকট লেনদেনের অকাট্য প্রমাণ।

**(ঘ) নাগরিক পরিষেবা**

বাজার চত্বরের মধ্যে পানীয় জল, প্রস্রাবাগার, শৌচাগার, গাড়ি ও ভ্যান রাখার জায়গা এবং নিষ্কাশন ব্যবস্থা উক্ত পরিষেবার অন্তর্গত।

**(ঙ) অন্যান্য সুবিধা**

কিষাণ ভবন নামে বাজার ব্যবহারকারিদের জন্য বাজার চত্বরে নির্মিত বিশ্রামাগারের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে বাজার সমিতি উদ্যোগী। বেথুয়াডহরি নিয়ন্ত্রিত বাজার সমিতি একটি বিশ্রামাগারের নির্মাণকার্য ইতিমধ্যেই সমাধা করেছে। শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান বাজার চত্বরে মাল্লাগুড়িতে কিষাণ ভবনের ভিত্তি প্রস্তর স্থাপিত হয়েছে।

(চ) কিছু বিত্তশালী বাজার সমিতি নিজস্ব অর্থে বাজার সংযোগকারী রাস্তার নির্মাণ ও উন্নয়ন কাজ গ্রহণ করেছে। অগ্রগতি নিম্নরূপ ঃ

| বৎসর | রাস্তার সংখ্যা | বাজার সমিতির ব্যয় |
|---|---|---|
| ১৯৯৬-৯৭ | ৫২ | ৩.২ কোটি |
| ১৯৯৭-৯৮ | ৬৭ | ৩.৪ ঐ |

কৃষিজ বিপণন ক্ষেত্রে বিবিধ উন্নয়নমূলক কাজ করে নিয়ন্ত্রিত বাজার সমিতি স্থানীয় উন্নয়নের পথপ্রদর্শক হিসাবে পরিগণিত হয়েছে ও মানুষের মধ্যে আশার সঞ্চার করেছে। কার্য নির্বাহের ক্ষেত্রে বিলম্ব অথবা গাফিলতি সংশ্লিষ্ট সকলের কাছে উদ্বেগের কারণ। আমি স্বীকার করি যে উন্নয়নের গতি মন্থর কিন্তু স্থানীয় প্রয়োজনের নিরীখে পরিকল্পনা গ্রহণ এবং সীমিত সঙ্গতির মধ্যে কার্য নির্বাহ করাও বাঞ্ছনীয়।

বাজার নিয়ন্ত্রণ কর্মসূচির সার্থক রূপায়ণের প্রধান অন্তরায়গুলি এরূপ ঃ

(১) নিয়ন্ত্রিত বাজার এলাকার বাজার-হাটের মালিকানা বিভিন্ন ব্যক্তি ও সংস্থার হেফাজতে থাকার দরুন পরিচালনার নিয়মবিধি বিভিন্ন রকম।

(২) কৃষক ও বাজার ব্যবহারকারিদের ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে নতুন হাট-বাজার নির্মাণের জন্য উপযুক্ত জমির অভাব।

(৩) ১৯৪৮-এর আইন ১-এর অধীন জটিল জমি গ্রহণ পদ্ধতি।

(৪) প্রায়শ ব্যবসায়ী বা কারিবারিগণ কর্তৃক বিভিন্ন অজুহাতে আদালতে বিভিন্ন মামলা দায়ের।

**পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ**

পশ্চিমবঙ্গ কৃষিজ বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুসারে পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ স্থাপিত হয়েছে। বাজার সমিতির ক্রিয়াকলাপের সমন্বয় সাধন, পরিচালনা, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ হল পর্ষদের মূল কাজ। পর্ষদ বাজার সমিতির হিসাব পরীক্ষা করে ও বার্ষিক আয়ব্যয়ের উপর নিয়ন্ত্রণ রাখে। উন্নয়নমূলক কাজের পরিকল্পনা গ্রহণ, প্রতিচিত্রের রূপায়ণ ও সম্ভাব্য ব্যয়ের হিসাব করার মতো বিশেষজ্ঞ সুলভ পরামর্শ প্রদানের জন্য তিনজন অবসরপ্রাপ্ত বাস্তুকারকে নিয়োগ করা হয়েছে। বিভিন্ন ধাপে কার্য নির্বাহের তত্ত্বাবধান এই 'সেলের' উপর অর্পিত হয়েছে। পর্ষদ স্তরে প্রায়োগিক সেলকে অধিকতর শক্তিশালী করার প্রয়োজন আছে। বাজার সমিতির উন্নয়নমূলক কাজের দ্রুত ও ফলপ্রদ রূপায়ণের লক্ষ্যে আরও কয়েকজন বাস্তুকার শীঘ্রই নিয়োগ করা হবে।

**গ্রামীণ ও প্রাথমিক বাজারের উন্নয়ন**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ২,৯০০টি বৃহৎ ও ক্ষুদ্র গ্রামীণ ও প্রাথমিক বাজার আছে। এগুলির মধ্যে প্রায় ২,০০০টি হাট-বাজার নিয়ন্ত্রণ কর্মসূচির আওতাভুক্ত, এই হাটগুলির মালিকানাই এদের উন্নতির অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এই হাটগুলির মাত্র ১৩২টির কর্তৃত্ব বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক গৃহীত হয়েছে। উক্ত হাটগুলির পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে বাজার সমিতিগুলি অর্জিত তহবিল থেকে অর্থব্যয়ে ছাউনি, যোগাযোগের রাস্তা, পানীয় জল ও অন্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করেছে। অধিকাংশ গ্রামীণ বাজারগুলিই ব্যক্তি মালিকানাধীন এইসব মালিকেরা বাজার ব্যবহারকারিদের কাছ থেকে ভাড়া ও অন্য ফি বাবদ অর্থ আদায় করা সত্ত্বেও বাজারের পরিকাঠামোগত পরিবর্তন সাধন অথবা অন্য উন্নয়নকার্যে কোনও অর্থ ব্যয় করে না।

(খ) বাজার নিয়ন্ত্রণ আইন অনুসারে এইসব ব্যক্তিমালিকানাধীন বাজারগুলিতে অনুজ্ঞাপত্র প্রদান নিয়ম বাধ্যতামূলকভাবে চালু করার চিন্তা-ভাবনা চলছে।

এর ফলে অনুজ্ঞাপ্রাপ্ত বাজারের মালিক তার আয় থেকে বাজারের উন্নয়ন সাধনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করতে বাধ্য হবে। আশা করব মাননীয় সদস্যরা এ ব্যাপারে আমার সঙ্গে একমত হবেন।

(গ) পূর্বেই উল্লেখ করেছি যে, নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি কৃষিপণ্যের বাজার, গ্রামীণ প্রাথমিক বাজারগুলির উন্নয়ন এবং অন্যান্য সুবিধা-সুযোগের ব্যবস্থাদি নিজ নিজ অর্থব্যয়ে করে থাকে। পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২-এ বর্ণিত 'বাজার ফি' হিসাবে উক্ত তহবিল সংগৃহীত হয়। আইনানুযায়ী এই সব ফি সেই সব ব্যবসায়ীর নিকট হইতে সংগ্রহ করা হয় যারা পুনরায় বিক্রয় করার জন্য উক্ত পণ্য ক্রয় করে থাকেন। কৃষিপণ্য বিক্রয়কারী উৎপাদকের কাছ থেকে কোনওরূপ ফি আদায় করা হয় না। ফি প্রদান সুনিশ্চিত করতে ও বাজার ফি কৌশলে পরিহার করার চেষ্টা ব্যহত করতে বিভিন্ন বাজার সমিতিগুলি রাস্তার পাশে চেকপোস্ট স্থাপন করেছে। আমি মাননীয় সদস্যবৃন্দকে নিশ্চিতরূপে জানাই যে, উৎপাদকের কাছ থেকে বাজার অথবা চেকপোস্ট কর্তৃক কোনওরূপ বাজার ফি আদায় করা হয় না। চেকপোস্ট সংগৃহীত অর্থ ওই এলাকার উন্নয়নের জন্য ব্যয় করা হয়।

এ প্রসঙ্গে মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করি।

**আলুর উৎপাদন ও হিমঘর**

১৯৯৭ সালে পশ্চিমবঙ্গে আলুর উৎপাদন প্রায় ৭২ লাখ মেট্রিক টনে পৌছেছে। পক্ষান্তরে হিমঘরের ধারণ ক্ষমতা ৩০ লক্ষ মেট্রিক টন। ফলে আলু রাখার স্থানের জন্য চাহিদা ও হিমঘরের ধারণ ক্ষমতার মধ্যে বিস্তর ফারাক দেখা দিয়েছে। যেহেতু হিমঘর নির্মাণ যথেষ্ট ব্যয়বহুল ব্যাপার সেহেতু রাতারাতি ধারণ ক্ষমতা বৃদ্ধি করা সম্ভবপর নয়। এছাড়া, সারা দেশে আলুর প্রচুর ফলন বাহিরের চাহিদাতে মন্দাভাব সৃষ্টি করেছে। এর ফলে এ বছর আলু চাষীরা ক্ষতিগ্রস্ত হয়েছে। হিমঘর শিল্প সম্প্রসারণের লক্ষ্যে আমার দপ্তর সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। বেসরকারি ক্ষেত্রে ২৭টি নতুন হিমঘর নির্মাণের জন্য অনুমতি দেওয়া হয়েছে। এছাড়াও কয়েকটি হিমঘর সম্প্রসারণের জন্য অনুমতি দেওয়া হয়েছে। এর ফলে ১৯৯৮ সালে হিমঘরের দারণ ক্ষমতা আরও ৩ লাখ মেট্রিক টন বৃদ্ধি পবে। দীর্ঘ আলোচনার পর ভারত সরকার আলু রপ্তানি সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে রাজি হন। এর ফলে বেসরকারি উদ্যোগে শ্রীলঙ্কা ও সিঙ্গাপুরে আলু রপ্তানি করা সম্ভব হয়েছে। যদিও রপ্তানির পরিমাণ যথেষ্ট নয়, তবুও আলু চাষী ও এ রাজ্যে আলু উৎপাদনের স্বার্থে এই পদক্ষেপ যথেষ্ট গুরুত্বপূর্ণ। হিমঘরকে শিল্পের মর্যাদা দেবার

প্রচেষ্টা চলছে। সম্প্রতি উত্তরবঙ্গের জেলাগুলিতে বিশেষত জলপাইগুড়ি ও কোচবিহারে আলুর উৎপাদন বৃদ্ধি পেয়েছে। হিমঘরে স্থান সংগ্রহ করার চাহিদার কথা ভেবে কোচবিহারের একটি সমবায় হিমঘরকে আলু সংরক্ষণ করার জন্য অনুমতি দেওয়া হয়েছে। হিমঘর নির্মাণের জন্য অন্য দুটি অনুমতি জলপাইগুড়ি জেলায় দেওয়া হয়েছে। আশা করা হচ্ছে একটি হিমঘরের নির্মাণ কাজ ১৯৯৮ সালের আলু সংগ্রহ করার কালের পূর্বেই সম্পূর্ণ হবে।

**হিমঘরে পূর্বাহ্নে স্থান সংগ্রহ করার সমস্যা**

হিমঘরে স্থান বন্টন করার সমস্যা নিয়ে একটি সমীক্ষা চালাতে কৃষি দপ্তর বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও উত্তর দিনাজপুরের বন্ধ হিমঘর খোলার উদ্যোগ ব্যর্থ হয়েছে। পশ্চিমবঙ্গ হিমঘর আইনের এক অনুবিধি হিমঘরে স্থান সংগ্রহ করার স্বার্থে বদলানো হয়েছে।

**বন্ধকি লগ্নির পরিকল্পনা**

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের স্বার্থে এ রাজ্যে 'বন্ধকি লগ্নি' চালু করা হয়েছে। ফসল তোলার অব্যবহিত পরে বাজারে অতিরিক্ত জোগানের ফলে মূল্য হ্রাসের প্রবণতা দেখা যায় এবং চাষীরা তাদের পারিবারিক প্রয়োজনে অথবা ঋণ পরিশোধার্থে কৃষিপণ্য অত্যধিক কম মূল্যে বিক্রি করে থাকেন। এই পরিকল্পনার অধীনে ক্ষুদ্র চাষীরা কৃষিপণ্য বন্ধক রেখে স্বল্প ঋণ পেয়ে থাকেন। পরবর্তীকালে কৃষিপণ্য তারা লাভজনক মূল্যে বিক্রি করতে পারেন। নিয়ন্ত্রিত বাজার সমিতি কৃষিপণ্যের মূল্যের ৭৫ শতাংশ অগ্রিম দিয়ে থাকে। অগ্রিমের সর্বাধিক পরমাণ ৫,০০০ টাকা, এ ব্যাপারে চাষীদের কাছ থেকে এখনও পর্যন্ত উল্লেখযোগ্য সাড়া পাওয়া যায়নি। ইসলামপুর, ধুপগুড়ি, শামসি, করিমপুর, কালনা ও বেথুয়াডহরি নিয়ন্ত্রিত বাজার সমিতি এই প্রকল্প চালু রেখেছে।

**খামার পর্যায়ে শস্যগোলা তৈরি**

গুদামজাতকরণের উপযুক্ত ব্যবস্থার অভাবে চাষীরা ক্ষতিগ্রস্ত হয়। গুদামজাতকরণজনিত ক্ষতি হ্রাস করার লক্ষ্যে বিপণন দপ্তর ফলপ্রদ মজুতকরণের ব্যবস্থাদি অবলম্বন করেছে। খামার পর্যায়ে মজুতকরণ ব্যবস্থার উন্নতিকল্পে, ভারত সরকারের খাদ্য দপ্তরে 'শস্য সঞ্চয় প্রচার অভিযান' প্রণীত পাঁচ প্রকারের শস্যগোলা চাষীদের দেওয়ার জন্য নিম্নরূপ ব্যবস্থা আছে।

(ক) ইটের শস্যগোলা

যেগুলির প্রত্যেকটির ধারণ ক্ষমতা ২.০০ মেট্রিক টন থেকে ৪.০০ মেট্রিক টন।

(খ) উন্মুক্ত স্থানে অবস্থিত চ্যাপ্টা তলদেশযুক্ত শস্যগোলা

যেগুলির প্রত্যেকটির ধারণ ক্ষমতা ২.৬০ মেট্রিক টন অথবা ৩.২০ মেট্রিক টন।

(গ) উন্মুক্ত স্থানে অবস্থিত চোঙ্গা তলদেশযুক্ত শস্যগোলা

যেগুলির প্রত্যেকটির ধারণ ক্ষমতা ২.৬৫ মেট্রিক টন অথবা ৩.১০ মেট্রিক টন।

(ঘ) পাহাড়ি এলাকার জন্য ০.২৫ মেট্রিক টন অথবা ০.৭৫ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন কাষ্ঠনির্মিত শস্যগোলা।

(ঙ) টিম্বার বা দারুকাষ্ঠ নির্মিত ০.৫০ মেট্রিক টন ধারণ ক্ষমতাযুক্ত শস্যগোলা।

এই ব্যাপারে চাষীদের কাছ থেকে প্রয়োজনীয় সাড়া পাওয়া গেছে। ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত ৩৪৪৪ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন শস্যগোলা ১,৭২২টি খামার চত্বরে তৈরি হয়েছে। গড়ে প্রতিটি শস্যগোলার ধারণ ক্ষমতা ২ মেট্রিক টন। ১৯৯৭-৯৮ সালে ৪৮টি নতুন শস্যগোলা নির্মিত হয়েছে যাদের মোট ধারণ ক্ষমতা ১৪৪ মেট্রিক টন। ১৯৯৮-৯৯ সালেও প্রকল্পটি চালু থাকবে।

**কৃষি ক্ষেত্র-খামার থেকে বাজার সংযোগকারী রাস্তার উন্নয়ন**

কৃষিজাত পণ্য খামার থেকে বাজার চত্বরে সহজে পৌঁছে দেওয়ার জন্য সেতু এবং কালভার্ট তৈরির ক্ষেত্রে রাজ্য সরকার যে প্রকল্প গ্রহণ করেছে তার মধ্যে তৈরি হয়ে যাওয়া রাস্তাগুলির রক্ষণাবেক্ষণের কাজও যুক্ত আছে। এই প্রকল্পের ফলে উৎপাদক, ব্যবসায়ী এমনকি গ্রামের সাধারণ মানুষও উপকৃত হয়েছেন। সংযোগকারী রাস্তা তৈরি ও মেরামতের বাবদ অর্থবন্টনের ক্ষেত্রে বিভিন্ন গ্রামীণ ক্ষেত্রে একটা চাহিদাও লক্ষ্য করা যাচ্ছে। অর্থের স্বল্পতার দরুন জেলা থেকে আমাদের কাছে যেসব দাবি এসে পৌঁছয় তা আমরা পুরোপুরি কার্যকর করতে পারিনি। এখন পর্যন্ত ৫৩৯টি খামার থেকে বাজার সংযোগকারী রাস্তা তৈরি করা হয়েছে যার দৈর্ঘ্য ৩,০৮০ কিলোমিটার। এর মধ্যে কালভার্ট ও সেতু আছে। এগুলো বেশিরভাগই বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার কমিটির এলাকায় অবস্থিত। '৯৮-'৯৮ অর্থবর্ষে এ ধরনের ৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে যার ব্যয়ের পরিমাণ ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা।

**গরুর গাড়ি ও রিক্সার উন্নয়ন**

চাষ জমি থেকে ফসল চাষীর খামারে এবং সেখান থেকে গ্রামের বাজারে বা হাটে

নিয়ে যাওয়ার ক্ষেত্রে এটা শুধু প্রয়োজনীয় তাই নয় উপরন্তু সামগ্রিক পরিবহনের ক্ষেত্রেও উৎপাদক বা চাষীদের কাছে এটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। সেই কারণে আমার দপ্তর থেকে এই ধরনের যান ব্যবহারকারিদের কাছে ভরতুকিসহ সুলভ প্রাপ্তির জন্য একটি প্রকল্পও গ্রহণ করেছ। যেহেতু এই কর্মসূচি গ্রামীণ পরিবহনের ক্ষেত্রে খুবই জনপ্রিয় এবং কার্যকর বলে প্রমাণিত হয়েছে। তাই আমি এই প্রকল্প '৯৮ '৯৯ আর্থিক বছরেও চালু রাখার পক্ষপাতী।

**পাট শ্রেণীবিন্যাসকরণের প্রশিক্ষণ**

পাট যেহেতু এই রাজ্যের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অর্থকরি ফসল তাই পাট বিপণনের সহায়ক ভূমিকা হিসাবে পাটচাষীদের জন্য পাটের শ্রেণীবিন্যাস সংক্রান্ত প্রশিক্ষণ চালু করা হয়েছে। কাঁচা পাট শ্রেণী বিন্যাসকরণের ক্ষেত্রে এবং উৎপাদিত দ্রব্যের অধিক মূল পাওয়ার জন্য বিপণনের পূর্বেই নির্দিষ্ট মানে শ্রেণীবিন্যাস যাতে করা যায় তার জন্য আমার দপ্তর চাষীদের জন্য ৯টি পাট শ্রেণীবিন্যাস কেন্দ্র স্থাপন করেছে। এই কেন্দ্রগুলি থেকে চাষীদের খামারে গিয়ে হাতে-কলমে পাটের শ্রেণীবিন্যাসের বিভিন্ন পদ্ধতি শিক্ষা দেওয়া হয়।

১৯৮২-৮৩ সাল থেকে পাটের শ্রেণীবিন্যাস প্রশিক্ষণের জন্য একটি বিশেষ উদ্যোগ চালু আছে যার মধ্যে পড়ে দুই দিনের বিশেষ প্রশিক্ষণ। সাদারণত যেসব অঞ্চলে ব্যাপকহারে পাট চাষ হয় সেখানকার পাটচাষী ও অনুন্নত সম্প্রদায়ের চাষীদের জন্য এই কর্মসূচি গ্রহণ করা হয়ে থাকে। এই ধরনের প্রশিক্ষণ শিবিরে শ্রেণীবিন্যাসের পদ্ধতির শিক্ষা দেওয়া ছাড়াও কাঁচা পাটের মান উন্নয়নের বিষয়েও বিশেষ উদ্যোগ নেওয়া হয়।

১৯৯৭-৯৮ অর্থ বছরে ১ (এক) হাজার পাটচাষীকে এই প্রশিক্ষণের আওতায় আনা হয়েছিল। এই প্রকল্পটি '৯৮-'৯৯ অর্থ বছরেও চালু থাকবে।

উত্তরবঙ্গে এবং দক্ষিণবঙ্গে ১৯৯৭ সালে কাঁচা পাটের দর ন্যূনতম সহায়ক মূল্যের নিচে ছিল ভারতীয় পাট নিগম (জে. সি. আই.) তাদের সহায়ক মূল্য প্রকল্পে ১০,৭৯২ মেট্রিক টন কাঁচা পাট '৯৮-এর মধ্য ফেব্রুয়ারি পর্যন্ত ক্রয় করেছে।

**ফল ও সবজি সংরক্ষণ**

পুষ্টি জোগানোর ক্ষেত্রে ফল ও সবজির অবদান অনস্বীকার্য। আমাদের রাজ্যে যে সব ফল পর্যাপ্ত পরিমাণে উৎপাদিত হয় তার মধ্যে আম, আনারস, পেয়ারা এবং সবজির মধ্যে টমাটো উল্লেখযোগ্য—যা প্রচুর পরিমাণে ভিটামিন সমৃদ্ধ। যেহেতু এগুলি সবই মরশুমি এবং মরশুমে প্রচুর পরিমাণে পাওয়া যায় তাই এদের উৎপাদকরা যথাযথ

দাম পান না কারণ বাজারে প্রচুর পরিমাণে আসার জন্য এ সবের চাহিদা কমে যায়। এ ছাড়াও মরশুম ছাড়া অন্য সময়ে এই ফল বা সবজিগুলির দুষ্প্রাপ্যতার দরুন ক্রেতাদেরও সময়ে অধিক মূল্য দিতে হয়। এগুলি যেহেতু পচনশীল এর একটা অংশ আবার সঠিকভাবে সযত্নে উঠানো-নামানোর অভাবে বা ব্যাগজাত করার সময়েও নষ্ট হয়ে যায়। কিছু অংশ আবার যাতায়াতের সময়ও নষ্ট হয়।

ক্ষতির পরিমাণ কমানোর জন্য এবং উৎপাদকদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে সারা বছর ধরে চাহিদা অনুযায়ী ভোক্তাদের কাছে সঠিক মাত্রায় পৌছাবার জন্য আমার দপ্তর কয়েকটি প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। এ ব্যাপারে ২৪টি ফল ও সবজি প্রশিক্ষণ—সংরক্ষণ কেন্দ্রীক কমিউনিটি ক্যানিং কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই সব কেন্দ্র থেকে নিম্নলিখিত সেবা পাওয়া যায় ঃ

(ক) মহিলা ও গৃহবধূদের জন্য মরশুমি ফলের প্রক্রিয়াকরণ ও সংরক্ষণের প্রশিক্ষণ। বছরে ১,৫০০ (১ হাজার পাঁচশত) এরও বেশি শিক্ষার্থী এর সুযোগ গ্রহণ করে থাকেন।

(খ) সবার জন্য কমিউনিটি ক্যানিং এর সুবিধা প্রদান। এটিও একটি জনপ্রিয় কর্মসূচি যা এই সমস্ত কেন্দ্রগুলি থেকে পাওয়া যায়। বছরে কুড়ি হাজারেরও বেশি জনসাধারণ মরশুমি ফল সংরক্ষণের সুবিধা গ্রহণ করে থাকেন।

(গ) ন্যায্য মূল্যের বিনিময়ে বহু মানুষ ফল ও সবজি সংরক্ষণ এবং প্রক্রিয়াকরণের কাজে এই সমস্ত কেন্দ্রগুলির সেবা যাতে পেতে পারেন তার ব্যবস্থাও আছে। প্রক্রিয়াজাত ফল ও সবজির খাদ্যাভ্যাস জনপ্রিয় করে তোলার ক্ষেত্রেও এই কেন্দ্রগুলির বিশেষ ভূমিকা আছে।

(ঘ) বিভিন্ন গ্রামীণ স্তর পর্যন্ত মেলা এবং প্রদর্শনীতে অংশগ্রহণের মাধ্যমে মানুষকে সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে উৎসাহিত করার জন্য এই কেন্দ্রগুলি হাতে-কলমেও কাজ করে চলেছে এবং সারা বছর ধরেই মানুষের মধ্যে এই ধরনের কাজের অভ্যাস সৃষ্টিতে এই কেন্দ্রগুলি কাজ করে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য টমাটোর প্রক্রিয়াজাতকরণের জন্য হলদিবাড়ি নিয়ন্ত্রিত বাজার কমিটি তাদের উদ্যোগে একটি প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করার চেষ্টা করছে। এ বিষয়ে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয়েছে এবং জমিটির উন্নয়নের কাজ চলছে।

এ ছাড়াও মালদহ শহরে অনুরূপ একটি কেন্দ্র খোলার চেষ্টা চলছে। ইংলিশ বাজার নিয়ন্ত্রিত কমিটির উদ্যোগে এক্ষেত্রে নির্মাণ কাজ শেষ হয়েছে। আশা করা যায়

আগামী আমের মরশুমে এখানে প্রক্রিয়াকরণের কাজ শুরু করা যাবে।

দার্জিলিং ফ্রুট অ্যান্ড ভেজিটেবিল প্রসেসিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড 'কাঞ্চন' নামে প্রক্রিয়াজাত উৎপাদন বাজারে এনেছিল। সংস্থাটি রুগ্ন হয়ে পড়ার ফলে শিলিগুড়ি, নিয়ন্ত্রিত বাজার সমিতি কার্যকর মূলধন হিসাবে দশ লক্ষ টাকা এই সংস্থাটিকে অনুদান দিয়েছে। কৃষিজ বিপণন দপ্তরের উদ্যোগে ভারত সরকারের পক্ষ থেকে ৩১ লক্ষ ৭৫ হাজার টাকা এই সংস্থায় অনুদান দিয়েছে যার ফলে ইতিমধ্যে এই সংস্থাটিতে বিভিন্ন ফল এবং সবজির প্রক্রিয়াকরণ ও বিপণন শুরু হয়েছে।

কাশিমবাজারের ফল প্রক্রিয়াকরণ কেন্দ্রটিও কাশিমবাজার নিয়ন্ত্রিত বাজার কমিটি স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে চলেছে। যদিও এ ব্যাপারে প্রয়োজনীয় জমি অধিগ্রহণের ব্যবস্থা এখনও করা যায়নি। এই কেন্দ্রটি মূল বাজার চত্বরে স্থাপন করার প্রস্তাব নেওয়া হয়েছে।

মহিলা ও গৃহবধূদের চাকুরির ক্ষেত্রে স্বনির্ভরতা অর্জনের জন্য আমার দপ্তর ৮টি কমিউনিটি ক্যানিং কেন্দ্র স্থাপন করেছে যেগুলি প্রাক্তন প্রশিক্ষণ-প্রাপ্ত মহিলাদের দ্বারা পরিচালিত হচ্ছে। এই কেন্দ্রগুলি থেকে পরিষেবা মূল্যের বিনিময়ে কমিউনিটি ক্যানিং-এর সুবিধা পাওয়া যায়।

**কৃষিপণ্যের গুণমান নিয়ন্ত্রণ**

উন্নতমানের দ্রব্যের বিপণন সুনিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য। এর ফলে উৎপাদনকারীর ন্যায্য মূল্য ও ভোগকারীর পণ্যের উৎকর্ষ উভয়ই সুনিশ্চিত হয়। এ জন্যই কৃষিজ পণ্য (মান এবং চিহ্নিতকরণ) আইন, ১৯৩৭ অনুযায়ী কৃষিপণ্য দ্রব্যের মান নির্ধারণ এখনও চালু আছে। এটি স্বেচ্ছা প্রবৃত্ত আইন। এই আইনের অনুবিধি অনুসারে শ্রেণীবিন্যস্ত উৎপন্ন দ্রব্যকে আগমার্ক দ্রব্য বলে। আগ মার্ককে জনপ্রিয় করে তুলতে আমরা দপ্তর চারটি গুণমান নির্ণয়কারী পরীক্ষাগার স্থাপন করেছে। এই পরীক্ষাগারগুলিতে ক্ষুদ্র ব্যবসায়ী উৎপাদিত তেল, ঘি, মধু, মশলাপাতি ইত্যাদির গুণাগুণ পরীক্ষা করা হয়।

**বাজার সংবাদ**

উপযুক্ত পরিকল্পনা এবং সঠিক বিপণন কৌশল অবলম্বন করার জন্য বাজার সংবাদ সরবরাহ পদ্ধতি যথেষ্ট কার্যকর হয়েছে। বাজারের অবস্থা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের মূল্য উৎপাদনকারীর অবগতির স্বার্থে উপযুক্ত সম্প্রচার প্রণালী অপরিহার্য। কলকাতাসহ বিভিন্ন উপ-বাজার এবং প্রান্তিক বাজারগুলি থেকে সংবাদ সংগ্রহ করার

দায়িত্ব অর্পিত হয়েছে কৃষি বিপণন দপ্তরের অধীন ১০০টি সংবাদ সরবরাহ কেন্দ্রের উপর। এইভাবে সংগৃহীত তথ্য বিভিন্ন প্রচার মাধ্যমে যেমন—আকাশবাণী (কলকাতা, শিলিগুড়ি) দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ইস্তাহারে প্রচার করা হয়। আমার দপ্তর কৃষিপণ্যের দর হাসপাতাল, জেল প্রভৃতি বিভিন্ন প্রতিষ্ঠানগত ক্রেতার নিকট পৌঁছে দেয়। এ ছাড়াও এসব সংগৃহীত তথ্য রিজার্ভ ব্যাঙ্ক ও অন্যান্য ব্যাঙ্ক, রেল ও সামরিক বিভাগে সরবরাহ করা হয়। এইসব কেন্দ্রগুলিকে আরও উন্নত যোগাযোগ ও তথ্য-সংক্রান্ত সুবিধা-সুযোগ প্রদানকারী উপকরণাদি দ্বারা সজ্জিত করার পরিকল্পনা বিবেচনাধীন আছে।

**অনুজ্ঞাপত্র প্রদান**

(১) পশ্চিমবঙ্গ হিমঘর (অনুমতি প্রদান ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৬৬-এর অধীনে হিমঘরের অনুমতিপত্র প্রদান ও হিমঘর নিয়ন্ত্রণ করা হয়।

(২) পশ্চিমবঙ্গ পণ্যাগার আনি, ১৯৬৩-এর অধীনে পণ্যাগারের অনুজ্ঞাপত্র প্রদান করা হয়।

(৩) পাট (অনুমতি প্রদান ও নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৬১-এর অধীনে পাট ব্যবসায়ীদের অনুজ্ঞাপত্র প্রদান করা হয়।

**বিপণন আধিকারিক এবং অন্যান্যদের প্রশিক্ষণ**

কৃষিজ বিপণনের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিপণন অধিকারের অধিকারিক, কর্মচারী ও নিয়ন্ত্রিত বাজার সমিতির কর্মচারী ও সদস্যদের জন্য উপযুক্ত প্রশিক্ষণের সবিধা-সুযোগ সুনিশ্চিত করা হচ্ছে। ৮ জন আধিকারিকের একটি দলকে প্রশিক্ষণের উদ্দেশ্যে জয়পুরে অবস্থিত কৃষি বিপণনের জাতীয় শিক্ষালয়ে পাঠানো হয়। ৮ জন আধিকারিকের অপর একটি দলকে হায়দ্রাবাদে অবস্থিত গ্রামীণ উন্নয়নের জাতীয় শিক্ষালয়ে পাঠানো হয় প্রশিক্ষণের উদ্দেশ্যে। ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণের ব্যাপারে প্রশিক্ষণ নেওয়ার লক্ষ্যে আর একটি প্রশিক্ষকের দলকে সি. এফ. টি. আর. আই. (C. F. T. R. I.) মাইসোরে পাঠাবার পরিকল্পনা আছে।

**কৃষিজ বিপণন সম্প্রসারণ, তথ্য ও জনসংযোগ**

(১) রাজ্যের চাষি, ব্যবসায়ি, জনপ্রতিনিধিদের তাঁদের দায়িত্ব সম্বন্ধে সচেতন করতে নিয়ন্ত্রিত বাজার সমিতির অন্তর্ভুক্ত প্রধান ও উপ-বাজার পর্যায়ে সারা রাজ্যে বাজার নিয়ন্ত্রণের উপর অনেকগুলি একদিনের কর্মসূচি পালিত হয়।

(২) কৃষিজ বিপণন অধিকার হিমঘরের কার্যাবলীর উপর কৃষকদের বেশ কিছু একদিনের কর্মশালা-তথা-প্রশিক্ষণ কর্মসূচির ব্যবস্থাও করে। এর ফলে চাষিদের মধ্যে হিমঘরের কার্যকরিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়। কৃষিজ বিপণনের স্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা এবং কর্মসূচি জনপ্রিয় করতে রাজ্যে বিভিন্ন স্থানে সংগঠিত জেলা ও প্রদর্শনী কৃষি বিপণনের মূল উদ্দেশ্যকে সার্থক করে তোলে।

**তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি এবং শিলিগুড়ি একাংশে বিপণন পরিকাঠামো উন্নয়ন প্রকল্প**

নেদারল্যাণ্ড সরকারের অর্থানুকূল্যে বিগত '৯৭-'৯৮ সালে উত্তরবঙ্গ তরাই বাজার উন্নয়ন প্রকল্পের জন্য তৃতীয় পর্যায়ের ৪৩.৬৪ টাকা বরাদ্দ হয়েছিল। বেলাকোবা, ধূপগুড়ি, আলিপুরদুয়ার, হলদিবাড়ি, মেখলিগঞ্জে, মাথাভাঙা ও কোচবিহার (সদর) নিয়ন্ত্রিত বাজার সমিতিকে উক্ত তহবিলের সাহায্যে বাজার ও বাজার সংযোগকারি রাস্তার উন্নয়ন সাধন করতে হবে।

**বাজার সমিতির কর্মচারিদের চাকুরির শর্তাবলীর উন্নতিসাধন**

নিয়ন্ত্রিত বাজার সমিতির কর্মচারিবৃন্দের চাকুরির সুযোগ-সুবিধা খতিয়ে দেখতে ও তার উন্নতিসাধনে একটি কমিটি গঠন করা হয়েছে।

**পান বিপণন ব্যবস্থার উন্নতিকরণ**

পানের পরিবহনের সমস্যা সমাধানের লক্ষ্যে আমার দপ্তর ভারত সরকারের রেল মন্ত্রকের সঙ্গে ১০-৯-৯৭ তারিখে বিশাখাপত্তনমে এক সভায় উক্ত বিষয়টি উত্থাপন করে নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে।

**নতুন চাষিকল্যাণ পরিকল্পনা**

নতুন চাষিকল্যাণ পরিকল্পনার অধীন আকস্মিক মৃত্যুর ক্ষেত্রে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদানের প্রশ্নটি আমার দপ্তরের বিবেচনাধীন রয়েছে।

বিপণন উন্নয় কর্মসূচিকে সফল করার জন্য আমি মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করি।

পরিশেষে আমি ব্যয়-বরাদ্দ বিবেচনা এবং অনুমোদনের জন্য সভার কাছে আবেদন রাখছি।

## DEMAND No. 59

## Major Head : 2501—Special Programmes for Rural Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 52,80,70,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programme for Rural Development".

(This is inclusive of a total sum of Rs. 17,60,00,000 already voted on account)

The Printed Budget Speech of Dr. Surya Kanta Mishra on Demand No. 59, 60, 62 & 63 was taken as read.

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরের ব্যয় নির্বাহের জন্য ৫৯নং অভিযাচনের জন্য মুখ্য খাত "২৫০১—স্পেশ্যাল প্রোগ্রাম ফর রুর‍্যাল ডেভেলপমেন্ট"-এর অধীনে খরাপ্রবণ অঞ্চল কর্মসূচি (ডি. পি. এ. পি.)-এর জন্য ১ কোটি ২ লক্ষ টাকা সহ মোট ৫২ কোটি ৮০ লক্ষ ৭০ হাজার টাকা ; ৬০ নং অভিযাচনের মুখ্য খাত "২৫০৫—রুর‍্যাল ডেভেলপমেন্ট"-এর অধীনে ৩৬০ কোটি ৭৬ লক্ষ ১০ হাজার টাকা ; ৬২ নং অভিযাচনের মুখ্য খাত "২৫১৫—আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (পঞ্চায়েতি রাজ)", "৩৬০৪—কমপেনসেশন অ্যান্ড অ্যাসাইনমেন্টস টু লোকাল বডিজ অ্যান্ড পঞ্চায়েতি রাজ ইনস্টিটিউশনস (পঞ্চায়েতি রাজ)" এবং "৬৫১৫—লোনস ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (পঞ্চায়েতি রাজ)"-এর অধীনে ২৩৪ কোটি ৫ লক্ষ ৯২ হাজার টাকা ; ৬৩ নং অভিযাচনের মুখ্য খাত "২৫১৫—আদার রুর‍্যাল ডেভেলপমেট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট)", "৪৫১৫—ক্যাপিটাল আউটলে অন আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিয়টি ডেভেলপমেন্ট)" এবং "৬৫১৫—লোনস ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট)"-এর অধীনে ৬৬ কোটি ৫০ লক্ষ ৪৫ হাজার টাকা মঞ্জুর করা হোক।

২. মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত সংস্থাগুলি রাজ্যের রাজনৈতিক ব্যবস্থার অবিচ্ছেদ্য ও অপরিহার্য উপাদানরূপে দৃঢ় প্রতিষ্ঠা লাভ করেছে।

বর্তমানে এগুলি গ্রামীণ এলাকার অর্থনৈতিক ও সামাজিক পট পরিবর্তনের গুরুত্বপূর্ণ হাতিয়ার রূপে সর্বজনীন স্বীকৃতি করেছে। ৭৩তম সংবিধান সংশোধনীর সঙ্গে সামঞ্জস্য রেখে রাজ্য পঞ্চায়েত আইনে কয়েকটি গুরুত্বপূণ নয়া সংশোধনীর সুবাদে, পঞ্চায়েতগুলি বর্তমানে আরও উপযুক্তরূপে প্রতিনিধিমূলক, কর্মচঞ্চল ও সংবেদনশীল হয়ে উঠেছে এবং আগামী দিনে জনসাধারণের জীবনযাপনের মান উন্নয়নের বাড়তি দায়িত্ব পালনের জন্য প্রস্তুত হয়ে উঠেছে। ১৯৭৮ সাল থেকে শুরু করে পঞ্চায়েত সংস্থাগুলি বিভিন্ন দারিদ্র দূরীকরণ কর্মসূচি, স্বনিযুক্তি প্রকল্প ও সমাজকল্যাণমূলক কর্মসূচি রূপায়ণের কাজে আরও বেশি করে যুক্ত হয়েছে। গ্রামীণ জীবনের সর্বতোমুখী কর্মসূচি, যেমন ভূমি সংস্কার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, ক্ষুদ্রসেচ, পানীয় জল সরবরাহ, প্রথা বহির্ভূত শিক্ষা, গণবন্টন ব্যবস্থা ইত্যাদি রূপায়ণের ক্ষেত্রে সক্রিয় ভূমিকা ছাড়াও সমাজের দুর্বলতর শ্রেণীর অবস্থার উন্নতিসাধনের উপর বিশেষ গুরুত্ব দিয়ে জনসাধারণের অর্থনৈতিক উন্নতি ও সামাজিক ন্যায়ের গুরুত্ব দিয়ে জনসাধারণের অর্থনৈতিক উন্নতি ও সামাজিক ন্যায়ের বহুমাত্রিক লক্ষ্যকে সামনে রেখে একটি সামগ্রিক পরিকল্পনা সহ বার্ষিক পরিকল্পনা রচনা করার ভার পঞ্চায়েতকে অর্পণ করা হয়েছে।

৩. মাননীয় সদস্যদের অনুমতি নিয়ে আমি উল্লেখ করতে চাই যে ১৯৭৮ সাল থেকে প্রতি পাঁচ বছর অন্তর সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে নিয়মিত পঞ্চায়েত নির্বাচন এই রাজ্যকে সারা ভারতের মধ্যে অনন্য স্থানে প্রতিষ্ঠিত করেছে। নিয়মিত ব্যবধানে এই নির্বাচনী প্রক্রিয়া সাধারণ মানুষের রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি করার মধ্যে দিয়ে কোনও গণতান্ত্রিক ব্যবস্থার সাফল্যের পক্ষে অপরিহার্য অংশগ্রহণমূলক মনোভাবকে শক্তিশালী করে তুলেছে। পঞ্চায়েতের উপর সাধারণ মানুষের ন্যস্ত বিশ্বাস ও উদ্যমের পরিমাপ পাওয়া যাবে এই নির্বাচনসমূহে তাদের নির্বাধ গণঅংশগ্রহণের ব্যাপকতার মধ্যে। উল্লেখ্য যে ১৯৯৩ সালের সাধারণ নির্বাচন পরবর্তীকালে গঠিত রাজ্য নির্বাচন আয়োগ বর্তমানে পঞ্চায়েত নির্বাচনগুলি তদারকি করছে। এই নয়া বিধিব্যবস্থার অধীনে নির্বাচন ব্যবস্থার সাফল্য বিশেষভাবে উল্লেখযোগ্য জনসাধারণের বিপুল সহযোগিতার ফলে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নিশ্চিতরূপে স্বশাসিত প্রতিষ্ঠানের আকার নিয়েছে। আর এইভাবেই রাজ্যের রাজনৈতিক-প্রশাসন ব্যবস্থায় পঞ্চায়েত নিজেদের দৃঢ়ভাবে সুপ্রতিষ্ঠিত করে তুলেছে।

৩.১। মাননীয় সদস্যগণ নিশ্চয় অবগত আছেন আগামী মে মাসের ২৮ তারিখে ত্রিস্তর পঞ্চায়েতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচন বাবদ অধিক ধরা হয়েছে ৪০ (চল্লিশ) কোটি টাকা।

৪. আমি এই প্রতিনিধি সভায় নিবেদন করতে চাই যে, বর্তমান রাজ্য পঞ্চায়েত

আইনের সমর্থনে পঞ্চায়েত আইনের সমর্থনে পঞ্চায়েত সংস্থাগুলি তাদের কর্মপন্থার—(১) ক্ষমতা ও কর্তব্যের বিকেন্দ্রীকরণ, (২) স্বচ্ছতা এবং (৩) দায়বদ্ধতার নীতিসমূহকে আয়ত্ব করে নিয়েছে। উক্ত নীতিসমূহ এই রাজ্যে অনুকৃত অংশগ্রহণমূলক সংস্কৃতিকে উল্লেখযোগ্যভাবে লালন করে চলেছে, এই রাজ্যের পঞ্চায়েতগুলি দুটি অনন্য বৈশিষ্ট্যে উজ্জল হয়ে উঠেছে। এগুলি হল—(১) গ্রামসদস্য, যেখানে বিভিন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনক্ষেত্রের সকল নির্বাচক সেই গ্রাম পঞ্চায়েতের সিদ্ধান্তগ্রহণ প্রণালীতে সরাসরি অংশগ্রহণ করেন এবং (২) জেলাস্তরে গঠিত জেলা কাউন্সিল, যেখানে জেলা পরিষদ প্রধান বিরোধী দলের নেতা অধ্যক্ষের আসন অলঙ্কৃত করেন। সাহায্যপ্রাপ্ত কমিটির মাধ্যমে বিভিন্ন দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি রূপায়ণের অপরিহার্যতা কার্যকর করার ফলে তৃণমূলস্তরের সাধারণ মানুষের আশা-আকাঙ্খা বাস্তবতার অপরিসীম সুযোগ লাভ করেছে। এইভাবে রাজ্য সরকার বিভিন্ন পদ্ধতিতে বর্তমান পরিকাঠামোকে শক্তিশালী করে তোলার ফলে পঞ্চায়েতগুলি পূর্বাপেক্ষা অধিকতর সাফল্যের সঙ্গে রাজ্যের গ্রামীণ এলাকার উন্নয়নমুখী প্রশাসন ব্যবস্থার কঠোর কর্মযজ্ঞের মুখোমুখি হতে সম্ভব হয়েছে।

৫. মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয় অবগত আছেন যে ভারত সরকারের গ্রামীণ ক্ষেত্র ও কর্মসংস্থান মন্ত্রক ১৯৯৫ সালের ১৫ই আগস্ট থেকে জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচি (এন এস এ পি) চালু করেছেন। দরিদ্র পরিবারগুলিকে বার্ধ্যক, পরিবারের মূল উপার্জনকারীর মৃত্যু ও মাতৃত্ব ইত্যাদি ক্ষেত্রে সুযোগ সুবিধাগুলি লক্ষ্যণীয় এই কর্মসূচি যে তিনটি ভাগে বিভক্ত, সেগুলি হল ঃ(১) জাতীয় বার্ধক্যভাতা প্রকল্প (এন এ পি এস), (২) জাতীয় পরিবার সহায়তা প্রকল্প (এন এফ বি এস) ও (৩) জাতীয় মাতৃত্বকালীন সহায়তা প্রকল্প (এন এম বি এস)।

৫.১ জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পে ৬৫ বছর বা তার বেশি বয়সের দুঃস্থ ব্যক্তিরা মাসিক মোট ১০০ টাকা হারে ভাতা পান। বার্ধক্যভাতা প্রাপক পিছু ৭৫ টাকা করে দেন কেন্দ্রীয় সরকার এবং ২৫ টাকার অনুপূরক অনুদান বরাদ্দ করেন রাজ্য সরকার। ১৯৯৭-৯৮ সালে এই বাবদ রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত বরাদ্দ অনুপুরণের লক্ষ্যে মুখ্যখাত "২২৩৫—সোশ্যাল সিকিউরিটি স্কীম—স্টেট প্ল্যান (অ্যান্যুয়াল প্ল্যান এন্ড প্ল্যান)— গ্রান্ট ইন-এড / কনট্রিবিউশন্‌স'-এ মোট ৬৮৭.৩৩ লক্ষ টাকা বরাদ্দ করেন।

৫.২ জাতীয় পরিবার সহায়তা প্রকল্পের অধীনে দারিদ্র্যসীমার নিম্নবর্তী কোনও পরিবারের একটি নির্দিষ্ট বয়সসীমাভুক্ত মুখ্য উপার্জনকারি স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে উক্ত পরিবারকে এককালীন ১০,০০০ টাকা সাহায্য দেওয়া হয়।

৫.৩ জাতীয় মাতৃত্বকালীন সহায়তা প্রকল্পের ক্ষেত্রে দারিদ্র্যসীমার নিম্নবর্তী কোনও

পরিবারের ১৯ বছর বা তার বেশি বয়সের সন্তানসম্ভবা মহিলা তাঁর প্রথম দুটি জীবিত সন্তানের প্রত্যেকটির জন্য গর্ভধারণকালে পুষ্টির প্রয়োজন মেটাতে প্রতিবার ৩০০ টাকা করে এককালীন সাহায্য পান। ১৯৯৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পের সাহায্য প্রাপকের সংখ্যা ৩১৮৯৬৬, জাতীয় পরিবার সহায়তা প্রকল্পে ৫৫১২ এবং জাতীয় মাতৃত্বকালীন সহায়তা প্রকল্পে এই সংখ্যা হল ৫৭৯০০০।

৫.৪ ১৯৯৮-৯৯ আর্থিক বছরের জন্য জাতীয় বার্ধক্যভাতা প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে রাজ্য সরকারের দেয় অনুপূরক অংশ হিসাবে ৯ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব সমাজকল্যাণ বিভাগের ৪২ সংখ্যক অভিযাচনের অধীন ব্যয়-বরাদ্দের দাবিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৫.৫ ন্যূনতম বুনিয়াদি পরিষেবা প্রকল্পে ৫ থেকে ৯ বছর বয়সী শিশু—যারা বিভিন্ন কারণে নিয়মিতভাবে বিদ্যালয়ে শিক্ষার সুযোগ পাচ্ছে না, তাদের শিক্ষাদানের জন্য গণ উদ্যোগে গঠিত কেন্দ্রগুলিতে গত আগস্ট মাস থেকে শিশু শিক্ষা কেন্দ্র হিসাবে স্বীকৃতি দানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে এক হাজারটি কেন্দ্রকে স্বীকৃতি দানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিশুশিক্ষা কেন্দ্র হিসাবে স্বীকৃতির সিদ্ধান্ত নেবে জেলা পরিকল্পনা কমিটি / শিলিগুড়ি মহকুমা উন্নয়ন কমিটি / দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ। কেন্দ্রগুলি পরিচালনার দায়িত্ব থাকবে সংশ্লিষ্ট পরিচালন সমিতির হাতে। পরিচালন সমিতি গঠিত হবে স্থানীয় শিক্ষানুরাগিদের নিয়ে। কেন্দ্রগুলি আর্থিক সাহায্য পাবে পঞ্চায়েত সমিতির মাধ্যমে। এই প্রকল্পে কোন জেলায় কতগুলি কেন্দ্র স্বীকৃতি পাবে তা ঠিক করে দপ্তর থেকে সব জেলায় নির্দেশ পাঠানো হয়েছে। এই প্রকল্পে অর্থ আসবে বেসিক মিনিমাম সার্ভিস খাত থেকে।

৫.৬ এ বছর থেকে পশ্চিমবঙ্গে ভূমিহীন ক্ষেত মজুরদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প চালু হয়েছে। এই প্রকল্পের আওতায় ১৮ থেকে ৫৫ বছরের ভূমিহীন ক্ষেত মজুরদের যাঁরা আসতে চাইবেন তারা মাসে দশ টাকা করে জমা দেবেন এবং ঐ জমা পিছু সরকারও দশ টাকা দেবেন এবং রাজ্য সরকারের নির্ধারিত হারে সুদ সহ সমস্ত জমা টাকা ভূমিহীন ক্ষেত মজুরকে তার ৬০ বছর বয়স হলে ফেরৎ দেওয়া হবে। এ প্রকল্পটি পুরোপুরি রাজ্য সরকারের।

৫.৭ পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তর ১৯৯৩-৯৪ সাল থেকে গ্রামীণ স্বাস্থ্যবিধান কর্মসূচি রূপায়ণ করে আসছে। ওই কর্মসূচির লক্ষ্য হল গ্রামের মানুষদের মধ্যে স্বাস্থ্যবিধান সম্পর্কে সচেতনতা এবং শৌচাগারসহ স্বাস্থসম্মত ব্যবস্থাদি ব্যবহারের চাহিদা সৃষ্টি করা। এই কর্মসূচিতে ৩৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত মূল্যে শৌচাগার নির্মাণেরও সংস্থান করা হয়েছে। দারিদ্র্যসীমার নিম্নবর্তী মানুষদের এই উদ্দেশ্যে ২০০ টাকা করে ভরতুকি

প্রদান করা হয়। এই কর্মসূচি পশ্চিমবঙ্গে এমনভাবে রূপায়িত হচ্ছে যে, গ্রাম এলাকায় বসবাসকারি সাধারণ মানুষ স্বাস্থ্যবিধিসম্মত শৌচাগার ও পরিষ্কার জল ব্যবহারের গুরুত্ব উপলব্ধি করে নিজেরাই শৌচাগার তৈরি করে নিতে উদ্যোগী হচ্ছেন। বস্তুত এটি একটি গণ আন্দোলনের রূপ নিচ্ছে এবং এর সাফল্য এখন সর্বজনস্বীকৃত।

৫.৮ এই উদ্দেশ্যে ব্যয়-বরাদ্দের সংস্থান করা হয় "২২১৫-ওয়াটার সাপ্লাই অ্যাণ্ড স্যানিটেশন (এক্সক্লুডিং প্রিভেনশন অফ এয়ার অ্যাণ্ড ওয়াটার পলিউশন)-০২-১০৭ সুয়ারেজ সার্ভিসেস—স্টেট প্লান (অ্যানুয়্যাল অ্যাণ্ড নাইন্থ প্লান)-০২-কনভার্সন অফ ড্রাই ল্যাট্রিনস্ ইন টু স্যানিটারি ওয়ানস্-৫৩-মেজর/মাইনর ওয়ারকস্ (রুর‍্যাল/স্যানিটেশন এম এন পি) স্টেটস্ স্কীম")—এই মুখ্য খাতে। উক্ত খাতে বাজেট বরাদ্দ বর্তমানে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের নিয়ন্ত্রণাধীন। উক্ত কর্মসূচিতে, ১৯৯৮-৯৯ সালের বাজেট প্রাক্কালে *সি আর এস পি* প্রকল্পে ১২ কোটি এবং *এম এন পি* প্রকল্পে ৪ কোটি টাকা ৩৫ নং অভিযাচনের অধীনে বরাদ্দ করার জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের পক্ষ থেকে এই সভায় পেশ করা হবে।

৫.৯ ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে সংশোধিত বাজেট প্রাককলনে সি আর এস পি এবং এম এন পি—উভয় প্রকল্পে ৩ কোটি টাকা করে বরাদ্দ হয়েছে এবং শুরু থেকে ডিসেম্বরে, ১৯৯৭ পর্যন্ত ৩,৪৪,১৭৫টি স্বাস্থ্যসম্মত শৌচাগার নির্মাণ করা গেছে।

৫.১০ ভারত সরকারের গ্রামীণ এলাকা ও কর্মসংস্থান মন্ত্রকের অধীনে পতিত জমি উদ্ধারের দায়িত্বপ্রাপ্ত "পতিত জমি উন্নয়ন দপ্তর" নামে একটি নতুন দপ্তর সৃষ্টি করা হয়েছে। রাজ্যে সুসংহত পতিত জমি উন্নয়ন প্রকল্পের অধীনে বনাঞ্চল ব্যতিরেকে পতিত জমির উন্নয়নর জন্য রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরকে "গ্রাহ্নিক দপ্তর"—এর মর্যাদা দেওয়া হয়েছে। ভারত সরকার ১৯৯২-৯৩ সালে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় দুটি প্রকল্প এবং ১৯৯৩-৯৪ সালে বাঁকুড়া, পুরুলিয়া ও দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ এলাকায় আরও তিনটি প্রকল্প মঞ্জুর করেন। কেন্দ্রীয় সাহায্যপুষ্ট এই প্রকল্পের ১০০ শতাংশ ব্যয়ভার ভারত সরকার বহন করেন। ভারতে সরকার ১৯৯৩-৯৩ সালে এই প্রকল্পে ৫৫ লক্ষ ৬৭ হাজার টাকা বরাদ্দ করেন। পাঁচটি প্রকল্প সম্পাদনের জন্য ভারত সরকার ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ সালে যথাক্রমে ২ কোটি ২৪ লক্ষ ৮২ হাজার টাকা, ১ কোটি ৪০ লক্ষ টাকা ও ৩ কোটি, ১২ লক্ষ টাকা বরাদ্দ করেন। ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ সালে ভারত সরকার উক্ত প্রকল্পের জন্য কোন অর্থ বরাদ্দ করেননি।

৬. আমি মাননীয় সদস্যদের কাছে পুনরুল্লেখ করতে চাই যে, রাজ্য সরকারের পূর্বতন পঞ্চায়েত দপ্তর ও গ্রামোন্নয়ন দপ্তরকে একীভূত করে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন

দপ্তর নামাংকিত একটি দপ্তর গঠন করা হয়েছে। এই একত্রীকরণের ফলে এই পূর্বতন দপ্তর দুটির সাধারণ লক্ষ্য ও উদ্দেশ্য কেন্দ্রীভূত হওয়ায় কর্মসম্পাদনে দ্বিত্ব ও উপস্থাপনার ক্ষেত্রে দ্বন্দ্ব এড়ানো সম্ভব হয়েছে। এই নতুন দপ্তর বর্তমানে রাজ্যের পঞ্চায়েতগুলিকে শক্তিশালী ও পুরিপুষ্ট করে তোলার সাধারণ উদ্দেশ্য সম্পাদনের লক্ষ্যে কাজ করে চলেছে। উক্ত পরিপ্রেক্ষিতে আমি এখন রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের পরিকল্পনা, কর্মসূচি ও কার্য সম্পাদনের একটি সংক্ষিপ্ত বিবরণ পেশ করতে চাইছি।

৭. ৫৯ সংখ্যক অভিযাচনের অধীনে আমি আই আর ডি পি এবং সংশ্লিষ্ট প্রকল্পগুলির জন্য মোট ৫২ কোটি ৮০ লক্ষ ৭০ হাজার টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব করেছি। এর মধ্যে ৫১ কোটি ৬৮ লক্ষ ৭০ হাজার টাকা সুসংহত গ্রামীণ বিকাশ কর্মসূচি, স্বনিযুক্তির লক্ষ্যে গ্রামীণ যুবকদের প্রশিক্ষণ কর্মসূচি, গ্রামীণ এলাকায় নারী ও শিশু উন্নয়ন এবং গঙ্গা কল্যাণ যোজনার জন্য নির্দিষ্ট। অবশিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে খরাপ্রবণ এলাকা উন্নয়ন কর্মসূচির উদ্দেশ্যে।

৭.১ সুসংহত গ্রামীণ উন্নয়ন কর্মসূচি এই রাজ্যে ১৯৮০-৮১ সাল থেকেই জেলা গ্রামোন্নয়ন সংস্থার তত্ত্বাবধানে পঞ্চায়েতের মাধ্যমে রূপায়িত হয়ে আসছে। রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার উভয়েই এই কর্মসূচির ব্যয়ভার সুষ্ঠভাবে বহন করেন। এই কর্মসূচির মূল লক্ষ্য হল দারিদ্র্যসীমার নিম্নবর্তী পরিবারগুলিকে (বার্ষিক ১১,০০০ টাকা আয়কারি) সরকারি অনুদান ও সংস্থাগত ঋণের সাহায্যে অর্থকরী প্রকল্প দিয়ে দারিদ্রসীমার উপরে তুলে আনা।

৭.২ ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত ৩০.৬১ লক্ষ পরিবার (দারিদ্র্যসীমার নিম্নবর্তী) ৪৮২ কোটি ৬ লক্ষ টাকার সরকারি আর্থিক সাহায্য ভরতুকি হিসাবে পেয়েছেন এবং ব্যাঙ্ক ঋণ পেয়েছেন ৮৭২ কোটি ১৮ লক্ষ টাকা। এইভাবে উক্ত কর্মসূচির অধীনে ১৩৫৪ কোটি ২৪ লক্ষ টাকা রাজ্যের দরিদ্র পরিবারে প্রবাহিত করে দেওয়া হয়েছে। পরিবার পিছু আর্থিক সাহায্যের বরাদ্দের পরিমাণ ১৯৯৩-৯৪ সালের ৮ হাজার ২৫৫ টাকা থেকে বেড়ে ১৯৯৫-৯৬ সালে হয়েছে ৯ হাজার ৪৫৫ টাকা।

৭.৩ বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে সুসংহত গ্রামীণ বিকাশ প্রকল্পে ১,৪৯,২৪০টি পরিবারকে সাহায্য করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল। প্রকৃতপক্ষে উক্ত বৎসরে সাহায্যপ্রাপক পরিবারের সংখ্যা দাঁড়িয়েছি ১,৬১,৭২৪ যা ১০৮.৩৭ শতাংশ। উক্ত বৎসরে আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ৭৪ কোটি ৭২ লক্ষ ২০ হাজার টাকা ; প্রকৃতপক্ষে ভরতুকি ব্যয় হয়েছে ৬৫ কোটি ৯২ লক্ষ ৫৪ হাজার টাকা যা লক্ষ্যমাত্রার ৮৮.২৩ শতাংশ। অবশ্য এর মধ্যে ৮১ লক্ষ টাকার প্রশাসনিক ব্যয় ভরতুকি করা হয়নি। সাহায্যপ্রাপক পরিবারগুলির ৪০.৪৪ শতাংশ তফসিলি জাতি ও আদিবাসীভুক্ত এবং উপকৃতদের মধ্যে মহিলা ৩৮.৭২

শতাংশ।

৭.৪ চলতি আর্থিক বছরেও কেন্দ্রীয় সরকারের নির্দেশে আই আর ডি পি-র সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যার কোনও নির্দিষ্ট লক্ষ্যমাত্রা স্থির করা হয়নি। আর্থিক লক্ষ্যমাত্রা ৭৭ কোটি ১৯ লক্ষ ৪১ হাজার টাকা ধার্য করা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে ডিসেম্বর মাস পর্যন্ত ৬৩,৮৪৩টি পরিবার এই প্রকল্পে ২৫ কোটি ৬৯ লক্ষ ৪৪ হাজার টাকা ভরতুকি সাহায্য এবং ব্যাঙ্ক ঋণ ৫১ কোটি ৩১ লক্ষ ১০ হাজার টাকা দেওয়া হয়েছে। পরিবার পিছু বিনিয়োগ বেড়ে হয়েছে ১২,০৪৬ টাকা। আ. আর. ডি. পি.-র ক্ষেত্রে ব্যাঙ্কগুলি প্রকল্প মঞ্জুরি ও আর্থিক সাহায্য প্রদান করার ক্ষেত্রে বিলম্ব করায় কিছুটা উদ্বেগের কারণ হয়ে উঠেছে। যাই হোক, ব্যাঙ্কগুলি আর্থিক সাহায্য মঞ্জুর ও প্রদান ব্যবস্থাকে উপযুক্তরূপে ত্বরান্বিত করবে বলে আশা করা যায়।

৭.৫ গ্রামীণ যুবক যুবতীদের স্বনিযুক্তি প্রকল্পের জন্য প্রশিক্ষণ প্রদান আই. আর. ডি. পি.-র একটি সহায়ক কর্মসূচি। ১৯৯৭-৯৮ সালে ২৩,৫৬০ জন গ্রামীণ যুবককে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা ধার্য আছে, ১৯৯৭-এর ডিসেম্বর মাস পর্যন্ত ১৩,২০৩ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৭.৬ দরিদ্র সীমার নিম্নবর্তী গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়রে লক্ষ্যে ১৯৯৪-৯৫ সাল থেকে রাজ্যের সমস্ত জেলায় গ্রামীণ মহিলা ও শিশু উন্নয়ন প্রকল্প চালু করা হয়। আবর্তিত তহবিল গঠন ও অর্থ প্রদান করার পূর্বে বর্তমানে ডোয়াক্রাদলের মহিলা সদস্যদের বাধ্যতামূলক আপৎকালীন সঞ্চয় আমানত ও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান ও মহিলা সদস্যদের প্রশিক্ষণের উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। চলতি আর্থিক বৎসরে এই পদ্ধতি কার্যকর করার ফলে অবস্থার বিশেষ উন্নতি পরিলক্ষিত হচ্ছে। ১৯৯৭-৯৮ সালে ডোয়াক্রা দল গঠনের লক্ষ্যমাত্রা ধার্য ছিল ১৮০৬টি। এ বছরের জানুয়ারি মাস পর্যন্ত ১৬১৯টি দল গঠন করা সম্ভব হয়েছে।

৭.৭ গঙ্গা কল্যাণ যোজনা নামে সুসংহত গ্রামীণ বিকাশ প্রকল্পের অধীনে একটি সহযোগী প্রকল্প ভারত সরকার ১৯৯৭ সালের ফেব্রুয়ারি মাস থেকে চালু করেছেন। এই প্রকল্পের উদ্দেশ্য হল, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা যাতে ভূমির উপরিতলের জল সেচের কাজে ব্যবহার করতে পারে তা দেখা। এই প্রকল্পে সরকারি আর্থিক সাহায্য ও ব্যাঙ্ক ঋণের মাধ্যমে লক্ষ্যভুক্ত পরিবারগুলিকে ক্ষুদ্র সেচ পরিকাঠামো গড়ে তুলতে সহায়তা প্রদান করা হয়। এই প্রকল্পে কেন্দ্রীয় ও রাজ্য সরকারি অনুদানের আনুপাতিক হার যথাক্রমে ৮০ঃ২০। ১৯৯৬-৯৭ সালে এই প্রকল্পে ভারত সরকার পশ্চিমবঙ্গের জন্য ধার্য করেছিলেন ৬৬৬ লক্ষ ৩৯ হাজার টাকা—যার মধ্যে ১৬৬.৫৬ লক্ষ টাকা রাজ্য দিয়েছে।

৭.৮ দারিদ্র্যসীমার নিম্নবর্তী পরিবারভুক্ত গ্রামীণ কারিগরদের উন্নতমানের কারিগরি যন্ত্রপাতি বিতরণ করার কেন্দ্রীয় প্রকল্পে ভারত সরকার ১০০ শতাংশ সহায়তা প্রদান করে থাকেন। এই প্রকল্প ১৯৯২-৯৩ সালে হাওড়া ও হুগলি জেলায় চালু করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালের মধ্যে রাজ্যের সমস্ত জেলাকে পর্যায়ক্রমে এই কর্মসূচির আওতায় আনা হয়েছে। ১৯৯৭-৯৮ সালের জানুয়ারি মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ১ কোটি ৪৮ লক্ষ ৭১ হাজার টাকা এবং সাহায্য প্রাপ্ত কারিগরদের সংখ্যা ১২৮৩০।

৭.৯ ৫৯ সংখ্যক অভিযাচনের অধীনে খরাপ্রবণ অঞ্চল উন্নয়ন কর্মসূচির জন্য ১ কোটি ১২ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই কর্মসূচিটি কৃষি দপ্তরের নিয়ন্ত্রণাধীন হলেও বিভিন্ন সংস্থার মাধ্যমে রূপায়িত হয়। বর্তমানে এই কর্মসূচিটি রাজ্যের পরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও বীরভূম জেলার ৩৬টি ব্লকে চালু আছে। ক্ষুদ্র সেচ, বনসৃজন, পশুপালন, ভূমি সংরক্ষণ, পতিত জমির ব্যবহার, লাক্ষা ও রেশমগুটির চাষ/উন্নয়ন এই কর্মসূচির অন্তর্ভুক্ত। খরাপ্রবণ অঞ্চল উন্নয়ন কর্মসূচি (ডি. পি. এ. পি.) পরিকল্পনার উদ্দেশ্যে হল, প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে খরাপ্রবণ এলাকার কৃষির উৎপাদন বৃদ্ধি এবং সেই সঙ্গে পশ্চাৎপদ, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং তফসিলি জাতি ও আদিবাসীদের কর্মসংস্থানের সুযোগ ও আয় বৃদ্ধি করা। এটি কেন্দ্রীয় সরকারের সাহায্যপুষ্ট একটি কর্মসূচি। কেন্দ্র ও রাজ্য এই প্রকল্পের ব্যয় সমহারে বহন করেন।

৮. জওহর রোজগার যোজনা (জে. আর. ওয়াই.) ও কর্মনিশ্চিতকরণ প্রকল্প (ই. এ. এস.)-এর মতো মজুরি ভিত্তিক কর্মসূচি রূপায়ণের লক্ষ্যে আমি ৬০ সংখ্যক অভিযাচনের অধীনে ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি। ৬০ সংখ্যক অভিযাচনের অধীনে মোট ৩৬০৭৬.১০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দের মধ্যে জে. আর. ওয়াই খাতে ৪৪ কোটি ১৯ লক্ষ ২০ হাজার টাকা এবং ই. এ. এস. প্রকল্পের জন্য ধার্য করা হয়েছে ৩৬ কোটি ৮২ লক্ষ ২৪ হাজার টাকা। এছাড়াও মিলিয়ন ওয়েল প্রকল্পে ৮ কোটি ৭১ লক্ষ ৩৬ হাজার টাকা এবং ইন্দিরা আবাস যোজনায় ২১ কোটি ৫১ লক্ষ ২০ হাজার টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব আছে। রাজ্যের অংশ হিসাবে এই সমস্ত ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৮.১ মাননীয় সদস্যবৃন্দ জ্ঞাত আছেন যে, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তিম বৎসরে পূর্বতন দুটি গ্রামীণ কর্মবিনিয়োগ প্রকল্প—এন. আর. ই. পি. ও আর. এল. ই. জি. পি.-কে একত্রিত করে ১৯৮৯ সালের ১ লা এপ্রিল থেকে জওহর রোজগার যোজনার অধীনে প্রকল্পসমূহ রূপায়িত হয়ে আসছে। তখন থেকেই কেন্দ্রীয় সরকারের সাহায্যপুষ্ট কর্মসূচি হিসাবে জওহর রোজগার যোজনা রূপায়ণের সমগ্র ব্যয়ভার কেন্দ্র ও রাজ্য যথাক্রমে ৮০:২০ অনুপাতে বহন করে চলেছে।

৮.২ ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত জওহর রোজগার যোজনায় (প্রথম ধারা) মোট ১৫৩৯

কোটি ১৩ লক্ষ টাকা ছাড়া হয়েছে। তার মধ্যে খরচ হয়েছে ১৫৩১ কোটি ৫২ লক্ষ টাকা যাতে পূর্বতন এন. আর. ই. পি. ও আর. এল. ই. জি. পি.-তে অব্যয়িত তহবিলের ৬৯ কোটি ৭৩ লক্ষ টাকা উক্ত বৎসরের জওহর রোজগার যোজনার তহবিলে প্রারম্ভিক স্থিতি রূপে গৃহীত হয়েছে। ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত এই কর্মসূচির মাধ্যমে ৩৪৪৬.৫৮ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে।

৮.৩ কেবলমাত্র ১৯৯৫-৯৬ সালেই উপরোক্ত কর্মসূচিতে মোট ২৬১ কোটি ৬৫ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয় করা হয়েছ এবং ৩৬৬,৬৯ লক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়েছে। বিগত বৎসরে এই ব্যয়ের পরিমাণ ছিল ২৫০ কোটি ৮৫ লক্ষ ৪৬ হাজার টাকা। উপরোক্ত সৃষ্ট শ্রমদিবসের মধ্যে ২৩০.৭৫ লক্ষ শ্রমদিবস ভূমিহীনদের ক্ষেত্রে এবং ৯৪.৭১ লক্ষ শ্রমদিবস মহিলাদের ক্ষেত্রে প্রযুক্ত হয়েছে। কর্মবিনিয়োগ সৃষ্টির ৯৪.৭১ লক্ষ শ্রমদিবস মহিলাদের ক্ষেত্রে প্রযুক্ত হয়েছে। কর্মবিনিয়োগ সৃষ্টির ৩৬.১২ শতাংশ তফসিলি জাতি, ১৪.১৮ শতাংশ আদিবাসী এবং ২৫.৮৩ শতাংশ মহিলাদের ক্ষেত্রে প্রযুক্ত হয়েছে। ১৯৯৬-৯৭ সালে মিলিয়ন ওয়েল প্রকল্প ও ইন্দিরা আবাস যোজনা সাধারণ জওহর রোজগার যোজনা থেকে পৃথকীকরণের পর সাধারণ জওহর রোজগার যোজনায় ১২৮২ কোটি ৩৭ লক্ষ ৫৯ হাজার টাকা ব্যয় হয়েছে এবং শ্রম দিবস সৃষ্ট হয়েছে ১ কোটি ৭৮ লক্ষ ৫৩ হাজার। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর পর্যন্ত সাধারণ জওহর রোজগার যোজনায় ব্যয় হয়েছে ৮৩০২.৭০ লক্ষ টাকা এবং মোট শ্রম দিবস সৃষ্টির পরিমাণ ১০৭.৪৯।

৮.৪ ১৯৯৪-৯৫ সাল থেকে উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা জেলার সুন্দরবন এলাকার নদীতীরবর্তী ব্লকগুলিতে জওহর রোজগার যোজনাধীন একটি বিশেষ সৃজনশীল প্রকল্পকে অগ্রণী প্রকল্প হিসাবে চালু করা হয়েছে। ১৯৯৪-৯৫ সালে এই প্রকল্পের রূপায়ণ শুরু হয়েছে। ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত মোট বরাদ্দ ২৫ কোটি টাকার মধ্যে ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ১৫ কোটি ৫৪ হাজার টাকা এবং ২৮.০৩ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। সৃষ্ট শ্রমদিবসের মধ্যে ২৬.১৫ শতাংশ তফসিলি জাতি, ৪.৭৮ শতাংশ আদিবাসী এবং মহিলাদের ২০.৭৬ শতাংশ কর্মসংস্থান ঘটেছে।

৮.৫ ইন্দিরা আবাস যোজনা ও মিলিয়ন ওয়েল স্কীম দুটি আগে জওহর রোজগার যোজনার দুটি উপ-প্রকল্পরূপে বিবেচিত হত। ভারত সরকার ১৯৯৬-৯৭ আর্থিক বৎসর থেকে এগুলিকে পৃথক পৃথক প্রকল্পরূপে ঘোষণা করেছেন। ১৯৯৫-৯৬ সালে রাজ্যে ইন্দিরা আবাস যোজনায় ৩২,৬৭৪টি গৃহনির্মাণের লক্ষ্যমাত্রা গৃহীত হলেও ওই সময়কালে ৩৪,৩০০টি গৃহনির্মাণ সম্পূর্ণ করার সাফল্য অর্জন করা গেছে। ১৯৯৬-৯৭ সালে ইন্দিরা আবাস যোজনায় ৫৫ কোটি ৭৮ লক্ষ ৪৬ হাজাব টাকা ব্যয় করে ৩৪,৮১৯টি গৃহনির্মাণ

সম্পূর্ণ হয়েছে। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর পর্যন্ত এই প্রকল্পে ৪৭৭৩.৬৪ লক্ষ টাকা ব্যয়ে ২৭,২০৮টি গৃহনির্মাণ সম্পূর্ণ হয়েছে।

৮.৬ মিলিয়ন ওয়েল স্কীমের আওতায় ১৯৯৫-৯৬ সালে যে কটি গুরুত্বপূর্ণ উদ্যোগ নেওয়া হয়েছে তার সংখ্যাগত সাফল্য উল্লেখযোগ্য—কূপ নির্মাণ (২৪০২টি), খাল খনন (২৮১১ কি.মি.) সেচ-পুষ্করিনী (২১৮১টি) এবং জোড়বাঁধ (১০৮৪টি)। ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে মিলিয়ন ওয়েল স্কীমে ব্যয় হয়েছে ৩৫ কোটি ৭ লক্ষ ৬৫ হাজার টাকা এবং এই কর্মসূচিতে যে গুরুত্বপূর্ণ সম্পদসমূহ সৃষ্টি হয়েছে তার মধ্যে কিছু হল ঃ কূপনির্মাণ ১৪৬১টি, খাল খনন ১০৫৪ কি.মি. পুষ্করিণী ২৩৮৫ টি, জোড়বাঁধ ২২৯টি, স্লুইস গেট ৬টি এবং অগভীর নলকূপ ১১০টি। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত এই খাতে ব্যয়ের পরিমাণ ২১ কোটি ২০ লক্ষ ৫ হাজার টাকা এবং সৃষ্ট সম্পদের বিস্তৃত বিবরণ বার্ষিক রিপোর্ট সংকলনের পর পাওয়া যাবে।

৮.৭ আরও বেশি সংখ্যায় মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে বাছাইকৃত ব্লকগুলিতে ১৯৯৩ সালের ২ অক্টোবর থেকে কর্মনিশ্চিতকরণ প্রকল্প (ই. এ. এস.) চালু করা হয়েছে। রাজ্যের সবকটি জেলায় কর্মনিশ্চিতকরণ প্রকল্প চালু আছে। এই প্রকল্পে নিষ্ফলা কৃষি মরশুমে উক্ত এলাকায় বসবাসকারী প্রত্যেক পরিবারের সর্বাধিক দুজন করে সদস্য তাদের দাবির পরিপ্রেক্ষিতে কায়িক শ্রমভিত্তিক কাজ দেওয়া সুনিশ্চিত করা হয়। এই প্রকল্পটিও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট। কেন্দ্র ও রাজ্য ৮০ঃ২০ আনুপাতিক হারে এই প্রকল্পের ব্যয়ভার বহন করেন। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর পর্যন্ত এই প্রকল্পের ব্যয়ের পরিমাণ ১৫৮৪৭.৬৫ লক্ষ টাকা এবং সৃষ্ট শ্রম দিবসের সংখ্যা ৯২.১৬ লক্ষ।

৯. ১৯৯৮-৯৯ আর্থিক বছরে জেলা পরিকল্পনাধীন প্রকল্প রূপায়ণের জন্য রাজ্যের উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর ৬০ নং অভিযাচনের অধীনে মোট ৫০ কোটি টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাব রেখেছেন।

৯.১ ১৯৮৫-৮৬ সাল থেকে এ রাজ্যে জেলা স্তরে পরিকল্পনা রচনার কাজ শুরু হয়েছে। এর মূল উদ্দেশ্য পরিকল্পনার অন্তর্গত বিভিন্ন প্রকল্প রচনা ও রূপায়ণের কাজের বিকেন্দ্রীকরণ এবং ঐ কাজের ধারার সঙ্গে সাধারণ মানুষকে যুক্ত করা। জেলাস্তরে পরিকল্পনা রূপায়ণের জন্য বিভিন্নভাবে অর্থের সংস্থান করা হয়—যেমন, সরকারের বিভিন্ন বিভাগীয় বাজেট বরাদ্দ, আই. আর. ডি. পি., জওহর রোজগার যোজনা ইত্যাদি বাবদ বিশেষ সংস্থান উপরিউক্ত সূত্রগুলি থেকে প্রাপ্ত অর্থ ও প্রয়োজনীয় অর্থের মধ্যে যে ঘাটতি থাকে সেটি পূরণের জন্য জেলাভিত্তিক পরিকল্পনা তহবিল বিশেষভাবে সৃষ্টি করা হয়েছে। এটি একটি 'মুক্ত (United)' তহবিল। উপরোক্ত ৫০ কোটি টাকার ব্যয়বরাদ্দ হল বিভিন্ন দপ্তরের বাজেটের অতিরিক্ত ব্যবস্থা যেটি 'ডিস্ট্রিক স্কীম ফান্ড' নামক বিশেষ

তহবিলরূপে রাখা হবে।

১০. ৬২ নং অভিযাচনের অধীনে ১৯৯৭-৯৮ সালের জন্য পরিকল্পনা খাতে মোট ৮৮ কোটি ৬১ লক্ষ টাকার ব্যয়বরাদ্দের যে প্রস্তাব করা হয়েছিল, এর মধ্যে পূর্বের কর্মসূচিগুলিসহ দশম অর্থ কমিশনের সুপারিশকৃত ৮৩ কোটি ৩৬ লক্ষ টাকা অন্তর্ভুক্ত ছিল। ১৯৯৮-৯৯ সালে পরিকল্পনা খাতে ৮৫৯৭.৯২ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১০.১ ১৯৯৮-৯৯ সালের প্রস্তাবিত ব্যয়বরাদ্দে পঞ্চায়েতের প্রশাসনিক কাঠামোকে আরও সুদৃঢ় করে তোলার জন্য ১ কোটি ১০ লক্ষ টাকা এবং পঞ্চায়েত পদাধিকারিদের প্রশিক্ষণের জন্য ৭৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। পঞ্চায়েত ঘর নির্মাণ ও সম্প্রসারণের জন্য ৪ লক্ষ টাকা, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের কার্যালয় সম্প্রসারণ খাতে ৫ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এ ছাড়াও, পঞ্চায়েত সংস্থাগুলির সম্পদ বৃদ্ধির লক্ষ্যে অনুদান মঞ্জুরির জন্য ১ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। ১৯৯৮-৯৯ সালের পরিকল্পনাখাতে সমীক্ষা ও সরজমিনে প্রত্যক্ষ করার উদ্দেশ্যে ভ্রমণ কর্মসূচিতে ৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের উপরোক্ত ব্যয়বরাদ্দের অতিরিক্ত ১ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে বিকেন্দ্রীভূত সম্পদ সংযোজনাভিত্তিক প্রকল্প সমূহের জন্য। বিভিন্ন ধরনের পঞ্চায়েত কর আদায়ের ক্ষেত্রে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনকারী পঞ্চায়েত সংস্থাগুলিকে উৎসাহদায়ক অনুদান মঞ্জুর করার উদ্দেশ্যে উক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১০.২ ১৯৯৩-৯৪ সাল থেকে এই দপ্তর ত্রিস্তরে নির্বাচিত প্রতিনিধি ও পদাধিকারিদের প্রশিক্ষণ দানের উপর বিশেষ জোর দিয়েছে। পঞ্চায়েতের বিভিন্ন স্তরের পদাধিকারিদের জন্য প্রয়োজনভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণসূচি প্রণয়ন করা হয়েছে। সকল মহিলা পদাধিকারিদের জন্য সম্পূর্ণ পৃথক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত প্রশিক্ষণপ্রাপ্ত নির্বাচিত সদস্য ও পদাধিকারিদের সংখ্যা ৭৮,২২১ জন। এছাড়াও কল্যানীস্থ প্রশিক্ষণ কেন্দ্রে ১৭০০-র কিছু বেশি প্রশিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

১০.৩ মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে সরকারের উপর নির্ভরশীলতা কমিয়ে প্রশিক্ষণ কর্মসূচি ও গবেষণার কাজ সুষ্ঠুভাবে নিষ্পন্ন করার লক্ষ্যে রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থার প্রশিক্ষণ কর্মসূচি ও গবেষণা সূচি রচনা ও রূপায়নের দায়িত্ব একটি সোসাইটির হাতে দেওয়া হয়েছে। দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঐ সোসাইটির পরিচালন সমিতির সভাপতি।

১০.৪ ১৯৯৭-৯৮ সালের সংশোধিত বাজেট প্রাক্কলনে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন

অধিকারের সদর কার্যালয় ও এই দপ্তরের অধীনস্থ জেলা কার্যালয়গুলি সহ পঞ্চায়েত সংস্থার কার্যালয় সমূহের প্রতিষ্ঠানিক ব্যয়নির্বাহের লক্ষ্যে মোট ১৩ কোটি ২৩ লক্ষ ৬০ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছিল। ১৯৯৮-৯৯ সালে এই উদ্দেশ্যে মোট ১৩ কোটি ৩৬ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১০.৫ মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, পঞ্চায়েতগুলির অর্থনৈতিক পরিস্থিতি পুনর্বিবেচনা করে তাদের আয় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার লক্ষ্যে ভারত সরকার সংবিধানের ২৮০ সংখ্যক অনুচ্ছেদ অনুযায়ী দশম অর্থ কমিশন গঠন করেছেন। উক্ত কমিশন স্থানীয় সংস্থা সমূহের সম্পদ সম্পূরণ করার লক্ষ্যে রাজ্যের সম্পদ বৃদ্ধির জন্য বিশেষ উদ্দেশ্যমূলক অনুদান (অ্যাড হক গ্রান্ট)-এর সুপারিশ করেছেন। পশ্চিমবঙ্গের পঞ্চায়েত সংস্থাগুলির জন্য মোট ৩৩৩ কোটি ৪৫ লক্ষ টাকার সুপারিশ করা হয়েছে। ১৯৯৬-৯৭ আর্থিক বৎসর থেকে শুরু করে ৪ বৎসর সময়কালে কিস্তিতে এই অর্থ পাওয়া যাবে।

১০.৬ জনসাধারণের সুনির্দিষ্ট আশা-আকাঙ্খার সঙ্গে সঙ্গতি রেখে পরিকাঠামোগত ও স্থানীয় উন্নয়নমূলক কর্মসম্পাদানের উদ্দেশ্যে প্রকল্প ও কর্ম-পরিকল্পনা রচনা করার জন্য পঞ্চায়েত সংস্থাগুলিকে অনুরোধ জানানো হয়েছে। ১৯৯৭-৯৮ সালে ভারত সরকারের থেকে প্রাপ্ত অনুদান ৪১ কোটি ৬৮ লক্ষ টাকা উক্ত বৎসরেই জেলাগুলিকে হস্তান্তর করে দেওয়া হয়েছে। ১৯৯৮-৯৯ সালের পরিকল্পনা খাতে এই উদ্দেশ্যে মোট ৮৩ কোটি ৩৬ লক্ষ টাকার সংস্থান রাখার প্রস্তাব করা হয়েছে।

১১. ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৬৩ নং অভিযাচনের অধীনে মোট ৬৬ কোটি ৫০ লক্ষ ৪৫ হাজার টাকা ["২৫১৫—আদার রুর‌্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট) মুখ্যখাতে ৬৫ কোটি ৫২ লক্ষ ২৫ হাজার টাকা, "৪৫১৫—ক্যাপিটাল আউটলে অন আদার রুর‌্যাল ডেভেলপমেন্ট" মুখ্যখাতে ৭৯ লক্ষ ২০ হাজার টাকা, "৬৫১৫—লোনস ফর আদার রুর‌্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট)" মুখ্যখাতে ১৯ লক্ষ টাকা একত্রে] ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে, যার মধ্যে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের সমষ্টি উন্নয়ন শাখার বিভিন্ন প্রকল্প কর্মসূচির জন্যে ১ কোটি ৭০ লক্ষ টাকা অন্তর্ভূক্ত আছে।

১১.১ পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের সমষ্টি উন্নয়ন শাখার জন্য প্রস্তাবিত বাজেট বরাদ্দে মূলত ব্লক উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের প্রশাসনিক ব্যয়ের সংস্থান রাখা হয়েছে। এর মধ্যে ব্লক প্রশাসন ভবন নির্মাণের জন্য ৭৯ লক্ষ ২০ হাজার টাকা এবং ব্লক উন্নয়ন আধিকারিকদের অফিসের জন্য গাড়ি ক্রয় বাবদ ৮৮ লক্ষ ৬০ হাজার টাকা ধার্য করা আছে।

১১.২ পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের উল্লেখিত প্রকল্পসমূহ ছাড়া মৎস্য দপ্তর, কৃষি দপ্তর, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের বিভিন্ন সমষ্টি উন্নয়ন কর্মসূচি রূপায়ণের লক্ষ্যে ৬৩ নং অভিযাচনের অধীনে মোট ৩৮৪ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১২. এই বক্তব্য রেখে আমি নিম্নলিখিত প্রস্তাবিত ব্যয়বরাদ্দসমূহ মঞ্জুর করার জন্য এই সভাকে অনুরোধ জানাচ্ছি ঃ

**৫৯ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ "২৫০১—স্পেশ্যাল প্রোগ্রাম ফর রুর‍্যাল ডেভেলপমেন্ট" ৫২ কোটি ৮০ লক্ষ ৭০ হাজার টাকা মাত্র।

**৬০ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ "২৫০৫—রুর‍্যাল এমপ্লয়মেন্ট" ৩৬০ কোটি ৭৬ লক্ষ ১০ হাজার টাকা মাত্র।

**৬২ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ "২৫১৫—আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (পঞ্চায়েতিরাজ)"

"৩৬০৪—কমপেনশেসন অ্যান্ড এসাইনমেন্ট টু লোকাল বডিজ অ্যান্ড পঞ্চায়েতিরাজ ইনস্টিটিউশনস (পঞ্চায়েতিরাজ)"

"৬৫১৫—লোনস ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (পঞ্চায়েতি-রাজ)" ২৩৪ কোটি ৫ লক্ষ ৯২ হাজার টাকা মাত্র।

**৬৩ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ "২৫১৫—আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট)"

"৪৫১৫—ক্যাপিটাল আউটলে অন আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিট ডেভেলপমেন্ট)"

"৬৫১৫—লোনস ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট)" ৬৬ কোটি ৫০ লক্ষ ৪৫ হাজার টাকা মাত্র।

## DEMAND No. 60

### Major Head : 2505—Rural Employment

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 360,76,10,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment".

(This is inclusive of a total sum of Rs. 145,00,00,000 already voted on account)

(Budget Speech on Demand No. 60 has been Printed alongwith Demand No. 59)

## DEMAND No. 61

### Major Head : 2506—Land Reforms

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,07,50,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2506—Land Reforms".

(This is inclusive of a total sum of Rs. 6,36,00,000 already voted on account)

(Printed Budget Speech of Dr. Surjya Kanta Mishra on Demand No. 61 is printed alongwith Budget Speech on Demand No. 7.)

## DEMAND No. 62

### Major Heads : 2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor. I beg to move that a sum of Rs. 234,05,92,000 be granted

for expenditure under Demand No. 62, Major Heads: "2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)".

(This is inclusive of a total sum of Rs. 171,32,,00,000 already voted on account)

## DEMAND No. 63

### Major Heads: 2515—Other Rural Development Programmes (Community Development) 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 66,50,45,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads: "2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)".

(This is inclusive of a total sum of Rs. 22,17,40,000 already voted on account)

(Budget Speechs on Demand Nos. 62 & 63 have printed alongwith the Demand No. 59)

## DEMAND No. 64

### Major Heads: 4551—Capital Outlay on Hill Areas and 6551—Loans for Hill Areas

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 123,20,27,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads: "2551—Hill Areas,

4551—Capital Outlay on Hill Areas and 6551—Loans for Hill Areas".

(This is inclusive of a total sum of Rs. 49,28,00,000 already voted on account)

(Printed Buget Speech of Shri Jyoti Basu on Demand No. 64 laid on the Table was taken as read)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৬৪নং দাবির অধীনে মুখ্যখাত "2551—Hill Areas", "4551—Capital Outlay on Hill Areas" এবং "6551—Loans for Hill Areas" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১২৩,২০,২৭,০০০ (একশত তেইশ কোটি কুড়ি লক্ষ সাতাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ৪৯,২৮,০০,০০০ (উনপঞ্চাশ কোটি আঠাশ লক্ষ) টাকাও এই দাবির অন্তর্ভুক্ত।

২। দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলগুলির উন্নয়নের জন্য পার্বত্য-বিষয়ক বিভাগকে সংযোগ-রক্ষাকারি বিভাগের ভূমিকা দেওয়া হয়েছে। ঐ জেলায় শিলিগুড়ি মহকুমার ১৩টি মৌজাসহ দার্জিলিংঙের পার্বত্য অঞ্চলে বসবাসকারি জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের দায়িত্ব দার্জিলিং গোর্খ পার্বত্য পরিষদের হাতে ন্যস্ত করা হয়েছে।

হস্তান্তরিত বিভাগগুলির যোজনা-বহির্ভূত ব্যয় নির্বাহের জন্য ১৯৯৭-৯৮ সালে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে ৯৪৬৫.৬৭ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। রাজ্য যোজনার অধীনে যোজনা কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য ৫৬৩.৬ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত কর্মপ্রকল্পগুলির ক্ষেত্রে মঞ্জুরীকৃত কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য ১৬৯.৫৩ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। পার্বত্য অঞ্চল উন্নয়ন কর্মসূচির অধীনে বিশেষ কেন্দ্রীয় সহায়তা হিসাবে বর্তমান বছরের বরাদ্দ বাবদ ২২২৩ লক্ষ টাকার মদ্যে যোজনা কমিশন সম্প্রতি ১১১২ লক্ষ টাকার একটি কিস্তি দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে।

৪। বর্তমান বছরের জন্য রাজ্য যোজনা পার্বত্য-বিষয়ক ক্ষেত্রের অধীনে ১৩৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল এবং সম্পূর্ণ পরিমাণ অর্থই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে দেওয়া হয়েছে। পার্বত্য বিষয়ক বিভাগ দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের হাতে নেওয়া উন্নয়নমূলক কাজগুলির তদারকি করছে এবং অর্থের যোগান সহজতর করা ও কর্মসম্পাদনের মূল্যায়ন করার উদ্দেশ্যে সংযোগরক্ষাকারি বিভাগ হিসাবে পরিষদ ও রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের সঙ্গে যোগাযোগ রেখে চলেছে।

৫। ১৯৯৭-৯৮ সালে কৃষি, প্রাণীসম্পদ বিকাশ, বনভূমি, শিক্ষা, কুটির ও ক্ষুদ্রশিল্প, যোগাযোগ, স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ, জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং ও পর্যটনের ক্ষেত্রে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ উল্লেখযোগ্য কাজ করেছে।

৬। পার্বত্য অঞ্চলের কৃষি একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কর্মকাণ্ড। কৃষকদের উৎসাহিত করা এবং তাদের অর্থনৈতিক অবস্থা উনত করার উদ্দেশ্যে এলাচ, কমলালেবু, আদা, আলু ইত্যাদির মতো অর্থকরী ফসলের উৎপাদন ও বিপণনের উপরে জোর দেওয়া হয়। তা ছাড়া, মিনি কিট বিতরণ ও কমপোস্ট ম্যানিওর পিট নির্মাণের মতো স্বাভাবিক উন্নয়নমূলক কর্মপ্রকল্পগুলির কাজও অব্যাহত ছিল। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে পরিষদ নতুন নতুন কাজের সুযোগ সৃষ্টি করেছে। পার্বত্য অঞ্চলে কমলালেবুর উৎপাদন বৃদ্ধি একটি অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে এবং কালিম্পঙ সাইট্রাস ডাইব্যাক রিসার্চ স্টেশনে গবেষণা ও উন্নয়নমূলক কাজের জন্য পরিষদ আর্থিক সহায়তা দিয়ে চলেছে। কৃষিজাত দ্রব্যের কম উৎপাদন এবং ভূমিক্ষয় ও অতিবৃষ্টির মতো অন্যান্য কারণের পরিপ্রেক্ষিতে রপ্তানির সম্ভাবনাযুক্ত ফুলচাষের দিকে সরে আসার জন্য কৃষকদের উৎসাহ দেওয়া হচ্ছে।

৭। প্রাণীসম্পদ বিকাশের ক্ষেত্রে, তরল ও হিমায়িত শুক্র পদ্ধতির সাহায্যে কৃত্রিমভাবে শুক্র-সঞ্চারের মাধ্যমে পশুদের বংশগত উৎকর্ষসাধন পার্বত্য অঞ্চলের একটি প্রধান কর্মকাণ্ডরূপে পরিগণিত হয়ে চলেছে। চলতি বছরে কেন্দ্রীয় পশম উন্নয়ন পর্ষদের সহায়তায় পার্বত্য পরিষদ অ্যাঙ্গোরা খরগোশ প্রজননের একটি নতুন কর্মসূচি হাতে নিয়েছে।

৮। ১৯৯৭-৯৮ সালে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ ধ্বসপ্রবণ বনাঞ্চলে ভূমি সংরক্ষণের কাজসহ ২৫০ হেক্টরেরও বেশি জমিতে বনসৃজন এবং ২৭৬ হেক্টর জমিতে রক্ষণাবেক্ষণের কাজ হাতে নিয়েছিল। সুসংহত পতিত জমি উন্নয়ন কর্মসূচির অধীনে ১১৪৫ হেক্টর অনুর্বর ও পতিত জমিতে পুনর্বাসনের কাজ হাতে নেওয়া হয়েছে। পরিবেশের ভারসাম্য ক্ষুন্ন না করে পর্যটনের একটি নতুন চিন্তাধারা পরিষদ গ্রহণ করেছে। চুনু সমামার ফলস্ ও বার্বেতোয়ার 'রক গার্ডেন' নামে পরিচিত গঙ্গামায়া রম্যোদ্যানকে প্রধান পর্যটনকেন্দ্র হিসাবে গড়ে তোলা হয়েছে। পরিবেশ সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্বন্ধে মানুষকে সচেতন করার উদ্দেশ্যে পার্বত্য অঞ্চলে 'স্মৃতি বন'-এর মতো কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

৯। যে কোনও অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য উন্নত যোগাযোগ ব্যবস্থা একান্ত প্রয়োজন। প্রত্যন্ত কয়েকটি গ্রামকে মোটর চলাচলের উপযোগী সড়কের মাধ্যমে সংযুক্ত করে লোচ, কমলালেবু ও আলু বাজারে পাঠানোর কাজ সহজতর করা হয়েছে। এই বছরে অন্যান্য গুরুত্বপূর্ণ সংযোগকারী সড়ক নির্মাণ ও সংস্কারের কাজ হাতে নেওয়া

হয়। ১৯৯৭-৯৮ সালে চারটি গুরুত্বপূর্ণ সেতু কর্মপ্রকল্পও নির্মাণের জন্য হাতে নেওয়া হয়েছে।

১০। পার্বত্য অঞ্চলে শিক্ষার ক্ষেত্রে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ গভীর আগ্রহ দেখাচ্ছে। ১৯৯৭-৯৮ সালে শিক্ষকের ১১৩টি অতিরিক্ত পদসৃষ্টিসহ ১২টি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের বিষয়ে অনুমোদন দেওয়া হয়। পার্বত্য পরিষদ একটি আদর্শ কর্মপ্রকল্প রূপায়ণ করেছে এবং তদনুসারে ১৫টি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ করা হয়েছে। এ ছাড়া, ১৬টি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের আসবাবপত্রের জন্য অনুদান মঞ্জুর করা হয়েছে। দ্বিপ্রাহরিক আহার কর্মসূচির অধীনে প্রাথমিক বিদ্যালয়ের ৭৭,৬৮১ জন ছাত্র-ছাত্রী উপকৃত হয়। এই বছর জেলা বিদ্যালয় পর্ষদ, জেলা বিদ্যালয় পরিদর্শক ও পুরসভার অধীন প্রাথমিক বিদ্যালয়গুলিকে এক ছত্রছায়ায় এনে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের অধীন জেলা বিদ্যালয় পর্ষদে স্থানান্তরিত করা হয়। পাঁচটি নতুন জুনিয়ার হাইস্কুল স্থাপন এবং সাতটি জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করার জন্যও অনুমোদন দেওয়া হয়। পার্বত্য অঞ্চলের যুবক-যুবতীদের চাকুরির বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসতে আগ্রহী করার জন্য দার্জিলিং গোর্খা পরিষদ একটি কেরিয়ার ইনফরমেশন কাউন্সেলিং অ্যান্ড কোচিং সেন্টার চালাচ্ছে।

১১। ১৯৯৭-৯৮ সালে কুটির ও ক্ষুদ্রশিল্প ক্ষেত্রে পার্বত্য অঞ্চলে রেশম চাষ উন্নয়নের উপর গুরুত্ব দেওয়া হয়। তুঁতচাষের আওতাভুক্ত অঞ্চলের সম্প্রসারণ করা ছাড়াও লালনাগার নির্মাণের জন্যও অর্থের সংস্থান করা হয়। রাম্বিতে একটি সুতো তৈরির কেন্দ্র স্থাপন করার প্রস্তাবও করা হয়েছে। জৈব-গ্যাস উন্নয়ন কর্মসূচি ছাড়াও প্রদর্শনী ও প্রতিযোগিতা অনুষ্ঠান করার মাধ্যমে স্ব-নিযুক্তির নতুন নতুন ক্ষেত্র উন্মুক্ত করার উদ্দেশ্যে কুটির ও ক্ষুদ্রশিল্প সেক্টর হস্তশিল্পেরও বিকাশসাধন করেছে। পার্বত্য অঞ্চলে শিল্প ও কারুকলার নতুন নতুন নকশা উদ্ভাবন ও উন্নতিসাধনের জন্য জেলা শিল্পকেন্দ্রের একটি অফিস ভবন নির্মাণ করা হয়েছে।

১২। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের মৎস্য বিভাগের অধীনে যেসব গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি হাতে নেওয়া হয়েছে তার মধ্যে রয়েছে ৫০ : ৫০ ভিত্তিতে উপকারভোগী ব্যক্তিদের অংশদানের মাধ্যমে সমষ্টি পুষ্করিণী খনন, মৎস্যবীজ খামার নির্মাণ এবং পার্বত্য অঞ্চলের মৎস্য প্রজাতিসমূহের সংরক্ষণ ও প্রচলনের উদ্যোগ। পার্বত্য অঞ্চলে ঝোরা মৎস্য কর্মপ্রকল্পগুলিও হাতে নেওয়া হয়েছে। এই বছরে পেডং গোম্পা মৎস্য খামার নির্মাণ ও অন্যান্য খামার ও মৎস্য প্রকল্পের মেরামতি ও বেড়া দেওয়ার কাজও হাতে নেওয়া হয়।

১৩। স্বাস্থ্যক্ষেত্রে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের অধীন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য দার্জিলিংে একটি পৃথক জেলা সংরক্ষণ মজুতভাণ্ডার স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বর্তমান প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলি এবং মহকুমা ও জেলা হাসপাতালগুলিকে পার্বত্য পরিষদের আওতায় হস্তান্তরিত করা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে ২৭টি স্বাস্থ্যকেন্দ্র, ৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ২টি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, কার্শিয়াঙের মহকুমা হাসপাতাল এবং দার্জিলিঙের জেলা হাসপাতালের মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ হাতে নেওয়া হয়। ঘাইয়াবাড়ি ও পানিঘাটা উপ-কেন্দ্রের উন্নীতকরণের মাধ্যমে পূর্ণাবয়ব প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার কাজও হাতে নেওয়া হয়। প্রায় প্রত্যেকটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, মহকুমা হাসপাতাল ও জেলা হাসপাতালগুলিতে জেনারেটর দেওয়া হয়েছে। বিশ্বব্যাঙ্কের সহায়তাপ্রাপ্ত রাজ্য স্বাস্থ্যক্ষেত্র উন্নয়ন কর্মসূচির অধীনে বিভিন্ন কর্মপ্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্প হাসপাতালগুলিতে অ্যাম্বুলেন্স, জেনারেটর ও ব্লাড ব্যাঙ্কের ব্যবস্থা করা হয়েছে। ওযুধপত্র ও সাজ-সরঞ্জাম সরবরাহের কাজও চলছে বহু হাসপাতালে পার্বত্য পরিষদ নতুন তোষক ও চাদরের ব্যবস্থা করেছে।

১৪। জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং বিভাগ পার্বত্য পরিষদের অধীন গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে ঝোরা, ঝরণা ইত্যাদি মতো জলের উৎসগুলিকে কাজে লাগিয়ে নলবাহিত পানীয় জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়ণের মাধ্যমে জল সরবরাহের চেষ্টা করছে। পার্বত্য পরিষদ ১৩৮টি নতুন নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়ণ করেছে এবং ৮৯টি বর্তমান গ্রামীণ জল সরবরাহ কর্মপ্রকল্প রক্ষণাবেক্ষণের কাজ হাতে নিয়েছে। শহরাঞ্চলের ক্ষেত্রে ১০১টি কর্মপ্রকল্পের উন্নতিসাধন ও রক্ষণাবেক্ষণের কাজ হাতে নেওয়া হয়। পার্বত্য পরিষদ ১৯৯৮-৯৯ সালে গুরুত্বপূর্ণ জল সরবরাহ কর্মপ্রকল্পের কাজ হাতে নেওয়ার প্রস্তাব করছে। এগুলির মধ্যে আছে দার্জিলিঙে জল সরবরাহর জন্য উচ্চ সেঞ্চলে একটি চতুর্থ হ্রদ জলাধার নির্মাণ, মিরিক অঞ্চলে জল সরবরাহ বৃদ্ধির জন্য রায়ধাপ জল সরবরাহ কর্মপ্রকল্প এবং কালিম্পঙের উচ্চ পেডং-এ গ্রামীণ জল সরবরাহের বিভিন্ন কর্মপ্রকল্প।

১৫। ১৯৯৭-৯৮ সালে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ পর্যটনক্ষেত্রে গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করেছে। ১৯৯৭ সালের নভেম্বর মাসে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ চা ও পর্যটন উৎসবের আয়োজন করেছিল। সেখানে বিভিন্ন রাজ্য যোগ দেয় এবং আঞ্চলিক সহযোগিতা ও পর্যটন উন্নয়নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়। প্রকল্প ও কর্মপ্রকল্পের ক্ষেত্রে পরিকাঠামোর উন্নতিসাধন এবং অভিযানমূলক খেলাধূলা ও পরিবেশ অনুকূল পর্যটনের উপর গুরুত্ব দেওয়া হয়। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ পর্যটনের বেশ কিছু গুরুত্বপূর্ণ কর্মপ্রকল্প ভারত সরকারের পর্যটন-মন্ত্রক অনুমোদন করেছে। এগুলির মধ্যে আছে ঘাইয়াবাড়িতে পথিপার্শ্বস্থ সরাইখানা নির্মাণ, বাগডোগরা ও নিউ জলপাইগুড়িতে

পর্যটক অভ্যর্থনাকেন্দ্র স্থাপন, দুধিয়াতে মৎস্য-শিকারিদের জন্য কুটির নির্মাণ, টাইগার হিল প্যাভিলিয়নের সংস্কার, চৌরাস্তার সৌন্দর্যবর্ধন, গুল্ম উদ্যানের পুনরুজ্জীবন ইত্যাদি। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ পর্যটনের থাকার জায়গার সুবিধাদি, যানবাহন, নৌকার ও অভিযানমূলক পর্যটন কার্মকান্ড থেকে ৭০ লক্ষ টাকারও বেশি রাজস্ব এ বছর আদায় হয়েছে এবং বিপুলসংখ্যক বিদেশাগত পর্যটক সমেত পর্যটক আগমনের সংখ্যা ৬.২৫ লক্ষেরও বেশি হয়েছে।

১৬। এই বলে আমি মাননীয় সদস্যবৃন্দের কাছে পেশ করা ৬৪নং দাবিটি অনুমোদন করার জন্য সভাকে অনুরোধ জানাচ্ছি।

## DEMAND No. 65

**Major Heads : 2575—Other special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 78,45,25,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads : "2575—Other special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes".

(This is inclusive of a total sum of Rs. 26,16,00,000 already voted on account)

(Printed Budget Speech of Shri Abdur Razzak Molla on Demand No. 65 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

অভিযাচন ৬৫-এর অধীনে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সুন্দরবন এলাকার উন্নয়নের জন্য পরিকল্পনা খাতে ১৮ কোটি ৫০ লক্ষ টাকা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে ৫ কোটি ৪৭.১ লক্ষ টাকা অর্থাৎ মোট ২৩ কোটি ৯৭.১ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ অনুমোদনের যে প্রস্তাব রাখা হয়েছে তার সমর্থনে আমি আমার বক্তব্য পেশ করছি।

এ: ·স্তাবের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টস খাতে ৭ কোটি ৯৯.৩ লক্ষ টাকা অন্তর্ভূক্ত আছে।

ইতিপূর্বের বাজেট বক্তৃতাগুলিতে সুন্দরবন এলাকার বিশেষ সমস্যা ও সেখানকার জনসাধারণের কঠিন জীবন সংগ্রামের প্রতি আমি সকলের দৃষ্টি আকর্ষণ করেছিলাম।

সুন্দরবনে বসতি স্থাপনের প্রথম থেকেই সেখানকার অধিবাসীদের একটি বৃহৎ অংশ দারিদ্রপীড়িত জীবন যাপন করে আসছে। বিভিন্ন কারণে এই অঞ্চলটি পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া জনপদগুলির একটি। অধিবাসীদের জীবিকা অর্জনের প্রধান উপায় কৃষি। এই এলাকার মোট লোকসংখ্যার প্রায় ৯০ শাতংশ কৃষির উপর নির্ভরশীল। কিন্তু সেচের সুবিধা প্রয়োজনের তুলনায় নগণ্য হওয়ায় এই এলাকা মূলত একফসলি। সেই জন্য কৃষি থেকে আয়ের পরিমাণ স্বল্প। এছাড়া কৃষিজীবীদের ৫০ শতাংশ ভূমিহীন, তাদের দারিদ্র আরও প্রকট। জলনিকাশি সমস্যা, বন্যার প্রকোপ ইত্যাদি আবাদি জমির পূর্ণ সদ্ব্যবহারের প্রধান অন্তরায়। কিছু এলাকায় শীতকালীন ফসলের চাষ প্রবর্তিত হয়েছে। যোগযোগ ও পরিবহন সুন্দরবনের আর এক প্রধান সমস্যা। রেলপথ ও পাকা সড়কের দৈর্ঘ্য সীমিত, নদীপথ পরিবহনই প্রধান সহায়। কিন্তু প্রয়োজনের তুলনায় নদীপথে যাতায়াতের সুবিধা অপ্রতুল। খুব অল্পস্থানে জেটি আছে। গোচারণ ভূমি ও পশুখাদ্যের অভাবে এই অঞ্চল পশুপালনেও পিছিয়ে আছে। ভৌগোলিক প্রতিকূলতার জন্য খুব কম অঞ্চলেই বিদ্যুৎ পৌঁছেছে। বিদ্যুতের অভাব ও যোগাযোগের অসুবিধার জন্য সুন্দরবন এলাকায় কোনও উল্লেখযোগ্য শিল্প গড়ে ওঠেনি। সে কারণে এই অঞ্চলে শিল্পে কর্মসংস্থানের সুযোগ নেই বললেই চলে। স্বাস্থ্য ও শিক্ষাক্ষেত্রে এই এলাকা পশ্চাৎপদ। এই সব প্রতিকূলতার জন্যই রাজ্য সরকারের স্বাভাবিক উন্নয়নমূলক কাজকর্ম সুন্দরবনে অব্যাহত থাকা সত্ত্বেও কিছু অতিরিক্তি কর্মসূচি নেওয়ার প্রয়োজন অনুভব করে সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছিল। প্রথম বছর পরিকল্পনাখাতে ব্যয়-বরাদ্দ করা হয়েছিল ১ লক্ষ টাকা। বামফ্রন্ট সরকার প্রথম বাজেটে সুন্দরবনের উন্নয়নের জন্য ১ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। পরবর্তীকালে এই এলাকার দ্রুত উন্নয়নের স্বার্থে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের সহযোগিতা গ্রহণ করে এই এলাকায় নানা উন্নয়ন প্রকল্প রূপায়িত করা হয়। বামফ্রন্ট সরকার সুন্দরবনের দ্রুত উন্নয়নের স্বার্থে সুন্দরবন বিষয়ক শাখাকে একটি পূর্ণ দপ্তরের মর্যাদা দিয়েছেন। সুন্দরবন উন্নয়নের প্রকল্প রূপায়ণ কর্মধারার সঙ্গে স্থানীয় জনপ্রতিনিধিগণ অঙ্গাঙ্গিভাবে জড়িত এবং পরিকল্পনা রূপায়ণে তারা অংশ গ্রহণ করেন।

সুন্দরবন এলাকার উন্নয়নের স্বার্থে দশম অর্থ কমিশন চার বছরের জন্য (১৯৯৬-২০০০) মোট ৩৫ কোটি টাকা অর্থ বরাদ্দের সুপারিশ করেছেন। সুন্দরবন বিষয়ক দপ্তরকে এই অর্থ বরাদ্দের জন্য সংযোগরক্ষাকারী দপ্তর করা হয়েছে। এই বরাদ্দকৃত অর্থ সদ্ব্যবহারের জন্য সুন্দরবন বিষয়ক দপ্তর পূর্ত (সড়ক), জনস্বাস্থ্য ও কারিগরি এবং বিদ্যুৎ দপ্তর, জেলা পরিষদ ও জেলা প্রশাসনের সাহায্যে একটি প্রকল্প তৈরি করেছেন। এই প্রকল্পে ইট/খোয়া বিছানো রাস্তা নির্মাণ, জেটি নির্মাণ, কালভার্ট নির্মাণ, পানীয় জল সরবরাহ, পাকা রাস্তা, হাড়োয়া সেতু নির্মাণ, ক্যানিং, হাড়োয়া, মিনাখাঁ ও হিঙ্গলগঞ্জে

বিদ্যুৎকেন্দ্র নির্মাণ, বাদাবন সৃষ্টি ইত্যাদি অন্তর্ভূক্ত করা হয়েছে।

১৯৯৮-৯৯ আর্থিক বছরে পরিকল্পনা খাতে ৮ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ ছাড়াও দশম অর্থ কমিশনে বরাদ্দকৃত ১০ কোটি টাকা সুন্দরবনের সার্বিক উন্নয়নের স্বার্থে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এছাড়া ১৯৯৮-৯৯ সালে পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগম তহবিল থেকে ৫ কোটি ৩০ লক্ষ টাকা অর্থ বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দ ছিল ৭ কোটি ৭০ লক্ষ টাকা। এছাড়া দশম অর্থ কমিশনের বরাদ্দকৃত ৯ কোটি টাকাও অন্তর্ভুক্ত। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে সংশোধিত ব্যয়-বরাদ্দে গ্রামীণ পরিকাঠামো বিষয়ক তহবিলে ৫ কোটি টাকা সংস্থান রাখা হয়নি। এই আর্থিক বছরে সীমান্ত এলাকা উন্নয়ন কর্মসূচি তহবিল থেকে, ৬১,২৪,৩৫৩ টাকা পাওয়া গেছে, যা দিয়ে সীমান্তবর্তী এলাকায় (হিঙ্গলগঞ্জ, হাসনাবাদ, সন্দেশখালি-১ ও সন্দেশখালি-২) ইট/খোয়া বিছানো রাস্তা তৈরি করা হচ্ছে।

বামফ্রন্ট সরকার শুরু থেকেই আন্তরিকতার সঙ্গে চেষ্টা করে আসছে যাতে সুন্দরবনের পশ্চাৎপদতা ঘুচিয়ে এখানকার জনজীবনে উন্নয়নের সুফলগুলি আনা যায়। আমরা বিগত কয়েক বছর ধরে যে উন্নয়ন কর্মসূচির উপর জোর দিয়ে আসছি তার মূল বিষয়গুলি হল ঃ

(১) যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন।

(২) সেচ ও জল নিকাশের বন্দোবস্ত।

(৩) কৃষি প্রযুক্তি প্রসার ঘটিয়ে একফসলি জমিকে দোফসলি জমিতে রূপান্তরিত করা।

(৪) সামাজিক বনসৃজনের মাধ্যমে (বাদাবন সৃষ্টি করে) পরিবেশ দূষণ ও ভূমিক্ষয় রোধ করা।

(৫) মৎস্য চাষের প্রসার।

(৬) গ্রামীণ মহিলাদের ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে সহায়তা করা।

(৭) নলকূপ খননের মাধ্যমে পানীয় জলের সংস্থান করা ইত্যাদি।

বিগত বছরগুলিতে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি রূপায়ণের ফলে অনেক সুফল পাওয়া গিয়েছে। কিন্তু সমস্যা এত বিশাল যে আরও অনেকদিন এই এলাকার উন্নয়নের জন্য বিশেষভাবে সচেষ্ট থাকতে হবে।

**সিভিল ওয়ার্কস কর্মসূচি**

সুন্দরবনের পরিকল্পনাখাতে বরাদ্দ অর্থের সিংহভাগই খরচ হয় পরিকাঠামো, সেচ ও জল নিকাশি ব্যবস্থার উন্নতিতে। ১৯৯৭-৯৮ সালে সিভিল ওয়ার্কস কর্মসূচি রূপায়ণের জন্য সংশোধিত ব্যয় বরাদ্দের পরিমাণ ৬ কোটি ৬২.৫ লক্ষ টাকা ছিল।

১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৭ কোটি ৩০ লক্ষ টাকা এই খাতে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১৯৯৭-৯৮ সলে (ফেব্রুয়ারি '৯৮ পর্যন্ত) রূপায়িত সিভিল ওয়ার্কস কর্মসূচি (পরিকল্পনা ও দশম অর্থ কমিশন খাতে) নিম্নরূপ ঃ

| পরিকাঠামো বিষয়ক | এপ্রিল '৯৭ থেকে ফেব্রুয়ারি '৯৮ পর্যন্ত |
|---|---|
| ১। ইট, খোয়া বিছানো রাস্তা | ৬৮.১৬৯ কি.মি. |
| ২। পাকা জেটি | ৫টি |
| ৩। পানীয় জলের নলকূপ খনন | ৩৫টি |

১৯৯৭-৯৮ সালে হিঙ্গলগঞ্জ ব্লকে পূর্ত (সড়ক) দপ্তর কর্তৃক নির্মীয়মান গৌড়েশ্বর নদীর উপর কাটাখালী ব্রিজের জন্য ৯০ লক্ষ টাকা সংস্থান রাখা হয়েছে।

**কৃষি সম্প্রসারণ কর্মসূচি**

রবি মরশুমে চাষ ও উৎপাদন বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে ১৯৯৭-৯৮ সালে মোট ২,০৪৫.৩৩ একর জমিকে কৃষি সম্প্রসারণ কর্মসূচির আওতায় আনার ব্যবস্থা হয়েছে। এর ফলে ৫৩,৬৭০ জন প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক পরিবার উপকৃত হবে। আলু, গম, সরিষা, লঙ্কা, শীত ও গ্রীষ্মকালীন সবজি, চিনাবাদম, তিল ও উন্নত জাতের ওল চাষের জন্য অধিক ফলনশীল জাতের বীজ ও রাসায়নিক সার জনপ্রতি ৫০ শতাংশ হারে অনুদান হিসাবে বিতরণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ছাড়া খরিফ মরশুমে ফলন বৃদ্ধির উদ্দেশ্যে প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের উন্নতমানের উচ্চ ফলনশীল ধান বীজ বিতরণের পরিকল্পনায় ২২,৩২০ জন উপকৃত হয়েছেন। জয়নগর-২, বাসন্তী ও মথুরাপুব-২ ব্লকের ৫০০ জন প্রান্তিক/ক্ষুদ্র কৃষককে রবি মরশুমে তুলা চাষ করার জন্য অনুদান দেওয়া হয়েছে।

সুন্দরবন এলাকার ৭টি ব্লকের ৫০ জন মহিলাকে মাশরুম (কোরক) চাষের প্রশিক্ষণ ও মাশরুম উৎপাদনের জন্য বিভিন্ন উপযোগ দিয়ে সাহায্য করা হয়েছে।

**সামাজিক বনসৃজন**

বনসৃজন ভূমিক্ষয় রোধ করতে ও প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা করতে

সাহায্য করে। বাদাবন সৃজনের ফলে নদী বাঁধগুলি ক্ষয় ক্ষতির হাত থেকে রক্ষা পাবে ও জ্বালানি কাঠ উৎপাদিত হবে। ১৯৯৭-৯৮ সালে পরিকল্পনাখাতে বরাদ্দ অর্থ ও দশম অর্থ কমিশন খাতে বরাদ্দ অর্থ দ্বারা ৪৭১ হেক্টর এলাকায় বাদাবন সৃষ্টি করা সম্ভব হয়েছে। বাড়ির লাগোয়া জমিতে বাগিচাবন সৃষ্টি করা ও পরিবেশ সম্বন্ধে জনসাধারণকে সচেতন করার উদ্দেশ্যে ১৯৯৭-৯৮ সালে বিভাগীয় নার্সারিগুলিতে বিভিন্ন জাতের চারা যার বেশির ভাগ ফলের, যথা—[illegible], সুপারি ইত্যাদি উৎপাদন করে জনসাধারণের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

পর্যদ কর্তৃক সৃজিত বনভূমি সংলগ্ন স্থানে ১০০ মি. × ৫০ মি. মাপের নোনা জলে মাছ চাষের ৯টি পুকুর নির্মাণ করার ব্যবস্থা হয়েছে। স্থানীয় অধিবাসীদের মধ্যে থেকে নির্বাচিত ব্যক্তিদের এই পুকুরগুলির রক্ষণাবেক্ষণ ও উপস্বত্ব ভোগের অধিকার দেওয়া হবে।

**মৎস্য চাষ**

বাসন্তী থানার ঝড়খালি ও নামখানা থানার মৌসুনি দ্বীপের মৎস্য খামারে বিভাগীয়ভাবে প্রায় ২৩.৬২১ হেক্টর এলাকায় মাছ চাষ করে ১৯৯৭-৯৮ সালে প্রায় ৬৬৯২.৬০০ কিলোগ্রাম বিভিন্ন ধরনের নোনা মাছ উৎপাদন করা হয়েছে এবং সেই মাছ বিক্রয় করে প্রায় ৪.৪৭ লক্ষ টাকার রাজস্ব সরকারি তহবিলে জমা করা হয়েছে।

**১৯৯৮-৯৯ সালের কর্মসূচি**

সুন্দরবন উন্নয়নের কাজের প্রধান লক্ষ্য গ্রামীণ জনসাধারণের আর্থিক উন্নয়ন। সুন্দরবন এলাকায় এই কাজ মূলত কৃষি ও আনুষঙ্গিক বিষয়মুখী। এ বছর আমরা পরিকাঠামো বিষয়ক, সেচ ও জলনিকাশি বিষয়ক নূতন কাজ হাতে নেওয়ার পাশাপাশি সামাজিক বনসৃজন, কৃষি সম্প্রসারণ কর্মসূচি, পানীয় জল সরবরাহ, মহিলাদের জন্য বিশেষ কর্মসূচি ইত্যাদি কর্মসূচির উপর নজর দেব।

বিগত বছরগুলিতে যে সম্পদ সৃষ্টি করা হয়েছে তা রক্ষণাবেক্ষণ ও নবীকরণের উপর আগামী বছরও জোর দেওয়া হবে। দশম অর্থ কমিশনের প্রাপ্ত অর্থের দ্বারা বিদ্যুৎ পর্যদের মাধ্যমে সুন্দরবন অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ উন্নতির লক্ষে বিদ্যুৎকেন্দ্র স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। পানীয়জল সরবরাহ করার জন্য জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সহযোগিতায় পরিকল্পনা রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছে। এ ছাড়া হাড়োয়া ব্রিজের কাজ ও জামতলা থেকে পেটকুলচাঁদ পর্যন্ত পাকা রাস্তার কাজ পূর্ত (সড়ক) দপ্তরের সহযোগিতায় হাতে নেওয়া হয়েছে। এই সমস্ত কাজের অগ্রগতি ১৯৯৮-৯৯ সালেও অব্যাহত থাকবে।

আমি বিশ্বাস করি যে, এই কর্মধারা মাননীয় সদস্যগণ নিশ্চয় সমর্থন করবেন ও ১৯৯৮-৯৯ সালে সুন্দরবনের উন্নয়ন বাবদ ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রাখা হয়েছে তা অনুমোদন করবেন।

(The Printed Budget Speech of Shri Maheswar Murmu on Demand No. 65 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

অভিযাচন ৬৫-এর অধীনে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ঝাড়গ্রাম লাকার উন্নয়নের জন্য টাকা ১,৪২,৭০,০০০ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ সত্তর হাজার) ব্যয়-বরাদ্দ অনুমোদনের যে প্রস্তাব রাখা হয়েছে তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি।

বর্তমানে উপজাতীয় উপ-পরিকল্পনায় (ট্রাইব্যাল সাব-প্ল্যান-এ) অভিযাচন ৪১ আলাদাভাবে সৃষ্টি করা হয়েছে এবং এর অধীনে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদে ৭২,০০,০০০ (বাহাত্তর লক্ষ টাকা) বরাদ্দ অনুমোদনের প্রস্তাব রাখা হয়েছে।

ঝাড়গ্রাম মহকুমা পশ্চিমবঙ্গে অনুন্নত অঞ্চলগুলির অন্যতম। এই মহকুমার জনসংখ্যা ৮,৭৭,৩১২। তার মধ্যে ৩০.৫৬ শতাংশ আদিবাসী এবং ১৮.১ শতাংশ তফসিলি জাতিভুক্ত— যারা বিশেষভাবে পশ্চাদপদ ও অনগ্রসর। এদের বিশেষ উন্নতির কথা চিন্তা করেই পর্ষদ মোট বরাদ্দের ৫০ শতাংশ আদিবাসী ও ২৫ শতাংশ তফসিলি জাতির উন্নয়নমূলক প্রকল্পে খরচ করে। এটি মুখ্যত কৃষিপ্রধান অঞ্চল হলেও খরাপ্রবণ এবং উর্বরা শক্তি কম থাকায় এখানে একর প্রতি কৃষি উৎপাদন খুবই অল্প। এই অঞ্চল যেমন কৃষিক্ষেত্রে পিছিয়ে, তেমনই এখানকার শিল্পবিকাশ, বিদ্যুৎ, যোগাযোগ ব্যবস্থা বিশেষ গুরুত্ব প্রদানের দাবি রাখে।

এই সব কথা মনে রেখে বামফ্রন্ট সরকার শুরু থেকেই যত্ন ও আন্তরিকতার সঙ্গে তার স্বাভাবিক উন্নয়নমূলক কর্মকান্ডের পাশাপাশি সীমিত ক্ষমতার মধ্যে এই পশ্চাৎপদ এলাকার সর্বাঙ্গীন আর্থ-সামাজিক উন্নতি ত্বরান্বিত করতে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের মাধ্যমে বিশেষ কর্মসূচি তৈরি করে কাজ করে চলেছে। অর্থের অভাব ও অপরাপর কারণে বিভিন্ন দপ্তরের অসমাপ্ত প্রকল্পগুলিকে সম্পূর্ণ করাই হল এই প্রকল্পগুলির উদ্দেশ্য।

এই কর্মসূচির প্রধান লক্ষ্য সেচ ব্যবস্থা প্রসারের মাধ্যমে কৃষির উন্নতিসাধন, রাস্তা, সেতু ও কালভার্ট নির্মাণের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নতিসাধন, শিক্ষার সাধারণ মান উন্নয়নের জন্য বিদায়তনগুলির ভবন গঠন ও পুনর্গঠন, পানীয় জলসরবরাহ, পৌর এলাকার জলনিকাশি ব্যবস্থার উন্নতিসাধন, বনসৃজন, ক্ষুদ্রশিল্প বিকাশের জন্য পরিকাঠামো সৃষ্টি এবং আদিবাসী সংস্কৃতিকে উৎসাহদানের জন্য মেলা ও উৎসবের আয়োজন ইত্যাদি।

ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ এ যাবৎ যে সমস্ত খাতে কর্মসূচি রূপায়ণ করেছে তার একটি সংক্ষিপ্ত বিবরণ নিচে দেওয়া হল ঃ

১। **ক্ষুদ্রসেচ**

ক্ষুদ্রসেচ ব্যবস্থা প্রসারের জন্য ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের অর্থানুকুল্যে এ-যাবৎ ৪৪টি নদী জলোত্তলন প্রকল্প নির্মাণ করা হয়েছে যার দ্বারা ১৫৭০ হেক্টর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া অন্যান্য ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে (যেমন—খাল, জোড়বাধ, বাঁধ, কূপ ও অগভীর নলকূপ প্রভৃতি) আরও ৮৪৬৭ হেক্টর জমিতে সেচের জল সরবরাহ করা হচ্ছে। সাঁকরাইল পঞ্চায়েতের অধীনে একটি ডাহেরিপাল সেচ (নদী-জলোত্তলন) প্রকল্প গ্রহণ করা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে ক্ষুদ্র সেচ প্রকল্প, নদী জলোত্তলন বাবদ বিভিন্ন ব্লকে ১০ (দশ)টি প্রকল্প মঞ্জুর করা হয়েছে, এই কাজগুলি কৃষি যান্ত্রিক বিভাগ কর্তৃক রূপায়িত করা হবে। কিছু কিছু পঞ্চায়েত সমিতিতে ৮টি ক্ষুদ্রসেচ (নদী-জলোত্তলন) প্রকল্প মঞ্জুর করা হয়েছে। সেচ ও জলপথ বিভাগ কর্তৃক তার্কি ও রাঙ্গামালিয়া সেচ প্রকল্পে নবীকরণ করা হয়েছে। একইভাবে এই আর্থিক বছরে কৃষি-সেচবিভাগ কর্তৃক লালগেড়িয়া সেচ প্রকল্প ও মধুবাঁধ প্রকল্পে নবীকরণের কাজ করার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে, বিশেষ বিশেষ ক্ষেত্রে অকেজো নদী জলত্তোলন প্রকল্পগুলি চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

২। **পথঘাট**

এই খাতে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ পূর্ত-সড়ক অধিকারের মাধ্যমে বেশ কয়েকটি পাকা রাস্তা এবং সেতু নির্মাণ ও সংস্কারের কাজ করেছে। এ যাবৎ প্রায় ১৩৫ কি. মি. রাস্তা নির্মাণ করা হয়েছে। অন্যান্য দপ্তরের সহায়তার বিনপুর থানার অধীনে প্রতাপপুর কজওয়ে নির্মাণের প্রস্তাব নেওয়া হয়েছে। এই রাস্তাগুলি প্রতি বৎসর সংস্কার ও রক্ষণাবেক্ষণ করার জন্য যথেষ্ট অর্থের ব্যবস্থা করার বিষয়টি পূর্ত দপ্তর ও অর্থ দপ্তরের সঙ্গে আলোচনা হচ্ছে।

এ ছাড়া নিম্নলিখিত রাস্তাগুলিতে বর্তমান বছরে কাজ চলছে এবং ১৯৯৮-৯৯ আর্থিক বছরের মধ্যে সমাপ্ত হবে।

(১) খাল সিউলি-মালঞ্চ (ফেজ-২), (২) কেশিয়াপাতা-গজাশিমুল রোড সঙ্গে কালভার্ট, (৩) দোহিজুরি বসন্তপুর রোড, (৪) জাম্বনি চুতিয়া রোড (ফেজ-২), (৫) আশুই-নারিয়াশোল ভায়া গন্ডাছেঁচা, (৬) পুকুরিয়া-চন্ড্রী রোড, (৭) বেলপাহাড়ি-ওদালচুয়া রোড (এস্টেট পর্যন্ত) এবং (৮) ঢোলভাঙ্গা-ছোটমুরগি রোড।

যদিও ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের আর্থিক সো৴ন্যে রাস্তাগুলির কাজ রূপায়িত হচ্ছে

কিন্তু অত্যাধিক বাস চলাচলের জন্য রাস্তাগুলির ক্ষতিসাধন হচ্ছে। পূর্ত বিভাগকে সংরক্ষণের জন্য অনুরোধ করা হয়েছে, কিন্তু কোনও সুফল পাওয়া যায়নি।

উপরিলিখিত প্রকল্পগুলি ছাড়াও মোট ২১৫ কি. মি. সংযোগকারী গ্রামীণ সড়ক, ১৫টি কজওয়ে এবং ৩৫টি কালভার্ট পঞ্চায়েতগুলি রূপায়ণ করেছে।

৩। **শিক্ষা**

ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ আদিবাসী অধ্যুষিত এই অঞ্চলে শিক্ষা বিস্তারে একটি বিশেষ ভূমিকা গ্রহণ করেছে। এ যাবৎ ৪৭০টি প্রাথমিক বিদ্যালয়, ১৭২টি হাই/জুনিয়ার হাইস্কুল, ৬টি মহাবিদ্যালয়ের নির্মাণ ও সংস্কারের কাজ করা হয়েছে। তার মধ্যে মানিকপাড়া কলেজের ল্যাবরেটরি স্থাপনের কাজ ও শিলদা চন্দ্রশেখর কলেজের ভবনের বিদ্যুৎ সংযোগ ও সম্প্রসারণের কাজ ও গোপীবল্লভপুর সুবর্ণরেখা কলেজের ভবন নির্মাণের কাজ উল্লেখযোগ্য। শিলদা কলেজের বিদ্যুতায়নের জন্য ১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এছাড়া সেবায়তন শিল্প ও শিক্ষণ মহাবিদ্যালয়ে গৃহ সংস্কারের জন্য টাকা বরাদ্দ করা হয়েছে।

৪। **ক্ষুদ্রশিল্প**

ঝাড়গ্রাম মহকুমায় ক্ষুদ্রশিল্প স্থাপনে উৎসাহদানের জন্য ঝাড়গ্রাম শহরের সন্নিকটে একটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট নির্মিত হয়েছে। এছাড়া ঝাড়গ্রামের শিলদাতে শিল্প-শ্রমিকদের জন্য একটি ট্রেড-শেড গঠন করা হয়েছে। নয়াগ্রাম, গোপীবল্লভপুর, বেলপাহাড়ি ও জাম্বনিতে বাবুই ঘাস থেকে দড়ি তৈরি করার জন্য শ্রমিকদের অর্থ সাহায্য করা হয়েছে। জেলা শিল্পন্নোয়ন কেন্দ্র এবং গ্রামীণ উন্নয়ন কেন্দ্র আই. আই. টি. খড়গপুর এই সকল শ্রমিকদের প্রশিক্ষণ দিয়েছে। জাম্বনি পঞ্চায়েত সমিতি এলাকায় গ্রামীণ শিল্প বিকাশের জন্য একটি ট্রেড-শেড নির্মাণ করা হয়েছে।

৫। **বন সৃজন**

ঝাড়গ্রাম মহকুমায় [illegible] একটি বিশেষ সম্পদ। এই অরণ্য সম্পদের গুরুত্ব উপলব্ধি করে ঝাড়গ্রাম অঞ্চলে মোট ৯২৬ হেক্টর বনসৃজন ও ১২৮ কি. মি. রাস্তার পার্শ্বস্থ বনসৃজন করা হয়েছে। গোপীবল্লভপুর-১ পঞ্চায়েত সমিতি এবং অন্যান্য পঞ্চায়েত সমিতির মাধ্যমে সামাজিক বনসৃজনের উদ্দেশ্যে পতিত জমির বাছাই ও উন্নতি সাধনের জন্য প্রাথমিক পদক্ষেপ নেওয়া হয়েছে। ভুলাভেদা থেকে কাঁকড়াঝোর পর্যন্ত একটি রাস্তা নির্মাণের প্রকল্প বন-দপ্তরের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এ ছাড়া ঝাড়গ্রাম শহরে পূর্ত বিভাগের জমির উপরে শাল বন সৃজনের জন্য ১ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

৬। **গ্রামীণ বৈদ্যুতিকীকরণ**

বিগত বৎসরগুলিতে গ্রামীণ বৈদ্যুতিকীকরণের জন্য ৮টি পঞ্চায়েত সমিতিতে ১৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং উক্ত কাজ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক রূপায়িত করা হচ্ছে। বর্তমান আর্থিক বছরে এই প্রকল্পে ২৪ লক্ষ টাকা বরাদ্দ করা হচ্ছে। এই প্রকল্পের দ্বারা গ্রামের পিছিয়ে পড়া মানুষেরা বিশেষভাবে উপকৃত হচ্ছেন।

৭। **বিবিধ**

উপরিল্লিখিত বিশেষ বিশেষ প্রকল্পগুলি ছাড়াও ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের মঞ্জুরীকৃত অর্থের দ্বারা পানীয়জল সরবরাহের জন্য কূপ খনন, প্যাসেঞ্জার-শেড, স্টেডিয়াম, পার্ক, গবাদি পশুদের কৃত্রিম প্রজনন কেন্দ্র এবং একটি ল্যাবরেটরি তৈরি করা হয়েছে। এ ছাড়া মেধাবী ছাত্রদের মধ্যে পুস্তক বিতরণ, পরিবেশ উন্নয়ন এবং উপজাতি রায়তদের মধ্যে পরচা বিলি, সুষম জলবন্টন প্রকল্প, ঝাড়গ্রাম মেলা ও যুব উৎসব ইত্যাদির জন্য আর্থিক সহায়তা করা হয়েছে। নয়াগ্রাম ব্লকে লোধা সম্প্রদায়ের উন্নয়নের জন্য গ্রামীণ উন্নয়ন কেন্দ্রে আই. আই. টি. খড়গপুর-এর মাধ্যমে বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে।

ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালের শব ব্যবচ্ছেদ গৃহ ও তার চতুষ্পার্শ্বস্থ প্রাচীর নির্মাণ প্রকল্প সম্পূর্ণ করা হয়েছে।

ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের অপর একটি কাজ হল এই সরকারের বিভিন্ন দপ্তরের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোর মধ্যে সমন্বয় সাধন করা। এই নীতি অনুসারে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ-এর তত্ত্বাবধানে ঝাড়গ্রাম মহকুমার অধীনে ৪টি পঞ্চায়েত সমিতির মধ্যে যোগাযোগ স্থাপনের উদ্দেশ্যে রোহিনীতে ডুলং নদীর ওপর একটি সেতু নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

এই কর্মসূচির সঙ্গে যুক্ত সরকারি অফিসের ব্যয় বাবদ আগামী বছরে পরিকল্পনাবহির্ভূত খাতে ২৭,৭০,০০০ টাকা (সাতাশ লক্ষ সত্তর হাজার) বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। ১৯৯৮-৯৯ সালে পরিকল্পনা খাতে ১,১৫,০০,০০০ টাকা (এক কোটি পনেরো লক্ষ) বরাদ্দ করা হয়েছে।

আমি, মাননীয় সদস্যদের জানাতে চাই আদিবাসী উন্নয়নকে এ-রাজ্যে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং এ-ব্যাপারে এস. টি. এ. ডি. বোর্ড গঠন করার জন্য প্রয়োজনীয় সরকারি বিজ্ঞপ্তি সত্ত্বর জারি করা হবে। কেননা আমি শুধুমাত্র জাড়গ্রাম উন্নয়ন বিষয়েই দায়িত্বপ্রাপ্ত নই— বিশেষ আদিবাসী অঞ্চল উন্নয়ন বিষয়েও দায়িত্বপ্রাপ্ত। পুরুলিয়া, বাঁকুড়ার সংশ্লিষ্ট এলাকা

নিয়ে গঠিত একই ভৌগোলিক বৈশিষ্ট্যযুক্ত ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল বিশেষ আদিবাসী উন্নয়ন এলাকাভুক্ত হতে চলেছে। জীবনধারণের জন্য এই পশ্চাদপদ এলাকার আদিবাসীরা এই ভৌগোলিক পরিবেশের উপর নির্ভরশীল।

আশা করি, মাননীয় সদস্যগণ অনগ্রসর ঝাড়গ্রাম এলাকার দ্রুত সার্বিক উন্নয়নসাধন সর্বতোভাবে সাহায্য করবেন এবং ১৯৯৮-সালে ঝাড়গ্রাম উন্নয়ন খাতে ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রাখা হয়েছে তা সমর্থন করবেন।

## DEMAND No. 66

### Major Heads : 2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 379,65,53,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads : "2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation".

(This is inclusive of a total sum of Rs. 149,86,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Debabrata Bandyopadhyay on Demand Nos. 66 & 68 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি সানন্দে প্রস্তাব করছি যে ৬৬ নং ৬৮ নং দাবির অন্তর্গত নিম্নলিখিত মুখ্য খাতসমূহে ১৯৯৮-৯৯ সালের ব্যয়নির্বাহের জন্য মোট ৫৮৪,০১,৮০,০০০ (পাঁচশত চুরাশি কোটি এক লক্ষ আশি হাজার) টাকা মঞ্জুর করা হোক ঃ

| | | |
|---|---|---|
| **৬৬ নং দবি** | ঃ | ২৭০১—বড় ও মাঝারি সেচ |
| | | ৪৭০১—বড় ও মাঝারি সেচে মূলধন বিনিয়োগ |
| **৬৮ নং দাবি** | ঃ | ২৭১১—বন্যা নিয়ন্ত্রণ |
| | | ৪৭১১—বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহে মূলধন বিনিয়োগ |

উক্ত দাবিগুলির মধ্যে রয়েছে ঃ

| | | |
|---|---|---|
| ক. মূল ক্ষেত্রের কর্মসমূহ বাবদ | = | ৮২.৪০ (বিরাশি দশমিক চার শূন্য) কোটি টাকা |
| খ. গ্রামীণ অন্তর্কাঠমো উন্নয়ন তহবিল (RIDF)-এর অধীনস্থ কৃষি ও গ্রামীণ উন্নয়ন সংক্রান্ত জাতীয় ব্যাঙ্ক (NABARD)-থেকে প্রাপ্ত ৮ অর্থ সাহায্য বাবদ ঃ<br>১. সেচ ক্ষেত্রে ৩১.০০ (একত্রিশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা<br>২. বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রে ৪৬.০০ (ছেচল্লিশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা | = | ৭৭.০০ (সাতাত্তর দশমিক শূন্য শূন্য) কোটি টাকা |
| গ. গঙ্গা-পদ্মা নদীর মূল অংশে ক্ষয় নিরোধক কাজে দশম অর্থ কমিশনের আর্থিক সাহায্য বাবদ | = | ৫.৫০ (পাঁচ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা |
| ঘ. সেচ-সুবিধা দ্রুতায়ন কর্মসূচি (AIBP) থেকে বড় সেচ প্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় সরকারের ঋণ সহায়তা (CLA) বাবদ | = | ৪০.০০ (চল্লিশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা |
| ঙ. গঙ্গা-পদ্মা নদীর পাড় ভাঙনের বিশেষ সমস্যার মোকাবিলা বাবদ (কেন্দ্রীয় সরকারের বিশেষ অনুদান-সহ) | = | ৬০.০০ (ষাট দশমিক শূন্য শূন্য) কোটি টাকা |
| চ. কেন্দ্রীয় সরকারের পোষকতাপ্রাপ্ত একটি প্রকল্প বাবদ | = | ০.১২ (শূন্য দশমিক এক দুই) কোটি টাকা |
| ছ. যোজনা-বহির্ভূত ব্যয়ের জন্য ধার্য (১,০০,০০০ টাকা প্রভারিত ব্যয় ব্যতিরেকে) | = | ৩১৮.৯৯৮০ (তিন শত আঠারো দশমিক নয় নয় আট শূন্য) কোটি টাকা |

যোজনা-বহির্ভূত ব্যয়ের অন্তর্ভুক্ত উপরোক্ত (ছ)-ক্রমিকে বর্ণিত টাকার অঙ্কটি নিম্নরূপ ঃ

১. ডি. ভি. সি.-র সেচ, বন্যানিয়ন্ত্রণ, বিদ্যুৎ-এ অতিরিক্ত ব্যয় বাবদ

এবং

| | |
|---|---|
| বিভিন্ন সেচ ও বন্যানিয়ন্ত্রণ প্রকল্প ইত্যাদির প্রদেয় সুদ বাবদ | = ১৭৯.৯৫৮৫ (এক শত উনআশি দশমিক নয় পাঁচ আট পাঁচ) কোটি টাকা |
| ২. রক্ষণাবেক্ষণমূলক পূর্তকর্ম ও নিয়মিত সংস্থাগত ব্যয়নির্বাহ বাবদ অবশিষ্টাংশ | = ১৩৯.০৯৫ (এক শত উনচল্লিশ দশমিক শূন্য তিন নয় পাঁচ) কোটি টাকা |

উক্ত দাবিগুলির মধ্যে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার প্রভারিত ব্যয় ব্যতিরেকে ভোট অন অ্যাকাউন্টে ইতিমধ্যেই ব্যয়নির্বাহের জন্য ২৩১,৬২,০০,০০০ (দুই শত একত্রিশ কোটি বাষট্টি লক্ষ) টাকা অনুমোদিত হয়েছে।

১.২. ☐ এই বিভাগের প্রদান কর্মসমূহ হল বিভিন্ন বড় ও মাঝারি সেচ প্রকল্পের মাধ্যমে কৃষি জমিতে সেচের জল দেওয়া ও বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করা।

১.২.১ ☐ সাম্প্রতিক বছরগুলিতে কৃষিজ উৎপাদন লক্ষণীয়ভাবে বৃদ্ধি পাওয়ায় শস্য উৎপাদন ও চাহিদার মধ্যে ব্যবধান ক্রমেই কমে আসছে। এটা সম্ভব হয়েছে অতিরিক্ত সেচ-সামর্থ সৃষ্টি ও অতীতের এক ফসলি জমিকে বহু ফসলি জমিতে রূপান্তরিত করার মাধ্যমে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৯৯৬-৯৭-এর শেষে রাজ্যের বড় ও মাঝারি সেচ প্রকল্পগুলির মাধ্যমে মোট ১৩৩৫ হাজার হেক্টর জমিতে সেচ-সামর্থ তৈরি হয়েছিল। ১৯৯৭-৯৮ সালে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আরও সেচ-সামর্থ তৈরি হয়েছিল। ১৯৯৭-৯৮ সালে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আরও অতিরিক্ত ৪০ হাজার হেক্টর জমিতে সেচ-সামর্থ সৃষ্টি করা হয়। কেন্দ্রীয় সরকারের AIBP-র অধীনস্থ CLA এবং NABARD-র অন্তর্গত RIDF থেকে ঋণ সহায়তাসহ সেচ ক্ষেত্রে ১৯৯৮-৯৯ সালে সর্বমোট ১১৯.০০ (একশত উনিশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকার আর্থিক বরাদ্দের সংস্থান রাখা হয়েছে।

১.২.২ ☐ ১৯৯৭ সালে কোচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলা চিরাচরিতভাবেই বন্যার কবেল পড়ে এবং গঙ্গা-পদ্মা ও ভাগিরথী নদীর বিস্তীর্ণ পাড় জুড়ে মালদহ, মুর্শিদাবাদ ও নদীয়া জেলায় ব্যাপক ও ভয়াবহ ভুমিক্ষয় ঘটে। পাশাপাশি মেদিনীপুর, ২৪-পরগনা (উত্তর) ও ২৪-পরগনা (দক্ষিণ) ইত্যাদি দক্ষিণ সমুদ্রোপকূলবর্তী জেলাগুলিতে প্রবল বৃষ্টিপাতসহ ঘুর্ণিঝড় ও জলোচ্ছ্বাস দেখা দেয়। সুন্দরবনের

সংরক্ষিত অঞ্চলের বহুলাংশ 'বদ্ধ-নিকাশি' হওয়ায় ও নোনাজল ঢুকে পড়ায় এ-অঞ্চলের মানুষ ব্যাপক কষ্ট ভোগ করে।

১.২.৩ □ মালদহ জেলার গঙ্গার বামতীর এবং মুর্শিদাবাদ জলোর গঙ্গা-পদ্মার ডানতীরের চরম বিধ্বংসী ভূমিক্ষয় সমস্যাটিকে জাতীয় আকার দিয়েছে। এই সমস্যার সমাধানে, গঙ্গা-পদ্মার ভূমিক্ষয় মোকাবিলায়, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে বিশেষ অনুদান হিসেবে আর্থিক সহায়তার আবেদন রেখেছে।

১.২.৪ □ ১৯৯৭-৯৮ সালে NABARD-এর অন্তর্গত RIDF থেকে ঋণ সহায়তা বাবদ আমার বিভাগীয় ব্যয়-বরাদ্দে ৮০.০০ (আশি দশমিক শূন্য শূন্য) কোটি টাকার সংস্থান ছিল। সেচ ও বন্যানিয়ন্ত্রণ ক্ষেত্রে ওই টাকার বিভাজন ছিল যথাক্রমে ৪৯.৭৬ (ঊনপঞ্চাশ দশমিক ছিয়াত্তর) কোটি টাকা ও ৩০.২৪ (তিরিশ দশমিক চব্বিশ কোটি) টাকা। সমস্ত প্রয়োজনীয় পদ্ধতিগত চাহিদা মিটিয়ে RIDF থেকে উক্ত বছরে শেষ পর্যন্ত মাত্র ১০.০০ (দশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা ঋণ সহায়তা পাওয়া গেছে।

১.২.৫ □ ১৯৯৮-৯৯ আর্থিক বছরে NABARD-এর অন্তর্গত RIDF-এর ঋণ সহায়তা বাবদ আমার বিভাগীয় ব্যয়-বরাদ্দের যোজনা খাতে ৭৭.০০ (সাতাত্তর দশমিক শূন্য শূন্য) কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এর ভেতরে সেচ ক্ষেত্রে ৩১.০০ (একত্রিশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা ও বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রে ৪৬.০০ (ছেচল্লিশ দশমিক শূন্য শূন্য) কোটি কোটি ধরা হয়েছে।

১.২.৬ □ বড় ও মাঝারি সেচ প্রকল্পের মাধ্যমে সেচ-সামর্থ্যযুক্ত এলাকার পরিমাণ নিচের সারণিতে দেখানো হল ঃ

| বছর | সেচ-সামর্থ্যযুক্ত এলাকার পরিমাণ (হাজার হেক্টর হিসেবে) |
|---|---|
| অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ পর্যন্ত মোট পরিমাণ (৩১. ৩. ৯৭ পর্যন্ত) | ১৩৩৫ |
| ১৯৯৭-৯৮ (আনুমানিক) | ৪০ |
| ১৯৯৮-৯৯ (লক্ষ্যমাত্রা) | ৫০ |

১.২.৭ □ আমার বিভাগের ১৯৯৮-৯৯ আর্থিক বছরের মোট রাজ্য যোজনা খাতের

২৬৫.৩০ (দুই শত পঁয়ষট্টি দশমিক তিরিশ) কোটি টাকার মধ্যে ৪০.০০ (চল্লিশ দশমিক শূন্য শূন্য) লক্ষ টাকা বন্যানিয়ন্ত্রণ ক্ষেত্র থেকে সহায়ক অনুদান হিসেবে দার্জিলিং পার্বত্য পরিষদ (DGHC)-এর জন্য নির্ধারিত আছে।

উপরোক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি আমার বিভাগের কাজকর্মের একটি সংক্ষিপ্ত বিবরণ এই সভায় পেশ করছি।

২.১ □ সেচক্ষেত্র

২.১ □ ১৯৯৭ সালে বর্ষা তাড়াতাড়ি বিদায় নেওয়ায় রাজ্যের বিভিন্ন জলাধারের সঞ্চিত জলের পরিমাণ যথেষ্ট ছিল না। ১৯৯৭-৯৮ সেচ বছরের (জুলাই '৯৭ থেকে জুন '৯৮) তিনটি সেচ মরশুমে প্রকল্পনুযায়ী সেচসেবিত এলাকার আনুমানিক পরিমাণ-সহ রাজ্যের তিনটি বৃহৎ সেচ প্রকল্পের ব্যয়-বরাদ্দ নিম্নরূপ ঃ

| ক্রমিক সংখ্যা | প্রকল্পের নাম | সেচ সেবিত এলাকা খরিফ (হাজার হেক্টরে) | প্রস্তাবিত সেচ এলাকা (হাজার হেক্টর হিসেবে) রবি | বোরো | আর্থিক বছরের বাজেট বরাদ্দ (কোটি টাকার হিসেবে) |
|---|---|---|---|---|---|
| ১। | ময়ূরাক্ষী জলাধার প্রকল্প | ২১৭.৬০ | — | ১৩.০০ | ৪.৫০ (প্রকল্পের বিশেষ মেরামতির জন্য) |
| ২। | কংসাবতী জলাধার প্রকল্প | ২৪৯.০০ | ৪৮.৫০ | — | ১২.০০ |
| ৩। | দামোদর উপত্যকা প্রকল্পের অন্তর্গত বাঁধ ও সেচ ব্যবস্থা | ৩৫৩.০০ | ১৮.৩৪ | ৪৮.৬০ | ৪.০০ (প্রসারণ ও উন্নয়নের জন্য) |

২.২ □ কেন্দ্রীয় সরকারের বাঁধ নিরাপত্তা কমিটির নির্দেশনামা অনুযায়ী ময়ূরাক্ষী জলাধার প্রকল্পের মশানজোর বাঁধের কংক্রিট নির্মিত অংশটির পুঙ্খানুপুঙ্খ মেরামতি প্রয়োজন। এ ছাড়াও, মূল প্রকল্পে স্থিরীকৃত লক্ষ্যপূরণের উদ্দেশ্যে বিহার রাজ্যের সেচের জল সরবরাহ ব্যবস্থা চালু রাখা এবং এ-বিষয়ে আন্তরাজ্য চুক্তির প্রতিশ্রুতিমতো বহু আগের বসানো পুরনো পাম্পগুলির অবিলম্বে পরিবর্তন করা দরকার। এই সব

ব্যয় নির্বাহের জন্য, ময়ূরাক্ষী জলাধার প্রকল্পের বিশেষ মেরামতিতে ১৯৯৮-৯৯-এর চলতি বছরের যোজনা খাতে ৪.৫০ (চার দশমিক পঞ্চাশ) কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

**২.৩ □ তিস্তা বাঁধ প্রকল্প**

২.৩.১ □ মাননীয় সদস্যদের নিশ্চয়ই স্মরণে আছে যে অষ্টম পঞ্চবার্ষিকী যোজনায় তিস্তা প্রকল্পের প্রথম পর্বের প্রথম পর্যায়ের প্রথম উপ-পর্যায়ের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ১৫০.০০ কোটি টাকার অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্যসহ ৩১৫.০০ কোটি টাকা বরাদ্দ করা হয়। নবম পরিকল্পনায় এই প্রকল্পের প্রথম উপ-পর্যায়ের কাজ শেষ করার লক্ষ্যে আরও ৪১৫.০০ কোটি টাকার বরাদ্দ ধরা হয়। যোজনা আয়োগের কার্যনির্বাহী সমিতির অনুমোদন অনুযায়ী এই প্রকল্পের জন্য নবম পরিকল্পনায় স্থিরীকৃত টাকার অঙ্ক ৩৭১.০০ কোটি টাকা। অক্টোবর ১৯৯৬ সালের মূল্যস্তর অনুযায়ী প্রকল্পের প্রথম উপ-পর্যায়ের সংশোধিত মূল্য দাঁড়িয়েছে ১১৭৭.০০ কোটি টাকায়। ফলে স্বাভাবিকভাবেই প্রকল্পের কাজ দশম পরিকল্পনাতেও গড়িয়ে যাবে।

২.৩.২ □ প্রকল্পটি বাস্তবিক এবং আর্থিক অভিষ্ট লক্ষ্যমাত্রা পূরণের ক্ষেত্রে দুটি প্রধান অন্তরায়ের সম্মুখীন হয়েছে। অন্তরায় দুটি হল ঃ

(ক) জমি অধিগ্রহণ আইন (L. A. Act-I) অনুযায়ী জমি অধিগ্রহণের ক্ষেত্রে বিলম্ব ; এবং

(খ) ১৯৮৮ সাল থেকে উত্তর-পূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষের রেলওয়ে ক্রশিং স্ট্রাকচার নির্মাণে গড়িমসি।

২.৩.৩ □ প্রকল্প সম্পাদনের এই সব সমস্যাবলী সম্পর্কে সভার মাননীয় সদস্যরা নিশ্চয়ই ইতিমধ্যে অবগত আছেন। তবুও জমি অধিগ্রহণ ও রেলওয়ে ক্রশিং স্ট্রাকচার নির্মাণের এই সমস্যা থেকে এখনও বেরিয়ে আসা যায়নি। আমি আন্তরিকভাবে এই বকেয়া জমি অধিগ্রহণের সমস্যাটি দ্রুত সমাধানের চেষ্টা করে যাচ্ছি। রেলওয়ে ক্রশিং স্ট্রাকচার রূপায়ণে বিলম্বের সমস্যাটি আমি মাননীয় রেলমন্ত্রীর গোচরে এনেছি। এখনও পর্যন্ত আমার সে চেষ্টা ফলপ্রসূ হয়নি। বিষয়টি নিয়ে আমি আবারও চেষ্টা চালাব।

২.৩.৪ □ সভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে আমি জানাচ্ছি যে AIBP-র অধীনে এই প্রকল্পের জন CLA পাওয়া যায় ১৯৯৬-৯৭ সাল থেকে। AIBP-র সঙ্গে একটি অত্যন্ত কঠোর শর্ত যুক্ত আছে। এই কর্মসূচি অনুযায়ী যদি কোনও

প্রকল্প বা তার কোনও অংশের জন্য AIBP তহবিল থেকে কেন্দ্রীয় ঋণ সহায়তা নেওয়া হয় তবে উক্ত ঋণের অর্থ ব্যবহারের দু' বছরের মধ্যে সেই প্রকল্পে বা তার নির্বাচিত অংশে সেচের সুবিধা পৌঁছে দেওয়া বাধ্যতামূলক থাকবে। কিন্তু জমি অধিগ্রহণের বর্তমান ধীরগতির জন্য এই শর্ত মিটিয়ে AIBP-র অর্থের সদ্ব্যবহার করা খুবই কঠিন।

২.৩.৫ □ ১৯৯৭ সালের জুন পর্যন্ত এই প্রকল্পের মাধ্যমে সেচ-সামর্থ তৈরির মোট পরিমাণ হল ৯১,৩১০ হেক্টর। ১৯৯৮ সালের জুন মাসের শেষে এই প্রকল্পের মাধ্যমে মোট ১,১২,৫০০ হেক্টরে সেচ-সামর্থ সৃষ্টি করা যাবে।

২.৩.৬ □ সভার মাননীয় সদস্যদের আমি এই মর্মে জানাতে পেরে খুশি যে ১৯৯৭ সালের জুলাই মাস থেকে তিস্তার জল মহানন্দা প্রধান খালের মাধ্যমে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ (WBSEB)-এর তিস্তা ক্যানাল ফল-এর ওপর নির্মিত জলবিদ্যুৎ প্রকল্পে দেওয়া সম্ভব হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ইতিমধ্যেই তাদের জলবিদ্যুৎ কেন্দ্রের ১নং পাওয়ার স্টেশনের দুটি ইউনিট থেকে বাণিজিক্যভাবে ১৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে শুরু করেছে।

২.৩.৭ □ ১৯৯৮-৯৯ আর্থিক যোজনায় AIBP-এর অধীনে কেন্দ্রীয় সরকারের ঋণ সহায়তাসহ এই প্রকল্পের জন্য ৫০.০০ কোটি টাকার বরাদ্দ রাখা হয়েছে।

**২.৪. □ সুবর্ণরেখা বাঁধ প্রকল্প**

২.৪.১ □ সংশোধিত ৫৯৫.০০ কোটি টাকা ব্যয়ে সুবর্ণরেখা বাঁধ প্রকল্পের মাধ্যমে মেদিনীপুর জেলায় ১,৩০,০০০ হেক্টর জমিতে সেচের সুবিধা দেওয়া হবে। তিস্তা বাঁধ প্রকল্পের জন্য আর্থিক বরাদ্দের সংস্থান করার পরে সুবর্ণরেখা প্রকল্পের মতো এত বড় প্রকল্পে যথোপযুক্ত আর্থিক সংস্থান করা রাজ্যের সীমিত আর্থিক ক্ষমতায় আর সম্ভবপর নয়। প্রকল্পটি রূপায়ণের জন্য AIBP-র অধীনে CLA পাওয়ার চেষ্টা সফল হয়নি। তবে অন্য সূত্র থেকে এই প্রকল্পের জন্য আর্থিক সংস্থানের প্রচেষ্টা চালানো হচ্ছে। যাই হোক, প্রাপ্ত আর্থিক বরাদ্দের ভিত্তিতেই প্রকল্পের জলগ্রহ ক্ষেত্রের উন্নতি (Catchment Area Treatment) সাধনে প্রয়োজনীয় কাজকর্ম এবং অন্যান্য পরিকাঠামোগত কাজ হাতে নেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে বাজেটে ৫.০০ কোটি টাকার অর্থ সংস্থান রাখা হয়েছে।

**২.৫. □ মাঝারি সেচপ্রকল্পসমূহ**

২.৫.১ □ বাঁকুড়া ও পুরুলিয়া জেলার খরাপ্রবণ অঞ্চলে সেচ সম্প্রসারণের লক্ষ্যে ১৮টি

মাঝারি সেচ-প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। জমি অধিগ্রহণের বিলম্বের কারণে পুরুলিয়া জেলায় প্রকল্পগুলির রূপায়ণে বিলম্ব ঘটছে। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ১১টি মাঝারি প্রকল্পের জন্য NABARD এই রাজ্যে তার আর্থিক সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। ১৯৯৮-৯৯ সালের বার্ষিক যোজনায় রাজ্যের মাঝারি সেচ-প্রকল্পগুলির জন্য NABARD -এর আর্থিক সাহায্যসহ মোট ২৪.৪০ কোটি টাকা বরাদ্দের সংস্থান রাখা হয়েছে।

**২.৬ □ জোয়ারের জলে সেচ**

২.৬.১ □ গ্রীষ্মের সমস্যাসঙ্কুল দিনগুলিতে বোরো চাযের সময় সুবিবেচনার সঙ্গে নদীর জোয়ারের জল ঢুকিয়ে হাওড়া, হুগলি, ২৪-পরগনা (উত্তর), ২৪-পরগনা (দক্ষিণ) এবং মেদিনীপুর জেলার বেশ কিছু বিরাট এলাকার জমিকে সেচের আওতায় আনা হয়েছে।

**২.৭ □ অন্যান্য বৃহৎ সেচপ্রকল্প**

২.৭.১ □ বিভিন্ন নদী অববাহিকায় কয়েকটি নতুন সেচপ্রকল্প চিহ্নিত করা হয়েছে। এর আগে এই সমস্ত নদী অববাহিকার জল ফলপ্রসূভাবে সদ্ব্যবহার করা হয়নি। এই সব বড় প্রকল্পগুলির জন্য যে সব জায়গা চিহ্নিত করা হয়েছে সেগুলি হল ঃ

(ক) বাঁকুড়া জেলায় দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী জলাধার প্রকল্প

(খ) বীরভূম জেলায় সিদ্ধেশ্বরী-নুনবিল জলাধার প্রকল্প

(গ) মেদিনীপুর জেলায় ডোলং সেচপ্রকল্প

(ঘ) বর্ধমান জেলায় অজয় জলাধার প্রকল্প।

২.৭.২ □ উপরোক্ত প্রকল্পগুলির কাজ বিভিন্ন ধরনের জরিপ, অনুসন্ধান, পরিকল্পনার স্তরে এবং ভারত সরকারের জলসম্পদ মন্ত্রকের বিভিন্ন বিভাগে বিবেচনাধীন অবস্থায় আছে। কিন্তু প্রকল্পের জলাধারগুলির দ্বারা বাঁধে বনভূমির সম্ভাব্য বিনষ্টির পরিবর্তে নতুন বনভূমি সৃজনের জন্য এবং ক্ষতিগ্রস্ত লোকজনের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় জমির অপ্রতুলতা সাধারণভাবে বৃহৎ প্রকল্প রচনার ক্ষেত্রে প্রধান অন্তরায় হয়ে দেখা দিয়েছে।

**২.৮ □ যোগদানমূলক সেচ পরিচালন ব্যবস্থা (PIM)**

২.৮.১ □ নবপ্রবর্তিত কার্যক্রম হিসেবে বাঁকুড়া জেলার সারেঙ্গায় কংসাবতী সেচসেবিত

এলাকায় ভূ-গর্ভস্থ পাইপ লাইন ও ভূপৃষ্ঠে নির্গত উৎস মুখের মাধ্যমে খাতরা প্রধান খাল (নিম্ন)-এর ৪নং ডিস্ট্রিবিউটরি দিয়ে সেচের জল সরবরাহ করা হয়েছে। এই পদ্ধতিতে একদিকে যেমন জলের অপচয় রোধ করা গেছে এবং ভূ-পৃষ্ঠে মাঠনালা খননের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজন পড়েনি, তেমনই জলের সর্বাধিক সদ্ব্যবহারও সম্ভবপর হয়েছে। এই ব্যবস্থার মধ্য দিয়ে চাষীদের সঙ্গে সম্পর্ক আরও নিবিড় হয়েছে। যোগদানমূলক সেচ পরিচালন ব্যবস্থায় অংশগ্রহণের ধারণাটি কার্যকর করার দিকে এটি একটি সঠিক পদক্ষেপ।

৩. □ **বন্যা-নিয়ন্ত্রণ ক্ষেত্র**

৩.১ □ দার্জিলিং, জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় উত্তরবঙ্গ বন্যা-নিয়ন্ত্রণ আয়োগ (NBFCC)-এর আওতাধীন এলাকা ১৯৯৬ সালের বিপজ্জনক বন্যায় ভয়ঙ্কর রকম ক্ষতিগ্রস্ত হয়। ১৯৯৬-৯৭ সালের বর্ষার পরে বন্যার ক্ষয়ক্ষতির মেরামতি শুরু হয় এবং ১৯৯৭-৯৮ আর্থিক বছরেও তা চলতে থাকে। ডায়না নদীর ডানদিক ভেঙে একটি নতুন খাতে প্রবাহিত হওয়া গতিপথকে রোধ করাই ছিল অতিরিক্ত কঠিন কাজ। বিশেষ প্রচেষ্টার মাধ্যমে ১৯৯৭-৯৮ সালে কাজটি সম্পূর্ণ করা হয়। উত্তরবঙ্গের সমস্ত নদীই হিমালয়ের নিম্ন ভূখন্ড থেকে আচমকা ধেয়ে আসা জলের তোড়ে বন্যার কবলে পড়ে। অনিয়ন্ত্রিত ভূমিক্ষয়, যত্রতত্র বাছবিচারহীনভাবে ডলোমাইট উত্তোলন এবং অন্যান্য পাথর ও নানান খনিজ পদার্থ সংগ্রহের ফলে এ সমস্ত নদীর তলদেশ খুব দ্রুত ভরাট হয়ে উঠছে। উত্তরবঙ্গ বন্যা-নিয়ন্ত্রণ আয়োগ (NBFCC) -এর অধীনে বন্যা-নিয়ন্ত্রণ কার্যকলাপের জন্য ১৯৯৮-৯৯ সালের যোজনায় ৯.৭০ কোটি টাকা ধরা হয়েছে। অবশ্য প্রয়োজনের তুলনায় এই বরাদ্দের পরিমাণ যে খুবই কম তাতে কোনও সন্দেহ নেই। আর্থিক স্বল্পতার কারণেই উত্তরবঙ্গের বন্যা সমস্যার সন্তোষজনক ও সার্বিক মোকাবিলা করা খুবই কঠিন হয়ে উঠেছে।

৩.২ □ রাজ্য ক্ষেত্রে স্বল্পমেয়াদি কার্য হিসেবে মালদহ জেলার গঙ্গার বাম-প্রান্তে রিটায়ার্ড বাঁধের সামনে ক্ষয়রোধকারী কাজের পাশাপাশি আশ্বিনটোলায় ১৫ কি.মি. লম্বা একটি পঞ্চম রিটায়ার্ড বাঁধ নির্মাণ যোজনা আয়োগের বিশেষজ্ঞ কমিটি অনুমোদন করেছে। ১৯৯৫ সালের গঙ্গার বিপজ্জনক বন্যায় নির্মিত চতুর্থ রিটায়ার্ড বাঁধটি ভীষণভাবে ক্ষয়প্রাপ্ত হয় এবং বাঁধে ৩ কিমি. লম্বা একটা ফাঁক তৈরি হয়। ১৯৯৬ সালেও এই ফাঁকটি ভরাট করা হয়নি। এই দুই বছরে উপান্তিক বাঁধের পেছনে প্রায় ৪০০ বর্গ কিমি. জমি প্লাবিত হওয়ায় স্থানীয় অধিবাসীরা অবর্ণনীয় দুর্দশায় পড়েন। ওই দুই বছরে প্রায় ১ মাস করে প্লাবিত এলাকাটি জলমগ্ন হয়ে থাকে।

১৯৯৭ সালের প্রাক-বর্ষা মরশুমে প্রায় ১০.০০ কোটি টাকা ব্যয়ে ১২.৪০ কিমি. দীর্ঘ পঞ্চম রিটায়ার্ড বাঁধটি তৈরি করা হয়। ১৯৯৭ সালের বন্যা মরশুমে পঞ্চম রিটায়ার্ড বাঁধটি মালদহ জেলায় সংরক্ষিত অঞ্চলে গঙ্গার বন্যার জল প্রবেশের চেষ্টাকে সার্থকভাবে রুদ্ধ করে। তৎসত্ত্বেও বাঁধটি নির্মাণের সময় থেকেই নদী তার বাম প্রান্তে ভয়ানকভাবে ভাঙতে শুরু করে। নির্মাণকালে বাঁধটি নদী থেকে ৭০০/৮০০ মিটার দূরত্বে রাখা হয়। কিন্তু বর্ষার পরে এই দূরত্ব কমে যায়। গোপালপুর নামক জায়গায় নদী পঞ্চম রিটায়ার্ড বাঁধের মাত্র ৪০ মিটারের মধ্যে চলে আসে। বর্তমানে মালদহ জেলাকে বাঁচাবার জন্যই ষষ্ঠ আর একটি রিটায়ার্ড বাঁধ ১৯৯৮ সালের কাজের বছরে তৈরি না করে উপায় নেই। ১৯৯৮-এর বর্ষার আগেই যাতে এই কাজ হাতে নিয়ে শেষ করা যায় আমার বিভাগ সে ব্যাপারে সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে।

৩.৩ □ ১৯৯৭-৯৮ সালে মুর্শিদাবাদ জেলায় ১৮.০০ কোটি টাকার একগুচ্ছ ক্ষয় নিরোধক প্রকল্প শেষ করা হয়েছে। নলবোনা এবং আলাইপুর (আখেরিগঞ্জ)-এর কাজগুলি নদীর ভাঙনকে সুষ্ঠুভাবে রোধ করেছে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে এই দুটি জায়গায় কজের সম্প্রসারণ এবং অন্যান্য জায়গায় আরও কিছু ভাঙনরোধী কাজ করার প্রস্তাব রাখা হয়েছে।

৩.৪ □ মালদহ ও মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মা নদীর বিশেষ ভাঙন সমস্যার মোকাবিলায় ১৯৯৮-৯৯ আর্থিক বছরের যাজনায় ৬০.০০ কোটি টাকার বরাদ্দ রাখা হয়েছে। ভারত সরকারের যোজনা আয়োগ কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি যে সমস্ত স্বল্পমেয়াদি ব্যবস্থা রাজ্য-পর্যায়ে গ্রহণ করার জন্য সুপারিশ করেছে সেগুলিকে অগ্রাধিকারের ভিত্তিতে পর্যায়ক্রমে রাজ্য সরকার রূপায়ন করতে চায়। রাজ্য সরকার ইতিমধ্যেই ভারত সরকারের কাছে এই বিষয়ে বিশেষ অনুদান চেয়েছে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে গঙ্গা-পদ্মা ভাঙনজনিত বিশেষ সমস্যার সমাধানে যে ৬০.০০ কোটি ব্যয়-বরাদ্দের প্রস্তাব করা হয়েছে তার মধ্যে কেন্দ্রীয় সরকারের বিশেষ অনুদানও অন্তর্ভূক্ত করা হয়েছে। এই প্রসঙ্গে এটা বলা প্রয়োজন যে নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৯৭-২০০২) রাজ্য সরকার স্বল্পমেয়াদি ব্যবস্থার অন্তর্গত ১৮৬.০০ কোটি টাকার মোট মূল্যের সমস্ত কাজগুলি পর্যায়ক্রমে করতে চায়। এর মধ্যে নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে ১৩৯.৫০ কোটি টাকা ভারত সরকারের কাছে বিশেষ অনুদান হিসেবে চাওয়া হয়েছে।

৩.৫ □ মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে কলকাতা শহর ও এর সন্নিহিত অঞ্চলের নিকাশি ব্যবস্থা আমার বিভাগ কর্তৃক পরিচালিত কতকগুলি বহির্গমনযুক্ত খালের

ওপর পুরোপুরি নির্ভরশীল। শহর ও শহরতলির ক্রমবর্ধমান জনসংখ্যা এই সমস্ত নিকাশি খালগুলির ওপর পরচন্ড চাপ সৃষ্টি করেছে। আরও বেশি পরিমাণে জল নিষ্কাশনের জন্য খালগুলি চওড়া করা দরকার। কিন্তু দ্রুত নগরায়ণ এই বিষয়ে সীমাবদ্ধতা সৃষ্টি করেছে। শহর ও শহরতলির বদ্ধ-নিকাশি অবস্থা গ্রহণযোগ্য সময়ে দূর করতে তাই নিকাশি খালগুলির নিয়মিত সংস্কার দরকার।

৩.৫.১ □ সত্তরের দশকে বৃহত্তর কলকাতা নগর উন্নয়ন অধিকার (C.M.D.A.) গঠিত হওয়ার পরে এ-সব বিস্তীর্ণ অঞ্চলের জমা জলের নিকাশি ত্বরান্বিত করার জন্য নিকাশি খালগুলির পুনর্খনন এবং উন্নয়নের জন্য পর্যাপ্ত মূলধনী বিনিয়োগ বরাদ্দ করা হয়েছিল। বর্তমানে এইসব নিকাশি ব্যবস্থার নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ C.M.D.A. সংস্থা থেকে আর পাওয়া যায় না। এর ফলে এইসব নিকাশি খালের কার্যক্ষমতা এখন প্রয়োজনের তুলনায় একেবারেই অপ্রতুল। যোজনা-বহির্ভূত ব্যয়-বরাদ্দ যথেষ্ট না হওয়ায় গত কয়েক বছর ধরে এই সব নিকাশি নালাগুলির রক্ষণাবেক্ষণের যথার্থ ব্যবস্থা নেওয়া সম্ভব হয়ে ওঠেনি। বৃহত্তর কলকাতার দ্রুত নগরায়ণের কারণে যত্রতত্র মানুষের অনধিকার অনুপ্রবেশের ফলে স্বাভাবিক নিকাশি নালার গতিপথ অনেক জায়গাতেই অবরুদ্ধ হয়ে নিকাশি ব্যবস্থার দ্রুত অবনতি ঘটে চলেছে। এছাড়া এইসব নালার কঠিন এবং অপরিশোধিত তরল বর্জ্য পদার্থের বহনের কারণেও এইসব অঞ্চলের মানুষের স্বাস্থ্যের ক্ষতি হচ্ছে। বর্তমানে এই সব নিকাশি নালায় প্রভূত পরিমাণ পলি ও আবর্জনা জমে শহর কলকাতা ও সংলগ্ন পৌরঅঞ্চলে নিকাশি ব্যবস্থার অবনতি ঘটছে।

৩.৫.২ □ বিগত ১৯৯৭-৯৮ আর্থিক যোজনায় এই সমস্ত নিকাশি প্রণালী ব্যবস্থার রক্ষণাবেক্ষণে ১১.০০ থেকে ১২.০০ কোটি টাকার প্রকৃত প্রয়োজনের মধ্যে মাত্র ৪.০০ কোটি টাকার বরাদ্দ রাখা হয়েছিল। পরিস্থিতি এখন যথেষ্ট বিপদসংকেত সূচক এবং এখনই যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া দরকার। ১৯৯৮-৯৯ আর্থিক যোজনায় এই সমস্ত নিকাশি ব্যবস্থার রক্ষণাবেক্ষণের জন্য যোজনা-বহির্ভূত খাতে মোট প্রায় ৪.৫০ (চার দশমিক পাঁচ শূন্য) কোটি টাকা বরাদ্দ ধরা আছে। মাননীয় সদস্যদের প্রতি এইসব সমস্যার দৃষ্টি আকর্ষণ করে আমি আশা রাখি যে তারা এ-ব্যাপারে, এমন কঠিন পরিস্থিতিতে তাদের প্রয়োজনীয় গঠনমূলক পরামর্শ দেবেন। রাজ্য সরকারের নগর উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে একযোগে সর্বতোভাবে এই সমস্যার সমাধানে উদ্যোগী হতে হবে।

৩.৬ □ আমি এখানে উল্লেখ করতে চাই যে ৩.৪২ কোটি টাকা মূল্যের 'কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই' অববাহিকার একটি অগ্রণী প্রকল্প গঙ্গা-বন্যা-নিয়ন্ত্রণ আয়োগ

(GFCC)-এর ছাড়পত্র পেয়েছে এবং খুব দ্রুতই এর কাজ শুরু হবে। এই অগ্রণী প্রকল্পটি অববাহিকা অঞ্চলের নিকাশি সমস্যা আংশিকভাবে দূর করবে। তবে ২০.৬০ কোটি টাকা মূল্যের প্রধান পরিকল্পনাটি বর্তমানে গঙ্গ-বন্যা-নিয়ন্ত্রণ আয়োগের অধীনে পরীক্ষাধীন ও কেন্দ্রীয় সরকারের ছাড়পত্র পাওয়ার অপেক্ষায়।

৩.৬.১ □ পরিকল্পনাটি কার্যকর করার জন্য ১৯৯৮-৯৯ আর্থিক বছরে মোট ৩০.০০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এ ছাড়া NABARD-এর অধীনস্থ RIDF থেকে প্রাপ্ত ঋণ সহায়তাও এই প্রকল্পে ব্যবহৃত হবে।

৩.৭ □ কান্দি অঞ্চলের বন্যা প্রতিরোধ ও নিকাশি ব্যবস্থার কাজ ১৯৯৮-৯৯-এর আর্থিক বছরে নেওয়ার প্রস্তাব হয়েছে। এ ব্যাপারে ১৯৯৮-৯৯ সালের যোজনায় ৭.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৪. □ **জল উন্নয়নি পরিযেবা**

৪.১ □ আমার বিভাগের যোজনা পরিকল্পনার যথার্থ রূপায়ণ করার জন্য জল উন্নয়ন পরিযেবার অন্তর্ভূক্ত বেশ কিছু সংস্থার সাহায্যের প্রয়োজন হয় যাদের কাজ হল জরিপ, অনুসন্ধান, পরিকল্পনা, নকশা, তদারকি, গবেষণা, প্রশিক্ষণ ইত্যাদি। জল উন্নয়নি পরিযেবার খাতে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৭.৫০ কোটি টাকার বরাদ্দ ধরা হয়েছে।

৫. □ **জনসংযোগ ও পরিসংখ্যান শাখা (P.R.s. Cell)**

৫.১ □ জনসাধারণের সঙ্গে আমার দপ্তরের যোগাযোগ সুদৃঢ় করা এবং এই দপ্তরের কার্যাবলী সম্পর্কে তাদের অবহিত করার লক্ষ্যে এই শাখা ১৯৯৪ সাল থেকে কাজ করে চলেছে। এই শাখার প্রকাশিত ত্রৈমাসিক 'সেচপত্র' ইতিমধ্যেই জনসাধারণের বিপুল সমাদর লাভ করেছে। রাজ্যের বিভিন্ন জেলায় ও দিল্লিতে যে প্রদর্শনী এবং বিভিন্ন আলোচনাসভার আয়োজন এই শাখার মাধ্যমে করা হয়েছে, সেগুলি ইতিমধ্যেই ভূয়সি প্রশংসা পেয়েছে। পত্রিকার ইংরেজি সংস্করণও এ বছরে প্রকাশিত হবে। এই শাখার মাধ্যমে কিছু পুস্তিকাও প্রকাশের পরিকল্পনা আছে। শাখার এ সমস্ত ক্রিয়াকলাপের ব্যয় নির্বাহের জন্য ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ১৫.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৬. □ **সেচ জলকর খাতে রাজস্ব**

৬.১ □ রাজস্ব সংগ্রহ ব্যবস্থার উন্নতি সাধনের জন্য আমার বিভাগ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তথাপি জলের জন্য নির্ধারিত জলকর থেকে সংগৃহীত রাজস্ব আদায়

আশানুরূপ নয়। বর্তমানে পঞ্চায়েতের মাধ্যমে সেচ ব্যবস্থার রাজস্ব সংগ্রহের প্রচেষ্টা চালানো হচ্ছে। আমি আশা রাখি এতে ভবিষ্যতে রাজস্ব সংগ্রহের উন্নতি হবে।

৭. □ **উপসংহার**

৭.১ □ ১৯৯৭ সালে ভারতবর্ষের স্বাধীনতাপ্রাপ্তির পঞ্চাশ বছর পূর্ণ হয়েছে। এই পাঁচ দশকে উত্তরবঙ্গের তরাই থেকে ডুয়ার্স পর্যন্ত বিশাল এলাকাকে বিধ্বংসী বন্যার হাত থেকে রক্ষা করে, দক্ষিণের সামুদ্রিক জলস্ফীতি থেকে জমিকে বাঁচিয়ে এবং গঙ্গার ভয়ঙ্কর ক্ষয়রোধের হাত থেকে জমিকে আড়াল করে অনেক তৃষ্ণার্ত জমিকে সেচের আওতায় এনে সেচ ব্যবস্থায় প্রভূত অগ্রগতি ঘটেছে। কলকাতা মহানগরীর নিকাশি নির্গমন ব্যবস্থাসহ দক্ষিণের জেলাগুলিতে অধিক সংখ্যায় নিকাশি সুবিধার ব্যবস্থা করা হয়েছে। এই সময়ে সেচ সুবিধা প্রায় আটগুণ বেড়েছে, প্রায় ১১,০০০ কিমি. নতুন বন্যা রোধকারী বাঁধ তৈরি হয়েছে, ৭০০০ কিমি. লম্বা নতুন নিকাশি খাল কাটা হয়েছে ও ৬০টি নগরকে রক্ষা করা হয়েছে। যদিও যোজনা বরাদ্দের পরিমাণ এ-বছর বাড়ানো হয়েছে, তবুও সেচ ও বন্যা-নিয়ন্ত্রণ উভয় ক্ষেত্রেই জরুরি কাজকর্ম করার জন্য আর্থিক দিক থেকে প্রাপ্তি ও প্রয়োজনের মধ্যে একটি বিশাল ফারাক তৈরি হয়েছে।

৭.২ □ তৎসত্ত্বেও, আমার দপ্তরের বর্তমান কর্মসূচির সফল রূপায়ণের জন্য বিভিন্ন পর্যায়ে আমি জনগণের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি। এই সভায় মাননীয় সদস্যবৃন্দের কাছে আমার সনির্বন্ধ অনুরোধ, যে সমস্ত কর্মসূচির কথা এই সভায় প্রস্তাবাকারে রাখা হল সেগুলি যাতে সফলভাবে রূপায়িত হয় তা সুনিশ্চিত করতে তারা তাদের সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন এবং এই কাজে সাধারণ মানুষ যাতে অংশ নেন সে ব্যাপারে প্রয়াসী হবেন।

মহাশয়, এই কথাগুলি বলে আমি আমার বিভাগের জন্য ১৯৯৮-৯৯ সালের ব্যয়-বরাদ্দ সভার কাছে পেশ করছি।

## DEMAND No. 67

### Major Heads : 2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 218,36,81,000 be granted

for expenditure under Demand No. 67, Major Head : "2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development".

(This is inclusive of a total sum of Rs. 86,92,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Nanda Gopal Bhattacharya on Demand No. 67 laid on the Table was taken as read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই দাবি পেশ করতে চাই যে, ৬৭ নং অভিযাচনের অন্তর্ভূক্ত "২৭০২—ক্ষুদ্রসেচ", "২৭০৫—সেচসেবিত এলাকা উন্নয়ন", "৪৭০২—ক্ষুদ্রসেচের জন্য মূলধনী ব্যয়" এবং "৪৭০৫—সেচসেবিত এলাকা উন্নয়নে মূলধনী ব্যয়" বাবদ ২১৮,৩৬,৮১,০০০ (দুইশত আঠারো কোটি ছত্রিশ লক্ষ একাশি হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্টে প্রাপ্ত ৮৬,৯২,০০,০০০ (ছিয়াশি কোটি বিরানব্বই লক্ষ) টাকা এর মধ্যে ধরা আছে।

২। সেচের জল কৃষি উৎপাদনের অতি প্রয়োজনীয় উপকরণ। ক্ষুদ্রসেচ প্রযুক্তির সাহায্যে ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ জলসম্পদ কাজে লাগানো হয়। এই রাজ্যে গড় বৃষ্টিপাত ১৭৫০ মিলিটার। জেলা স্তরে বৃষ্টিপাতের তারতম্য লক্ষ্য করা যায় ; পুরুলিয়াতে ১২৩৪ মিলিমিটার আবার জলপাইগুড়িতে ৪১৩৬ মিলিমিটার। আর বর্ষাকালেই বেশির ভাগ বৃষ্টিপাত হয়ে থাকে। তাই, বহুফসলি কৃষি উৎপাদন বেশিই নির্ভর করে সেচব্যবস্থার সুবিধা-সম্প্রসারণের উপর। ক্ষুদ্রসেচের ক্ষেত্রে ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ জলসম্পদ যেখানে যেমন পাওয়া যায় উপযুক্ত প্রযুক্তি প্রয়োগ করে সে সবের উন্নয়ন করা যায়। যেখানে ভূস্তরে সঞ্চিত জলের পরিমাণ বিপুল, সেখানে বিভিন্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ নির্মাণ করা হয়। অত্র যেখানে দ্বিতীয়বার ফসল ফলানোর উপযোগী পর্যাপ্ত জল নদীস্রোত থেকে পাওয়া যায় সেখানে অভিকর্ষ বলের সাহায্যে সেচের উপযোগী প্রকল্প নির্মাণ করা হয়। যেখানে অভিকর্ষ-সেচ সম্ভব হয় না সেখানে বিভিন্ন ক্ষমতাসম্পন্ন পাম্পসেট বসিয়ে নদী থেকে জল তোলা হয়। কিন্তু এই সব প্রকল্পের জন্য যে মূলধনী ব্যয় দরকার হয় যা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা, যারা পশ্চিমবঙ্গে চাষীদের মধ্যে ৮০ শতাংশেরও বেশি, নিজস্ব পুঁজি থেকে বিনিয়োগ করতে পারেন না। তবে আমাদের চাষী ভাইরা ভালোভাবেই জানেন চাষের জমিতে

জলের যোগান পেলে কি প্রকারে সেই জলকে সুষ্ঠুভাবে ব্যবহার করা যায়। বহু সরকারি প্রকল্প তাই স্থানীয় পঞ্চায়েত সমিতির হাতে অর্পণ করা হয়েছে। এই পঞ্চায়েত সমিতিগুলি উপকারভোগীদের সহায়তায় প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ ও পরিচালনার কাজ চালাচ্ছেন। এভাবেই আমরা সেচ-প্রকল্পের পরিচালনায় জনগণের অংশগ্রহণ ব্যবস্থার প্রবর্তন করেছি।

আমাদের বিভাগের বর্তমান নীতি হল জলসম্পদের উৎসগুলি খুঁজে বের করা, সেই জলসম্পদের পরিমাণ নির্ধারণ করা, নলকূপ ও অন্যান্য প্রকল্প নির্মাণ করা এবং যে সব প্রকল্পগুলি অনেকদিন কাজ করেছে সেগুলির উৎপাদন ক্ষমতা আগের মতো অবস্থায় আনা। সম্ভব হলে নির্মিত প্রকল্পগুলির পরিচালনার ভারও উপকারভোগিদের হাতে অর্পণ করা হবে। এই উপকারভোগিদের একটা বড় অংশ তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায় সমেত ক্ষুদ্র ও প্রান্তিক চাষী।

৩। ভূগর্ভস্থ জলসম্পদ ব্যবহারের বিপুল সম্ভাবনা রয়েছে ক্ষুদ্রসেচের ক্ষেত্রে। রাজ্যে ব্যবহারযোগ্য জলসম্পদের পরিমাণ হল ১৯৬২৮৪.৬ লক্ষ ঘন মিটার, যার মধ্যে বর্তমানে ব্যবহৃত হচ্ছে ৪৭৪৫৪.৫ লক্ষ ঘন মিটার। আমাদের যে সব প্রকল্প নির্মিত হয়েছে সেগুলির সাহায্যে আমরা ৪৪.৩৪ লক্ষ হেক্টর এলাকায় ভূগর্ভস্থ জলসেচের সম্ভাবনা সৃষ্টি করতে পারি। আমার বিভাগ ৮ম পরিকল্পনার শেষে ৩০.৮৯ লক্ষ হেক্টর এলাকায় সেচ-সম্ভাবনা সৃষ্টির পরিকল্পনা করেছিল। যদিও আমাদের সাফল্যের সঠিক মূল্যায়ন হচ্ছে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির দ্বিতীয় সংখ্যানের (সেকেন্ড সেন্সাস) পরে, তবু মোটামুটি হিসেব থেকে বলা যায় যে আমরা আমাদের প্রতিশ্রুতি পূরণ করেছি।

[illegible] জেলায় এই বিভাগের দ্বারা নির্মিত ৩৬০৮টি উচ্চ ক্ষমতাসম্পন্ন [illegible]টি মধ্যম ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ, ৩৫৯০টি অগভীর নলকূপ, [illegible]৩৫টি নদী জলোত্তোলন প্রকল্প এবং ১৯২টি ভূপৃষ্ঠ জলসেচ ও জল-নিকাশ প্রকল্প বর্তমানে চালু অবস্থায় আছে।

৪। রাষ্ট্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক (নাবার্ড)-এর গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (আর. আই. ডি. এফ.) এবং পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগম থেকে ঋণ ধরে ১৯৯৮-৯৯ সালের জন্য প্রস্তাবিত যোজনা ব্যয় ধরা হয়েছে ৯৪ কোটি টাকা। মোট ঋণের পরিমাণ ৭২ কোটি টাকা যার মধ্যে নাবার্ড-এর ঋণের পরিমাণ ৪২ কোটি টাকা এবং বাকি ৩০ কোটি টাকা ঋণ দিচ্ছে পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগম (ডব্লু. বি. আই. ডি. এফ. সি.)। এই যোজনা বরাদ্দ খরচ করা হবে চালু প্রকল্পগুলির মাধ্যমে জলসরবরাহ ক্ষমতার উন্নতি করতে, অকেজো প্রকল্পগুলিকে

আগের উৎপাদন ক্ষমতায় ফিরিয়ে আনতে এবং সঙ্গে সঙ্গে নতুন নতুন ক্ষুদ্রসেচ প্রকল্প গড়ে তুলতে।

ঋণ ছাড়া যোজনা বরাদ্দের বাকিটা দিয়ে কতকগুলি নতুন ক্ষুদ্রসেচ প্রকল্প গড়ে তোলা হবে এবং অসমাপ্ত প্রকল্পগুলির কাজও সম্পূর্ণ করা হবে।

৫। **এই বিভাগের প্রধান প্রধান কাজ হল ঃ**

(১) ক্ষুদ্রসেচ এবং (২) সেচসেবিত এলাকা উন্নয়ন কর্মসূচি।

৬। **ক্ষুদ্রসেচ ঃ**

১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনায় নিম্নলিখিত ক্ষুদ্রসেচ কর্মসূচি কার্যকর করার জন্যে ৯০ কোটি টাকার বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৬.১। **রাজ্য জলসম্পদ অনুসন্ধান অধিকার (সুইড) ঃ**

১৯৯৮-৯৯ সালে রাজ্য জলসম্পদ অনুসন্ধান অধিকার (সুইড)-এর যে সব কাজকর্মের জন্য ৬৮ লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে সেগুলি হল ঃ

(১) ভূগর্ভ ও ভূপৃষ্ঠ উভয় ক্ষেত্রের জলসম্পদের বৈজ্ঞানিক অনুসন্ধান,

(২) জলসম্পদের সেচ-সম্ভাবনা নির্ধারণ,

(৩) সেচের জলের উপযুক্ততা নির্ধারণ,

(৪) ভূস্তরের লবণাক্ত, আর্সেনিক ও ফ্লোরাইডদুষ্ট অংশগুলির নকশা নির্মাণ। 'সুইড' একটি বহুমুখী সংগঠন। গবেষণা ও উন্নয়নের জন্য সুইডের আধুনিক যন্ত্রপাতিযুক্ত গবেষণাগার আছে যেখানে রাজ্যের জলসম্পদের পরিমাণ ও গুণাগুণ পরীক্ষা করা যায়।

'সুইড' কেন্দ্রীয় ভূগর্ভ-জল পর্যদ (সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড) আবহাওয়া বিভাগ, জলবিজ্ঞান বিভাগ এবং ভারতীয় ভূতাত্ত্বিক সমীক্ষা সংস্থার সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে কাজ করে।

সুইডের গবেষণাগারগুলির যন্ত্রপাতির আধুনিকীকরণ করা দরকার। সুইডের উপযোগিতা বাড়াতে শক্তিশালী কম্পিউটারে নানান তথ্য সংগ্রহ করে রাখাও দরকার।

'সুইড' ভূস্তরের যে সব অংশ লবণাক্ত, আর্সেনিক ও ফ্লোরাইডদুষ্ট সেগুলি চিহ্নিত করে নকশা তৈরি করার কাজ করছে। ৮টি জেলার ৬৯টি ব্লকে আর্সেনিক দূষণ

ধরা পড়েছে। এই দূষণের কারণ, প্রতিক্রিয়া ও নিবারণের উপায় নির্ধারণ করতে বিস্তারিত সমীক্ষা করার জন্যে প্রকল্প প্রস্তুত করা হয়েছে।

'সুইড' ভূগর্ভস্থ জলস্তর নিয়মিত পরীক্ষা করে এবং সংগৃহীত তথ্যের ভিত্তিতে ভূগর্ভস্থ জল ব্যবহারের জন্য অনুমোদন দেয়।

এভাবে 'সুইড' জলসম্পদের পরিমাণ ও গুণাগুণ পরীক্ষা করার ব্যাপারে সংযোগকারী সংস্থা (নোডাল এজেন্সি) রূপে কাজ করে এবং জল ব্যবহারকারি সংস্থাগুলিকে তাদের জলসম্পদ উন্নয়নের কাজে প্রয়োজনীয় নানা কারিগরি তথ্য জোগান দেয়।

৬.১.১ ভূগর্ভ-জল ব্যবহারের নিয়ন্ত্রণ ঃ

ভূগর্ভস্থ জল নানা উপায়ে বেশি বেশি ব্যবহার করার ফলে মজুত জলস্তর ক্রমেই নেমে যাচ্ছে। বৃষ্টিপাতের মাধ্যমে শূন্যস্থান কিছুটা পূরিত হয়। ভূগর্ভস্থ জল অনিয়ন্ত্রিতভাবে ব্যবহারের ফলে নিম্নলিখিত ভীষণ পরিণামগুলি দেখা দিতে পারে ঃ

(১) ভূর্গস্থ জলসম্পদের ক্রমেই হ্রাস পাওয়া এবং জলস্তর নেমে যাওয়া ;

(২) মাটি বসে যাওয়া ;

(৩) পাম্প চালনার খরচ বৃদ্ধি পাওয়া।

বহুসংখ্যক অগভীর নলকূপ শুকিয়ে যাওয়ার খবর বিভাগে জড়ো হয়ে চলেছে।

ভূগর্ভস্থ জলের যথেচ্ছ ব্যবহারে নিয়ন্ত্রণ আরোপ করার জন্য একটি "ভূগর্ভ জল (নিয়ন্ত্রণ ও নিয়মন) বিধেয়ক" ১৯৯৬, শীঘ্রই রাজ্য বিধানসভায় আনা হবে। ভূগর্ভস্থ জল যথাযথ ব্যবহার নিশ্চিত করার ব্যাপারে ভারত সরকার বারবার বিধেয়কটি বিধানসভায় অনুমোদিত করিয়ে নেবার জন্য জোর দিয়েছেন।

আইন বলবৎ হওয়ার অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে উত্তর ২৪-পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান, হুগলি ও মেদিনীপুর জেলায় বেসরকারি মালিকানায় সাবমার্সিবল পাম্পযুক্ত নলকূপে বিদ্যুৎ সংযোগের আগে সুইডের অনুমোদন সংগ্রহ করার জন্য বিদ্যুৎ দপ্তরকে অনুরোধ করা হয়েছে। এই সাতটি জেলায় ভূগর্ভস্থ জলের স্তর শীঘ্র আশঙ্কাজনক অবস্থায় নেমে যেতে পারে।

ভূগর্ভস্থ জল ব্যবহার কি কি উপায়ে নিয়ন্ত্রণ করা যায় সে সব ঠিক করার জন্য কেন্দ্রীয় ভূগর্ভস্থ পর্ষদের সহযোগিতায় একটি ব্যাপক সংখ্যানের কাজ করা

হয়েছে এবং এ ব্যাপারে ভারত সরকারের প্রতিবেদন প্রকাশের অপেক্ষায়।

৬.১.২। **১৯৯৮-৯৯ সালে সুইডের প্রস্তাবিত কর্মসূচি ঃ**

এই বিভাগ ১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনাকালে সুইডের নিম্নলিখিত কর্মসূচি রূপায়ণের প্রস্তাব রেখেছে ঃ

(১) ভূগর্ভস্থ জলসম্পদের জন্য জলবিজ্ঞান-গবেষণা যোগাযোগ কেন্দ্র সৃষ্টি করা ;

(২) আর্সেনিক ও ফ্লোরাইড দূষণের ব্যাপারে বিস্তারিত সমীক্ষা চালানো ;

(৩) ভারতের উপগ্রহ প্রেরিত তথ্য কাজে লাগিয়ে দূরসঞ্চারি প্রযুক্তির মাধ্যমে ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ জলের অনুসন্ধান চালানো ;

(৪) সমুদ্রতট ও লবণাক্ত এলাকার মধ্যে অ-লবণাক্ত জলধারক ভূস্তর, মিষ্ট জলধারক ভূস্তরের জন্য অনুসন্ধান ;

(৫) সাবমার্সিবল পাম্প বসানোর জন্য উপযুক্ত অবস্থা আছে কিনা তা জানার জন্য অণুস্তরে সমীক্ষা (মাইক্রো লেভেল স্টাডি) ;

(৬) উপগ্রহ থেকে জলবৈজ্ঞানিক ও আবহ বৈজ্ঞানিক তথ্যসমূহ সংগ্রহ করা, কম্পিউটারে তা সংরক্ষণ করার ব্যবস্থা করা এবং নির্দিষ্ট সময়ের ব্যবধানে প্রতিবেদন প্রকাশ ;

(৭) ভূস্তরে যে সব অংশে জলধারণ সম্ভাবনা জানা নেই সে সব জায়গায় পরীক্ষামূলক খননকার্য চালানো এবং জলধারক ভূস্তর সম্বন্ধীয় তথ্যাদি ও পরিসংখ্যান সংগ্রহ করা। এই সব তথ্যাদি ও পরিসংখ্যান উপযুক্ত নলকূপ ও অন্যান্য ভূগর্ভ জলপ্রকল্পের নকশা তৈরি করতে সাহায্যে করবে।

৬.২। **জলসম্পদ উন্নয়ন অধিকার ঃ**

রাষ্ট্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক (নাবার্ড)-এর গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলের টাকায় দ্বিতীয় পর্যায়ে ক্ষুদ্রসেচ প্রকল্প নির্মাণের কাজ ১৯৯৮-৯৯ সালেও চালিয়ে যাওয়া হবে। প্রথম পর্যায়ে পাওয়া ঋণের টাকায় ক্ষুদ্রসেচ প্রকল্পের রূপায়ণ জলসম্পদ উন্নয়ন অধিকার চালিয়ে যাবে।

পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগম (ডব্লু. বি. আই. ডি. এফ. সি.) থেকে যে ঋণ পাওয়া যাবে তা চালু প্রকল্পগুলির নবীকরণ ও পুনঃস্থাপনের কাজে ব্যয়

করা হবে। এই অধিকার কতকগুলি নতুন ক্ষুদ্রসেচ প্রকল্পও স্থাপন করবে এবং চালু প্রকল্পগুলির কাজ কিছুটা উন্নত করতে চেষ্টা চালাবে।

সঙ্গে সঙ্গে বিভাগীয় অফিসগৃহ নির্মাণও করবে। প্রশিক্ষণ দেওয়া হবে এবং আলোচনাচক্র সংগঠনের কাজও করা হবে।

**৬.২.১। গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (আর. আই. ডি. এফ.)-এর টাকায় প্রকল্প রূপায়ণ ঃ**

এই বিভাগের ক্ষুদ্রসেচ প্রকল্পগলি রূপায়ণের জন্য রাষ্ট্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক (নাবার্ড) গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল থেকে ১৯৯৮-৯৯ সালে ৪২ কোটি টাকা ঋণ মঞ্জুর করবে বলে ঠিক আছে। রাজ্য সরকারকে বহন করতে হবে এই প্রকল্প ব্যয়ের দশ শতাংশ অর্থাৎ ৪.২০ কোটি টাকা। আর. আই. ডি. এফ. প্রকল্পগুলি রূপায়ণের জন্য ১৯৯৮-৯৯ সালে মোট ৪৬.২০ কোটি টাকা পরিকল্পনা বরাদ্দ ধরা হয়েছে।

আর. আই. ডি. এফ. (২য় পর্যায়)-এ এই বিভাগের যে সব নতুন ক্ষুদ্রসেচ প্রকল্প নাবার্ড-এর অনুমোদন পেয়েছে সেগুলি হল—১৫৯টি উচ্চ ক্ষমতাসম্পন্ন নলকূপ, ৮৩টি মধ্যম ক্ষমতাসম্পন্ন নলকূপ, ১৪৫২টি অগভীর নলকূপ, ৩৬টি নিম্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ, ৩৭০টি ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্প এবং ৮৫টি বৃহৎ নদী জলোত্তোলন প্রকল্প নির্মাণ।

তৃতীয় পক্ষকে দিয়ে সমীক্ষা করিয়ে স্টিল পাইপ, ডিজেল ইঞ্জিন পাম্পসেট, সাবমার্সিবল পাম্প, পি. ভি. সি. পাইপ ইত্যাদি কেন্দ্রীয়ভাবে ক্রয় করার জন্যে ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে মাঠে কর্মরত বাস্তুকারগণ ঠিকমতো প্রকল্প নির্মাণের কাজ করতে পারেন। প্রকল্প নির্মাণের ৮৫% ক্ষেত্রে জেলা—স্থান নির্বাচন কমিটি (ডি. এস. এস. সি.) প্রকল্পের স্থান সুনির্দিষ্ট করে দিচ্ছেন। প্রকল্পের মূলধনী ব্যয়ের ১৫% বাবদ পঞ্চায়েত সমিতিগুলি উপকারভোগীদের কাছ থেকে অগ্রিম জমা নেবেন ; এতে প্রকল্পের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন হবে। প্রকল্পগুলি নির্মিত হলে উপকারভোগিদের হাতে অর্পণ করা হবে ; তারাই জল-ব্যবহারকারিদের কাছ থেকে জলকর সংগ্রহ করবে এবং প্রকল্পগুলির পরিচালনা করবে।

**৬.২.২। পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগম (ডব্লু. বি. আই. ডি. এফ. সি.)-র টাকায় প্রকল্প রূপায়ণ ঃ**

ডব্লু. বি. আই. ডি. এফ. সি.-র কাছ থেকে যে ৩০ কোটি টাকা ধার পাওয়া

যাবে ১৯৯৮-৯৯ সালে পরিকল্পনা খাতে তা ব্যয় করার প্রস্তাব করা হয়েছে প্রধানত চালু ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির নবীকরণ ও পুনর্নির্মাণ বাবদ। এর ফলে চালু প্রকল্পগুলির জলোত্তোলন সম্ভাবনার সঙ্গে সঙ্গে প্রকল্পগুলির লক্ষ্যপূরণের ক্ষমতাও বাড়বে। আর সেচব্যয়ও অনেক কমে যাবে।

৬.২.৩। **আর. আই. ডি. এফ-র বাইরের প্রকল্পসমূহ ঃ**

ভূপৃষ্ঠস্থ ক্ষুদ্রসেচ ও নিকাশি প্রকল্প, গভীর নলকূপ বিভাগীয় অফিসগৃহ নির্মাণ, প্রশিক্ষণ সমীক্ষা ও অনুসন্ধান ইত্যাদি নানা প্রকল্পরূপায়ণের জন্য যোজনা খাতে ৯ কোটি টাকা ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে।

কয়েকটি নতুন নলকূপ এবং জলোত্তোলন প্রকল্পের কাজও হাতে নেওয়া হবে।

৬.৩। **পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগম ঃ**

অসমাপ্ত প্রকল্পগুলির কাজ শেষ করতে এবং ব্যাঙ্কের ঋণ শোধ করতে নিগমকে ১৯৯৮-৯৯ সালের জন্য সাহায্য বাবদ অনুদান হিসেবে ৩ কোটি টাকা ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে।

বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগম ৪৩৪টি গভীর নলকূপ এবং ১৫৭টি নদী জলোত্তোলন প্রকল্প চালু রেখেছে।

৬.৪। **বোরো বাঁধ প্রকল্প ঃ**

আগের বছরগুলির মতো এ বছরও এই বিভাগ সংশ্লিষ্ট জেলাশাসকদের হাতে বোরো ধান চাষের অস্থায়ী ধরনের বোরো বাঁধ নির্মাণ বাবদ টাকা দেওয়ার প্রস্তাব রাখছে।

১৯৯৮-৯৯ সালের বাৎসরিক পরিকল্পনায় এই কাজের জন্য ৭১ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

৬.৫। **দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের অধীনে ক্ষুদ্রসেচ প্রকল্পসমূহ ঃ**

আগের বছরগুলির মতো এ বছরও দার্জিলিং পার্বত্য এলাকায় ক্ষুদ্রসেচের উন্নয়নে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষকে এই বিভাগ অর্থ মঞ্জুর করার প্রস্তাব করছে।

১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনায় এ বাবদ ৩৫ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ প্রস্তাবিত হয়েছে।

**৬.৬। সেচসেবিত এলাকা উন্নয়ন কর্মসূচি ঃ**

১৯৭৪-৭৫ সালে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে এই রাজ্যে ৩টি প্রধান নদী-উপত্যকা পরিকল্পনায়, যথা ঃ

(১) দামোদর

(২) কংসাবতী

(৩) ময়ূরাক্ষী

তিনটি সেচসূচিত অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (সি. এ. ডি. এ.) গঠন করা হয়।

এই এলাকা তিনটিতে খালব্যবস্থার মাধ্যমে সেচের জল ছেড়ে মাঠ ভাসিয়ে দেওয়া হয়। জলসম্পদের সুষ্ঠু ব্যবহার পদ্ধতির অভাবে একদিকে প্রচুর জলের অপচয় হয়, অপরদিকে বিস্তীর্ণ এলাকা জমির উঁচুনিচু অবস্থানের জন্য সেচের জলের সুযোগ থেকে বঞ্চিত হয়। তিনটি সেচসূচিত অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (সি. এ. ডি. এ.) মাঠনালা এবং সমষ্টি জলোত্তোলন প্রকল্প নির্মাণ করে সমগ্র সেচসূচিত অঞ্চলে সেচের জলে সুযোগ বাড়াবার জন্যে সচেষ্ট।

কেন্দ্রীয় উদ্যোগে গঠিত এই প্রকল্পের জন্য ভারত সরকার নির্মাণ-ব্যয়ের ৫০% সাহায্য অনুদান হিসেবে দিয়ে থাকেন। রাজ্যের অংশ হিসেবে ১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনায় ৪ কোটি টাকার ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে।

**৬.৭। সেক্রেটারিয়েট ইকনমিক সার্ভিস ঃ**

১৯৯৮-৯৯ সালে সেক্রেটারিয়েট সার্ভিসের জন্যে ২ লক্ষ টাকা পরিকল্পনা-ব্যয়ের ব্যবস্থা রাখা হয়েছে।

**৬.৮। পুষ্করিণী উন্নয়ন প্রকল্প ঃ**

১৯৯৮-৯৯ সালের বার্ষিক পরিকল্পনায় এই প্রকল্পের জন্য জেলাশাসকদের ৪ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে।

**৭। পঞ্চায়েতের ভূমিকা এবং ক্ষুদ্রসেচ প্রকল্পের পরিচালনায় জনগণের অংশগ্রহণ ঃ**

এই বিভাগ ক্ষুদ্রসেচ প্রকল্পের প্রায় সব রকমের কাজে পঞ্চায়েত সংগঠনগুলিকে যুক্ত করেছে। পঞ্চায়েতিরাজের নির্বাচিত সদস্যগণই ক্ষুদ্রসেচ প্রকল্পের জন্য স্থান নির্বাচন ক...

এই রাজ্যে ক্ষুদ্রসেচ প্রকল্পগুলি পরিচালনার ক্ষেত্রে জনগণের অংশগ্রহণের সাফল্য ভারত সরকার, বিশ্বব্যাঙ্ক এবং অন্যান্য রাজ্যের বিপুল প্রশংসা অর্জন করেছে।

বর্তমানে ২৩১০টি অগভীর নলকূপ, ১৮৬৮টি নিম্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ, ৬টি মধ্যম ক্ষমতাসম্পন্ন নলকূপ, ৭টি উচ্চ ক্ষমতাসম্পন্ন নলকূপ এবং ১টি নদীজলোত্তোলন প্রকল্প পঞ্চায়েত সমিতিগুলির হাতে অর্পিত আছে। পঞ্চায়েত সমিতিগুলি উপকারভোগী সমিতির মাধ্যমে প্রকল্পগুলি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে।

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

উপরের বিবরণে ১৯৯৮-৯৯ সালে ক্ষুদ্রসেচ ও সেচসূচিত এলাকা উন্নয়নে এই বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজকর্মের রূপরেখা বিবৃত করা হয়েছে। বিভিন্ন কাজকর্মের জন্য প্রয়োজনীয় ব্যয়-বরাদ্দ প্রস্তাবিত হয়েছে। এই সব কাজকর্ম অতীতে বহু ফসল উৎপাদনে চাষীভাইদের সাহায্য করেছে ; তাদের আয় বাড়িয়েছে, তাদের কর্মনিযুক্তি সুনিশ্চিত করেছে।

এই বিভাগের কাজকর্ম পশ্চিমবঙ্গের গ্রামীণ জীবনের উন্নতি করছে এবং মেহনতি মানুষ ও কৃষকসমাজের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটাচ্ছে।

এই কথা বলে আমি ৬৭ নং অভিযাচন বিধানসভার অনুমোদনের জন্য পেশ করলাম।

## DEMAND No. 68

### Major Heads : 2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 204,36,27,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : "2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects".

(This is inclusive of a total sum of Rs. 81,76,00,000 already voted on account)

(The Budget Speech of Shri Debabrata Bandyopadhyay on Demand No. 68 has been printed alongwith Demand No. 66.)

## DEMAND No. 69

### Major Heads : 2801—Power, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1514,98,00,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads : "2801—Power, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries".

(This is inclusive of a total sum of Rs. 504,94,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Dr. Sankar Kumar Sen on Demand No. 69 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৬৯ নং দাবির "২৮০১— বিদ্যুৎ", "৪৮০১—বিদ্যুৎ প্রকল্পের মূলধন বিনিয়োগ", "৬৮০১—বিদ্যুৎ প্রকল্পের জন্য ঋণ", সংক্রান্ত মুখ্যখাতে সামগ্রিক ব্যয় নির্বাহের বাবদ ১৫১৪,৯৮,০০,০০০ (এক হাজার পাঁচশো চৌদ্দ কোটি আটানব্বই লক্ষ) টাকা ব্যয়-বরাদ্দ মঞ্জুর করা হোক। এই দাবির মধ্যে আছে বিদ্যুৎ প্রকল্পগুলির জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ও বিদ্যুৎকেন্দ্র নবীকরণের জন্য ডি. পি. এল-কে প্রদেয় ঋণ এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে বিনিয়োগের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প রূপায়ণের সমানুপাতিক হারে অংশগ্রহণ এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদকে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য প্রদেয় ভরতুকি ও লোকদীপ প্রকল্পের জন্য অনুদান। এই দাবির মধ্যে "ভোট-অন-অ্যাকাউন্টের" ইতিমধ্যে বরাদ্দকৃত ৫০৪,৯৪,০০,০০০ (পাঁচশো চার কোটি চুরানব্বই লক্ষ) টাকা ধরা হয়েছে।

**২। পশ্চিমবঙ্গে বিদ্যুতের চিত্রপট**

২.১। বর্তমান আর্থিক বছরে আমরা চেষ্টা করেছি যাতে বিদ্যুতের ক্রম-উৎপাদন অব্যাহত থাকে, সময়সূচি অনুযায়ী বিদ্যুৎ প্রকল্প রূপায়িত হয়, বিদ্যুৎ সঞ্চালন এবং বন্টন ব্যবস্থাকে শক্তিশালী করা যায়, গ্রামীণ বৈদ্যুতিকরণ ত্বরান্বিত হয় এবং রাজ্যের বিদ্যুৎ প্রতিষ্ঠানগুলির আর্থিক সমস্যার সমাধান করা যায়।

২.২। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, বর্তমান বছরে রাজ্যক্ষেত্রের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৬৫ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে। এই বছরে বজবজ বিদ্যুৎ কেন্দ্রের ২৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন প্রথম ইউনিট এবং তিস্তা ক্যানেল ফল জলবিদ্যুৎ কেন্দ্রের ২৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন প্রথম ইউনিট এবং তিস্তা ক্যানেল ফল জলবিদ্যুৎ প্রকল্পের এক নম্বর বিদ্যুৎ কেন্দ্রের প্রথম এবং দ্বিতীয় ইউনিট (২ × ৭.৫ মেগাওয়াট) চালু হয়েছে। নিচের এক নম্বর সারণীতে রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলির উৎপাদনের হিসাব দেখানো হয়েছে।

**সারণী—১**

রাজ্যের অধীন বিদ্যুৎ উৎপাদন সংস্থা এবং সি. ই. এস. সি. ও দিসের গড় পা. সা. কোঃ কর্তৃক বিদ্যুৎ উৎপাদন (মিঃ ইউনিট)

| সংস্থা | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ (ডিসেম্বর '৯৭ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|
| সরকারি সংস্থা | | | | | |
| পঃ বঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ | ৩৭০০ | ৩৭৫০ | ৩২১১ | ৩৭৫২ | ২৯৮৩ (২৭৫০)* |
| পঃ বঃ বিদ্যুৎ উন্নয়ন নিগম | ৫৩৬৬ | ৫৭৯৩ | ৬১৪৮ | ৬১৮৩ | ৪৩৭৩ (৪৭০২)* |
| ডি. পি. এল | ৯০২ | ৯০৭ | ৯০৫ | ১০১১ | ৬৯৮ (৭০৮) |
| মোট | ৯৯৬৮ | ১০৪৫০ | ১০২৬৪ | ১০৯৪৬ | ৮০৫৪ (৮১৬০) |
| বেসরকারি সংস্থা | | | | | |
| সি. ই. এস. সি. লি. | ৩৫০৫ | ৩৭২৪ | ৩৮৩৩ | ৩৬৬২ | ২৯৮৩ (২৮১২) |
| ডি. পি. এল | ২৩৮ | ২১৯ | ২২৯ | ২১৮ | ১২০ (৮১) |
| মোট | ৩৭৪৩ | ৩৯৪৩ | ৪০৬২ | ৩৮৮০ | ৩১০৩ (২৮৯৩) |
| **সর্বমোট** | **১৩,৭১১** | **১৪,৩৯৩** | **১৪,৩২৬** | **১৪,৮২৬** | **১১,১৫৭ (১১০৫৩)** |

*১৯৯৬-৯৭ সালের (ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত) উৎপাদনের পরিমাণ বন্ধনীর মধ্যে দেখানো হয়েছে।

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন এবং ডি. পি. এল.-এর বিদ্যুৎ উৎপাদন হ্রাসের মূল কারণ সর্বনিম্ন চাহিদাব সময়ে (অফপিক) যথেষ্ট পরিমাণ বিদ্যুতের চাহিদা ছিল না।

২.৩। সর্বোচ্চ চাহিদার সময়ে বিদ্যুতের চাহিদা পূরণের জন্য এবং পূর্বাঞ্চলীয়

বিদ্যুৎ পর্ষদের শর্তানুযায়ী ক্রমান্বয়ে বিভিন্ন ইউনিট বন্ধ রাখা, উৎপাদন হ্রাস ইত্যাদির জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদকে কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা থেকে বিদ্যুৎ আমদানি করতে হয়।

গত কয়েক বছরে রাজ্য বিদ্যুৎ পর্ষদের আমদানির পরিমাণ নিচের ২ নং সারণীতে দেখানো হয়েছে।

**সারণী—২**

**কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা থেকে আমদানি (মি. ইউ.)**

| সংস্থা | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ (ডিসেম্বর '৯৭ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| (ক) ডি. ভি. সি. | ৪৭৪.০ | ৫২৯.৯২ | ৫৫৪.০২ | ৪৬২.৫২ |
| (খ) এন. টি. পি. সি. | ৩১৬.২ | *১৩৩৮.৬৯ | ১৪৮২.৯৮ | ১৪৮৮.৯৪ |
| (গ) পি. জি. সি. আই. এল | ১৫৫.৮ | *৬৯৮.৯৩ | ৪১২.১৬ | ৩৫৮.৮৮ |
| মোট | ৯৪৬.০ | ২৫৬৭.৫৪ | ২৪৪৯.১৬ | ২৩১০.৩৪ |

*পশ্চিমবঙ্গের সঞ্চালন ব্যবস্থার মাধ্যমে প্রতিবেশি রাজ্য আসাম, অন্ধ্রপ্রদেশে পাঠানো বিদ্যুতের হিসাব এর মধ্যে ধরা আছে।

## ৩। গ্রামীণ বৈদ্যুতিকরণ

৩.১। গ্রামীণ বৈদ্যুতিকরণে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাজের বিবরণ নিচের সারণীতে দেওয়া হল। এ ছাড়া, অচিরাচরিত শক্তির মাধ্যমে আরও ৩১টি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে।

| | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ (ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত) |
|---|---|---|
| (১) নূতন মৌজা বৈদ্যুতিকরণ | ৬৬ | ৪৩* |
| (২) নিবিড়িকরণ | ৬০৩ | ৩৮৭ |
| (৩) পাম্পসেট বৈদ্যুতিকরণ | ১৫৪১ | [illegible] |
| (৪) পুনর্জীবীকরণ | ২১২ | [illegible] |
| *ডি. পি. এল. এর দুটি মৌজা সহ) | | |

৩.২। অর্থাভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ সন্তোষজনক হয়নি। মাননীয় সদস্যরা জানেন যে কয়েক বছর যাবৎ বৈদ্যুতিকরণের জন্য আর. ই. সি. লি.-রে কাছ থেকে কোনও ঋণ পাওয়া যায়নি। সম্প্রতি পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন নিগম রাজ্য বিদ্যুৎ পর্ষদকে সিস্টেম উন্নয়ন এবং গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য ঋণ দিতে রাজি হয়েছে। আগামী আর্থিক বছরের কাজে এই ঋণের প্রতিফলন বোঝা যাবে। জেলা পরিকল্পনা তহবিল, সাংসদদের উন্নয়ন তহবিল, তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ দপ্তরের বরাদ্দ তহবিল থেকেও যথেষ্ট পরিমাণ অতিরিক্ত অর্থসংস্থান এ বছরে করা যায়নি।

৩.৩। এই বছরে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত রাজ্য বিদ্যুৎ পর্ষদ কুটির জ্যোতি লোকদীপ প্রকল্পে ৪৯০৮ জন উপযুক্ত ব্যক্তি বাড়িতে বিদ্যুৎ সংযোগ দিয়েছে। এই প্রকল্পে পঞ্চায়েত থেকে যথেষ্টসংখ্যক উপযুক্ত ব্যক্তির নামের তালিকা না পাঠানোয় এ ক্ষেত্রে কাজের অগ্রগতি সন্তোষজনক হয়নি।

৪। **নির্মীয়মান বিদ্যুৎ প্রকল্পসমূহ**

যে সকল বিদ্যুৎ প্রকল্প বর্তমানে রূপায়িত হচ্ছে সেগুলির বর্তমান অবস্থা নিম্নরূপ ঃ—

**৪.১ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ**

৪.১.১। *তিস্তা ক্যানাল ফল জলবিদ্যুৎ প্রকল্প (৩×৩×৭.৫ মে.ও.)*

আমি আগেই উল্লেখ করেছি যে এই প্রকল্পের একনম্বর বিদ্যুৎকেন্দ্রের দুটি ইউনিট এবছর চালু হয়েছে। তিন নম্বর ইউনিট এবছরে মার্চের শেষে চালু হতে পারে।

এই প্রকল্পের সর্বশেষ আনুমানিক খরচ ৫২৭ কোটি টাকা যার মধ্যে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত ৪৪৪.৭৪ কোটি টাকা খরচ হয়েছে।

৪.১.২। *পুরুলিয়া পাম্পড স্টোরেজ প্রকল্প (৪×২২৫ মে.ও.)*

মাননীয় সদস্যবৃন্দ অবহিত আছেন যে, এই প্রকল্পটি রাজ্য বিদ্যুৎ পর্ষদ জাপানের ও.ই.সি.এফ সংস্থা থেকে ঋণ নিয়ে রূপায়ণ করছে। প্রকল্পের আনুমানিক খরচ ৩১৮৯ কোটি টাকা। পরিকাঠামো তৈরির কাজ চলছে। প্রকল্পের যন্ত্রপাতি এবং নির্মাণ দ্রব্যের পরীক্ষা চলছে।

প্রকল্পটির পরিবেশেগত দিকে নজর রাখার জন্য একটি 'মনিটরিং সেল' খোলা হয়েছে। মূল প্রকল্পের সিভিল, (৪ নং লট), হাইড্রোমেকানিকাল (৫ নং লট) এবং ইলেকট্রোমেকানিকাল (৬ নং লট) কাজের জন্য যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। মূল

টেণ্ডার সংক্রান্ত কাজ চলছে। প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমির অধিকাংশই অধিক্রহণ করা হয়েছে এবং অবশিষ্ট জমি অধিগ্রহণের ব্যবস্থা হচ্ছে। ২০০৩ সালে প্রকল্পটির নির্মাণ কাজ শেষ করার লক্ষ্যমাত্রা ঠিক হয়েছে।

৪.১.৩। *মংপু কালিখোলা জলবিদ্যুৎ প্রকল্প (৩×১ মে.ও.)*

রাজ্য বিদ্যুৎ পর্যদ এবং পশ্চিমবঙ্গ রিনিউএব্‌ল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সী যৌথভাবে এই প্রকল্পের রূপায়ণ করছে। ১৯৯৭ সালের অক্টোবর মাসে প্রকল্পের সিভিল কাজ শুরু হয়েছে। ইলেকট্রো-মেকানিক্যাল কাজের টেণ্ডার ডাকার ব্যবস্থা হচ্ছে। ২০০০ সালের জুন মাসে প্রকল্পটির কাজ শেষ হবার কথা আছে। ভারত সরকারের অচিরাচরিত শক্তি উৎস মন্ত্রক থেকে এই প্রকল্পের খরচের শতকরা প্রায় ৩৮ ভাগ পাওয়া যাবে।

৪.১.৪। *গৌরীপুর থার্মাল পাওয়ার প্রজেক্ট (১×১৫০ মে.ও.)*

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষৎ, বি. টি. এস., বি. এইচ. ই. এল এবং আমেরিকার থার্মো একোটেক্‌-এর যৌথ উদ্যোগে গঠিত একটি কোম্পানি প্রকল্পটির রূপায়ণ করবে। সম্প্রতি প্রকল্পটির জন্য কয়লা সরবরাহের ছাড়পত্র পাওয়া গেছে। কেন্দ্রীয় বিদুৎ কর্তৃপক্ষের আর্থ-কারিগরি ছাড়পত্র এখনও পাওয়া যায়নি। প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের কাজ চলছে। সি এফ বি সি বয়লাস সহ প্রকল্পটির আনুমানিক খরচ ৬৮২.৬০ কোটি টাকা।

৪.২। **পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম**

৪.২.১। *বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রোজেক্ট (৩×২১০ মে.ও.)*

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এই প্রকল্পের প্রথম তিনটি ইউনিট জাপানের ও. ই. সি. এফ. এর আর্থিক সহযোগিতায় রূপায়ণ করছে। সব প্যাকেজের অর্ডার দেওয়া হয়েছে। নির্মাণের কাজ পুরোদমে চলছে। বয়লার নির্মাণ, কোল হ্যাণ্ডলিং প্ল্যান্ট, সঞ্চালন প্যাকেজ, ওয়াটার সিস্টেম প্যাকেজের কাজ চলছে। এক নম্বর ইউনিটের বয়লার ড্রাম নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী তোলা হয়েছে।

৪.২.২। কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশনে ২৫ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ফ্লুইডাইজড্‌ বেড বয়লার প্রকল্প।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের বাতিল কয়লা ব্যবহার করে এই প্রকল্প রূপায়ণের পরিকল্পনা করেছে। এই প্রকল্প রূপায়িত হলে বিদ্যুৎ উৎপাদনের জ্বালানি ব্যয় কমে যাবে।

এই প্রকল্পে ই. পি. সি. কন্ট্রাক্টর নির্বাচনের জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম আন্তর্জাতিক টেণ্ডারের ব্যবস্থা করেছে। টেণ্ডারের আর্থিক পর্যালোচনা চূড়ান্ত হতে চলেছে।

৪.২.৩। *সাগরদিঘী তাপ বিদ্যুৎ প্রকল্প (২×৫০০ মে.ও.)*

প্রকল্পটির রূপায়ণের জন্য সাগরদিঘী পাওয়ার জেনারেশন কোম্পানি গঠিত হয়েছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এই কোম্পানির অংশীদার। রাজ্যে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির হার বিবেচনা করে ২০০৩ সালে প্রকল্পের অর্থ সংস্থানের ব্যবস্থা চূড়ান্ত করা এবং ২০০৭ সালে প্রকল্পটির কাজ শেষ করার সময় নির্দিষ্ট করা হয়েছে।

কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে আর্থ-কারিগরী ছাড়পত্র চাওয়া হয়েছে। কয়লা সরবরাহ এবং পরিবেশগত ছাড়পত্র এখনও পাওয়া যায়নি। ভারত সরকারের কয়লা মন্ত্রক এই প্রকল্পে কয়লা সরবরাহের জন্য কয়লাখনি উন্নয়ন করতে ৫০০ কোটি টাকা জমা দিতে বলেছে। এ বিষয়ে কয়লা মন্ত্রকের সঙ্গে আলোচনা চলছে।

৪.২.৪। *বক্রেশ্বর তাববিদ্যুৎ প্রকল্প (২×২১০ মে.ও.)*

বক্রেশ্বর পাওয়ার জেনারেশন কোম্পানি এই প্রকল্প রূপায়ণ করবে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এই যৌথ উদ্যোগের অংশীদার। কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের আর্থ-কারিকরী ছাড়পত্র এখনও পাওয়া যায়নি। কয়লা সরবরাহের ব্যবস্থা সুনিশ্চিত হয়নি। অন্য সব ছাড়পত্র পাওয়া গেছে।

৪.৩। **সি. ই. এস. সি. লিঃ**

৪.৩.১। *বজবজ তাপবিদ্যুৎ প্রকল্প (২×২৫০ মে.ও.)*

১৯৯৭ সালের সেপ্টেম্বরে প্রকল্পটির প্রথম ইউনিট চালু হয়। ইউনিটটি চালু হতে প্রায় ষাট মাস সময় লেগেছে। ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত এই ইউনিটে ৮৩.৯৬ মি. ইউনিট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। মার্চ, ১৯৯৮ নাগাদ এখানে ২৫০ মে. ও. বিদ্যুৎ উৎপাদন হবে আশা করা যায়। রেলপথ এবং কয়লা খালাস করার যান্ত্রিক পদ্ধতি এখনও অসম্পূর্ণ আছে। জুন, ১৯৯৮ নাগাদ এইগুলি সম্পূর্ণ হবে আশা করা যায়।

সি. ই. এস. সি.-র সর্বশেষ প্রতিবেদন অনুযায়ি দ্বিতীয় ইউনিট ১৯৯৮ সালের শেষ দিকে চালু হবে আশা করা যায়। সি. ই. এস. সি.-র প্রতিবেদন অনুযায়ী বর্তমানে প্রকল্পটির আনুমানিক প্রকল্প ব্যয় ২৩৪১ কোটি টাকা (আই. ডি. সি. এবং ঋণ-সংক্রান্ত খরচসহ এবং বিদ্যুৎ সঞ্চালনের খরচ ১১৯ কোটি টাকা বাদে)। রাজ্য বিদ্যুৎ পর্যদ এই প্রকল্প ব্যয় পরীক্ষা করে দেখছে।

৪.৩.২। *বলাগড় তাপবিদ্যুৎ প্রকল্প (২×২৫০ মে.ও.)*

রোলস্ রয়েস কোম্পানির সাথে চুক্তি খারিজ হয়ে যাওয়ার পর বলাগড় পাওয়ার কোম্পানি মেসার্স সিমেন্স লিঃ কে. ই.'পি. সি. কন্ট্রাক্টার নিয়োগ করেছে। প্রকল্পের আর্থিক সংস্থান এখনও চূড়ান্ত হয়নি। সি. ই. এস. সি. (বিদ্যুতের লাইসেন্স ধারি) এই প্রকল্পের মূলধনের অংশীদার। রাজ্য সরকার ২০০০ সালে কাজ শুরু করার জন্য এই প্রকল্পের প্রকল্প ব্যয় ২০৫৯ কোটি টাকা অনুমোদন করেছে।

সি. ই. এস. সি. লিঃ এই প্রকল্পের বিদ্যুৎ সঞ্চালনের ব্যবস্থা করবে। বিদ্যুৎ সঞ্চালন প্রকল্পটি রাজ্য সরকারের নীতিগত ছাড়পত্র পেয়েছে। এই প্রকল্পে উৎপাদিত সমগ্র বিদ্যুৎ সি. ই. এস. সি. লিঃ তাদের এলাকার গ্রাহকদের জন্য কিনবে।

৪.৩.৩। *কসবা গ্যাস টারবাইন কেন্দ্র (২×২০ মে.ও.)*

রাজ্য বিদ্যুৎ পর্ষদ লিজের মেয়াদ শেষ হবার পর ৩০.৬.৯৭ তারিখে এই বিদ্যুৎ কেন্দ্রটি সি. ই. এস. সি.-র কাছ থেকে ফেরৎ নিয়েছে।

৫। **অচিরাচরিত শক্তি**

মাননীয় সদস্যগণ স্মরণ করতে পারেন যে, গতবছর আমি ঘোষণা করেছিলাম যে, বৃহত্তম বায়োমাস গ্যাসিফায়ার বিদ্যুৎ কেন্দ্র গোসাবায় তৈরি হচ্ছে। দক্ষিণ ২৪-পরগনা জেলার গোসাবায় ৫০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন এই বিদ্যুৎ কেন্দ্রটি এবং সংশ্লিষ্ট বন্টন ব্যবস্থা পশ্চিমবঙ্গ রিনিউএবল্ এনার্জি উন্নয়ন সংস্থা এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদের উদ্যোগে এই বছরেই চালু হয়েছে।

এই প্রকল্পটির সামগ্রিক পরিচালনার জন্য একটি গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন সমবায় সমিতি গঠিত হয়েছে। ১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত প্রায় ৩৫০টি গৃহস্থ এবং বাণিজ্যিক গ্রাহক ঐ এলাকায় বিদ্যুৎ সরবরাহ পাচ্ছেন। দ্বিতীয় ২৬ কে ডাবলু পি ক্ষমতা বিশিষ্ট সোলার পি ভি সাবস্টেশনের কাজ সাগরদ্বীপে শুরু হয়েছে। ঐরকম আরও তিনটি সাবস্টেশনের জন্য টেণ্ডার ডাকার ব্যবস্থা করেছে পশ্চিমবঙ্গ রিনিউএবল্ এনার্জী উন্নয়ন সংস্থা এবং সাগরদ্বীপ গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন সমবায় সমিতি। এই চারটি বিদ্যুৎ কেন্দ্র থেকে ৪৮০টি বাড়িতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হবে।

পশ্চিমবঙ্গ সরকারের বন বিভাগের সহায়তায় পশ্চিমবঙ্গ রিনিউএবল্ এনার্জি উন্নয়ন সংস্থা জলপাইগুড়ি জেলার কারবংখোলায় একটি ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন ক্ষুদ্র জলবিদুৎ প্রকল্প চালু করেছে।

সোলার পি ভি হোম লাইটিং সিস্টেম এবং বায়োমাস (গ্যাসিফায়ার) সিস্টেমের মাধ্যমে ৩১শে জানুয়ারি, ১৯৯৮ পর্যন্ত ৩১টি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে।

**৬। বিদ্যুৎ সঞ্চালন ও বন্টন ব্যবস্থা**

**৬.১। সঞ্চালন ব্যবস্থা**

৬.১.১। বিগত কয়েক বছরে রাজ্য বিদ্যুৎ পর্ষদ সঞ্চালন ব্যবস্থার উন্নতিতে বিশেষ জোর দিয়েছে। চলতি আর্থিক বছরে (ডিসেম্বর '৯৭ পর্যন্ত) যে সকল কাজে বিশেষ অগ্রগতি হয়েছে সেগুলির একটি তালিকা ১নং সংযোজনীতে দেওয়া হল।

৬.১.২। সংযোজনী-১ থেকে এটা স্পষ্ট যে, রাজ্য বিদ্যুৎ পর্ষদ ৩টি নতুন সঞ্চালন সাব-স্টেশন চালু করেছে, যেগুলির মোট ক্ষমতা ৮৯ এম. ভি. এ.। এছাড়াও ৪টি বর্তমান সাব-স্টেশনে নতুন ট্রান্সফর্মার স্থাপন করেছে এবং এর ফলে সেগুলির মোট ক্ষমতা বেড়েছে ৫১.৬ এম. ভি. এ.। একটি বর্তমান ট্রান্সফর্মারের ক্ষমতা ১৮.৫ এম. ভি. এ. বৃদ্ধি করা হয়েছে। এছাড়া ৯৪ সার্কিট কিলোমিটার নতুন সঞ্চালন লাইন স্থাপন করা হয়েছে।

৬.১.৩.। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার প্রয়োজনীয়তা মেটানোর জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ একটি ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এই প্রকল্প রূপায়ণের জন্য জাপানের ও. ই. সি. এফ. নামক সংস্থার সঙ্গে একটি আর্থিক ঋণচুক্তি সম্পাদিত হয়েছে যার প্রথম কিস্তি বাবদ ৩৫৩ কোটি টাকা পাওয়া যাবে।

প্রকল্পটি রাজ্য বিদ্যুৎ পর্ষদের সিস্টেমে অতিরিক্ত ৬৩০ এম. ভি. এ. (৪৪০ / ২২০ কে.ভি.), ২০৮০ এম. ভি. এ. (২২০/১৩২ কে. ভি.), ১০২৭ এম. ভি. এ. (১৩২/৩৩ কে. ভি.) এবং ১৬৩.৮ এম. ভি. এ. (৩৩/১১ কে. ভি.) ট্রান্সফর্মারের ক্ষমতা বৃদ্ধি করা ছাড়াও ৪০০ কে. ভি. লাইনের ২৪ সার্কিট কিলোমিটার, ২২০ কে.ভি লাইনের ৮৮ সার্কিট কিলোমিটার এবং ১৩২ কে. ভি. লাইনের ১৪০৮ সার্কিট কিলোমিটার যোগ করবে।

বিদ্যুৎ সরবরাহের পথ সমীক্ষা এবং জমি অধিগ্রহণের কাজ চলছে। দরপত্র (টেণ্ডার) সংক্রান্ত কাগজপত্রগুলো প্রকল্পটির পরামর্শদাতারা পুনর্মূল্যায়ন করে দেখেছেন।

৬.১.৪.। পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্পের সাথে যুক্ত বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার জন্য টেণ্ডার ডাকা হচ্ছে।

৬.১.৫। প্রয়োজনীয় টাকার প্রাপ্তি-সাপেক্ষে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে রাজ্য বিদ্যুৎ পর্ষদ যে সকল বিদ্যুৎ সঞ্চালন কার্যসূচি গ্রহণের প্রস্তাব করেছে তার বিবরণ সংযোজনী-২তে দেওয়া হয়েছে।

৬.১.৬। বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট চালু করার লক্ষ্যের (নভেম্বর, ১৯৯৯) সঙ্গে সঙ্গতি রেখে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে বিদ্যুৎ নির্গমনের জন্য সঞ্চালন লাইনের সম্প্রসারণের কাজ হাতে নিয়েছে এবং এর কাজ চলছে।

৬.১.৭। সি. ই. এস. সি. লিমিটেড ১৩২ কে.ভি. সঞ্চালন লাইনের ক্ষমতাবৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের কাজ সম্পূর্ণ করেছে।

৬.২। **বিদ্যুৎ বন্টন ব্যবস্থা**

৬.২.১। বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার উন্নতির সঙ্গে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ লাইন বন্টন ব্যবস্থার উন্নয়নের জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। বর্তমান আর্থিক বছরের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত এক্ষেত্রে অর্জিত সাফল্যের বিবরণ নিচে উল্লেখ করা হল ঃ

(ক) নিম্নলিখিত স্থানে নতুন ৩৩/১১ কে. ভি. সাব-স্টেশন নির্মাণ করা হয়েছে।

| ক্রমিক নং | স্থানের নাম | জেলা | ভোল্টেজের অনুপাত কে. ভি. / কে. ভি. | ক্ষমতা বৃদ্ধি (এম. ভি. এ.) |
|---|---|---|---|---|
| ১। | রাইপুর | বাঁকুড়া | ৩৩/১ | ৩.১৫ |
| ২। | রানাঘাট | নদীয়া | ” | ৫.০০ |
| ৩। | হাটগোবিন্দপুর | বর্ধমান | ” | ৩.১৫ |
| ৪। | মাধবদিহি | বর্ধমান | ” | ৩.১৫ |
| ৫। | পঞ্চমী | বীরভূম | ” | ৩.০০ |
| ৬। | হাড়োয়া | উত্তর ২৪-পরগনা | ” | ৩.১৫ |
| ৭। | বিশরপাড়া | ” | ” | ৩.১৫ |
| ৮। | শেওড়াফুলি | হুগলি | ” | ৬.৩০ |
| ৯। | রেয়াপাড়া | মেদিনীপুর | ” | ৩.০০ |
| ১০। | মাধবপুর | দক্ষিণ ২৪-পরগনা | ” | ৬.৩০ |
| ১১। | বিনপুর | মেদিনীপুর | ” | ৩.০০ |

উপরোক্ত সাব-স্টেশনগুলো নির্মাণের জন্য বর্তমান খরচ দাঁড়িয়েছে আনুমানিক, ৮৫৩.৪৯ টাকা।

(খ) নতুন ১১,৬.৬,৬ কে. ভি. সাব-স্টেশন নির্মাণের জেলাওয়ারি অগ্রগতির হিসাব ঃ

| ক্রমিক সংখ্যা | জেলা | ভোল্টেজের অনুপাত কে. ভি. / কে. ভি. | ক্ষমতা বৃদ্ধি (এম. ভি. এ.) |
|---|---|---|---|
| ১। | ২৪ পরগনা (দক্ষিণ) | ১০০ | ৬.৭১৩ |
| ২। | ২৪ পরগনা (উত্তর) | ১৬৮ | ১১.২৩৮ |
| ৩। | হাওড়া | ৩৩ | ২.০৩১ |
| ৪। | হুগলি | ৩২ | ২.৪১৯ |
| ৫। | বর্ধমান | ৮৪ | ৫.৭১২ |
| ৬। | মেদিনীপুর | ১৫৮ | ৬.৬৩৫ |
| ৭। | পুরুলিয়া | ৭ | ০.২৫১ |
| ৮। | বীরভূম | ১২৩ | ৫.৭৬০ |
| ৯। | নদীয়া | ১৩ | ০.৬২৭ |
| ১০। | মুর্শিদাবাদ | ৪০ | ২.১০০ |
| ১১। | মালদা | ৪২ | ১.৮৪৫ |
| ১২। | উত্তর দিনাজপুর | ৫৩ | ২.০৪০ |
| ১৩। | দক্ষিণ দিনাজপুর | ২৩ | ১.৩৬৪ |
| ১৪। | জলপাইগুড়ি | ৫ | ০.৫০০ |
| ১৫। | কুচবিহার | ৪০ | ১.৯০৬ |
| ১৬। | দার্জিলিং | ১২ | ০.৮৬৪ |
| | | ৯৩০ | ৫২.০০৫ |

উপরোক্ত সাব-স্টেশনগুলোর জন্য খরচ দাঁড়িয়েছে আনুমানিক ৭৯৫.৬৮ লক্ষ টাকা।

৬.২.২। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত বন্টন ব্যবস্থার লক্ষ্যমাত্রা এবং অগ্রগতির পরিমাণ ৩ নং সংযোজনীতে দেওয়া হয়েছে। ১৯৯৭-৯৮ সালে বর্তমানের ১১,৬.৬,৬ কে.ভি. সাব-স্টেশনগুলোর ক্ষমতাবৃদ্ধিকরণের জেলাওয়ারি হিসাব সংযোজনী-৪ এ দেওয়া হয়েছে। ১৯৯৭-৯৮ সালে ৩৩ কে.ভি. ১১/৬.৬/৬ কে. ভি. এবং এম অ্যাণ্ড এল. ভি. লাইন নির্মাণের জেলাওয়ারি অগ্রগতির পরিমাণ সংযোজনী-৫ এ দেওয়া হয়েছে। টাকার প্রাপ্তি সাপেক্ষে, ১৯৯৮-৯৯ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বন্টন ব্যবস্থার অন্তর্গত বিভিন্ন কর্মসূচি-৬ এ দেওয়া হয়েছে।

৬.২.৩। এই সময়ে সি. ই. এস. সি. এলাকায় তিনটি নতুন বন্টন সাব-স্টেশন নির্মিত হয়েছে, বর্তমান সাব-স্টেশনগুলোর ক্ষমতা ৫১ এম. ভি. এ. বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া ৩৩/১১/৬ কে. ভি. লাইন ৫৭.৯ সাঃ কিঃ মিঃ সম্প্রসারিত করা হয়েছে।

৭। **বিদ্যুতের চাহিদা বৃদ্ধি এবং গ্রাহক পরিষেবা ঃ**

৭.১। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ৭২টি নতুন উচ্চক্ষমতাসম্পন্ন (হাইটেনশন) শিল্পসংস্থাকে নতুন বিদ্যুৎ সংযোগ দিয়েছে। এছাড়া ওই সময়ে পর্ষদ অন্যান্য বিভিন্ন শ্রেণীভুক্ত ১,৩০,৮৫৪টি নতুন সংযোগ দিয়েছে।

৭.২। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন সেল পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমের সঙ্গে গভীর সংযোগ রেখে কাজ করে চলেছে। সম্ভাব্য গ্রাহকদের মূল্যবান সহায়তা প্রদান করা ছাড়াও এই শাখা সম্ভাব্য গ্রাহকদের যাতে নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিদ্যুৎ-সংযোগ দেওয়া যায় তার ব্যবস্থা করে থাকে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রায় ৯৭% বিদ্যুৎগ্রহীতা গৃহস্থ শ্রেণীভুক্ত। স্বল্প ও মাঝারি ভোল্টেডেক (এল. অ্যান্ড এম. ভি.) গ্রাহকদের উন্নততর পরিষেবা প্রদানের জন্য বর্তমান আর্থিক বছরে রাজ্য বিদ্যুৎ পর্ষদের আরও সাতটি ডিভিসনকে কম্প্যুটারের মাধ্যমে বিল প্রস্তুত এবং রাজস্ব আদায়ের আওতার মধ্যে আনা যাবে বলে আশা করা হচ্ছে। অন্যান্য ডিভিসনগুলোতে পরবর্তী বছরসমূহে পর্যায়ক্রমে এই পদ্ধতি চালু করা হবে। বাল্ক গ্রাহকদের ক্ষেত্রে কম্প্যুটারের মাধ্যমে বিল প্রস্তুত ও রাজস্ব আদায়ের পদ্ধতি বিভিন্ন কেন্দ্রে বর্তমানে চালু আছে। এটা উল্লেখ করা প্রয়োজন যে কম্প্যুটারের মাধ্যমে বিল তৈরির প্যাকেজগুলি রাজ্য বিদ্যুৎ পর্ষদ নিজেই উদ্ভাবন করেছে।

৭.৩। রাজ্যে ৫০০টি বাল্ক বিদ্যুৎগ্রহীতার ইলেক্ট্রোম্যাগনেটিক মিটারকে ইলেক্ট্রনিক মিটারে (টি. ও. ডি. ব্যবস্থাসমেত) পরিবর্তিত করার একটি পরীক্ষামূলক প্রকল্প রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রহণ করেছে। প্রকল্পটির অর্ধেক খরচ ভারত সরকারের কাছে থেকে পাওয়া গেছে এবং বাকি ৮৮ লক্ষ টাকা রাজ্য বিদ্যুৎ পর্ষদ বহন করবে। এই প্রকল্পের কাজ চলছে।

৭.৪। বর্তমান বছরের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড ৩১৪টি নতুন বিদ্যুৎ সংযোগ দিয়েছে।

৭.৫। উক্ত সময়ে সি. ই. এস. সি. লিমিটেড ১২,৯৮৮টি নতুন বিদ্যুৎ সংযোগ দিয়েছে।

**গ্রাহকসংখ্যা বৃদ্ধি**

| সংস্থা | শ্রেণী | ১. ৪. ৯৭-তে | | ৩১. ১২. ৯৭-তে | |
|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | চাহিদা (মিঃ ইউ) | সংখ্যা | চাহিদা (মিঃ ইউ) |
| **পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ** | | | | | |
| ১। | এইচ. টি. ইন্ডাস্ট্রিয়াল | ১,৭৭৮ | ১,৬৩৩.৬৪ | ১,৮৫০ | ১,৩৭১.৪০ |
| ২। | এল. টি. ইন্ডাস্ট্রিয়াল | ৬৮,৩৭০ | ৫৯১.০৯ | ৭০,১৫৯ | ৪৬৫.০০ |
| ৩। | কমার্শিয়াল (বাণিজ্যিক) | ৩,৯৭,১৮৯ | ৮৬১.৯১ | ৪,১২,৮৭২ | ৬৭৪.০৫ |
| ৪। | রেলওয়ে ট্রাকশন | ১৪ | ৪৬৬.৭০ | ১৫ | ৩৬২.৬২ |
| ৫। | এগ্রিকালচার (কৃষি) | ৮৭,৩৩৪ | ১৩৬৫.৮৭ | ৮৯,৩২২ | ১০৫৫.২৭ |
| ৬। | ডোমেস্টিক | ২০,০১,৬৬০ | ১৯৩২.২৫ | ২১,০৯,৩৬৬ | ১৫১০.৫৫ |
| ৭। | সি. ই. এস. সি. লিঃ | ৪ | ২৩০৩.০৪ | ৪ | ১৭৪০.০০ |
| ৮। | অন্যান্য | ১৮,১০৮ | ৮৬৮.৯১ | ২১,৭৯৪ | ১৬৬.০৯ |
| | মোট | ২৫,৭৪,৪৫৭ | ৯৬২৩.৪৮ | ২৭,০৫,৩৮২ | ৭৩৪৫.৪৬ |
| **সি. ই. এস. সি. লিমিটেড** | | | | | |
| ১। | এইচ. টি. ইন্ডাস্ট্রিয়াল | ৭৯৬ | ১,৫৪৯ | ৭৭৭ | ১,১৮৫ |
| ২। | এল. টি. ইন্ডাস্ট্রিয়াল | ৫৯,৮৫৯ | ৩৪৬ | ৬২,৬৩৩ | ২৮৭ |
| ৩। | কমার্শিয়াল (বাণিজ্যিক) | ২,৩৫,৪৫০ | ৭৬৯ | ২,৪৬,৭২৭ | ৬৪০ |
| ৪। | ট্রাকশন | ৬ | ৬৯ | ৬ | ৫৩ |
| ৫। | ডোমেস্টিক | ১১,৪৭,৬৬৭ | ১,৭৩৬ | ১২,১৭,১৬৭ | ১,৪৭৮ |
| ৬। | অন্যান্য | ৩,৯৪৬ | ৩২৫ | ৪,০১৪ | ২৫৯ |
| | মোট | ১৪,৪৭,৭২৪ | ৪,৭৯৪ | ১৫,৩১,৩২৪ | ৩,৯০২ |
| **ডি. পি. এল.** | | | | | |
| ১। | এইচ. টি. ইন্ডাস্ট্রিয়াল | ৩৯ | ২৩৭.১২ | ৪৩ | ১৩৪.৮৮ |
| ২। | এল. টি. ইন্ডাস্ট্রিয়াল | ৩৫১ | ৩.১২ | ৩৬১ | ৪.২০ |
| ৩. | কমার্শিয়াল | ১,১৫৪ | ৬.৭২ | ১,১৭৪ | ৯.৪৮ |
| ৪। | ডোমেস্টিক | ১৫,৩১৪ | ২১.১২ | ১৫,৫৯৪ | ৩৭.৯২ |
| ৫। | অন্যান্য (পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ) | — | ৭৫২.২৮ | — | ৬১১.২৮ |
| | মোট | ১৬,৮৫৮ | ১০,২০.৩৬ | ১৭,১৭২ | ৭৯৭.৭৬ |

**৮। বিদ্যুৎশক্তি সংরক্ষণ এবং বিদ্যুৎশক্তি অডিট**

৮.১। সঞ্চালন এবং বন্টনের ক্ষেত্রে ক্ষতি হ্রাস করতে হাওড়া জেলায় বন্টন ব্যবস্থায় বিদ্যুৎশক্তি অডিটের একটি পাইলট প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সেই রিপোর্ট তাড়াতাড়ি পাওয়া যাবে আশা করা হচ্ছে।

৮.২। রাজ্য বিদ্যুৎ পর্ষদের ৩৩/১১ কে. ভি. এবং ৩৩/৬ কে. ভি. সাব-স্টেশনের উৎস নির্গত সমস্ত ১১ কে. ভি. ফিডারের উৎসে এনার্জিমিটার বসানোর ব্যবস্থা শুরু হয়েছে। চলতি বছরের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত ৩৩/১১ কে. ভি. সাব-স্টেশনের ১০টি ১১ কে. ভি. ফিডারের ক্ষেত্রে বিদ্যুৎশক্তি অডিটের ব্যবস্থা করা গেছে।

৮.৩। ১৯৯৬-৯৭ এবং ১৯৯৭-৯৮ সালে অডিটভুক্ত ক্ষেত্রে ক্ষতি কমাবার নিম্নবর্ণিত ব্যবস্থাদি গৃহীত হয়েছে ঃ

(ক) ১১ কে. ভি. কন্ডাক্টর এবং এল. টি. বন্টনের ক্ষেত্রে আকার/পরিমাণগত বৃদ্ধি।

(খ) বন্টনের ট্রান্সফরমার-এর ক্ষমতাবৃদ্ধি।

(গ) বন্টনের ট্রান্সফরমার-এর উপর চাপের পর্যায়ক্রম সমতারক্ষা।

(ঘ) স্বল্প এবং মাঝারি ভোল্টেজ গ্রাহকদের ক্ষেত্রে বিল প্রস্তুতে যন্ত্রগণকের (Computer) ব্যবহার।

(ঙ) বিকল মিটারের সত্ত্বর প্রতিস্থাপন। ১৯৯৭-৯৮ সালের (ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত ১৪৮৩৪টি)।

(চ) ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত ৩০ অশ্বশক্তির অধিক ক্ষমতাযুক্ত শিল্পে বিদ্যুৎ গ্রাহকদের ২২টি এবং বাল্ক বিদ্যুৎ গ্রাহকদের ক্ষেত্রে ২৮টি ইলেক্ট্রনিক মিটার স্থাপন।

৮.৪ **সি. ই. এস. সি. লিঃ**

বিদ্যুৎশক্তি অডিটরের সুপারিশে পি. ই. এস. সি. লিমিটেড নিচে বর্ণিত ব্যবস্থাদি নিয়েছেন ঃ

(ক) টিটাগড় এবং সাদার্ন জেনারেটিং স্টেশনের সফট স্টাটাস-এর ক্রমবর্ধমান ব্যবহার এবং উক্তস্থানে উজ্জ্বলতর দীপ্তিকরণ। উল্লেখনীয় ফল পেতে সময় লাগবে।

(খ) টিটাগড় শক্তি উৎপাদনকেন্দ্রে উন্নততর প্ল্যান্ট ফ্যাক্টর মানের জন্য কয়লার শ্রেণী নির্দেশকের পরিবর্তনের কাজ শেষ হয়েছে।

(গ) সার্দান জেনারেটিং স্টেশনে বি. সি. সি. এল.-এর নিম্ন শ্রেণীর কয়লা (যাতে ছাই বেশি আর স্বল্প উদ্বায়ি) আর ই. সি. এল. এর কয়লার সংমিশ্রণের ব্যবহার হচ্ছে। এতে উচ্চ শ্রেণীর কয়লার ব্যবহার কমানো সম্ভব হচ্ছে।

(ঘ) মূলাজোড় শক্তি উৎপাদনকেন্দ্রে কিছু অতিরিক্ত ট্রান্সফর্মার-এর ব্যবহার বন্ধ করে রাখা হয়েছে যাতে বাকি ট্রান্সফর্মারের সাহায্যে প্ল্যান্ট লোড ফ্যাক্টর ভাল করা যায় এবং শক্তি সংরক্ষণ করা যায়।

৮.৫। দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড (ডি. পি. এল.)

ডি. পি. এল. তার পাওয়ার প্ল্যান্ট এর চার এবং পাঁচ নং ইউনিটে, কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের (সি. ই. এ.) দ্বারা এনার্জি অডিটের ব্যবস্থা করেছে। তাদের চূড়ান্ত প্রতিবেদন এখনও পাওয়া যায়নি।

৮.৬। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এইচ. টি. শিল্প গ্রাহকরা যাদের সর্বাধিক লোড ৫০০ কে. ভি. এ. ছাড়িয়ে গেছে, তাদের ক্ষেত্রে রাজ্য সরকার এনার্জি অডিট বাধ্যতামূলক করেছে। এনার্জি অডিটের জন্য অডিটরদের নাম নথিভুক্ত করা হয়েছে এবং বেশ কিছু সংখ্যক শিল্প-সংস্থা ইতিধ্যেই সরকার কর্তৃক নথিভুক্ত এনার্জি অডিটর দ্বারা এনার্জি অডিট করিয়েছেন এবং ঐ অডিট রিপোর্ট জমা দিয়েছেন। এগুলি বর্তমানে বিচার বিবেচনা করে দেখা হচ্ছে। অডিট রিপোর্ট সংক্রান্ত পরবর্তী ব্যবস্থাদি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সাথে যুক্ত এনার্জি স্টাডি স্কুলের মাধ্যমে বিবেচনার পর গ্রহণ করা হবে।

এইচ. টি. গ্রাহকদের এনার্জি অডিট সম্বন্ধে দায়িত্ব সচেতনতার জন্য বিশিষ্ট সংবাদপত্রে বিজ্ঞপ্তি জারি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৯। রাজ্যের বিদ্যুৎ এবং বিদ্যুৎ সংস্থার সরঞ্জাম-চুরি ও তার প্রতিরোধ

৯.১। রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ডিসেম্বর ১৯৯৭ সাল পর্যন্ত বিদ্যুৎ-চুরির ফলে প্রভূত ক্ষতির সম্মুখীন হতে হয় এবং এই ক্ষতির পরিমাণ প্রায় ৮৭.২৮ এম. ইউ। পরিস্থিতি মোকাবিলা করার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ সংগঠিত অভিযান এবং দায়িত্বশীল আধিকারিকদের মাধ্যমে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বিদ্যুৎ-চুরির ফলে এই সময়ে রাজ্য বিদ্যুৎ পর্ষদের ক্ষতি আনুমানিক ১৯.২৩ কোটি টাকার মধ্যে ৭৯ লক্ষ টাকা আদায় হয়েছে। এ-ব্যাপারে ১৭০টি অভিযোগ দায়ের করা হয়েছে এবং ৭৯ জনকে গ্রেফতার

করা হয়েছে। বকেয়া টাকা আদায়ের জন্য এবং বিদ্যুৎ-চুরি বন্ধ করার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন সার্কেল অফিসে বিদ্যুৎশক্তি-চুরি বন্ধের দলকে নিযুক্ত করা হয়েছে। তার ফলে পর্ষদের আয় বৃদ্ধি পেয়েছে। সেন্ট্রাল ফ্লাইং স্কোয়াড গঠন করে প্রত্যহ আরও বেশি-সংখ্যক বাল্‌ক গ্রাহককে প্রয়োজন অনুসারে পরীক্ষা করারও ব্যবস্থা নেওয়া হয়েছে। অপরাধ দমন বিভাগ (সি. আই. ডি.) এবং জেলা-স্তরের পুলিশ অধিকর্তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে পর্ষদের অভিযোগগুলির তদন্ত দ্রুত করানোর ব্যবস্থা হচ্ছে।

৯.২। ১৯৯৬-৯৭ সালে চুরি ইত্যাদির ফলে পর্ষদের সম্পত্তির ক্ষতি হ্রাস করার জন্য কতকগুলি দৃঢ়পদক্ষেপ নেওয়া হয়েছে। এর মধ্যে প্রাইভেট সিকিউরিটি এজেন্সি অন্তর্ভুক্ত—যার রক্ষী বাহিনী কিছু গুরুত্বপূর্ণ টাওয়ার মেম্বারকে এবং উর্ধ্বে অবস্থিত এ. সি. এস. আর কন্ডাক্টরকে চুরি প্রবণ এলাকা রক্ষা করে থাকে। এর ফলে পর্ষদের সরঞ্জাম চুরির পরিমাণ কমে ১৯৯৬-৯৭ সালে ২.৮৬ কোটি টাকা থেকে ১৯৯৭-৯৮ সালে ১.৬৯ কোটি টাকার এসে দাঁড়িয়েছে (ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত)।

৯.৩। পশ্চিমবঙ্গের রাজ্য বিদ্যুৎ পর্ষদের সিকিউরিটি এবং ভিজিল্যান্স বিভাগ চেষ্টা করছে যাতে পর্ষদের সম্পত্তি চুরির ব্যাপারে অভিযুক্ত ব্যক্তিদের পশ্চিমবঙ্গ প্রহিবিশন অব আনলফুল পজেশন অব প্রপার্টি অব ইলেক্ট্রিক্যাল আন্ডারটেকিংস অ্যাক্ট, ১৯৯৪ অনুযায়ী বিচারের ব্যবস্থা হয়।

৯.৪। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ছয়টি অ্যান্টি-এনার্জি থেপ্ট স্কোয়াডের সাহায্যে হুগলি, হাওড়া, মুর্শিদাবাদ, বীরভূম, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, শিলিগুড়ি, মালদা এবং রায়গঞ্জ ডিস্ট্রিবিউশনন সার্কেলে জানুয়ারি ১৯৯৭ থেকে জানুয়ারি ১৯৯৮ পর্যন্ত ৫,৭৭,২০৩.২২২ টাকা বকেয়া পাওনা আদায় করেছে।

৯.৫। সি. ই. এস. সি. লিমিটেড বিদ্যুৎ-চুরি বন্ধের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে— যেমন, সার্ভিস অ্যাপারেটাস্ ভালভাবে সিল করা ; ইলেক্ট্রোম্যাগনেটিক মিটারের পরিবর্তে স্টাটিক মিটার বসানো ; চুরিপ্রবণ এলাকায়/সন্দেহজনক গ্রাহকদের উপর বিশেষ নজর রাখা ; ওভারহেড বন্টন নেটওয়ার্কের কন্ডাক্টর প্রতিস্থাপন করা। চলতি বছরের ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত এল টি. গ্রাহকদের মধ্যে ১৬৮০টি ক্ষেত্রে এবং এইচ. টি. গ্রাহকদের মধ্যে ১০টি ক্ষেত্রে চুরি ধরা পড়েছে। এইচ. টি. গ্রাহকদের ক্ষেত্রে ০.৪৪ মি. ইউ. বিদ্যুৎ-চুরি ব্যাপারে ২১ লক্ষ টাকা আদায় হয়েছে। এল. টি. গ্রাহকদের ক্ষেত্রে প্রায় ২.৮৯৬৯ মি. ইউ বিদ্যুৎ-চুরির ব্যাপারে ১৪৮.২৯ লক্ষ টাকা আদায় হয়েছে।

৯.৬। ডি. পি. এল. চলতি বছরের ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত ছ'টি ক্ষেত্রে অভিযান চালিয়েছে এবং ২১ জন অভিযুক্তকে পুলিশের হাতে সমর্পণ করেছে।

## ১০। রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলির আর্থিক চিত্রপট

১০.১। মাননীয় সদস্যগণ রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলির আর্থিক অবস্থা সম্পর্কে অবহিত আছেন। বর্তমান অবস্থা নিম্নে দেওয়া হল ঃ

১০.১.১। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ

নিম্নে প্রদত্ত সারণী ৩ থেকে দেখা যাবে যে, পর্ষদ বিদ্যুৎ বিক্রয় বৃদ্ধি, মাঝে মধ্যে বিদ্যুতের দাম বৃদ্ধি এবং বিদ্যুৎ বিল করা ও অর্থ সংগ্রহের কাজে কম্পিউটার ব্যবহারের মাধ্যমে তার আয় ক্রমশ বৃদ্ধি করেছে।

**সারণী—৩**

| বিবরণ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ (ডিসেম্বর '৯৭ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| (ক) বিক্রিত বিদ্যুৎ (এম. কে. ডব্লু. এইচ.) | ৭৯৯৭ | ৮৯৪৯ | ৯৬৪৬ | ৭৩৪২ |
| (খ) বিক্রয় মূল্য (কোটি টাকা) | ১,১১২.৩৭ | ১,৩৫৭.৯২ | ১,৫৩৭.১৯ | ১,৩৩১ |
| (গ) প্রকৃত আদায়িকৃত অর্থ (কোটি টাকা) | ৯৯৫.৩৮ | ১,২৬২.২৭ | ১৪৫৫.২৩ | ১,৩৩৫ |

(খ) এবং (গ)-এর মধ্যে পার্থক্যের কারণ—মিউনিসিপ্যালিটি, সরকারি সংস্থা, সি. ই. এস. সি. ইত্যাদির বিদ্যুতের পুরো দাম না দেওয়া এবং মামলার কারণে কিছু অর্থ আদায় না হওয়া।

১০.১.২। এর ফলে রাজ্য বিদ্যুৎ পর্ষদ, এন. টি. পি. সি., ডি. ভি. সি., ডব্লু. বি. পি. ডি. সি. এল. এবং ডি. পি. এল.-এর বিদ্যুতের দাম দিতে পারছে না। এখানে উল্লেখ করা প্রয়োজন—সি. ই. এস. সি. রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ১৯৯৭ সালের ডিসেম্বরের বিল পর্যন্ত বকেয়া প্রায় ২১০ কোটি টাকা না দেওয়ায় রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক অবস্থা ক্ষতিগ্রস্ত হয়েছে।

ইহা স্বীকার করা যায় যে, রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাজের উন্নতি করার এবং গ্রাহকদের আরও উন্নত পরিষেবার অনেক সুযোগ রয়েছে। বর্তমানে নয়টি বিভাগে এল. এবং এম. ভি. রেভেনিউ ম্যানেজমেন্ট প্যাকেজ কাজ করছে। এই কম্পিউটার বিলিং পদ্ধতি এল. এবং এম. ভি.-র ক্ষেত্রে বর্তমান আর্থিক বছরে আরও সাতটি বিভাগে চালু হবে আশা

করা যায়। বাল্ক কনজিউমারদের জন্য কম্পিউটার বিলিং পদ্ধতি বর্তমানে বিভিন্ন কেন্দ্রে চালু আছে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, গত কয়েক বছর ধরে রাজ্য সরকার, রাজ্য সরকারি ক্ষেত্রের বিদ্যুৎ সংস্থাগুলোকে তাদের উন্নয়নমূলক কাজকর্মের জন্য কয়লার দাম মেটানো এবং আর্থিক সংস্থাসমূহের ঋণ পরিশোধের জন্য আর্থিক সহায়তা প্রদান করে আসছে।

**বিদ্যুৎ সংস্থাগুলোর অনুকূলে রাজ্য সরকার প্রদত্ত আর্থিক সহায়তার পরিমাণের বিবরণ নিচে দেওয়া হল ঃ**

(লক্ষ টাকায়)

| সংস্থা | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ ('৯৭ ডিসেম্বর পর্যন্ত) |
|---|---|---|---|
| ১। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ | | | |
| (ক) (i) রাজ্য বিদ্যুৎ পর্ষদকে মঞ্জুরীকৃত অনুদান (পরিকল্পনা বাবদ) | ৮,১৭১.০০ | ১০,১১০.০০ | — |
| (ii) গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য পরিকল্পনা-বহির্ভূত খাতে অনুদান | — | ৫,৫০,০০.০০ | — |
| (খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদকে প্রদত্ত ঋণ | ১২,০৬৪.৮২ | ২৬,৭১৭.৭৩ | ৬,৩৭২.৮২ |
| (গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদে লগ্নি | ৬৭,১৭১.১৮ | — | — |
| ২। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিঃ | | | |
| (ক) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমকে মঞ্জুরীকৃত অনুদান | — | ৭.০০ | — |
| (খ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমকে প্রদত্ত ঋণ | ১,১৩০.৭৮ | ৮ষ৫৮৯.০৬ | ১৪,৮৪৬.১৮ |
| (গ) রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমে লগ্নি | ২,০০০.০০ | ১৭৯.০৭ | — |
| ৩। দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডকে প্রদত্ত ঋণ | ৩০০.০০ | ৫০.০০ | ৩৫০.০০ |

১০.২। **পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম**

বিগত তিন বছরে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের বিদ্যুৎ-বিক্রয়ের মাধ্যমে আয়ের পরিপ্রেক্ষিতে আর্থিক অবস্থা নিম্নে প্রদত্ত সারণীতে দেখানো হয়েছে ঃ

সারণী

| বছর | বিক্রিত বিদ্যুৎ (এম. ইউ) | বিক্রয় মূল্য (কোটি টাকা) | প্রকৃত আদায়িকৃত (কোটি টাকা) | লাভ (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| ১৯৯৪-৯৫ | ৫১২৪ | ৫৫৩.৯৪ | ৩৯৩.৯১ | ২৮.২০ |
| ১৯৯৫-৯৬ | ৫৫৪০ | ৫৭৭.৮৩ | ৭৭৪.৯৯ | -৫.৯২ |
| ১৯৯৬-৯৭ | ৫৫৮১ | ৭৪৬.৬৬ | ৫৭৪.৫৪ | ৬.৫২ |

বর্তমান বছর (ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম ৩৮২৮ মি. ইউনিট বিদ্যুৎ বিক্রয় করেছে। যার বিক্রয়মূল্য ৬৩৩.৮১ কোটি টাকা।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের উৎপাদিত সমস্ত বিদ্যুৎ-ই পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কিনে নেয় এবং যার জন্য প্রকৃত আয় রাজ্য বিদ্যুৎ পর্ষদের দাম পরিশোধের উপর নির্ভরশীল। রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিদ্যুতের মূল্য সম্পূর্ণ পরিশোধ করতে না পারার জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমকে আর্থিক সমস্যার সম্মুখীন হতে হয়। যার ফলে বিভিন্ন আর্থিক সংস্থার ঋণ এবং সুদ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম যথাসময়ে পরিশোধ করতে পারছে না।

১০.৩। **দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড**

গত ১৯৯৭ সালের জানুয়ারি মাসে যখন বোকারো স্টিল প্লান্টের ইচ্ছানুসারে কয়লাকে কোকে রূপান্তরিতকরণের ব্যবস্থা বন্ধ করে দিতে হয় তখন থেকে ডি. পি. এল.-এর কোক ওভেন গ্রুপ এক বিরাট বাধার সম্মুখীন হয়। কোক বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করার জন্য তখন সমস্ত রকম সম্ভাব্য প্রচেষ্টা করা হয়। এই প্রচেষ্টার ফলে কোক বিক্রয়ের পরিমাণ ১৯৯৭ সালের জানুয়ারি থেকে ১৯৯৮ সালের জানুয়ারিতে যথাক্রমে প্রতি মাসে ৪,২৫০ মেট্রিক টন থেকে ১৫,৪১০ মেট্রিকটনে বাড়ানো সম্ভব হয়েছে। একটি কোক কাটবার যন্ত্র বসানো হয়েছে যাতে প্রয়োজনীয় আয়তনের মেটালর্জিক্যাল কোক গ্রাহকগণকে বিশেষত স্টিল প্লান্টগুলোতে সরবরাহ করা যায়।

ডি. পি. এল.-এর ওয়াটার ওয়ার্কস একমাত্র লাভজনক বিভাগ। উক্ত বিভাগটি ১৯৯৬-৯৭ সালে ৮০.৮২ লক্ষ টাকা মুনাফা করেছে—যে সময়ে কোম্পানির মোট ক্ষতির

পরিমাণ ছিল ২,১২৩.৭৬ লক্ষ টাকা।

সরকার নীতিগতভাবে ডি. পি. এল.-কে পুনর্গঠন করার সিদ্ধান্ত নিয়েছে। ডি. পি. এলের বিদ্যুৎ কেন্দ্রের দায়িত্ব নেবে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম ; বন্টন পদ্ধতি (Distribution System) বিভাগটির দায়িত্ব নেবে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং শিল্প পুনর্গঠন দপ্তর কোক ওভেন প্লান্ট এবং ওয়াটার ওয়ার্কসের দায়িত্ব নেবে বলে আশা করা হচ্ছে।

এই পুনর্গঠনের বিস্তারিত পদ্ধতি সম্পর্কে বিদ্যুৎ দপ্তর শিল্প পুনর্গঠন দপ্তরের সঙ্গে আলাপ-আলোচনা করছে।

**১১। ক্যাপটিভ খনি প্রকল্প**

**১১.১। বেঙ্গল ই. এম. টি. এ. কোল মাইনস লিমিটেড ঃ**

গত বৎসর আমি জানিয়েছিলাম যে, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোতে সস্তায় কয়লার সরবরাহ করার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ও পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের ইক্যুইটি অংশ গ্রহণের দ্বারা বেঙ্গল এমটা কোল মাইনস লিমিটেড নামে একটি জয়েন্ট ভেঞ্চার কোম্পানি গঠন করা হয়েছে।

বর্তমান বছরে বেঙ্গল ই. এম. টি. এ. কোল মাইনস লিমিটেড তারা (পূর্ব) ব্লকে যান্ত্রিক ওপেন কাস্ট প্রণালীতে কাজ শুরু করেছে এবং পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেডের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোতে কয়লা পাঠানোর ব্যবস্থা করেছে।

১৯৯৭ সালের নভেম্বর পর্যন্ত উক্ত কোম্পানি পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেডের কোলাঘাট তাপ-বিদ্যুৎ কেন্দ্রে ১,৮৯,৫৫০ মিলিয়ন টন এবং পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে ৫৩,৩৯৮ মিলিয়ন টন কয়লা সরবরাহ করেছে।

**১১.২। সি. ই. এস. সি. লিমিটেড**

সি. ই. এস. সি. লিমিটেড জানিয়েছে যে, সি. ই. এস. সি. এবং তার সহযোগী সংস্থাসমূহের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোতে কয়লা সরবরাহের জন্য আসনসোলের নিকটবর্তী সরষাতলিতে একটি ক্যাপটিভ কয়লা খনির ব্লক ১৯৯৪ সালের ফেব্রুয়ারি মাসে বরাদ্দ দেওয়া হয়েছে। উক্ত প্রকল্পটি ২০০০ সালের এপ্রিল মাসে (সেপ্টেম্বর ১৯৯৮-এর আর্থিক সংস্থান চূড়ান্তকরণের ১৮ মাস পরে) বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করবে। ২০০২

সালের মধ্যভাগে এই প্রকল্পটি তার পূর্ণ ক্ষমতার উৎপাদনে সমর্থ হবে।

১২. **নবীকরণ ও আধুনিকীকরণ কর্মসূচি**

পুরাতন বিদ্যুৎকেন্দ্রগুলির সামগ্রিক কার্যক্ষমতা বৃদ্ধির জন্য নবীকরণ ও আধুনিকীকরণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

(১) মেসার্স সিমেন্স লিঃ কর্তৃক দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডের অধীন বিদ্যুৎকেন্দ্রের ১নং ইউনিট থেকে ৫নং ইউনিটের নবীকরণ, আধুনিকীকরণ ও আয়ু দীর্ঘায়িত করার প্রস্তাব আছে। এই প্রকল্পটি রূপায়িত হলে অতিরিক্ত ১৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হবে।

জার্মানির কে. এফ. ডব্লিউ সংস্থার থেকে আর্থিক সাহায্য গ্রহণের জন্য প্রোজেক্ট রিপোর্টটি কেন্দ্রীয় অর্থমন্ত্রকের ই. সি. বি. বিভাগে পেশ করা হয়েছে। এ ব্যাপারে পাওয়ার ফিনান্স কর্পোরেশনের কাছেও ঋণ চাওয়া হয়েছে। কিছু দিনের মধ্যেই ঋণের বিষয়টি চূড়ান্ত করার জন্য আলোচনার চলছে।

প্রস্তাবিত প্রকল্পটি রূপায়িত হলে পাঁচটি ইউনিটের পি. এল. এফ. ৬৮.৫-এ বৃদ্ধি পাবে। প্রকল্পটির আনুমানিক ব্যয় ধার্য করা হয়েছে ২৮০ কোটি টাকা।

(২) ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের নবীকরণ, আধনিকীকরণ ও আয়ু দীর্ঘায়ত করার কর্মসূচি রূপায়ণের কাজ জাপানের ও. ই. সি. এফ. সংস্থার আর্থিক সহায়তায় করার প্রস্তাব আছে। বর্তমানে উক্ত কর্মসূচির ১৯৯৮-৯৯ সালের আর্থিক সহায়তার বিষয়টি জাপানের ও. ই. সি. এফ. সংস্থার বিবেচনাধীন।

(৩) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধীন সাঁওতালদি তাপ-বিদ্যুৎ কেন্দ্রের নবীকরণ ও আধুনিকীকরণের কর্মসূচিটি পাওয়ার ফিনান্স কর্পোরেশনের আর্থিক সহায়তায় রূপায়িত করার প্রস্তাব আছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নিচ্ছে।

(৪) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম কোলাঘাট তাপ-বিদ্যুৎকেন্দ্রের প্রথম পর্যায়ের পরিবেশের উন্নয়ন এবং যন্ত্রের কর্মক্ষমতা বৃদ্ধি করণের জন্য নবীকরণ ও আধুনিকীকরণের কাজ হাতে নিয়েছে।

১৩. **দূষণ প্রতিরোধ ব্যবস্থা**

**১৩.১। পশ্চিমবঙ্গের বিদ্যুৎ উৎপাদন সংস্থাগুলি পরিবেশ উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ পাওয়ার ফিনান্স কর্পোরেশন থেকে ঋণ গ্রহণ করে সাঁওতালদি তাপ-বিদ্যুৎকেন্দ্রে ইলেক্ট্রোস্ট্যাটিক প্রেসিপিটেটর স্থাপন**

ও অ্যাশ-হ্যান্ডলিং প্ল্যান্টের মান উন্নয়ন করার কর্মসূচি গ্রহণ করেছে। ই. এস. পি. স্থাপনের কাজ অনেকটা এগিয়েছে। অ্যাশ-হ্যান্ডলি প্ল্যান্ট উন্নয়ন সংক্রান্ত অর্ডার ১৯৯৭ সালের অক্টোবর মাসে দেওয়া হয়েছে। অ্যাশ-পন্ড নির্মাণের জন্য দরপত্র আহ্বানের কাজও চলছে।

১৩.২। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম অ্যাশ-পন্ড নিউট্রালাইজিং পিট, অয়েল সেপারেশন ইউনিট, সেডিমেন্টেশন ও ডিকান্টেশন পন্ড, প্ল্যান্ট থেকে উৎপন্ন বর্জ্য পদার্থের সাহায্যে ধূলো ওড়া প্রশমন ও নিষ্কাশন পদ্ধতি, ব্যাপক সবুজায়ন, ই. এস. পি. স্থাপন ইত্যাদি বিভিন্ন দূষণ প্রতিরোধ পরিকল্পনা গ্রহণ করেছে।

১৩.৩। ডি. পি. এল.-এর বিদ্যুৎকেন্দ্রের পঞ্চম ইউনিটে ই. এস. পি. স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে, ৪র্থ ইউনিটে ই. এস. পি. স্থাপনের কাজ আর কিছুদিনের মধ্যেই শেষ করা যাবে এবং ৩য় ইউনিটে ই. এস. পি. প্রতিস্থাপনের কাজও ১৯৯৮ সালের প্রথমার্ধেই শেষ করা হবে বলে আশা করা হচ্ছে।

পাওয়ার ফিনান্স কর্পোরেশন লিমিটেড ৬ষ্ঠ ইউনিটে ই. এস. পি. স্থাপন ও একটি নতুন অ্যাশ-পন্ড নির্মাণের জন্য ঋণ অনুমোদন করেছে। দরপত্র আহ্বানও করা হয়েছে এবং ১৯৯৮-৯৯ সালের মধ্যেই এই কাজটি হয়ে যাবে।

১৩.৪। সি. ই. এস. সি. লিমিটেডও তার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের সরঞ্জামের মান উন্নয়নের ও নবীকরণের পরিকল্পনা গ্রহণ করেছে।

**১৪। বিদ্যুৎ অধিকার (ডাইরেক্টরেট অব ইলেক্ট্রিসিটি)**

১৪.১। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, বিদ্যুৎ দপ্তরের অধীন বিদ্যুৎ অধিকার বা ডাইরেক্টরেট অব ইলেক্ট্রিসিটি ভারতীয় বিদ্যুৎ আইন, ১৯১০ ভারতীয় বিদ্যুৎ বিধি, ১৯৫৬, লিফ্‌ট এবং এসকালেটরস আইন, ১৯৫৮ এবং এগুলির সংশ্লিষ্ট বিধিগুলি প্রয়োগ করার মতো গুরুত্বপূর্ণ কাজ করে থাকে। বিদ্যুৎ আধিকারিকেরা প্রয়োজনীয় তদন্ত এবং শুনানির পর বিদ্যুৎ গ্রাহক এবং বিদ্যুৎ সরবরাহকারী সংস্থাগুলির মধ্যে বিরোধের নিষ্পত্তি করেন। বিদ্যুৎ অধিকারের পরীক্ষাকেন্দ্রে বিতর্কিত মিটারগুলি পরীক্ষা করা হয়। বিদ্যুৎ পরিদর্শকেরা বৈদ্যুতিক দুর্ঘটনার ব্যাপারে আইন অনুযায়ী তদন্ত করেন এবং ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয়—সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়া, প্রয়োজনে তারা দোষী ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু করেন।

১৪.২। এই অধিকারের অধীন লাইসেন্সিং বোর্ড ওয়ার্কমেন্স পারমিট, সুপারভাইজারি সার্টিফিকেট অব কম্পিটেন্স, ন্যাশনাল সার্টিফিকেট অব সুপার ভাইজার, ইলেক্ট্রিক্যাল

কন্ট্রাক্টরদের লাইসেন্স ইত্যাদি প্রদানের পূর্বে রাজ্য সরকার প্রণীত লাইসেন্সিং বোর্ডের মিয়ম অনুসারে বিভিন্ন পরীক্ষা গ্রহণ করে থাকে। এই অধিকার লিফট প্রস্তুতত কারক ও রক্ষণাবেক্ষণে নিযুক্ত সংস্থাগুলিকে লাইসেন্স ও লিফট অপারেটরদের অনুমতিপত্র প্রদান করে।

১৪.৩। ১৯৯৭-৯৮ সালের নভেম্বর, ১৯৯৭ পর্যন্ত এই অধিকারের অন্তর্গত লাইসেন্সিং বোর্ড মোট ৮,৮২০ জনকে ওয়ার্কমেন্স পারমিটের জন্য এবং ১,২৫১ জনকে সুপার ভাইজারি সার্টিফিকেট অব কম্পিটেন্সের জন্য পরীক্ষা নিয়েছে। ৪৪৮ জনের কন্ট্রাক্টর লাইসেন্স, ৩,০৫৫ জনের ওয়ার্কমেন্স পারমট তৈরি করেছে। এই অধিকারের মিটার পরীক্ষা বিভাগ ১৯টি ভি. সি. অ্যাম্পিয়ার আওয়ার মিটার, ১৩৫টি এ. সি. কিলোওয়াট মিটার এবং ৩,৫৭৫টি ইনসুলেশন টেস্টার পরীক্ষা করেছে। এছাড়া, ৩৬০টি নতুন লিফটের লাইসেন্স এবং ৩৩৬টি নতুন লিফট সহায়কের অধিকারপত্র প্রদান করেছে। লিফট রক্ষণাবেক্ষণ এবং নির্মাণের জন্য ৬টি নুতন নিবন্ধীকরণ সার্টিফিকেট দেওয়া হয়েছে। চলতি আর্থিক বছরে বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য পরিদর্শন বাবদ ফি, লে-আউট ড্রয়িংয়ের অনুমোদন ইত্যাদি বাবদ আয়, কন্ট্রাক্টর লাইসেন্স এবং তার নবীকরণ, লিফট লাইসেন্স ও তার নবীকরণ বাবদ আয়, মিটার পরীক্ষা বাবদ ফি, সংশ্লিষ্ট যন্ত্রাদির পরীক্ষা বাবদ সংগৃহীত ফি এবং বিভিন্ন পরীক্ষার ফি বাবদ এই অধিকার মোট ২৩,৭৪,০৮০ টাকা আয় রাজস্ব সংগ্রহ করেছে।

১৪.৪। আমি গত বছরে উল্লেখ করেছিলাম যে লাইসেন্সিং বোর্ড উত্তরবঙ্গের পরীক্ষার্থীদের জন্য শিলিগুড়িতে ওয়ার্কমেন্স আর্মিট পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করেছে। এ বছরে ২৯১ জন পরীক্ষার্থী এই পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিয়েছেন। লাইসেন্সিং বোর্ড বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া ও বীরভূম জেলার পরীক্ষার্থীদের সুবিধার্থে দুর্গাপুরে একটি পরীক্ষা কেন্দ্র খুলেছে এবং এবছরে ঐ কেন্দ্রে ৪৪১ জন পরীক্ষার্থী ওয়ার্কমেন্স পারমিটের জন্য পরীক্ষা দিয়েছেন। আসানসোল, বর্ধমান, ইত্যাদি অঞ্চলের খনি ও ভূগর্ভস্থ বিদ্যুৎ লাইন স্থাপনের কাজে দক্ষ পরীক্ষার্থীদের সুপারভাইজারি সার্টিফিকেট অব কম্পিটেন্স পরীক্ষা গ্রহণের জন্য লাইসেন্সিং বোর্ড আসানসোলে একটি পরীক্ষা কেন্দ্র খুলেছে। এ বছরে ২২৪ জন পরীক্ষার্থী এই পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিয়েছে।

**১৫। কেন্দ্রীয় সরকারের অধীনস্ত বিদ্যুৎ সংস্থাসমূহ**

**১৫.১। দামোদর ভ্যালি কর্পোরেশন (ডি. ভি. সি.)**

পশ্চিমবঙ্গে অবস্থিত ডি. ভি. সি.-র বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন ক্ষমতা ৮৩০ মেগাওয়াট (জলবিদ্যুৎ—৬০ মে. ও., তাপবিদ্যুৎ—৭৭০ মেগাওয়াট)। ডি. ভি. সি. এই রাজ্যে

অবস্থিত বিদ্যুৎকেন্দ্রগুলিতে ৫২.৪ শতাংশ পি. এল. এফ. হারে বিদ্যুৎ উৎপাদন করছে। ১৯৯৬-৯৭ সালে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ১,৮৮৫.০৯ এম. ইউ. এবং ১৯৯৭-৯৮ আর্থিক বছরের ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত এর পরিমাণ ১,৬৬৯.৬৯ এম. ইউ.।

মাননীয় সদস্যরা অবগত আছেন যে, রাজ্যের শিল্পক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহে ডি. ভি. সি. একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই সংস্থা তার এলাকাধীন শিল্পক্ষেত্রে (৩৩ কে. ভি. ও তদূর্ধ্ব) ; কয়লা খনিতে এবং ইলেক্ট্রিক ট্রাকশনে বিদ্যুৎ সরবরাহ করে থাকে। ১৯৯৬-৯৭ সালে ডি. ভি. সি. ২৭ জন গ্রাহককে ১,৮৬২.৯৯ এম. ইউ. এবং চলতি বছরের ১৯৯৭ এর ডিসেম্বর পর্যন্ত ৩২ জন গ্রাহককে ১,৫৫৫.৩৩ এম. ইউ. বিদ্যুৎ সরবরাহ করেছে। চুক্তি অনুযায়ী, এই সংস্থা পঃ বঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও সি. ই. এস. সি. লিমিটেডকে সিস্টেমের প্রয়োজন অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করে। চলতি আর্থিক বছরে ১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত এই সংস্থা রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ৪৫৫ এম. ইউ. এবং সি. ই. এস. সি.-কে ৩০১ এম. ইউ. বিদ্যুৎ সরবরাহ করেছে।

১৯৯৭-৯৮ আর্থিক বছরে দামোদর ভ্যালি কর্পোরেশনের একটি উল্লেখযোগ্য সাফল্য হল মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রে ২য় ইউনিটটি (২১০ মে. ও.) চালু করা। প্রথম ইউনিটটি (২১০ মে. ও.) ইতিমধ্যে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করেছে। এর তৃতীয় ইউনিটটির (২১০ মে. ও.) কাজ বর্তমানে শেষ পর্যায়ে আছে। ১৯৯৮ সালের মার্চ মাসের মধ্যে এটি চালু হবে বলে আশা করা হচ্ছে। ডি. ভি. সি.-র দুর্গাপুর তাপ-বিদ্যুৎকেন্দ্রে দূষণ প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঐ বিদ্যুৎকেন্দ্রের ৩য় ও ৪র্থ ইউনিটে ই. এস. পি. স্থাপনের কাজ যথাক্রমে ১৯৯৮ সালের মার্চ ও ডিসেম্বর মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে। অ্যাশ-পন্ড-এর আয়তন বৃদ্ধির পরিকল্পনাও বাস্তবায়িত করা হচ্ছে। অ্যাশ-পন্ড থেকে ছাই সংগ্রহ করে ই. সি. এল.-এর পরিত্যক্ত কয়লাখনিগুলিতে ভরাট করার ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

১৫.২। ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড

এন. টি. পি. সি.-র ফরাক্কা অতিকায় তাপ-বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন ক্ষমতার পরিমাণ ১৬৩০ মেগাওয়াট। ১৯৯৬-৯৭ সালে এই বিদ্যুৎকেন্দ্রটি ৪৬.১০ শতাংশ পি. এল. এফ. হারে ৬,৩৯২.৪৩ এম. ইউ. বিদ্যুৎ উৎপাদন করেছে এবং চলতি বছরের ডিসেম্বর মাস পর্যন্ত গড়ে ৪৫.০৬ শতাংশ পি. এল. এফ.-এর হারে ৪,৬৫২.৮৮ এম. ইউ. বিদ্যুৎ উৎপাদন করেছে। পরিবেশ দূষণরোধকল্পে এই কেন্দ্র নিয়মিত দূষণ সীমার পরিমাপ নেয় এবং অত্যাধুনিক ই. এস. পি. ম্যানেজমেন্ট সিস্টেম চালু করেছে।

চলতি আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত এই কেন্দ্র পঃ বঃ রাজ্য বিদ্যুৎ

পর্ষদকে ১,৩০৬.৪০ এম. ইউ. বিদ্যুৎ সরবরাহ করেছে।

**১৬। যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণে কম্পিউটার নেটওয়ার্ক (এল. এ. এন. + ডব্লিউ. এ. এন.) এবং অতি প্রয়োজনীয় অংশের স্থাপন**

উল্লিখিত যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণের প্রকল্প ব্যয় ৬৪.৭৮ কোটি টাকার মধ্যে পি. এফ. সি. লি. ৫২.৪০ কোটি টাকা ঋণ মঞ্জুর করেছে। সল্টলেকে স্যাটেলাইট হাব স্থাপন এবং সাবস্টেশন, বিদ্যুৎকেন্দ্র, বন্টনের ডিভিশনাল হেডকোয়ার্টার্স, সার্কেল হেড কোয়ার্টার্স, জোনাল হেড কোয়ার্টার্স-এর মতো সব গুরুত্বপূর্ণ স্থানে সংযোগ রাখা এবং প্রয়োজনমতো পর্ষদের বর্তমান ব্যবস্থার সঙ্গে একত্রিকরণের প্রচেষ্টাও এই প্রশ্নের অন্তর্ভূক্ত আছে। বিভিন্ন ডিভিসন, সার্কেল, জোন এবং বিদ্যুৎ কেন্দ্রগুলিতে রাজস্ব পরিচালনা, অর্থসংক্রান্ত পরিচালনা, কর্মীসংক্রান্ত পরিচালনা, ইনভেন্ট্রি নিয়ন্ত্রণ, এম. আই. এস. এবং রক্ষণাবেক্ষণের কাজ পরিচালনা ইত্যাদির জন্য যে কম্পিউটার নেটওয়ার্ক চালু হবে তাও ঐ যোগাযোগ ব্যবস্থার অন্তর্ভূক্ত। পি. এফ. সি. লি.-এর সম্মতি নিয়ে দরপত্র পর্যালোচনা ও চূড়ান্ত করার পর কাজ শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে।

১৭। রাজ্য সরকার রাজ্য বিদ্যুৎ পর্ষদের জন্য একটি রিঅর্গানাইজেশন কমিটি গঠন করেছে। রাজ্য বিদ্যুৎ প্রাক্তন চেয়ারম্যান শ্রী এন. সি. বসু এই কমিটির সবাপতি। এই কমিটি বিদ্যুৎ সংস্থার সাংগঠনিক, পরিচালন ব্যবস্থা, আর্থিক এবং প্রায়োগিক প্রভৃতি বিভিন্ন বিষয় খতিয়ে দেখে সরকারের কাছে সুপারিশ করবে। গ্রামীণ বৈদ্যুতিকরণের সমস্যার দিকে কমিটি বিশেষভাবে লক্ষ্য রাখবে।

**১৮। রাজ্য বিদ্যুৎ রেগুলেটারি কমিশন**

বর্তমানে রাজ্য বিদ্যুৎ দপ্তর রাজ্য বিদ্যুৎ রেগুলেটারি কমিশনের গঠন এবং কার্যপ্রণালী সম্বন্ধে কাজ করছে। এই কাজ শেষ হলে বিদ্যুৎ আইনের প্রয়োজনীয় সংশোধনী বিধানসভায় পেশ করার প্রস্তাব করছি।

এই বক্তব্য রেখে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি, তারা যেন ১৫১৪,৯৮,০০,০০০ টাকার বরাদ্দ সম্বলিত ৬৯ নং দাবি বিবেচনা করে অনুমোদন করেন।

**সংযোজনী ১**

**(ক) ১৯৯৭-৯৮ সালের আর্থিক বছরের (ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত) যে সকল নতুন সঞ্চালন লাইনের নির্মাণের কাজ শেষ হয়েছে তার বিবরণ ঃ**

| ক্রমিক সংখ্যা | কার্যের বিবরণ | রুটের দৈর্ঘ্য (কি.মি.) | মোট দৈর্ঘ্য (সা.কি.মি.) |
|---|---|---|---|
| ১। | বোলপুর ১৩২ কে.ভি. সাব-স্টেশনের দুর্গাপুর সাঁইথিয়া ১৩২ ডি. সি. লাইনের ২য় সার্কিট লিলো | ২২ | ৪৪ |
| ২। | মেদিনীপুর-বালিচক ১৩২ কে.ভি. ডি.সি. লাইন | ২৫ | ৫০ |

**মোট নতুন লাইন ৯৪ সা.কি.মি. আনুমানিক ব্যয় ৭৪৭ লক্ষ টাকা**

**(খ) বিদ্যুৎ সঞ্চালন লাইনের বিভেদিকরণ/স্থানান্তরকরণ/পরিবর্তন**

| ক্রমিক সংখ্যা | কার্যের বিবরণ | রুটের দৈর্ঘ্য (কি.মি.) | মোট দৈর্ঘ্য (সা.কি.মি.) |
|---|---|---|---|
| ১। | উখড়া সাব-স্টেশনের নিকট দুর্গাপুর উখড়া ১৩২ কে.ভি.ডি.সি. লাইনের বিভেদীকরণ | ২.৯ | ৫.৮ |
| ২। | ডি.ভি.সি.র মেজিয়া টি.পি.এস-এর কাছে এস.টি.পি.এস.-দুর্গাপুর ২২০ কে.ভি.ডি.সি. লাইনের স্থানান্তরকরণ/পরিবর্তন | ৩ | ৬ |

**মোট ১১.৮ সা.কি.মি. আনুমানিক ব্যয় ১,৬৬০ লক্ষ টাকা**

**(গ) চালু হওয়া নতুন সাব-স্টেশনগুলির বিবরণ ঃ**

১। রাণঘাট ১৩২/৩৩ কে.ভি. সাব-স্টেশনের ১×১২.৫ এম.ভি.এ., ১৩২×৩৩ কে.ভি. এবং ১×৫ এম.ভি.এ., ৩৩×১১ ট্রান্সফর্মার স্থাপন (বে-সহ)।

২। বোলপুর ১৩২/৩৩ কে.ভি. সাব-স্টেশনের ২×২০ এম.ভি.এ., ১৩২×৩৩ কে.ভি. ট্রান্সফর্মার স্থাপন (ও.ই.সি.এফ. স্কীম)।

৩। ফলতা ১৩২/৩৩ কে.ভি. সাব-স্টেশনের ১×৩১.৫ এম.ভি.এ., ১৩২×৩৩ কে.ভি. ট্রান্সফর্মার স্থাপন।

**মোট ক্যাপাসিটি ঃ ৮৯.০ এম.ভি.এ. আনুমানিক—ব্যয় ১,৪৮২ লক্ষ টাকা**

**(ঘ) সাব-স্টেশন অনুসারে চালু-হওয়া ট্রান্সফর্মারের বিবরণ ঃ**

১। আরামবাগ ২২০/১৩২/৩৩ কে.ভি. সাব-স্টেশনের দ্বিতীয় ৩১.৫ এম.ভি.এ., ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফর্মার স্থাপন।

২। হ্যামিলটনগঞ্জ ৬৬ কে.ভি. সাব-স্টেশনের তৃতীয় ৬৬/১১ কে.ভি. ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফর্মার স্থাপন (ক্যাপাসিটি ৬.৩ এম.ভি.এ.)।

৩। বগুলা ৬৬ কে.ভি. সাব-স্টেশনের প্রথম ৬৬/৩৩ কে.ভি. ভোল্টেজ রেশিও ট্রান্সফর্মার স্থাপন (ক্যাপাসিটি ৭.৫ এম.ভি.এ.)।

৪। ৩ x ৩১.৫ এম. ভি. এ., ১৩২/৩৩ কে. ভি. ট্রান্সফর্মারের পরিবর্তে আদিসপ্তগ্রাম ১৩২ কে. ভি. সাব-স্টেশনের ট্রান্সফর্মারের ক্যাপাসিটি বৃদ্ধি (১x৫০+২x৩১.৫) এম. ভি. এ. ১৩২/৩৩ কে. ভি.।

৫। রিষড়া ১৩২ কে.ভি. সাব-স্টেশনের চতুর্থ ৬.৩ এম.ভি.এ. ৩৩/১১ কে.ভি. ট্রান্সফর্মার স্থাপন।

৬। ২ x ১২.৫ এম. ভি. এ., ১৩২/৩৩ কে. ভি. ট্রান্সফর্মারের পরিবর্তে আদিসপ্তগ্রাম ১৩২ কে. ভি. সাব-স্টেশন-এর (১x২০+১x১২.৫) এম. ভি. এ. ১৩২২৫৩ কে. ভি. ট্রাকশন ট্রান্সফর্মার ক্যাপাসিটির বৃদ্ধি।

**মোট ক্যাপাসিটি ঃ ৭৭.৬ এম.ভি.এ. আনুমানিক—ব্যয় ১,৩০৩ লক্ষ টাকা**

**(ঙ) পুড়ে-যাওয়া/ক্ষতিগ্রস্ত ট্রান্সফর্মারের প্রতিস্থাপনের বিবরণ ঃ**

১। ধরমপুর ১৩২/৩৩ কে.ভি. স্টেশনের ১ x ৩০ এম. ভি. এ., ১৩২/৩৩ কে. ভি. ট্রান্সফর্মার স্থাপন (সারাই করার পর)।

২। পুরুলিয়া ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ১ x ১২.৫ এম. ভি. এ., ১৩২/২৫ কে. ভি. ট্রাকসশন ট্রান্সফর্মার স্থাপন (দক্ষিণ পূর্ব রেলওয়ে থেকে পাওয়া)।

৩। আদিসপ্তগ্রাম ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ১ x ১২.৫ এম. ভি. এ., ১৩২/২৫ কে. ভি. ট্রাকশন ট্রান্সফর্মার স্থাপন (মেসার্স বি. বি. এল. দ্বারা সারাই করা)।

মোট ক্যাপাসিটি ঃ ৫৫ এম.ভি.এ.

**(চ) চালুকরা ক্যাপাসিটর ব্যাঙ্কসমূহের বিবরণ ঃ**

১। গোকর্ণ সাব-স্টেশনের ২ × ১০ এম. ভি. এ. আর. ক্ষমতাসম্পন্ন ৩৩ কে. ভি. ক্যাপাসিটর ব্যাঙ্ক।

২। আদিসপ্তগ্রাম সাব-স্টেশনের ১ × ১০ এম. ভি. এ. আর. ক্ষমতাসম্পন্ন ৩৩ কে. ভি. ক্যাপাসিটর ব্যাঙ্ক।

৩। ধরমপুর সাব-স্টেশনের ১ × ১৫ এম. ভি. এ. আর. ক্ষমতাসম্পন্ন ৩৩ কে. ভি. ক্যাপাসিটর ব্যাঙ্ক।

---

**মোট ক্যাপাসিটি ঃ ৪৫ এম.ভি.এ.আর.**

---

**(ছ) চালু হওয়া লাইন বে ঃ**

১। রিষড়া ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ৩৩ কে.ভি. "আসাম টিউব" ফিডার বে।

২। বেহালা ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ৩৩ কে.ভি. "রেনিয়া" ফিডার বে।

৩। দেবগ্রাম ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ৩৩ কে.ভি. "পলশি" ফিডার বে।

৪। রিষড়া ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ৩৩ কে.ভি. "মেনটেন্যান্স" বে।

৫। কল্যাণী ১৩২ কে.ভি. সাব-স্টেশনের ৩৩ কে.ভি. "ইউনিটেক" বে।

৬। বোলপুর ১৩২ কে.বি. সাব-স্টেশনের ৩৩ কে.ভি. "গুসকরা" বে।

**সংযোজনী ২**

**১৯৯৭-৯৮ সালের প্রস্তাবিত সঞ্চালন প্রকল্প**

(ক) লাইন—

(১) কোলাঘাট-হলদিয়া ২২০ কে. ভি. ডি/সি লাইন (৫৯ কি.মি.) ;

(২) কসবা সাবস্টেশনে ১টি সার্কিট 'লিলো' সমেত জিরাট-লক্ষীকান্তপুর ২২০ কে. ভি. ডি/সি লাইন। প্রথম পর্যায়ের কসবা সাব-স্টেশন পর্যন্ত ৭০ কি.মি. লাইন ১৯৯৮ সালের মার্চ মাসের মধ্যে শেষ করা হবে। (১৩.৫ কি.মি., ২য় পর্যায়) ;

(৩) জিরাট-রিষড়া-২২০ কে. ভি. ডি/সি লাইন (৭০ কি.মি.) ;

(৪) সাতগাছিয়া ২য় সার্কিট 'লিলো' সমেত ব্যান্ডেল-দুর্গাপুর ১৩২ কে. ভি. লাইন (১৬ কি.মি.) ;

(৫) সাতগাছিয়া-কাটোয়া ১৩২ কে. ভি. ডি/সি লাইন (৪৩.৫ কি.মি.) ;

(৬) রায়না-আরামবাগ ১৩২ কে. ভি. ডি/সি লাইন (৩২ কি.মি.) ;

(৭) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় (এন. বি. ইউ.)-ডালখোলা ১৩২ কে. ভি. সিঙ্গল সার্কিট লাইন 'লিলো' সমেত (তিস্তা ক্যানাল ফল-৩) (১০ কি. মি.) ;

(৮) বাঁকুড়া সাব-স্টেশন-বাঁকুড়া রেলওয়ে সাব-স্টেশন ১৩২ কে. ভি. এস/সি লাইন (১ কি.মি.) ;

(৯) সি. কে. রোড সাব-স্টেশন-সি. কে. রোড রেলওয়ে সাব-স্টেশন ১৩২ কে. ভি. এস/সি লাইন (৪.৫ কি.মি.) ;

(১০) মেসার্স এইচ. পি. সি. এলে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য 'লিলো' সমেত কোলাঘাট-হলদিয়া ১৩২ কে. ভি. ডি/সি লাইন (৩ কি.মি.) ;

(১১) কাঁটাতলার মেসার্স ক্যালকাটা লেদার কমপ্লেক্সে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য অশোকনগর-কসবা ১৩২ কে. ভি. ডি/সি লাইনের দু'জায়গায় ট্যাপিং করা হয় (২ × ৩ কি.মি.) ;

(১২) বাসুদেবপরের মেসার্স ভূষণ ইন্ডাস্ট্রিতে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য 'লিলো' সমেত হলদিয়া-এইচ. এফ. সি. ১৩২ কে. ভি. ডি/সি লাইন (৪ কি.মি.) ;

(১৩) শ্রী বাসবী স্টিল ইন্ডাস্ট্রিতে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিষ্ণুপুর সাব-স্টেশনে ১৩২ কে. ভি. এস/সি লাইন (২.৭ কি.মি.) ;

(১৪) পূর্ব রেলওয়েকে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডানকুনিতে ১৩২ কে. ভি. লাইন (১ কি.মি.) ;

(১৫) ডানকুনির মেসার্স মাদুলার ফুড প্রোডাক্টসে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য এস/সি 'লিলো' সমেত ব্যান্ডেল-রিষড়া ১৩২ কে. ভি. লাইন (২ কি.মি.) ;

(খ) **সাব-স্টেশন ঃ**

(১) জিরাট সাব-স্টেশনে ২টি ২২০ কে. ভি. লাইনের বে-র জন্য ৮ × ২২০ কে.ভি. ডি/সি জিরাট-রিষড়া লাইন।

(২) টিটাগড় সাব-স্টেশনের ২ × ৩১.৫ এম.ভি.এ., থেকে ১ × ৫০ এম.ভি.এ., + ১ × ৩১.৫ এম.ভি.এ., ১৩২/৩৩ কে.ভি.এ., ট্রান্সফর্মারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

(৩) বাঁকুড়া সাব-স্টেশন ২ × ৬.৩ এম.ভি.এ., ৩৩/১১ কে.ভি. ট্রান্সফর্মারের স্থাপন।

(৪) মেসার্স এলকো পলিয়েস্টার লিমিটেডের জন্য ফলতা সাব-স্টেশনে ৩৩ কে.ভি. ফিডার (বে) স্থাপন।

(৫) আরঙ্গবাদ ও পাকুড়-এর জন্য ধুলিান সাব-স্টেশনে ৩৩ কে.ভি. ফিডার বে স্থাপন।

(৬) ময়নাগুড়ি সাব-স্টেশনের ২ × ১২.৫ এম.ভি.এ., থেকে ২ × ২০ এম.ভি.এ., ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফর্মারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

(৭) রাণাঘাট সাব-স্টেশনে ১ × ৬.৩ এম.ভি.এ., ৩৩/১১ কে.ভি. ট্রান্সফর্মারের স্থাপন।

(৮) মালদা সাব-স্টেশনে ২ × ৬.৩ এম.ভি.এ., ৩৩/১১ কে.ভি.এ., ট্রান্সফর্মার স্থাপন।

(৯) লক্ষ্মীকান্তপুর সাব-স্টেশনে ১ × ২০ এম.ভি.এ., ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফর্মার স্থাপন।

(১০) আদিসপ্তগ্রাম সাব-স্টেশনে ২টি ৩৩ কে.ভি. ফিডার বে স্থাপন।

(১১) সোনারপুর সাব-স্টেশনে ২ × ২০ এম.ভি.এ., থেকে ১ × ২০ এম.ভি.এ., + ১ × ৩১.৫ এম.ভি.এ., ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফর্মারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

(১২) ময়নাগুড়ি সাব-স্টেশনে ৩৩ কে.ভি. মেইনটেনেন্স বে এবং বাস স্থাপন।

(১৩) হলদিয়া সাব-স্টেশনে ২ × ২০ এম.ভি.এ., থেকে ১ × ২০ এম.ভি.এ., + ১ × ৩১.৫ এম.ভি.এ., ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফর্মারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

(১৪) পুরুলিয়া সাব-স্টেশনে হুরা—২ এবং বলরামপুর ২ এর জন্য ৩৩ কে.ভি. লাইন বে স্থাপন।

(১৫) আলিপুরদুয়ারে সাব-স্টেশনে ২ × ১০ এম.ভি.এ., + ১ × ১৬ এম.ভি.এ., থেকে ১ × ২০ এম.ভি.এ., + ১ × ১৬ এম.ভি.এ., ১৩২/৬৬ কে.ভি. ট্রাসফর্মারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

(১৬) সাতগাছিয়া সাব-স্টেশনে ২টি ১৩২ কে.ভি. লাইন (বে) 'লিলো' সমেত ব্যান্ডেল-দুর্গাপুর ১৩২ কে.ভি. লাইনের জন্য স্থাপন।

(১৭) বাঁকুড়া সাব-স্টেশনে ১৩২ কে.ভি. রেলওয়ে ফিডার বে স্থাপন।

(১৮) সি.কে. রোড সাব-স্টেশনে ১৩২ কে.ভি. রেলওয়ে ফিডার বে স্থাপন।

(১৯) মেসার্স বাসবী স্টিল ইন্ডাস্ট্রিতে উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিষ্ণুপুর সাব-স্টেশনে ১৩২ কে.ভি. ফিডার বে স্থাপন।

(২০) বগুলা সবা-স্টেশনে দ্বিতীয় ৭.৫ এম.ভি.এ. ৬৬/৩৩ কে.ভি. ট্রান্সফরমার স্থাপন।

(২১) গোকর্ণ সাব-স্টেশনে ৩৩ কে.ভি. ফিডার বে স্থাপন।

(২২) রায়গঞ্জ সাব-স্টেশনে ৬.৫/৪/২.৫ এম.ভি.এ. ৬৬/৩৩/১১ কে.ভি. ট্রান্সফরমারকে ৬.৩ এম.ভি.এ. ৩৩/১১ কে.ভি. ট্রান্সফরমার দ্বারা প্রতিস্থাপন।

(২৩) সি.কে. রোড সাব-স্টেশনে ২.২০ এম. ভি. এ. থেকে ১ × ২০ এম.ভি.এ. + ১ × ৩১.৫ এম.ভি.এ. ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফরমারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

(২৪) বারাসাত সাব-স্টেশনে ২ × ৩১.৫ এম.ভি.এ. থেকে ১ × ৫০ এম.ভি.এ. + ১ × ৩১.৫ এম.ভি.এ. ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফরমারের ক্ষমতা বৃদ্ধিকরণ।

**(গ) ৩৩ কে.ভি. ১০ এম.ভি.এ.আর. ক্যাপাসিটর ব্যাঙ্ক স্থাপন ঃ**

| | | |
|---|---|---|
| (১) দেবগ্রাম সাব-স্টেশন | — | ২ |
| (২) রঘুনাথগঞ্জ সাব-স্টেশন | — | ১ |
| (৩) বেহালা সাব-স্টেশন | — | ১ |
| (৪) সি. কে. রোড সাব-স্টেশন | — | ১ |

| | | |
|---|---|---|
| (৫) বারাসাত সাব-স্টেশন | — | ২ |
| (৬) বাঁকুড়া সাব-স্টেশন | — | ১ |
| | মোট ঃ | ৮ |

## সংযোজনী ৩

### ১৯৯৭-৯৮ আর্থিক বছরে বন্টন-ব্যবস্থার লক্ষ্যমাত্রা ও অগ্রগতির বিবরণ

**(ক) সাধারণ উন্নয়নমূলক কর্মসূচি**

| (অ) নতুন সাব-স্টেশন— | লক্ষ্যমাত্রা ১৯৯৭-৯৮ | অগ্রগতি ১/৪/৯৭ থেকে ৩১/১২/৯৭ পর্যন্ত |
|---|---|---|
| (১) ৩৩/১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | নং-৩৬/এম.ভি.এ. —১৩০.৬০ | নং-১১/এম.ভি.এ. —৪২.৩৫ |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | নং-১৫০০/এম.ভি.এ. —৮৫.০০ | নং-৯৩০/এম.ভি.এ. —৫২.০০৫ |
| | আনুমানিক ব্যয়— | ১,৬৪৯ লক্ষ টাকা |

| (আ) নতুন লাইন— | | |
|---|---|---|
| (১) ৩৩ কে.ভি. | ৪৬৯.১০ সি.কে.এম. | ২৭০.৬২ সি.কে.এম. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ৭০৫.০০ সি.কে.এম. | ৫৯৮.৪৫ সি.কে.এম. |
| (৩) মিডিয়াম ও লো-ভোল্টেজ | ১১১৫.০০ সি.কে.এম. | ৬৬৫.৮৭ সি.কে.এম. |
| | আনুমানিব ব্যয়--- | ৩০০৮ লক্ষ টাকা |

| (ই) নতুন বিদ্যুৎ সংযোগ | | |
|---|---|---|
| (১) মিডিয়াম ও লো-ভোল্টেজ গ্রাহক | ২,৭৭,০০০ | ১,৩০,৮২৪ |
| (২) বিকেন্দ্রীভূত উচ্চক্ষমতার বিদ্যুৎ গ্রাহক | ১৮০ | ৮৬ |
| | আনুমানিক ব্যয়— | ৫২১লক্ষ টাকা |

**(খ) সিস্টেম উন্নয়ন সংক্রান্ত কর্মসূচি ঃ**

| | | |
|---|---|---|
| **(অ) বর্তমান সাব-স্টেশনগুলির ক্ষমতা বৃদ্ধি—** | | |
| (১) ৩৩/১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | নং-৫৫/এম.ভি.এ. —১৮৬.৫০ | নং-৩৬/এম.ভি.এ. —১০৮.৭৫ |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | নং-৬১০/এম.ভি.এ. —২৫.০০ | নং-৩৩৭/এম.ভি.এ. —১৪.৯২১ |
| | আনুমানিক ব্যয়— | ১,৪৫৪ লক্ষ টাকা |

| **(আ) বর্তমান লাইনগুলির উন্নয়ন এবং ক্ষমতা বৃদ্ধিকরণ—** | লক্ষ্য মাত্রা ১৯৯৭-৯৮ | অগ্রগতি ১.৪.৯৭ থেকে ৩১.১২.৯৭ পর্যন্ত |
|---|---|---|
| (১) ৩৩ কে.ভি. | ১০০.০০ সি.কে.এম. | ৫৪.২৪ সি.কে.এম. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ১০০.০০ সি.কে.এম. | ৬৮.৩৯ সি.কে.এম. |
| (৩) মিডিয়াম ও লো-ভোল্টেজ | ২০০.০০ সি.কে.এম. | ১৫৪.৮৮ সি.কে.এম. |
| | আনুমানিক ব্যয়— | ৩৯২ লক্ষ টাকা |

| | | |
|---|---|---|
| **(ই) বর্তমান লাইনগুলির পুনর্জীবিকরণ—** | | |
| (১) ৩৩ কে.ভি. | ৫০.০০ সি.কে.এম. | ৬৪.১৯ সি.কে.এম. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ৫০.০০ সি.কে.এম. | ২৪৯.২৪ সি.কে.এম. |
| (৩) মিডিয়াম ও লো-ভোল্টেজ | ৫০.০০ সি.কে.এম. | ১৬৮.৯১ সি.কে.এম. |
| **(ঈ) সান্ট ক্যাপাসিটর (১১ কে.ভি.) নং ৪২/এম.ভি.এ.আর-৩০ স্থাপন** | | — |
| **(উ) সিরিজ ক্যাপাসিটর (১১ কে.ভি.) স্থাপন** | | — |
| **(ঊ) লাইন সেকশনালাইজার (১১ কে.ভি.) স্থাপন** | ১৭ নং | — |
| | আনুমানিক ব্যয়— | ১১৩৫ লক্ষ টাকা |

## সংযোজনী ৪

## ১৯৯৭-৯৮ সালে চালু ১১, ৬.৬, ৬ কে.ভি. সাব-স্টেশনের ক্ষমতাবৃদ্ধিকরণ—জেলাওয়ারি হিসাব

ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত

| ক্রমিক | জেলা | সংখ্যা | ক্ষমতা বৃদ্ধি (এম.ভি.এ.) |
|---|---|---|---|
| ১। | ২৪ পরগনা (দঃ) | ৫৬ | ২.২৫৬ |
| ২। | ২৪ পরগনা (উঃ) | ২৩ | ১.২৮১ |
| ৩। | হাওড়া | ৩৮ | ২.৪৬৫ |
| ৪। | হুগলি | ৩৫ | ১.৫৪১ |
| ৫। | বর্ধমান | ৪৫ | ২.০৫৬ |
| ৬। | মেদিনীপুর | ২ | ০.০৭৬ |
| ৭। | পুরুলিয়া | ৩ | ০.১১৩ |
| ৮। | বীরভূম | ৪৮ | ১.৮২২ |
| ৯। | নদীয়া | ১৩ | ০.৪৯২ |
| ১০। | মুর্শিদাবাদ | ৮ | ০.৩৩৬ |
| ১১। | মালদা | ১৬ | ০.৬০১ |
| ১২। | দক্ষিণ দিনাজপুর | ৯ | ০.৩৪২ |
| ১৩। | উত্তর দিনাজপুর | ২১ | ০.৭৮৯ |
| ১৪। | জলপাইগুড়ি | ৪ | ০.১৫১ |
| ১৫। | কুচবিহার | ১৩ | ০.৪৮৮ |
| ১৬। | দার্জিলিং | ৩ | ০.১১২ |
| | / | ৩৩৭ | ১৪.৯২১ |

**মোট আনুমানিক ব্যয়—১৪৫৪ লক্ষ টাকা**

### সংযোজনী ৫

### নতুন ৩৩/১১ কে.ভি. ৬ কে. ভি., ৬.৬ কে.ভি. এবং মিডিয়াম ও লো-ভোল্টেজ মেইন নির্মাণ

### ১৯৯৭-৯৮ (ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত)

| ক্রমিক সংখ্যা | জেলা | ৩৩ কে.ভি. লাইন সি. কে. এম. | ১১/৬.৬ কে.ভি (সি. কে. এম.) | মিডিয়াম ও লো-ভোল্টেজ লাইন সি. কে. এম. |
|---|---|---|---|---|
| ১। | ২৪ পরগনা (দক্ষিণ) | ৪১.৫৭ | ৪৫.৫৯ | ৫০.৫১ |
| ২। | ২৪ পরগনা (উত্তর) | ৮.৫৫ | ৯৭.০০ | ১০৯.২২ |
| ৩। | হাওড়া | ৩.০০ | ৬.৪৭ | ২৩.০০ |
| ৪। | হুগলি | ১৩.০০ | ৪.৫০ | ২০.০০ |
| ৫। | বর্ধমান | ৫৮.৫০ | ৫২.০২ | ৬০.৮১ |
| ৬। | মেদিনীপুর | ৩২.০০ | ১৩২.৩৪ | ৯২.২৩ |
| ৭। | বাঁকুড়া | — | — | — |
| ৮। | পুরুলিয়া | ২৮.৫০ | ০.৮১ | ২.০৩ |
| ৯। | বীরভূম | ৯.০০ | ৬৭.৯৯ | ১১২.৬৫ |
| ১০। | নদীয়া | ১১.০০ | ২৪.১৬ | — |
| ১১। | মুর্শিদাবাদ | ২৮.৫০ | ৩৬.৫০ | ৩৫.০০ |
| ১২। | মালদা | — | ২৫.৮০ | ২৯.৬৫ |
| ১৩। | দক্ষিণ দিনাজপুর | — | ১২.৯৪ | ১১.৫৮ |
| ১৪। | উত্তর দিনাজপুর | — | ১৯.৬৮ | ২২.৩০ |
| ১৫। | জলপাইগুড়ি | — | — | ১.৬৯ |
| ১৬। | কুচবিহার | ২২.৫০ | ৩৮.৯৬ | ৭৮.৫৫ |
| ১৭। | দার্জিলিং | ১৪.৫০ | ৩৩.৭৯ | ১৬.৭৫ |
| | সর্বমোট | ২৭০.৬২ | ৫৯৮.৪৫ | ৬৬৫.৯৭ |

মোট আনুমানিক ব্যয় ৩০০৭.৯৬ লক্ষ টাকা

## সংযোজনী ৬

### ১৯৯৮-৯৯ আর্থিক বছরের কর্মসূচি (বন্টন বিভাগ)

### ১৯৯৮-৯৯ আর্থিক বছরের প্রস্তাবিত বাজেট কর্মসূচি

**(ক) সাধারণ উন্নয়নমূলক কর্মসূচি ঃ**

| | |
|---|---|
| **(অ) নতুন সাব-স্টেশন নির্মাণ** | **মোট ক্ষমতা** |
| (১) ৩৩/১১, ৬.৬ এবং কে.ভি. | ১৩০ এম.ভি.এ. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ৫৫ এম.ভি.এ. |
| **(আ) নতুন লাইন নির্মাণ** | |
| (১) ৩৩/১১, ৬.৬ এবং কে.ভি. | ৪৫০ সি.কে.এম. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ৩০০ সি.কে.এম. |
| (৩) মিডিয়াম ও লো-ভোল্টেজ | ১৭৫ সি.কে.এম. |
| **(ই) নতুন বিদ্যুৎ সংযোগ** | |
| (১) বিকেন্দ্রীভূত উচ্চ ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ সংযোগ | ২০০ |
| (২) মিডিয়াম ও লো-ভোল্টেজ বিদ্যুৎ সংযোগ | ৩,০০,০০০ |

**(খ) সিস্টেম উন্নয়ন কর্মসূচি ঃ**

| | |
|---|---|
| **(অ) বর্তমান সাব-স্টেশনগুলির ক্ষমতা বৃদ্ধি** | |
| (১) ৩৩/১১, ৬.৬ এবং কে.ভি. | ১৪০ এম.ভি.এ. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ২৫ এম.ভি.এ. |
| **(আ) বর্তমান লাইনগুলির উন্নয়ন ও ক্ষমতা বৃদ্ধিকরণ ঃ** | |
| (১) ৩৩ কে.ভি. | ২০০ সি.কে.এম. |
| (২) ১১, ৬.৬ এবং ৬ কে.ভি. | ১৮২ সি.কে.এম. |
| (৩) মিডিয়াম ও লো-ভোল্টেজ | ১৫৩ সি.কে.এম. |

**(গ) ১১ কে.ভি. সান্ট ক্যাপাসিটর স্থাপন** ১৩.২ এম.ভি.এ.আর.

**(ঘ) ১১ কে.ভি. লাইন সেকশনালাইজার স্থাপন** ৬

[8-10 — 8-24 p.m.]

## DEMAND No. 72

### Major Head : 2810—Non-Conventional Sources of Energy

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,35,00,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "2810—Non-Conventional Sources of Energy".

(This is inclusive of a total sum of Rs. 45,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Dr. Sankar Kumar Sen on Demand No. 72 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব রাখছি যে, ৭২ নং অভিযাচনের অধীন মুখ্যখাত নং "২৮১০—নন-কনভেনশনাল সোর্সেস অব এনার্জি"-তে বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের জন্য ১,৩৫,০০,০০০ (এক কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, মাত্র চার বছরের মধ্যে অপ্রচলিত শক্তির উৎস সংক্রান্ত কার্যাবলী রূপায়ণে এই রাজ্য একটি বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা অর্জন করেছে এবং সেটা ভারত ও বিদেশ বহুল প্রশংসিত হয়েছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ওয়েবরেডা এই কর্মসূচি রূপায়ণে উল্লেখযোগ্য ভূমিকার জন্য ভারত সরকারের অপ্রচলিত শক্তির উৎস মন্ত্রক বিভাগ থেকে ইতিমধ্যেই ৭টি জাতীয় পুরস্কার অর্জন করেছে।

**কাজের বিবরণ**

**(১) সৌর-জল গরম করার ব্যবস্থা ঃ**

বিভিন্ন শিল্প, হোটেল ও বিভিন্ন প্রতিষ্ঠানে ১৯৯৭-৯৮ সালে প্রায় দৈনিক ৪৬,০০০

লিটার সৌর জল গরম করার ব্যবস্থা স্থাপিত হয়েছে। এই সৌরতাপীয় ব্যবস্থাগুলি শুধু পরিবেশ সুরক্ষা করছে তাই নয়, এর ফলে ও তেল জাতীয় প্রচলিত জ্বালানি যথেষ্ট পরিমাণে বাঁচানো সম্ভব হচ্ছে। এই ব্যবস্থা গ্রহণের ফলে প্রতি বছর প্রায় ৮৫ লাখ ইউনিটের বেশি বৈদ্যুতিক শক্তি সাশ্রয় হচ্ছে।

চলিত আর্থিক বছরে রাজ্য সরকার এই রাজ্যে মোট ১.০ লাখ লিটার দিন ক্ষমতার সৌর জল গরম করার ব্যবস্থা স্থাপনের পরিকল্পনা করেছেন।

(২) **সৌর কুকার ঃ**

১৯৯৭-৯৮ সালে প্রায় ৫০০টি সৌর কুকার বিক্রয় করা হয়েছে। এই সৌর কুকার ব্যবস্থা উত্তরোত্তর জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত এ রাজ্যে এই ৪,০০০ সৌর কুকার স্থাপন করা সম্ভব হয়েছে। সোলার কুকার ব্যবহারের ফলে প্রতি বছর প্রায় ১,৪৩,০০০ কেজি. এল. পি. জি. সংরক্ষণ করা সম্ভবপর হবে।

(৩) **সৌর বিদ্যুৎ ঃ**

বর্তমানে দেশের মধ্যে সৌর বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি অগ্রণী রাজ্য। ইতিমধ্যে এ রাজ্যে প্রায় ২০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ কেন্দ্র চালু অবস্থায় আছে। এই বিদ্যুৎ কেন্দ্রগুলির ক্ষমতা সাধারণত কয়েক ওয়াট থেকে কয়েক কিলো ওয়াট পর্যন্ত। এই বিদ্যুৎ কেন্দ্রগুলো দুর্গম ও প্রত্যন্ত গ্রামাঞ্চলে ও প্রত্যন্ত অঞ্চলের কোনও প্রতিষ্ঠানে বসানো হয়েছে।

সৌর বিদ্যুৎ কেন্দ্র ছাড়াও এ রাজ্যে উল্লেখযোগ্য সংখ্যক সৌর গৃহ আলোক ব্যবস্থা, সৌর লণ্ঠন, সৌর রাস্তার আলোক ব্যবস্থা স্থাপন করা হয়েছে।

ইতিমধ্যেই ৩,০০০-এরও বেশি সংখ্যক সৌর গৃহ আলোক ব্যবস্থা স্থাপন করা হয়েছে এবং এই ব্যবস্থার উপকৃতরা সাধারণত গ্রামাঞ্চলের মানুষ। দঃ ২৪-পরগনা জেলা, উঃ ২৪-পরগনা জেলা, মেদিনীপুর জেলা, হাওড়া ও হুগলি জেলার একটি অংশ এবং জলপাইগুড়ি জেলার উল্লেখযোগ্য সংখ্যক মানুষ বর্তমানে সৌর গৃহ আলোক ব্যবস্থা ব্যবহার করছেন, বর্তমানে এই রাজ্যে ৩০০ কিলোওয়াট ক্ষমতারও বেশি পরিমাণ সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপিত হয়েছে।

(৪) **সুন্দরবনে সৌর বিদ্যুৎ শক্তি কার্যক্রম ঃ**

উচ্চ ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ শক্তি কেন্দ্র স্থাপন করার ক্ষেত্রে সুন্দরবনকে চিহ্নিত করা হয়েছে। সুন্দরবনের বেশ কিছু সংখ্যক প্রতিষ্ঠান এখন প্রতিদিন সৌর বিদ্যুৎ

ব্যবহার করছেন। সুন্দরবনের সাগরদ্বীপকে 'শক্তির দ্বীপ' হিসাবে ঘোষণা করা হয়েছে। সাগরদ্বীপে একশত-র মতো পরিবার এখন নিয়মিত সৌর বিদ্যুৎ শক্তি ব্যবহার করছেন। সাগরদ্বীপে কমলপুরি গ্রামে ২৬ কিলোওয়াটের একটি সৌর বিদ্যুৎ কেন্দ্র সাফল্যের সঙ্গে চালু রয়েছে। সাগরদ্বীপের আরও একটি গ্রাম মৃতুন জননগরেও ২৬ কিলোওয়াটের সৌর বিদ্যুৎ প্রকল্প প্রায় সমাপ্তির মুখে। এই সাফল্যের জন্য ওয়েবেরেডা ভারত সরকারের অপ্রচলিত শক্তির উৎস বিভাগ এবং 'ইন্ডিয়ান রিনিউবেল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি'-র সহায়তায় ২৫ কিলোওয়াট সৌর বিদ্যুৎ শক্তি সম্পন্ন তিনটি নতুন প্রকল্প সাগরদ্বীপে স্থাপন করার পরিকল্পনা করেছ। ইতিমধ্যেই গ্রামগুলি চিহ্নিত করা হয়েছে। আশা করা যায় ১৯৯৮-৯৯ সালের মধ্যে বিদ্যুৎকেন্দ্রগুলি স্থাপিত হবে। এর ফলে অতিরিক্ত ৩৫০টি পরিবার উপকৃত হবেন। এবং ভবিষ্যৎ এধরনের প্রকল্প আরও বিদ্যুৎহীন গ্রামে নেওয়া হবে।

ওয়েবরেডা স্বাস্থ্য দপ্তরের সহায়তায় সাগরদ্বীপে রুদ্রনগর হাসপাতালে আরও একটি ২০ কিলো ওয়াট ক্ষমতাসম্পন্ন প্রকল্প চলতি আর্থিক বছরে চালু করতে চলেছে।

**(৫) বনাঞ্চলে বিশেষ সৌর বিদ্যুতায়ন ঃ**

ওয়েবরেডা রাজ্য সরকারের বন দপ্তর এবং পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগমের সহায়তায় দক্ষিণ ২৪-পরগনা, বাঁকুড়া, মেদিনীপুর ও জলপাইগুড়ি জেলায় যথেষ্ট সংখ্যক সৌর গৃহ আলোক ব্যবস্থা, সৌর লণ্ঠন এবং সৌর রাস্তা আলোক ব্যবস্থা স্থাপন করেছে।

**(৬) উর্জ্জাগ্রাম প্রকল্প ঃ**

বীরভূম জেলার বনডাঙ্গা, বাঁকুড়া জেলার বনগোপালপুর ও বর্ধমান জেলার রথতলায় উর্জ্জা গ্রাম প্রকল্প স্থাপন কার হয়েছে এবং গত চার বছর ধরে সুষ্ঠুভাবে কাজ করছে। বেশিরভাগ ক্ষেত্রে উর্জ্জা গ্রাম প্রকল্পের মাধ্যমে তফসিলি উপজাতিভূক্ত মানুষেরা উপকৃত হচ্ছেন।

**(৭) সৌর সামগ্রির দোকান "আদিত্য" ঃ**

কলকাতা ও কলকাতার সন্নিকটে দুটি 'আদিত্য' সৌর সামগ্রীর দোকান সাফল্যের সাথে চলছে। এই সাফল্যের পরিপ্রেক্ষিতে ওয়েবরেডা শিলিগুড়িতে আরও একটি 'আদিত্য' সৌর সামগ্রীর দোকান ১৯৯৮ সালের মে মাসে চালু করতে চলেছে। অদূর ভবিষ্যতে আরও কিছু এই দোকান চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই আলিপুরের 'আদিত্য' দোকানটি সারা ভারতে উল্লেখযোগ্যভাবে প্রশংসিত হয়েছে।

**(৮) বিদ্যুৎ ভবনের ছাদে সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপন ঃ**

সল্টলেকের 'বিদ্যুৎ ভবনে'র ছাদে ২৫ কিলো ওয়াট গ্রিড শক্তিসম্পন্ন একটি প্রকল্প প্রায় সমাপ্তির মুখে। এই ধরনের আরও দুটি প্রকল্প সল্টলেকে 'বিকল্প শক্তি ভবন' ও ওয়েবরেডার অফিস ভবনের ছাদে শীঘ্রই স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

**(৯) কর্মসংস্থানের উদ্দেশ্যে প্রশিক্ষণ কর্মসূচি ঃ**

পুনর্নবীকরণ শক্তি ব্যবহারের ক্ষেত্রে সচেতনতা ও দক্ষতা বাড়াতে ওয়েবরেডা ব্যাপক সংখ্যায় কর্মসংস্থানের প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করেছ। ইতিমধ্যে প্রায় ১৫০ জন এই ধরনের প্রশিক্ষণ প্রাপ্ত যুবক-যুবতীরা এই রাজ্যে কাজ করছেন।

**(১০) গোসাবা বয়োমাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র (৫০০ কিলোওয়াট) ঃ**

দেশের সর্ববৃহৎ বায়োমাস গ্যাসফায়ার প্ল্যান্ট সুন্দরবনের গোসাবা দ্বীপে গত এক বছর ধরে চালু রয়েছে। এই প্ল্যান্টটি গোসাবা ও তার নিকটবর্তী দ্বীপে প্রায় ৪০০ পরিবার ও দোকানকে বিদ্যুৎ সরবরাহ করছে। এই বিদ্যুৎ কেন্দ্রটি পরিচালনার জন্য ওয়েবরেডার উদ্যোগে ইতিমধ্যে একটি গ্রামীণ শক্তি উন্নয়ন সমবায় সমিতি তৈরি হয়েছে। চলতি আর্থিক বছরে এই বিদ্যুৎ সরবরাহের লাইন বাড়িয়ে আরামপুর ও রাঙাবেলিয়া মৌজা পর্যন্ত নিয়ে যাওয়া হবে এবং তার ফলে প্রায় এক হাজার (১,০০০) পরিবার বিদ্যুৎ সরবরাহ দ্বারা উপকৃত হবেন।

**(১১) মাইক্রো হাইডেল প্ল্যান্ট ঃ**

দার্জিলিং জেলায় সোনাদার কাছে রংমুখ সিডার্স চা বাগানে একটি ৫০০ কিলো ওয়াট ক্ষমতার মাইক্রো হাইডেল প্ল্যান্ট বসানো হয়েছে এবং তা সাফল্যের সঙ্গে চলছে। এছাড়াও ওয়েবরেডা দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে আরও তিনটি ১০ কিলো ওয়াট ক্ষমতার বহনযোগ্য মাইক্রো হাইডেল প্ল্যান্ট বসিয়েছে নিম্নোক্ত জায়গায় ঃ

(ক) কোলখোলা, সোনাদা

(খ) কালবংখোলা, কালিম্পং

(গ) পারেনখোলা, কালিম্পং

উপরোক্ত প্ল্যান্টগুলিতে উৎপন্ন বিদ্যুৎ নিকটবর্তী গ্রামগুলিতে বিদ্যুৎ সরবরাহ করছে। দার্জিলিং-এর পার্বত্য এলাকায় আরও কিছু বহনযোগ্য মাইক্রো হাইডেল প্ল্যান্ট বসানোর কাজ চলছে। ওয়েবরেডা রাজ্য বিদ্যুৎ পর্যদের সহায়তায় ৩ মেগাওয়াটের আরও একটি

ছোট হাইডেল প্রোজেক্ট মংপু কালিখোলায় স্থাপন করছে।

**(১২) দুর্গাদুয়ানী জোয়ার-ভাঁটা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র ঃ**

সুদরবনের দুর্গাদুয়ানী খাঁড়িতে ৩ মেগা ওয়াট শক্তিসম্পন্ন জোয়ার-ভাঁটা চালিত কেন্দ্র স্থাপনের জন্য ওয়েবরেডার একটি ডিটেলড প্রোজেক্ট রিপোর্ট তৈরির প্রস্তাব ভারত সরকার অনুমোদন করেছেন। এই ধরনের প্রকল্প দেশের মধ্যে প্রথম।

**(১৩) ফ্রেজারগঞ্জে বায়ুচালিত বিদ্যুৎ কেন্দ্র ঃ**

চলিত আর্থিক বছরে দক্ষিণ ২৪-পরগনার ২ মেগা ওয়াট ক্ষমতা সম্পন্ন প্রথম বায়ুচালিত বিদ্যুৎ প্রকল্প স্থাপিত হবে।

**(১৪) সাগরদ্বীপে বায়ু ডিজেল চালিত হাইব্রিড বিদ্যুৎ কেন্দ্র ঃ**

বর্তমানে সাগরদ্বীপে চালু ডিজেল পাওয়ার প্ল্যান্টের ডিজেল খরচ কমানোর জন্য ওয়েবরেডা বায়ু ডিজেল চালিত হাইব্রিড বিদ্যুৎ কেন্দ্র তৈরির একটি নতুন ধরনের প্রকল্পের উদ্যোগ নিয়েছেন। আশা করা যাচ্ছে প্রকল্পটি ভারত সরকার ও 'ইন্দোক্যানাডিয়ান ইনভাইরনমেন্ট ফেসিলিটিস' দ্বারা যৌথভাবে পরিচালিত হবে। প্রকল্পটি ১৯৯৯ সালে চালু হলে ঐ দ্বীপের জনসাধারণ বেশি সময় ধরে বিদ্যুৎ পাবেন।

**(১৫) শক্তি বিষয়ক শিক্ষা পার্ক ঃ**

ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের ধারে, বিজ্ঞান নগরীর উল্টো দিকে পুনর্নবীকরণ যোগ্য শক্তির জপ্রিয়করণ এবং শক্তি সংরক্ষণের উদ্দেশ্যে সরকার একটি শক্তি শিক্ষা বিষয়ক পার্ক তৈরি করছে। ইতিমধ্যেই কনস্ট্রাকশনের কাজকর্ম শুরু হয়েছে। ন্যাশনাল সায়েন্স মিউজিয়াম, কলকাতা কর্পোরেশন এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের যৌথ সহযোগিতায় ওয়েবরেডা এই পার্কটি তৈরি করছে। ন্যাশনাল কাউন্সিল অব সায়েন্স মিউজিয়ামের ল্যাবরেটারিতে মডেলগুলির কাজ চলছে।

**(১৬) ওয়েবরেডার প্রশাসনিক ভবন ঃ**

সৌরশক্তির পরোক্ষ ব্যবহারের মাধ্যমে শক্তি সাশ্রয়কারী প্রযুক্তির সাহায্যে পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থান নতুন প্রশাসনিক ভবন তৈরির পরিকল্পনা করা হয়েছে। বাড়ি তৈরির কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। ১৯৯৮-৯৯-র মধ্যে বাড়ি তৈরির গুরুত্বপূর্ণ কাজগুলি শেষ হবে। আশা করা যাচ্ছে, এই বাড়ি তৈরির মধ্য দিয়ে প্রায় ৪০ শতাংশ শক্তি সংরক্ষণ করা সম্ভব হবে।

**(১৭) জৈব গ্যাস কর্মসূচি ঃ**

ভারত সরকার ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ওয়েবরেডারের জন্য ৮,০০০ সংখ্যক পারিবারিক জৈব গ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করেছিল এবং ওয়েবরেডা এই লক্ষ্যমাত্রা পূরণ করেছিল। রাজ্য সরকার মনে করছে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে এই রাজ্যে আরও ১০,০০০টি পারিবারিক জৈব গ্যাস প্ল্যান্ট স্থাপন করবে।

এ..ড়াও ওয়েবরেডা ৩০টি প্রতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট এই রাজ্যে গত তিন বছরে স্থ ন করেছে। তার মধ্যে মুখ্য প্রতিষ্ঠানগুলি হল নিম্নরূপ—

ক) কলকাতায় ট্যাংরা কসাইখানার ২ × ৩৫ ঘন মিঃ ক্ষমতাসম্পন্ন প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট।

(খ) দক্ষিণেশ্বরের আদ্যাপীঠে ৪৫ ঘন মিঃ প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট।

(গ) পুরুলিয়ার মোহনপুর দুগ্ধকেন্দ্রে ৪৫ ঘন মিঃ প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট।

(ঘ) হাওড়ার ডনবস্কো স্কুলে ৩৫ ঘন মিঃ প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট।

(ঙ) নরেন্দ্রপুরের রামকৃষ্ণ মিশনে ৩৫ ঘন মিঃ প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট।

(চ) সাগরদ্বীপের মোনাসাতে ২০ ঘ মিঃ প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট।

১৯৯৮-৯৯ সালে ওয়েবরেডা এ ধরনের আরও ১০টি প্রাতিষ্ঠানিক জৈব গ্যাস প্ল্যান্ট স্থাপন করবে।

**(১৮) উন্নত চুলা কর্মসূচি ঃ**

পশ্চিমবঙ্গে উন্নত চুলা কর্মসূচি তিনটি বিভাগের মাধ্যমে রূপায়িত হচ্ছে—

(ক) বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তি উৎস দপ্তরের অধীন ওয়েবরেডা।

(খ) সমাজ কল্যাণ বিভাগ, পশ্চিমবঙ্গ।

(গ) খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রি কমিশন।

এখনও পর্যন্ত ১০ লক্ষেরও বেশি উন্নত চুলা সারা পশ্চিমবঙ্গে স্থাপিত হয়েছে।

১৯৯৭-৯৮ আর্থিক বছরে প্রায় ২ লক্ষ উন্নত চুলা স্থাপন করা হয়েছে যার মধ্যে ৫০,০০০ সংখ্যক স্থাপন করেছে ওয়েবরেডা।

পশ্চিমবঙ্গ সরকারের কল্যাণ দপ্তর ও খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রি কমিশনের লক্ষ্যমাত্রা ছাড়া ১৯৯৮-৯৯ সালে ওয়েবরেডা ৭৫,০০০ সংখ্যক উন্নত চুলা এই রাজ্যে স্থাপন করার পরিকল্পনা নিয়েছে।

(১৯) **শক্তি বিষয়ক শিক্ষা এবং গণচেতনা কর্মসূচি ঃ**

এই কর্মসূচি রূপায়ণের জন্য ১৯৯৮ সালের ২০শে জানুয়ারি কলকাতায় ওয়েবরেডা একটি 'পুনর্নবীকরণ শক্তি পদযাত্রা'-র আয়োজন করে। এতে বিভিন্ন জেলা ও কলকাতার স্কুলের ছাত্র-ছাত্রীরা অংশ গ্রহণ করে। এছাড়াও ওয়েবরেডা এই রাজ্যে ১৯৯৭-৯৮ সালে বিভিন্ন প্রতিষ্ঠান দ্বারা আয়োজিত ১৪টি প্রদর্শনীতে অংশ গ্রহণ করে। আশা করা যাচ্ছে আগামী আর্থিক বছরে পুনর্নবীকরণ শক্তি ব্যবস্থা সম্পর্কে জনচেতনার জন্য এরকম প্রায় ১৫টি প্রদর্শনী ও গ্রাম্য মেলার অংশ গ্রহণ করা হবে।

(২০) **গবেষণা ও উন্নয়ন কর্মসূচি ঃ**

পুনর্নবীকরণ শক্তি সংক্রান্ত ব্যাপারে ওয়েবরেডা বিভিন্ন উদ্ভাবনী ও পরীক্ষামূলক কর্মসূচি নিয়েছে। তারমধ্যে নিম্নলিখিতগুলি উল্লেখ করা যেতে পারে—

(ক) কলকাতা পোর্ট-ট্রাস্টের সহযোগিতায় বয়া আলোকিত করার জন্য সৌরশক্তির প্রয়োগ।

(খ) সৌর বিদ্যুৎ শক্তি উৎপাদন কেন্দ্রগুলিতে দূর নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ।

(গ) দিনের বেলায় ব্যাটারির সাহায্য ছাড়াই সৌর বিদ্যুৎ-এর নিয়ন্ত্রণ সংক্রান্ত উন্নয়ন।

এই কথাগুলি বলে, আমি সভাকে অনুরোধ করছি ১৯৯৮-৯৯ সালের অভিযাচন নং ৭২-র মধ্যে এক কোটি পঁয়ত্রিশ লক্ষ টাকা মঞ্জুর করা হোক।

## DEMAND No. 73

**Major Heads : 2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Village and Small Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 113,09,05,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Village and Small Industries)".

(This is inclusive of a total sum of Rs. 37,70,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Pralay Talukder on Demand No. 73 laid on the Table was taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৭৩ নং দাবির অধীনে "২৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প (সরকারি উদ্যোগসমূহ বাদে)", "৪৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্পের উপর মূলধন বিনিয়োগ (সরকারি উদ্যোগ সমূহ বাদে)", ৬৮৫১ গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পসমূহের জন্য ঋণ (সরকারি উদ্যোগ সমূহ বাদে) (গ্রামীণ ও ক্ষুদ্র শিল্প) এই মুখ্য খাতগুলির ব্যয় নির্বাহের বাবদ ১৯৯৮-৯৯ সালে ১১৩ কোটি ৯ লক্ষ ৫ হাজার টাকা মঞ্জুর করা হোক। [ইতিপূর্বে ভোট-অন অ্যাকাউন্টে যে ৩৭ কোটি ৭০ লক্ষ টাকার দাবি পেশ করা হয়েছে, ঐ অর্থাঙ্কের মধ্যে তা ধরে নেওয়া হয়েছে।]

২. প্রতি কর্মসূচি বাবদ বরাদ্দের বিস্তারিত বিবরণ ১৩ নং বাজেট প্রকাশন "ডিটেল্ড ডিমান্ডস ফর গ্রান্টস ফর ১৯৯৮-৯৯" পুস্তিকায় ১৭ পৃষ্ঠা থেকে ৯৬ পৃষ্ঠায় পাওয়া যাবে।

৩. এই রাজ্যের বহুসংখ্যক মানুষের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পরিপ্রেক্ষিতে কুটির ও ক্ষুদ্র শিল্পের গুরুত্ব সম্পর্কে মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন। এই বিষয়টি বিবেচনা করে কুটির ও ক্ষুদ্র শিল্প, হস্তচালিত তাঁত ও বস্ত্র এবং রেশম গুটির চাষের উন্নয়নের উপর বহুলপরিমাণে গুরুত্ব আরোপ করা হয়েছে। এই তিনটি প্রধান সেক্টরের অধীনে আমার বিভাগ বিভিন্ন প্রকল্প রূপায়ণ করে চলেছে। যে সব গুরুত্বপূর্ণ প্রকল্প চালু রয়েছে এবং ১৯৯৮-৯৯ সালে যে সব নতুন কর্মসূচি গ্রহণ করা হবে, সেগুলি পরবর্তী অনুচ্ছেদগুলিতে তুলে ধরা হচ্ছে।

৪. ১৯৯৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ১১.৪৩৩টি নতুন ক্ষুদ্র শিল্প সংস্থা পঞ্জিভূক্ত করা হয়েছে, যাতে ৬৫.১৫৪ জন মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। যদি আর্থিক সংস্থাগুলি তাদের সাহায্যের হাত সম্প্রসারিত করে তবে ১৯৯৭-৯৮ সালে প্রধান মন্ত্রীর রোজগার যোজনায় ২,৩০০টি প্রস্তাব রূপায়িত করা যাবে, যা থেকে প্রায় ৬৯,০০০ লোকের কর্মসংস্থান হবে। কিন্তু পরিতাপের বিষয় যে প্রস্তাব অনুমোদনের সম্পর্কে ব্যাঙ্ক ও আর্থিক সংস্থাসমূহ প্রায় উদাসীন। উদাহরণ হিসেবে বলা যেতে পারে যে ১৯৯৬-৯৭ সালে ২২,৯০০টি প্রস্তাব বাছাই করে ব্যাঙ্কগুলির কাছে মঞ্জুরির জন্য পাঠানো হয়েছিল যার মধ্যে ১৫৪০.১৭ লক্ষ টাকা বিজড়িত শুধুমাত্র ৩৩৯২টি প্রস্তাবে অর্থ প্রদান করেছে। ১৯৯৭-৯৮ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত প্রস্তাব বাছাই করে অনুমোদনের জন্য পাঠানো ২০.৫৫১টি প্রস্তাবের মধ্যে ব্যাঙ্কগুলি মাত্র ৯০১টি প্রস্তাবে, যার আর্থিক মূল্য ৩৫১.৪১ লক্ষ টাকা, অর্থ প্রদান করেছে।

৫. ক্ষুদ্রশিল্পে বিনিয়োগের ঊর্ধ্ব-সীমা ৬০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৩০০ লক্ষ টাকা করা হয়েছে। ফলে ক্ষুদ্র শিল্প ইউনিটের সংখ্যা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পাবে এবং এইভাবে পরিকাঠামো ও উন্নয়নের সুযোগের ব্যবস্থা করার নিমিত্ত এই দপ্তরের আরও বেশি অর্থের প্রয়োজন হবে।

৬. ক্ষুদ্র শিল্প-জাত দ্রব্য বিপণনের রাস্তা তৈরি ও সম্প্রসারণের জন্য বিভিন্ন সরকারি দপ্তর, অধিকার, সংস্থাগুলি এবং জিলা পরিষদ, পঞ্জিভুক্ত হস্ততাঁত ও ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির তৈরি জিনস প্রচুর পরিমাণে ক্রয় করছে। তাছাড়া, "কমনব্র্যান্ড" অর্থাৎ 'ওয়েবসি'-র অধীনে বিপণন" এর প্রবর্তন করা হয়েছে, যাতে 'ড্রাই সেল,' 'ডিটারজেন্ট পাউডার' এবং 'জি. এল. এস ল্যাম্পে'-র মতো ক্ষুদ্র-শিল্পের তৈরি জিনিস গণবন্টন ব্যবস্থা ও অন্যান্য মাধ্যমে বিপণন করা হচ্ছে। এই ব্র্যান্ডের বিজ্ঞাপনও এসব বিপণনে সহায়ক হয়েছে। গুণমান বজায় রাখার জন্য ই. টি. ডি. সি. নিয়মিত পরীক্ষার ব্যবস্থা করেছে। বর্তমানে গড় বার্ষিক 'টার্নওভার' ৬.৩০ কোটি টাকার কাছাকাছি।

৭. ক্ষুদ্রশিল্প জাত দ্রব্যের রপ্তানি বৃদ্ধি কল্পে, ক্ষুদ্র-শিল্পোদ্যোক্তাদের খবরাখবর ও পরামর্শ দিয়ে তাদের তৈরি জিনিস রপ্তানি করতে সাহায্য করার উদ্দেশ্যে একটি রাজ্য "এক্সপোর্ট প্রমোশন বোর্ড' কাজ করছে। 'ট্রেড এনকোয়ারি ও অন্যান্য সংশ্লিষ্ট খবরাখবর ব্যাপ্ত করা ছাড়াও, এই পর্যদ রপ্তানি বিপণন সম্পর্কে প্রশিক্ষণ কর্মসূচিও পরিচালনা করছে। পর্যদ দুটি বৈদেশিক ,মেলায় অংশগ্রহণ করেছে, একটি দুবাইতে ও অন্যটি ইয়াঙ্গনে। যে সব ক্ষুদ্র শিল্প সংস্থা এই মেলাগুলিতে অংশ গ্রহণ করেছে, তারা যথেষ্ট পরিমাণে লাভবান হয়েছে এবং বৈদেশিক ক্রেতাদের কাছ থেকে বরাত পাচ্ছে। বাংলাদেশ এবং এই দেশের মধ্যে দ্বি-পাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য দুটি প্রতিনিধি দল বাছাই কর

বাংলাদেশে পাঠানো হয়েছিল, একটি 'আই. সি. এস. এ' থেকে ও অপরটি 'ফসমি' থেকে। এ পর্যন্ত ১৮৪২ জন বৈদেশিক ক্রেতাকে সনাক্ত করা হয়েছে। মোট ১১১ জন অংশগ্রাহককে নিয়ে রপ্তানি অবগতি/কার্য-প্রণালী/বিপণন সম্পর্কে তিনটি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা হয়েছিল। ১৯৯৭ সালের ডিসেম্বর মাসে রপ্তানি সম্ভাবনাসূচক জিনিস পত্রাদি, বৈদেশিক ক্রেতা ও রপ্তানিকারক, কূটনৈতিক মিশন, বাণিজ্য-প্রতিনিধি ও বিশেষজ্ঞ সংস্থাগুলির তালিকাদির বিস্তৃত খবরাখবর দিয়ে একটি 'এস. ই. পি. বি. বুলেটিন' প্রকাশ করা হয়েছে।

৮. এই দপ্তর সিদ্ধান্ত নিয়েছে যে সব ক্ষুদ্র-শিল্প ইউনিট শিল্প স্থাপনে ইচ্ছুক তাদের "গ্রোথ সেন্টার" স্থাপনের মাধ্যমে সব রকম পরিকাঠামোগত সুযোগ-সুবিধা দেওয়া যেতে পারে। ৩২টি শিল্প ও বাণিজ্য তালুক স্থাপন করা হয়েছে যাতে প্রায় ১,৮০০ উদ্যোক্তারা স্থান পেয়েছেন।

৯. মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে আমার দপ্তর মোট ১২.১০ কোটি টাকা খরচে মেসার্স বেঙ্গল পটারিজ (ইন লিকুইডেশন)'-এর ট্যাংরা রোড, পাগলাডাঙ্গা রোড এবং তারাতলা রোডে অবস্থিত গৃহ ও সংলগ্ন জমি, যার মোট আয়তন ১০৭৩ কাঠা, তা অধিগ্রহণ করেছে। এই ১০৭৩ কাঠা থেকে ৬৭৪ কাঠা পরিমাণ জমি দূষণমুক্ত ক্ষুদ্র শিল্প ইউনিটসমূহের মধ্যে বন্টনের জন্য তৈরি রয়েছে। এর থেকে বেকার যুবকদের বিরাট কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সঙ্গে সঙ্গে শিল্পোদ্যোক্তাদের নিজ নিজ ক্ষেত্রে শিল্পোন্নয়নেরও যথেষ্ট সুযোগ হবে।

১০. বীরভূম জেলার চিণামাটির সমৃদ্ধ ভান্ডারের সদ্ব্যবহারের উদ্দেশ্যে এই দপ্তরের অধীনে একটি সংস্থা, পশ্চিমবঙ্গ প্রোজেক্টস লিঃ, চিনা মাটি উৎপাদনে নিয়োজিত রয়েছে। ১৯৯৮ সালের জানুয়ারি পর্যন্ত, ৬৬২৯.১১৯ (মেট্রিক টন চিনা মাটি, যার মূল্য ৪৬.৬৩ লক্ষ টাকা, উৎপাদিত হয়েছে, অপরপক্ষে ৮৮.৫৯ লক্ষ টাকা মূল্যে ৬৬৫৪ মেট্রিক টন চিনা মাটি বিক্রি করা গিয়েছে। এর ফলে বীরভূম জেলার চরম অনগ্রসর এলাকায় প্রায় ৩০০ পরিবারের কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হয়েছে। গুণমাণ সম্পর্কে সচেতন শিল্প সমূহের "ওয়াশড চায়না ক্লে"-র ক্রম বর্দ্ধমান চাহিদার কথা মনে রেখে ১৯৯৮-৯৯ সালে "ওয়াশড চায়না ক্লে" উৎপাদনের প্রচেষ্টা করা হবে।

১১. গ্রামীণ শিল্পীদের সাহায্য করার উদ্দেশ্যে, গ্রাম-ভিত্তিক বিভিন্ন শিল্প প্রতিষ্ঠার জন্য, যোগ্য শিল্পীদের পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্যদের মাধ্যমে ঋণের ব্যবস্থা করা হয়ে আসছে। আশা করা যায় যে গ্রামীণ এলাকায় ২০,০০০ কর্মসংস্থানের সুযোগ হবে।

১২. আশা করা যায় যে, ১৯৯৭-৯৮ সালে ১০,০০০টি জৈব গ্যাস প্ল্যান্ট স্থাপিত হবে, যাতে ১,০০০ লোকের কর্মসংস্থানের সুযোগ হবে।

১৩. কুটির ও ক্ষুদ্র শিল্পাধিকার আমার দপ্তরে সরাসরি অধীনস্থ ই. টি. ডি. সি.-র প্রায়োগিক সহায়তায় ২ নং চার্চ লেনে কম্পিউটার প্রশিক্ষণ সম্প্রতি চালু করেছে। তাছাড়া, ই. টি. ডি. সি. তাদের বরানগরের 'প্রেমিসেসে' কম্পিউটার এবং ইলেক্ট্রনিকসের বিভিন্ন প্রশিক্ষণসূচি পরিচালনা করে থাকে।

১৪. মূর্লু ও পাঁচমুড়ায় মৃৎশিল্পীদের জন্য আধুনিক যন্ত্রপাতি সমন্বিত "কমস সার্ভিস ফেসিলিটি সেন্টার" স্থাপন করা হয়েছে। এই কেন্দ্র শিল্পীদের উন্নত মানের "টেবল ওয়ার", মাটির বাসন-কোসন ও অন্যান্য জিনিস তৈরি করতে সহায়তা দেয়। সি. এস. ই. আর. আই., দুর্গাপুর, বাঁকুড়ার বড়জোড়ায় বড়শি প্রকল্পে তাদের সমুদায় প্রযুক্তি হস্তান্তর করেছে। এই প্রকল্পের আওতায় ৩০০ জন শিল্পীকে আনা হয়েছে।

১৫. বেকার যুবকদের শিল্প প্রতিষ্ঠায় সঞ্চালিত করার জন্য উদ্যোক্তা-বিকাশ কর্মসূচির মাধ্যমে রামকৃষ্ণ মিশনের মতো বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান এবং ওয়েবকন, এস. আই., ই. টি. ডি. সি. এস. বি. আই. ইত্যাদির মতো নানা কারিগরি ও আর্থিক সংগঠনের সহযোগিতায় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ১৯৯৭-৯৮ সালে এই প্রকল্পের অধীনে ৪৯৮ জন যুবককে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

১৬. গ্রামীণ বেকার যুবকদের মধ্যে প্রেণা সঞ্চারের জন্য ব্লক-স্তরে পঞ্চায়েত সমিতিগুলির সক্রিয় অংশ গ্রহণে, জেলা শিল্প কেন্দ্রসমূহ, "অ্যাওয়ারনেস ক্যাম্প" সংগঠিত করে থাকে। এই ধরনের 'ক্যাম্প' 'ইঞ্জিনিয়ারিং' কলেজ ও 'আই. টি. আই.'-গুলতিও সংগঠিত হয়ে থাকে।

১৭. ক্ষুদ্র-শিল্প স্থাপনে অধিক সংখ্যক শিল্পোদ্যোগীকে আকৃষ্ট করার জন্য "রাজ্য উৎসাহ বর্ধক প্রকল্প" চালু রয়েছে। তাছাড়া, গ্রামাঞ্চলে অতি ক্ষুদ্র (টাইনি) শিল্প স্থাপনের জন্য সর্বাধিক দশ হাজার টাকা পর্যন্ত নমনীয় ঋণ (সফট লোন) প্রদানকরা হয়ে থাকে।

১৮. আমার দপ্তর সহায়ক শিল্প-কর্মসূচির মাধ্যমে বৃহৎ শিল্প সংস্থাগুলির সঙ্গে ক্ষুদ্র-শিল্প সংস্থাগুলির সংযোগ স্থাপনের এক নিবিড় প্রচেষ্টা চালিয়ে আসছে। এরাজ্যে ৬৪টি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন শিল্প সংক্রান্ত কাজ কর্মে নিয়োজিত সংস্থার মধ্যে মাত্র ১৫টি সরকারি প্রতিষ্ঠান সহায়ক শিল্প গড়ে তোলার জন্য "প্ল্যান্ট লেভেল কমিটি গঠন করেছে। এখন পর্যন্ত ১৮৩টি সংস্থাকে সহায়ক শিল্পের মর্যাদা দেওয়া হয়েছে। আবার, আরও ৩৬১টি ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানকে সরকারি ক্ষেত্রের সংস্থাসমূহ তাদের বরাত যোগান দেওয়ার জন্য পঙ্ক্তিভূক্ত করেছে। এছাড়াও, মেসার্স ক্লোরাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড,

হলদিয়া, এবং মেসার্স হিন্দুস্থান লিভার লিমিটেড, হলদিয়ার মতো বেসরকারি ক্ষেত্রের উদ্যোগসমূহ তাদের বরাত যোগানের জন্য ২৭টি ক্ষুদ্র শিল্পসংস্থাকে তালিকাভুক্ত করেছে।

১৯. আমার দপ্তর বিভিন্ন পরিষেবা কেন্দ্র ও উন্নয়ন কর্মসূচির মাধ্যমে হস্ত শিল্পীদের সাহায্য করে আসছে। তাদের প্রশিক্ষণ 'ইনপুট', নকশা, আর্থিক সহায়তা এবং বিপণনের সুযোগ-সুবিধাও দেওয়া হয়। বেত ও বাঁশ, কাঠখোদাই, বাটিক, সূচিকর্ম, পাথর খোদাই ইত্যাদি রূপায়ণ যোগ্য শিল্পে, ২০০ থেকে ২৫০ জন শিল্পীকে উন্নত প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রতি বছর দক্ষতা উন্নয়ন কর্মসূচি সংগঠিত করা হয়। শিল্পীদের উন্নত নকশার যোগান দেওয়ার জন্য বিভিন্ন জেলায় কয়েকটি নকশা উন্নয়ন কর্মশালাও সংগঠিত করা হয়েছে। এইসব কর্মশালার মাধ্যমে ২০০ শিল্পীকে সহায়তা প্রদান করা হয়েছে।

২০. হস্তশিল্পজাত জিনিসে বিপনন উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে এবং শিল্পীদের নিজেদের তৈরি জিনিস সরাসরি ক্রেতাকে বিক্রয়'-এর সুযোগ করে দেওয়ার জন্য কলকাতা ময়দানে প্রতি বছর 'হস্ত-শিল্প-এক্সপো' অনুষ্ঠিত হয়ে থাকে। অনুরূপভাবে, উদ্যোক্তা শিল্পীদের বিপণন সহায়তা প্রদানের জন্য আমার দপ্তর বিভিন্ন জেলায় অনুষ্ঠিত মেলা ও প্রদর্শনীগুলিতে অংশ নেয়।

২১. প্রায় ১,০০০ শিল্পীকে, যাদের ৬৫ বছর বয়স হয়েছে, তাদের বার্ধক্য ভাতা প্রদান করা হচ্ছে।

২২. নারকেল ছোবড়া শিল্পের উন্নতি কল্পে, দক্ষিণ ২৪ পরগণা জেলার ধপ্ধপেবেড়িয়াতে একটি ও হাওড়া জেলার উলুবেড়িয়াতে অপর একটি, নারকেল ছোবড়া-তন্তু উৎপাদনের জন্য এই দুটি কেন্দ্র স্থাপন করা হয়েছে, যাতে উদ্যোক্তা এবং ক্ষুদ্র শিল্প ইউনিটগুলিকে এই তন্তু সরবরাহ করা যায় এবং তারা বিভিন্ন ধরনের নারকেল ছোবড়াজাত জিনিস তৈরি করতে পারে। এই দুটি কেন্দ্রে বেকার যুবকদের ব্রাশ ম্যাট, চেইন ম্যাট ইত্যাদি উৎপাদনের জন্য প্রশিক্ষণ দেওয়া হয়। কয়ার সেক্টরে মহিলা শিল্পীদের কয়ার সমবায় গঠনে উৎসাহিত করা হয়েছে এবং হাওড়া জেলায় সি. এ. ডি. সি. নারী মঙ্গল কয়ার কো-অপারেটিভ নামে ৬০ জন মহিলাকে নিয়ে একটি সমবায় গঠন করা হয়েছে। তাছাড়া, আশা করা যায় শীঘ্রই তিনটি সমবায় সমিতি গঠিত হবে।

২৩. লাক্ষা চাষ ও বীজ লাক্ষা উৎপাদনের জন্য পুরুলিয়া, বাঁকুড়া, মালদহ, মুর্শিদাবাদ এবং মেদিনীপুর জেলায় ২৩টি রাজ্য বীজ লাক্ষা জাত (ফার্ম) চালু আছে। দরিদ্র চাষীদের বিনামূল্যে বীজ লাক্ষা বন্টন করা হয়। প্রতি বছর ৬০ জন শিল্পীকে লাক্ষার বালা, খেলনা ইত্যাদি উৎপাদনের বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রায় ৮০,০০০ পরিবার, যাদের বেশির ভাগই তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত, এই কর্মসূচির অধীনে জীবিকার সংস্থান করছে।

২৪. প্রায় ১৯,২০০ ক্ষুদ্র-শিল্প সংস্থা চামড়া ও চামড়া-জাত দ্রব্যের উৎপাদনে নিয়োজিত রয়েছে এবং ২.১০ লক্ষ লোক এই সেক্টরে নিযুক্ত আছে। সেস্রু, পি. এম. আর. ওয়াই, ইত্যাদি প্রকল্পের নানাবিধ আর্থিক সহায়তার সুযোগ নিয়ে শিক্ষিত বেকার যুবকদের চামড়াজাত দ্রব্য উৎপাদনের জন্য অতি ক্ষুদ্র (টাইনি) শিল্প সংস্থাপনে উৎসাহিত করার প্রচেষ্টা করা হয়েছে। গ্রামাঞ্চলে ঐতিহ্যবাহী শিল্পীদের W.B.K.V.I.B., IRDP. B.S.A.I. Act ইত্যাদির নানা প্রকল্পের অধীনে চামড়ার চালু কাজ-কর্মের সম্প্রসারণ এবং নতুন শিল্প স্থাপনে সহায়তা দেওয়া হচ্ছে।

২৫. মাননীয় সদস্যবৃন্দ একথা জেনে আনন্দিত হবেন যে চামড়া জাত দ্রব্য রপ্তানির ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা অর্জনে এই রাজ্য সর্বোচ্চ স্থান অধিকার করেছে। এ রাজ্যের ক্ষুদ্র শিল্প সেক্টরের অধীনে, চামড়া-জাত দ্রব্য তৈরির সংস্থাগুলি তৈরি জিনিসের গুণমাণ এবং উৎপাদনের জন্য বিদেশের বাজারে বেশ সুখ্যাতি অর্জন করেছে, কারণ ভারতের মোট চামড়াজাত দ্রব্য রপ্তানির প্রায় ৭০ ভাগ এরাই যোগান দেয়।

২৬. সি. এফ. টি. সি. বজ বজ, বেকার যুবকদের জুতা তৈরির প্রশিক্ষণ দিয়ে আসছে। প্রশিক্ষণ শেষে এই সব যুবকেরা কলকাতা এবং অন্যান্য রাজ্যেরও জুতা তৈরির ইউনিটগুলিতে কাজ যোগাড় করার সুযোগ পাচ্ছে।

২৭. 'সিরামিক' এর জিনসি পত্র বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে, ঢাকুরিয়ার দক্ষিণাপণে শীঘ্রই একটি নতুন "বিপণন কেন্দ্র" খোলা হচ্ছে।

২৮. শিল্পবার্তা প্রিন্টিং প্রেস লিঃ বিভিন্ন সরকারি দপ্তর, সরকারি প্রতিষ্ঠান, স্থানীয় সংস্থা, পৌর-প্রতিষ্ঠান, জেলা পরিষদ ইত্যাদির ফর্ম, রেজিস্টার, বিল ইত্যাদি ছাপাই'-এর কাজ কর্ম চালিয়ে যাচ্ছে। বিভিন্ন নির্বাচনের ব্যালট পেপার, প্রিসাইডিং অফিসারদের ডায়রি ইত্যাদি ছাপাই'-এর বিশেষ বিশেষ সময়ের কাজও এই ছাপাখানা কৃতিত্বের সঙ্গে করে যেতে সক্ষম হচ্ছে। উপরোক্ত ছাপাখানা শুরু থেকেই লাভ করছে।

২৯. গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে কর্মসংস্থান সম্ভাবনার দিক থেকে কৃষির পরেই হস্ত-চালিত তাঁত শিল্প এককভাবে সর্ববৃহৎ সেক্টর। এ রাজ্যে প্রায় ৩৫০৯৯৪টি তাঁত রয়েছে, যাতে পূর্ণ বা আংশিক সময়ের কাজে ৬,৬৬,৫১৪ জন হস্ত তাঁত বয়ন শিল্পী এবং প্রাথমিক প্রস্তুতির কাজে নিয়োজিত আছে।

৩০. হস্ততাঁত বয়ন শিল্পীদের সমবায়ের আওতার অধীনে সংগঠিত করা এবং আর্থিক, কারিগরি ও বিপনন সহায়তা দেওয়ার উপর জোর দেওয়া হয়েছে। ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ১,৫১,৭৯৩টি তাঁত সমবায়ের আওতায় আনা হয়েছে। '৯৮ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ৭৭টি তাঁত বিহীন বয়ন শিল্পীদের নিয়ে গঠিত সমবায় সহ

১৯৩৩টি প্রাথমিক হস্ত তাঁত বয়ন শিল্পী সমবায় গঠিত হয়েছে। অন্য আরও ১,০০০ তাঁত ১৯৯৮-৯৯ সালে সমবায়ের আওতায় আনা হবে।

৩১. প্রাথমিক বয়ন-শিল্পী সমবায় সমিতি সমূহকে নিবন্ধভুক্তির পর অনুমোদিত হারে শেয়ার ক্যাপিটালে রাজ্যের অংশ গ্রহণের জন্য সহায়হা, শেয়ার ক্যাপিটাল ঋণ এবং কার্যকর মূলধন দেওয়া হচ্ছে।

৩২. "মডার্নাইজেশন অব লুমস" প্রকল্পের অধীনে হস্তুতাঁত জাত জিনিসের গুণমান উন্নয়নের উদ্দেশ্যে প্রাথমিক বয়ন-শিল্পী সমবায় সমিতিগুলিকে উন্নত তাঁত ও সরঞ্জামের যোগান দেওয়ার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়। তাঁত বিহীন বয়ন শিল্পীদের যৌথ কর্মশালা ও গুদাম নির্মাণ এ রাজ্যে রূপায়িত হচ্ছে এরকম আর একটি প্রকল্প। প্রাথমিক বয়ন শিল্পী সমবায় সমিতিগুলিকেও বিপণন উন্নয়নের সাহায্য হিসেবে সহায়তা প্রদান করা হয়।

৩৩. "ন্যাবার্ডের" হস্ততাঁতে সুবিধা জনক সুদের হারে অর্থ প্রদানের সুযোগ যাতে প্রাথমিক বয়ন শিল্পী সমবায় সমিতিগুলি নিজেরা গ্রহণ করতে পারে সেই জন্য রাজ্য সরকার এই সব সমিতির কার্যকর মূলধন খাতে ঋণের সুদের উপর সাহায্য হিসেবে ত্রাণের ব্যবস্থা করেছে। রাজ্য সরকার ১৯৯৭-৯৮ সালে লগ্নিকারী ব্যাঙ্কগুলিকে ভরতুকি প্রত্যার্পণ'-এর জন্য ৪ কোটি টাকা মঞ্জুর করেছে। বয়ন শিল্পীদের দক্ষতা উন্নয়নে ও নির্ধারিত মানঁ অনুযায়ী জিনিস তৈরি করতে উৎসাহিত ও অনুপ্রাণিত করার উদ্দেশ্যে রাজ্য ও জেলা স্তরেও হস্ত-তাঁত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

৩৪. এরাজ্যের হস্ত তাঁত বয়ন শিল্পীদের কল্যাণের জন্য দুটি প্রকল্প যথা ভবিষ্যনিধি/ মিতব্যয়িতা তহবিল এবং দলবদ্ধ সঞ্চয় সংযোজিত বিমা প্রকল্প রূপায়িত হচ্ছে। তাছাড়া, হস্ত তাঁত বয়ন শিল্পীদের জন্য বার্দ্ধক্য ভাতা প্রকল্পও রূপায়িত হচ্ছে। ১৯৯৭ সালের মার্চ মাস পর্যন্ত ১৭,৪০৩ (cumulative) সংখ্যক হস্ততাঁত বয়ন শিল্পীকে [illegible] তহবিল প্রকল্পের আওতায় আনা হয়েছে। ১৯৯৮ সালে ফেব্রুয়ারি পর্যন্ত ১৫[illegible]০ (cumulative) সংখ্যক বয়ন শিল্পীকে বার্দ্ধক্য ভাতা প্রকল্প-এর অধীনে সুবিধা দেওয়া হয়েছে। বর্তমানে উপরোক্ত কল্যাণ প্রকল্পগুলি সমবায় সমিতিগুলির মাধ্যমে রূপায়িত হচ্ছে।

৩৫. ভারত সরকার জনতাবস্ত্র প্রকল্প পর্যায়ক্রমে কমিয়ে দিয়ে এখন "তাঁত উন্নয়ন কেন্দ্র প্রকল্প" এবং "উন্নত মানের ডায়িং-ইউনিট" প্রকল্প নিয়ে এগিয়ে এসেছেন। তাঁত শিল্পের কিছু মৌলিক সমস্যার বিষয় যথা, কার্যকরি মূলধন সহ ইনপুট যোগান দেওয়া, কাঁচামালের যোগান দেওয়া, নকশা উন্নয়ন, উন্নত রঞ্জকের ব্যবহার, তৈরি জিনিস বিপণন ইত্যাদির দেখভাল করার প্রতিশ্রুতি এই প্রকল্পে রয়েছে। এই প্রকল্পের শুরু থেকে

১৯৯৮ সালের জানুয়ারি পর্যন্ত ১৯০টি তাঁত উন্নয়ন কেন্দ্র এবং ৫৪টি গুণগত মানে সমৃদ্ধ রঞ্জক সংস্থা অনুমোদিত হয়েছে।

৩৬. পশ্চিমবঙ্গে সমবায় সেক্টরে ৩টি এবং সরকারি সেক্টরে ৩টি স্পিনিং মিল রয়েছে। এরমধ্যে কংসাবতী কো-অপারেটিভ স্পিনিং মিল অ্যাক্রাইলিক সুতা এবং অন্যান্য কৃত্রিম সুতা উৎপাদনের কাজে নিয়োজিত রয়েছে। অন্যান্য মিলগুলি হস্তচালিত তাঁত, শক্তি-চালিত তাঁত এবং হোসিয়ারি শিল্পের জন্য 'হ্যাঙ্ক' সুতা, 'কোনও' সুতা, পি. সি. সুতা উৎপাদনের কাজে নিয়োজিত আছে। উপরোক্ত স্পিনিং মিলগুলিতে নির্দিষ্ট মানের তুলা ন্যায্য মূল্যে সরবরাহ এবং উৎপাদিত সুতা বাজার দরে বিক্রিও সুনিশ্চিত করার জন্য সরকার একটি "কটন অ্যান্ড ইয়ার্ন মনিটারিং কমিটি গঠন করেছেন। এই কমিটির তদারকিতে উপরোক্ত মিলগুলিতে উৎপাদিত সুতা 'তন্তুজ' ও তন্তুশ্রীর মাধ্যমে বিক্রি করা হয়। ১৯৯৭-৯৮ সালের ডিসেম্বর '৯৭ পর্যন্ত 'তন্তুজ' ও 'তন্তুশ্রী' মিলে ৪৬.১৬ কোটি টাকার কাছাকাছি সুতা বিক্রি করেছে। ইহাও সিদ্ধান্ত হয়েছে যে উপরোক্ত কমিটির তদারকিতে ৫টি স্পিনিং মিলে বর্তমান মরশুমে সুতা উৎপাদনের সমুদয় তুলার "কটন কর্পোরেশন অব ইন্ডিয়া" এবং "কটন গ্রোয়ার্স কো-অপারেটিভ ফেডারেশন" থেকে ক্রয় করা হবে। আশা করা যায় যে এতে উৎপাদনের দক্ষতা বৃদ্ধি পাবে এবং এই স্পিনিং মিলগুলি নির্দিষ্ট মান বজায় রেখে সুতার অবিরাম উৎপাদন সারা বছর চালু রাখতে পারবে। এই মিলগুলির সম্প্রসারণ কর্মসূচিতে রাজ্য সরকার অর্থ প্রদান করছে।

৩৭. বর্তমানে পশ্চিমবঙ্গে ৫৪৪০টি বিদ্যুৎ-চালিত তাঁত রয়েছে। এই রাজ্যে বিদ্যুৎ চালিত তাঁত সমবায়ের মোট সংখ্যা হল ৯১টি, যার আওতায় রয়েছে ১৪৮৪টি তাঁত। রাজ্যের হস্ত তাঁত বয়নকারিদের স্বার্থ ক্ষুন্ন না করে বিদ্যুৎ চালিত তাঁত সেক্টরে নতুন নতুন শিল্প স্থাপন এবং চালু সংস্থাগুলির আধুনিকীকরণের মাধ্যমে রাজ্যের বিদ্যুৎ চালিত তাঁতে তৈরি জিনিসের বিশাল বাজার করায়ত্ত করার [illegible] বিদ্যুৎ-চালিত তাঁত সেক্টরকে উৎসাহ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই [illegible] রূপায়নের জন্য একটি সামগ্রিক "পাওয়ারলুম কমপ্লেক্স" স্থাপনের বিষয়টিও বিবেচিত হচ্ছে। কর্মিদের নিয়ে তৈরি বিদ্যুৎ চালিত তাঁত সমবায় সমিতিগুলিকে যৌথ কর্মশালা নির্মাণ ও আধুনিক তাঁত এবং সরঞ্জাম সংগ্রহের জন্য আর্থিক সহায়তা মঞ্জুর করা হয়।

৩৮. এন. ডি. সি.-র প্রকল্পের অধীনে মেয়াদি ঋণ নিয়ে অত্যাধুনিক বিদ্যুৎ-চালিত তাঁত স্থাপন করে প্রধানত রপ্তানি-যোগ্য জিনিস ঐ বিদ্যুৎ চালিত তাঁতে উৎপাদনের উদ্দেশ্যে ৩টি বিদ্যুৎ চালিত তাঁত সমবায় সমিতি নিবন্ধভুক্ত করা হয়েছে।

৩৯. কৃত্রিম সুতিবস্ত্র প্রসেসিং এর উদ্দেশ্যে একটি 'প্রসেসিং সমবায় সমিতি' গঠিত হবে আশা করা যায়, কারণ এরাজ্যে বর্তমানে এই ধরনের সুবিধা যথেষ্ট পরিমাণে নেই।

৪০. তৈরি পোশাক প্রস্তুত শিল্পের উন্নয়ন ও আধুনিকীকরণের জন্য পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগম দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত সন্তোষপুর কালীনগরে একটি তৈরি পোশাকের সামগ্রিক কমপ্লেক্স স্থাপন করতে চলেছে। এই কমপ্লেক্স শিল্পোদ্যাক্তাদের আধুনিক নতুন শিল্প স্থাপনে প্রয়োজনীয় সহায়তা দেবে বলে আশা করা যায়। এই কমপ্লেক্সটি পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগম রূপায়িত করছে। বর্তমানে রাজ্যে ৬১টি পোশাক সমবায় সমিতি রয়েছে। রাজ্যের হোসিয়ারি শিল্প প্রধানত কলকাতা ও হাওড়া অঞ্চলে সীমাবদ্ধ। বুনন প্রক্রিয়া, কাটাই ও সেলাইসহ প্রায় ২২৯১টি ইউনিট রয়েছে। বুনন, কাটাই এবং প্রক্রিয়াকরণের কাজে নিযুক্ত ১০টি কম্পোজিট ইউনিট রয়েছে।

৪১. রাজ্যে হোসিয়ারি শিল্পের উন্নয়নের জন্য ই. এম. বাইপাসের ধারে দক্ষিণ ২৪ পরগনায় ক্ষুদ্র শিল্প নিগমের সহযোগিতায় একটি হোসিয়ারি কমপ্লেক্স, যেখানে এই উদ্দেশ্যে ৩৫ একর জমি ব্যবহৃত হবে, তা স্থাপনের বিষয়টি বিবেচাধীন রয়েছে। রাজারহাট/লবণ হ্রদ এলাকায় ৩৫ কাঠা জমির উপর অন্য আর একটি হোসিয়ারি কমপ্লেক্স যা হোসিয়ারি অ্যাশোসিয়েশন দ্বারা রাজ্য সরকার প্রদেয় জমিতে স্থাপন করার প্রস্তাব রয়েছে। দেশের ও বিদেশের উভয় বাজারের প্রয়োজন মেটানোর জন্য, আধুনিক ও সূক্ষ্ম যন্ত্রপাতি সমন্বিত সংস্থা স্থাপনের প্রস্তাব করা হয়েছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গঠিত ৬টি হোসিয়ারি সমবায়, যার মধ্যে রয়েছে হাওড়ার 'সেতু' (SETU) চালু রয়েছে। প্রাপ্তব্য খবর অনুযায়ী মোটামুটি হিসাবে এরাজ্যে হোসিয়ারি-দ্রব্যের বর্তমান মোট বার্ষিক উৎপাদনের অর্থমূল্য ৩৩০ কোটি টাকা এবং বর্তমান বছরে মোটামুটি হিসাবমতো সুতার দরকার প্রায় ৩০ মিলিয়ন কিলোগ্রামের।

৪২. অন্যান্য বিষয়ের মধ্যে হস্ততাঁত ও পোশাক তৈরি শিল্পের নকশা উন্নয়ন-এ প্রয়োজনীয়তা মেটানোর জন্য "ইলেক্ট্রনিক্স টেস্ট অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার", ৪/২ বি.টি. রোড, কলকাতা-৫৬ এই ঠিকানায় রাজ্য সরকার একটি কম্পিউটার এইডেড ডিজাইন সেন্টার স্থাপন করেছে। এই কেন্দ্রটি ইতিমধ্যেই কাজ কর্ম শুরু করেছে। বর্তমানে এই সংস্থা লাভ করছে।

৪৩. "ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি"-র একটি কেন্দ্র কলকাতায় স্থাপিত হয়েছে। এই প্রতিষ্ঠান কাজ কর্ম করে চলেছে। এই সংস্থার নিজেদের বাড়ি তৈরির জন্য রাজ্য সরকার লবণ হ্রদে জমি বন্টন করেছে এবং নির্মাণ কার্য আরম্ভ হয়েছে। কারিগরদের দক্ষতা-প্রশিক্ষণ দেওয়ার জন্য কালিন্দিতে একটি প্রশিক্ষণ কেন্দ্র ইদানিং চালু হয়েছে, যা কিনা লবনহ্রদে রাজ্য সরকারের প্রত্ত জমিতে 'NIFT-ATDC-JMDC-Complex'-এ পরবর্তীকালে স্থানান্তরিত হবে।

৪৪. গুটি পোকার চাষের বিভিন্ন প্রকল্পে রূপায়ণের মাধ্যমে গ্রামীণ অধিবাসীদের বেশ কিছু সংখ্যককে সুস্থিত আয় যোগান দেওয়া রাজ্য সরকারের পক্ষে সম্ভব হয়েছে। গুটি পোকা চাষীদের বেশির বাগই হয় ক্ষুদ্র অথবা প্রান্তিক চাষী এবং তাদের মধ্যে অধিকাংশই SC/ST/OBC/Minority শ্রেণীভুক্ত। এই সেক্টর রাজ্যের অন্য যে কোনও কৃষিজাত দ্রব্যের থেকে জমিতে অনেক বেশি ফল দিয়ে আসছে।

৪৫. তুঁত-চাষ দীর্ঘদিন ধরে এ রাজ্যের গ্রামীণ অর্থনীতির সঙ্গে জড়িত রয়েছে। রেশম উৎপাদনের জন্য তুঁত চাষের জমির পরিমাণ স্থিরভাবে বৃদ্ধি পেয়েছে এবং ১৯৯৭-৯৮ সালে তুঁত জাত রেশম উৎপাদন ১,২০০ মেট্রিক টনে পৌঁছেছে।

৪৬. দীর্ঘদিন ধরে পশ্চিমদিকের জেলাগুলিতে আদিবাসীরা তসর পালন করে আসছে। তসর পোষক গাছের আবাদের পরিমাণ প্রায় ১৪,৫০০ একর। বর্তমানে তসর বীজের উৎপাদন সংগঠিত করা হয় এবং আধিবাসী পোষণকারিদের ভরতুকি দেওয়া দামের হারে দেওয়া হয়।

৪৭. জলপাইগুড়ি ও কুচবিহার জেলায় ইদানিং মুগা চাষের প্রবর্তন করা হয়েছে। "এগ্রিকালচার" জলপাইগুড়ি ও কুচবিহার জেলার সংরক্ষিত এলাকায় সাধারণভাবে সীমাবদ্ধ।

৪৮. ৩১. ১২. ৯৬ তারিখে বিশ্বব্যাঙ্ক/এস. ডি. সি. প্রকল্পের সহায়তা প্রাপ্ত জাতীয় রেশম প্রকল্পের কাজ শেষে পোষণ গৃহ, গ্রেনেজ, ককুন বাজার, ব্যক্তিগত চৌকি পোষণ কেন্দ্র 'পঞ্চায়েত স্তরে 'নিউক্লিয়াস রিয়ারিং ফার্ম'-এর মতো পরিকাঠামোগত সারিবদ্ধ সুবিধা সৃষ্টি করা গিয়েছে। ইহা বেসরকারি সংগঠন ও মহিলা গোষ্ঠীকেও সহায়তা দিয়েছে।

৪৯. সেরি-২০০ নামে বৈদেশিক ('একস্টারনাল') সাহায্য প্রাপ্ত একটি প্রকল্প ১৯৯৭-৯৮ সালে প্রবর্তন করা হয়েছে এবং ২০০১-০২ সাল পর্যন্ত চলবে। এটা ভারত সরকার, বেসরকারি ব্যক্তি মালিকানাধীন সংগঠন ও ফার্মগুলি এবং "Swiss Agency" For Development and Co-operation" এর মধ্যে রেশম চাষের উন্নয়নের জন্য সহযোগিতা-মূলক একটি কর্মসূচি। সমুদয় আর্থিক সাহায্য "গ্র্যান্ট" হিসেবে পাওয়া যাবে।

৫০. "সেরিকালচার সেক্টরের" সম্পর্কে ১৯৯৮-৯৯ সালের কর্মসূচি নিম্নে দেওয়া হল ঃ

| দফা | "এক্সটেন্সাস কভারেজ" (একর) | কাঁচা রেশমের উৎপাদন (এম. টি.) |
|---|---|---|
| ১. তুঁত | ১,৬০০ | ১,৫০০ |

| | | |
|---|---|---|
| ২. তসর | ১,৪০০ | ২০ |
| ৩. মুগা | ২৫ | — |
| ৪. এরি | — | ৭ |

এই সেক্টরে ১৯৯৮-৯৯ সালে ১৪,০০০ অতিরিক্ত কর্মস্থানের সৃষ্টি হবে আশা করা যায়।

৫১. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা কটি বলে আমি আমার ভাষণের সমাপ্তি টানছি এবং সংশ্লিষ্ট দাবির অধীনে প্রস্তাবিত ব্যয় অনুমোদনের জন্য এই সভার মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করছি।

## DEMAND No. 74

**Major Heads : 2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Inudustries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 45,66,75,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Inudustries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs. 15,22,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Mrinal Banerjee on Demand No. 74 laid on the Table was taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৪ নং দাবির অধীনে "২৮৫২—শিল্প সমূহ (বন্ধ ও রুগ্ন শিল্প সমূহ) "৪৮৫৮—ইঞ্জিনিরিং শিল্প সমূহে মূলধন বিনিযোগ (বন্ধ ও রূগ্ন শিল্প সমূহ)", "৪৮৬০—ভোগ্যপণ্য শিল্পসমূহে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রূগ্ন শিল্প সমূহ)", "৪৮৭৫—অন্যান্য শিল্পে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রূগ্ন শিল্প সমূহ) "৬৮৫৮— ইঞ্জিনিয়ারিং শিল্প সমূহকে ঋণ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)" ও '৬৮৬০—ভোগ্যপণ্য শিল্পসমূহকে ঋণ (বন্ধ ও রূগ্ন শিল্প সমূহ)"—এই মুখ্যখাতগুলির ব্যয় নির্বাহের জন্য ৪৫,৬৬,৭৫,০০০ (পঁয়তাল্লিশ কোটি ছেষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মঞ্জুর করা হউক। ইতিমধ্যে ১৫,২২,০০,০০০ (পনের কোটি বাইশ লক্ষ) টাকা উক্ত অর্থাঙ্কের মধ্যে ধরা হয়েছে।

২। মহাশয়, আমি এই প্রস্তাব উত্থাপন করে উল্লেখ করতে চাই যে, শিল্পপুনর্গঠন দপ্তরের প্রাথমিক দায়িত্ব রাজ্যের বৃহৎ ও মাঝারি শিল্পের, বন্ধ ও রুগ্ন প্রতিষ্ঠানগুলির পুনরুজ্জীবনের ক্ষেত্রে মূল সংযোগকারীর ভূমিকা পালন করা। এই ব্যাপারে আমাদের নীতির মূল লক্ষ্য কিছু সুযোগ-সুবিধাসম্বলিত নীতিপ্রস্তাবসমূহ বাস্তবায়নে সমন্বয় সাধন করে বন্ধ ও রগ্ন শিল্পকে পুনরুজ্জীবিত করা তথা পরিচালন কাঠামোকে পুনরায় শক্তিশালী করে, শিল্প সম্পদের ক্রমাগত উৎপাদনশীল ব্যবহার সুনিশ্চিত করা। আমাদের নীতি যথাযথ রূপায়ণে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে, এই দপ্তরের ওপর ন্যস্ত নিম্নলিখিত অতিরিক্ত কাজগুলি।

৩। মহাশয়, শিল্পপুনর্গঠন দপ্তরের প্রশাসনিক নিয়ন্ত্রণে মোট ১৩টি শিল্পসংস্থা রয়েছে। এগুলি হল, (১) ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি (১৯৮৪) লিঃ, (২) ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং লিঃ, (৩) নিও পাইপস অ্যান্ড টিউবস কোম্পানি লিমিটেড, (৪) কার্টার পুলার ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড, (৫) এঞ্জেল ইন্ডিয়া মেশিনস অ্যান্ড টুলস (১৯৮৭) লিঃ, (৬) আন্ডারটেকিং অব দি অ্যাপোলো জিপার কোম্পানি প্রাইভেট লিমিটেড, (৭) কৃষ্ণা সিলিকেট অ্যান্ড গ্লাস ওয়ার্কস (১৯৮৭) লিমিটেড, (৮) ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো টেক্সটাইল কর্পোরেশন লিমিটেডের দু'টি সংস্থা, যথাক্রমে (ক) ভারত জুট মিলস, এবং (খ) ইন্ডিয়া বেল্টিং অ্যান্ড কটন মিলস লিমিটেড, (৯) আন্ডারটেকিং অব লিলি বিস্কুট কোম্পানি প্রাইভেট লিমিটেড অ্যান্ড লিলি বার্লি মিলস প্রাইভেট লিমিটেড, (১০) ইন্ডিয়া পেপার পাল্প লিমিটেড, (১১) ওয়েস্ট বেঙ্গল প্লাইউড অ্যান্ড অ্যালায়েড প্রোডাকটস লিমিটেড, এবং (১২) আন্ডারটেকিং অব দি দার্জিলিং রোপওয়ে কোম্পানি লিমিটেড (বিভাগীয় সংস্থা)। এ ছাড়া, ম্যাকিনটস বার্ণ লিমিটেড নামক একটি খ্যাতিমান নির্মাণ সংস্থার প্রশাসনিক কর্তৃত্ব রাজ্য সরকারের হাতে রয়েছে, যার ৪৯ শতাংশ শেয়ারের

অংশীদার শিল্পপুনর্গঠন দপ্তর। এই সংস্থাগুলিতে প্রায় ছ'হাজার কর্মী নিযুক্ত রয়েছেন। এই শিল্পসংস্থাগুলি বিভিন্ন সমস্যায় জর্জরিত, যেমন—অপ্রচলিত প্রযুক্তি, চলতি মূলধনের অপ্রতুলতা, যথাযথ বিক্রয় পরিকাঠামোর অভাব এবং দক্ষ শ্রমিক ও প্রশাসনিক কর্মীর অভাব।

৪। মাননীয় সদস্যগণকে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, গত বছরের বাজেট ভাষণে আমি উল্লেখ করেছিলাম কিভাবে গতিশীল শিল্প-পরিবেশের বিভিন্ন প্রতিদ্বন্দ্বিতার মোকাবিলায় আমাদের নিয়ন্ত্রণাধীন শিল্পসংস্থার প্রশাসনিক স্তরে পেশাদারিত্ব আনার চেষ্টা করব। এ ব্যাপারে প্রাথমিক পরীক্ষামূলক পদক্ষেপ হিসাবে ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং লিমিটেড এবং আন্ডারটেকিং অব লিলি বিস্কুট কোম্পানি প্রাইভেট লিমিটেড সংস্থার সর্বোচ্চ প্রশাসনিক স্তরে সেইসব পেশাদার ব্যক্তিদের নিয়োগ করা হয়েছে যাদের কর্মদক্ষতা প্রমাণিত। আমাদের নিয়ন্ত্রণাধীন শিল্পসংস্থাগুলিতে কারিগরি ও প্রসাসনিক সহায়তা জোরদার করার লক্ষ্যে এবং সংস্থাগুলির ভেতর সহযোগিতা বাড়াবার উদ্দেশ্যে সংশ্লিষ্ট পরিচালন পর্ষদগুলি পেশাদার, অভিজ্ঞ সরকারি প্রশাসক এবং অন্যান্য বিশেষজ্ঞ ব্যক্তিদের নিয়ে পুনর্গঠিত হয়েছে। আমাদের সংস্থাগুলির লক্ষ্য নির্ধারিত হয়েছে বর্দ্ধিত উৎপাদনের মাধ্যমে আয়ের পথ সুগম করা এবং অপচয় কমানো যাতে ধীরে ধীরে চলতি লোকসান হ্রাস পায় এবং ফলত উপায়-উপকরণ সহায়তার জন্য সরকারের উপর নির্ভরশীলতা কমে আসে। এই লক্ষ্য পূরণের জন্য আমাদের সংস্থাগুলিতে আমরা ব্যবসায়িক পূর্বাভাস এবং নিয়মিত 'সম্পাদিত কার্য' পর্যালোচনার ব্যবস্থা চালু করেছি।

৫। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, আমাদের এই সকল প্রচেষ্টা সাফল্যের মুখ দেখতে শুরু করেছে। আমাদের সংস্থাগুলির কাজে নিশ্চিতভাবে উন্নতি সাধনের প্রবণতা দেখা দিয়েছে। ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং লিমিটেডে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে উৎপাদনসীমা ৬.৫ কোটি টাকা ছাড়িয়ে যাবার সম্ভাবনা আছে যা গত আর্থিক বছরে ছিল ৫.৩ কোটি টাকা এবং বিগত বছরগুলির নিম্নগামী উৎপাদন প্রবণতা উল্টোমুখী হ'য়ে এই আর্থিক বছরে চলতি ক্ষতির পরিমাণ কমে এসেছে! ভারত জুট মিলস, ওয়েস্ট বেঙ্গল প্লাইউড অ্যান্ড অ্যালায়েড প্রোডাক্টস লিমিটেড এবং নিও পাইপস অ্যান্ড টিউবস লিমিটেড সংস্থায় গত বছরের তুলনায় উৎপাদন ও বিক্রয়সীমার আশাব্যঞ্জক উন্নতি পরিলক্ষিত হয়েছে এবং সাথে সাথে চলতি ক্ষতির পরিমাণ কমে আসার প্রবণতাও দেখা দিয়েছে।

৬। মাননীয় সদস্যগণ, আপনারা অবগত আছেন যে, সংস্থাগুলিকে আত্মনির্ভরশীল করার যে চেষ্টা আমরা চালাচ্ছি তা কিছুটা বলিষ্ঠ আধুনিকীকরণ ও বহুমুখীকরণ কর্মসূচির সফল রূপায়ণের উপর নির্ভরশীল। এজন্য দপ্তরের আর্থিক বছরের প্ল্যান বাজেট থেকে

প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হয়। ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং লিমিটেডের ঢালাই কারখানা আধুনিকীকরণের প্রকল্পটি শুধুমাত্র ওই সংস্থার আর্থিক সক্ষমতা বাড়িয়ে তুলবে তাই নয়, উপরন্তু পরিবেশগত পরিবর্তনও সাধিত হবে। কৃষ্ণা সিলিকেট অ্যান্ড গ্লাস ওয়ার্কস লিমিটেড সংস্থায় কাচের পাত্র তৈরির একটি প্রকল্প ছাড়পত্র দিয়েছে 'স্ট্যান্ডিং অ্যাডভাইসারি কমিটি অন গভর্নমেন্ট কর্পোরেশন' যা ওই সংস্থাকে সাত বছর বাদে আবার চালু করতে আংশিক কমিটি অন গভর্নমেন্ট কর্পোরেশন' যা ওই সংস্থাকে সাত বছর বাদে আবার চালু করতে আংশিক সাহায্য করবে। ওই সংস্থার বাকি সম্পত্তির সদ্ব্যবহার করে সেরামিকের দেওয়াল টালি তৈরির আর একটি প্রকল্প 'স্ট্যান্ডিং অ্যাডভাইসারি কমিটি-র বিবেচনাধীন। এই সমস্ত গুরুত্বপূর্ণ বহুমুখীকরণ প্রকল্প সংশ্লিষ্ট সংস্থাগুলির উৎপন্ন শিল্পদ্রব্যের পরিমাণ বাড়িয়ে তুলবে এবং তাদের বর্তমান অগ্রগতিকে আরও সংহত করবে।

৭। স্বল্প হলেও, এই সমস্ত ইতিবাচক প্রবণতার দ্বারা উৎসাহিত হ'য়ে, আমরা একটা 'কার্যনিবার্হি পরিকল্পনা' হাতে নিয়েছি যার দ্বারা আমাদের অভিজ্ঞতাকে সুদৃঢ় করে আমাদের সংস্থাগুলির অগ্রগতির লক্ষ্যে নতুন দিকনির্ণয় সম্ভব হবে। অভিষ্ট লক্ষ্যে পৌঁছতে দপ্তর পুনর্বিন্যাসের একটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং তা রাজ্য মন্ত্রী পরিষদের অনুমোদনও লাভ করেছে যার দ্বারা শিল্প পুনর্গঠন দপ্তরের অধীন তেরোটির সংস্থার সবকটিকেই পুনর্নামাঙ্কিত রাষ্ট্রায়ত্ব উদ্যোগ সংস্থা (পাবলিক এন্টারপ্রাইস)-র অধীনে নিয়ে যাওয়া হবে। আমরা আশা করি এই পদক্ষেপের ফলে, এই সকল সংস্থার কাজকর্মের নির্দেশদানে নিয়মবদ্ধভাবে দৃষ্টি কেন্দ্রীভূত করা সহজ হবে এবং ফলে সংস্থাগুলির কাজকর্মে আরও উন্নতিসাধন হবে।

৮। দপ্তর পুনর্বিন্যাসের কাজগুলি যেহেতু এই বছরের শুরু থেকেই হাতে নেওয়া হবে, তাই ৭৪ নং অনুদানের অন্তর্ভূক্ত ব্যয়বরাদ্দ, যা এই তেরোটি সংস্থার পক্ষে প্রযোজ্য, তা রাষ্ট্রায়ত্ব সংস্থা দপ্তরের ৯২ নং অনুদানের অন্তর্ভূক্ত করতে হবে। এই কাজটি আধিকারিক স্তরে সঠিকভাবে সম্পন্ন হবে।

৯। আগামী আর্থিক বছরের গোড়ায়, উপরোক্ত সংস্থাগুলির দায়িত্ব রাষ্ট্রায়ত্ব উদ্যোগ দপ্তরের ওপর বর্তালে শিল্পপুনর্গঠন দপ্তর রাজ্যের বিস্তৃত শিল্প রুগ্নতার বিভিন্ন জটিল বিষয়গুলির ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালনের চেষ্টাকে কেন্দ্রীভূত করবে। শিল্প রুগ্নতা দূর করার চেষ্টা যেমন আমরা চালিয়ে যাব, তেমনি আমরা একটি ব্যপকতর বিষয়সূচি তৈরি করার ওপর গুরুত্ব আরোপ করব যাতে শিল্প রুগ্নতার বিভিন্ন দিকগুলি সুষ্ঠুভাবে খতিয়ে দেখে, শিল্পের পুনরুজ্জীবনের জন্য প্রয়োজনীয় হস্তক্ষেপের ব্যাপারে সরকারকে পরামর্শ দেওয়া যায়।

১০। মহাশয়, ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ ত্রাণ উদ্যোগ (বিশেষ বিধানাবলী) আইনের

ধারানুসারে বিভিন্ন রুগ্ন শিল্পসংস্থাকে সুরক্ষিত করার প্রয়াসে এবং ফলত এই সংস্থাগুলিকে পুনরুজ্জীবিত করার উদ্দেশ্যে রাজ্য সরকার প্রয়োজনীয় সহায়তা প্রদান করছেন। ১৯৯৭-৯৮ সালে, এরকম ২৫টি রুগ্ন শিল্পসংস্থা নিজেদের পুনরুজ্জীবিত করতে পেরেছে এবং ২৮,৪৫৪ শ্রমিকের কর্মসংস্থানের নিরাপত্তা সুনিশ্চিত করতে পেরেছে। যে সমস্ত শিল্পসংস্থা এই আইনের সহায়তা নিয়ে পরিমাপযোগ্য পুনরুজ্জীবন লাভ করেছে, তাদের ক্ষেত্রে এই সহায়তাদান আরও গুরুত্ব দিয়ে প্রসারিত করা হবে।

১১। এই রাজ্যের রুগ্ন শিল্পসংস্থাগুলিকে পুনরায় সচল করার জন্য শিল্প ও আর্থিক পুনর্গঠন পর্যদ অনুমোদিত প্রকল্প যথাযথ রূপায়ণের ব্যাপারে শিল্পপুনর্গঠন দপ্তর মূল সংযোগকারীর ভূমিকা পালন করে। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই যে, এই পর্যন্ত কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ব সংস্থাসহ মোট ১৮৯টি শিল্পসংস্থার ব্যাপারে শিল্প ও আর্থিক পুনর্গঠন পর্যদের সাথে আলাপ-আলোচনা চালিয়ে, ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত ওই পুনর্গঠন পর্যদ অনুমোদিত প্রকল্পের আওতাভুক্ত এরকম ৩৪টি শিল্পসংস্থার ক্ষেত্রে পাওনা বিক্রয়কর রেহাই-এর সুযোগ প্রদান করা হয়েছে। পুনরুজ্জীবন প্রকল্প রূপায়ণের স্তরে বেশি করে যুক্ত হওয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করে পুনর্গঠন পর্যদ বা বি. আই. এফ. আরের সাথে আলাপ-আলোচনা আমরা চালিয়ে যাব এবং বি. আই. এফ. আরের অনুমোদনের পরবর্তী পর্বে প্রকল্পগুলি রূপায়ণের ওপর নজরদারি জোরদার করব।

১২। মহাশয়, বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবনের জন্য, সরকারি উৎসাহ প্রকল্পের অন্তর্ভুক্ত বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে এই দপ্তর সমন্বয়কারীর ভূমিকা পালন করে। ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত, ২৫টি রুগ্ন শিল্পকে পশ্চিমবঙ্গ উৎসাহ প্রকল, ১৯৯৩-এর অন্তর্ভুক্ত বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে।

১২। মাননীয় সদস্যগণ, জেনে খুশি হবেন যে, সিকা আইন, ১৯৮৫ ওয়েস্ট বেঙ্গল রিলিফ আন্ডারটেকিং (স্পেশ্যাল প্রভিসনস) অ্যাক্ট ১৯৭২ এবং ওয়েস্ট বেঙ্গল ইনসেন্টিভ স্কীম, ১৯৯৩ অনুসারে রুগ্ন শিল্পগুলিতে রুটিনমাফিক প্রতিক্রিয়াস্বরূপ পদক্ষেপের বদলে, এই দপ্তর এখন থেকে আরও ব্যাপকতর কর্মসূচি হাতে নেওয়ায়, মধ্যবর্তী সংশোধনী সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেবে যাতে রুগ্ন শিল্পসংস্থাগুলি দীর্ঘমেয়াদি সক্ষমতা অর্জন করতে পারে। বিভিন্ন উৎসাহ প্রকল্পগুলিকেও আমরা যাচাই করে দেখব এবং এগুলির সংশোধন তথা পরিমার্জনের ব্যাপারে সরকারকে পরামর্শ দেব। অতীতের বিভিন্ন অনুমোদিত পুনরুজ্জীবন প্রকল্প অনুযায়ী বন্টিত বিভিন্ন সরকারি ঋণ যেমন স্বল্পসুদযুক্ত বিক্রয়কর ঋণ ইত্যাদি আদায়ের জন্য নিয়মিত তাগাদা চলতে থাকবে।

১৪। বৃহৎ ও মাঝারি শিল্পক্ষেত্রে বন্ধ ও রুগ্ন প্রতিষ্ঠানগুলির পুনরুজ্জীবনের জন্য আইনের ভিত্তিতে বিশেষ করে সিক ইন্ডাস্ট্রিয়াল কোম্পানিজ অ্যাক্ট, ১৯৮৫ ধারা অনুসারে

অনুশো..

পনরুজ্জীব
দপ্তর তার সমন্বয়কারী। ভূ... প্রচেষ্টাকে আরও ফলপ্রসু করে তোলার জন্য শিল্পপুনর্গঠন ১৯৯৭ চালু হলে, যা সংসদের বিবেচনাধীন বল্লিষ্ঠ করবে। উপরন্তু সিকা সংশোধনী বি, তার পঞ্চাশ শতাংশ বা বা তার বেশি শুদ্ধমূল্য (নেটওয়ার্থ) ক্ষয় ও রুগ্ন শিল্পসংস্থাকে দায়সমূহ পরিশোধে ব্যর্থতার কারণে বি. আই. এফ. আরের আওতায় এলে, এই দপ্তরের কাজের পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পাবে। রাজ্যের যে সমস্ত রুগ্ন শিল্প প্রতিষ্ঠানগুলিকে বি. আই. এফ. আরের আওতায় আনা হয়নি বিশেষ করে যে সব ক্ষেত্রে রুগ্নতা সবেমাত্র দেখা দিয়েছে, সে সব ক্ষেত্রে, যা এতদিন ছিল অবিচারিত, মুখ্য পদক্ষেপগুলি পরিকল্পনা ও রচনা করার ব্যাপারে আমাদের দক্ষতাকে কাজে লাগাব বলে মনস্থির করেছি। তাছাড়া, বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থার অধীনস্থ জমি বিক্রির ব্যাপারে এই দপ্তরকে সরকারিভাবে যে মুখ্য দায়িত্ব দেওয়া হয়েছে তার ফলে বন্ধ ও রুগ্ন শিল্প পুনরুজ্জীবনের কাজে একটি নতুন মাত্রা যোগ হবে। উপরন্তু, পুনরুজ্জীবন ও পুনর্বাসন প্রকল্প রূপায়ণ করতে গিয়ে সক্ষম সহযোগিতার সুযোগগুলি সম্বন্ধে ওয়াকিবহাল হবার কারণে, কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের সাথে পরামর্শক্রমে ক্ষুদ্র শিল্পক্ষেত্রের কিছু বাছাই করা সংস্থার পুনরুজ্জীবনের ভার ন্যস্ত হয়েছে আমাদের ওপর। এই সমস্ত কারণে আমরা পাব একটি পরিকাঠামো যার ভেতরে আমরা আমাদের পদক্ষেপগুলি রচনা করে এই দপ্তরের ওপর ন্যস্ত মুখ্য ভূমিকা আরও কার্যকরভাবে পালন করতে পারব।

১৫। মাননীয় সদস্যগণ, অনুধাবন করবেন যে, এই দপ্তরের পরিকল্পিত কাজের পরিধি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে এবং এই রাজ্যের শিল্প রুগ্নতার বহুমুখী ও জটিল কারণগুলির প্রতি আরও গভীরভাবে মনোনিবেশ করতে সাহায্য করবে।

১৬। মহাশয়, এই বলে আমি ১৯৯৮-৯৯ সালে এই রাজ্যের বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবন ও পুনর্বাসনের উদ্দেশ্যে যে ব্যয় বরাদ্দের দাবির জন্য প্রস্তাব করছি, তা মঞ্জুর করার আবেদন জানাচ্ছি।

## DEMAND No. 75

### Major Head : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and food & Beverages)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 70,85,85,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and food & Beverages)".

(This is inclusive of a total sum of Rs. 23.62,00 ... ady voted

### DEMAND No. 76

### Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,28,30,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries".

(This is inclusive of a total sum of Rs. 76,00,000 already voted on account)

Budget Speech of Shri Bidyut Ganguly on Demand Nos. 75 & 76 was printed alongwith the Demand No. 24.

### DEMAND No. 77

### Major Head : "3051—Ports and Lighthouses

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,82,55,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses".

(This is inclusive of a total sum of Rs. 61,00,000 already voted on account)

Printed Speech of Shri Subhas Chakraborty on Demand Nos. 77 & 78 were printed alongwith Demand No. 12.

### DEMAND No. 78

### Major Head : "3053—Civil Aviation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 35,00,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation".

(This is inclusive of a total sum of Rs. 12,00,000 already voted on account)

## DEMAND No. 79

### Major Heads : 3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 392,50,90,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges", during the next financial year.

(This is inclusive of a total sum of Rs. 103,83,00,000 already voted on account)

(Budget Speech of Shri Kshiti Goswami on Demand No. 79 has been printed alongwith Demand No. 25.)

## DEMAND No. 80

### Major Heads : 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for Road Transport

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 225,38,15,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for Road Transport".

(This is inclusive of a total sum of Rs. 75,13,00,000 already voted on account)

## DEMAND No. 81

### Major Head : 7075—Loans for Other Transport Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,05,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services".

(This is inclusive of a total sum of Rs. 5,35,00,000 already voted on account)

Printed Speech of Shri Subhas Chakraborty on Demand No. 80 & 81 were printed alongwith Demand No. 12.

## DEMAND No. 82

### Major Head : 3425—Other Scientific Research

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,63,00,000 be granted for expenditure under Demand No. 82, Major Head : "3425—Other Scientific Research".

(This is inclusive of a total sum of Rs. 2,50,000 already voted on account)

(The Budget Speech on demand No. 82 by Shri Manabendra Mukhapadhyay has been printed alongwith Demand No. 89.)

## DEMAND No. 83

### Major Head : 3451—Secretariat—Economic Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,15,80,000 be granted for

expenditure under Demand No. 83, Major Head : "3451—Secretariat—Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 10,05,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Sankar Kumar Sen on Demand No. 83 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব রাখছি যে, ৮৩ নং অভিযাচনের অধীন মুখ্যখাত নং "৩৪৫১—সেক্রেটারিয়েট—ইকনমিক সার্ভিস" সম্পর্কে বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ব্যয় নির্বাহের জন্য মোট ২,৪৫,০০,০০০ (দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। এই পরিমাণটুকু ৮৩ নং অভিযাচনের অংশ বিশেষ। অভিযাচনের বাকি অংশের প্রস্তাব রাখবেন উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়।

২। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, নবম পরিকল্পনার প্রথম বছরে এই বিভাগ পশ্চিমবঙ্গে বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগকে জনমুখী করার ব্যাপারে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছেন। এর মধ্যে প্রদান কাজগুলি হল গবেষণার মাধ্যমে বিজ্ঞান উন্নয়ন, কুসংস্কারের বিরুদ্ধে কাজ করার মাধ্যমে বিজ্ঞান জনপ্রিয়করণ, বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগে দক্ষতা সৃষ্টি ও কর্মসংস্থান এবং গবেষণাগার থেকে অর্থনৈতিক ক্ষেত্রে প্রযুক্তিকে মাধ্যমেই এই কাজ করা সম্ভব হয়েছে। এই প্রচেষ্টাকে মাটির আরও কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে জেলা বিজ্ঞান ও প্রযুক্তি কমিটিগুলি গঠিত হয়েছে। কিন্তু সামনে এখনও দীর্ঘপথ পড়ে রয়েছে।

৩। আগামী আর্থিক বছরে আমরা এই প্রচেষ্টাকে আরও সুসংবদ্ধ চেহারা দিতে আগ্রহী। শুরুতেই আমরা এই বিভাগকে জেলাস্তরের পরিকল্পনা কাঠামোর অন্তর্ভুক্ত করেছি, অন্যদিকে শিল্প ও গবেষণাগারের সমন্বয় বাড়ানোর বিষয়ে আমরা কিছু অর্থবহ পদক্ষেপ নিয়েছি। উদাহরণস্বরূপ, অষ্টম পরিকল্পনায় কলেজস্তরে গবেষণা প্রকল্পের মাধ্যমে রাজ্যের বিভিন্ন জেলায় প্রাপ্ত ভেষজ এবং সুগন্ধ উৎপাদক গাছগাছড়ার একটি সংকলন তৈরি করার কাজ প্রায় শেষ হয়ে এসেছে। পরবর্তী পরিকল্পনায় আমরা একদিকে এই গাছগুলির চাষ এবং অন্যদিকে শিল্পে তার ব্যবহার বাড়াতে চাই যাতে কৃষি এবং শিল্প একই সঙ্গে উপকৃত হয়। কৃষিজ দ্রব্যের নিম্নমূল্যে বিক্রয়ের মতো ঘটনা কমানোর জন্য উৎপাদিত দ্রব্য সংরক্ষণের ব্যবস্থার সম্প্রসারণ প্রয়োজন। ইতিমধ্যেই আমরা "শূন্য শক্তি হিমঘর"

নামক একটি সুবিদিত প্রযুক্তির প্রয়োগে পরীক্ষামূলক মাপে সাফল্য পেয়েছি। পরবর্তী বছরে আমরা এই প্রকল্প আরও বৃহত্তর মাপে রূপায়িত করতে আগ্রহী। এরফলে স্বল্প ব্যয়ে কৃষিজ দ্রব্য নষ্ট হওয়ার পরিমাণকেও কমিয়ে আনা যাবে। সুতরাং নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বিতীয় বছর অর্থাৎ ১৯৯৮-৯৯ আর্থিক বছরে অষ্টম পরিকল্পনায় শুরু করার কাজেরই ধারাবাহিক সম্প্রসারণের লক্ষ্য রয়েছে।

৪। ১৯৯৭-৯৮ সালে এই বিভাগের প্রধান কাজকর্ম এবং ১৯৯৮-৯৯ সালের প্রস্তাবিত কর্মসূচি নিচে দেওয়া হল—

**(ক) বিজ্ঞান উন্নয়ন ঃ**

এই বিভাগ ১৯৯৭-৯৮ সালে বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং কলেজগুলিতে বেশ কিছু গবেষণা ও উন্নয়ন প্রকল্প মঞ্জুর করেছেন। প্রযুক্তি হস্তান্তরের ব্যাপারে উল্লেখযোগ্য চেষ্টা করা হয়েছে। এই কর্মসূচি ১৯৯৮-৯৯ সালে চালু রাখার প্রস্তাব দেওয়া হয়েছে।

**(খ) বিজ্ঞান জনপ্রিয়করণ ঃ**

১৯৯৭-৯৮ সালে অনেকগুলি সংগঠনকে বিজ্ঞান জনপ্রিয়করণের কাজে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মোট ৩০টি বিজ্ঞান জনপ্রিয়করণ অনুষ্ঠান প্রধানত গ্রামাঞ্চলে সংগঠিত হয়েছে। ১৯৯৪-৯৫ সালে ন্যাশনাল কাউন্সিল অব সায়েন্স মিউজিয়ামের সহযোগিতায় যথাক্রমে মেদিনীপুর জেলার দিঘা এবং দার্জিলিং জেলার মাটিগাড়ায় দুটি বিজ্ঞান কেন্দ্র গড়ে তোলার কাজ হাতে নেওয়া হয়, এই দুটি প্রকল্পের কাজ ১৯৯৭-৯৮ সালে শেষ হয়েছে। ১৯৯৭-৯৮ সালে ৯১টি বিদ্যালয়স্তরে বিজ্ঞান সমীক্ষা ও গবেষণা প্রকল্পের জন্য অর্থ মঞ্জুর করা হয়। আগামী বছরেও এই কর্মসূচি চালু রাখার প্রস্তাব রয়েছে।

**(গ) দূরসংবেদন কেন্দ্র ও তার কর্মসূচির প্রধান অংশ ঃ**

পশ্চিমবঙ্গের পরিকল্পনা পদ্ধতির উন্নয়নের লক্ষ্যে রাজ্য দূরসংবেদন কেন্দ্র কয়েকটি প্রকল্প শেষ করেছে, কয়েকটির কাজ চলছে এবং অন্য কয়েকটি প্রস্তাবের স্তরে রয়েছে।

(১) **রূপায়িত প্রকল্প ঃ** কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক অনুমোদিত এবং জাতীয় দূরসংবেদন সংস্থার আর্থিক সহায়তায় পুরুলিয়া জেলার বাগমুন্ডি, বাঁকুড়া জেলার ছাতনা এবং মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে বিশেষ ইন্টিগ্রেটেড মিশন ফর সাসটেনেবল ডেভেলপমেন্ট প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়সীমা অর্থাৎ জুন, ১৯৯৬-এর মধ্যে শেষ করা হয়েছে। উন্নয়ন ও

পরিকল্পনা এবং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ জেলা কর্তৃপক্ষদের এই প্রকল্প পাওয়া তথ্যের যথাযথ প্রয়োগ করার পরামর্শ দিয়েছে।

(২) **চালু প্রকল্প ঃ** (ক) পরিকল্পনা কমিশনের অনুমোদনে উপরোক্ত প্রকল্পের দ্বিতীয় দফার কাজ চলছে। কাজের এলাকায় রয়েছে পুরুলিয়া ও বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর ওয়াটার শেড এবং মেদিনীপুর জেলার সুবর্ণরেখা ওয়াটার শেড। পুরুলিয়ার কাজের রিপোর্ট তৈরি হয়েছে এবং বাঁকুড়া ক্ষেত্রে রিপোর্ট তৈরি হচ্ছে। সুবর্ণরেখা প্রকল্পের প্রাথমিক কাজ শেষ হয়েছে।

(খ) রাজ্য সরকারের সেচ ও জলপথ বিভাগের অনুরোধে রাজ্যের নদীপথের আধুনিকতম চিত্রায়নের কাজ চলছে। প্রকল্পের প্রথম ধাপে গঙ্গা-পদ্মা এবং ভাগিরথী-হুগলির কাজ হাতে নেওয়া হয়েছে।

(গ) এই বিভাগ এবং পশ্চিমবঙ্গ বিজ্ঞান ও প্রযুক্তি সংসদের যৌথ প্রচেষ্টায় ন্যাচারাল হ্যাজার্ড জোনিং অ্যাটলাস প্রকল্পের কাজ শুরু হতে চলেছে।

(৩) **প্রস্তাবিত প্রকল্প ঃ** (ক) বর্ধমান জেলার কুনুর বেসিনের ভূমি ও জল সম্পদের স্পেশ্যাল পরিকল্পনা ও ব্যবস্থাপনা, আর্থিক সহায়তায় কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ। প্রকল্প ব্যয় আনুমানিক ২২ লাখ টাকা। কাজ শেষ করতে সময় লাগবে দুই বছর।

(খ) জাতীয় দূরসংবেদন সংস্থার সহায়তায় দামোদর, ময়ূরাক্ষী ও কংসাবতী প্রকল্প এলাকার উন্নয়ন কর্মসূচি উপগ্রহের সাহায্যে নিরীক্ষণ প্রকল্প।

(গ) জাতীয় দূরসংবেদন সহায়তায় ১ঃ৫০,০০০ স্কেলে দার্জিলিং, জলপাইগুড়ি, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার পতিত জমির মানচিত্র তৈরি করা।

(ঘ) রাইস এনভায়রনমেন্ট অ্যানালিসিস নেটওয়ার্ক—দক্ষিণ চব্বিশ পরগনা ও মেদিনীপুরের উপকূল, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার দ্বারকেশ্বর ওয়াটার শেড।

(ঙ) জাতীয় সম্পদ তথ্য ব্যবস্থা—কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগ জেলাস্তরে বিভিন্ন প্রকল্পে পাওয়া তথ্য কাজে লাগানোর লক্ষ্যে এই প্রকল্প চালু করেছেন। এই ব্যবস্থায় রাজ্য দূরসংবেদন কেন্দ্র জেলাস্তরে তথ্য দেবে এবং কেন্দ্রীয় স্তরের সংস্থার সঙ্গে যোগাযোগ রাখবে।

এই কাজের জন্য আমাদের বিভাগ এবং জাতীয় দূরসংবেদন সংস্থাকে চিহ্নিত করা

হয়েছে। প্রথম দফায় পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় আই. এম. এস. ডি. প্রকল্পে পাওয়া তথ্যকে বিশ্লেষণ করা হবে। এর প্রয়োজনে রাজ্য দূরসংবেদন সংস্থাকে আরও শক্তিশালী করার লক্ষ্য রয়েছে। কেন্দ্রীয় সরকার এর প্রয়োজনীয় হার্ড-ওয়ার, সফট-ওয়ার এবং প্রশিক্ষণ দিয়েছেন।

**(ঘ) জলাভূমি সংরক্ষণ ঃ**

এই বিভাগের স্বয়ংশাসিত সংস্থা। ইনস্টিটিউট অব ওয়েটল্যান্ড ম্যানেজমেন্ট অ্যান্ড ইকোলজিক্যাল ডিজাইন ১৯৯৭-৯৮ সালে ভূমি সংলরক্ষণ এবং জলাভূমি সংরক্ষণের ক্ষেত্রে কর্মসূচি চালু রেখেছে, আমেদাবাদে মহাকাশ প্রয়োগ কেন্দ্রে দেওয়া কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প সাফল্যের সঙ্গে রূপায়িত হয়েছে। এই সংস্থাটি ১-৪-৯৮ তারিখ থেকে পরিবেশ বিভাগের আওতায় চলে যাচ্ছে।

**(ঙ) রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ ঃ**

এই বিভাগের আরকটি স্বয়ংশাসিত সংস্থা পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ 'গবেষণাগার থেকে মাঠে' কর্মসূচিতে প্রকল্প রূপায়ণ করছে যার কিছু কিছু নিচে দেওয়া হল—

(১) **শূন্যশক্তি হিমঘর** স্বল্পব্যয়ে ন্যূনতম শক্তি খরচ করে কৃষিজ দ্রব্য সংরক্ষণের এটি একটি প্রযুক্তি। পশ্চিমবঙ্গে আই. এ. আর. আই. উদ্ভাবিত এই প্রযুক্তির প্রয়োগ হচ্ছে। যথাক্রমে ১০০ কেজি এবং ৬-৮ টন ধারণ ক্ষমতার ক্ষুদ্র এবং বৃহৎ হিমঘর হতে পারে। পরীক্ষামূলকভাবে ছোটটির এরাজ্যে প্রয়োগ সন্তোষজনক। বড় হিমঘরটির পরীক্ষামূলক প্রয়োগ বর্ধমান জেলায় শুরু করা হয়েছে। ফলাফলের ওপর নির্ভর করে ১৯৯৮-৯৯ সালে এই কর্মসূচিকে আরও বড় আকারে রূপায়িত করার প্রস্তাব রয়েছে।

(২) **রাজ্য বিজ্ঞান কংগ্রেস** ১৯৯৩-৯৪ সাল থেকে পরপর পাঁচটি বছরে রাজ্য বিজ্ঞান কংগ্রেস সংগঠিত হয়েছে। চতুর্থ কংগ্রেসটি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। পঞ্চম কংগ্রেস অনুষ্ঠিত হয় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে। এই কংগ্রেসে সমস্ত আলোচনা বাংলা ভাষাতে করা হয়। এই প্রচেষ্টা অত্যন্ত জনপ্রিয় হয়েছে।

(৩) ভারত সরকারের বায়োটেকনোলজি বিভাগ কলকাতায় পূর্বভারতের প্রথম টিস্যু শক্ত করার কেন্দ্র স্থাপনের মঞ্জুরি দিয়েছেন। এই প্রকল্পের মোটা ব্যয় প্রায় ৩১৮ লক্ষ টাকা, যার অর্ধেক রাজ্য বহন করতে হবে। প্রকল্পের

কাজ চলছে এবং ১৯৯৮-৯৯ সালে পরীক্ষামূলক প্রয়োগ সম্ভব হবে বলে আশা করা যায়।

(৪) কলকাতা বিশ্ববিদ্যালয় এবং দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদের সহযোগিতায় সুগন্ধি গাছ চাষ এবং প্রক্রিয়াকরণের একটি প্রকল্প চালু রয়েছে। আগামী বছরেও এর কাজ চলবে।

(৫) আর্থ সামাজিক উন্নয়ন, গ্রামীণ উন্নয়ন, মহিলা এবং দুর্বলতর শ্রেণীর উন্নয়ন বিজ্ঞান ও প্রযুক্তি প্রয়োগের কর্মসূচি নেওয়া হচ্ছে।

(৬) জেলাস্তরে বিজ্ঞান কর্মসূচি পরিকাঠামোর ব্যয় বহন করা হবে।

(৭) জেলাস্তরে সম্পদ চিত্রায়ণের জন্য এন. আর. ডি. এম. এস. কর্মসূচি।

(৮) দেশের বিভিন্ন সংগঠনের গবেষণার উৎপন্ন প্রযুক্তি প্রদর্শনীর জন্য কয়েকটি কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে যার মধ্যে তিনটি ১৯৯৮-৯৯ সালে স্থাপিত হওয়ার প্রস্তাব রয়েছে।

**(চ) জেলা পরিকল্পনায় যোগদান ঃ**

নবম পরিকল্পনার প্রথম বছর থেকে বিভাগের ব্যয়-বরাদ্দের একটি অংশ জেলাগুলির মধ্যে পরিকল্পনা বরাদ্দ হিসাবে বন্টন করা হচ্ছে। এই বিভাগের কাজকর্ম বিকেন্দ্রীকরণের এই প্রচেষ্টায় কয়েকটি জেলার ইতিমধ্যেই গঠিত বিজ্ঞান ও প্রযুক্তি কমিটি সাহায্য করবে। জেলাগুলি থেকে ইতিমধ্যে ভাল সাড়া পাওয়া গেছে। ১৯৯৮-৯৯ সালে এই প্রচেষ্টা আরও সফল হবে বলে আশা করা যায়।

৫। এই কথাগুলি বলে আমি সভাকে ৮৩নং [illegible] র এই অংশের জন্য ২ কোটি ৪৫ লক্ষ টাকা মঞ্জুর করতে অনুরোধ করছি।

## DEMAND No. ৮৪

## Major Heads : 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,17,20,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : "3452—Tourism and 5452—Capital Outlay on Tourism".

(This is inclusive of a total sum of Rs. 3,72,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Manabendra Mukhopadhyay on Demand No. 84 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৮৪ নং দাবির অন্তর্ভুক্ত "৩৪৫২—পর্যটন" মূলখাতে মোট ১০;৭২,২০,০০০ টাকা (দশ কোটি বাহাত্তর লক্ষ কুড়ি হাজার) মাত্র এবং ৮৪ নং দাবির অন্তর্গত "৫৪৫২—পর্যটন মূলধন ব্যয়" মূল খাতে মোট ৪৫,০০,০০০ টাকা (পঁচতাল্লিশ লক্ষ) মাত্র ব্যয়বরাদ্দ মঞ্জুরির জন্য প্রস্তাব পেশ করছি। এই দুই খাতে ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুর টাকা (যথাক্রমে ৩,৫৭,০০,০০০ টাকা এবং ১৫,০০,০০০ টাকা) এই ব্যয়বরাদ্দের অন্তর্গত। ৮৪ নং দাবির অন্তর্ভুক্ত "৩৪৫২—পর্যটন" মূল খাতে মোট ১০,৭২,২০,০০০ টাকা (দশ কোটি বাহাত্তর লক্ষ কুড়ি হাজার)-র মধ্যে ২,৯৮,২০,০০০ টাকা (দু কোটি আঠানব্বই লক্ষ কুড়ি হাজার) যোজনা বহির্ভূত খাতে, ৪,০৪,০০,০০০ টাকা (চার কোটি চার লক্ষ) রাজ্য যোজনায় এবং ৪,১৫,০০,০০০ টাকা (চার কোটি পনেরো লক্ষ) নতুন কেন্দ্রীয় প্রকল্প খাতে ব্যয় করা হবে।

২। "৩৪৫২—পর্যটন" এবং "৫৪৫২—পর্যটন মূলধন ব্যয়" খাতে ৪,০৪,০০,০০০ টাকা (চার কোটি চার লক্ষ টাকা)-র প্রস্তাবিত যোজনা বরাদ্দ হবে নিম্নরূপ ঃ

| | | | লক্ষ টাকার |
|---|---|---|---|
| (১) | পর্যটন পরবিহন (জলযানসহ) | .... | ৪০.০০ |
| (২) | পর্যটন সংগঠন (পর্যটন তথ্য ও সহায়তার কাজ পুনর্গঠনসহ) | .... | ১৯.০০ |
| (৩) | পরিকল্পনা ও যোজনা নিয়ন্ত্রণ বিভাগ সংগঠন | .... | ৫.০০ |
| (৪) | প্রশিক্ষণ | .... | ৩.০০ |
| (৫) | পর্যটন প্রচার (উৎসব, বিজ্ঞাপন ও বিপণনসহ) | .... | ৭৫.০০ |
| (৬) | পর্যটন আবাসগুলির সম্প্রসারণ ও উন্নতিকল্পে | .... | ৭৫.০০ |
| (৭) | উন্নয়নের জন্য ক্ষেত্র চিহ্নিতকরণ, নির্মাণ, সংশ্লিষ্ট অন্যান্য আসবাব, গৃহসজ্জা, প্রয়োজনীয় দ্রব্যাদি, পর্যটক কেন্দ্র, পর্যটক আবাস এবং পথপার্শ্বস্থ সুবিধাদি চালু করা ও চালানো | .... | ১০০.০০ |

| | | |
|---|---|---|
| (৮) | অ্যাডভেঞ্চার ট্যুরিজমের বিভিন্ন সুযোগ-সুবিধা সৃষ্টি (ট্রেকিং রভার র‍্যাফটিং ও অন্যান্য খেলাধূলা সমেত) .... | ২.০০ |
| (৯) | পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমকে শেয়ার ক্যাপিটাল .... | ৪০.০০ |
| (১০) | সেপ্টেম্বর ১৯৯৬ এ সংশোধিত পশ্চিমবঙ্গ ইনসেনটিভ স্কীম ১৯৯৩ (বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য) এবং ১৯৯৭-এ সংশোধিত রাজ্য ভরতুকি প্রকল্প ১৯৯৩ (ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য) অনুসারে পর্যটনকেন্দ্র নির্মাণের জন্য ব্যক্তগত উদ্যোগ-এর ক্ষেত্রে উৎসাহদান.... | ৫.০০ |
| | মোট .... | ৪,০৪,০০,০০০ |

২.১। উক্ত ৪,০৪,০০,০০০ টাকা ছাড়াও দার্জিলিং জেলার পার্বত্য এলাকায় পর্যটন উন্নয়নের জন্য ১১,০০,০০০ (এগার লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে "২৫৫১—পার্বত্য এলাকা—দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ" খাতে এবং তার ফলে পরিকল্পনা খাতে মোট বরাদ্দ হচ্ছে ৪,১৫,০০,০০০ টাকা।

৩। ১৯৯৬ সালে পর্যটন শিল্পের জন্য রাজ্যের পর্যটন নীতি ঘোষণা ও আর্থিক উৎসাহদান এবং রাজস্ব-সংক্রান্ত সুযোগ-সুবিধা প্রদানের সঙ্গে সঙ্গে পর্যটন বিভাগ কয়েকটি নির্দিষ্ট এলাকায় ব্যাপক পর্যটন প্রসারের জন্য কিছু নির্দিষ্ট উদ্যোগ গ্রহণ করেছে অদূরভবিষ্যতে পর্যটন শিল্প উল্লেখযোগ্যভাবে প্রসারলাভ করবে বলে আশা করা যায়।

এই সুযোগে আমি মাননীয় সদস্যদের সামনে ১৯৯৭-৯৮ সালে পর্যটন বিভাগের কাজকর্মের এবং ১৯৯৮-৯৯ সালের জন্য যে সব পরিকল্পনা নেওয়া হয়েছে সে সম্পর্কে একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরছি। এর সঙ্গে বিশ্ব পর্যটন ও জাতীয় পর্যটন চিত্রের এবং যে পর্যটন সম্পদ এখনও ব্যবহৃত হয়নি তার পরিপ্রেক্ষিতে রাজ্য পর্যটন উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনাসমূহ পেশ করছি।

৪। **বিশ্ব পর্যটন চিত্র**

৪.১। সারা পৃথিবীতে পর্যটন একক বৃহত্তম উপার্জনকারী শিল্প হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। কর্মসংস্থানের ক্ষেত্রেও পর্যটনই সেরা। ১৯৯৬ সালে অন্তর্দেশীয় পর্যটক বাদে প্রায় ৫৯.২০ কোটি পর্যটক বিশ্বে পরিভ্রমণ করেছেন। সে বাবদ পর্যটনের আয় ৪২৩ বিলিয়ন মার্কিন ডলার। আগামী ১০ বছরে পর্যটনের সম্ভাব্য বৃদ্ধি ৪.৫ শতাংশ—যাবতীয় শিল্পের ক্ষেত্রে অন্যতম উচ্চ বৃদ্ধি হার। এশিয়া এবং এশিয়া

প্যাসিফিক অঞ্চলে এই বৃদ্ধির সম্ভাবনা সর্বোত্তম—৬.২ শতাংশ। বিশ্বের মোট উৎপাদনের ১২ শতাংশ এবং মোট কর্মসংস্থানের ১০.৭ শতাংশ পর্যটনের অবদান।

৪.২। অনুমান করা হচ্ছে যে—যেহেতু মানুষের ছুটি উপভোগ এবং ভ্রমণের আকাঙ্ক্ষা ক্রমবর্ধমান, আগামী ২০২০ সালের মধ্যে পর্যটন হয়ে দাঁড়াবে সর্ববৃহৎ বর্ধনশীল শিল্প। সুতরাং, পৃথিবীর বহু দেশই এই উন্নয়নের সঙ্গে তাল মিলিয়ে চলতে বহুবিধ ব্যবস্থা নিচ্ছে।

**৫। ভারতীয় পর্যটন চিত্র**

৫.১। বিশ্ব পর্যটন চিত্রের তুলনায়, ভারতীয় পর্যটন চিত্র খুব আশাপ্রদ নয়। ভারতে মোট উৎপাদনের ১ শতাংশ-এরও কম আসে পর্যটন থেকে। তথাপি এই শিল্পে প্রত্যক্ষভাবে যুক্ত কর্মী ৯১ লক্ষ এবং অপ্রত্যক্ষভাবে ১২৫ লক্ষ। ১৯৯৬-৯৭ সালে প্রত্যক্ষভাবে যুক্ত কর্মী ৯১ লক্ষ এবং অপ্রত্যক্ষভাবে ১২৫ লক্ষ। ১৯৯৬-৯৭ সালে ভারতে এসেছিলেন ২২.৯০ লক্ষ বিদেশি পর্যটক—বিশ্বের মোট পর্যটকসংখ্যার কেবলমাত্র ০.৪ শতাংশ। নয়ের দশকের প্রথমদিকে বিদেশি পর্যটকের সংখ্যা বেশ বৃদ্ধি পেয়েছিল বটে, তবে তার আগে ওই সংখ্যা যথেষ্ট কম ছিল বলেই বৃদ্ধির হার উল্লেখযোগ্য মনে হয়েছিল। কিন্তু বৃদ্ধির হার যে ক্রমশ কমে যাচ্ছে সেটাও এখন স্পষ্ট। ১৯৯৫-৯৬ সালে ওই হার ছিল ১২.৫ শতাংশ, ১৯৯৬-৯৭ সালে কমে দাঁড়ায় ৭.৫ শতাংশ, ১৯৯৭-৯৮ সালে হয়ত ৫ শতাংশ-এরও কম হবে।

৫.২। বিশ্ব পর্যটনে ভারতের স্থান ক্রমনিম্নগামী। ১৯৮০ সালে ভারত ছিল ১৯তম স্থানে, চিনের স্থান ছিল ৩৪। ১৯৯৫ সালের মধ্যে চিন উঠে এল ৯ নম্বরে, ভারত চলে গেল ৩৪-এ। এমনকি মালয়েশিয়া, সিঙ্গাপুর বা তাইল্যান্ডের মতো দেশও পর্যটনে সেরা কুড়িটি দেশের মধ্যে চলে এসেছে।

৫.৩। যদিও ভারত সরকার খুবই উচ্চাকাঙ্ক্ষী একটি পরিকল্পনা গ্রহণ করেছিলেন—সরকার, সরকারি ও বেসরকারি এবং যুগ্মক্ষেত্রের ৩৯,০০০ কোটি টাকা বিনিয়োগে ২০০০ সালের মধ্যে ৫০ লক্ষ বিদেশি পর্যটক আকর্ষণের—উপযুক্ত পরিকল্পনা এবং আর্থিক সহায়তা কেন্দ্র অথবা রাজ্য সরকারগুলির কাছ থেকে পাওয়া যায়নি।

৫.৪। যাহোক, জাতীয় পর্যটন নীতি এবং ভারত সরকারের অ্যাকশন প্ল্যানের সঙ্গে সঙ্গতি রেখে প্রায় সবকটি রাজ্য সরকারই কিছু কিছু পর্যটন সংক্রান্ত কাজকর্মকে শিল্পের মর্যাদা দিয়েছেন এবং পর্যটন কেন্দ্র বা প্রকল্পগুলির ক্ষেত্রে নানাবিধ উৎসাহ বা সুবিধা দিয়েছেন। এর ফলে বেসরকারি বিনিয়োগ আকর্ষণের ক্ষেত্রে আন্তরাজ্য প্রতিযোগিতা সৃষ্টি হয়েছে।

৬। **পশ্চিমবঙ্গ পর্যটন চিত্র**

৬.১। পশ্চিমবঙ্গে একদিকে যেমন আছে অবস্থানগত সুবিধা, তেমনই আছে প্রকৃতির অপার বৈচিত্র্য—পর্বত, সমুদ্রবেলা, নদী, বন এবং বন্যপ্রাণীর আকর্ষণে এখানে আসতে পারেন ভিন্ন ভিন্ন রুচি এবং সঙ্গতির পর্যটক। এই রাজ্যে সড়কপথ, রেল এবং বিমান যোগাযোগ যথেষ্ট হওয়ার ফলে পশ্চিমবঙ্গ যে কেবল পূর্ব এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রবেশদ্বার তাই নয়, নেপাল এবং ভুটানেরও দ্বারপথ। বাংলাদেশও পাশেই। কলকাতার আন্তর্জাতিক বিমানবন্দর এবং কলকাতা ও হলদিয়ার নদী বন্দরের সুবিধা থাকায় পশ্চিমবঙ্গ, বিশেষ করে রাজধানী কলকাতা থেকে খুব সহজেই যাওয়া যায় দক্ষিণ-পূর্ব এশিয়া এবং এশিয়া প্যাসিফিক অঞ্চলে। বিশ্বের অন্যতম প্রধান কনভেনশন সেন্টার হিসাবে কলকাতার গড়ে ওঠার সম্ভাবনাও অসীম।

৬.২। কিন্তু অবস্থানগত সুবিধা এবং প্রাকৃতিক সম্পদ থাকা সত্ত্বেও ভারতের পর্যটনে পশ্চিমবঙ্গের অবদান ৫ শতাংশ-এর বেশি নয়, অথচ দিল্লি এবং মুম্বাইয়ের যৌথ অবদান প্রায় ৮০ শতাংশ।

গত পাঁচ বছরে পশ্চিমবঙ্গে পর্যটকের সংখ্যা এখানে দেওয়া হল (লক্ষের হিসাবে) ঃ

| সাল | অন্তর্দেশীয় | বিদেশি | মোট |
|---|---|---|---|
| ১৯৯২ | ৩৬.৭০ | ১.৩৩ | ৩৮.০৩ |
| ১৯৯৩ | ৩৯.৯৬ | ১.২১ | ৪১.১৭ |
| ১৯৯৪ | ৪৩.৩০ | ১.৬৩ | ৪৪.৯৩ |
| ১৯৯৫ | ৪৩.৭৭ | ১.৮২ | ৪৫.৫৯ |
| ১৯৯৬ | ৪৪.৪৯ | ১.৮৩ | ৪৬.৩২ |

৬.৩। বিশ্বের এবং ভারতের পর্যটন চিত্রের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের অবস্থা বিচার করে এটা স্পষ্টই বোঝা যাচ্ছে যে পর্যটনক্ষেত্রে ঘাটতি পূরণে এবং তীব্র প্রতিযোগিতার বাজারে টিকে থাকতে মূল উদ্যোগ নিতে হবে পশ্চিমবঙ্গ সরকারকেই।

৭। **ব্যয়বরাদ্দের প্রকৃতি**

৭.১। ১৯৮৫-৮৬ থেকে ১৯৯৫-৯৬ পর্যন্ত রাজ্য পর্যটন যোজনায় বার্ষিক ব্যয়বরাদ্দ ছিল মোটামুটি ১৩০ লক্ষ টাকা এবং তা থেকে রাজ্য অর্থ দপ্তরের অনুমোদনসাপেক্ষ

অর্থমঞ্জুর বছরে ১০০ লক্ষ টাকার মতো। ১৯৯৬-৯৭ সালে ৩০ লক্ষ টাকা অ্যাডহক বরাদ্দ সমেত সংশোদিত ব্যয়বরাদ্দ ২২২৫০ লক্ষ টাকার প্রায় শতকরা একশো ভাগই অবশ্য অর্থ দপ্তরের অনুমোদন পেয়েছে। উপরোক্ত সংখ্যাগুলি থেকে এটা পরিষ্কার যে যোজনা ব্যয়বরাদ্দ এবং অর্থ দপ্তরের অনুমোদিত অর্থমঞ্জুরি দীর্ঘদিন ধরেই বেশ কম এবং সে কারণেই পর্যটন পরিকাঠামো এবং সুযোগ-সুবিধা কখনই অভিষ্ট লক্ষ্যে পৌঁছায়নি বা পশ্চিমবঙ্গের পর্যটন সম্পদ ঠিকভাবে ব্যবহৃতই হয়নি।

৭.২। পর্যটন ক্ষেত্রের ঘাটতি পূরণে ১৯৯৬-৯৭ সাল থেকে দপ্তর একটি বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছেন। প্রথমত ১৯৯৬ সালের সেপ্টেম্বরে ঘোষিত পশ্চিমবঙ্গ পর্যটন নীতি অনুযায়ী কিছু কিছু শ্রেণীর পর্যটন প্রকল্প শিল্পের মর্যাদা পেয়েছে এবং উৎপাদন শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য কিছু উৎসাহ এবং সুবিধা এই প্রকল্পগুলিকে দেওয়া হয়েছে যাতে রাজ্যের পর্যটন প্রকল্পগুলিতে বেসরকারি বিনিয়োগকারীরা আকৃষ্ট হন। দ্বিতীয়ত রাজ্য পর্যটন দপ্তরের অনুরোধে রাজ্য অর্থ দপ্তর পর্যটনক্ষেত্রের বিলাসকর এবং বিক্রয়কর, যতটা চাওয়া হয়েছিল ততটা না হলেও, কিছু কমিয়েছেন। তৃতীয়ত রাজ্যের উন্নয়ন ও যোজনা বিভাগের কাছে ১৯৯৬ সালের ডিসেম্বরে বহুগুণ বর্ধিত ব্যয়বরাদ্দের একটি প্রস্তাব পেশ করা হয়েছে—নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৯৭-২০০২) ৭৪২৭.০০ লক্ষ টাকা এবং ১৯৯৭-৯৮-এর বার্ষিক যোজনায় ১৫৩৭.০০ লক্ষ টাকা।

৭.৩। কিন্তু নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায় পর্যটনের ব্যয়বরাদ্দ স্থির হয়েছিল ১৯৭৯.০০ লক্ষ টাকা, ১৯৯৭-৯৮-এর বার্ষিক ব্যয়বরাদ্দ মাত্র ৩৭৫.০০ লক্ষ টাকা। অর্থাৎ নবম পরিকল্পনা (১৯৯৭-২০০২) এবং বার্ষিক যোজনা (১৯৯৭-৯৮) উভয়ক্ষেত্রেই পর্যটন দপ্তর প্রস্তাবিত ব্যয়বরাদ্দের মাত্র ১/৪ অংশ স্থির হয়েছিল। সেজন্য পর্যটন বিভাগ বিভিন্ন অর্থলগ্নিকারী সংস্থার কাছ থেকে ঋণ গ্রহণ করে এই ঘাটতি মেটানোর চেষ্টা করছেন।

**৮। ১৯৯৭-৯৮ সালে পর্যটন বিভাগের কাজকর্ম**

**৮.১। পর্যটন প্রকল্পের জন্য ইনসেন্টিভ স্কীমের পুনর্মূল্যায়ন**

বর্তমানে চালু দুটি ইনসেন্টিভ স্কীমে আরও পর্যটন প্রকল্পকে এগুলির আওতায় আনা এবং সুন্দরবনের ১৯টি ব্লককে গ্রুপ 'ডি' অঞ্চল হিসাবে পুনর্বিন্যাসের জন্য পর্যটন দপ্তর রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তর এবং ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের সঙ্গে আলোচনা শুরু করেছেন। এই দুটি স্কীমের পুনর্মূল্যায়ন, আশা করা যায়, আগামী আর্থিক বছরের মধ্যেই শেষ হয়ে যাবে।

**৮.২। বর্তমান পর্যটক আবাসগুলির মেরামত/সংস্কার**

মৈনাক পর্যটক আবাসের সংস্কার এবং উন্নয়নের কাজ সন্তোষজনকভাবে এগোচ্ছে। এর জন্য ব্যয় ধরা হয়েছে ২০০ লক্ষ টাকা এবং এ বাবদ ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়া থেকে ঋণও সংগ্রহ করা হচ্ছে। বকখালি পর্যটক আবাসের সংস্কারের কাজ শুরু হয়েছিল গত বছর, সে কাজ প্রায় শেষের মুখে। কিন্তু অগ্রিম আহরণে কিছু নিয়মের বাধা সৃষ্টি হওয়ায় অন্যান্য পর্যটক আবাসগুলির সংস্কার কাজ শুরু করা যায়নি।

**৮.৩। নতুন পর্যটক আবাস নির্মাণ, পথপার্শ্বস্থ সুবিধা সৃষ্টি, লঞ্চ নির্মাণ এবং নতুন নতুন পর্যটককেন্দ্র স্থাপন**

৮.৩.১। স্থির হয়েছে পিয়ালি পর্যটন কেন্দ্র, দার্জিলিং জেলার লাভা ও লোলেগাঁও এবং জলপাইগুড়ি জেলার মাদারিহাটে অ্যালুমিনিয়ামের তাঁবু খাটানো হবে। এই কাজ প্রায় শেষ, আশা করা যায় আগামী দু-তিন মাসের মধ্যেই সেগুলি পর্যটকরা ব্যবহার করা শুরু করতে পারবেন।

৮.৩.২। অর্থ মঞ্জুর সময়মতো করা যায়নি বলে দুটি নির্মীয়মাণ লঞ্চের কাজ এ বছরে শেষ করা যায়নি।

৮.৩.৩। গাদিয়ারায় একটি নতুন রেস্তোরাঁ এবং মেদিনীপুর শহরে একটি নতুন পর্যটক আবাস নির্মাণের কাজ প্রায় শেষ। কিন্তু খরচ বেড়ে যাওয়ার কারণে ভারপ্রাপ্ত সংস্থা সংশোধিত খরচের প্রস্তাব পেশ করায় বিষ্ণুপুর ও বহরমপুর পর্যটক আবাসের সংস্কারের কাজ শেষ হয়নি।

৮.৩.৪। মাইথন এবং মাদারিহাটে বর্তমান পর্যটক আবাসগুলি সম্প্রসারণের যে প্রকল্প কেন্দ্রীয় বনবিভাগের আপত্তিতে আটকে ছিল, তার মধ্যে কেবল মাদারিহাটের আবাসটির ক্ষেত্রে উক্ত বিভাগের ছাড়পত্র মিলেছে। মাইথনের জন্য ছানপত্র এখনও পাওয়া যায়নি। উত্তর ২৪-পরনার পারমাদান এবং মেদিনীপুরের কাঁকড়াঝোরের দুটি বিভাগীয় পর্যটক আবাসের ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, যেহেতু ওই দুটি আবাসই বনদপ্তরের জমিতে অবস্থিত অতএব ওই দুটিই বনসম্পর্কীয় তথ্যকেন্দ্র তথা যাদুঘর করার জন্য বনদপ্তর অথবা বন উন্নয়ন নিগমের হাতে তুলে দেওয়া হবে।

৮.৩.৫। দার্জিলিং পার্বত্য অঞ্চলের পর্যটকদের সুবিধাব জন্য বন দপ্তরের সঙ্গে ব্যবস্থাক্রমে পর্যটন দপ্তর লাভা, লোলেগাঁও ও লেপচাজগতের বন বাংলোগুলি সংরক্ষণের

দায়িত্ব নিয়েছেন। মংপু ও মনসং-এর ইন্সপেকশন বাংলোগুলির সংরক্ষণের ব্যাপারেও শিল্প ও বাণিজ্য বিভাগের সঙ্গে আলোচনা করছেন পর্যটন দপ্তর।

৮.৩.৬। মেদিনীপুর জেলার কোলাঘাট ও শঙ্করপুরে, বাঁকুড়া শহরে, বর্ধমান শহরে, জলপাইগুড়ি শহরে এবং রাণাঘাটের কাছে মঙ্গলদ্বীপে পর্যটক সুবিধা নির্মাণের ব্যাপারে নকশা এবং খরচের অনুমোদন হয়ে গিয়েছে। নির্মাণ কাজ শুরু করার জন্য ভারপ্রাপ্ত সংস্থাকে অর্থ বরাদ্দ দেওয়া ব্যবস্থা করা হচ্ছে।

৮.৩.৭। দুর্গাপুর পথিক মোটেল, ব্যারাকপুর পর্যটক আবাস এবং মরগ্যান হাউস পর্যটক আবাসের সম্প্রসারণের পরিকল্পনা ভারত সরকার ১৯৯৬-৯৭ সালের শেষের দিকে অনুমোদন করেছেন। এ বাবদ আর্থিক সাহায্যের প্রথম কিস্তিও তারা দিয়েছেন।

৮.৩.৮। কেন্দ্রীয় প্রকল্পের অধীনে আলিপুরদুয়ার, কৃষ্ণনগর, মথুরা বিল এবং নরঘাটে পর্যটনকেন্দ্র নির্মাণের জন্য একটি প্রস্তাব ১৯৯৭-৯৮ সালে ভারত সরকারের কাছে পেশ করা হয়েছে।

৮.৪। **বেসরকারি ক্ষেত্রের অধীন প্রকল্পগুলির অগ্রগতি**

৮.৪.১। দক্ষিণ ২৯-পরগনা জেলার রায়চকে ও আমতলায় হাওড়া জেলার মুন্সিডাঙ্গায় এবং জলপাইগুড়ি জেলার চালসায় নির্মীয়মাণ তারকা পর্যায়ভুক্ত চারটি পর্যটন প্রক[illegible] ভে [illegible] ১৯৯৭ সালের ফেব্রুয়ারিতে রায়চকের প্রকল্পটির উদ্বোধন হয়ে গেছে। অন্য [illegible] প্রকল্পের নির্মাণের কাজও সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। চালসার প্রকল্পটি ১৯৯৮ সালের মধ্যেই চালু হয়ে যাওয়ার কথা।

৮.৪.২। আই. টি. সি. ওয়েলকাম গ্রুপ, তাজ গ্রুপ এবং এশিয়ান হোটেলস লিমিটেডকে নগর উন্নয়ন দপ্তর এবং কলকাতা পুর নিগম কলকাতার কাছে ই. এম. বাইপাসে ৫ তারা ডিলাক্স হোটেলের জন্য প্রয়োজনীয় জমি দিয়েছেন। কিন্তু তারা এখনও পর্যন্ত আসল নির্মাণকাজ শুরু করেনি। দার্জিলিং জেলার ত্রিবেণী (তিস্তা-রঙ্গিতের মিলনস্থল)-তে একটি রিসর্ট নির্মাণের জন্য বিজ্ঞাপনের মাধ্যমে একটি প্রতিষ্ঠানকে নির্বাচন করা হয়েছে এবং এ কাজের জন্য জমি শীঘ্রই প্রশাসক, দার্জিলিং উন্নয়ন তহবিল কর্তৃক বরাদ্দ করা হবে।

৮.৪.৩। হোটেল ও রিসর্ট নির্মাণের জন্য রাজ্যের বিভিন্ন অঞ্চলে জমি বরাদ্দ করার আবেদন নিয়ে এ পর্যন্ত ৩৩টি প্রতিষ্ঠান এগিয়ে এসেছে। এই সব প্রকল্পগুলির জন্য উপযোগী জমি চিহ্নিত করার ব্যাপারে সি. এম. ডি. এ., আবাসন বিভাগ, নগর উন্নয়ন বিভাগ এবং জেলাশাসকদের সঙ্গে পর্যটন বিভাগ যোগাযোগ রেখে

চলেছেন। স্টেট ইনসেন্টিভ স্কীমের অধীনে নিবন্ধিকরণ শংসাপত্র পাওয়ার জন্য ইতিমধ্যেই ৯টি দরখাস্ত পাওয়া গেছে।

৮.৪.৪। পর্যটন বিভাগ জলপাইগুড়ি জেলায় তিস্তা ব্যারেজে এবং দার্জিলিং জেলায় টাইগার হিলে পর্যটন প্রকল্পে ব্যক্তিমালিকানাধীন ক্ষেত্রের লগ্নির সম্ভাবনা খতিয়ে দেখছেন।

৮.৫। **মেলা ও উৎসব**

পর্যটন বিভাগ বিষ্ণুপুর মেলা এবং দিল্লিতে বাংলা গান ও খাদ্য উৎসব বিরাট সাফল্যের সঙ্গে সংগঠিত করেছেন। প্রচারমূলক কার্যসূচির অঙ্গ হিসাবে পর্যটন বিভাগ বিভিন্ন শিল্প ও সাংস্কৃতিক প্রদর্শনীতেও অংশগ্রহণ করেছেন। এই সমস্ত প্রদর্শনীগুলি রাজ্যের নানান বণিকসভা ও অন্যান্য খ্যাতনামা সংস্থা আয়োজন করে। আন্তর্জাতিক বাজারে পশ্চিমবঙ্গের বিপণন ও সম্ভার-এর প্রচারের উদ্দেশ্যে পর্যটন বিভাগ ১৯৯৭ সালের নভেম্বরে লন্ডনে অনুষ্ঠিত বিশ্ব-পর্যটন বাজারেও অংশগ্রহণ করেছিলেন। এছাড়া, ১৯৯৮ সালের জানুয়ারিতে দিল্লিতে অনুষ্ঠিত জাতীয় পর্যটন সপ্তাহ প্রদর্শনীতে পর্যটন বিভাগের স্টলটি রাজ্য সরকার বিভাগে শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছিল।

৮.৬। **কর্মী প্রশিক্ষণ**

পর্যটক আতিথেয়তা সংক্রান্ত পরিষেবার মান বাড়ানোর লক্ষ্যে এ বছর পর্যটন বিভাগ ও পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের প্রায় ৭০ জন কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এই প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট এবং ইণ্ডিয়ান ইন্সটিটিউট অব বিজনেস ম্যানেজমেন্ট অ্যাণ্ড সোশ্যাল ওয়েলফেয়ার সহায়তা দান করেছে।

৮.৭। **পর্যটন ও উন্নয়ন তথা লগ্নি পরিকল্পনা**

১৯৯৩ সালে প্রস্তুত পর্যটন উন্নয়ন পরিকল্পনাটি ইতিমধ্যেই পরিমার্জিত হচ্ছে। রাজ্যের কিছু কিছু অঞ্চলের জন্য যেমন—কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, সুন্দরবনের জন্য এই পরিকল্পনাটা টাটা কনসালটেন্সি সারভিসেস-কে পরামর্শদাতা হিসেবে নিয়োগ করে ইতিমধ্যেই প্রস্তুত হয়ে গেছে। পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের জন্য ওই ধরনের পরিকল্পনা অন্য একটি পরামর্শদাতা কোম্পানি কর্তৃক নির্মীয়মান। রাজ্যের বাকি অংশের জন্য একই ধরনের পর্যটন উন্নয়ন পরিকল্পনা তৈরিতে অন্য খ্যাতনামা পরামর্শদাতা কোম্পানিকে নিয়োগ করা হবে।

**৯। পর্যটন বিভাগ কর্তৃক অধিগৃহীত ১৯৯৮-৯৯ সালের প্রস্তাবিত কাজকর্ম**

এটি নিঃসন্দেহে সৎ উদ্দেশ্যাবলী-সম্বলিত একটি বিবৃতি। কিন্তু আমি সদস্যদের এ বিষয়ে নিশ্চিত করেছি যে বিভিন্ন আর্থিক ও প্রশাসনিক বাধাবিপত্তি থাকা সত্ত্বেও আমার বিভাগ নিম্নলিখিত উদ্দেশ্যগুলি পূরণে আন্তরিক উদ্যোগ চালিয়ে যাবে।

**৯.১। পর্যটন নীতি ও স্টেট ইনসেনটিভ স্কীমের সম্ভাবনার ব্যাপকতা**

পর্যটন নীতির সুযোগে বৃদ্ধি করতে হবে। এই জন্য রেস্তোরা, বিনোদনের উপকরণ-সম্বলিত উদ্যান, নদীবক্ষে ভ্রমণে / জলক্রীড়া এবং হোটেল ম্যানেজমেন্ট ও ট্রাভেল ম্যানেজমেন্ট-এর সংস্থাগুলিকে এই নীতির আওতায় নিয়ে আসতে হবে। তাছাড়া, পর্যটন ইউনিটগুলির এই সমস্ত ক্ষেত্রে দুটি ইনসেনটিভ স্কীমের অধীনে আরও বেশি মাত্রায় সুযোগ বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য ও শিল্প বিভাগ এবং কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের সঙ্গে কথাবার্তা চলছে।

**৯.২। সরকারি পর্যটন আবাসগুলির সংস্কার**

সরকারি ক্ষেত্রে বর্তমান পর্যটন সুযোগ-সুবিধাগুলির উন্নতিসাধন করার নীতির অঙ্গ হিসাবে অন্ততপক্ষে ১৫-১৬টি বর্তমান পর্যটন আবাসের সংস্কারের কাজ হাতে নেওয়া হতে পারে। এর জন্য আনুমানিক খরচের পরিমাণ ৪০০ লক্ষ টাকা। এ টাকা রাজ্য বাজেট এবং তার সঙ্গে সঙ্গে আর্থিক সংস্থাগুলির কাছ থেকে ঋণ হিসাবে আসবে। এ ছাড়া, মৈনাক পর্যটক আবাসের সংস্কার ও উন্নয়নমূলক যে কাজ ১৯৯৫-৯৬ সালে শুরু হয়েছিল তা ১৯৯৮-৯৯ সালে শেষ হয়ে যাওয়ার কথা।

**৯.৩। চালু নির্মাণকার্য**

গাদিয়ারা ও মেদিনীপুরের নতুন পর্যটক আবাসের সুযোগ-সুবিধা সংক্রান্ত চালু নির্মাণকার্যগুলি ১৯৯৮-৯৮ সালেও চলবে। বিষ্ণুপুর ও বহরমপুর-এ সুযোগ-সুবিধা বাড়ানোর প্রকল্পগুলির কাজ এগিয়ে চলেছে এবং টাকা-পয়সা ঠিকঠাক পাওয়া গেলে ১৯৯৮-৯৯ সালে শেষ হয়ে যাওয়ার কথা।

**৯.৪। নবনির্মিত পর্যটক আবাসগুলির চালুকরণ**

কৈখালি, পিয়ালি, মুকুটমণিপুর ও অযোধ্যা পাহাড়ে নবনির্মিত পর্যটক আবাসগুলির টাকা-পয়সা ঠিকঠাক পাওয়া গেলে ১৯৯৮-৯৯ সালে চালু হয়ে যাবে।

**৯.৫। নতুন পর্যটক আবাস নির্মাণের সূত্রপাত**

কেন্দ্রীয় পরিকল্পনার আওতায় মঞ্জুরীকৃত নতুন পর্যটক আবাস / সুযোগ-সুবিধা নির্মাণের কাজ বর্ধমানে, দুর্গাপুরে, আসানসোলে, বাঁকুড়ায়, শঙ্করপুরে, ধামাখালিতে, মঙ্গলদ্বীপে, নিউজলপাইগুড়ি রেল স্টেশনে, জলপাইগুড়িতে, কোচবিহারে আরম্ভ হবে এবং মেপল পর্যটক আবাস ও রায়গঞ্জ পর্যটক আবাসের সম্প্রসারণের কাজ শুরু হবে। সীমান্ত অঞ্চল উন্নয়ন তহবিল কর্তৃক মঞ্জুরীকৃত একটি পর্যটক আবাস হাজারদুয়ারি প্রাসাদের কাছে লালবাগে নির্মাণের কাজ ১৯৯৮ সালের এপ্রিলে শুরু হবে।

**৯.৬। নতুন প্রকল্পের জন্য সরাসরি কেন্দ্রীয় সহায়তা**

মালদা পর্যটক আবাসের সম্প্রসারণের জন্য এবং বালুরঘাট, সিউড়ি, রামপুরহাট ও ঝাড়গ্রামে নতুন পর্যটক আবাস নির্মাণের জন্য সরাসরি কেন্দ্রীয় সহায়তা পাওয়ার জন্য চেষ্টা করা হবে।

**৯.৭। সুন্দরবন ও ডুয়ার্সে পর্যটন প্রকল্পগুলির জন্য সরাসরি কেন্দ্রীয় সহায়তা**

সুন্দরবন ও ডুয়ার্সে পরিবেশ সচেতন পর্যটন গড়ে তোলার জন্য যে সব প্রস্তাব ভারত সরকারের পর্যটন বিভাগ ও যোজনা আয়োগের কাছে জমা দেওয়া হয়েছে সেগুলির রূপায়ণের জন্য আর্থিক সাহায্য পাওয়ার ব্যাপারে উল্লিখিত কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানানো হবে।

**৯.৮। শঙ্করপুর বেলাভূমির উন্নয়ন**

৮ কিমি দীর্ঘ শঙ্করপুর বেলাভূমির পরিকাঠামোগত উন্নয়নের কাজ পর্যটন বিভাগ হাডকো এবং এন বি বি সি-র সঙ্গে একযোগে হাতে নিয়েছে। এর জন্য হাডকো অর্থ দেবে। বিষয়টি সম্পর্কে ১৯৯৮-৯৯ সালে পর্যটন বিভাগ বিশেষ নজর দেবেন।

**৯.৯। ওয়াটারক্রাফটস**

পর্যটন বিভাগ ইতিমধ্যেই যে প্রস্তাবগুলি জমা দিয়েছেন সেই সমস্ত প্রস্তাব অনুযায়ী যদি রাজ্য অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ দিতে রাজি হন তা হলে যে দুটি লঞ্চ এখন নির্মীয়মাণ সেগুলির নির্মাণ কাজ শেষ হয়ে যাবে ও সেগুলির চালু করা যাবে।

৯.১০। **কর্মী প্রশিক্ষণ ও নতুন প্রশিক্ষণ কেন্দ্র**

পর্যটন বিভাগের ও পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের প্রায় ১০০ জন কর্মীকে রাজ্যে ও রাজ্যের বাইরে প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে পেশাগত প্রশিক্ষণ দেওয়া হবে। রাজ্যে পর্যটন ক্ষেত্রের জন্য পেশাগতভাবে শিক্ষিত লোকের স্থায়ী জোগান নিশ্চিত করার উদ্দেশ্যে কলকাতা, শিলিগুড়ি ও অন্যান্য উপযুক্ত স্থানে, যেখানে প্রচুর হোটেল/রিসর্ট রয়েছে, রাজ্য সরকার নতুন নতুন হোটেল ম্যানেজমেন্ট ও ফুড ক্যাটারিং প্রশিক্ষণ কেন্দ্র খোলার চেষ্টা করবে।

৯.১১। **বিপণন ও প্রচার এবং মেলা ও উৎসব**

পশ্চিমবঙ্গের পর্যটন সামগ্রীর ঠিকঠাক প্রচার ও বিপননের জন্য আদর্শ পর্যটন পুস্তিকা নামকরা বিজ্ঞাপন সংস্থাগুলিকে দিয়ে তৈরি করা হবে। এইসব সংস্থাগুলির নাম ইতিমধ্যেই তালিকাভুক্ত করা হয়েছে। তাছাড়া, রাজ্যে পর্যটন বিভাগ ও পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম পর্যটন উৎসব সংগঠিত করবেন এবং অর্থলগ্নিকারক ও পর্যটকদের আকর্ষণ করার উদ্দেশ্যে জাতী স্তরে/আন্তর্জাতিক স্তরে অনুষ্ঠিত উৎসবগুলিতে অংশগ্রহণ করবে।

৯.১২। **তথ্য ও প্রযুক্তি**

তথ্য প্রযুক্তির ব্যবহার আরও ব্যাপকভাবে করা হবে। রাজ্যস্তরে কম্পিউটার চালিত সংরক্ষণ-তথা-তথ্যকেন্দ্র দুর্গাপুর, শিলিগুড়ি, দিল্লি ও চেন্নাই-এ অবস্থিত আমাদের পর্যটন দপ্তরগুলিতে চালু করা হবে। এর ফলে পর্যটকদের পর্যটন সংক্রান্ত তথ্যাদি যেমন দেওয়া যাবে, তেমনই সরকারি পর্যটক আবাসগুলির সংরক্ষণের ব্যাপারেও পর্যটকদের সুবিধা হবে।

৯.১৩। **ব্যবসায়িক কাজকর্মের হস্তান্তর**

পর্যটন অধিকারের বাদবাকি ব্যবসায়িক কাজকর্ম পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের হাতে তুলে দেওয়া হবে যাতে পর্যটন অধিকার নীতিনির্ধারণ, অর্থ বিভাগের সম্মতি নিয়ে রাজ্যে পর্যটন সংক্রান্ত কাজকর্মের উন্নতিসাধন ও নিয়ন্ত্রণ করতে পারে।

১০। **পশ্চিমবঙ্গ পর্যটন** উন্নয়ন নিগম লিমিটেড

১০.১। ২৯. ৪. ১৯৭৪-এ পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত হয়। এর অনুমোদিত অংশীদারী মূলধন ছিল ২.৫ কোটি টাকা এবং প্রাপ্ত মূলধনের পরিমাণ ছিল ২ লক্ষ টাকা।

এই কোম্পানির দুটি উদ্দেশ্য—(ক) পেশাগত দক্ষতার সঙ্গে পর্যটন বিভাগ/অধিকার-এর ব্যবসায়িক কাজকর্মের পরিচালনা করা ও (খ) রাজ্য সরকারের পক্ষে পর্যটন ক্ষেত্রে একটি কার্যকর উন্নয়নমূলক ভূমিকা পালন করা। পরবর্তীকালে ১৯৯৭ সালের নভেম্বর মাসে অনুমোদিত অংশীদারী মূলধন বেড়ে দাঁড়িয়েছিল ১০ কোটি টাকায় এবং প্রাপ্ত মূলধন ৩১. ১২. ৯৭ তারিখে ১৯৭.৩৭ লক্ষ টাকায় পৌঁছেছে। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সমস্ত অংশীদারী সচিব, পর্যটন বিভাগ এবং অধিকর্তা, পর্যটনের হেপাজতে আছে।

১০.২। প্রাথমিকভাবে ১৪টি পর্যটক আবাস ও তার সঙ্গে পর্যটন বিভাগের ১৭৫ জন কর্মী যারা ওইসব পর্যটক আবাসগুলিতে কাজ করতেন, তাদের পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের হাতে হস্তান্তরিত করা হয়েছিল। পরবর্তীকালে আরও অনেক পর্যটন আবাস, নতুন ও পুরনো দুই-ই, পর্যটন উন্নয়ন নিগমের হাতে তুলে দিয়েছিল এবং নিগমে কর্মরত পর্যটন অধিকারের কর্মীর মোট সংখ্যা বেড়ে দাঁড়িয়েছিল ২২১।

১০.৩। বর্তমানে পশ্চিমবঙ্গে পর্যটন উন্নয়ন নিগম সর্বমোট ৩০টি পর্যটক আবাস চালাচ্ছে। এর মধ্যে ২৬টি পর্যটক আবাসের ঘরের সংখ্যা ৪০০ ও শয্যার সংখ্যা ৯২৫। এই আবাসগুলি চালাচ্ছেন নিগমের নিজস্ব ৬২৫ জন কর্মী। বাকি ১০০টি ঘর ও ২৭০টি শয্যাবিশিষ্ট ৪টি আবাস চালাচ্ছে চুক্তিবদ্ধ পরিচালন সংস্থা। তাছাড়া পর্যটন উন্নয়ন নিগমকে পিয়ালি, কৈখালি, মুকুটমণিপুর ও অযোধ্যা পাহাড়ে অবস্থিত পর্যটক আবাসগুলি অধিগ্রহণ করতে ও চালাতে বলা হয়েছে। পর্যটন উন্নয়ন নিগম নিজস্ব যে ২৬টি আবাস চালাচ্ছে তার মধ্যে ১৬টির মতো আবাস এখন পরিচালনগত উদ্বৃত্ত উৎপাদন করছে।

১০.৪। পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের গত চার বছরের আর্থিক ফলাফল যা নীচে দেওয়া হল তা থেকে বোঝা যাচ্ছে যে, নিগমের আর্থিক অবস্থার খারাপ দশা চলছে ঃ

| বছর | মোট ব্যবসা (লক্ষ টাকা) | লাভ(+)/ক্ষতি(–) অবচয় ও অন্যান্য অ-নগদ ব্যয় ধরে (লক্ষ টাকা) | অপচয় ও অন্যান্য অ-নগদ ব্যয় না ধরে (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| ১৯৯৩-৯৪ (নিরীক্ষিত) | ৬১০.৩৭ | – ৪৭.৭৩ | – ২৪.৭৯ |
| ১৯৯৪-৯৫ (নিরীক্ষিত) | ৪২৪.২৬ | – ৩৪.২৭ | – ৯.৫৭ |

| | | | |
|---|---|---|---|
| ১৯৯৫-৯৬ (নিরীক্ষিত) | ৪৩৯.৮৮ | – ৪৪.২২ | – ১৫.২২ |
| ১৯৯৬-৯৭ (অ-নিরীক্ষিত) | ৯১০.৩০ | – ২০.৪৮ | – ১০.১২ |

১০.৫। পর্যটন উন্নয়ন নিগম যে সব বড় সমস্যার মুখোমুখি যেগুলি হল—(ক) দুর্বল মূলধন ভিত্তি, (খ) আবাসগুলির অমিতব্যয়ী আয়তন, (গ) সংস্কার ও মেরামতের অভাবে এগুলির বাস্তব অবস্থার অবনমন, (ঘ) কর্মীদের পেশাগত দক্ষতার অভাব, (ঙ) বিপণন ও প্রচার এই দুই ব্যবস্থারই অপ্রতুলতা।

১০.৬। অনুমোদিত মূলধনের সীমা ১০ কোটি টাকায় বর্ধিত করে পর্যটন বিভাগ তার পরিকল্পনা বাজেট থেকে অংশীদারী মূলধনে আরও বেশি পরিমাণ অর্থ বরাদ্দ করতে এবং তার মূলধন ভিত্তিকে জোরদার করতে চাইছেন। ছোট ছোট পর্যটক আবাসগুলির সম্প্রসারণের কাজ অগ্রাধিকার প্রাপ্ত কেন্দ্রীয় পরিকল্পনার অংশ হিসেবে ক্রমে ক্রমে হাতে নেওয়া হচ্ছে। পরবর্তী দু বছরের মধ্যে প্রায় ১৬টি আবাসের সংস্কার ও মেরামতের কাজ করার জন্য পর্যটন উন্নয়ন নিগমকে রাজ্য সরকার গ্যারান্টি হিসেবে দাঁড়িয়ে ঋণ পাওয়ার ব্যবস্থা করে দিতে চাইছেন। পর্যটন উন্নয়ন নিগমের সকল শ্রেণীর কর্মিদের নির্দিষ্ট সময় অন্তর পেশাগত প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারটা পর্যটন বিভাগ হোটেল ম্যানেজমেন্ট ও ট্যুরিজম অ্যান্ড ট্রাভেল ম্যানেজমেন্ট কেন্দ্রগুলির সহায়তায় চালিয়ে যাবেন। হোটেল শিল্প থেকে একজন পেশাদারি ব্যক্তিকে পর্যটন উন্নয়ন নিগমের পরিচালন বোর্ডের সভাপতির পদে দায়িত্ব দেওয়া হয়েছে। ১৯৯৮-৯৯ সালে বিপণনের বিষয়টি মজবুত করা হবে এবং প্রচারকার্যের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হবে। আশা করা যায়, যে সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে এবং যে সমস্ত ব্যবস্থার কথা চিন্তা করা হয়েছে সে সবের ফলে পরবর্তী ২-৩ বছরের মধ্যে নিগমের আর্থিক স্বাস্থ্যের উল্লেখযোগ্য উন্নতি হবে।

### ১১। গ্রেট ইস্টার্ন হোটেল

১১.১। ১৮৪০ সাল থেকে দেশের সম্ভবত প্রাচীনতম গ্রেট ইস্টার্ন হোটেল বর্তমান বাড়িতেই কাজ চালিয়ে যাচ্ছে। ১৯৮০ সালে এটিকে জাতীয়করণ করা হয়। হোটেলটিতে অতিথিদের পক্ষে বসবাসের উপযোগী ঘরের সংখ্যা ২০০টিরও বেশি। এখানে চারটে রেস্তোরাঁ, বিভিন্ন মাপের প্রায় এক ডজন ব্যাঙ্কোয়েট হল রয়েছে। এর পাশাপাশি আছে একটি বড় বেকারি। হোটেলটির কর্মী সংখ্যা প্রায় ৬০০।

হোটেলটিকে থাকার জন্য এটির ব্যাপক মেরামতি ও সংস্কার প্রয়োজন।

১১.২। গত চার বছরে হোটেলটির পরিচালনগত ফলাফল নিচে দেখানো হল ঃ

| | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ |
|---|---|---|---|---|
| (ক) ঘর অধিগ্রহণজনিত (%) | ৫০.৯৩ | ৫৪.৫৫ | ৫১.৫০ | ৫৫.২০ |
| (খ) মোট ব্যবসা (লক্ষ টাকায়) | ৬২৭.৬৪ | ৭২৮.২২ | ৭০৯.২৩ | ৮০৫.৬৬ |
| (গ) পরিচালনা থেকে লাভ (লক্ষ টাকায়) (সুদ থেকে উপার্জন ধরে কিন্তু সুদ ও অবচয়ের জন্য খরচ ধরার আগে | ১.৭৪ | ১১৩.৩৪ | ৩৩.৯৩ | ২০.৭৬ |
| (ঘ) মোট লাভ (+) ক্ষতি (–) (লক্ষ কাটায়) (অবচয় ধরে এবং সুদ বাবদ খরচ ধরে | (–)১০৯.৭১ | ৪.৪৫ | (–)৯৫.৬৫ | (–)৮৩.৪৬ |

১১.৩। হোটেল শিল্প থেকে একজন পেশাদারি ব্যক্তিকে হোটেল কর্তৃপক্ষের সর্বক্ষণের সভাপতি হিসেবে নিয়োগ করা হয়েছে। হোটেলের তহবিল থেকে অর্থ দিয়ে ছোটখাটো মেরামতির কাজ, অতিথিদের বসবাসের ঘরগুলো, রেস্তোরাঁগুলোকে নতুন করে সাজানোর কাজ, পুরনো বাতানুকূল ব্যবস্থা, হিমঘর এবং জল সরবরাহ ব্যবস্থা বদলের কাজ করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কিন্তু ওই সব পদক্ষেপগুলি ভোক্তাদের রুচি ও চাহিদা মেটানোর পক্ষে যথাযথ নয়। অন্য অনেক পথের কথা সরকার চিন্তা করছেন। এর ভেতরে আছে হোটেলের সংস্কার, আধুনিকীকরণ ও উন্নয়নের জন্য একটি খ্যাতনামা হোটেল সংস্থার সঙ্গে ব্যবসায়িক লাভজনক সম্পর্ক স্থাপন।

১২। **দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা**

১২.১। যেখানে যেখানে পর্যটন সুযোগ-সুবিধা তৈরি হয়েছে, সেখানে সেখানে পরিবেশ, ঐতিহ্য, ধর্ম এবং স্থানিক সংস্কৃতিকে পর্যটন বিকশিত করে তোলে। পর্যটন হচ্ছে মূলধন নির্ভর এবং এর বিপণন ও প্রচারের জন্য দীর্ঘ সময় প্রয়োজন। সুতরাং, পর্যটন শিল্পে একটি দীর্ঘমেয়াদি নীতি, কর্মপরিকল্পনা এবং একটা সময়পট ধরে লগ্নিকারকদের জন্য ইনসেন্টিভ ও ছাড় প্রদান সম্পর্কিত স্থায়ী ব্যবস্থা দরকার। মার্চ ১৯৯৭-এ আমার বাজেট ভাষণে (অনুচ্ছেদ ১১.২) দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনার

সামগ্রিক পর্যালোচনা সদস্যদের সামনে উপস্থাপিত করা হয়েছিল। যেহেতু উল্লিখিত কর্ম পরিকল্পনাটি পরবর্তী ১০-১৫ বছরে প্রয়োগ করার নিমিত্ত তৈরি একটি পরিপ্রেক্ষিতগত পরিকল্পনা, সেহেতু সদস্যদের অবগতির জন্য সেটি পরবর্তী অনুচ্ছেদগুলিতে আবার তুলে ধরা হয়েছে।

১২.২। বিশ্ব ও জাতীয় পর্যটনের চিত্রটি চোখের সামনে রেখে এবং ইতোমধ্যে ঘোষিত পর্যটন নীতির এবং পর্যটন উন্নয়ন-তথা-লগ্নি পরিকল্পনা যেটা তৈরি হচ্ছে তার সঙ্গে সঙ্গতি রেখে পর্যটন বিভাগ, তার দীর্ঘমেয়াদি পরিকল্পনা হিসাবে, নিম্নলিখিত চেষ্টাসমূহ করবে ঃ

(ক) পর্যটক ও ব্যবসায়িদের সুবিধার্থে রাজ্যের মধ্যে বিভিন্ন জেলাসদর, গুরুত্বপূর্ণ শিল্প শহর এবং তীর্থস্থানগুলিতে পর্যটক আবাস নির্মাণ।

(খ) স্থানীয় মানুষের আবেগের সঙ্গে সঙ্গতি রেখে বিষ্ণুপুর, লালবাগ, গৌড় ও পাণ্ডুয়ায় চিহ্নিত ঐতিহ্যশালী স্থানগুলির ব্যাপক উন্নয়ন।

(গ) সুন্দরবন, ডুয়ার্স এবং রাজ্যের পশ্চিমাঞ্চলের অরণ্য অধ্যুষিত এলাকায় পরিবেশ ও স্থানীয় জনসমাজের সঙ্গে সঙ্গতি রেখে পর্যটনের প্রসার। ওই সব অঞ্চলে পর্যটন প্রসারে খ্যাতনামা উপদেষ্টাদের দ্বারা প্রস্তুত পর্যটন উন্নয়ন তথা লগ্নি পরিকল্পনার আলোকে কাজ করা।

(ঘ) নগর উন্নয়ন বিভাগ ও আবাসন বিভাগের সঙ্গে আলোচনা করে জমি চিহ্নিত করা এবং কলকাতায় বাড়তি ৪,০০০ তারকাখচিত হোটেলঘর ও কেনাকাটার জায়গা নির্মাণে ব্যক্তি-মালিকানাধীন ক্ষেত্রের বড় মাপের লগ্নি আহ্বান করা যাতে কলকাতাকে আন্তর্জাতিকমানের শহরে রূপান্তরিত করা যায়।

(ঙ) কলকাতার মতো জনবহুল শহরে বসবাসকারী বিভিন্ন আয়ের লোকের জন্য কলকাতার ১০০ কিমি. ব্যাসার্ধের ভেতরে ৪০-৫০টি পর্যটক আবাস, ৬টি ডে সেন্টার এবং চড়ুইভাতির স্থান নির্মাণ।

(চ) রাজ্যের মধ্যে সড়কপথে চলাচল যাতে নিরাপদ ও সুখকর করে তোলা যায় সেই লক্ষ্যে সমস্ত জাতীয় ও রাষ্ট্রীয় রাজপথে ৩০-৪০ কিমি. অন্তর পথিপার্শ্বস্থ সুবিধা তৈরি।

(ছ) শঙ্করপুর, বকখালি, ফ্রেজারগঞ্জ ও সাগরদ্বীপে সামগ্রিক সৈকত পর্যটন উন্নয়ন।

(জ) ভবিষ্যতে কর্মী প্রাচুর্য রোধ করতে ও রাজ্য পর্যটন ইউনিটগুলিতে পেশাদারিভাবে শিক্ষিত ও প্রশিক্ষণপ্রাপ্ত মানবসম্পদ নিশ্চিত করতে হোটেল ও ট্রাভেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, ফুড ক্র্যাফট ইনস্টিটিউট ও ওয়াটার ক্র্যাফট ইনস্টিটিউট ইত্যাদি গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্রগুলিতে স্থাপন করা।

(ঝ) সাধারণভাবে পর্যটকদের সুবিধার জন্য পর্যটন বিভাগ, অধিকার, নিগমের সঙ্গে রাজ্যে ও রাজ্যের বাইরে অবস্থিত পর্যটক আবাসগুলির যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ এবং সবশেষে।

(ঞ) পর্যটন নীতির ধারাবাহিক পর্যালোচনা করা, উৎসাহদান ও ছাড়ের প্যাকেজ এবং পর্যটন উন্নয়ন-তথা-লগ্নি প্রকল্প গ্রহণ যাতে দেশের দ্রুত পরিবর্তনশীল পর্যটন চিত্রের সঙ্গে তাল মিলিয়ে চলা যায় এবং পশ্চিমবঙ্গের অবস্থানকে এক আকর্ষণীয় লগ্নির ক্ষেত্র হিসেবে বজায় রাখা যায়।

১২.৩। রাজ্যে পর্যটনের ভবিষ্যত উন্নয়নের মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ক্ষেত্র হচ্ছে ডুয়ার্সের সবুজ অরণ্য ও তার মনোমুগ্ধকর বন্যপ্রাণীর অভয়ারণ্যগুলি এবং সুন্দরবন। এই উন্নয়ন পরিবেশগত পর্যটনের আওতায় পড়বে। এই পরিবেশ সচেতন পর্যটন কাজকর্মের মধ্যে পড়বে একটি নির্দিষ্ট গন্তব্যের বহন ক্ষমতা এবং পরিবেশ সচেতন পর্যটনের নিয়মকানুনগুলো কঠোরভাবে মেনে চলা। আমি মাননীয় সদস্যদের এটা জানাতে পেরে আনন্দিত যে এই লক্ষ্যে আমার বিভাগ রাজ্য সরকারের অন্যান্য বিভাগের সঙ্গে বিশেষত বনবিভাগের সঙ্গে ব্যাপক বোঝাপড়ার ক্ষেত্র প্রস্তুত করতে সমর্থ হয়েছে। তাছাড়া রাজ্যে পর্যটন ইউনিটগুলির কাজকর্ম নিয়ন্ত্রণের জন্য পর্যটন বিভাগ অদূর ভবিষ্যতে পর্যটক ব্যবসায় আইন ও নিয়মকানুন তৈরি করতে চলেছে।

১২.৪। রাজ্য সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনাকে সব ক্ষেত্র থেকে লগ্নি মারফত কাজে রূপায়িত করতে চায়। এই সব ক্ষেত্রগুলো হল—সরকার, সরকারি ক্ষেত্র, ব্যক্তিমালিকানাধীন ক্ষেত্র এবং যৌথ ক্ষেত্র ও নীতি ও পদক্ষেপের যথাযথ মিশ্রণ।

১২.৫। আমি আশা করি পর্যটন শিল্পের সমস্ত অংশ এবং জনগণের সক্রিয় সহযোগিতায় পশ্চিমবঙ্গ তার বিপুল পর্যটন সম্ভাবনা নিয়ে শুধুমাত্র এই দেশের নয়, সমগ্র দক্ষিণ-পূর্ব এশিয়ার পর্যটন মানচিত্রে একটি আলাদা স্থান অধিকার করতে পারবে।

## DEMAND No. 85

## Major Head : 3454—Census, Surveys and Statistics

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,39,65,000 be granted for expenditure under Demand No. 85, Major Head : "3454—Census, Surveys and Statistics".

(This is inclusive of a total sum of Rs. 2,13,00,000 already voted on account)

**DEMAND No. 86**

**Major Head : 3456—Civil Supplies**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,08,52,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies".

(This is inclusive of a total sum of Rs. 1,70,00,000 already voted on account)

**DEMAND No. 87**

**Major Heads : 5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,13,50,000 be granted for expenditure under Demand No. 87, Major Heads : "5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions".

(This is inclusive of a total sum of Rs. 1,05,00,000 already voted on account)

(Budget Speech of Shri Vidyut Ganguly on Demand Nos. 87 & 88 has been printed alongwith the Demand No. 24.)

## DEMAND No. 88

### Major Head : 3475—Other General Economic Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,05,00,000 be granted for expenditure under Demand No. 88, Major Head : "3475—Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 1,68,00,000 already voted on account)

## DEMAND No. 89

### Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,55,00,000 be granted for expenditure under Demand No. 98, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)".

(This is inclusive of a total sum of Rs. 10,18,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Manabendra Mukhopadhyay on Demand Nos. 89 & 82 laid on the Table was taken as read.

## দাবি নং ৮৯

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে, আমি এই প্রস্তাব করতে যে, ৮৯ নং দাবির অন্তর্গত মুখ্য খাত "২২১৫—জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ রোধ)" বাবদ ১৯৯৮-৯৯ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ৩০,৫৫,০০,০০০ টাকা (তিরিশ কোটি পঞ্চান্ন লক্ষ) [ইতিপূর্বে বোট-অন-অ্যাকাউটে গৃহীত ১০,১৮,০০,০০০ টাকা (দশ কোটি আঠার লক্ষ) সমেত] মঞ্জুর করা হোক।

রাজ্যের পরিবেশগত সমস্যাবলী বিশেষ করে শিল্প দূষণের অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে

এবং জাতীয় ও আন্তর্জাতিক পটভূমিকার সাথে সঙ্গতি রেখে, পশ্চিমবঙ্গ সরকার প্রতিটি ক্ষেত্রে পরিবেশগত অবক্ষয়ের হ্রাস এবং নিয়ন্ত্রণের কাজে ব্রতী হয়েছেন। পরিবেশ দপ্তরের প্রধান দায়িত্ব হল অবিরাম তদারকি ও নিয়ন্ত্রণের মাধ্যমে প্রাকৃতিক সম্পদ সমূহের সংরক্ষণ এবং তার সম্যক ব্যবহার।

রাজ্য সরকার বিশ্বাস করেন যে পরিবেশ সংক্রান্ত নিয়মাবলীর কঠোর অথচ পরিচ্ছন্ন প্রয়োগ প্রয়োজন। রাজ্য সরকার এও বিশ্বাস করেন যে পরিবেশ পরিচালন মাধ্যমগুলির ক্ষমতার উন্নতি ঘটিয়ে পরিবেশ পরিচালন ব্যবস্থার জন্য একটা অধিকতর মজবুত ও সাহায্যকারী পরিকাঠামো প্রয়োজন। একটা নিয়ন্ত্রণকারী পদ্ধতি, যতই মজবুত এবং বিশদ হোক না কেন, সভ্য সমাজের নাগরিকদের সহমতের ভিত্তিতেই সবচেয়ে ভালভাবে কাজ করতে পারে, নিয়ন্ত্রণ ক্ষমতার অতি প্রয়োগের মধ্য দিয়ে নয়।

রাজ্য সরকার কাজে কাজেই এই অভিমত পোষণ করে যে পরিবেশ সুরক্ষা ও পরিচালনা শুধুমাত্র একটা বিভাগের দায়ও নয়, বা শুধুমাত্র সরকারের করণীয়ও নয়। কারণ পরিবেশের অবস্থার অবক্ষয় প্রত্যেককেই প্রভাবিত করতে পারে, এবং এর প্রভাব থেকে কেউ-ই অব্যাহতি পেতে পারেন না এবং একটা উন্নত পরিচালন ব্যবস্থায় বা অব্যবস্থায় প্রত্যেকেই লাভবান বা ক্ষতিগ্রস্থ হন। সকলের সহযোগিতা সুনিশ্চিত করতে হলে গণচেতনার বিস্তার, তথ্যের আদান-প্রদান, সকলের অধিকারকে স্বীকৃতি দেওয়া ও কাজকর্ম্মে স্বচ্ছতা আনা প্রয়োজন।

যেহেতু মাননীয় সদস্যবৃন্দ সুবিদিত আছেন যে রাজ্য সরকার একটা গতিশীল শিল্পোন্নয়ন পরিকল্পনা চালু করেছেন তাই নিকট ভবিষ্যতে একটা সংখ্যক উন্নয়ন প্রকল্প রূপায়ণ শুরু হবে যেটা ইতিমধ্যেই সমস্যা জর্জরিত পরিবেশের দৃশ্যপটে নতুন চাপ ও প্রভাব সৃষ্টি করবে। বিষয়টা অর্থনীতি বা শিল্পোন্নয়নের ধারাটাকে শ্লথগতি করে দেওয়া নয়, বরঞ্চ এটা দেখা যে কত ব্যাপকভাবে এবং কত সুন্দরভাবে ভবিষ্যৎ উন্নয়ন পরিচালনা করা যায়। এটা আমাদের এমন একটা জায়গায় নিয়ে যাবে যেখানে পরিবেশ সংক্রান্ত বিষয়গুলি বিচক্ষণ সিদ্ধান্ত গ্রহণের সর্বস্তরে স্থান করে নেবে। এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার উন্নয়নমুখী ও পরিবেশমুখী লক্ষ্যদ্বয়ের মধ্যে সমন্বয় সাধনের জন্য একটা পরিবেশনীতি গ্রহণ করেছেন। রাজ্য সরকার ভালভাবেই অবগত আছেন যে একটা নির্দিষ্ট পর্যায়ের পর পরিবেশ ও উন্নয়নের মধ্যে কোনও দ্বন্দ্ব থাকার কথা নয়। বাস্তবিকপক্ষে সমাজের সর্বস্তরে সহযোগিতা ও সমর্থন দ্বারা, উন্নয়ন ও পরিবেশের লক্ষ্যসাধনের মধ্যে অর্থপূর্ণ এবং সচেতন মেলবন্ধন ঘটানো যায়। রাজ্যের বর্তমান শিল্পবৃদ্ধি ও পরিকাঠামোর লভ্যতা, বর্তমান শিল্পে ক্রমোন্নত কারিগরি কৌশল প্রয়োগ, পরিবেশ সহায়ক নতুন শিল্পকর্ম প্রণালী, দূষণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধক ব্যবস্থাপনা প্রভৃতিকে

সমগ্র পদ্ধতির অঙ্গ হিসাবে দেখা উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দপ্তর আসন্ন নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়সীমাকালে গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসাবে নিম্নলিখিত বিষয়গুলিকে সনাক্ত করেছে।

ইনস্টিটিউট অব ওয়েটল্যান্ড ম্যানেজমেন্ট অ্যান্ড ইকলজিক্যাল ডিজাইন (আই. ডাব্লিউ. এম. ডি.) ঃ এই প্রতিষ্ঠান আগামী ১লা এপ্রিল ১৯৯৮ এ বিজ্ঞান ও কারিগরি বিভাগ থেকে পরিবেশ দপ্তরে হস্তান্তরিত হচ্ছে যার জন্য প্রস্তাবিত ব্যয়-বরাদ্দে এই সংস্থার জন্য আর্থিক বরাদ্দ রাখা হয়েছে। আশা করা যায় এই সংযোজন বিভাগের গবেষণা ও উন্নয়নকে সমৃদ্ধ করবে।

পরিবেশ সচেতনতা কর্মসূচি ঃ এর অধীনে বর্তান আর্থিক বছরে কলকাতা ও আলিপুরদুয়ারে বিরাটভাবে "পরিবেশের জন্য হাঁটুন" কর্মসূচির আয়োজন করা হয়েছিল। এ ছাড়াও বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের জন্য অনেকগুলি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। পরিবেশ সচেতনতা কর্মসূচি পালনের জন্য সমস্ত জেলাই পঞ্চায়েত সমিতি স্তর পর্যন্ত, 'বিশ্ব পরিবেশ দিবস' এবং এর পরবর্তী কার্যক্রম রূপায়ণের জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। কলকাতার দূষণের উপর শ্রাব্য-দৃশ্য অবলম্বিত একটি চিত্রও তৈরি হচ্ছে।

রাজ্য পরিবেশ পরিস্থিতি ঃ সমগ্র পশ্চিমবঙ্গের পরিবেশের বর্তমান পরিস্থিতি সংক্রান্ত একটা প্রতিবেদন তৈরি করা হচ্ছে। একটা অন্তর্বর্তী প্রতিবেদন ইতিমধ্যেই তৈরি হয়েছে এবং এটা আশা করা যাচ্ছে যে চূড়ান্ত প্রতিবেদন আগামী বছরের প্রথমদিকেই তৈরি হয়ে যাবে।

গবেষণা ও উন্নয়ন ঃ পরিবেশ বিভাগ বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান সমূহের মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহ করে। বর্তমান আর্থিক বছরে চারটি চালু প্রকল্প ছাড়াও 'ইকো-টক্সিকোলজি', 'জীব বৈচিত্র্য' এবং 'মানবদেহে বিষাক্ত ধাতবের সঞ্চয়' বিষয় সমূহের উপর আরও চারটি নতুন প্রকল্প অনুমোদিত হয়েছে।

বিপজ্জনক বর্জ্যের পরিচালন ব্যবস্থা ঃ বর্তমানকালে এটা একটা অতি প্রয়োজনীয় ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সঠিক পরিবেশগত প্রভাব পরিমাপের পর বর্জ্য নষ্ট করার জন্য নির্দিষ্ট অঞ্চলগুলি নির্বাচনের জন্য ২৪ পরগনা (উঃ ও দঃ), হাওড়া, হুগলি, বর্ধমান ও মেদিনীপুর জেলার হলদিয়া প্রভৃতি অগ্রাধিকারপ্রাপ্ত অঞ্চলগুলির কাজ হাতে নেওয়া হয়েছে। হলদিয়ায় সঠিক পরিবেশগত প্রভাব নির্ধারণের পর সম্প্রতি স্থান নির্বাচন করা হয়েছে। সনাক্ত করা অঞ্চলগুলিতে পরিবেশগত প্রভাব নির্ধারণের পর অন্যান্য অঞ্চলগুলিতেও অনুরূপ সনাক্তকরণ করতে হবে।

- বায়ু ও জলদূষণ তদারকি ঃ বিভিন্ন জেলায় চব্বিশটি অঞ্চল সহ কলকাতায় নিয়মিত বায়ুদূষণ তদারকি করা হয়। আরও কতগুলি অতিরিক্ত বিষয় পরিমাপ করা দরকার। চারটি বিভিন্ন স্থানে গঙ্গাজল পরীক্ষার কাজ আগামী আর্থিক বছরেও চলবে। এটা লক্ষ্য করে পুনরায় নিশ্চিন্ত হওয়া যায় যে, বহরমপুর ও ডায়মন্ডহারবারের মধ্যে গঙ্গাজলের বিওডি পরিমাপ কখনও অনুমোদিত সীমা লঙ্ঘন করেনি। ১৯৯৮-৯৯ সালে এই কাজ আরও কয়েকটি নদীর ক্ষেত্রে প্রসারিত হবে বলে আশা করা যায়।

- স্থানীয় যৌথ পরিবেশ পরিচালন ব্যবস্থা ঃ বিগত আর্থিক বছরে স্থানীয় যৌথ পরিবেশ পরিচালন ব্যবস্থা প্রকল্প চালু হয়েছে। এই ব্যবস্থাপনা রাজ্যের পাঁচটি বিভিন্ন কেন্দ্রে শুরু হয়েছে এবং আমি আগামী বছর এই কাজের আরও সম্প্রসারণ করার আশা রাখি।

- উপকূলবর্তী অঞ্চল ব্যবস্থাপন পরিকল্পনা (সি. জিড. এম. পি.) পরিবেশ দপ্তর ইতিমধ্যেই রাজ্যের ২২০ কি.মি. বিস্তৃত উপকূলবর্তী রেখা বরাবর উপকূলবর্তী অঞ্চল ব্যবস্থাপন পরিকল্পনা গ্রহণ করেছে, কিন্তু ঐ প্রকল্পকে মাঝে মাঝেই পরিবর্ধন করে তোলার প্রয়োজন হবে।

- জীব-বৈচিত্র্য সংরক্ষণ পরিকল্পনা প্রাকৃতিক জীব বৈচিত্র্যগুলিকে হারিয়ে যাবার হাত থেকে রক্ষার জন্য জীব বৈচিত্র্যের সংরক্ষণ প্রয়োজন। আমরা রাজ্যের জন্য একটা জীব বৈচিত্র্য সংরক্ষণ প্রকল্প গ্রহণের পরিকল্পনা প্রস্তাব করছি।

- কলকাতা পরিবেশ ব্যবস্থাপন কৌশল ও কর্ম পরিকল্পনা প্রকল্প (সি. ই. এম. এস. এ. পি.) ঃ এটি ব্রিটিশ সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের যৌথ উদ্যোগে গঠিত হয়েছে এবং আড়াই বছর কাজ করার পর ৩১শে অক্টোবর, ১৯৯৭-এ শেষ হয়েছে। প্রতিবেদনগুলি বিভিন্ন সরকারি দপ্তর, অন্যান্য প্রতিষ্ঠান, পৌর প্রতিষ্ঠান, কর্পোরেশন, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান প্রভৃতি জায়গায় বিলি করা হয়েছে। প্রতিবেদনের কয়েকটি সুপারিশকে ধাপে ধাপে রূপায়িত করার কাজ হাতে নেওয়া হয়েছে। সি. ই. এম. এস. এ. পি. কর্ম পরিকল্পনা কয়েকটি প্রকল্পকে বৈদেশিক সাহায্যের জন্য নির্দিষ্ট করেছে।

- পশ্চিমবঙ্গ শহর পরিবেশ পরিকল্পনা ঃ কলকাতা পৌর এলাকার বাইরে বেড়ে ওঠা শহরাঞ্চলগুলির পরিবেশগত সমস্যাবলীর বিশ্লেষণ করার জন্য এই প্রকল্পটি বিশ্বব্যাঙ্কের মানবসম্পদ উন্নয়ন কর্মপন্থা (পি. এইচ. আর. ডি.) ও রাষ্ট্রপুঞ্জ উন্নয়ন পরিকল্পনা (ইও. এন. ডি. পি.) অনুদানের সহায়তায় গ্রহণ করা হবে বলে আশা করা যায়। প্রকল্পটি ১৯৯৮-৯৯ সাল নাগাদ শুরু হবে।

আমার বিভাগ ইউ. এস. এ. আই. ডি.-র সহযোগিতায় আসানসোল-দুর্গাপুর অঞ্চলের পরিবেশগত ঝুঁকি পরিমাপ করেছেন এবং এর চূড়ান্ত প্রতিবেদন তৈরি হয়ে গেছে।

তদারকি এবং প্রয়োগ সামর্থকে শক্তিশালী করার জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (পঃ বঃ দূঃ নিঃ পঃ) ১৯৯৫ সালে জাপানের ও. ই. সি. এফ.-এর সহযোগিতায় একটা প্রয়োজনীয় পরিকাঠামো তৈরির কাজে হাত দিয়েছে এবং এটা ১৯৯৯ সালে সম্পন্ন হবে বলে আশা করা যায়।

মাননীয় সদস্যবৃন্দের স্মরণে থাকতে পারে যে, শব্দদূষণ নিয়ন্ত্রণের জন্য বিগত দু'বছরে যথেষ্ট প্রচেষ্টা চালানো হয়েছিল। বিশেষ করে উৎসবের মরশুমগুলিতে মাইক ও বাজির আওয়াজজনিত শব্দদূষণ কমাবার প্রয়াসে বিভিন্ন প্রান্ত থেকে যথেষ্ট সমর্থন পাওয়া গেছে। রাজ্যের শান্তিপ্রিয় মানুষজনের সমর্থনে আমরা এই দূষণ আরও কমাবার আশা পোষণ করি। গাড়ি থেকে এয়ার-হর্নজনিত শব্দদূষণ রোধে অনুরূপ কর্মসূচি আমরা সাফল্যের সঙ্গে রূপায়িত করেছি। কিন্তু মালিক, গাড়ির চালক এবং আপামর জনসাধারণ যারা মূখ্যত এই দূষণের শিকার, তাদের সচেতন করাই মুখ্য প্রচেষ্টা হওয়া উচিত এবং আমরা এই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। এটা উল্লেখ করা যায় যে এই ব্যাপারে আমরাই দেশের মধ্যে পথ-প্রদর্শনকারী।

এই ব্যাপারে বিচারলয়ের সিদ্ধান্তসমূহ, যা জনগণের মধ্যে যথেষ্ট বিতর্ক ও উত্তেজনা সৃষ্টি করেছে, এ সম্বন্ধে মাননীয় সদস্যবৃন্দ অবশ্যই অবহিত আছেন, এর বর্তমান অবস্থা নিচে দেওয়া হল ঃ

ভারতের মহামান্য সুপ্রিম কোর্ট একটা উল্লেখযোগ্য আদেশনামায় কলকাতা হাইকোর্টে পরিবেশ আদালত গঠনের নির্দেশ দিয়েছেন এবং ঐ পরিবেশ আদালত পশ্চিমবঙ্গে ৬৮ ধরনের শিল্পের অবস্থার তদারকিরও নির্দেশ দিয়েছেন। মহামান্য সুপ্রিম কোর্ট পঃ বঃ দূঃ নিঃ পঃ-কে উপরিল্লিখিত শিল্প সংস্থাগুলির যেখানে শ্রমিকেরা উৎপাদনের কাজে নিযুক্ত সেই কর্মস্থান ছাড়াও সাধারণভাবে দূষণ নিয়ন্ত্রণ পদ্ধতির সমীক্ষা করারও নির্দেশ দিয়েছেন এবং যারা এখনও দূষণ নিয়ন্ত্রণের জন্য কোনও ব্যবস্থা নেয়নি বা মহামান্য সুপ্রিম কোর্টের কাছে কোনও প্রতিবেদন পেশ করেনি তাদের বিরুদ্ধে উপযুক্ত আইনি ব্যবস্থা নিতে বলেছেন।

বিপদের সম্ভাবনা আছে অথচ দূষণ নিয়ন্ত্রণ পদ্ধতি ছাড়াই চলছে এমন ৩,০০০ শিল্প সংস্থাকে পর্ষদ সনাক্ত করেছে। অবস্থার একটি প্রতিবেদন মহামান্য হাইকোর্টের কাছে অবগতির জন্য পেশ করা হয়েছে।

শ্রমাধ্যক্ষ, পশ্চিমবঙ্গ সরকার ও পঃ বঃ দূঃ নিঃ পঃ-এর কাছ থেকে প্রতিবেদন পাবার পর মহামান্য সুপ্রিম কোর্ট চিচুগেরিয়া স্টোন ক্রাসিং সংস্থার বৃত্তিমূলক রোগাক্রান্তদের এবং মৃত শ্রমিকদের জন্য ক্ষতিপূরণ দেবার আদেশ দিয়েছেন কারণ এসবের জন্য উক্ত শিল্পই দায়ী ছিল।

হাওড়া রেল স্টেশন দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন করেছে যা এখনও পর্যবেক্ষণের পর্যায়ে আছে। কঠিন বর্জ্য ব্যবস্থাপনের ব্যাপারে হাওড়া রেল কর্তৃপক্ষের সাথে কথাবার্তা হয়েছে এবং এর ফলাফল এখনও পরীক্ষাধীন আছে।

মহামান্য সুপ্রিম কোর্ট দূষণ নিয়ন্ত্রণ আইন লঙ্ঘনের জন্য কেন্দ্র ও রাজ্য অধিগৃহীত শিল্পসহ কতকগুলি শিল্পসংস্থার বিরুদ্ধে ২৫,০০০ টাকা থেকে ৩,৫০,০০০ টাকা পর্যন্ত জরিমানা আরোপ করেছেন। মহামান্য সুপ্রিম কোর্ট নিয়ম লঙ্ঘনের জন্য দীঘার চারটি হোটেল বন্ধের আদেশ দিয়েছেন। দিঘার হোটেলগুলির জন্য একটা যৌথ তরল দূষণ নিয়ন্ত্রণ প্রকল্প (কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট) পরিকল্পনা বিবেচনাধীন আছে।

হাইকোর্টের আদেশনামা

• মহামান্য সুপ্রিম কোর্টের আদেশনামায় গঠিত কলকাতা হাইকোর্টের পরিবেশ বেঞ্চের প্রথম শুনানি হয় ৭ই জুন, ১৯৯৬। তখন থেকে অন্ত ১৫০টি শিল্প সংস্থার মামলা এই বেঞ্চ গ্রহণ করেছে এবং আদালতের নির্দেশে পর্ষদ ১৫০টি শিল্প পরিদর্শন করেছে।

১০৩টি জনস্বার্থবাহি মামলা ছাড়াও পরিবেশ বেঞ্চ সুপ্রিম কোর্ট থেকে হস্তান্তর করা বিষয়গুলির দেখাশুনা করছেন। বেঞ্চের আদেশনামা অনুযায়ী পঃ বঃ দূঃ নিঃ পঃ যে সমস্ত উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছে তা নিচে সংক্ষেপে ব্যক্ত করা হল ঃ

শব্দ ও বায়ুদূষণের জন্য ১২২টি সি. এস. টি. সি. বাস না চালানোর আদেশ দেওয়া হয়েছিল। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের পর এদের আবার চলার অনুমতি দেওয়া হয়েছে।

হাসপাতাল, স্কুল, কলেজ, নার্সিং হোম প্রভৃতি সংলগ্ন এলাকাকে 'শব্দহীন অঞ্চল' বলে ঘোষণা করা হয়েছে।

টালির নালাকে পুনর্নবীকরণ করার জন্য একটা উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়েছে।

ধর্মীয় অনুষ্ঠানসমূহেও মাইকের আওয়াজ ৬৫ ডি. বি. (এ) সীমা লঙ্ঘন করতে দেওয়া হচ্ছে না।

জবাই করার স্থান/কসাইখানাগুলো ঘনবসতিপূর্ণ এলাকা থেকে সরাতে হবে।

পঃ বঃ দূঃ নিঃ পঃ কর্তৃক গৃহীত অন্যান্য আইনি কার্যক্রম ঃ

মানিকতলা এলাকায় সীসা গলানোর কারখানাগুলো পরীক্ষার পর ৫১টির মধ্যে ৯টিকে বন্ধের আদেশ দেওয়া হয়েছে। পর্ষদ দূষণ নিয়ন্ত্রণ আইনগুলি না মানার জন্য ২১টি শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে বন্ধের আদেশ জারি করেছেন এবং ৭২টি শিল্প প্রতিষ্ঠানের উপর দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অবলম্বনের সুনির্দিষ্ট নির্দেশ দিয়ে ব্যাঙ্ক জামিন সম্পাদন করিয়েছেন। পর্ষদ আদেশনামা অমান্য করার জন্য ১৫টি শিল্প সংস্থার ব্যাঙ্ক জামিন বাজেয়াপ্ত করেছেন।

কলকাতার কয়েকটি অগ্রগণ্য হোটেলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে এবং তাদের অনেকেই দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থা অবলম্বন করেছে, কিন্তু তদারকির কাজ এখনও চলছে।

অনেকগুলি পেট্রল পাম্প ও সার্ভিস স্টেশনের বিরুদ্ধে দূষণ নিয়ন্ত্রণ আইনগুলি না মানার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন (আই. ও. সি.), হিন্দুস্থান পেট্রলিয়াম কর্পোরেশন (এইচ. পি. সি.) ও ভারত পেট্রলিয়াম কর্পোরেশন (বি. পি. সি.)-কে নিয়ে একটা সভার আয়োজন করা হয়েছিল। তাতে আই. ও. সি. পেট্রলপাম্পগুলিতে সেবার সুবিধাসহ ই. টি. পি. যোগান দিতে রাজি হয়েছে।

আনন্দের সঙ্গে মাননীয় সদস্যবৃন্দকে আমি এটা অবহিত করছি যে পঃ বঃ দূঃ নিঃ পঃ-এর কেন্দ্রীয় দপ্তর ও আঞ্চলিক অফিসগুলিতে শিল্পদূষণ সম্পর্কিত অভিযোগ পেয়ে তার উপর দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য 'পাবলিক গ্রিভেন্স সেল' খুলেছে। পঃ বঃ দূঃ নিঃ পঃ-এর কেন্দ্রীয় দপ্তরে কলকাতা মহানগরীর অভিযোগগুলি নিয়ে কাজ করা হয় আর আঞ্চলিক অফিসগুলি সেই সেই অঞ্চলের বিষয়গুলি তদারকি করে। অভিযোগকারিদের উপস্থিতিতে পরিদর্শন প্রতিবেদনের উপর ভিত্তি করে, জন শুনানির আয়োজন করা হয় এবং যেখানে সম্ভব অভিযুক্ত ব্যক্তি অভিযোগকারীকে ক্ষতিপূরণের ব্যবস্থা করে। পর্ষদের আইন বিভাগ নির্দিষ্ট সময়সীমার মধ্যে দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অবলম্বনের প্রতিশ্রুতিসহ ব্যাঙ্ক জামিন আরোপ করে ব্যবস্থা গ্রহণ করেছেন এবং যারা পর্ষদের আদেশাবলী মানেনি সেই সমস্ত সংস্থা বন্ধের আদেশনামা জারি করেছেন।

পর্ষদের অধীনে একটা গবেষণা ও উন্নয়ন বিভাগ খোলা হয়েছে শিল্প সংস্থা বিশেষ, করে ক্ষুদ্রায়তন শিল্প সংস্থাগুলোর জন্য কম খরচে কারিগরি উদ্ভাবনের প্রচেষ্টায়, যাতে এরা প্রয়োজনীয় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অবলম্বন করতে পারে। স্টোন ক্রাসার, হেভি বয়লার, স্মল টেক্সটাইল এবং প্রিন্টিং ইউনিয়ের ক্ষেত্রে এই শাখা কম খরচে কারিগরি উদ্ভাবনের একটা অগ্রবর্তী পর্যায়ে আছে।

মনোনীত স্থানীয় প্রতিনিধি, পঞ্চায়েত ও বেসরকারি প্রতিষ্ঠানসূহের সহায়তায় পঃ বঃ দূঃ নিঃ পঃ জনসাধারণের মধ্যে পরিবেশ সম্পর্কিত জ্ঞান বৃদ্ধি করার জন্য গণচেতনা কর্মসূচি চালু করেছে। পর্ষদ বর্তমানে বিপজ্জনক বর্জ্য সৃষ্টিকারী প্রতিষ্ঠানগুলির তালিকা তৈরি করছে। পর্ষদ এ ব্যাপারে ইতিমধ্যেই ৩০০ শিল্পকে সনাক্ত করেছে এবং তাদের বর্জ্যগুলিকে মিয়ন্ত্রণ করার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের কাজ ব্রতী হয়েছে।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জেনে থাকবেন যে পরিবেশ দপ্তর ও পঃ বঃ দূঃ নিঃ পঃ দুটি প্রধান প্রতিষ্ঠান যারা পশ্চিমবঙ্গে পরিবেশ ব্যবস্থাপনার কাজে ব্যস্ত। রাজ্যের পরিবেশ পরিকল্পনা ও ব্যবস্থাপনা অধিকতর শক্তিশালী করার তাগিদে এই দুটো প্রতিষ্ঠানকে আরও শক্তিশালী করা দরকার। বিগত দু'বছরের বেশি সময়ে কিছু বৈজ্ঞানিক, কারিগরি ও প্রশাসনিক পর্যায়ের পদের অনুমোদন দিয়ে পরিবেশ বিভাগ ও পঃ বঃ দুঃ নিঃ পর্ষদ দুটিকেই শক্তিশালী করা সম্ভব হয়েছে। এটা সম্ভব হয়েছে রাজ্য সরকার পরিবেশ সুরক্ষার গুরুত্ব ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের উপর অতিরিক্ত মনোযোগ দিতে সমর্থ হওয়ায়। যা হোক এ দুটোকে শক্তিশালী করা একটা সীমাহীন প্রক্রিয়া হতে পারে না। উভয়েরই দৃশ্যত কোনও প্রভাব ফেলতে হলে একটা সুসংহত, পেশাদারী ও দক্ষ সংস্থা হিসাবে পরিচালিত হওয়া উচিত। জনগণের উৎসাহ ও সহযোগিতা সৃষ্টি, একটা দায়িত্বশীল প্রশাসনিক কাঠামো তৈরি করা ও সম্ভাব্য দূষণকারিরা যাতে স্বেচ্ছায় আইন-কানুন মেনে চলে সরকার সেই ব্যাপারে গুরুত্ব আরোপ করে যাবে। বিভিন্ন সরকারি দপ্তর ও মাধ্যম, যারা উন্নয়নশীল কাজকর্মের অগ্রগতি ঘটায় ও রূপায়িত করে তাদেরও বৃত্তিমূলক নিয়মাবলী মেনে চলতে হবে এবং সুনির্দিষ্ট বৃহৎ প্রকল্পের জন্য আগাম ছাড়পত্র নিতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ থেকে এটা পরিষ্কার যে পরিবেশ দপ্তর রাজ্যের পরিবেশগত সমস্যা সম্বন্ধে পূর্ণ সজাগ এবং সীমিত সম্পদ ও শক্তি নিয়ে যতদূর সম্ভব চেষ্টা করেছে। সন্দেহ নেই আরও অনেক করার আছে এবং আমি সভাকে এই বলে আশ্বস্ত করতে চাই যে সমস্যার মোকাবিলায় আমরা চেষ্টার কোনও ত্রুটি রাখব না।

মহাশয়, এই কথা বলে, আমি প্রস্তাব পেশ করছি যে, ১৯৯৮-৯৯ সালের ব্যয় নির্বাহের জন্য ৮৯ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১৫—জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ রোধ)" খাতে মোট ৩০,৫৫,০০,০০০ টাকা (তিরিশ কোটি পঞ্চান্ন লক্ষ) মাত্র [ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ১০,১৮,০০,০০০ টাকা (দশ কোটি আঠার লক্ষ) সমেত] মঞ্জুর করা হোক।

### ৮২ নং দাবি

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে, আমি প্রস্তাব করতে চাই যে, ৮২ নং দাবির অন্তর্গত মুখ্যখাত, "৩৪২৫—অন্যান্য বৈজ্ঞানিক গবেষণা" বাবদ ১৯৯৭-৯৮ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ৭,৬৩,০০০ টাকা (সাত লক্ষ তেষট্টি জার) [ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে ২,৫০,০০০ টাকা (দুই লক্ষ পঞ্চাশ হাজার) সমেত] মঞ্জুর করা হোক।

২। অনুমোদন ও রূপায়ণের আগে উন্নয়মূলক প্রকল্পগুলির পরিবেশগত প্রবাব নির্ধারণের জন্য একদল কারিগরি বিশেষজ্ঞের প্রয়োজন অনুভূত হয়েছিল যারা এই সমস্ত প্রকল্পের সাথে সংশ্লিষ্ট পরিবেশগত দিকটির প্রারম্ভিক পরিমাপ করবে, যে দপ্তরগুলি অনুমোদন দেয় তাদের সাথে কাজ করবে এবং প্রয়োজনমতো বিশেষজ্ঞের সহায়তা নেবে এবং প্রভাব পরিমাপের কাজ শেষ করতে সহায়তা করবে। সেই অনুসারে, পরিবেশ দপ্তর সচিবালয় স্তরে কারিগরি বিশেযজ্ঞ ও সাহায্যকারী কর্মীবৃন্দদের নিয়ে একটা পরিবেশগত প্রভাব নির্ধারণ বিভাগ স্থাপন করেছেন।

৩। ঐ বিভাগের বেতন ও অন্যান্য খরচপাতির জন্য ব্যবস্থা প্রস্তাবে রাখা হয়েছে।

৪। তাছাড়া, ১৯৯৮-৯৯ সালের বাজেটে এই খাতে বেসরকারি সংস্থা এবং প্রতিষ্ঠান যারা বিভিন্ন বৈজ্ঞানিক গবেষণা ও অধ্যয়নে রত তাদের জন্যও নামমাত্র সংস্থান রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি বলে আমি প্রস্তাব পেশের প্রার্থনা করছি যে, ৮২ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "৩৪২৫—অন্যান্য বৈজ্ঞানিক গবেষণা" বাবদ ১৯৯৭-৯৮ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ৭,৬৩,০০০ টাকা (সাত লক্ষ তেষট্টি জার) ঋইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে ২,৫০,০০০ টাকা (দুই লক্ষ পঞ্চাশ হাজার) সমেতৰ মঞ্জুর করা হোক।

### DEMAND No. 90

### Major Head : 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 240,48,20,000 be granted

for expenditure under Demand No. 90, Major Head : "3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)".

(This is inclusive of a total sum of Rs. 96,19,00,000 already voted on account)

(The Printed Budget Speech of Shri Ashoke Bhattacharya on Demand No. 90 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, দাবি নং ৯০-এর অধীন ১৯৯৮-৯৯ সালের "৩৬০৪—স্থানীয় সংস্থা এবং পঞ্চায়েতিরাজ সংগঠনকে (পঞ্চায়েতিরাজ বাদে) ক্ষতিপূরণ ও দায়িত্ব" বাবদ মুখ্য খাতে ব্যয়ের জন্য মোট ২৪০,৪৮,২০,০০০ টাকা (দুইশত চল্লিশ কোটি আটচল্লিশ লক্ষ কুড়ি হাজার) অনুমোদন করা হোক। এই অঙ্কের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ৯৬,১৯,০০,০০০ টাকা (ছিয়ানব্বই কোটি উনিশ লক্ষ) টাকাও অন্তর্ভুক্ত।

আপনারা জানেন, পৌর বিষয়ক বিভাগ এ-রাজ্যে সাধারণভাবে নিম্নলিখিত দায়িত্বভারগুলি বহন করে থাকে ঃ

(ক) নগর-লক্ষণ-সমৃদ্ধ অঞ্চলের নতুন পৌর-প্রতিষ্ঠান স্থাপন ;

(খ) প্রচলিত পৌর-আইনগুলির প্রয়োজনীয় সংশোধন, পরিবর্ধন ও পরিমার্জন এবং সেই সঙ্গে প্রয়োজনবোধে নতুন আইনের প্রবর্তন ;

(গ) আইনের বিধান অনুযায়ী বিধি ও নিয়মাবলীর প্রবর্তন ;

(ঘ) নিয়মিত পৌর-নির্বাচনের ব্যবস্থাগ্রহণ ;

(ঙ) পৌর উন্নয়নের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ এবং পরিকল্পনাভুক্ত বিভিন্ন অনুদান প্রদান ;

(চ) পৌর-প্রতিষ্ঠানগুলি পরিচালনার জন্য পরিকল্পনা বহির্ভূত বিভিন্ন অনুদান বন্টন ;

(ছ) পৌর-প্রশাসনকে গতিশীল, দক্ষ, জনমুখী, স্বনির্ভর এবং স্বচ্ছ করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

(ক) পশ্চিমবঙ্গে নগরায়নের হার ভারতের গড় নগরায়নের হারের চেয়ে বেশি। সারা ভারতের গণ নগরায়নের হার যেখানে ২৫.৭১ শতাংশ, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেই হার ২৭.৪৮ শতাংশ। স্বভাবতই নতুন নতুন পৌর-প্রতিষ্ঠান স্থাপনের একটি নিরবচ্ছিন্ন চাপ রাজ্য-প্রশাসনের উপর রয়েছে। প্রাপ্ত প্রস্তাবগুলি সেই কারণেই গুরুত্বের সঙ্গে বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার সময়ে এ-রাজ্যে পৌর-প্রতিষ্ঠানের মোট সংখ্যা ছিল ৯০। অতপর প্রতি বছরই এই সংখ্যার সঙ্গে নতুন কিছু পৌর প্রতিষ্ঠান যুক্ত হয়েছে। বর্তমানে এই সংখ্যা ১২২। এর মধ্যে ৬টি মিউনিসিপ্যাল কর্পোরেশনও অন্তর্ভুক্ত। পৌরীকরণের এই প্রক্রিয়া অব্যাহত আছে। প্রসরমান নগর-এলাকায় সুপরিকল্পিত উন্নয়নও এবং পরিষেবা সুনিশ্চিতকরণের স্বার্থেই নতুন পৌর-প্রতিষ্ঠান অগ্রাধিকার ভিত্তিতে স্থাপিত হওয়া প্রয়োজন।

(খ) ৭৪-তম সংবিধান সংশোধন পৌর-প্রশাসনে জাতীয় স্তরে একটি ঐক্য বিধান করেছে। এই সংশোধনের সঙ্গে সমতা রেখে এ-রাজ্যে সমস্ত আইনের পুনর্বিন্যাস যথাসময়ে করা হয়েছে। কিন্তু সমাজ যেহেতু নিয়তই চলিষ্ণু, প্রচলিত আইনের পরিবর্তনও সেই কারণে অনিবার্য। আইনের জন্য পৌর-প্রতিষ্ঠান নয়, পৌর-প্রতিষ্ঠানের জন্যই আইন। এই সবটুকু মাথায় রেখেই এক টি আইনের সংশোধন এ-বছরেই প্রস্তাবিত হয়েছে। এগুলি হল ঃ

(ক) পশ্চিমবঙ্গ পৌর (সংশোধন) বিল, ১৯৯৭

(খ) শিলিগুড়ি পৌর কর্পোরেশন (সংশোধন) বিল, ১৯৯৭

(গ) আসানসোল পৌর কর্পোরেশন (সংশোধন) বিল, ১৯৯৭

(ঘ) চন্দননগর পৌর কর্পোরেশন (সংশোধন) বিল, ১৯৯৭

(ঙ) কলকাতা পৌর কর্পোরেশন (সংশোধন) বিল, ১৯৯৭

বিলগুলি সম্প্রতি রাজ্যপাল ও রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছে এবং আইন-এ রূপায়িত হয়েছে। উল্লিখিত আনিগুলিতে যে সংশোধনগুলি করা হয়েছে, সংক্ষেপে তা হল ঃ

(১) জনসংখ্যা নির্বিশেষে বাধ্যতামূলক ওয়ার্ড কমিটি গঠন ;

(২) দলত্যাগ নিরোধ ব্যবস্থা ;

(৩) পুরসভাগুলির খসড়া ব্যয় অনুমোদনের উর্ধ্বসীমা বৃদ্ধি ;

(৪) পৌর প্রতিষ্ঠানে পরিকল্পনাখাতে অর্থবরাদ্দের এবং তার সদ্ব্যবহারের

বিষয়টির অন্তর্ভূক্তি ;

(৫) পুরসভার নিজস্ব আয়বৃদ্ধির জন্য বিভিন্ন ক্ষেত্রে টোল ও সারচার্জের প্রবর্তন;

(৬) ব্যবসা, বাণিজ্য ও বৃত্তির উপর তালিকাভূক্তির জন্য দেয় অর্থের সীমা ১০ টাকা থেকে ৫০০ টাকায় বৃদ্ধি ;

(৭) বে-আইনি ও বিপজ্জনক গৃহ নির্মাণের ক্ষেত্রে কারাবাস ও জরিমানার ব্যবস্থা;

(৮) ৬০ দিনের মধ্যে গৃহনির্মাণ নকশা অনুমোদন বাধ্যতামূলক করা, অন্যথায় পরবর্তী ৩০ দিনের মধ্যে অনুমোদন করা না হলে নকশাটি অনুমোদিত বলে গ্রাহ্য করা।

(৯) জেলা পরিকল্পনা পর্যদের মাধ্যমে পৌর উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিশদ পদ্ধতি নির্ধারণ।

এ-ছাড়াও আগামী আর্থিক বছরে নিম্নলিখিত আইনগুলির বিভিন্ন সংশোধনী প্রস্তাব বিধানসভায় উত্থাপনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে ;

(১) হাওড়া পৌর কর্পোরেশন আইন, ১৯৮০ ;

(২) পশ্চিমবঙ্গ পৌর-আইন, ১৯৯৩ ;

(৩) চন্দননগর পৌর কর্পোরেশন আইন, ১৯৯০।

(গ) আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে যে বিধিগুলি বর্তমান বছরে কার্যকর হয়েছে, সেগুলি হল ঃ

(১) পশ্চিমবঙ্গের সঙ্গে (অভ্যন্তরীণ হিসাব-নিরীক্ষা) বিধি, ১৯৯৭ ; (২) শিলিগুড়ি পৌর কর্পোরেশন (রাজ্য সরকার এবং মেয়র-ইন-কাউন্সিল কর্তৃক আধিকারিক নিয়োগের পদ্ধতি ও যোগ্যতা) বিধি, ১৯৯৭ ; (৩) শিলিগুড়ি পৌর কর্পোরেশন (বেতন ও সুযোগ-সুবিধা) বধি, ১৯৯৭ ; (৪) চন্দননগর পৌর কর্পোরেশন (বেতন ও সুযোগ-সুবিধা) বিধি, ১৯৯৭।

এ-ছাড়া অনুরূপ তিনটি বিধি পশ্চিমবঙ্গ পৌরসভা, আসানসোল এবং হাওড়া পৌর কর্পোরেশনের জন্য বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে।

এ-ছাড়া আগামী আর্থিক বছরে একাধিক বিধি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এগুলির মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হল ঃ

(১) পশ্চিমবঙ্গ পৌর (হিসাব) বিধি ;

(২) শিলিগুড়ি, আসানসোল, চন্দননগর, দুর্গাপুর, পৌর কর্পোরেশনের (গৃহনির্মাণ) বিধি ;

(৩) পশ্চিমবঙ্গ পৌর (গৃহনির্মাণ) বিধি ;

(৪) কলকাতা ও হাওড়া কর্পোরেশন (গৃহনির্মাণ) বিধি।

(ঘ) নিয়মিত পৌর নির্বাচন অনুষ্ঠান বামফ্রন্ট সরকারের একটি ঘোষিত নীতি। স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠানগুলিকে গণতান্ত্রিক মৌল অধিকার প্রদানই এর উদ্দেশ্য। নির্বাচিত জন-প্রতিনিধি-পরিচালিত পৌর-প্রতিষ্ঠানেই জনগণের আশা-আকাঙ্ক্ষার যথার্থ প্রতিফলন ঘটতে পারে। বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার অব্যবহিত পর থেকেই এ-রাজ্যে পৌরসভাগুলিতে সেই কারণেই নিয়মিত নির্বাচন অনুষ্ঠিত হয়ে আসছে। ৭৪-তম সংবিধান সংশোধনের পূর্বে রাজ্য সরকারই এই নির্বাচন পরিচালনা করতেন। পরবর্তীকালে রাজ্য নির্বাচন কমিশনের উপর এই দায়িত্ব ন্যস্ত রয়েছে।

দুর্গাপুর পৌর কর্পোরেশন হলদিয়া নোটিফায়েড অথরিটি এবং কুপার্স ক্যাম্প নোটিফায়েড অথরিটির সাধারণ নির্বাচন এ বছরেই অনুষ্ঠিত হয়েছে। এ-ছাড়াও বারটি পৌরসভায় কাউন্সিলরের শূন্যপদের জন্য উপ-নির্বাচনও অনুষ্ঠিত হয়েছে।

আগামী আর্থিক বছরে হাওড়া পৌর কর্পোরেশনসহ ১৬টি পৌরসভায় সাধারণ নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

এখানে উল্লেখযোগ্য যে, এ-রাজ্যে একটিও অধিগৃহীত পৌরসভা নেই।

(ঙ) বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার আগে এ-রাজ্যে পৌর-উন্নয়ন কর্মসূচি বলতে কিছুই ছিল না, মাথাপিছু উন্নয়ন ব্যয় কখনও এক টাকা অতিক্রম করেনি, পৌর পরিষেবার মানও ছিল অত্যন্ত অনুন্নত এবং অপ্রতুল। পৌর-উন্নয়ন যে জাতীয় উন্নয়ন এবং অর্থনীতির বিকাশে অত্যন্ত গুরুত্বপূর্ণ—একথা বিবেচনা করেই বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হয়েই একটি সুষ্ঠু পৌর-উন্নয়ন নীতি গ্রহণ করে। সুষ্ঠু পৌর-উন্নয়নের স্বার্থেই পৌর বিষয়ক বিভাগ এবং নগর-উন্নয়ন বিভাগের পৃথকীকরণ সম্পন্ন হয়। সি. এম. ডি. এলাকাভুক্ত পৌরাঞ্চলের উন্নয়নের দায়িত্ব অর্পিত হয় নগর-উন্নয়ন বিভাগের উপর এবং সি. এম. ডি. বহির্ভূত পৌরাঞ্চলের উন্নয়নের দায়িত্ব পৌর বিষয়ক বিভাগের উপর। শহরি দারিদ্র দূরীকরণ প্রকল্প, বস্তি উন্নয়ন এবং দশম অর্থ কমিশনের বরাদ্দিকৃত অর্থে

উন্নয়ন প্রকল্পগুলি এলাকা নির্বিশেষে অবশ্য এই বিভাগ থেকেই নিয়ন্ত্রিত হয়ে থাকে। সি. এম. ডি. এ. এলাকাভুক্ত এবং সি. এম. ডি. এলাকা বহির্ভূত পৌরাঞ্চলের মধ্যে মাথাপিছু উন্নয়ন-ব্যয়ের বিস্তর ফারাক যথাসম্ভব কমিয়ে আনার নীতি আশির দশকের শুরুতেই বামফ্রন্ট সরকার গ্রহণ করে। একই সঙ্গে গৃহীত হয় দরিদ্র শহরবাসীর স্বার্থে বিশেষ প্রকল্প রচনা এবং তার রূপায়ণে অগ্রাধিকার প্রদান।

বিগত আর্থিক বছরে পৌর-উন্নয়নে সামগ্রিকভাবে প্রায় ২৫০ কোটি টাকা আবন্টিত হয়েছে। এ-যাবৎকালের মধ্যে পৌরসভাগুলির এক বছরে উন্নয়নখাতে এখনও এত টাকা পায়নি। এর ফলে পৌর উন্নয়নে মাথা পিছু ব্যয় সি. এম. ডি. এলাকাভুক্ত পৌরাঞ্চলে ১৯৮ টাকা, এবং সি. এম. ডি. বহির্ভূত পৌরাঞ্চলে ১৬৭ টাকায় পৌঁছে যায় এ-বছরের বাজেটেও অনুরূপ বরাদ্দের ব্যবস্থা রয়েছে। পৌরাঞ্চলের সামগ্রিক উন্নয়নের স্বার্থে এই বরাদ্দ পর্যাপ্ত না হলেও এর প্রভাব সুদূর প্রসারী হবে। বিগত কেন্দ্রীয় সরকারের জনমুখী এই নীতির ফলে রাজ্যের পৌরসভাগুলি বিশেষভাবে উপকৃত হয়েছে। বিগত কেন্দ্রীয় সরকারের আরও একটি গৃহীত নীতি ছিল কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পগুলি পুরোপুরিভাবে রাজ্যের হাতে সমর্পণ এবং এগুলি রূপায়ণে প্রয়োজনীয় অর্থের বরাদ্দ করা। এর ফলে রাজ্যস্তরে প্রকল্পগুলি রূপায়ণে পৌর-প্রতিষ্ঠানের হাতে অধিকতর স্বাধীনতা অর্পণের সুযোগ হত। বর্তমানে কেন্দ্রের নতুন সরকার এ-বিষয়ে অনুকূল সিদ্ধান্ত নিলে পৌরসভাগুলি উপকৃত হবে।

পৌর উন্নয়নে দরিদ্র মানুষের জীবন-যাত্রার মান উন্নয়নে বিশেষ জোর দেওয়া হয়েছে। শুরু থেকেই বামফ্রন্ট সরকার এই নীতির পরিপোষক। ৭৪-তম সংবিধান সংশোধনে দ্বাদশ তফসিলে এই কর্মসূচিকে গুরুত্বপূর্ণ আকারে তুলে ধরা হয়েছে। কিন্তু দারিদ্রসীমার নিচে অবস্থানকারী শহুরে মানুষের হার নির্ণয়ে কেন্দরীয় স্তরে কিছু বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। লাকড়াওয়ালা কমিটির সুপারিশে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই হার ছিল ৩৯ শতাংশ। কিন্তু সম্প্রতি কেন্দ্রীয় যোজনা কমিশন এই হার ২২.৪ শতাংশে পুনঃনির্ধারিত করেছেন। ভিত্তিতে এই পুর্নবিন্যাস, আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বিস্তৃতভাবে তা জানতে চেয়েছি। দারিদ্রসীমার নিচে মানুষের সংখ্যা এ-রকম আকস্মিকভাবে কমিয়ে আনায় পৌরাঞ্চলে বিভ্রান্তি এবং অসন্তোষ অস্বাভাবিক নয়।

ইতিপূর্বে চালু নেহরু রোজগার যোজনা, দরিদ্রদের জন্য শহরি মৌল পরিষেবা এবং প্রধানমন্ত্রীর নিবিড় শহরি দারিদ্র দূরীকরণ প্রকল্পগুলিকে একত্রিত করে ১৯৯৭-এর ১লা ডিসেম্বর থেকে স্বর্ণজয়ন্তী শহরি রোজগার যোজনা চালু করা হয়েছে। রাজ্যের সমস্ত পৌরাঞ্চলেই এটি প্রযোজ্য হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার দারিদ্রসীমার নিচে অবস্থানকারী শহুরে মানুষের সংখ্যা পুনঃনির্ধারণের ফলে ৩৯ শতাংশ মানুষের জায়গায়

এখন ২২.৪ শতাংশ মানুষের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে। এর ফলে ৭২ লক্ষ মানুষের জায়গায় উপকৃত হবেন ৪১.৬ লক্ষ মানুষ। রাজ্যের গরিব শহুরে মানুষের স্বার্থ এতে ক্ষুন্ন হবে বলেই আমাদের বিশ্বাস। প্রকল্পটির প্রাথমিক পর্যায়ের কাজ শুরু হয়ে গিয়েছে। স্বনিযুক্তি প্রকল্পের সঙ্গে এই যোজনায় দরিদ্র মহিলাগোষ্ঠীর অর্থনৈতিক বিকাশ, বিভিন্ন অর্থকরি প্রশিক্ষণ, সঞ্চয় ও ঋণদান এবং আর্থ সামাজিক উন্নয়নের বিশেষ উদ্যোগ গৃহীত হবে। এই যোজনা রূপায়ণে দারিদ্রসীমার নিচে অবস্থানকারী শহরবাসিনীরাই সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সকলের সক্রিয় অংশগ্রহণের ফলে এই প্রকল্প যথার্থভাবেই জনগণের প্রকল্পে রূপায়িত হবে।

খাটা পায়খানা অপসারণ করে সেখানে স্বল্পমূল্যের স্বাস্থ্যসম্মত শৌচাগার নির্মাণের প্রকল্পটি এখন পূর্ণোদ্যমে চলছে। প্রায় এক লক্ষ শৌচাগার নির্মাণের কাজ শেষ হয়েছে। আগামী ২০০০ সালের মধ্যে অবশিষ্ট ১.৭৫ লক্ষ শৌচাগার নির্মাণের কাজ শেষ হয়ে যাবে। মাথায় করে বহনের ন্যক্কারজনক অমানবিক সাবেকি প্রথার এভাবেই অবসান ঘটবে।

ক্ষুদ্র ও মাঝারি শহরের নিবিড় উন্নয়ন (IDSMT) প্রকল্পের কাজ বর্তমান বছরে কেন্দ্রীয় বরাদ্দের অভাবে বিশেষভাবে বিঘ্নিত হয়েছে। আর্থিক বছরের শেষ পর্যায়ে কিছু অর্থ সম্প্রতি পাওয়ায় কাজটি ত্বরান্বিত করার চেষ্টা চলছে। কিছু কিছু পুরসভায় উপযুক্ত জমির অভাবে প্রকল্প রূপায়ণের কাজ বিলম্বিত হচ্ছে। বিষয়টি জটিল হলেও সমাধানের প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

জাতীয় বস্তি উন্নয়ন, মৌল ন্যূনতম পরিষেবা এবং দশম অর্থ কমিশন-এর বরাদ্দিকৃত অর্থ বিগত আর্থিক বছর থেকেই পুরসভাগুলি পাচ্ছে। গত বছরের মতো এ-বছরেও এই প্রকল্পগুলিতে সমপরিমাণ অর্থ বরাদ্দ রাখা আছে। মৌল ন্যূনতম পরিষেবার বরাদ্দিকৃত সম্পূর্ণ অনুদানই ইতিমধ্যে আবন্টিত হয়েছে। অন্য দুটি প্রকল্পের ক্ষেত্রে প্রথম কিস্তির অনুদান আবন্টিত হলেও অবশিষ্ট অংশ এই আর্থিক বছরেই আবন্টিত হবে বলে আশা করা যায়।

স্বর্ণজয়ন্তী শহরি রোজগার যোজনার মতো উপরোক্ত প্রকল্পগুলিও সমষ্টি উন্নয়ন সমিতি দ্বারা রচিত এবং রূপায়িত হবে। এর ফলে প্রকল্পের অর্থ সঠিক কাজে সঠিকভাবে ব্যয়ের পথ সুনিশ্চিত হবে। শহর পর্যায়ে পৌরসভা, জেলা পর্যায়ে জেলা শহর উন্নয়ন সংস্থা (DUDA) এবং রাজ্য পর্যায়ে রাজ্য শহর, উন্নয়ন সংস্থা (SUDA)—এই প্রকল্পগুলি রূপায়ণে নজরদারি করবে। বিকেন্দ্রীকৃত পৌর কারিগরি অধিকার এবং স্থানীয় সংস্থাগুলির অধিকার এ-ব্যাপারে সম্পূর্ণ সহযোগিতা করবে।

এ-ছাড়াও পানীয় জলের উৎস নির্মাণ, পৌরাঞ্চলের সাধারণ উন্নয়ন, পৌর বস্তির পরিবেশগত উন্নয়ন, নতুন ও পুরাতন পৌরসভার অফিস-গৃহ নির্মাণ ইত্যাদি প্রকল্পগুলির কাজও অব্যাহত আছে।

এ-বছরের সবচেয়ে উল্লেখযোগ্য পদক্ষেপ হল বিদেশি অর্থ লগ্নি করে সি. এম. ডি. এলাকা-বহির্ভূত পৌরাঞ্চলের উন্নয়ন সাধনের উদ্যোগ। একাধিক প্রস্তাব এ-ব্যাপারে কেন্দ্রীয় সরকারের বিবেচনার জন্য পাঠানো হয়েছিল। এর মধ্যে জার্মানির আর্থিক সহায়তায় ৮০টি পৌরাঞ্চলে তরল বর্জ্য ও ২০টি পৌরাঞ্চলে কঠিন বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা প্রকল্পে প্রাথমিক অনুমোদন পাওয়া গেছে। এই দুটি প্রকল্পে আনুমানিক ৪২৫৭ মিলিয়ন টাকা ব্যয়িত হবে। এ-ছাড়া আরও দশটি শহরে পরিকাঠামো এবং পরিষেবা ও পরিবেশ উন্নয়নের জন্য পরিকল্পনা রচনার কাজে বিশ্বব্যাঙ্কের মাধ্যমে ১.৪ মিলিয়ন ইউ. এস. ডলার অনুদান পাওয়া যাবে বলে আশা করা যায়। উন্নয়ন পরিকল্পনা রচনার কাজ শেষ হলে তা রূপায়ণের জন্যও বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ পাবার ব্যাপারে আলোচনা চলছে। এ-ছাড়া বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় আসানসোল পৌর কর্পোরেশন এলাকায় প্রজনন ও শিশু স্বাস্থ্য প্রকল্পটি অনুমোদিত হয়েছে। ৮৮৮.৫২ লক্ষ টাকার এই প্রকল্পে আসানসোল পৌর এলাকার বস্তিবাসী সমস্ত মা এবং শিশু উপকৃত হবেন। অন্য প্রস্তাবগুলি নিয়েও আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রেখে চলেছি। এই প্রকল্পগুলি কার্যকর হলে সি. এম. ডি. বহির্ভূত পৌরাঞ্চলের পরিকাঠামো, পরিষেবা এবং পরিবেশে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হবে। স্ব-নির্ভরতার পথে এগিয়ে যাবে পৌর-প্রশাসন।

(চ) পরিকল্পনা-বহির্ভূত খাতে মহার্ঘভাতার ৮০ শতাংশ, মোটর ভেহিক্যাল ট্যাক্স, প্রমোদকর ইত্যাদি বাবদ অনুদান বিগত বছরের মতো এবারেও আবন্টিত হয়েছে। রাজ্য অর্থ কমিশনের সুপারিশগুলি নীতিগতভাবে রাজ্য সরকার গ্রহণ করলেও এখনও এগুলি কার্যকর হবার অপেক্ষায়। বর্তমান বছরে এ-বাবদ ৩০১.৭৪ কোটি টাকা বরাদ্দের মধ্যে এর মধ্যেই ২৬৭.৫৩ কোটি টাকা আবন্টিত হয়ে গেছে। অবশিষ্ট অর্থও বর্তমান আর্থিক বছরের মধ্যেই আবন্টিত হবে বলে আশা করা যায়।

(ছ) উন্নয়ন ও উন্নয়ন বহির্ভূত খাতে অধিকতর অনুদান বরাদ্দের সঙ্গে সঙ্গে পৌরসভাগুলির অভ্যন্তরীণ আয়ের উৎস বৃদ্ধির দিকেও বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে। কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ এ-ব্যাপারে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। ইতিমধ্যেই ১০৩টি পৌরসভার মূল্যায়নের কাজ শেষ করেছে এই সংস্থা। এর ফলে এই পৌরসভাগুলির সম্পদ কর ২৫.৬১ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৯০.৫৯ কোটি টাকায় পৌঁছেছে। আগামী বছরে আরও ২০টি পৌরাঞ্চলের মূল্যায়নের কাজ শেষ হবে বলে আশা করা যায়। আর্থিক স্বনির্ভরতার পথে এই পদক্ষেপ আমাদের আরও আত্মবিশ্বাসী করে তুলবে।

পৌরসভাগুলির বাৎসরিক হিসাব পরীক্ষার দায়িত্ব ন্যস্ত রয়েছে একজামিনার অব লোকাল অ্যাকাউন্টস-এর উপর। কিন্তু অপ্রতুল কর্মী ও অফিসার-এর জন্য এই পরীক্ষার কাজ প্রায়শই বিলম্বিত হয়। সেই কারণে একজামিনার অব লোকাল অ্যাকাউন্টস-এর বিধিবদ্ধ হিসাব-সাপেক্ষে চুক্তি-ভিত্তিক আলাদাভাবে দক্ষ ও অভিজ্ঞ হিসাব-পরীক্ষক নিয়োগ করে সমস্ত বকেয়া হিসাবের অভ্যন্তরীণ পরীক্ষা নিশ্চিত করার ব্যবস্থা দ্রুত গৃহীত হচ্ছে। এর ফলে পৌর অর্থ ব্যবস্থায় শৃঙ্খলা ও স্বচ্ছতা সুনিশ্চিত হবে।

প্রশাসনিক দক্ষতা অভ্যন্তরীণ যোগাযোগের আধুনিকীকরণের জন্য পৌরসভাগুলিকে ফ্যাকস, জেরক্স এবং কম্পিউটার দেবার কাজ শুরু হয়ে গিয়েছে। পৌর কর্মচারীর সংখ্যা নিরূপণের কাজটিও সমাপ্ত প্রায়।

পৌরসভাগুলি যাতে মানুষের প্রত্যাশা পূরণে দক্ষতার সঙ্গে সমস্ত কর্মসূচি রূপায়ণ করতে পারে, সে-জন্য ইনস্টিটিউট অব লোকাল গভর্নমেন্ট অ্যান্ড আর্বান স্টাডিজ (ILGUS) প্রয়োজনীয় প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে চলেছে। নির্বাচিত এবং নিযুক্ত—পৌর কর্মোদ্যোগের সঙ্গে জড়িত সকলকেই এই প্রশিক্ষণের আওতায় আনা হচ্ছে। নির্বাচিতা মহিলা কাউন্সিলরদের জন্য বিশেষ প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। সারা বছর ধরেই এই প্রশিক্ষণের কর্মসূচি চলেছে। এ-ছাড়া, ভারত সরকার কর্তৃক উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে দারিদ্র দূরীকরণ কর্মসূচি রূপায়ণে প্রশিক্ষণের জন্য আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে এটি নির্বাচিত হওয়ায় এর কর্মপরিধি আরও বিস্তৃত হয়েছে।

উন্নততর নাগরিক পরিষেবার কাজে কলকাতা পুরসভা প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছে. নিয়মিত জঞ্জাল অপসারণের ফলে রাস্তাঘাট এখন অনেক পরিচ্ছন্ন। হকার-মুক্ত ফুটপাথে অবাধে যাতায়াত সম্ভব হয়েছে। পানীয় জল সরবরাহ এবং জল-নিকাশি ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নতি ঘটেছে। পার্কসার্কাস ও বাগমারি পার্কে দু'টি বৃহৎ জলাধার নির্মাণের কাজ শুরু হয়েছে। বস্তি-উন্নয়ন, জনস্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি মৌল পরিষেবার ক্ষেত্রে লক্ষণীয় পরিবর্তন ঘটেছে। বাড়ি থেকে জঞ্জাল এবং হাসপাতাল ও নার্সিং হোম থেকে চিকিৎসা-সংক্রান্ত বর্জ্য পদার্থ সংগ্রহ করে শহরের স্বাস্থ্যকে সুরক্ষিত করার প্রয়াস অব্যাহত আছে। হাডকোর থেকে ঋণ নিয়ে পলতায় নতুন জল-প্রকল্পের উদ্যোগ গৃহীত হয়েছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের আর্থিক সহায়তায় ও পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নয়নে প্রকল্প রচিত হয়েছে। বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায়ও অনুরূপ আর একটি প্রকল্প রচনার কাজ হাতে নেওয়া হয়েছে। গৃহ নির্মাণ সংক্রান্ত বিধির প্রয়োজনীয় পরিবর্তন কঠোরভাবে তা বলবৎ করার ব্যবস্থা গৃহীত হয়েছে। কর্মচারীদের মধ্যে কর্মশৃঙ্খলা প্রবর্তনে কোনও আপস করা হচ্ছে না। হকারদের পুনর্বাসনের ব্যবস্থা সাফল্যের সঙ্গেই গৃহীত হচ্ছে।

কলকাতার পৌর-প্রশাসনকে যথাসম্ভব বিকেন্দ্রীকৃত এবং জনমুখী করার প্রয়াস অব্যাহত আছে।

বাধ্যতামূলক ওয়ার্ড-কমিটি গঠন, বাৎসরিক প্রশাসনিক প্রতিবেদন, বাৎসরিক আর্থিক প্রতিবেদন ইত্যাদি রচনা এবং প্রকাশের মাধ্যমে পৌর-প্রশাসনকে অধিকতর জনমুখী, গতিশীল দক্ষ এবং স্বচ্ছ করার আন্তরিক প্রয়াস অব্যাহত রাখার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। পৌরাঞ্চলের সর্বস্তরের মানুষের, বিশেষ করে দারিদ্রসীমার নিচে অবস্থানকারী মানুষের, জীবনযাত্রার মানের সার্বিক উন্নয়নের প্রতি আমরা দায়বদ্ধ। প্রতিটি মানুষের অকুণ্ঠ অংশগ্রহণ ও সহযোগিতাই এই পৌর প্রয়াসকে সাফল্যমন্ডিত করবে—এই আশা রেখে সভার অনুমোদনের জন্য আমি আমার বরাদ্দের দাবিগুলি পেশ করছি।

## DEMAND No. 92

**Major Heads : 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,15,00,000 be granted for expenditure under Demand No. 92, Major Heads : "6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 10,72,00,000 already voted on account)

•The Printed Budget Speech of Shri Mrinal Banerjee on Demand No. 92 laid on the Table was taken as read.)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশক্রমে ৯২ নং অনুদানের অধীনে "৪৪০৮-খাদ্য, সংরক্ষণ ও গুদাম খাতে মূলধনী বিনিয়োগ (সরকারি সংস্থাসমূহ)", "৬৮৫৭—রাসায়নিক ও ফার্মাসিউটিক্যাল শিল্পসমূহের ঋণ (সরকারি সংস্থাসমূহ)", "৬৮৫৮—ইঞ্জিনীয়ারিং শিল্পখাতে ঋণ (সরকারি সংস্থাসমূহ)" এবং "৬৮৬০—ভোগ্যপণ্য শিল্পখাতে ঋণ (সরকারি সংস্থাসমূহ)"

খাতে, ৩২,১৫,০০,০০০০ (বত্রিশ কোটি পনের লক্ষ) টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুর করার প্রস্তাব করছি। [ভোট-অন-অ্যাকাউন্ট-এ প্রস্তাবিত ১০,৭২,০০,০০০ (দশ কোটি বাহাত্তর লক্ষ) টাকার ব্যয়-বরাদ্দ উপরোক্ত প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের অন্তর্গত।]

২। বর্তমানে সরকার পরিচালনাধীন সংস্থা বিভাগের অধীনে নিম্নলিখিত ১০টি সংস্থা আছেঃ

(১) দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড ;

(২) ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার লিমিটেড ;

(৩) ইলেকট্রো-মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্ট্রিজ লিমিটেড ;

(৪) ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশন ;

(৫) সরস্বতী প্রেস লিমিটেড ;

(৬) শালিমার ওয়ার্কস্ (১৯৮০) লিমিটেড ;

(৭) ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যাণ্ড কেমিক্যালস্ লিমিটেড ;

(৮) গ্লুকোনেট হেলথ্ লিমিটেড ;

(৯) ওয়েস্ট বেঙ্গল কেমিক্যালস্ ইণ্ডাস্ট্রিজ লিমিটেড ;

(১০) সুন্দরবন সুগারবিট প্রসেসিং কোম্পানি লিমিটেড।

৩। উল্লিখিত সংস্থাগুলির মধ্যে প্রথম ন'টি সংস্থা উৎপাদন ও ব্যবসায়িক কর্মে নিযুক্ত, শেষোক্ত কৃষিভিত্তিক প্রকল্প রূপায়ণের জন্য ১৯৮৬ সালে গঠিত হয়েছিল। সংস্থাটি নভেম্বর, ১৯৯০ সাল থেকে পরিবেশগত কারণে বন্ধ আছে।

৪। এই বিভাগের অধীন সংস্থাগুলি যে ধরনের উৎপাদন ও ব্যবসায়িক প্রক্রিয়ায় যুক্ত, তা বিধৃত করা হলঃ—এই রাজ্যের রাসায়নিক শিল্পগুলির জন মৌল রাসায়নিক দ্রব্যাদি যথা —কস্টিক সোডা লাই, লিকুইড ক্লোরিন, মনোক্লোরোবেনজিন, সিন্‌থেটিক ফেনল প্রভৃতি উৎপাদনে দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড নিযুক্ত রয়েছে। ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার লিমিটেড, বিশেষত ভারতীয় রেলওয়ের জন্য সিগন্যালিং যন্ত্রপাতি, ব্রেক্স্ ইত্যাদি তৈরি করছে। ইলেকট্রো-মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্ট্রিজ লিমিটেড এক্স-রে মেসিন ও বায়ো-মেডিক্যাল যন্ত্রপাতি উৎপাদন করছে। ওয়েস্ট বেঙ্গল কেমিক্যাল ইণ্ডাস্ট্রিজ লিমিটেড ঔষুধ ও অন্যান্য শিল্পের জন্য রাসায়নিক দ্রব্যাদি প্রস্তুতের সঙ্গে যুক্ত। ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যাণ্ড কেমিক্যালস্ লিমিটেড রেকটিফায়েড স্পিরিট, কান্ট্রি স্পিরিট ও শিল্পে ব্যবহৃত অ্যালকোহল প্রস্তুতকারি একটি সংস্থা। শালিমার ওয়ার্কস্ (১৯৮০) লিমিটেড জাহাজ নির্মাণ, জাহাজ মেরামতি ও সাধারণ ইঞ্জিনিয়ারিং কর্মে লিপ্ত। সরস্বতী প্রেস মুদ্রণ

ও তৎসম্পর্কিত কার্যাদি সম্পাদন করে থাকেন। গ্লুকোনেট হেল্‌থ লিমিটেড জীবনদায়ী বাল্ক ড্রাগ যেমন পেথিডিন, স্টিবাডিন, প্রভৃতির ক্ষেত্রে একমাত্র স্বদেশি প্রতিষ্ঠান। অধিকন্তু অন্যান্য ওষুধ-পত্রাদি তৈরির কাজেও এই সংস্থাটি নিযুক্ত। ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশন শিল্প ও কৃষিক্ষেত্রে বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষণের সুযোগ করে দিচ্ছে।

৫। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, শুধুমাত্র সরস্বতী প্রেস এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়ার হাউসিং কর্পোরেশনই যে সরকারকে ডিভিডেন্ড প্রদান করার ধারা অব্যাহত রেখেছেন তাই নয়, ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ইলেক্ট্রো-মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেড ১১ লক্ষ টাকা নিট মুনাফা অর্জন করেছে। এখন পর্যন্ত যা গতি-প্রকৃতি পরিলক্ষিত হয়েছে, তাতে ১৯৯৭-৯৮ আর্থিক বছরের শেষে ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যান্ড কেমিক্যালসও নিট মুনাফা অর্জন করবে। এইভাবে সংস্থাগুলি লোকসানজনক পরিস্থিতি থেকে উত্তরণের লক্ষ্যে পৌঁছতে পেরেছে।

৬। মাননীয় সদস্য মহোদয়গণের নিশ্চয়ই স্মরণে আছে, বিগত বছরে বাজেট বক্তৃতায় আমি দ্রুত পরিবর্তনশীল শিল্প পরিমন্ডলের চ্যালেঞ্জ মোকাবিলার লক্ষ্যে আমাদের সংস্থাগুলির কাঠামোগত পরিবর্তনসাধনের উল্লেখ করেছিলাম এবং পরিচালন পদ্ধতিতে পেশাদারিত্ব প্রবর্তনের প্রয়োজনীয়তার উল্লেখ করেছিলাম। পরীক্ষামূলকভাবে স্যাক্সবি ফার্মার ও শালিমার ওয়ার্কস-এর শীর্ষে সফল ও অভিজ্ঞ পেশাদার নিয়োগ করা হয়েছে। আমাদের দপ্তরের অধীন সংস্থাগুলির পরিচালন পর্যদগুলি পুনর্গঠিত হয়েছে। এই পর্যদগুলি বর্তমানে অভিজ্ঞ সরকারি আধিকারিক, পেশাদার এবং অন্যান্য ক্ষেত্রে দক্ষ ব্যক্তিবর্গের সমাহার। কারিগরি ও প্রশাসনিক সহায়তা সুনিশ্চিতকরণ এবং সংস্থাসমূহের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা ও 'সিনার্জি' আনয়নের লক্ষ্যে এই ব্যবস্থা। পরিকল্পনা-বহির্ভূত খাতে বরাদ্দিকৃত সরকারি সাহায্যের উপর নির্ভরশীলতাও ধীরে ধীরে কমিয়ে আনাও উল্লেখিত কার্যক্রমের অন্যতম লক্ষ্য। লক্ষ্যে পৌঁছনোর অভিপ্রায়ে ইউনিটগুলির 'বিজনেস ফোরকাস্টিং' ও তাদের কাজকর্মের নিয়মিত তদারকির জন্য একটি সুনির্দিষ্ট পরিকাঠামো তৈরি করা হয়েছে।

৭। মাননীয় সদস্যবৃন্দ জেনে আরও খুশি হবেন যে, উপরিউক্ত দু'টি সংস্থার সাফল্যের সুনির্দিষ্ট সূচক পরিলক্ষিত হয়েছে। বিগত বছরের [illegible] কোটির তুলনায় ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মারের উৎপাদনের স্তর ১৫ কোটি টাকায় পৌঁছবে। বিগত বছরগুলির তুলনায় বর্তমান বছরে এই সংস্থার কার্যকর লোকসানের পরিমাণও হ্রাস পেয়েছে। শালিমার ওয়ার্কস (১৯৮০) লিমিটেড-এর উৎপাদনবৃদ্ধিও উৎসাহব্যঞ্জক। এর বিক্রয়যোগ্য সামগ্রির পরিমাণও ১০০% বৃদ্ধি পেয়েছে এবং ১৯৯৬-৯৭-এর তুলনায় এর লোকসানের হারও নিম্নাভিমুখী।

৮। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, আধুনিকীকরণ ও বহুমুখী কর্মসূচির সফল রূপায়ণের মাধ্যমে কোম্পানিগুলিকে লাভজনক করার লক্ষ্যে বিভাগীয় বার্ষিক পরিকল্পনা বাজেট থেকে অর্থবরাদ্দ করা হয়। সাফল্যজনক অগ্রগতির ধারাবাহিকতার প্রেক্ষিতে সরস্বতী প্রেস তার মর্যাদাপূর্ণ 'সিকিউরিটি প্রিন্টিং' প্রকল্পটির বাস্তবায়নের জন্য বিভিন্ন অর্থলগ্নিকারী সংস্থা থেকে ১০ কোটি টাকা সংগ্রহ করবে যাতে সংশ্লিষ্ট প্রকল্পের রূপায়ণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন হয়। ইলেক্ট্রো মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিঃ-এর ১৫ কোটি টাকা ব্যয়ে পি. ভি. সি. ব্লাড ব্যাগ রূপায়ণের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। এর উৎপাদিত দ্রব্য বাজারে আসার আগেই সংশ্লিষ্ট সামগ্রী বাজারিকরণের প্রক্রিয়া শুরু হয়েছে। দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডের ৩৭৬ লক্ষ টাকার 'স্ট্যাবল ব্লিচিং পাউডার প্রোজেক্ট' ও ওয়েস্ট বেঙ্গল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ৬০ লক্ষ টাকার 'মিনারেল ওয়াটার প্রোজেক্ট' ইতিমধ্যেই সরকারি কর্পোরেশনসমূহের 'স্ট্যান্ডিং অ্যাডভাইজারি কমিটির' ছাড়পত্র পেয়েছে। বহুমুখীকরণের প্রক্রিয়ার এই প্রকল্প দু'টি গুরুত্বপূর্ণ সংযোজন এবং তাদের সফল রূপায়ণের ফলে সংস্থা দু'টির উৎপাদন বৃদ্ধি সম্ভব হবে এবং ফলশ্রুতিতে তাদের বর্তমান অবস্থার পরিবতর্ন সাধিত হবে।

৯। উল্লেখিত পদক্ষেপগুলির সাফল্যে উৎসাহিত হয়ে, যদিও তা সীমিত, আমরা একটি 'অ্যাকশন প্ল্যান' রচনা করেছি। এই পরিকল্পনার মাধ্যমে আমরা আমাদের অর্জিত অভিজ্ঞতাকে সংহত করার মাধ্যমে আরও বলিষ্ঠভাবে সংস্থাগুলি পরিচালনা করব। ইতিমধ্যেই উল্লেখিত হয়েছে যে, উপযুক্ত তদারকি এবং নির্দিষ্ট পরিস্থিতির আঙ্গিকে উপযুক্ত উদ্ভাবনী কার্যক্রমের ফলশ্রুতিতে সংস্থাগুলির আর্থিক চিত্রের পরিবর্তন সূচিত হচ্ছে। আমাদের স্থির বিশ্বাস যে, এ ধারা অব্যাহত রাখার মাধ্যমে রাজ্য অর্থনীতিতে শিল্পোৎপাদনের জন্য উপকরণ ব্যবহারে শুধু সরকারি দায়বদ্ধতার শক্তিশালী দিক-নির্ণয়ই করবে না, রাজ্য অর্থনীতিতে শিল্পায়নের উপযুক্ত বাতাবরণ সৃষ্টিরও সহায়ক হবে। অভিষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য বিভাগীয় প্রশাসনিক কাঠামো পুনর্গঠনের কাজও সম্পাদিত হচ্ছে। রাজ্যমন্ত্রীমন্ডলী সম্প্রতি অনুমোদন করেছেন যে, শিল্প পুনর্গঠন দপ্তরের অধীন ১৩ (তেরোটি) সংস্থা পাবলিক এন্টারপ্রাইজ দপ্তরের পরিচালনাধীনে আসবে। আমরা আশা করি, এই ব্যবস্থার ফলে বর্তমানের সংস্থাগুলির দ্বৈত নিয়ন্ত্রণে থাকার ফলে যে-সমস্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়, তার অবসান ঘটবে। কারিগরি তদারকি আরও বলিষ্ঠতর করার প্রয়োজন অনুভূত হওয়ায় চার/পাঁচ জন অভিজ্ঞ ও প্রবীণ পেশাদারকে নিয়ে একটি ছোট 'এক্সপার্ট গ্রুপ' গঠনও করা হয়েছে। সংশ্লিষ্ট 'এক্সপার্ট গ্রুপ' গঠন এক বছরের জন্য একটি পরীক্ষামূলক ব্যবস্থা। ২৩টি সংস্থার কাজকর্ম প্রতিনিয়ত তদারকিসহ তাদের পুনর্গঠন বহুমুখী ক্রিয়াকলাপ ও মানবসম্পদ ব্যবহারের প্রয়োজনীয়তা ইত্যাদি সম্পর্কে তাদের সুচিন্তিত পরামর্শ প্রদান করবেন।

১০। মাননীয় সদস্যমহোদয়বৃন্দ জেনে আরও বেশি হবেন যে, দপ্তর পুনর্বিন্যাসের কর্মসূচি আগামী আর্থিক বছরের প্রথম থেকেই শুরু করা হবে। এই উদ্দেশ্যে প্রয়োজনীয় অর্থ শিল্প পুনর্গঠন দপ্তরের ৭৪নং অনুদান থেকে এই বিভাগীয় অনুদানে আনার জন্য যথাসময়ে আধিকারিক স্তরে ব্যবস্থাদি গৃহীত হবে।

১১। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথাগুলি উল্লেখ করে আমি সরকার পরিচালনাধীন সংস্থার নিয়ন্ত্রণাধীনে সরকার অধিগৃহীত সংস্থাগুলির ১৯৯৮-৯৯ সালের প্রস্তাবিত বরাদ্দের দাবি অনুমোদনের জন্য উত্থাপিত করছি।

**DEMAND No. 93**

**Major Heads : Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 113,98,50,000 be granted for expenditure under Demand No. 93, Major Heads : "Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings".

(This is inclusive of a total sum of Rs. 37,99,00,000 already voted on account)

Printed Budget Speech of Shri Bidyut Ganguly on Demand No. 93 has been printed alongwith Demand No. 24.

## DEMAND No. 94

### Major Heads : 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 13,50,00,000 be granted for expenditure under Demand No. 94, Major Heads : "4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries".

(This is inclusive of a total sum of Rs. 4,51,00,000 already voted on account)

Printed Budget Speech of Shri Bidyut Ganguly on Demand No. 94 has been printed alongwith Demand No. 24.

## DEMAND No. 95

### Major Heads : 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages), 6857—Loans for Chemical and Pharmaceutical Industreis (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 20,40,00,000 be granted for expenditure under Demand No. 95, Major Heads : "4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages), 6857—Loans for Chemical and Pharmaceutical Industreis (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Bev-

(This is inclusive of a total sum of Rs. 6,81,00,000 already voted on account)

(Printed Budget Speech on Demand No. 98 of Shri Bidyut Ganguli has been printed alongwith Demand No. 24.)

## DEMAND No. 96

### Major Heads : 6875—Loans for Other Industries and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,20,00,000 be granted for expenditure under Demand No. 96, Major Heads : "6875—Loans for Other Industries and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs. 3,73,00,000 already voted on account)

Printed Speech of Shri Bidyut Ganguly on Demand No. 96 has been printed along with Demand No. 24.

## DEMAND No. 97

### Major Heads : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,33,00,000 be granted for expenditure under Demand No. 97, Major Head : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)", during the next financial year.

(This is inclusive of a total sum of Rs. 44,00,000 already voted on account)

Printed Speech of Shri Bidyut Ganguly on Demand No. 97 has been printed along with Demand No. 24.

## DEMAND No. 99

**Major Heads : 7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous Loans)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 61,20,00,000 be granted for expenditure under Demand No. 99, Major Heads : "7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous Loans)".

(This is inclusive of a total sum of Rs. 24,40,00,000 already voted on account)

## Adjournment

The House was then adjourned at 8.24 p.m. till 10.00 a.m. on Saturday, the 28th March, 1998, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Saturday, the 28th March, 1998 at 10.00 a.m.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 6 Ministers, 3 Ministers of State and 75 Members.

[10-00 - 10-10 a.m.]

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received one notice of Calling Attention on the following subject—Setting up of a Truck Terminus at Budge Budge named Shri Ashok Kumar Deb. I have admitted. The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Ch. Sinha :**, Sir, with you permission, the Statement will be on Monday or it will be sent to the members concerned.

## ZERO HOUR

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই হাউসের দৃষ্টি আর্কষণ করতে চাইছি, আমাদের বাঙালীর গৌরব বিশ্ববিখ্যাত ক্রিকেট খেলোয়াড় সৌরভ গাঙ্গুলিকে ম্যাচ রেফারি তিনি সাসপেণ্ড করেছেন এবং ভারত অস্ট্রেলিয়ার তৃতীয় টেস্ট ম্যাচ খেলার প্রথম ইনিংসে আম্পায়ার তাকে অন্যায়ভাবে এল. বি. ডাবলিউ দেন, আম্পায়ার অন্যায় করলেন, অথচ সেই খেলোয়াড়কে যিনি গোটা পৃথিবীর ক্রিকেটপ্রেমী মানুষের মন জয় করেছেন তাকে ম্যাচ রেফারি সাসপেণ্ড করলেন। অন্যায় অবিচার তার প্রতি যে করা হল, এই ব্যাপারে হাউস থেকে প্রস্তাব নেওয়া হোক এবং দিল্লিতে কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রীর কাছে প্রস্তাব পাঠানো হোক, ক্রিকেট বোর্ড এর এই যে অন্যায় আচরণ, একজন উঠতি খেলোয়াড় এর ভবিষ্যৎ উজ্জ্বল ছিল, এইভাবে আঘাত করে তার ভবিষ্যৎ নষ্ট করে দেওয়া, তার মানসিকতার উপর আঘাত হানা এটা একটা চরম

অন্যায়। শুধু তাই নয়, যে জঘন্যভাবে আম্পায়ারিং করা হচ্ছে, অন্যায়ভাবে আউট করা হচ্ছে তার বিরুদ্ধে কিভাবে ব্যবস্থা নেওয়া যায়, সেই সম্পর্কে একটা প্রস্তাব নেওয়া হোক. খেলোয়াড়ের উপর রেফারির অধিকার আছে বলে তিনি অন্যায় ভাবে অবিচারভাবে তাকে শাস্তি দিতে পারেন, কিন্তু আম্পায়ারের জঘন্য আম্পায়ারিং এর জন্য তাকেও শাস্তি দেওয়া উচিত এবং আম্পায়ার-এর যে ডিউটি সেই ডিউটি হচ্ছে ক্রিকেট খেলার মানকে উন্নত করা এবং ক্রিকেট পরিষেবাকে আরো সুন্দর করা এবং ক্রিকেট খেলাকে যাতে আগামী দিনে আরো উন্নত করা যায় সেটা করলেন না তার বিপরীত কাজটা করলেন। একজন বিশ্বখ্যাত খেলোয়াড় সৌরভ গাঙ্গুলি উনি বাঙালির গৌরব শুধু তাই নয় ভারতীয় হিসাবে আমাদেরও গৌরব তাকে আজকে শাস্তি দেওয়া হচ্ছে। এই ব্যাপারে হাউস থেকে আজকে প্রস্তাব নেওয়া হোক এবং এই রকম একটা প্রতিষ্ঠিত খেলোয়াড়কে তার মানসিকতাকে ধ্বংস করে দেওয়ার যে প্রক্রিয়া এটা বন্ধ করা হোক। এই কথা কয়টি বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**श्री राम जनम मांझी** : आदरणीय स्पीकर सर, मै आपके माध्यम से विद्युत मंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। सर, हमारे उत्तर उलबेड़िया केन्द्र मे विद्युत की भारी समस्या है। अभी तक हमारे उलबेड़िया के बहुत से गावो में विद्युत नही पहूंच पाया है। सर, अभी परिक्षा का समय है और बच्चों को पढ़ाई करने मे काफी असुविधा होती है। जहां तक गर्वनमेन्ट के द्वारा राशन से जो किरासन तेल दिया जाता है वह भी प्रयाप्त नही है। जिससे कि बच्चा लोग किसी तरह लैम्प जलाकर पढ़ सके। इसलिए मै विद्युत मंत्री से आपके माध्यम से अनुरोध करुगा कि वो जल्द-से-जल्द इस समस्या को दुर करा कर बच्चो के भविष्य को सवारने मे मदद् करेगे। एंवं इलाके मे विद्युत की जो समस्या है उसको दुर करेगे।

**শ্রী মৃনালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত সেশানের আগে অর্থাৎ আগস্ট মাসে দীঘা থেকে সউনা পর্যন্ত দীর্ঘ ১৬ কিলোমিটার ব্যাপী উপকূলবর্তী এলাকায় সামুদ্রিক জলোচ্ছ্বাসে ধ্বংস হয়ে গেছে। এখনো সেখানে কিছু করা যায়নি। ঐ সমস্ত এলাকাগুলিতে মাঝে মাঝেই সামুদ্রিক জলোচ্ছ্বাস এবং দাঁতন, মোহনপুর, এগরার মতো টর্নেডো এবং ভূমিক্ষয় হয়। ঐ সমস্ত এলাকাগুলিকে প্রাকৃতিক বিপর্যয় এলাকা হিসাবে চিহ্নিত করা হোক এবং আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে দরবার করা হোক। পশ্চিমবঙ্গ সরকার সমস্ত রাজ্যগুলিকে একত্রিত করে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি এইগুলিকে জাতীয় প্রাকৃতিক বিপর্যয় হিসাবে চিহ্নিত করে যাতে কেন্দ্রীয় সরকার এগিয়ে আসে সেই ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী নন্দরানী দল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের একটা সাফল্য তুলে ধরতে চাই। আমাদের মেদিনীপুর জেলায় আজকে ১৩২ কে. ভি. সাবস্টেশান মাননীয় বিদ্যুৎ মন্ত্রী উদ্বোধন করছেন। স্যার, আপনি জানেন ১৫৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের মধ্যে দিয়ে এই বিদ্যুতের জয়যাত্রা শুরু হয়েছিল। আজকে বামফ্রন্ট সরকারের আমলে ৩৩০০ মেগাওয়াট ছাড়িয়ে গেছে। বর্তমান প্রকল্পগুলো নির্মাণের কাজ শেষ হয়ে গেলে আগামী পঁচিশ বছরে বামফ্রন্ট সরকার মানুষের চাহিদা অনুযায়ী বিদ্যুৎ দিতে পারবে।

[10-10 – 10-20 a.m.]

**শ্রী অশোককুমার দেব ঃ** স্যার, আমার সাবজেক্টটা আমি চেঞ্জ করছি, গত ২৬ তারিখে মেমানপুরে হঠাৎ সি. পি. এম সমর্থকরা আমার নির্বাচনী এলাকায় তিনটি বাড়ি জ্বালিয়ে দেন। শুধু তাই নয় বর্ষীয়ান ভদ্রমহিলা সানোয়ার বিবিকে তারা মারধোর করেন ও তার বাড়ি জ্বালিয়ে দেওয়া হয়। বাড়িতে যে সমস্ত টাকা পয়সা ছিল সেই টাকা পয়সা পর্যন্ত জ্বালিয়ে দেওয়া হয়েছে। সি. পি. এম এইভাবে সন্ত্রাস করছে, স্যার। স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে তাদের নাম দেওয়া আছে। অবিলম্বে তাদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি। মহেশতলা থানায় জানানো হয়ে ছিল কিন্তু কোনও প্রতিকার হয় নি। গতকাল আমি, রামজনম মাঝি, সুধীর ভট্টাচার্য্য আমরা গিয়েছিলাম পরিদর্শন করতে। এলাকায় ভয়াবহ অবস্থা। মেয়েরা যেতে চাইছে না। তারা বলছে যে কোনও মুহূর্তে আঘাত আসতে পারে। আমি অনুরোধ করব আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানানো হোক। এই জিনিস যদি বন্ধ না হয় তাহলে বরাবরের জন্য গণ্ডগোলের সৃষ্টি হবে। ওই এলাকা অত্যন্ত স্পর্শকাতর এলাকা। প্রচুর মুসলমান ভাইরা ওখানে থাকেন। সি. পি. এমের নাম দেওয়া আছে তাদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক সেই দাবি জানাচ্ছি। আপনি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানাবার চেষ্টা করুন। মহেশতলা থানায় কেস করা হয়েছে কেস নম্বর ৫৮ ডেটেড ২৬.৩.৯৮। দেখা যাচ্ছে আসামীরা ঘুরে বেড়াচ্ছে। হাসছে। আমরা নিজেরা দেখে এসেছি। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বর একটি শৈবতীর্থ বলে পরিচিত। ধর্মীয় বহু মানুষ সেখানে যান। দুধপুকুর বলে সেখানে একটি পুষ্করিণী আছে। সেই পুষ্করিণীতে আপামর জনসাধারণ স্নান করেন। সেই জল দূষিত হয়ে গেছে। ধর্মবিশ্বাসে সেই জল পানও করেন। আমরা মানুষের ধর্মবিশ্বাসের উপর কোনও আঘাত করতে চাই না। যারা সেখানে যান সেই জল পান করেন, সেখানে স্নান করেন, সেই জল পানের ফলে আন্ত্রিক বা নানারকম অসুবিধার দ্বারা মানুষ আক্রান্ত হতে পারে এবং সেই সম্ভাবনা দেখা দিয়েছে। আপনার মাধ্যমে

পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি এই বিষয়টি খোঁজ করুন, নাহলে হাজার হাজার মানুষ দুরারোগ্য রোগে আক্রান্ত হতে পারে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি এই হাউসে কদিন ধরে ঢাকুরিয়া অ্যাণ্ড্রু স্কুল নিয়ে বলার চেষ্টা করছি। এই স্কুলে কয়েক বছর আগে একটি বাচ্চা ইলেকট্রিক শক খেয়ে মারা গিয়েছিল। তার পর থেকে এই স্কুলটা নিয়ে খুব হৈচৈ হচ্ছে। শক খেয়ে মারা গেছে ওই স্কুলের জমিটা, এটা হচ্ছে শ্রীমতী বসুর জমি। তিনি হচ্ছেন মুখ্যমন্ত্রীর বৌদি। জমিটার পিছনে একটা মাঠ আছে, সামনে স্কুল। এখন জমিটা কিনে নিয়েছে শ্রী টৌডি। তিনিও মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ। টৌডিরা এখানে, এই অ্যাণ্ড্রু স্কুলের এখানে একটা মার্কেট কমপ্লেক্স করতে চেয়েছেন। স্কুলটাকে তুলে নিয়ে তারা পিছনের মাঠে নিয়ে যেতে চাইছে। এই নিয়ে ঢাকুরিয়া অঞ্চলের মানুষের মধ্যে তীব্র বিক্ষোভ দেখা দিয়েছে। তাঁরা বলছেন যে এখানে মার্কেট কমপ্লেক্স অনেক আছে। করতে হলে এখানে এডুকেশনাল কমপ্লেক্স করা হোক। একটা প্রাইভেট মার্কেট কমপ্লেক্স করতে গিয়ে এখানে শিক্ষার পরিবেশ নষ্ট হয়ে যাবে। তাই আমি বলতে চাইছি যে মুখ্যমন্ত্রীর বৌদির জমি তো বিক্রি হয়ে গেছে, তিনি এ ব্যাপারে এগিয়ে আসুন স্কুলটা যাতে থাকে এবং স্কুলের পাশের জমিতে মার্কেট কমপ্লেক্স না হয়, শিক্ষার জন্য একটা প্রতিষ্ঠান করা হোক। অ্যাণ্ড্রু স্কুলের ব্যাপারে স্থানীয় লোকের বক্তব্য যে সেখানে যদি টৌডিরা জোর করে মার্কেট কমপ্লেক্স করে তাহলে আমরা প্রতিবাদ করার চেষ্টা করব।

**শ্রী অমর চৌধুরি ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর এবং তার সাথে সাথে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। আমরা জানি বরানগরে রহড়া রামকৃষ্ণ মিশনের পরিচালনায় একটি স্কুল আছে তার প্রাথমিক বিভাগে অচলাবস্থার সৃষ্টি হয়েছে কয়েক মাস ধরে। সেখানে কিছু শিক্ষক বাইরে আছেন, কিছু শিক্ষক ক্লাস করাচ্ছেন। তাদের মধ্যে নীতিগত প্রশ্ন নিয়ে কাউন্সিলের সাথে জিলা শিক্ষা পর্ষদের ভুল বোঝাবুঝির ফলে ৯.৩.৯৮ তারিখে রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক বরানগরকে যে চিঠি দিয়েছেন সেই চিঠি অত্যন্ত অপমানকর এবং এই চিঠি কেন দেওয়া হল সেটা তদন্ত করা দরকার। এটা পর্যালোচনা করা দরকার এবং রহড়া এবং বরানগর মিশন যাতে চলতে পারে সেটা দেখা দরকার। সাধারণ মানুষের এই স্কুলের প্রতি যে কোন কারণেই হোক একটা দুর্বলতা আছে বলেই তারা ছেলেদের ভর্তি করান। এই ব্যাপারে এলাকার জনসাধারণের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে, এর প্রতিকারের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এর সাথে সাথে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করে সমস্যার সমাধানের জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** স্যার, আপনার মাধ্যমে রাজ্যের পূর্ত বিভাগকে অভিযুক্ত

করতে চাই। ফলতা বিধানসভা কেন্দ্রে জোড়া বটতলা থেকে কুবাগদি পর্যন্ত একটা বিরাট রাস্তা আছে, সেই রাস্তাটি ফলতার একমাত্র রাস্তা। সেই রাস্তাটি হাইস্কুল, হাসপাতালের পাশ দিয়ে গেছে। এই রাস্তার ব্যাপারে পি. ডব্লু. ডি. থেকে আরম্ভ করে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এদের সবাইকে জানানো হয়েছে। এর ফলে গ্রামের হাজার হাজার মানুষ এই অসুবিধার সম্মুখীন হচ্ছে, এই রাস্তাটি না হলে ওখানকার ছেলেদের যাতায়াতের অসুবিধা হচ্ছে, ওই এলাকার মানুষ ভীষণভাবে কষ্ট পাচ্ছে। আমার কথা হচ্ছে এতে ফলতা বিধানসভার সাথে সাতগাছিয়া বিধানসভার লোকেরাও উপকৃত হবে। এতে দোকান করে অনেকে রোজগার করতে পারবে, এতে বেকার সমস্যার সমাধান হবে। তাই এর প্রতিকার করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** স্যার, আপনার মাধ্যমে পি. ডব্লু. ডি. মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার বারাসাত থেকে বসিরহাট দেড় বছর ধরে রাস্তাটি খারাপ। এই দুটি মহকুমার সাথে কলকাতা যাতায়াতের একমাত্র সড়ক, বসিরহাট থেকে ন্যাজাট যাওয়ার এবং সুন্দরবনের গেট-ওয়ে। ন্যাজাটে রাস্তা ছিল বলেই মনে হয় না। রাস্তাটির মেরামতের কাজ ৬ মাস আগে শুরু হয়েছে, কিন্তু রাস্তার দু-ধারে মেটিরিয়ালস পড়ে আছে কাজ হয় না। অর্ধেক বাস চলছে এবং অবরোধ হচ্ছে সেখানে মানুষের কষ্টের সীমা-পরিসীমা নেই। আমি বলতে চাই মেটিরিয়ালসগুলি ফেলা হয়েছে রাস্তার দুধারে, সেগুলিকে ব্যবহার করে রাস্তটি দ্রুততার সাথে করা হোক। কলকাতা আসার মতো অবস্থায় নেই, আমরা বিধানসভার সদস্যরা যাঁরা ওখান থেকে আসি আমাদের লজ্জা লাগে।

[10-20 – 10-30 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের স্বাধীনতায় যাঁরা অংশ গ্রহণ করেছিলেন সেই স্বাধীনতা সংগ্রামীদের বেশীর ভাগ মানুষই আজ পরলোক গমন করেছেন। কিছু মানুষ এখনও বেঁচে আছেন। এই স্বাধীনতা সংগ্রামীদের সম্মান জানানোর জন্য প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী তাঁদের মাসিক সাম্মানিক বৃত্তি দেওয়া শুরু করেছিলেন। সেটা এখন বাড়তে বাড়তে ৩ হাজার টাকায় দাঁড়িয়েছে। উত্তরপ্রদেশ সরকার স্বাধীনতা সংগ্রামীদের মাসিক ১৭০০ টাকা, মধ্যপ্রদেশ সরকার মাসিক ১৯০০ টাকা সাম্মানিক বৃত্তি দেন। গত ২০ বছর ধরে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে, যে কয়েকজন স্বাধীনতা সংগ্রামী মানুষ বেঁচে আছেন তাঁরা বারেবারে দরবার করেছেন। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন। তিনি তাঁদের আশ্বাস দিয়েছেন কিন্তু এখনও পর্যন্ত কোনও সাম্মানিক বৃত্তির ব্যবস্থা করতে পারেন নি। স্যার, এঁদের দেখে আমরা আজকে পথ চলতে শিখেছি। এই সাম্মানিক দেওয়ার মধ্যে দিয়ে আমরা তাঁদের ত্যাগ, আদর্শ, তিতিক্ষার

মূল্য দিতে পারব তা মনে করি না। তবে এর মধ্যে দিয়ে তাদের প্রতি কিছুটা সম্মান আমরা দেখাতে পারি। এঁদের মধ্যে অনেক মানুষ আছেন যাঁরা একা একা থাকেন, দেখা-শোনার কেউ নেই। অনেক মানুষ আবার মূল পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন এবং অসহায় ভাবে কালাতিপাত করছেন। স্যার, আমি আপনার মাধ্যমে ঐ সমস্ত স্বাধীনতা সংগ্রামী মানুষদের সাম্মানিক বৃত্তি দেওয়ার জন্য এবং তাঁদের চিকিৎসার ব্যায় রাজ্য সরকার যাতে গ্রহণ করেন তার আবেদন জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাগজের মাধ্যমে জানতে পারলাম আপনি গতকাল বিধানসভায় একটা সর্বদলীয় কমিটি করেছেন এবং ১০ তারিখে ঐ কমিটি ঝড়ে বিধ্বস্ত দাঁতন. মোহনপুর, এগরাতে যাবে। আমি জানিনা, ১০ তারিখে গেলে গুরুত্ব ঠিক মতো থাকবে কি না। কিন্তু আরেকটা বিষয় পেপারে দেখে খুব আতঙ্কিত হলাম যে, ২৪ তারিখে যে টর্নেডো উক্ত স্থানগুলোতে আছড়ে পড়েছিল তা আবহাওয়া দপ্তরের রেডার অপারেট করছিল না বলে ধরা পড়েনি। স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই, ঝড় শেষ হয়ে যায়নি, কালবৈশাখি আসবে। আর, রেডারের যদি ঐ অবস্থা হয় তাহলে মানুষের চিন্তা নিশ্চয় আরো বাড়বে। স্যার, সুন্দরবনের অনেক এলাকাও ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। লঙ্কা, বোরো ধান, পান, তরমুজ, প্রভৃতি ফসলের ক্ষতি হয়েছে। চাষীদের মাথায় হাত এবং কারো কারো আত্মহত্যা করার মতো অবস্থা। তাই স্যার, আপনার মাধ্যমে আবেদন করছি, বঙ্গোপসাগরে যে সাইক্লোন বা স্টর্ম জোন আছে তার ইনফর্মেশন আলিপুর আবহাওয়া দপ্তর থেকে জানাতে হবে। স্যার, আমরা আবহাওয়ার পূর্বাভাস বাংলাদেশের রেডিও থেকে জানতে পারি। গঙ্গা সাগরের বেগু বেড়িয়াতে যে লাইট হাউস, রাডার আছে সেটা অপারেট করে না। বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। এ বিষয়ে আপনি স্যার সরকারকে যথাযথ ব্যবস্থা নিতে একটা নির্দেশ দিন। আজকে সেগুলো অপারেট না করলে মুশকিল হবে। উপকূলবর্তী অঞ্চলের মানুষরা বিপন্ন বোধ করবে। গতকাল লোকসভায় কনফিডেন্স মোশনের উপর আলোচনা হচ্ছিল। সেই সময় পশ্চিমবঙ্গের একজন নির্বাচিত সদস্যা তিনি ভারতবর্ষের পরিপ্রেক্ষিত বিচার-বিশ্লেষণ না করে, পশ্চিমবঙ্গের ঝড় বিক্ষুব্ধ অঞ্চলে কেন জ্যোতি বসু যাননি সেই নিয়ে তিনি বক্তব্য রাখছিলেন। তিনি ধান ভাঙতে শিবের গীত করেছেন। আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর কাছে একটা অনুরোধ রাখছি। আমাদের আকাশবাণী ও দূরদর্শন এই দুটো কেন্দ্র, এই গণমাধ্যম দুটি গত কয়েকদিন ধরে লাগাতার ভাবে আমাদের বিধানসভার আলোচনাকে উপেক্ষা করছে। বিশেষ করে দীর্ঘদিন আগে দূরদর্শনে ইনফর্মেশন অ্যাণ্ড ব্রডকাস্টিং মিনিস্টার এইচ. কে. এল. ভগত ছিলেন, পরবর্তীকালে অজিত পাঁজা

ইনফর্মেশন অ্যাণ্ড ব্রডকাস্টিং মিনিস্টার ছিলেন। সেই সময় আলোচনার ভিত্তিতে ঠিক হয়েছিল যে আমাদের রাজ্যে দ্বিতীয় চ্যানেল হবে। পরবর্তী কালে দ্বিতীয় চ্যানেল চালু হয়েছিল। তখন বলা হয়েছিল যে রাত ১০.২০ তে যে সংবাদ পরিবেশিত হবে তাতে রিজিওনাল নিউজকে প্রাধান্য দেওয়া হবে। কিন্তু পরে দেখা গেল আমাদের রাজ্যের গুরুত্বপূর্ণ সংবাদগুলো তাতে পরিবেশিত হচ্ছে না। কালকে সন্ধে সাতটার সময় এখানে বিধানসভায় বাজেট নিয়ে আলোচনা হচ্ছিল। কিন্তু কাল সন্ধে সাতটার নিউজে সেসব সংবাদ বলা হয়নি। পরে রাত ১০.২০র সংবাদে সেগুলো বলা হল। আগে বিধানসভার পর্যালোচনা ১০ মিনিট ছিল, এখন সেটা সাড়ে তিন মিনিটে নামিয়ে আনা হয়েছে। এগুলো এই রাজ্যের প্রতি অবহেলা ও বঞ্চনার নতুন নিদর্শন। দাঁতন, মোহনপুর, এগরায় প্রচণ্ড ঘূর্ণিঝড় হয়েছে। মেদিনীপুরে আকাশবাণীর একজন রিপোটার আছেন, তাঁর নাম মানস রায়। তাঁর সঙ্গে আমি টেলিফোনে কথা বললাম। কিন্তু তিনি এমন কিছু কথা বললেন তাতে ঝঞ্ঝা-বিক্ষুব্ধ মানুষদের মধ্যে একটা উত্তেজনার সৃষ্টি করে। এবং ঝঞ্ঝা-বিক্ষুব্ধ এলাকায় যারা রিলিফের ব্যবস্থা করছেন তাদের বিরুদ্ধেও তিনি অনেক কথা বললেন। গরমকালে ব্লাড ব্যাঙ্কে রক্তের যোগান থাকে না। ভগত সিং-এর জন্মদিনে ভলানটারি অর্গানাইজেশন রক্তদান শিবির করল, সেখানে রক্তদান অনুষ্ঠান হল। কিন্তু সে সম্পর্কে কোনও সংবাদ খবরে নেই। গতকাল মাননীয় স্পিকার সাহেব বিধানসভার মধ্যে সর্বদলীয় বৈঠক ডাকলেন। সেখানে টি. ভি. আই.কে থাকতে বলা হয়েছিল। কিন্তু সরকারি প্রতিনিধি ও বিধানসভার প্রতিনিধিদের মধ্যে যে পার্থক্য আছে সেটা তাঁরা করতে পারেন নি। বিধানসভার একটা মর্যাদা আছে। কিন্তু আকাশবাণী ও দূরদর্শনে বিধানসভার বাইরের সংবাদ বেশি প্রাধান্য পাচ্ছে। বিধানসভার ভিতরে যে আলোচনা হচ্ছে সেটাকে তারা বেশি গুরুত্ব দিচ্ছে না। এছাড়া তারা কতকগুলো নির্দিষ্ট বিষয়ের উপর ক্যামেরা ফিট করে রাখে। ২৩ মার্চ এখানে অর্থমন্ত্রী বাজেট উপস্থিত করেছিলেন—যে মুহূর্তে বিরোধীরা সভা থেকে বেরিয়ে গেলেন সেই মুহূর্তে সমস্ত ক্যামেরা এখান থেকে চলে গেল বাইরে, আর ক্যামেরা প্রবেশ করল না। অথচ তাদের এখানে প্রবেশ করতে দেওয়া হয়েছিল সমস্ত বাজেট বক্তৃতাটাই কভার করার জন্য। বাজেট বক্তৃতা কভার না করেই তারা চলে গেল। এই ভাবে দূরদর্শন এবং আকাশবাণী যে আচরণ করে চলেছে তা এই হাউসের প্রতি অবমাননাকর। তাই বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর কাছে দাবি করছি, তিনি বিষয়টা নিয়ে কেন্দ্রীয় তথ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করুন। ওখানে যে ব্রডকাস্টিং অর্গানাইজেশন তৈরি হয়েছে তাদের সঙ্গেও যেন বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। কারণ আমরা দেখছি দীর্ঘদিন ধরে এ বিষয়ে আমাদের রাজ্যকে বঞ্চিত করা হচ্ছে, যখন যা খুশি আচরণ করা হচ্ছে—তাদের সম্বন্ধে কিছুই বলার থাকছে না, টাকা পয়সা ইত্যাদি নিয়ে যখন তখন যে কোনও সংবাদ তারা পরিবেশন করছে। তাই এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[10-30 – 10-40 a.m.]

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীন দেব যেটা বললেন, সেটাকে সমর্থন করে আমি বলছি যে, আমাদের হাউস সম্বন্ধে এবং অন্যান্য যে সমস্ত সংবাদ পরিবেশন করা হয় তা খুবই অল্প সময় করা হয়। অনেক সময় একদমই করা হয় না। এই প্রসঙ্গে আর একটা বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি, সংবাদ পরিবেশনের নির্দিষ্ট সময় আছে—দূরদর্শনে সন্ধ্যা ৭-টার সময় সংবাদ পরিবেশিত হওয়ার কথা, কিন্তু আমরা প্রায়ই দেখি সাতটা তিন, সাতটা দুই, সাতটা পাঁচে সংবাদ পরিবেশিত হচ্ছে। অথচ বেতারে দেখছি নির্দিষ্ট সময়েই সংবাদ পরিবেশন করা হয়, কিন্তু টি. ভি-তে বরাবরই দেখছি কোনও দিনই সাতটার সময় সংবাদ প্রচার করা হয় না।

**মিঃ স্পিকার ঃ** এটা ঠিকই টি. ভি. আই. সংবাদ প্রচারে গোলমাল করেছে। টি. ভি. আই.-র নিউজে শুনলাম—গভর্নমেন্ট অল পার্টি কমিটি পাঠাচ্ছে। অদ্ভুত ব্যাপার। স্টেট অ্যাসেম্বলির অল পার্টি কমিটির সঙ্গে গভর্নমেন্টের কি সম্পর্ক? আমরা স্টেট অ্যাসেম্বলি থেকে পাঠাচ্ছি। আবার কোনও কোনও জায়গায় লেখা হয়েছে, 'গভর্ণমেন্ট কনসিডস টু ডিমাণ্ড অফ অপোজিশন'। এর মধ্যে গভর্নমেন্টের প্রশ্ন কোথায়? অ্যাসেম্বলিতে আলোচনা করে আমরা অল পার্টি একটা টিম পাঠাচ্ছি। এখানে ডিসকাশনস করেই এটা করা হচ্ছে, এর মধ্যে গভর্নমেন্ট আসছে কোথা থেকে?

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ব্যাপারে আপনি আপনার কক্ষে সমস্ত সাংবাদিকদের ব্রিফ করেন, আপনি ব্রিফ করার পরেও এটা কি করে হয়?

**মিঃ স্পিকার ঃ** অল পার্টি কমিটির ব্যাপারটা আমি ব্রিফ করি নি। কারণ ওটা এখানে আমি হাউসে ঘোষণা করিনি। আজকে হাউসে ঘোষণা করা হবে, তারপর তো বলব কমিটি কি হবে, না হবে দেখে। তা নাহলে হু অ্যাম আই? আই হ্যাভ টু টেক দি হাউস ইনটু কনফিডেন্স ফার্স্ট। তা না হয়ে, এই ভাবে খবর বেরিয়ে যাচ্ছে। এই ভাবে বের করলে আর কি করা যাবে। ছেড়ে দিন।

**ডাঃ রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে তুলে ধরছি। ২৪শে মার্চের বিধ্বংসী ঘূর্ণি ঝড়ে মেদিনীপুর জেলার তিনটি থানা ক্ষতিগ্রস্ত হয়েছে—দাঁতন, এগরা এবং মোহনপুর। অথচ শুধু মাত্র দাঁতনেই সমস্ত রকম খাদ্য সামগ্রী এবং ত্রাণ সামগ্রী পাঠানো হচ্ছে। এগরাও দাঁতনের মতো সমপরিমাণই ক্ষতিগ্রস্ত হয়েছে। এগরার চারটি ব্লকের একই ধরণের অবস্থা হয়েছে। কিন্তু সেখানে পর্যাপ্ত পরিমাণে খাদ্য দ্রব্য এবং অন্যান্য জিনিস-পত্র যায়নি। তাই আমি মিডিয়া

এবং সকলের কাছে এই আবেদন জানাচ্ছি যে, সেখানেও গিয়ে দেখে এসে পর্যালোচনা করে খাদ্য, ওষুধ, ত্রিপল ইত্যাদি পাঠাবার ব্যবস্থা করা হোক।

**শ্রী নাজমূল হক ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, একটা অত্যন্ত বিপদজনক ভয়াবহ ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশের অপদার্থতা এবং দুর্নীতির প্রতি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত লোকসভা নির্বাচনের আট দিন আগে ১৯/২/৯৮ তারিখে মেদিনীপুর জেলার খড়গপুর মহকুমার ও. টি. রোডের ধারে চার জন যুবককে নৃশংসভাবে খুন করা হয়েছিল সন্ধ্যা সাতটার সময়। পুলিশ কুকুর এবং সব মানুষের চেষ্টার পর একটা বাড়ি থেকে রক্ত মাখা তোয়ালে পাওয়া গিয়েছিল। আজ পর্যন্ত পুলিশ নির্বিকার। একজন আসামীও গ্রেপ্তার হয়নি। সংশ্লিষ্ট এলাকার জনগণ এরজন্য অনেক প্রশ্ন তুলছেন, আলোড়ন উঠছে। একটা বাড়ি থেকে রক্তমাখা কাপড় পাওয়া গেল, সন্ধ্যা ৭টার সময় ৪ জন যুবক মার্ডার হল—এসব নিয়ে আলোড়ন উঠেছে। মাননীয় পুলিশমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, গুরুত্ব দিয়ে খোঁজ খবর নিয়ে এ ব্যাপারে প্রয়োজনীয় অ্যাকশন নিন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নির্বাচনের পর ও দোলের পর গত ১৪ই মার্চ এবং ১৯শে মার্চ হুগলি জেলার ভদ্রেশ্বর থানা এলাকার চাঁপদানীতে দু জন শ্রমিক নৃশংস ভাবে খুন হয়। এদের একজন নর্থ ব্রুক জুটমিলের শ্রমিক, নাম—রামদেও, অন্যজন ডালহাউসি জুট মিলের শ্রমিক, তার নাম পুজন যাদব। স্যার, এই দুজন গত নির্বাচনে কংগ্রেসের হয়ে কাজ করেছিলেন। এদের হত্যার সঙ্গে যারা জড়িত তারা এলাকার পরিচিত সমাজবিরোধী। তাদের অনেকেই মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির সঙ্গে যুক্ত।

(গোলমাল)

অদ্ভুত ব্যাপার স্যার, অনেকে আবার বি. জে. পি'র সঙ্গে যুক্ত। যাদের নামে এফ. আই. আর. করা হয়েছে গত লোকসভার নির্বাচনের সময় দেখা গিয়েছে তাদের কয়েকজন সি. পি. এমের সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত ছিল এবং তাদের মিছিল, মিটিং-এ যোগ দিয়েছিল। একজন বি. জে. পি'র সঙ্গে যুক্ত। আমি তাদের নামগুলি করে দিলে ধরতে সুবিধা হবে। দিলীপ সাউ, সুরেশ বোস, সুনীল গুপ্ত, কমলেশ, মনোজ, উদয়। এদের মধ্যে দু জন ধরা পড়েছে। তার একজন বি. জে. পি'র সঙ্গে যুক্ত, আর একজন মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির সঙ্গে যুক্ত। স্যার, বি. জে. পি. এবং সি. পি. এমের যুক্ত সন্ত্রাসে গত ১০ দিনে সেখানে দুজন শ্রমিক খুন হলেন। যে দুজন হত্যাকারীকে অ্যারেস্ট করা হয়েছে তাদের ছাড়াবার জন্য এই দুটি দলের পক্ষ থেকে চাপ দেওয়া হচ্ছে এবং

যাদের নামে এফ. আই. আর করা হয়েছে তাদের যাতে ধরা না হয় তার জন্যই ঐ দুটি দলের পক্ষ থেকে থানায় চাপ দেওয়া হচ্ছে। অবিলম্বে দোষীদের গ্রেপ্তার করার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

[10-40 – 10-50 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রীদেরও দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৩রা ফেব্রুয়ারি প্রথম শ্রেণী থেকে ইংরাজি ও পাশফেল প্রথা চালু করার দাবিতে ২৪ ঘন্টা ব্যাপী যে বাংলা বন্ধ হয়েছিল সেই বন্ধের মাধ্যমে পশ্চিমবঙ্গের শতকরা ৯৯.৯ শতাংশ মানুষ এই দাবির সপক্ষে রায় দিয়েছিলেন। এই দাবির যাতে যথাযোগ্য মর্যাদা সরকার দেয় সেই আবেদন দলমত নির্বিশেষে বিধানসভার সকল মাননীয় সদস্য মহাশয়ের কাছে জানানোর জন্য আমাদের দলের রাজ্য কমিটির পক্ষ থেকে ১০ সহস্রাধিক মানুযের এক গন অভিযান হয়েছিল। সেই অভিযান ছিল সম্পূর্ণ শান্তিপূর্ণ। কিন্তু স্যার, দেখলাম, বিধানসভার চত্বর থেকে আরম্ভ করে এসপ্লানেড ইস্ট পর্যন্ত এক নজিরবিহীন পুলিশি ব্যবস্থা এই সরকারের পক্ষ থেকে তারজন্য করা হয়েছিল। ঐ রকম পুলিশি ব্যবস্থা করা হলেও কোনও অঘটন ঘটেনি। কিন্তু আমি এখানে বলতে চাই, এরকম একটা শান্তিপূর্ণ অভিযান, সেখানে পুলিশ কি রকম ভিণ্ডিকটিভ অ্যাটিচ্যুড নিয়েছে ঐ মিছিল থেকে আমাদের একজন কর্মী অরবিন্দ কাবরীকে ধরে নিয়ে গিয়ে অ্যারেষ্ট করা হয়েছে। অত্যন্ত গোবেচারা ছেলে সে। আমাদের কর্মিরা যখন সেখানে পুলিশকে জিজ্ঞাসা করেছিল—ওকে ধরলেন কেন? কিন্তু পুলিশ বলেছে— না, তাকে ধরা হয়নি। কিন্তু জয়েন্ট সি. পি. বলেছিলেন—এরকম একজনকে ধরা হয়েছে ঠিকই, কিন্তু সেটা মিস-আণ্ডারস্ট্যাণ্ডিং হয়েছে। যখন কাল রাত পর্যন্ত ছেলেটি ঘরে ফিরল না তখন গভীর রাতে খবর এলো যে, ছেলেটিকে আর্মস অ্যাক্টে কয়লাঘাট থানায় অ্যারেস্ট করে রাখা হয়েছে এবং আজকে তাকে কোর্টে প্রডিউস করা হবে। পুলিশ এইভাবে একটা শান্তিপূর্ণ আন্দোলনের উপর ভিণ্ডিকটিভ অ্যাটিচ্যুড নিয়েছে, বিষয়টা বিপথে পরিচালিত করবার চেষ্টা করেছে, জনগণকে উত্যক্ত করবার চেষ্টা করেছে। সরকার এই ভিণ্ডিকটিভ অ্যাটিচ্যুড গ্রহণের জন্য যারা দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিন। এই প্রসঙ্গে আমি একথা বলতে চাই, গত ৩রা ফেব্রুয়ারি যে দাবির সমর্থনে বন্ধ ডাকা হয়েছিল—প্রাথমিক স্তরে প্রথম শ্রেণী থেকে ইংরেজি চালু করা, পাশ ফেল প্রথা পুনঃপ্রবর্তন—তার সমর্থনে মানুষ রায় দিয়েছেন। সেই রায়কে উপেক্ষা করতে না পেরে প্রাথমিক স্তরে ইংরেজি প্রবর্তনের কথা ঘোষণা করেও এখনও পর্যন্ত নানা অজুহাত দেখিয়ে কমিশন গঠনের কথা বলে সিদ্ধান্তটা ঝুলিয়ে রেখেছেন। ইতিমধ্যে সাড়ে তিন কোটি শিশুর ভবিষ্যত নষ্ট হয়েছে এবং আরো এক কোটি শিশুর

ভবিষ্যত নষ্ট হতে চলেছে। অনেক বিশিষ্ট শিক্ষাবিদ প্রাথমিক স্তরে এই ১৯৯৮ সাল থেকেই ইংরেজি চালু করবার কথা বলেছেন। তাঁরা এবং অভিভাবকরাও বলেছেন যে, এই ১৯৯৮ সাল থেকেই প্রাথমিক স্তরে ইংরেজি চালু করা সম্ভব। কমিশন গঠনের নামে সরকার কালহরণের নীতি নেওয়ায় সরকারের অনেক সরিক দলও তার বিরোধিতা করেছেন। তাই আমাদের দাবী, শিশুদের সর্বনাশ রুখতে অবিলম্বে প্রাথমিক স্তরে ইংরেজী চালু করা হোক। এই দাবী না মানায় গোটা পশ্চিমবঙ্গে শিশুদের সর্বনাশ করা হচ্ছে। এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষ রায় দিয়েছেন, প্রতিবাদ করেছেন, ধিক্কার জানিয়েছেন। কিন্তু কমিশন গঠনের নামে কালহরণ করে আজকে পশ্চিমবঙ্গের ভবিষ্যত নষ্ট করা হচ্ছে। আমরা সরকারের এই বিলম্বিতকরণ নীতির তীব্র প্রতিবাদ জানাচ্ছি, ধিক্কার জানাচ্ছি। অবিলম্বে এই ১৯৯৮ সাল থেকেই জনগণের দাবি সরকার মেনে নিন এই দাবি জানিয়ে প্রতিবাদে কক্ষ ত্যাগ করছি।

(এই সময় শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়কে সভাকক্ষ ত্যাগ করতে দেখা যায়)

## BREACH OF PRIVILEGE

**Mr. Speaker :** Now there is a motion of Shri Abu Ayes Mondal, Shri Rabin Deb, Shri Tapan Hore, Shri Purnendu Sengupta and Shri Mehabub Mondal which is against Shri Rabin Mukherjee Shri Tapas Banerjee, Shri Ramjanam Manjhi, Shri Sudhir Bhattacharjee and Shri Dilip Das. We told Shri Dilip Das to present today, but I find that Shri Dilip Das is not present today.

There is another matter—Notice of breach of privilege given by Rabin Deb against the Hon'ble members, Shri Rabin Mukherjee Shri Tapas Banerjee, Shri Ramjanam Manjhi and Shri Sudhir Bhattacharjee. I have heard Shri Rabin Mukherjee and Shri Ramjanam Manjhi, Shri Dilip Das is not present today on this matter. I will deal this matter together with the motion. There is another notice of breach of privilege given by Shri Jyoti Krishna Chattopadhyay against Shri Paresh Pal. Shri Tapas Banerjee, Shri Ram Janam Manjhi and Shri Dilip Das. We have heard Shri Tapas Banerjee and Shri Ram Janam Manjhi, but we have not heard Shri Paresh Pal and Shri Dilip Das. They were requested to be present today. But I find that they are not present. I am fixing the matter for Monday, the 30th March. this matter will be taken up on

that day after question hour. If they are not present on that day, we will see what next step can be taken.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আগে আলোচনা করে নিন, তারপর যা করার করবেন।

**Mr. Speaker :** Let us see what respect the Hon'ble Members have for the House. To what extent they respect the House. They have to go the people. they have won the election, they have come here. Let the people see what respect they pay to the House.

[10-50 - 11-00 a.m.]

## SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR 1997-98

### Discussion and Voting on Demands for Supplementary Grants of the Government of West Bengal for the year 1997-98

### Demand No. 1

### Major Head : 2011—State Legislatures

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,35,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "2011—State Legislatures" during the current financial year.

### Demand No. 3

### Major Head : 2013—Council of Ministers

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 47,50,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013—Council of Minister" during the current financial year.

### Demand No. 4

### Major Head : 2014—Administration of Justice

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 6,52,85,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014—Administration of Justice" during the current financial year.

**Demand No. 5**

**Major Head : 2015—Elections**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 43,39,98,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "2015—Elections" during the current financial year.

**Demand No. 6**

**Major Head : 2020—Collection of Taxes on Income and Expenditure**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 53,50,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current financial year.

**Demand No. 7**

**Major Head : 2029—Land Revenue**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,56,04,000 be granted for expenditure under Demand No. 7, Major Head : "2029—Land Revenue" during the current financial year.

**Demand No. 8**

**Major Head : 2030—Stamps and Registration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,25,70,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "2030—Stamps and

Registration" during the current financial year.

**Demand No. 9**

**Major Head : 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,80,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : "2035—Collection of Other Taxes on Property and Capital Transactions" during the current financial year.

**Demand No. 10**

**Major Head : 2039—State Excise**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,89,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "2039—State Excise" during the current financial year.

**Demand No. 11**

**Major Head : 2040—Taxes on Sales, Trades etc.**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,42,90,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "2040—Taxes on Sales, Trades etc." during the current financial year.

**Demand No. 12**

**Major Head : 2041—Taxes on Vehicles**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 38,15,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles" during the current financial year.

### Demand No. 13

### Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,48,86,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Servvices" during the current financial year.

### Demand No. 14

### Major Head : 2047—Other Fiscal Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,00,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2047—Other Fiscal Services" during the current financial year.

### Demand No. 16

### Major Head : 2049—Interest Payments

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,00,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "2049—Interest Payments" during the current financial year.

### Demand No. 18

### Major Head : 2052—Secretariat—General Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,97,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "2052—Secretariat—General Services" during the current financial year.

**Demand No. 19**

**Major Head : 2053—District Administration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 63,40,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053—District Administration" during the current financial year.

**Demand No. 20**

**Major Head : 2054—Treasury and Accounts Administration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,27,88,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "2054—Treasury and Accounts Administration" during the current financial year.

**Demand No. 21**

**Major Head : 2055—Police**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 70,38,36,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police" during the current financial year.

**Demand No. 22**

**Major Head : 2056—Jails**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,57,00,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2056—Jails" during the current financial year.

**Demand No. 24**

**Major Head : 2058—Stationery and Printing**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 92,81,000 be granted for

expenditure under Demand No. 24, Major Head : "2058—Stationery and Printing" during the current financial year.

**Demand No. 25**

**Major Head : 2059—Public Works, 2216—Housing (Buildings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,86,70,000 be granted for expenditure under Demand No. 25, Major Head : "2059—Public Works, 2216—Housing (Buildings)" during the current financial year.

**Demand No. 26**

**Major Head : 2070—Other Administrative Services (Fire Protection and Control)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,39,50,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the current financial year.

**Demand No. 27**

**Major Head : 2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,60,51,000 be granted for expenditure under Demand No. 27, Major Head : "2070- Other Administrative Services (Excluding Fire Protection and Control)" during the current financial year.

**Demand No. 28**

**Major Head : 2071—Pensions and other Retirement Benefits**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 31,70,80,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits" during the current financial year.

**Demand No. 29**

**Major Head : 2075—Miscellaneous General Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 73,84,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "2075—Miscellaneous General Services" during the current financial year.

**Demand No. 30**

**Major Heads : 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 179,14,97,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture" during the current financial year.

**Demand No. 31**

**Major Head : 2204—Sports and Youth Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 72,32,000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "2204—Sports and Youth Services" during the current financial year.

**Demand No. 33**

**Major Head : 2210—Medical and Public Health (Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,28,78,000 be granted for

expenditure under Demand No. 33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)" during the current financial year.

### Demand No. 34

### Major Head : 2211—Family Welfare

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,90,52,000 be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211—Family Welfare" during the current financial year.

### Demand No. 35

### Major Head : 2215—Water Supply and Sanitation (Exacluding Prevention of Air and Water Pollution)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,14,60,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" during the current financial year.

### Demand No. 36

### Major Head : 2216—Housing

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,53,000 be granted for expenditure under Demand No. 36, Major Head : "2216—Housing" during the current financial year.

### Demand No. 37

### Major Heads : 2217—Urban Development, 6217—Loans for Urban Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 53,19,00,000 be granted for

expenditure under Demand No. 37, Major Heads : "2217—Urban Development, 6217—Loans for Urban Development" during the current financial year.

### Demand No. 39

### Major Heads : 2230—Labour and Employment

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,19,40,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment" during the current financial year.

### Demand No. 40

### Major Head : 2235—Social Security and Welfare (Rehabilitation)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,79,01,000 be granted for expenditure under Demand No. 40, Major Head : "2235—Social Security and Welfare (Rehabilitation)" during the current financial year.

### Demand No. 41

### Major Head : 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,68,000 be granted for expenditure under Demand No. 41, Major Head : "4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)" during the current financial year.

### Demand No. 42

### Major Head : 2235—Social Security and Welfare (Social Welfare)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 30,87,86,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and welfare (Social Welfare)" during the current financial year.

**Demand No. 43**

**Major Head : 2236—Nutrition**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,21,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current financial year.

**Demand No. 44**

**Major Head : 2245—Relief on account of Natural Calamities**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities" during the current financial year.

**Demand No. 45**

**Major Head : 2251—Secretariat—Social Services**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,17,50,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251—Secretariat—Social Services" during the current financial year.

**Demand No. 46**

**Major Head : 2250—Other Social Services**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,60,92,000 be granted for expenditure under Demand No. 46, Major Head : "2250—Other Social Services" during the current financial year.

**Demand No. 47**

**Major Head : 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 21,29,000 be granted for expenditure under Demand No. 47, Major Head : "2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops)" during the current financial year.

**Demand No. 49**

**Major Head : 2403—Animal Husbandry**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,14,50,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "2403—Animal Husbandry" during the current financial year.

**Demand No. 50**

**Major Head : 2404—Dairy Development**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,20,12,000 be granted for expenditure under Demand No. 50, Major Head : "2404—Dairy Development" during the current financial year.

**Demand No. 51**

**Major Head : 4405—Capital Outlay on Fisheries**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,40,000 be granted for expenditure under Demand No. 51, Major Head :" during the current financial year.

## Demand No. 52

### Major Head : 2406—Forestry and Wild Life

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,75,20,000 be granted for expenditure under Demand No. 52, Major Head : "2406—Forestry and Wild Life" during the current financial year.

## Demand No. 53

### Major Heads : 4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations" during the current financial year.

## Demand No. 54

### Major Heads : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,30,35,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current financial year.

## Demand No. 57

### Major Head : 4425—Capital Outlay on Co-operation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 1,54,11,000 be granted for expenditure under Demand No. 57, Major Head : "4425—Capital Outlay on Co-operation" during the current financial year.

**Demand No. 58**

**Major Head : 2435—Other Agricultural Programmes**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,70,000 be granted for expenditure under Demand No. 58, Major Head : "2435—Other Agricultural Programmes" during the current financial year.

**Demand No. 59**

**Major Head : 2501—Special Programmes for Rural Development**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,19,38,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programmes for Rural Development" during the current financial year.

**Demand No. 60**

**Major Head : 2505—Rural Employment**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,55,62,00,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the current financial year.

**Demand No. 62**

**Major Head : 2515—Other Rural Development Programmes (Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,68,60,000 be granted for

expenditure under Demand No. 62, Major Head : "2515—Other Rural Development Programmes (Panchayati Raj)" during the current financial year.

### Demand No. 63

### Major Head : 2515—Other Rural Development Programmes (Community Development)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,62,55,000 be granted for expenditure under Demand No. 63, Major Head : "2515—Other Rural Development Programmes (Community Development)" during the current financial year.

### Demand No. 64

### Major Head : 6551—Loans for Hill Areas

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 64, Major Head : "6551—Loans for Hill Areas" during the current financial year.

### Demand No. 66

### Major Head : 2701—Major and Medium Irrigation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,30,54,000 be granted for expenditure under Demand No. 66, Major Head : "2701—Major and Medium Irrigation" during the current financial year.

### Demand No. 67

### Major Heads : 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay n Command Area Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 1,05,90,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the current financial year.

**Demand No. 68**

**Major Head : 2711—Flood Control**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,95,20,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "2711—Flood Control" during the current financial year.

**Demand No. 69**

**Major Head : 2801—Power**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,69,00,000 be granted for expenditure under Demand No. 69, Major Head : "2801—Power" during the current financial year.

**Demand No. 73**

**Major Heads : 2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings), (Village and Small Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,89,30,000 be granted for expenditure under Demand No. 73, Major Head : "2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings),

6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings)" during the current financial year.

**Demand No. 74**

**Major Head : 2852—Industries (Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,97,40,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "2852—Industries (Closed and Sick Industries)" during the current financial year.

**Demand No. 75**

**Major Head : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,78,57,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)" during the current financial year.

**Demand No. 76**

**Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,90,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the current financial year.

**Demand No. 77**

**Major Head : 3051—Ports and Lighthouses**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 18,53,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses" during the current financial year.

**Demand No. 78**

**Major Head : 3053—Civil Aviation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,30,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation" during the current financial year.

**Demand No. 79**

**Major Heads : 3054—Roads and Bridges, 5054—Capital Outlay on roads and Bridges**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 49,63,75,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges, 5054—Capital Outlay on Roads and Bridges" during the current financial year.

**Demand No. 80**

**Major Heads : 3055—Road Transport, 7055—Loans for Road Transport**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,90,88,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055—Road Transport, 7055—Loans for Road Transport" during the current financial year.

**Demand No. 81**

**Major Head : 7075—Loans for Other Transport Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 2,53,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services" during the current financial year.

**Demand No. 82**

**Major Head : 3425—Other Scientific Research**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,31,000 be granted for expenditure under Demand No. 82, Major Head : "3425—Other Scientific Research" during the current financial year.

**Demand No. 83**

**Major Head : 3451—Secretariat—Economic Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,15,05,000 be granted for expenditure under Demand No.83, Major Head : "3451—Secretariat—Economic Services" during the current financial year.

**Demand No. 86**

**Major Head : 3456—Civil Supplies**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 54,20,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current financial year.

**Demand No. 89**

**Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 1,43,00,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : " 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current financial year.

**Demand No. 92**

**Major Heads : 4858—Capital Outlay on Engineering Industries (Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,64,00,000 be granted for expenditure under Demand No. 92, Major Head : " 4858—Capital Outlay on Engineering Industries (Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Public Undertakings)" during the current financial year.

**Demand No. 93**

**Major Head : 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 50,00,000 be granted for expenditure under Demand No. 93, Major Head : " 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings)" during the current financial year.

**Demand No. 95**

**He. [illegible]—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,00,000 be granted for

expenditure under Demand No. 95, Major Head : " 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries)" during the current financial year.

**Mr. Speaker :** There is no cut motions to Demands for grants.

[11-00 – 11-10 a.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত যে ৯২৫ কোটি ৮৩ লক্ষ টাকার যে সাপ্লিমেন্টারী গ্রান্ট এর দাবী রেখেছেন তার উপরে আমি কিছু বলার জন্য দাঁড়িয়েছি। সাপ্লিমেন্টারী গ্রান্টের উপর বক্তৃতা শুরু করার আগে আমি ঐ বাজেট নিয়ে যেটা আলোচনা হল, তা নিয়ে কিছু সাপ্লিমেন্টারী বক্তব্য আছে সেটা বলে আমি সাপ্লিমেন্টারী গ্রান্টের ব্যাপারে বলব। যেটা হচ্ছে কি, এবারে অসীম বাবু একটা অসুবিধার মধ্যে ওর রাজ্যের বাজেট পেশ করেছেন। তার কারণ কেন্দ্রীয় সরকার এখন পর্যন্ত তার বাজেট পেশ করেন নি। অন্যান্য বারে কেন্দ্রীয় বাজেট পেশ করার পরে রাজ্য বাজেট প্লেস করা হয়, তার ফলে ওঁর বাজেটে একটা অংশ জুড়ে থাকে কেন্দ্রীয় বাজেটের সমালোচনা, বা সেই ব্যাপারে তার বক্তব্য থাকে। তার থেকে এবারে উনি সেই সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন। কিন্তু উনি যেটা প্রতিবারেই বলেন, বিকল্প অর্থনীতির কথা, সেই ব্যাপারে উনি বিস্তারিত বলেছেন। আমি আগেও বাজেট বক্তৃতায় বলেছি, অসীম দাশগুপ্ত মহাশয় দেখাবার চেষ্টা করেননি, বিকল্প অর্থনীতিটা পশ্চিমবাংলার অর্থনীতিকে কিভাবে এগিয়েছে। যদিও গতকাল উনি স্বীকার করেছেন বিকল্প অর্থনীতিতে ভারতবর্ষের অন্যান্য অনগ্রসর রাজ্যের সঙ্গে সমানভাবে এগুতে পারেন নি। যেমন হরিয়ানা পাঞ্জাব তারা কৃষিতে এগিয়েছে, মহারাষ্ট্র গুজরাট শিল্পে এগিয়েছে, কেরালা গোয়া শিক্ষা ও স্বাস্থ্য এগিয়েছে। তা সত্ত্বেও উনি একটা দাবি করেছেন, আমি শুধু একটি কথা এই ব্যাপারে বলতে চাই, এবারের বাজেটে অসীম বাবুর যেটা প্রত্যেক বারে অভাব থাকে না, একটা ইনসিনসিয়ারিটি, সেটা আমরা লক্ষ্য করছি। ইনসিনসিয়ারিটি ওর বাজেটে এবারে প্রথম আছে, যেখানে উনি ২১ দফার একটা দাবি দিয়েছেন, আমার এই ব্যাপারে ওর কাছে বক্তব্য, অন্য কেউ ২০ দফা দাবি দিয়েছেন তাই দেখে কি ২১ দফা দাবি আপনি দিয়েছেন? এই দাবিগুলি ১৯৯৬-৯৭ সালে আপনার বাজেট বক্তৃতায় দিলেন না, তখন তাহলে দেননি কেন? আর তখন তো কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার ছিল, তখন সেইগুলি হাইলাইট করেন নি, এখন সেইগুলি হাইলাইট করার চেষ্টা করছেন। এখানে আমার এই ব্যাপারে একটা অনীহা আছে, রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি এক গুচ্ছ প্যাকেজ দিয়েছিলেন, কিন্তু একটারও কাজ হয়নি।

আমার সেই জন্য ধারনা ইন্ডিভিজুয়াল প্রোজেক্ট, ইন্ডিভিজুয়াল সমস্যা, ইন্ডিভিজুয়াল

মিনিস্ট্রি দাবি করলেই অগ্রসর হওয়া যায় না। তাই বোধ করি রাজনৈতিক কারণে তিনি এই একুশ দফা দাবি দিয়েছেন। বাজেটে ১.১৭ নম্বর প্যারাগ্রাফে উনি বলেছেন ইউনাইটেড ফ্রন্টের থেকে তিনি কত আদায় করতে পেরেছেন। দেখা যাবে সেখানে তিনি বলেছেন আলোচনা শুরু হওয়া ছাড়া, আর কিছু যৌক্তিকতা স্বীকার করে নেওয়া ছাড়া ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের থেকে আর কিছুই তিনি আদায় করতে পারেন নি। একটা দপ্তরের ক্ষেত্রেও তিনি পদক্ষেপ আদায় করতে পেরেছেন এটা বাজেটে দেখাতে পারবেন? আমরা জানি বর্তমানে যে কেন্দ্রীয় সরকার আছে তাদের আর্থিক নীতি কি হবে সেটা খুব পরিষ্কার নয়। যার অর্থমন্ত্রী হওয়ার কথা ছিল তাকে অর্থমন্ত্রী না করে, আর.এস.এস.-র কথা মত বর্তমান অর্থমন্ত্রীকে করা হয়েছে এবং আর.এস.এস.-র অ্যাজেন্ডা তাকে বহন করতে হবে। স্বদেশী অ্যাজেন্ডা, দেশী পুঁজিপতিদের জন্য আর.এস.এস. দীর্ঘদিন ধরে লড়াই করছে এবং তাদের একটা সংগঠনও আছে স্বদেশী জাগরণ মঞ্চ এবং তার প্রধান প্রবক্তা হচ্ছেন গুরুমূর্তি বলে একজন লোক। স্বদেশী জাগরণ মঞ্চ যেসব কথা বলে তার সাথে অসীম বাবুর বাজেটেরও একটা মিল আছে। কারণ আর.এস.এস. এবং সি.পি.এম. বৃহৎ বুর্জোয়া শ্রেণীর জন্য বলতে দাঁড়িয়ে গেছে। তারা বলছে ভারতবর্ষে যেখানে পুঁজিপতিরা আছে, সেখানে বাইরে থেকে মাল্টিন্যাশনালদের আনার কি দরকার। সি.পি.এম.-র যারা তাত্ত্বিক আলোচনা করেন তারা দেখুন আপনাদের অর্থনৈতিক নীতি আর.এস.এস.-র এত কাছাকাছি জায়গায় পৌঁছে গেছে যে তারা বৃহৎ পুঁজিপতিদের পাশে এসে দাঁড়িয়েছে। আরেকটি ব্যাপার হচ্ছে যে কোনও কারণেই ইউনাইটেড ফ্রন্ট ভারতবর্ষের অর্থনীতিকে খুব খারাপ জায়গায় রেখে গেছেন। ইউনাইটেড ফ্রন্টের অর্থমন্ত্রী একটা স্বপ্নের বাজেট পেশ করেছিলেন, তার ড্রীম বাজেট ইমপ্লিমেন্ট করার সময় তিনি পুরোপুরি পাননি। ফিসকাল ডেফিসিট আগে যেটা ছিল ৬.১ পারসেন্ট, সেটা আজকে বেড়ে দাঁড়িয়েছে ২০.১ পারসেন্টে; ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন যেটা দু-তিন বছর ধরেই ছয়, সাত পারসেন্ট করে বাড়ছিল, সেটা বাড়ল মাত্র ৪.৫; এগ্রিকালচারাল প্রোডাকশন কম হয়েছে; এক্সপোর্টের ক্ষেত্রে নেগেটিভ গ্রোথ দেখেছি ডলার টার্মসে। আমাদের আর.এস.এস. অর্থমন্ত্রী কি অর্থনৈতিক নীতি নেবেন জানি না, তিনি শুধু ভোট অন অ্যাকাউন্ট পেশ করেছেন, এতে তিনি পরিষ্কার করে কিছু বলেননি। বিভিন্ন রাজ্যের যে কম্পিটিং ডিমান্ড তা তিনি আলাদা করে কতখানি করতে পারবেন জানি না। এইভাবে যদি ভারতবর্ষের সরকার চলে তাহলে হয়ত আমরা একদিন দেখব বেঙ্গল প্যাকেজের জন্য বেঙ্গল মিনিস্টার, তামিলনাড়ু প্যাকেজের জন্য তামিলনাড়ু মিনিস্টার, অন্ধ্রপ্রদেশের জন্য একজন মিনিস্টার হবে। এইভাবে কি ভারতবর্ষের ঐক্য থাকবে। এটা মোটেই ভাল হবে না।

[11-10 – 11-20 a.m.]

আমি কয়েকটা ব্যাপার বুঝতে পারি না। আপনি বলেছেন যে প্রত্যেক জেলাতে

আপনি একটা করে ইঞ্জিনিয়ারিং কলেজ করবেন। আপনার বাজেট বক্তৃতাতে আপনি ঘোষণা করেছেন। দপ্তরের মন্ত্রীকে জিজ্ঞাসা করলে তিনি বলেছেন এ ব্যাপারে আমাদের আলোচনা হয়েছে। নর্মালি নিয়ম হচ্ছে বাজেট অ্যানাউন্স করে বিভিন্ন দপ্তরকে ডেকে ডেকে আলোচনা করা। আপনি যখন বাজেট অ্যানাউন্স করেন তখন মন্ত্রীকে ডেকে জিজ্ঞাসা করি কি এটা হচ্ছে। তাঁরা বলেন এটা হচ্ছে না, আমরা আলোচনা করছি। পলিটেকনিকের ব্যাপারে, প্রত্যেকটা জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ হচ্ছে, এ ব্যাপারে টেকনিক্যাল এডুকেশন মিনিস্টার বংশগোপাল চৌধুরিকে জিজ্ঞাসা করলে তিনি বলেন, এটা আলোচনা হয়েছে পলিটেকনিক ইনফ্রাস্ট্রাকচারে কি করা যায়। তার মানে আপনার বাজেট অ্যানাউন্সমেন্টের সঙ্গে একটা গ্যাপ থেকে যাচ্ছে। বাজেট হয়েছিল মার্চ মাসে, গভর্নমেন্ট অর্ডার বেরিয়েছে অক্টোবর মাসে। বাজেট অ্যানাউন্সমেন্ট আর গভর্নমেন্ট অর্ডারের সঙ্গে ৬ মাসের গ্যাপ থাকে কি করে? কি করে গ্যাপ বেড়ে যায় সেটা আপনি এক্সপ্লেন করবেন। বাজেটে আপনি এক হাজার প্রাইমারি স্কুল আর এক হাজার প্রাইমারি এডুকেশন সেন্টার করবেন বলেছেন। হিসাবে দেখা যায় মাত্র পাঁচশো প্রাইমারি স্কুল হয়েছে। তার মানে বাজেট বক্তৃতার সঠিক ইমপ্লিমেন্টেশন হচ্ছে না। এটা আমাদের অভিজ্ঞতা। গতবার বলেছিলেন যে রাইস মিলগুলো ডাইরেক্টলি কলকাতার স্ট্যাটুটরি রেশনিং এলাকায় চাল বিক্রি করতে পারবে। তার ৬ মাস পরে—আমি সাবজেক্ট কমিটিতে আছি, আমি সাবজেক্ট কমিটিতে জিজ্ঞাসা করি রাইস মিলগুলো চাল বিক্রি করছে? তারা বলেন খাদ্য মন্ত্রী অনুমতি দেয়নি। আপনার বাজেট এর আগে আপনি নিশ্চয়ই অন্য দপ্তরের মন্ত্রীদের সঙ্গে আলোচনা করবেন না কিন্তু বাজেট হয়ে যাওয়ার পর অন্য দপ্তরের ব্যাপারে আপনি যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা ইমপ্লিমেন্টেড হচ্ছে কিনা আপনার দেখা উচিত। কিন্তু সেটা দেখা হচ্ছে না। তার ফলে বাজেট অ্যানাউন্স এবং অ্যাকচুয়াল ডিপার্টমেন্টাল অ্যালোকেশনের মধ্যে একটা বিরাট ফারাক থেকে যাচ্ছে। এটা শুধু অন্য মন্ত্রীদের সাথে হচ্ছে তাই নয়, মুখ্যমন্ত্রীর সাথেও হচ্ছে। উত্তরবঙ্গের উন্নয়নের ব্যাপারে সে দিন মুখ্যমন্ত্রী কমল গুহের একটা প্রশ্নের উত্তর দিচ্ছিলেন। তিনি উত্তর দিলেন যে শুধু উত্তরবঙ্গ কেন, এইসব কথা আমি পছন্দ করি না। সব জায়গায়তেই তো উন্নয়নের প্রয়োজন আছে। শুধু উত্তরবঙ্গে কেন? অথচ বাজেট বক্তৃতাতে আপনি বলেছেন উত্তরবঙ্গের জন্য এবং রাজ্যের পশ্চিমাঞ্চলের জন্য ডেভেলপমেন্ট বোর্ড তৈরি করবেন। এগুলো কি মুখ্যমন্ত্রী জানেন না? মুখ্যমন্ত্রী আলাদা করে কোনও জায়গার কথা ভাবতে রাজি নন। কমল গুহের প্রশ্নের উত্তরে তিনি বলেছেন। কমল গুহ জিজ্ঞাসা করেছিলেন উত্তরবঙ্গের জন্য কি ব্যবস্থা নিচ্ছেন। মুখ্যমন্ত্রী বলেছেন সারা বাংলার উন্নতি করতে হবে। তার তিনদিন পর বাজেট বক্তৃতায় আপনি বলেছেন নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট বোর্ড এবং ওয়েস্টার্ন রিজিওন ডেভেলপমেন্ট বোর্ড করা হবে। এটা আপনি অ্যানাউন্স করেছেন মুখ্যমন্ত্রীর জানা ছিল না? ভারতবর্ষের সব জায়গায় বহু দিন ধরেই রিজিওনাল

বোর্ড আছে। মহারাষ্ট্রে, অন্ধ্রপ্রদেশে ডেভেলপমেন্ট বোর্ড আছে। শুধু ডেভেলপমেন্ট বোর্ড আছে তাই নয় তাদের স্ট্যাটুটরি পাওয়ারও আছে। আমি দাবি করছি, আপনি এই ব্যাপারটা মুখ্যমন্ত্রীর কাছে ক্ল্যারিফাই করে নিন। আর আপনি যে ডেভেলপমেন্ট বোর্ড করছেন সেগুলোর স্ট্যাটুটরি বোর্ড তৈরি করে আলাদা আইন এনে স্ট্যাটুটরি ডেভেলপমেন্ট বোর্ড করুন। যেসব এলাকা পিছিয়ে আছে উত্তরবঙ্গে এবং পশ্চিমাঞ্চলে যাদের আপনি ঝাড়খন্ড বলেননি তাদের স্ট্যাটুটরি পাওয়ার দিয়ে আপনি একটা ডেভেলপমেন্ট বোর্ড করুন, এটা আপনার কাছে আমার দাবি।

আমি আর দুটো কথা বলে সাপ্লিমেন্টারি বাজেটে যাব। মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবু সেদিন দাবি করেছিলেন, আপনি বলেছেন এবারে ইংরাজি চালু করতে চান প্রাথমিক স্তর থেকে। আমার বক্তব্য হচ্ছে আপনারা আর দেরি করবেন না, সরকারের বিরুদ্ধে মানুষের রিসেন্টমেন্ট বাড়ছে। সে দিন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে ইংরাজি পড়ানোর নতুন নতুন মেথড চালু হয়েছে, কোনও মেথডে পড়ানো হবে, কি বই পড়ানো হবে এটা নিয়ে আলোচনা করতে হবে। আমি বলছি এতে আলোচনার কোনও দরকার নেই। আপনি যে মেথডে ইংরাজি শিখেছেন সেই পুরনো মেথডই চালু করুন, সারা পৃথিবীতে পুরনো মেথডই ফিরে আসেছে এবং সেটাই ঠিক, আপনারা এ বছর থেকেই চালু করুন। বই বাজারে আছে বাচ্চারা শিখছে। আপনারা যখন মেনেই নিয়েছেন যে ইংরাজি চালু করতে হবে তখন চালু করেই দিন। আমি বলছি এটা ক্লাস ওয়ান থেকেই চালু করুন, এ নিয়ে আর হেজিটেড করবেন না, কমিশন বসানোরও দরকার নেই। পুরনো মেথড যেটা ছিল সেটাই আবার চালু করে দিন কনভেনশনাল মেথড। কি বই হবে, না হবে এটা নিয়ে আর প্রেস্টিজ ইস্যু করবেন না। দ্বিতীয় কথা হচ্ছে গত কয়েক দিন ধরে হাউসে দাঁতন, এগরা, মোহনপুর ওখানে ঘূর্ণি ঝড় হয়েছে তা আলোচনা হয়েছে, মন্ত্রী বিবৃতি দিয়েছেন, রাজ্য সরকার ৩ কোটি দিয়েছে, যারা মারা গেছে তাদের পরিবারকে ২০ হাজার টাকা দেওয়া হবে স্যাংশন হয়েছে। যে জায়গায় বাড়িগুলি ভেঙ্গে গেছে সেখানে পার্মানেন্ট সেল্টার করার ব্যবস্থা করুন এবং এ ব্যাপারে প্রেস্টিজ ইস্যু করবেন না, ভলেন্টারি অর্গানাইজেশনগুলিকে আটকাবেন না। আমি মহারাষ্ট্রের লাটুরে ভূমিকম্পের পরে গিয়েছিলাম, সেখানে রামকৃষ্ণ মিশন থেকে পরপর পাকা বাড়ি করে দিয়েছে। যখন এই রকম বিপদ ঘটে তখন আপনি সমস্ত রিসোর্স মোবিলাইজ করুন এবং ভলেন্টিয়ারি অর্গানাইজেশন তারা যদি বাড়ি তৈরি করে দিতে চায় তাহলে আপনারা পঞ্চায়েত সমিতি থেকে কাজ হবে বলে যেন আটকাবেন না। তাহলে নন্দ বাবু ওখানে মন্ত্রী আছেন তিনি সি.পি.আই. এম.এল.এ. কিন্তু ওখানে পঞ্চায়েত সমিতি হচ্ছে সি.পি.এম.-র। তাতে সি.পি.এম.-র সাথে কনফ্লিক্ট হবে। রিলিফ এবং রিহ্যাবিলিটেশনের কাজে অসুবিধা হবে। ভলেন্টিয়ারি অর্গানাইজেশনগুলির রিলিফ এবং রিহ্যাবিলিটেশনের জন্য যে টাকা স্যাংশন হয়েছে সেই

টাকা নিয়ে যাতে দলবাজি না হয় সেটা দেখবেন, সেটাকে প্রেস্টিজ ইস্যু করবেন না। এগুলি সাপ্লিমেন্টারি বাজেটের সঙ্গে ডাইরেক্টলি যুক্ত নয় তাই সেদিন বলিনি, আজকে বলছি। আপনি ৯২৫ কোটি টাকার সাপ্লিমেন্টারি বাজেট নিয়ে এসেছেন। সংবিধানের ২০৫ ধারা অনুযায়ী কোনও পার্টিকুলার খাতে যখন বেশি খরচ হয়ে যাবে তখন সাপ্লিমেন্টারি বাজেট নিয়ে আসতে হবে এবং ৩১শে মার্চের মধ্যে সেটা অথোরাইজড করিয়ে নিতে হবে এবং এটা যদি না আনা হয় তাহলে আনঅথোরাইজড হয়ে যাবে। আপনি দেখবেন সাপ্লিমেন্টারি বাজেটে কাট মোশন দেওয়ার প্রভিসন আছে, কিন্তু আমরা সাপ্লিমেন্টারি বাজেটে কাট মোশন দিই না। তার কারণ যে খরচটা হয়ে গেছে আমরা যদি কাট মোশন দিই তাহলে সরকারকে অযথা অসুবিধার মধ্যে ফেলা হবে, তাই আমরা এটা করতে চাই না। ৯২৫ কোটি টাকা সাপ্লিমেন্টারি বাজেট নিয়ে ফিনান্সিয়াল ডিসিপ্লিন থাকছে কি না সেটা আপনি একটু ভেবে দেখবেন। মোট বাজেট ছিল ১৩ হাজার কোটি টাকার, আর ৯২৫ কোটি টাকা যদি সাপ্লিমেন্টারি বাজেট হয় তাহলে হচ্ছে ৭ পারসেন্ট। এটাকে আপনি বাজেট-এর মধ্যে আনতে পারেননি, এটা তো দ্বিতীয় বাজেট হয়ে গেল। এটা যদি ১ পারসেন্ট কি ২ পারসেন্ট হত তাহলেও একটা কথা কিন্তু এটা হচ্ছে ৭ পারসেন্ট। এটা আপনি ভেবে দেখবেন।

[11-20 – 11-30 a.m.]

এই যে ৯৫-টা আইটেম অল টুগেদার সাপ্লিমেন্টারি বাজেটের মধ্যে দিয়েছেন এর প্রায় ৮০-টাই রিলেটিং টু লার্জ এস্টাব্লিশমেন্ট চার্জেস। আমার এতে কোনও আপত্তি নেই, যদি ডি.এ. বাড়ে, পে বাড়ে, এটা দিতে হবে। কিন্তু হোয়াই হি ক্যাননট মেক প্রভিসন ফর ইনক্রিজিং ডি.এ.? এটা আমি বুঝতে পারি না। আপনি যে, ফর লার্জ এস্টাব্লিশমেন্ট চার্জেস সাপ্লিমেন্টারি বাজেট আনেন সেটা মনে হয় ফিনান্সিয়াল ডিসিপ্লিনের অঙ্গ নয়। যে টাকা আপনি সাপ্লিমেন্টারি বাজেটে খরচ করবেন সেটা আপনাকে অর্জন করতে হবে। এবং যাতে ওভারঅল বাজেট ডেফিসিট একই রকম থাকে সেটা দেখা দরকার। আমার মনে হয়, রাজ্যে ফিনান্সিয়াল ডিসিপ্লিন আনতে গেলে সাপ্লিমেন্টারি বাজেট কিছুতেই ৪.৫ পারসেন্টের বেশি হওয়া উচিত নয়। সেন্ট্রাল যে ফিসক্যাল ডেফিসিট বলছে সাপ্লিমেন্টারি বাজেটে তা ৪.৫ পারসেন্ট রাখতে পারলে ভাল হয়। ৯৫-টা আইটেমের মধ্যে ৭৫।৮০-টা আইটেম টুওয়ার্ডস পেয়িং লার্জ এস্টাব্লিশমেন্ট চার্জেস রয়েছে। কিছুতে ডিক্রিটাল ডিউস ঢেকেছেন। ১৫-টা নতুন। আর, কয়েকটা সাপ্লিমেন্টারি এক্সপেন্ডিচারে সিরিয়াস আপত্তি আছে। সেগুলো সম্বন্ধে অসীম বাবু এক্সপ্লেন করবেন। ডিমান্ড নম্বর ২৭ দেখুন। তাতে দেখা যাচ্ছে, ফর পারচেজিং অফ ওয়ান হেলিকপ্টার ৩ কোটি ৬০ লক্ষ ৫১ হাজার টাকা খরচ করেছেন। কেন এত খরচ করেছেন? তাও অরিজিনাল বাজেটে নয়, সাপ্লিমেন্টারি বাজেটে। মাননীয় মুখ্যমন্ত্রীর কোমরে ব্যাথা, গাড়িতে যেতে

পারেন না, কেবল কখনও কখনও চড়েন, তার জন্য কিনলেন। হোয়েদার ইট ইজ জাস্টিফায়েড-এ সম্বন্ধে আমি ভাবতে বলব। গ্রামের গরিব মানুষকে গিয়ে একথা বলতে পারবেন যে, এত টাকা দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর জন্য হেলিকপ্টার কিনেছি পবনহংসের সঙ্গে অ্যারেঞ্জমেন্ট করে? মুখ্যমন্ত্রী, গভর্নরের যাওয়া-আসার জন্য তো হেলিকপ্টার ভাড়া করা যেত। তার মধ্যে মুখ্যমন্ত্রীকে বেশি যেতে হয় পার্টির জেলা সম্মেলনে বক্তৃতা দিতে। এবং দু-একটা প্রোজেক্টের উদ্বোধন করতে। এর জন্য রাজ্য সরকারকে এত টাকা দিয়ে হেলিকপ্টার কেনার কোনও যুক্তি নেই। এটা ব্যবহার হবে না, পড়ে থাকবে। সুতরাং কেন আপনি এত টাকা দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর জন্য হেলিকপ্টার কিনলেন সেটা এই হাউসে বলবেন।

স্যার, এবারে কম্পিউটারাইজেশনের জন্য সাপ্লিমেন্টারি বাজেটে অনেক টাকা নেওয়া হয়েছে। ডিমান্ড নম্বর ১১-তে বেলেঘাটা সেল ট্যাক্স অফিস কম্পিউটারাইজেশনের জন্য ১ কোটি ৯০ লক্ষ টাকা নিয়েছে। ডিমান্ড নম্বর ২০-তে ট্রেজারি অ্যান্ড অ্যাকাউন্টস অ্যাডমিনিস্ট্রেশনে ৬০ কোটি টাকা নিয়েছেন। আবার, ডিমান্ড নম্বর ৩০-তে স্কুলের ছেলে মেয়েদের কম্পিউটার শেখাবার জন্য একটা টাকা দিয়েছেন। আমার প্রশ্ন কার থেকে কম্পিউটারগুলো কিনছেন? আপনি তিন দফায় ১০ কোটি টাকার নতুন কম্পিউটার কেনার জন্য খরচ করেছেন। কিন্তু আপনি কেনার জন্য কি কি প্রোগ্রাম নিয়েছেন? আপনাদের জানা আছে, বাঙ্গারাপ্পার বিরুদ্ধে কম্পিউটার নিয়ে 'ক্লাসিক কম্পিউটার' বলে একটা বড় সি.বি.আই. কেস হয়েছিল। তাই মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি, এগুলো কার থেকে কেনা হচ্ছে?

কম্পিউটার কোম্পানির মধ্যে অনেক জাল কোম্পানি আছে। কিছুদিন আগে খবরের কাগজে দেখছিলাম, ওয়েবেল একটা কম্পিউটার কোম্পানিকে প্রমোট করছে, তার নাম হল পারটেক কম্পিউটার লিমিটেড। আমি টেলিগ্রাফে দেখেছি কিছু লোক খবরের কাগজে দিয়েছে, 'আমি পারটেক কম্পিউটার কিনেছি, কিন্তু খারাপ হয়ে গিয়েছে, কেউ রিপেয়ার করছে না'। আবার কেউ বা লিখেছে, 'আমি পারটেক কম্পিউটার কেনার জন্য টাকা দিয়েছি কিন্তু কম্পিউটার পাচ্ছি না'। পারটেক কোম্পানি বহু কাস্টমারের সঙ্গে এরকম করেছে। এটা জাল কোম্পানি। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই, আপনি বেলেঘাটায় এবং ট্রেজারি অফিসের জন্য কোন কোম্পানি থেকে কম্পিউটার নিয়েছেন এবং স্কুলের ছেলেদের জন্য যে কম্পিউটার চালু করা হয়েছে সেটা কোন কোম্পানি থেকে নিয়েছেন, এটা জানাবেন। এটা আমার ইচ্ছা এবং আশা। তারপর ডিমান্ড নম্বর ১৬-তে ইন্টারেস্ট পেমেন্ট টু টিচারদের জন্য দাবি জানিয়েছেন। তার মধ্যে লিখেছেন, প্রাইমারি, সেকেন্ডারি, মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েতের এমপ্লয়িদের পি.এফ.-এর ইন্টারেস্টের ব্যাপারে। ডিমান্ড ১৬-তে আপনি বহু টাকা অর্থাৎ ৩৮ কোটি টাকা আপনি নিয়েছেন।

যদিও আপনারা বলতে পারেন যে, চার্জড অ্যাকাউন্ট নিয়ে আ· নি আলোচনা করছেন কেন? কিন্তু সংবিধানে বলা আছে চার্জড অন দি কনসোলিডেটেড ফান্ড নিয়ে বলা যাবে না, তার কারণ সেটা গভর্নমেন্টের দায়িত্ব, কিন্তু সেটা নিয়ে আলোচনা করতে বাধা নেই। টিচাররা পি.এফ. পাচ্ছেন না, আমরা এখানে পি.এফ. নিয়ে আলোচনা করেছি, তাঁদের বকেয়া টাকা, মাইনে ইত্যাদি দিতে বলেছি। ৬০ বছরের পরেও যাঁরা কাজ করছেন তাঁদের টাকা দেওয়ার কথাও বলেছি। টিচাররা রিটায়ার করার পর তাঁদের ডিউস পাচ্ছেন না, সমস্ত পি.এফ. সরকার হাতে নিয়ে নিয়েছে। তাঁদের পি.এফ.-র ইন্টারেস্ট দেওয়ার জন্য আপনি সাপ্লিমেন্টারি বাজেটে টাকা এনেছেন। আমার আশা এটা আপনি হাউসকে জানাবেন যে, তাঁদের পি.এফ.-এর টাকা দেওয়ার ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? আপনি ডিমান্ড নম্বর ৩৩-তে ম্যালেরিয়া ইরাডিকেশনের জন্য টাকা নিয়েছেন। ম্যালেরিয়ার জন্য গভর্নমেন্ট হঠাৎ করে প্রস্তুত ছিল না। ডিমান্ড নাম্বার ৩৩-তে ম্যালেরিয়ার জন্য আপনি ১২ কোটি ২৯ লক্ষ টাকা রেখেছেন। একটা বড় অংশ ম্যালেরিয়ার জন্য রেখেছেন। উনি লিখেছেন—অ্যাডিশনাল প্রভিসন আর রিকোয়ার্ড ফর মিটিং লার্জার এস্টাব্লিশমেন্ট এক্সপেন্সেস ফর ম্যালেরিয়া ইরাডিকেশন প্রোগ্রাম। সেখানে নতুন সাপ্লিমেন্টারি গ্র্যান্টের জন্য টাকা দিয়েছেন ম্যালেরিয়ার জন্য খরচা করার জন্য। ম্যালেরিয়া ইরাডিকেশন ভাল ভাবে হয়নি। এবারে কলকাতায় ম্যালেরিয়া এপিডেমিকের মতো হয়েছিল। একে আপনারা মিট করতে পারেননি। কলকাতা কর্পোরেশনের ১৪১টি ওয়ার্ডের ওয়ান-থার্ড ওয়ার্ডেও নিজেরা ব্লাড টেস্টিং ল্যাবোরেটরি করতে পারলেন না। আপনারা এসব জেনেও ম্যালেরিয়া ইরাডিকেশনের জন্য সাপ্লিমেন্টারি বাজেট করে টাকা দিয়েছেন। হেলথ ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করুন যে তারা কলকাতা মহানগরীতে যে ম্যালেরিয়া ছড়িয়ে পড়েছিল তার ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছে? আরেকটা ডিমান্ড নম্বর ৩৫-তে আর্সেনিকের জন্য সাপ্লিমেন্টারি গ্রান্ট চেয়েছেন। অনেক টাকার দরকার। এতে ৯ কোটি ১৪ লক্ষ টাকা আপনারা চেয়েছেন। অ্যাডিশনাল প্রভিসন আর নেসেসারি ফর ওয়াটার সাপ্লাই স্কীম ফর আর্সেনিক ডিফিকাল্ট এরিয়াস। আপনি সেখানে অ্যাডিশনাল স্যাংশন ৩ কোটি ৩৭ লক্ষ টাকা চেয়েছেন। এটা জলের ব্যাপারে। কারণ আর্সেনিক পলিউশন দিন দিন বাড়ছে। অসীম বাবু এই প্রসঙ্গে আপনাকে বলি যদি গ্রাউন্ড ওয়াটারের ব্যাপারে টোটাল প্ল্যানিং না হয় তাহলে আর্সেনিক আস্তে আস্তে ছড়িয়ে পড়বে। সুদূর মালদা থেকে বারুইপুর, বজবজে আর্সেনিক ছড়িয়ে গেছে। এর কারণ হচ্ছে যে, ইন্ডিসক্রিমিনেট ইউজ অফ গ্রাউন্ড ওয়াটার—এতে যদি প্ল্যান না নেওয়া যায় তাহলে এটাকে বন্ধ করা যাবে না। টিউবওয়েল করার ফলে আন্ডার গ্রাউন্ড ওয়াটারে আর্সেনিক ছড়িয়ে পড়েছে।

[11-30 – 11-40 a.m.]

এটা শুধু কয়েকটা সার্ফেস ওয়াটার প্রকল্প করলেই হবে না। একটা ওভার-অল প্ল্যানিং অফ গ্রাউন্ড ওয়াটার রিসোর্সেস এ রাজ্যে হয়নি। টোটাল ম্যাপিং অফ গ্রাউন্ড ওয়াটার রিসোর্সেস হয়নি। আর্সেনিক পলিউশন আজকে একটা সিরিয়াস প্রবলেম, দু চারটে জায়গায় সারফেস ওয়াটার প্রকল্প করলেই সলিউশন হবে না। এ নিয়ে আপনি কি ভাবছেন বলবেন।

আপনি ডেয়ারি ডেভেলপমেন্টের জন্য টাকা নিয়েছেন। সাপ্লিমেন্টরি বাজেটের ৫০-এ আপনি বলেছেন—মিল্ক প্রোকিয়রমেন্টের জন্য এই টাকা লেগেছে। অসীম বাবু, আপনি উত্তর দেবেন গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীমে দুধের দাম এই রকম বাড়ানো হল কেন? ডবল টোন্ড মিল্ক সাধারণত গরিব মানুষরা খায়, তার দাম এত বেড়ে গিয়েছে, ইট ইজ বিয়ন্ড দি রীচ অফ দি কমন পিপল। আপনি গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীমকে টাকা দিচ্ছেন। ওদের কাছ থেকে এক্সপ্লানেশন চান যে, ওদের বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারিতে লোকে কত ঘন্টা কাজ করছে? তারা সবাই নির্ধারিত সময় কাজ করছে কিনা, তা আমি আপনার কাছে জানতে চাইছি।

ডিমান্ড নং ৫১ ঃ ওয়েস্ট বেঙ্গল ফিসারিস কর্পোরেশনকে আপনি টাকা দিচ্ছেন। আপনি জানেন ওদের যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক স্কীম ছিল, সেই স্কীমে ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে। স্কীম হাফ-ওয়েতে দাঁড়িয়ে রয়েছে ক্যানিং দীঘা মিলিয়ে চারটে জায়গায়। ওয়ার্ল্ড ব্যাঙ্কের কন্ডিশন মানেনি বলে ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা বন্ধ করে দিয়েছে। আশা করছি এ বিষয়ে আপনি তাদের কাছ থেকে এক্সপ্লানেশন চাইবেন যে, কেন স্কীম টোটালি ফেল করল?

তারপরে আপনি ওয়েস্ট বেঙ্গল টি ডেভেলপমেন্ট কর্পোরেশনকে টাকা দিয়েছেন, যা আপনি ৫৩ নং গ্র্যান্টে রেখেছেন—ফর সেটিং আপ অফ ওয়েস্ট বেঙ্গল টি ডেভেলপমেন্ট কর্পোরেশন। সেটিং আপ বহু আগেই হয়ে গেছে। এখানে আপনার ভুল লেখা আছে। ইট ইজ নট ফর সেটিং আপ, আপনি হয়ত ওদের কিছু ক্যাপিটাল দিতে চেয়েছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করি—এ বছর চা বাগানগুলো সবচেয়ে বেশি টাকা লাভ করছে, তার কারণ এই বছর বাজারে চা-এর দাম ভীষণ বেশি রয়েছে। অথচ আপনার এই টি ডেভেলপমেন্ট কর্পোরেশন লাভ করতে পারছে না! কেন? এ বছর চা বাগানের মালিকরা চা বিক্রি করে হোয়াইট অ্যান্ড ব্ল্যাক মানি জেনারেট করছে। আপনার চারটে ভাল চা বাগান আছে, অথচ আপনাকে বাজেট থেকে টি ডেভেলপমেন্ট কর্পোরেশনকে বার বার টাকা দিতে হচ্ছে। কেন? এটা কি আপনি ওদের কাছে জানতে চাইবেন না?

এরপরে আপনি ৩৩ কোটি ৬৯ লক্ষ টাকার পাওয়ার সাবসিডির দাবি এনেছেন। রুরাল ইলেক্ট্রিফিকেশনের জন্য এই সাবসিডি দিয়েছেন—৩৩ কোটি ৬৯ লক্ষ টাকা। কেন ডব্লু.বি.এস.ই.বি.-কে এই টাকা দেওয়া হচ্ছে? এই বছরই তো ওদের আপনি ১০০ কোটি টাকা দিয়েছেন। ডব্লু.বি.এস.ই.বি.-র কাছ থেকে আপনি তার প্রোগ্রেস রিপোর্ট চান—কোটি কোটি টাকা আপনি সাবসিডি দিচ্ছেন, অ্যাকচ্যুয়ালি তারা কটা গ্রামে বিদ্যুৎ দিয়েছে?

আপনি ১৯৭৯-৮০ সাল থেকে স্টেট ট্রান্সপোর্ট এবং সি.টি.সি.-কে সাবসিডি দিচ্ছেন—সাপ্লিমেন্টারি বাজেটে কতগুলো লস মেকিং পাবলিক আন্ডারটেকিংকে সাবসিডি দিয়ে চালিয়ে যাচ্ছেন। হোয়াট ইজ দি কোয়ালিটি অফ সার্ভিস অফ দি স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন? এরপর আপনি আপনার ইকনমিক রিভিউতে লজ্জায় বোধ হয় বলেছেন, প্রফিট লস আপ টু দিস ইয়ার নট অ্যাভেইলেব্‌ল। আপনার স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডেক্স-এর মধ্যে কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এবং ট্রাম কোম্পানির হিসাব দেওয়া নেই। কারণ এত বেশি লস, ৪০/৫০ কোটি টাকার লোকসান চলছে, তাই দেননি। কত দিন আর আপনি সাবসিডি বাড়িয়ে যাবেন? তাদের ওয়ার্কারদের পেনশন দিয়েছেন বলে আমি আপনাদের ধন্যবাদ জানিয়েছি। কিন্তু তার বিনিময়ে তাদের ওয়ার্ক আউটপুট কি, মানুষকে কি সার্ভিস দিচ্ছে? আমি মনে করি সে অনুযায়ী তাদের মানুষকে সার্ভিস দিতে হবে।

টিটাগড় পেপার মিলকে ৫ কোটি ৯৭ লক্ষ টাকা দিয়েছেন। কিছু দিন আগে টিটাগড় পেপার মিলের লোকেরা শ্রমমন্ত্রীর কাছে গিয়েছিল। এরা বলেছে, পশ্চিমবঙ্গ সরকার তাদের সাহায্য দিয়েছে। একটা প্রাইভেট এন্টারপ্রেনিয়র এনেছেন তার যত লোককে নেওয়ার কথা ছিল তত লোককে সে নিচ্ছে না। টিটাগড় পেপার মিলকে টাকা দিলেন, তার মালিকের কাছে জিজ্ঞাসা করুন, তারা এখন পর্যন্ত কত জন শ্রমিককে ফেরত নিয়েছেন। আমি বাজেট বিতর্কের সময় ডিটেলস-এ বলেছি—এখানে একটা ফাইনান্সিয়াল ডিসিপ্লিন ইমপোজ করা দরকার। তা না হলে এই ভাবে প্রতি বছর সাপ্লিমেন্টরি বাজেট নিয়ে আসতে হবে এবং এখানে তা পাশ হবে। সে জন্য আমি আপনার এই সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করতে পারছি না।

**ডাঃ গৌরীপদ দত্ত** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে সাপ্লিমেন্টারি বাজেট সভায় উপস্থিত করেছেন তা পরিপূর্ণ ভাবে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। স্যার, প্রথমেই আমি মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি তার কারণ বস্তুত উনি পুরোপুরি ভাবে এই সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করেছেন। এই প্রসঙ্গে আমি বিরোধী পক্ষকেও ধন্যবাদ জানাই তার কারণ, তারা এই সাপ্লিমেন্টারি বাজেটের উপযোগিতা

বুঝে এর উপর কোনও কাট মোশান আনেননি।

(গোলমাল)

স্যার, সৌগত বাবু যে কথাটা সাপ্লিমেন্টারি বাজেটের আলোচনায় বলেননি আমি সেই কথাটি বলতে চাই। আপনারা সকলেই জানেন যে একটা বিশাল আর্থিক বোঝা আমাদের উপর চেপে গিয়েছে এবং সেটাও এই সাপ্লিমেন্টারি বাজেটে এসেছে। এখানে বিরোধী পক্ষে যারা বসে আছেন তাদের অসাধারণ লোভ এবং ক্ষমতা থেকে বঞ্চিত হবার জন্য ক্ষিপ্ত প্রায় হয়ে যে সরকারকে প্রতিশ্রুতি দিয়েছিলেন ৫ বছর চালাবেন বলে, একটা অত্যন্ত বাজে অছিলাতে ওরা সেই সমর্থন তুলে নিয়ে আবার নির্বাচনে যেতে বাধ্য করলেন এবং তাতে আমাদের রাজ্যবাসীর উপর ৪৩ কোটি টাকার বোঝা চাপিয়ে দিলেন। এই বিষয়টি কিন্তু উনি উল্লেখ করেননি। এই যে বোঝাটা আমাদের ঘাড়ে চাপল সেটা কেন চাপল? তার কারণ, আপনাদের ঐ বৃদ্ধ নেতা যাকে আপনারা ঘাড় ধরে বার করে দিয়েছেন তার আর তার সই- ছিল না, তাকে তখনই প্রধানমন্ত্রী হতে হবে সেই জন্য এই অবস্থা হল। তাকে আপনারা বার করে দিয়েছেন, ঠিকই করেছেন। আবার আপনাদেরই একটা অংশ, যাদের আপনি একটু আগে গালাগাল দিলেন—তাদের সঙ্গে একই সঙ্গে বসছেন—তারা কিন্তু ঐ আর.এস.এস.-র সঙ্গে হাত মিলিয়ে এক সঙ্গে চলছেন। সুতরাং আপনাদের বুঝতে হবে যে কি পরিপ্রেক্ষিতে সারা ভারতবর্ষের রাজনীতিটা চলছে এবং সেই রাজনীতিতে বিভিন্ন জায়গায় বিভিন্ন লোক কি ভাবে অংশগ্রহণ করছেন। সৌগত বাবু, আপনি সুবক্তা, ভাল লেখাপড়া করেছেন কাজেই আপনাকে বুঝতে হবে যে এই মুহূর্তে আমাদের করণীয়টা কি। এবারে আমি বাজেট প্রসঙ্গে আসছি। বাজেটের কতগুলি আইটেম আপনি সমর্থন করলেন এবং করে বললেন এর পারফরমেন্সটা কি? আপনারা তো এতো বছর ধরে রাজ্যে, কেন্দ্রে ক্ষমতায় ছিলেন কিন্তু কখনও কি চিন্তা করেছেন যে আমাদের বাজেটটা কোনও পারফরমেন্স বাজেট নয়। আমাদের বাজেটের প্রত্যেকটা হেড এবং আইটেম ঠিক হয়ে আসে কেন্দ্রে যে কন্ট্রোলার অ্যান্ড অডিটার জেনারেল আছেন তাদের কাছ থেকে। বাজেটে যে মেজর হেড দেওয়া আছে এবং যা দিয়ে বাজেটটা তৈরি হয় তাতে পারফরমেন্সটার রিফ্লেকশন হবার কোনও জায়গা নেই। আমরাই পশ্চিমবঙ্গ বিধানসভার সাবজেক্ট কমিটির তরফ থেকে প্রথম এ কথাটা বলেছিলাম যে বাজেটটা যদি পারফরমেন্স বাজেট না হয় তাহলে এই বাজেটের যথার্থতা সম্পর্কে বাজেট বই দেখে বা সাপ্লিমেন্টারি বাজেট দেখে আমরা যারা এই বিধানসভায় আছি আমরা কোনও মতামত দিতে পারব না। কারণ কোনও জায়গাতেই পারফরমেন্স অ্যাসেসমেন্টের জায়গা নেই। না কেন্দ্রে আছে, না কোনও রাজ্যে আছে। এই মূল বিষয়টা কিন্তু কখনও আপনারা তুলে ধরার চেষ্টা করেন নি। আপনি কয়েকটি ভাল ভাল কথা বলেছেন। আপনি ঠিকই বলেছেন যে এস্টাব্লিশমেন্ট

কস্ট বেড়ে যাচ্ছে এবং প্রায় ৮০ পারসেন্ট যে ইনক্রিমেন্ট দেওয়া হয়েছে তা হচ্ছে ফর এস্টাব্লিশমেন্ট কস্ট। স্যালারি বেড়ে যাচ্ছে, ডি.এ. বেড়ে যাচ্ছে প্রতিটি জিনিসের দাম বাড়ছে, ভাড়া বাড়ছে কিন্তু এরজন্য দায়ী কারা? আপনি একটু আগে সরকারের সমালোচনা করছিলেন বিকল্প অর্থনীতির কথা বলা হয়েছে বলে। আপনি বলেছেন, ম্যাল্টিন্যাশনালরা এখানে চলে আসুন। আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি হাতি কমিটির রিপোর্টের একটা অংশ। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন 'গরিবী হটাও'-এর কথা বলেছিলেন তখন তার প্রথম বক্তব্য ছিল যে আমাদের স্বনির্ভর হতে হবে, আমাদের একটা আত্মমর্যাদার জায়গায় আসতে হবে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন এবং যার উপর তিন দিন ধরে আলোচনা হল, উনি জবাব দিলেন তাতেও মূল সুরটা কি ছিল সেটা আমাদের ধরতে হবে। সেখানে মূল সুর হচ্ছে দুটো। একটা মূল সুর হচ্ছে, আমাদের স্বনির্ভর হতে হবে। একটা মানুষ তখনই স্বনির্ভর হতে পারে যখন তার মধ্যে আত্মবিশ্বাস, আত্মমর্যাদা থাকে, নিজেকে সম্মান করতে শেখে। সেই আত্মবিশ্বাস, আত্মসম্মান যদি আমাকে আহরণ করতে হয় তাহলে আমার কি কি রিসোর্সেস আছে সেটা আমাকে বুঝে নিতে হবে।

[11-40 – 11-50 a.m.]

আমরা সেই রিসোর্স কিভাবে ব্যবহার করতে পারি সেটা বুঝে নিতে হবে। আপনারা পন্ডিত মানুষ, কিন্তু এতদিন পর্যন্ত যেসব কেন্দ্রীয় প্রোজেক্ট এসেছে তাতে কখনও সাব-মার্সিবেল ওয়াটার ব্যবহারের নীতি গ্রহণ করা হয়েছে? আমাদের আগে কেন্দ্র বা রাজ্য স্তরে কখনও গ্রাউন্ড ওয়াটার ব্যবহারের পরিকল্পনা কখনও করা হয়েছে? সার্ফেস ওয়াটার ম্যানেজমেন্ট ব্যবস্থা কখনও কি করা হয়েছে? কিন্তু ওয়াটার ম্যানেজমেন্ট হয়নি বলে পশ্চিমবঙ্গ একটা ঘাটতি রাজ্য হিসাবে অসহনীয় অবস্থার মধ্যে দিয়ে তাদের যেতে হচ্ছে। এখানে পাঞ্জাবের ইরিগেশন সিস্টেমের সঙ্গে পশ্চিমবঙ্গের ইরিগেশন সিস্টেমের তুলনা করছেন? তখন আমার বয়স অনেক কম, সেই সময় ভূপতি মজুমদার একটি সেমিনার করেছিলেন। সেখানে পন্ডিত লোকেরা বলেছিলেন—ডি.ভি.সি. করা হচ্ছে, কিন্তু তাতে বন্যা নিরোধ হবে না এবং আষাঢ়ের জল তাতে ধরে রেখে ক্যানালের সাহায্যে সেচ ব্যবস্থাও করা যাবে না। তখন গ্রাউন্ড ওয়াটারের কথা ভাবা হয়নি। আমি আপনার সঙ্গে একমত যে, অপরিকল্পিত ভাবে গ্রাউন্ড ওয়াটার যেভাবে ব্যবহার করা হচ্ছে তাতে আমাদের ক্ষতি হচ্ছে। তারজন্য সার্ফেস ওয়াটার ব্যবহার বাড়াতে হবে। আইটেম ওয়াইজ যদি দেখেন, দেখবেন যে, প্রতি জায়গাতেই টাকা খরচ করা হয়েছে। আপনি কম্পুটারাইজেশনের কথা বলেছেন। বলেছেন, কম্পুটারাইজেশন না করলে মডার্নাইজেশন হবে না। আবার বলেছেন, কোথা থেকে জিনিস কেনা হয়েছে। কিন্তু অর্থমন্ত্রী কি করে জানবেন যে, কোন কোম্পানির কাছ থেকে কেনা হয়েছে? কম্পুটারাইজেশন দরকার, কি

দরকার নয়, কম্পুটার ব্যবহার করব, কি করব না—নানা প্রশ্ন আসছে। কিন্তু কম্পুটার ব্যবহার না করলে সেলস ট্যাক্সের হিসেব কি করে রাখা হবে? তার জন্য কম্পুটারাইজেশনের জন্য টাকা দিতে হবে। এখানে 'লার্জার ইন্টারেস্ট অফ কম্পেনসেশন পেয়েবেল টু ল্যান্ড হোল্ডারস' বলে একটা হেডিং আছে। আমরা যে সমস্ত জমি অধিগ্রহণ করেছি তা বিলি বন্টন করা হয়েছে। আজকে ভূমি সংস্কারের উপর রাজ্যের অর্থনীতি দাঁড়িয়ে রয়েছে। তার জন্য আমরা গরিব চাষীদের কম্পেনসেশন দেব। লোন ফর স্মল সেভিংস কালেকশন—সেখানে টাকা দেব। এবং সেটাই আমরা দিয়েছি। ইন্টারেস্ট অ্যান্ড প্রভিডেন্ট ফান্ড ফর এমপ্লয়েজ অফ ইউনিভার্সিটি, প্রাইমারি অ্যান্ড সেকেন্ডারি স্কুলস—এখানে আমরা টাকা দিচ্ছি। দৃষ্টিভঙ্গির ফারাক এখানেই। আমরা পঞ্চায়েত অঞ্চলের স্মল ফার্মার বা এগ্রিকালচার ফার্মারদের জিনিসপত্র দেবার চেষ্টা করছি। এবং আমাদের যদি রাজ্য চালাতে হয় তাহলে ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে সরকার টাকা দেবেন। গভর্নমেন্ট বিল্ডিং পড়ে যাবে, রাখা যাবে না, সেসব ক্ষেত্রে সরকার টাকা দেবেন এবং দিচ্ছেন। কিন্তু প্রতিদিন বিল্ডিং ম্যাটেরিয়ালস এবং লেবার কস্ট বেড়ে যাচ্ছে। যখন ক্যালকুলেশন করা হচ্ছে তখনকার মূল্যমানের থেকে ৫ বা ১০ পারসেন্ট-এর মধ্যেও যদি মূল্য বৃদ্ধির হারটাকে ধরে রাখতে পারতাম তাহলেও হত। কিন্তু সেটা হচ্ছে না। এটাই হচ্ছে আপনাদের উদার নীতির ফল। জওহরলাল নেহরু এবং ইন্দিরা গান্ধীর নীতিকে এড়িয়ে যে জায়গায় আপনারা যাওয়ার চেষ্টা করেছেন তার জন্য আজকে প্রতিটি রাজ্যের উপর যে চাপ এসে পড়েছে তার জন্য এটা হচ্ছে। আপনারা নির্দেশ দিয়েছিলেন যে, প্রতিটি সাবসিডিয়ারি হেলথ সেন্টারে রেসিডেন্সিয়াল কোয়ার্টার দিতে হবে, একটা স্টেবল ইউনিট করতে হবে। কিন্তু তার জন্য আপনারা মেনটেনেন্স কস্ট দেবার কোনও টাকা দিয়েছেন? যেসব প্রজেক্ট করেছেন তার প্ল্যান প্রোগ্রামে টাকা দিয়েছেন, তার মেনটেনেন্স প্রোগ্রামে কোনও টাকা দেননি। তারই জন্য কেন্দ্রে যে প্ল্যানিং কমিশন রয়েছে, তারা বলেছিলেন, আপনারা যে পরিকল্পনা চাপিয়ে দিয়েছেন ভার্টিক্যাল প্রোজেক্ট হিসাবে তাতে রাজ্যগুলির নাভিশ্বাস উঠবে।

যে ধরনের বিলি ব্যবস্থা করেছেন যে ধরনের নিয়ম নীতি করেছেন তাতে তাদের নাভিশ্বাস উঠে যাচ্ছে। আমাদের পাবলিসিটি করতে হচ্ছে। এখানকার যে নীতি, যে ভাবে আমরা সরকার পরিচালনা করছি, আমরা শুধু রাইটার্স বিল্ডিং-এ বসে সরকার পরিচালনা করতে চাইছি না, প্রতিটি মানুষকে এই পরিচালনার কাজে অংশগ্রহণ করাতে চাইছি। তার জন্য যে পাবলিসিটি মিডিয়া আছে, ইনফরমেশন সেন্টার আছে সেটাকে ব্যবহার করতে হচ্ছে এবং বলতে হচ্ছে কি ভাবে সরকার পরিচালনা করতে চাচ্ছি। ক্ষমতার বিকেন্দ্রিকরণ কি ভাবে করতে চাইছি সেটা প্রতিটি মানুষকে জানাতে হচ্ছে, প্রতিটি মানুষকে সরকার পরিচালনার কাজে অংশগ্রহণ করতে অনুরোধ করছি। সেইজন্য

পাবলিসিটির প্রয়োজন হচ্ছে। এই জিনিসগুলি করার চেষ্টা করছি। এত দিন ধরে সারা ভারতবর্ষের সঙ্গে পশ্চিমবাংলা অজ্ঞতার অন্ধকারে ডুবে ছিল, অশিক্ষার অন্ধকারে ডুবে ছিল। তা থেকে মুক্ত হতে আমরা অনেক চেষ্টা করেছি। আমরা ১২ ক্লাস পর্যন্ত ফ্রি এডুকেশন করেছি, অন্যান্য রাজ্য সেটা এখন করছে। লিটারেসি মুভমেন্ট করার চেষ্টা করেছি। আপনারা জানেন লিটারেসি মুভমেন্ট সর্ব দলমত নির্বিশেষে করেছি, প্রতিটি স্তরে মানুষকে যুক্ত করে আমরা এক আন্দোলনের ভিত্তিতে লিটারেসি ক্যাম্পেন করেছি। লিটারেসি ক্যাম্পেন করতে গিয়ে আমরা দেখেছি যে এটাতে অনেক মানুষের আপত্তি ছিল। তারপর চাইল্ড এডুকেশন অ্যান্ড সেন্টার অফ এডুকেশন ফর নিউ লিটারেট তাদের জন্য ব্যবস্থা করেছি। যারা পড়াশুনা করেছে, নিউ লিটারেট, যারা আরও পড়াশুনা করতে চায় তার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। স্কুলে যারা পড়াশুনা করে তাদের স্টোরিং অফ নলেজ, স্টোরিং অফ ইনফরমেশন এই সমস্ত করার জন্য গোড়া থেকে যাতে তারা কম্পিউটার ব্যবহার করতে পারে সেটা করার চেষ্টা করেছি। তারপর কালচারাল প্রোগ্রাম, আমরা চাই না এই কালচারাল প্রোগ্রাম, পশ্চিমবাংলার সংস্কৃতি কৃষ্টি সামান্য কিছু মানুষের মধ্যে সীমাবদ্ধ থাকুক। সকলের মধ্যে সেটা ছড়িয়ে দেবার চেষ্টা করেছি। আমরা বিজ্ঞানকে আরও গণমুখী শিক্ষাকে আরও গণমুখী করার চেষ্টা করেছি। আমরা চেয়েছি বিচার ব্যবস্থা সমাজের নিম্ন স্তর পর্যন্ত প্রবাহিত হোক। ম্যালেরিয়ার কথা বলেছেন। আমরা দেখতে পাচ্ছি ম্যালেরিয়া হঠাৎ হঠাৎ করে এপিডেমিক হয়ে দেখা দিচ্ছে। এটা নিয়ে অনেক আলোচনা হয়েছে, ম্যালেরিয়া কিছুতেই নিবারণ করা যাচ্ছে না। যারা এই প্রবলেমের সঙ্গে জড়িত, গ্রামে গঞ্জে যেখানে যাবেন দেখবেন সারা বছর ধরে গ্রামে চাষ হচ্ছে—তারা এটা জানবেন। এই চাষ হওয়ার ফলে সারা বছর ধরে জল জমে থাকছে এবং মশা তৈরি হচ্ছে। আগে যে জিনিসগুলি দিলে যেমন ডি.ডি.টি. স্প্রে করলে মশা মরে যেত, এখন সেটা আর হয় না, একসময় ভাবা হয়েছিল ম্যালেরিয়া ইর‍্যাডিকেশন হয়ে গেছে। সেই কারণে সেই ধরনের আর অরগানাইজেশন ছিল না, সেটাকে আবার নূতন করে তৈরি করতে হচ্ছে। এই ম্যালেরিয়ার জন্য যখন টাকা ব্যয় করা হচ্ছে তখন বিরোধীরা বলছেন এর জন্য এত টাকা দেওয়া হচ্ছে কেন, আবার বলা হচ্ছে ম্যালেরিয়া হচ্ছে কেন। আজকে এই দুটি জিনিসকে সমন্বয় করার চেষ্টা করা হচ্ছে। আর্সেনিক নিয়ে বিভিন্ন ভাবে রাজনীতি করা হচ্ছে। আমি বিরোধী দলকে অনুরোধ করব এই বিষয় নিয়ে একটু চিন্তা করুন। অকারণে এই ব্যাপারে ভীতি তৈরি হচ্ছে। আর্সেনিক নিয়ে যে সমস্ত অপপ্রচার সেইগুলি সঠিক নয়। আর যে বেশি খরচের হিসাব দিয়েছেন মাননীয় অর্থমন্ত্রী সেটা হল পঞ্চায়েত নির্বাচন। সৌগত বাবু বক্তব্যে বলেছেন যে আপনারা পঞ্চায়েতকে কেন এত দায়িত্ব দিচ্ছেন। আমি এটা বুঝতে পারছি না বিরোধী- পক্ষের, পঞ্চায়েতে এত অ্যালার্জি কেন। আমরা যখন স্বাধীনতা আন্দোলন করেছি গ্রামে তখন আমরা গ্রাম স্বরাজের কথা বলেছি। অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায়

বলেছেন আমরা আত্মসম্মান নিয়ে স্বনির্ভর হয়ে পৃথিবীর কাছে দাঁড়াতে চাই। তাহলে তো কিছু মুষ্টিমেয় লোক নিয়ে পরিকল্পনা করলে হবে না। সমস্ত স্তরের মানুষকে যদি না পঞ্চায়েতের মধ্যে ইনভলভড করতে পারি তাহলে তো কিছুই হবে না। পঞ্চায়েত তো সরকারি প্রতিষ্ঠান নয়, পঞ্চায়েত হচ্ছে জনপ্রতিনিধিত্ব মূলক প্রতিষ্ঠান।

[11-50 – 12-00 Noon]

সেখানে সাধারণ প্রয়োজনেই হোক বা অন্য কোনও প্ল্যানিং ডেভেলপমেন্টের কাজেই হোক, আমরা চাইছি প্ল্যানিং ডেভেলপমেন্ট নিচের থেকে উঠে আসুক। আমরা চাইছি প্ল্যানিং ডেভেলপমেন্ট গ্রামের সাধারণ লোকেরা বলুক। কারণ গ্রামের লোক তার গ্রামে কি সম্পদ আছে ত স টা বলতে পারবে, সেখানে আমার মতো একজন চিকিৎসক বা পঙ্কজ বাবুর মতো জন লোক আমরা কখনও বলে দিতে পারব না। এই রিসোর্স আইডেন্টিফিকেশন আ করতে হবে, তারপর তার সাস্টেনশন অফ ইউটিলাইজেশন কি ভাবে হবে তা আমরা করতে পারব—সেটা গ্রামের সাধারণ লোকই বলে দিতে পারে। এটা আমরা বাইরে থেকে গিয়ে করতে পারব না। আমাদের যে সেন্ট্রাল প্রোজেক্টগুলো আসছে, সেগুলো সব টপ ডাউন প্রোজেক্টস। এখন আমরা দুটো জিনিস চাইছি। আমরা চাইছি নিচের থেকে প্ল্যানিংটা উঠে আসুক। প্রথমে রিসোর্স আইডেন্টিফিকেশন করতে হবে। একটা গ্রামে রিসোর্স কি আছে, প্রাণী সম্পদ কত আছে, কত প্রাকৃতিক সম্পদ আছে, সেগুলো যদি আমরা নির্ধারিত করতে পারি, তাহলে আমরা তা কাজে লাগাতে পারব। তারজন্যই রা পঞ্চায়েতকে চাইছি। আমরা পঞ্চায়েতকে চতুর্থ স্তরে নামিয়ে এনেছি। সেজন্য আমরা একটা ইনপুট দেবার চেষ্টা করছি। আমরা সমস্ত জিনিসকে ট্রান্সপারেন্ট করতে চাইছি। সেই অর্থে আমরা চাইছি এগুলোকে সাধারণ মানুষের কাছে নিয়ে যেতে। মাননীয় বিরোধী পক্ষের যাঁরা এখানে আছেন, তাঁদের বিশেষ ভাবে অনুরোধ করব যে, আপনাদের দৃষ্টিভঙ্গিকে পরিবর্তন করুন। আমরা যদি পূর্ব চিন্তার মধ্যে আবদ্ধ থাকি, শুধু বিরোধিতার জন্য যদি বিরোধিতা করি, তাহলে আমরা দেশকে যেভাবে উন্নতি করতে চাই সেটা করতে পারব না। দেশ এখন ভীষণ বিপদের মুখে দাঁড়িয়ে আছে। ইন্দোনেশিয়া, থাইল্যান্ডের দিকে আপনারা একবার তাকিয়ে দেখুন, যাদের এক সময়ে এশিয়ান টাইগার বলা হত, তারা ঐ উদার অর্থনীতির ফলে কি অবস্থায় এসে দাঁড়িয়েছে? আপনারা উদার অর্থনীতির প্রবক্তা মনমোহন সিংহের কথা বলেন, যে উদার অর্থনীতির জন্য আপনারা এত উন্মুখ হয়ে আছেন, সেই অর্থনীতি তাদের সর্বনাশের মধ্যে ঠেলে দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে আমি মালয়েশিয়ায় গিয়েছিলাম। সেখানে দেখেছি উপরে চাকচিক্য, কিন্তু নিচে অসাধারণ দারিদ্র্য। এই জায়গায় দাঁড়িয়ে আমি অনুরোধ করব, আপনারা সঠিক ভাবেই কাট মোশন দেননি—মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তাকে আমি সমর্থন করছি, আপনারাও সমর্থন করুন। এই কথা

বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি বাজেট, ১৯৯৭-৯৮ প্রস্তাব রেখেছেন, তারই পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য পেশ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, যে বাজেট উনি পেশ করেছিলেন, সেই বাজেট বক্তৃতায় অংশগ্রহণ করে আমি সেদিন বলেছিলাম যে, মাননীয় অর্থমন্ত্রী গতবার যে কথা বলেছিলেন তার এক দশমাংশও পূর্ণ করতে পারেননি। এবারেও অনেক কিছু গালভরা প্রতিশ্রুতি রেখেছেন। আমরা আশঙ্কা প্রকাশ করছি, সেই প্রতিশ্রুতি বিগত বাজেটের প্রতিশ্রুতি এবং প্রতিশ্রুতি পালনের যে ব্যাপক ফারাক তা রয়ে গেছে। এবারেও আমাদের আশঙ্কা তাই। এই বাজেট বক্তৃতায় তিনি বলেছেন যে—নির্বাচনের আগে বামফ্রন্টের শাসক দল যে ম্যানিফেস্টো জনসাধারণের কাছে দিয়েছিল, নির্বাচনকে সামনে রেখে তাদের সামাজিক দলিল জনসাধারণের সামনে পেশ করেছিল, মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ম্যানিফেস্টো অফ দি লেফট পার্টিস ফর লোকসভা ইলেকশন, ১৯৯৮, সেই ম্যানিফেস্টোতে যে কথা বলেছিলেন, আর আজকে মাননীয় অসীম দাশগুপ্ত তাঁর বাজেট বক্তৃতায় যা বলেছেন, তার ভেতরে আকাশ পাতাল ফারাক। পি.ডি.এস. সম্বন্ধে বলতে গিয়ে বলেছিলেন যে ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস স্যুড বি ইনক্লুডেড ফর সাপ্লাই ইন দি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম। ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দেওয়া এবং পি.ডি.এস.-এর মধ্যে অন্তর্ভূক্ত করবার প্রতিশ্রুতি তাঁদের ছিল। কিন্তু তাঁর যে বাজেট বক্তৃতা, সেই বাজেট বক্তৃতায় ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের কথা, তার মূল্যমান স্থিতিশীলতার কথা নেই। রোজ যে লাফিয়ে লাফিয়ে জিনিসের দাম বাড়ছে, সেগুলোকে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে আনার বিন্দুমাত্র ইঙ্গিত তাঁর বাজেট বক্তৃতার মধ্যে নেই। যদিও নির্বাচনের আগে তাঁরা এইসব কথা বলেছিলেন।

সেই জিনিসগুলো যাতে ন্যূনতম মূল্যে সীমাবদ্ধ রাখতে পারি সেটা দেখবেন এই প্রতিশ্রুতি জনগণকে দিয়েছেন। আপনারা পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের ক্ষেত্রে কি বলেছেন—ফর দোজ বিলো দি পভার্টি লাইন দেয়ার স্যুড বি প্রভিসন অফ ফুড গ্রেন অ্যাট ৫০ পারসেন্ট বিলো দি সেন্ট্রাল ইস্যু। নির্বাচনের আগে লোকেদের বলেছিলেন যে, পভার্টি লাইনের নিচে যারা আছে তাদেরকে খাদ্য দ্রব্য এবং খাদ্য সম্ভার কেন্দ্রীয় সরকার যে দামে আমাদের দেবে তার থেকে শতকরা ৫০ ভাগ ভরতুকি দিয়ে আমরা দুর্বলতর শ্রেণী, অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণী যে আছে, তাদের কাছে আমরা পৌঁছে দেবে। বর্তমান বাজেট বক্তৃতায় কি বললেন—কেরোসিন তেলের উপরে আমরা ২০ শতাংশ ভরতুকি দেব। আপনারা জনগণকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, কেন্দ্রীয় সরকার যে দামে কেরোসিন দেবে তার থেকে ৫০ শতাংশ ভরতুকি দিয়ে দেবেন। একথা আপনারা বাজেট বক্তৃতায় বলেছেন কতখানি অসত্য কথা বলেছেন ভাবুন। অথচ কোনও খাদ্য

দ্রব্যের উপরে কোনও ভরতুকি নেই। তারপরে নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, বিলো দি পভার্টি লাইন স্যুড বি প্রভিসন অফ ফুড গ্রেন অ্যাট ৫০ পারসেন্ট বিলো দি সেন্ট্রাল ইস্যু। আপনারা রেশনের মাধ্যমে ১০ কেজি তন্ডুল দরিদ্রতম শ্রেণীকে ৫০ পারসেন্ট কম দামে কেন্দ্রের থেকে দেবেন বলেছিলেন, কিন্তু দিতে পারেননি। সুতরাং ওঁরা যা বলেন তা করেন না। আর যা করেন তা বলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার ফিনান্সিয়াল সেক্টরের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আপনাদের ম্যানিফাস্টো থেকে বলছি আপনারা বলেছিলেন যে, প্রপার রেগুলেশন অফ নন ফিনান্সিয়াল ব্যাঙ্কিং ইনস্টিটিউশন টু সেভগার্ড দি ইন্টারেস্ট অফ দি ডিপোজিটার। অথচ আমরা দেখতে পাচ্ছি যে, পশ্চিমবঙ্গে ব্যাঙের ছাতার মত নন ব্যাঙ্কিং ফিনান্সিয়াল ইনস্টিটিউশন তৈরি হচ্ছে তার কোনও হিসাব নেই। তারা রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে একটা ছাড়পত্র নিয়েই কাজ শুরু করে দিচ্ছে। সেখানে আপনার যখন টাকা ম্যাচিওর হচ্ছে, আপনি যখন প্রাপক হিসাবে দাবি পেশ করতে যাচ্ছেন তখন গিয়ে দেখছেন যে সংস্থা নেই, গনেশ উল্টে দিয়ে চলে গেছে। সরকারের কি কোনও প্রচেষ্টা আছে এদের ধরার জন্যে বা কোনও নিয়ন্ত্রণ আছে এদের বিরুদ্ধে—কোনও ব্যবস্থাই নেওয়া হয়নি। আমি আবার সাপ্লিমেন্টারি ডিসকাশনের ক্ষেত্রে মূল বাজেটের উপরে আবার আমার দৃষ্টি ফিরিয়ে আনছি। সরকারি পক্ষের যে ঘোষণাপত্র বা ম্যানিফেস্টো টু দি পিপল, তার যে আর্থিক সনদ, রাজনৈতিক দলিল তা অসত্যতায় ভর্তি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হেলেথর ব্যাপারে কি বলেছেন—ইমিডিয়েটলি ইনক্রিসিং দি এক্সপেন্ডিচার অফ পাবলিক হেলথ টু ফাইভ পারসেন্ট অফ দি জি ডি পি। বর্তমানে ১.১২ পারসেন্ট আছে আমরা সরকারি ক্ষমতায় যদি যাই তবে আমরা এটাকে ৫ পারসেন্ট জি ডি পি-র উপরে বৃদ্ধি ঘটাব। কিন্তু আজকে আমরা কি দেখছি—ডেভেলপিং কান্ট্রি বা যে কোনও ডেভেলপড কান্ট্রিতে স্বাস্থ্য ব্যবস্থাকে নিয়ে এরকম ছিনিমিনি খেলবার দুসাহসিকতা কোথাও নেই। পশ্চিমবঙ্গে ১৯৯০ সালে হাসপাতালের সংখ্যা ছিল ৪১০। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলুন তো পশ্চিমবঙ্গের স্বাস্থ্য সমস্যা কি একেবারেই মিটে গেছে? পশ্চিমবঙ্গের মানুষের কি আর হেলথ হ্যাজার্ডাস নেই? মানুষের চিকিৎসা ব্যবস্থা কি আজকে প্রয়োজনের ঘাটতি হয়ে গেছে? ১৯৯০ সালে হাসপাতালের সংখ্যা ছিল ৪১০, আর ১৯৯৫ সালে সেই সংখ্যা দাঁড়াল ৪০৪, ৬টা হাসপাতাল তুলে দিলেন। ৬টি হাসপাতাল বিক্রি করে দিলেন টোডিদের কাছে। আজকে সরকারি বড় হাসপাতালের সংখ্যা কমে যাচ্ছে। আর আপনাদের ঘোষণাপত্র বা ম্যানিফেস্টোতে বলেছেন যে আপনার ১.১৭ যে জি ডি পি-র উপরে স্বাস্থ্য খাতে খরচ হয়, আপনারা তার খরচ ৫ পারসেন্ট করে দেবেন। আপনারা বলেছেন এনসুয়েরিং দি সাপ্লাই অফ এসেনসিয়াল ড্রাগস টু কমন পিপল। সাধারণ মানুষকে নাগালের ভেতরে এনে আপনারা চিকিৎসা ব্যবস্থাকে সাধারণ মানুষের ভেতরে ছড়িয়ে দেবেন একথা বলেছিলেন, দুস্থ্যদের চিকিৎসার ব্যবস্থা করবেন বলেছিলেন। কিন্তু সাধারণ মানুষের

অভিজ্ঞতা কি—হাসপাতালে ওষুধ পাওয়া যাচ্ছে না, হাসপাতালে ফ্রি বেড তুলে দিলেন হাসপাতালে আউট ডোরের চিকিৎসা ব্যবস্থা তুলে দিলেন।

[12-00 - 12-10 p.m.]

হাসপাতালে ঔষধ পাওয়া যাচ্ছে না, হাসপাতালে ফ্রি বেড তুলে দিচ্ছেন, হাসপাতালের আউটডোরের সারচার্জ বাড়িয়ে দিলেন, বেড কমিয়ে দিচ্ছেন, ডায়েট কমিয়ে দিচ্ছেন, কোনও জীবনদায়ী ঔষধ পাওয়া যাচ্ছে না, টিনচার আয়োডিন পর্যন্ত পাওয়া যাচ্ছে না। কোনও মানুষের যদি হাত ভেঙ্গে যায় তাহলে তাকে এক্স-রে ছাড়াই প্লাস্টার অফ প্যারিস লাগিয়ে চলে আসতে হচ্ছে, কারণ এক্স-রে মেশিন খারাপ। এই যে জনগণকে ধোঁকা দেওয়ার চেষ্টা, মানুষকে বোকা বানানোর চেষ্টা, এটা আসলে মানুষের সঙ্গে বেইমানি করা। মানুষের কাছে দেয় প্রতিশ্রুতি লঙ্ঘন করা, এই সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে সাপ্লিমেন্টারি বাজেট এস্টিমেট করা হয়েছে, আপনি দেখুন কোন খাতে কি পরিমাণে সাপ্লিমেন্টারি বাজেট করা হয়েছে। পুলিশ খাতে সাপ্লিমেন্টারি বাজেট হচ্ছে, ডিমান্ড নম্বর ২১টা দেখুন, মেজর হেড ২০৫৫, এখানে দেখা যাচ্ছে ৭০ কোটি ৩৮ লক্ষ ৩৬ হাজার টাকা। যে বাজেট আমরা পুলিশের জন্য অনুমোদন করে দিয়েছিলে 'তবারে, তার উপর মাননীয় অর্থমন্ত্রী পুলিশের জন্য অতিরিক্ত খরচ করেছেন। উল্টে দেখুন, সেশ্যাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার এর জন্য সাপ্লিমেন্টারি বাজেটে কত দিয়েছেন ১ কোটি ৭৯ লক্ষ টাকা। আর পুলিশ বাজেটে সাপ্লিমেন্টারি বাজেটে অতিরিক্ত ব্যয় বরাদ্দের অনুদানে আপনারা বলছেন, খরচ করে ফেলেছেন ৭০ কোটি ৩৮ লক্ষ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এটাকে কি একটা গণতান্ত্রিক সরকার আমরা বলব? এই সরকারকে একটা জনমুখী সরকার হিসাবে কোনও মানুষ একে আখ্যায়িত করতে পারে, চিহ্নিত করতে পারে, পুলিশ খাতে যেখানে ৭০ কোটি টাকা সেখানে সোসাল ওয়েলফেয়ারে কত বেশি খরচ করে ফেলেছেন ১ কোটি ১৭ লক্ষ টাকা। এটা কি সামাজিক দায়বদ্ধতার নমুনা? এরা কখন কখন বলেন, বাজেটের ছত্রে ছত্রে বলেছেন, আমরা জনগণের কাছে দায়বদ্ধ, দায়বদ্ধতা মিটিয়ে দেওয়ার চেষ্টা করছি। আমি আবার বলি, যেখানে পুলিশ খাতে তারা অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য অনুমোদন চেয়েছে ৭০ কোটি ৩৮ লক্ষ টাকা, সেখানে সোশ্যাল ওয়েলফেয়ারের ক্ষেত্রে ১ কোটি ১৭ লক্ষ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আসল ব্যাপারটা হল, এই অপদার্থতা যদি আগাগোড়া গ্রাস করে তখন মানুষ খেই হারিয়ে ফেলে। তাই আজকে মুখ্যমন্ত্রী বলতে বাধ্য হচ্ছেন বিদ্যুৎ মন্ত্রী ব্যর্থ, স্বাস্থ্যমন্ত্রী ব্যর্থ। গ্রামে আজকে সর্বত্র বিদ্যুৎ পৌছতে পারেনা। এখানে উনি সেখানে বিদ্যুৎ এর জন্য কত বেশি খরচ করলেন ৩৩ কোটি ৬৯ লক্ষ টাকা। বিদ্যুৎ এর জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সারা ভারতবর্ষের তুলনায় যদি দেখা যায়, সারা ভারতবর্ষের মানুষ যেখানে

ন্যূনতম বিদ্যুৎ পাচ্ছে, স্টেট ওয়াইজ পার ইউনিট কত পাচ্ছে বলছি State wise annual per capita consumption of electricity during the year in 1994-95. হরিয়াণা ৫০৭.২৪। ৫০৭ ইউনিট পার ক্যাপিটা, পার অ্যানুয়াল স্টেট ওয়াইজ পাওয়ার কনজামশন পশ্চিমবাংলায় কত? মাননীয় অর্থমন্ত্রী বললেন ১৫৭ as it is 507 per capita consumption of electricity in comparison with the State of Hariyana stands 507:157. এতে আমাদের গৌরব বাড়ছে, আমাদের উন্নতি হচ্ছে, আমরা কি এগিয়ে যাচ্ছি? পাঞ্জাবে যেখানে ৬৮৩ ইউনিট পার ক্যাপিটা ইলেকট্রিসিটি কনজাম্পশন, সেখানে আমাদের এখানে ১৫৭; চণ্ডিগড়ে যেখানে ৭১৮ ইউনিট পার ক্যাপিটি ইলেকট্রিসিটি কনজাম্পশন সেখানে আমাদের এখানে ১৫৭ ইউনিট; গুজরাটে যেখানে ৫৩৬ ইউনিট পার ক্যাপিটা ইলেকট্রিসিটি কনজাম্পশন সেখানে আমাদের এখানে ১৫৭। আজকে পশ্চিমবাংলা পিছতে পিছতে কোথায় গেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এখানে বলেন কৃষিতে আমরা বিপ্লব করেছি, চালের উৎপাদন আমরা বাড়িয়েছি, আরও বাড়ানো উচিত ছিল। কেন বাড়ানো যায়নি জানেন। অন্ধ্রপ্রদেশে পাম্প সেটে বিদ্যুৎ দেওয়া হবে বলে ঘোষণা করা হয়েছিল ১৬ লক্ষ, তারা বিদ্যুৎ দিয়েছিল ১৬,২৮,৩০৫টি পাম্প সেটে; উত্তরপ্রদেশে টার্গেট করেছিল ২৪ লক্ষ পাম্প সেটে তারা বিদ্যুৎ দেবে, তারা বিদ্যুৎ দিয়েছিল ২৩ লক্ষ ৯৮৭টি পাম্প সেটে; আর পশ্চিমবঙ্গ পাঁচ লক্ষ পাম্প সেটে বিদ্যুৎ দেবে বলে টার্গেট করেছিল, তারা দিল কত? তারা দিল ১,০১,২৩২টি পাম্প সেটে। কেন্দ্রীয় সরকারের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের কাছে লোকসভায় জানতে চাওয়া হয়েছিল ১৯৯৫-৯৬ সালে কোথায় কোথায় কত পাম্প সেটে বিদ্যুৎ দেওয়ার পরিকল্পনা করা হয়েছিল, তার উত্তরে তিনি এই তথ্য জানান। কর্ণাটকে ৮ লক্ষ ৫০ হাজার পাম্প সেটে বিদ্যুৎ দেবে বলেছিল, তারা দিল কত জানেন। তারা দিল ১০ লক্ষ ১৯ হাজার পাম্প সেটে। আর আমাদের পশ্চিমবাংলা যেখানে টার্গেট করল পাঁচ লক্ষ পাম্প সেটে বিদ্যুৎ দেবে, সেখানে তারা ১,০১,২৩২টি পাম্প সেটে বিদ্যুৎ দিল। এটা কি উন্নয়ন? মাননীয় অর্থমন্ত্রীর এই অপদার্থতার জন্য কম্পেনসেশন দিলেন আরও ৩৩ কোটি ৬৯ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়-মঞ্জুরি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরপরে আমি আসছি গ্রামীণ বৈদ্যুতিকরণ ব্যাপারটাতে। আপনারাতো বলেন আপনারা পঞ্চায়েতি রাজ করেছেন, গ্রামীণ বিকাশ করেছেন, গ্রামের মানুষের আর কোন দুঃখ নেই। কখনো শূণ্য বাজেট, কখনো বারো কোটি টাকার ঘাটতি দেখিয়ে বলেন আমরা সমস্ত দুঃখ দূর করে দেব। আপনারা কুয়োর মধ্যে থাকতে থাকতে কুয়োটাকেই সমুদ্র বলে মনে করেন। একবার সমুদ্রের সঙ্গে কুয়োর তুলনা করে দেখুন। অন্ধ্রপ্রদেশে গ্রামের সংখ্যা হচ্ছে ২৭,৩৮০, সেখানে বৈদ্যুতিকরণ করা হয়েছে ২৭,৩৫৮টি গ্রামে শতকরা একশ শতাংশ গ্রামে বিদ্যুৎ পৌছে গেছে। আসাম, যেখানে

সেসেশানিস্ট ফোর্স কাজ করছে, যেখানে সারা বছরই মারামারি কাটাকাটি, সেই আসামে গ্রামের সংখ্যা হচ্ছে ২১,৯৯০টি, সেখানে বৈদ্যুতিকরণ করা হয়েছে ২১,৬৬৫টি গ্রামে।

[12-10 – 12-20 p.m.]

প্রায় শতকরা একশো। পশ্চিমবাংলায় ৩৮ হাজার ২৪টা গ্রাম আছে। বিদ্যুৎ গেছে কত গ্রামে? ২৯ হাজার ২০৫টা গ্রামে। উন্নতি কোথায়? এই যে বাজেটে হাজার হাজার কোটি টাকা নিলেন, এই যে বাজেটে আপনি ১৩ হাজার কোটি টাকা গতবার নিলেন, তারপর ৯২৫ কোটি টাকা সাপ্লিমেন্টারী বাজেট নিলেন, একটা সরকার খরচ করবে বলে অনুমোদন নিল সেটা কোথায় চলে গেল? টু দি টিউন অব সেভেন পার্সেন্ট। যদি এত ফিসক্যাল ইমব্যালেন্স থাকে—অর্থনৈতিক ভারসাম্যতা না থাকে তাহলে উন্নয়ন হয়? যদি উন্নতি হত তাহলে আমরা অন্য স্টেটের তুলনায় এত পিছিয়ে যেতাম না। আমি তুলনা করে দেখালাম বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বনাম ভারতবর্ষের অন্য রাজ্যকে। আমাদের অবস্থানটা কোথায় আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় টাকা নিলেন আর আমরাও দিয়ে দিলাম। কারণ উপায় নেই। আমরা কোনও কাট মোশন দিইনি, কারণ টাকা তো খরচ হয়েই গেছে। স্যার, অপারেশন অব স্টেট ফিনান্সিয়াল কর্পোরেশনের কি অবস্থা হয়েছে; অপারেশন অব স্টেট ফিনান্সিয়াল কর্পোরেশন অন্য রাজ্যের সঙ্গে তুলনায়, কর্ণাটকে ৯৪-৯৫ সালে ছিল ৪৫৪.৯ ৯৬-৯৭ সালে সেটা ৫৫৬.৮ একশো ইউনিট বাড়িয়ে দিয়েছে। আর ওয়েস্ট বেঙ্গলে ৪৪.৯ ছিল আর হয়েছে ৫০। পাঁচও বাড়াতে পারেন নি। উন্নতিটা কোথায়? অপারেশন অব স্টেট ফিনান্সিয়াল কর্পোরেশনে অন্য রাজ্যের সঙ্গে তুলনায় উন্নতিটা কোথায়? আজকে গভর্নমেন্ট আণ্ডারটেকিংগুলোর কি অবস্থা, কোথায় দাঁড়িয়ে আছে? খুব খারাপ অবস্থায় আছে। ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী অ্যাণ্ড পোলট্রিতে নিয়েছেন ১৫৪ লক্ষ টাকা। আর ওয়েস্ট বেঙ্গল কমপ্রিহেনসিভ এরিয়া ডেভেলপমেন্ট কর্পোরেশন—নট অ্যাভেলেবল। এত খরচ হয়েছে এত ডেফিসিট হয়ে গেছে, এত লোকসান হয়েছে যে নট অ্যাভেলেবল। সোমনাথ চ্যাটার্জি এই ইনস্টিটিউশন এর মাথা থেকে থেকেই বিদেশ যান। ডব্লু. বি. আই. ডি. সি এটাকে ৫ কোটি ৩৭ লক্ষ দিয়েছে। সমস্ত ক্ষেত্রে স্যার, পিছিয়ে যাওয়া আর মানুষের কাছে বলবেন যে তোমাদের জন্য কাজ করছি। অন্য রাজ্য একটু একটু করে এগিয়ে যাবে আর আমার প্রদেশ একটু একটু করে পিছিয়ে যাবে। আপনি টাকা খরচ করুন উন্নয়নকে সামনে রেখে। ভাবুন এই পিছিয়ে যাওয়া থেকে কি করে মুক্তি পাওয়া যায়। দলীয় স্বার্থের কথা না ভেবে, দলীয় চাপকে উপেক্ষা করে কাজ করুন। দাঁতনে বন্যা হল। দাঁতনের যিনি বিধায়ক তাঁকে সেখানে রিলিফের কাজ করতে দেওয়া হল না। তিনি মন্ত্রী, বলছেন যে তাঁকে দিয়ে রিলিফের কাজ হবে না। এটা সি. পি. এমের সূর্য্যকান্ত মিশ্রকে দেওয়া হল। (মাইক অফ)

**শ্রী হাফিজ আলম সেইরানি ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে সাপ্লিমেন্টারী বাজেট এই সভায় রেখেছেন তাকে সমর্থন করছি। প্রথমেই স্যার একটা কথা বলি, সৌগত বাবু বলেছেন যে মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারী বাজেট এনেছেন তাকে সমর্থন করতে হবে কিন্তু সমর্থন করতে পারছেন না যেহেতু তাঁরা বিরোধীদলের আসনে বসে আছেন। আমি আরেকবার অর্থমন্ত্রীর সাপ্লিমেন্টারী বাজেটকে সমর্থন করে বলতে চাই গত নির্বাচনে আমরা দেখলাম যে কংগ্রেস দল এবং কমল গুহের দল কুচবিহারে এক সঙ্গে আঁতাত করেছিল। সেখানে এই উত্তরবঙ্গ উন্নয়ণ পরিষদ গঠনের দাবিটাকে জনগনের সামনে তুলে ধরা হয়েছিল তখন কিন্তু তাঁরা বলেনি যে উত্তরবঙ্গ উন্নয়ণ পরিষদ করা হবে একটা অটোনমাস বডি করে। যখন তাঁরা ভোটে পরাজিত হলেন তাই এখন তাঁদের রাজনৈতিক স্বার্থকে বজায় রাখার জন্য উত্তরবঙ্গের মানুষের মনে বিভ্রান্তি সৃষ্টি করার জন্য এবং মাননীয় অর্থমন্ত্রীর মনে বিভ্রান্তি এবং দ্বিধা সৃষ্টি করার জন্য এবং উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদের বাস্তব রূপ দানের কাজকে বিলম্বিত করার ব্যাপারে তাঁরা চেষ্টা করছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি আশ্বস্ত করতে চাই যে উত্তরবঙ্গের মানুষ এই উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ গঠনের প্রস্তাবের জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছে। উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ যত তাড়াতাড়ি সম্ভব গঠন করুন এবং তারা যাতে তাদের কাজ আরম্ভ করতে পারে তার জন্য আপনি ব্যবস্থা নিন। স্যার, আমি অর্থমন্ত্রীকে একটা ব্যাপারে একটু ভেবে দেখতে বলবো সেটা হচ্ছে রেশনে আমরা ভরতুকি দেওয়ার ব্যবস্থা করেছি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১০ কেজি করে চাল গরিব মানুষদের দেওয়া হবে আর রাজ্য সরকারের থেকে বছরের মধ্যে ৬ মাস অর্ধেক দামে চাল গরিব মানুষদের দেওয়ার কথা আপনি বাজেটে বলেছেন। কলকাতা শহর বাদে মফস্বলে যে রেশন দোকানগুলি আছে তারা কিন্তু প্রত্যেক দিন দোকান খোলে না। সেখানে যদি গরিব মানুষদের ২০ কেজি খাদ্য রেশন দোকান থেকে সংগ্রহ করতে হয় তাহলে অন্ততপক্ষে ৮০ টাকা নিয়ে তাদের যেতে হবে। সেই সময় তাদের হাতে ৮০ টাকা যদি না থাকে তাহলে সে রেশন সংগ্রহ করতে পারবে না। আমরা যে ভরতুকি দিয়ে তাদের সাহায্য করতে চাইছি যাতে তারা লাভবান হতে পারে, কিন্তু তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমি আপনাকে অনুরোধ করব এই ভরতুকি যাতে গরিব মানুষরা তাদের হাতে পায় এটা দোকানের মাধ্যমে না দিয়ে যদি সরাসরি গরিব মানুষদের হাতে দেন তাহলে ভালো হয়। এর ফলে ৩৫ থেকে ৪০ শতাংশ মানুষ উপকৃত হবে আপনার এই শুভ প্রচেষ্টার দ্বারা। আরেকটা ব্যাপারে বলছি, আপনি বাজেটে বলেছেন যে প্রত্যেকটি জেলাতে একটা করে ইঞ্জিনিয়ারিং কলেজ করবেন, আপনার প্রস্তাবকে আমি সর্বান্ত করণে সমর্থন জানাচ্ছি। সব জেলাতে ইঞ্জিনিয়ারিং কলেজ করা বা টেকনিক্যাল শিক্ষা দেওয়ার যত দরকার আছে তার থেকেও বেশি দরকার হচ্ছে এগ্রিকালচার কলেজ স্থাপন করা। এমন কতগুলি জেলা আছে যেমন বর্ধমান জেলা, উত্তরবঙ্গের ৬টি জেলা এইগুলি

হলো কৃষিপ্রধান জেলা, পুরুলিয়া জেলাও কৃষিপ্রধান জেলা এগুলিতে ইঞ্জিনিয়ারিং কলেজের সাথে সাথে এগ্রিকালচারের কলেজ স্থাপন করার পরিকল্পনা এবং প্রচেষ্টা নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করব। আপনি চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের কথা বলেছেন, এটা ভালো কথা। যদি চুক্তির ভিত্তিতে তাদের নিয়োগ করা হয় তাহলে তাদের মনে একটা ভীতি থাকবে এবং তারা তাদের দায়িত্ব সঠিক ভাবে পালন করবে তা আমি আশা করি। কিন্তু গত বছরে এই সভায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন যে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ হবে এবং সে ক্ষেত্রে স্থানীয় ডাক্তারদেরই নিয়োগ করা হবে। এ ব্যাপারে আমার প্রশ্ন হলো ডাক্তারী শিক্ষায় ভর্তির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে যারা অ্যাডমিশন নেয় সেখানে ছেলেদের উপর একটা সমীক্ষা করে দেখা যায় যে ৭৫০ জনের ভিতর মাত্র ১০০ জন হচ্ছে গ্রামের।

গ্রামের ছেলেরা যদি ডাক্তার হওয়ার সুযোগ না পায় তাহলে গ্রামের হেলথ সেন্টারে চুক্তির ভিত্তিতে ডাক্তার কি করে নিয়োগ হবে? এবং এ থেকে স্থানীয় ডাক্তার পাওয়া যাবে না। তাই স্যার, আপনার মাধ্যমে বলতে চাই যে, এক্ষেত্রে একটা নির্দিষ্ট নীতি থাকা উচিৎ। যাঁরা জয়েন্ট এন্ট্রাস দিয়ে ডাক্তার হবে তাদের ক্ষেত্রে ৭৫ শতাংশ শহরের এবং ২৫ শতাংশ গ্রামের ছেলেদের সুযোগ দেওয়ার কোটা বেঁধে দেওয়া হোক। এবং এই ভাবে গ্রামের ছেলেরা গ্রামে এবং শহরের ছেলেরা শহরের ছেলেদের মধ্যে পরীক্ষা দিয়ে কমপিটিশন করে যোগ্যতার ভিত্তিতে যাতে ডাক্তার হতে পারে তার ব্যবস্থা করার জন্য আপনার কাছে আবেদন জানাব।

স্যার, আমি গতকালও বলেছি, আবার বলছি, আপনি কৃষকদের ক্ষেত্রে সেচের কাজে ব্যবহৃত বিদ্যুতের উপর ২০ পারসেন্ট ছাড় দেবার কথা বলেছেন। কিন্তু পশ্চিমবঙ্গে বেশীর ভাগ কৃষক, ৫০ শতাংশ কৃষক গ্রাউণ্ড ওয়াটার ব্যবহার করার জন্য যে পাম্প সেট ট্রাক্টর, ট্রলার চালান তা সবই ডিজেল চালিত। যদি আপনি কৃষকদের সত্যিকারের একটা রিলিফ দিতে চান তাহলে সেচের ক্ষেত্রে যেমন ছাড় দিয়েছেন অনুরূপ ছাড় ডিজেলের ক্ষেত্রেও দেওয়া যায় কিনা তা বিবেচনা করে দেখবেন। এই কথা বলে সাপ্লিমেন্টারি বাজেটের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12-20 – 12-30 p.m.]

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী আজকে ৩৮ কোটি ৪ লক্ষ ৫৭ হাজার টাকার সাপ্লিমেন্টারি গ্রান্ট দাবি করেছেন। তাই স্বাভাবিক ভাবেই এ কথা বলতে হয়, আপনার সরকার ঋনে জর্জরিত সরকার। হাজার হাজার কোটি টাকার পি. এল., লোকাল ফাণ্ড থেকে ডাইভারশন, ডিফলকেশন করার পরও আপনাদের এত টাকা ঋণ থাকার কথা নয়। আপনি স্ট্যাম্প এবং রেজিস্ট্রেশনের ক্ষেত্রে

একই ভাবে সাপ্লিমেন্টারি ডিমাণ্ড করেছেন।

স্যার, ডিস্ট্রিক্ট রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার অফিসে গিয়ে আজকে বাংলার সাধারণ মানুষকে রেজিস্ট্রেশন করানোর সময় যে কি ভয়াবহ অবস্থার সম্মুখীন হতে হয় তা সবাই জানি। রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রাররা ভ্যালুয়েশনের ক্ষেত্রে সম্পূর্ণ নিজেদের ইচ্ছামতো কাজ করে থাকেন। এক্ষেত্রে এখনও পর্যন্ত রাজ্য সরকার কোনও গেজেট বা পলিসি প্রকাশ করতে পারলেন না। আমরা জানিনা, ধর্মতলা এলাকার ল্যাণ্ডের বা বালিগঞ্জের ল্যাণ্ডের ভ্যালুয়েশন কত। স্বাভাবিক ভাবে তাই রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রারদের একটা র‍্যাকেট করার সুযোগ থাকে। স্যার, নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর যে অর্থ আদায় হয় তার ৬০/৪০ শেয়ার কেন্দ্র এবং রাজ্যের মধ্যে ভাগ হয়।

আমরা দেখছি যে ডিফারেন্স অফ ভ্যালুর উপর আরও ডিউটি চাইছেন। সেখানে ডিস্ট্রিক্ট রেজিস্ট্রার, রেজিস্ট্রাররা ব্যাঙ্ক ড্রাফ্টের ফর্মে টাকা চাইছেন। ব্যাঙ্ক ড্রাফট ডিস্ট্রিক্ট রেজিস্ট্রারের নামে হচ্ছে। স্বাভাবিক ভাবে এটা পার্সোনাল অ্যাকাউন্টে চলে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার ও রাজ্যসরকারের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের যে শেয়ার সেটা পার্সোনাল অ্যাকাউন্টে জমা পড়লে কিভাবে সেটা ডিটারমিনড হবে? স্বাভাবিক ভাবে সাধারণ মানুষ অত্যন্ত অসুবিধার মধ্যে রয়েছে। আপনি অ্যানিমাল হাজব্যান্ড্রি অ্যাণ্ড ডেয়ারি ডেভেলপমেন্টের উপর গ্রান্ট চেয়েছেন। কিন্তু মিল্ক ইউনিয়নের ক্ষেত্রে সারা পশ্চিমবঙ্গে যে মিল্ক কো-অপারেটিভ, প্রাইমারি মিল্ক কো-অপারেটিভ আছে, তারা একটা বিশাল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এই প্রাইমারি মিল্ক কো-অপারেটিভের কর্মচারিদের কেউ মাসে ৫০ টাকা, কেউ ৭০ টাকা আবার কেউ মাসে ১০০ টাকা রোজগার করেন। অন্যান্য কো-অপারেটিভ সেক্টরে যেরকম কমন ক্যাডার স্কীম চালু আছে, কিন্তু মিল্ক কো-অপারেটিভে কমন ক্যাডার স্কীম চালু নেই। আপনারা রুর‍্যাল এমপ্লয়মেন্ট জেনারেশনের কথা বলেছেন। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আপনারা যখন বেকারদের জন্য চিন্তা-ভাবনার কথা বলেছেন তখন আপনারা যদি ডেয়ারি ডেভেলপমেন্টের ক্ষেত্রে এই প্রাইমারি মিল্ক কো-অপারেটিভের কর্মচারিদের বিষয় গুরুত্ব সহকারে ভাবেন তাহলে রুর‍্যাল এমপ্লয়মেন্ট জেনারেশনের ক্ষেত্রে বিপ্লব আসতে পারে। স্যার, জুডিসিয়ারির জন্য গ্র্যান্ট চেয়েছেন। আমরা জানি পশ্চিমবঙ্গের ৭২ হাজারের উপর নন-একজিকিউটিভ ওয়ারেন্ট রয়ে গেছে। এতে কোর্টে একটা বিশাল সমস্যার সৃষ্টি হয়েছে। বছরের পর বছর এগুলো পড়ে আছে। আপনারা জানেন, জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনায়েড। সেটা আমরা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে প্রতি মূহূর্তে দেখছি। স্যার, এখানে স্বাস্থ্যের কথা বলা হয়েছে। তাতে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট চাওয়া হয়েছে। আমি বলতে চাই যে, একজিসটিং যে ফেসিলিটিস আছে সেই একজিসটিং ফেসিলিটিসে আমরা কি কোন অপটিমাম ইউটিলাইজেশন, করতে পেরেছি? আমরা যখন ইন্টারনেটের যুগে বাস করছি, সাইবারের

যুগে বাস করছি, তখন সেখানে সামান্য মশার বিরুদ্ধে লড়াই করার ক্ষমতা নেই? ম্যালেরিয়া ইরাডিকেশনের জন্য টাকা দাবি করেছেন। পাবলিক অ্যাওয়ারেনেস প্রোগ্রামের দ্বারা ম্যালেরিয়া অনেকটাই দূর করা যায়। এর জন্য খুব বেশি টাকার দরকার হয় না। আমরা দেখেছি সরকারি হাসপাতালে ম্যালেরিয়ার রক্ত পরীক্ষার জন্য মানুষকে ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থাকতে হয়। অথচ পৃথিবীতে অনেক সহজ পদ্ধতিতে ম্যালেরিয়ার রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে। ডিকেনসনের অন সাইট ডায়াগোনোসিস—এই পদ্ধতিতে অনেক সহজে ম্যালেরিয়ার রক্ত পরীক্ষা কয়া যায়, এর জন্য কোনও স্কিলড ওয়ার্কারের দরকার হয় না। কিন্তু আমরা সেই পদ্ধতি ব্যবহার করতে পারছি না। হাসপাতালের অবস্থা নতুন করে বলার দরকার নেই। এই বিধানসভায় প্রতিদিন সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের সদস্যরা বারে বারে যে দপ্তরের বিরুদ্ধে আঙুল তুলে বলেন সেই দপ্তরের নাম স্বাস্থ্য দপ্তর। আপনারা পুলিশের জন্য সাপ্লিমেন্টারি গ্র্যান্ট চেয়েছেন। কারণ বামফ্রন্ট সরকারকে বেঁচে থাকতে হলে পুলিশকে খাতির করতে হবে। আমি একটা ঘটনার কথা বলছি। গত ১২ই মার্চ বামপন্থীরা নবগ্রামের আজিমগঞ্জে ২৩ জন কংগ্রেসি পরিবারকে ধূলিসাৎ করে। তাদের বাড়িতে আগুন লাগিয়ে, লুট-পাট করে প্রায় ২০ লক্ষ টাকার সম্পত্তি। এতে বহু লোক ঘর ছাড়া হয়েছে। আমি এই ব্যাপারে গত ২০শে মার্চ লালবাগে এস. ডি. পি. ও. সাহেবের কাছে গিয়েছিলাম। আমি তাঁকে বললাম, এই ঘটনায় এতগুলো মানুষ ঘরছাড়া হয়ে খোলা আকাশের নিচে বাস করছে তাদের বাড়ি ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করলেন না, তাদের যে সম্পত্তি লুট-পাট হল সেগুলো ফিরিয়ে দেওয়ার কোন ব্যবস্থা করলেন না তো? তখন তিনি বললেন , তিনি দুটো কারণের জন্য এতদিন কিছু করতে পারেননি। সেই কারণ দুটো হল—প্রথমত তিনি হোলি খেলায় ব্যস্ত ছিলেন, আর দ্বিতীয়ত হল তাঁর একটা পোষা কুকুর আছে, তার নাম পম্পি। সেই পম্পির অসুখ হয়েছিল। এই দুটো কারণের জন্য তিনি এতদিন বাড়িতে ব্যস্ত ছিলেন। আজ মানুষ খোলা আকাশের নিচে বাস করছে, বামপন্থী[illegible]অত্যাচারে তাদের বাড়ি মাটির সঙ্গে মিশে গেছে, তাদের ১৫-২০ লক্ষ টাকার সম্পত্তি লুট হয়েছে, অথচ এতদিন ধরে এস. ডি. পি. ও. সাহেব কিছু ব্যবস্থা নিলেন না। [illegible]র এস. ডি. পি. ও. সাহেবের ঐ বক্তব্য শোনার পরও যদি নতুন করে আরও সাপ্লিমেন্টারি গ্র্যান্ট চাওয়া হয় তাহলে স্বাভাবিক ভাবে সেই গ্র্যান্টের বিরোধীতা করতে হয়।

[12-30 – 12-40 p.m.]

স্যার, আজকে স্বাস্থ্য দপ্তরের জন্য মাননীয় অর্থমন্ত্রী সাপ্লিমেন্টারি গ্রান্ট চাইছেন। এই রাজ্য সরকারকে মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জের 'লণ্ডন মিশারী হসপিটাল'টি—যেটি এক সময় খ্রিস্টান মিশনারীরা পরিচালনা করতেন, সেটি তাঁরা বিনা পয়সায় দান করেছিলেন। সরকার টেক ওভার করেছিলেন। টেক ওভারের সমস্ত নথি-পত্র সরকারের

কাছে আছে। '৯০ সালে টেক ওভার হয়েছে, আজ পাঁচ বছর হতে চলল, অথচ আজ পর্যন্ত সেটা খোলা হচ্ছে না। ৫/৭ কোটি টাকার প্রোপার্টি মিশনারীরা সরকারকে দান করেছিলেন। ১৪ একর জমির ওপর সমস্ত রকম মডার্ন ইকুইপমেন্ট নিয়ে হাসপাতালটি ছিল। আমি কিছু দিন আগে রাইটার্স বিল্ডিং'স-এ গিয়ে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীকে বলেছিলাম, হাসপাতালটি সরকার টেক ওভার করল কেন? যদি করল তো কেন চালু করা হচ্ছেনা? খোলার ব্যবস্থা করছেন না কেন? উনি আমাকে বললেন, 'হাসপাতালটি অধিগ্রহণ করে সরকার ভুল করেছে।' আমি ওঁকে বলেছিলাম, আপনার এই কথা পাবলিকলি বলতে পারি? উনি বলেছিলেন, 'হ্যাঁ, বলতে পারেন'। উনি আরো বললেন, ' যে সমস্ত হাসপাতাল সরকারের হাতে আছে সেগুলোই চালু করতে পারছিনা; এই অবস্থায় কেন সরকার নতুন করে হাসপাতাল অধিগ্রহণ করে, কোন যুক্তিতে করে।' স্যার, এই বক্তব্য কি বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যায় না? মুখ্যমন্ত্রী এবং রাজ্যপাল মিলে সই করে হাসপাতালটি অধিগ্রহণ করেছেন, অথচ হাসপাতালটা আজ পর্যন্ত চালু হল না। তাই আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, আপনি ভাল করে ব্যাপারটা একটু দেখুন।

স্যার, রোডের ক্ষেত্রে সাপ্লিমেন্টারী গ্রান্ট ডিমাণ্ড করা হচ্ছে। আমরা জানি আর. আই. ডি. এফ. প্রোগ্রামে দ্বিতীয় ফেজে কাজ চলছে। দ্বিতীয় ফেজে রাজ্য সরকার ২০০ কোটি টাকা পেয়েছে। অথচ এই টাকা খরচের কোনও ব্যবস্থা করতে পারেনি। তারপর ন্যাবার্ড এই সরকারকে টাকা দিতে চাইছে, কিন্তু সরকার সে সম্বন্ধে কোনও প্রোজেক্ট জমা দিতে পারছে না। প্রোজেক্ট জমা না দেওয়ার অজুহাতে ন্যাবার্ড টাকা দিচ্ছে না। অথচ পশ্চিম বাংলার রাস্তাঘাটের হাল দেখলে স্বাভাবিকভাবেই আমাদের বিরোধিতা করার মানসিকতা তৈরি হয়। তাই এই যে সব সাপ্লিমেন্টারী গ্রান্ট আনা হয়েছে খুব স্বাভাবিক ভাবেই আমরা তার বিরোধিতা করছি। কারণ যখন বাজেট পেশ করা হয়েছিল তখন এই সমস্ত টাকাগুলো সেখানে দেখানো হয় নি। এই সমস্তগুলো তখন দেখানো হলে সাধারণ মানুষের কাছে আর জনমুখী বাজেটের কথা বলা যেত না। সুতরাং প্রথমে জনমুখী বাজেট দেখিয়ে পরে সাপ্লিমেন্টারি গ্রান্ট এনে তা অ্যাপ্রুভ করিয়ে নিয়ে সাধারণ মানুষকে ধোঁকা দেওয়া হচ্ছে বলেই আমি এই সাপ্লিমেন্টারি গ্রান্টের বিরোধিতা করছি। নমস্কার।

**শ্রী বিশ্বনাথ মিত্র ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমি এই বাজেট বিতর্কের ওপর আমাদের বিরোধী কংগ্রেস দলের বক্তব্য শুনলাম, আবার বি. জে. পি. তৃণমূলের বক্তব্যও শুনলাম। ওঁরা কেউ প্রকৃত ছবিটা তুলে ধরতে চাইলেন না। ওঁরা একটা দুটো বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ থেকেছেন। কিন্তু সাপ্লিমেন্টারি বাজেটের যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ রুর‍্যাল এমপ্লয়মেন্ট, তার জন্য যে বিপুল পরিমাণ টাকার বরাদ্দ বৃদ্ধি করা

হয়েছে—১৫৫ কোটি ৬২ লক্ষ টাকা, এটার ওঁরা কেউ উল্লেখ করলেন না। কারণ এটা উল্লেখ করলে এই সরকারের সাফল্যের কথাই উল্লেখ করতে হয়। গ্রামীণ মানুষের উন্নয়নের অগ্রগতির জন্য এই যে বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে, এটা ওঁরা দেখতে পেলেন না। মেজর এবং মিডিয়াম ইরিগেশনের জন্য ২৩ কোটি ৩০ লক্ষ ৫৪ হাজার টাকার অতিরিক্ত বরাদ্দের কথাও ওঁরা উল্লেখ করলেন না। অথচ এটা পশ্চিম বাংলার গ্রামীণ অর্থনীতির বিকাশের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। শুধু গ্রামীণ অর্থনীতিই নয়, কৃষি অর্থনীতি তথা জাতীয় অর্থনীতির পক্ষেও এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়।

এটা ওদের নজরে এল না। সরকারের সমালোচনা করতে হবে অতএব সেই অনুসারে কতকগুলি কথা বলে গেলেন। তারপর আরবান ডেভেলপমেন্টের জন্য যে. বিপুল ব্যয় এখানে ধরা হয়েছে সেটাও কি ওরা দেখতে পেলেন না? না কি দেখেও না দেখার ভান করলেন? তারপর বিদ্যুতের জন্য এখানে বাড়তি বরাদ্দ ধরা হয়েছে ৩০ কোটি ৬৯ লক্ষ টাকা। এর কথাও কিন্তু ওরা বললেন না। ওদের আমলে আমরা জানি যে বিদ্যুতের টাকা নিয়ে ওরা কি করতেন। ওদের আমলে বিদ্যুতের টাকা নিয়ে ওরা কোথাও গেস্ট হাউস, কোথাও স্টেডিয়াম ইত্যাদি করে বেড়িয়েছেন কিন্তু বিদ্যুতের ব্যবস্থা করেননি। সেইসব পুরানো কথা বলতে গেলে মহাভারত হয়ে যাবে। বিদ্যুতের জন্য ধার্য টাকা ওরা অন্য খাতে খরচ করেছিলেন। তারপর প্রভিডেন্ট ফাণ্ডের কথা ওরা বলেছেন। ওদের মুখে কি এসব কথা শোভা পায়? যারা শ্রমিক কর্মচারিদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা কেটে নিয়েও তা জমা দেন নি, অন্য খাতে সেই টাকা খরচ করেছেন তারা আজকে প্রভিডেন্ট ফাণ্ড নিয়ে কথা বলছেন কি ভাবে তা আমার বোধগম্য হচ্ছে না। এইসব কথা বললে যে ওদের নিজেদের ত্রুটিটাই ধরা পড়ে যাবে সেটা ওদের বোঝার জন্য বলছি। স্যার, ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য হচ্ছে পশ্চিমবঙ্গ। সারা ভারতবর্ষের আর্থ সামাজিক পরিস্থিতি আজ যা দাঁড়িয়েছে সেটা সকলেই জানেন। কিন্তু তারমধ্যে দাঁড়িয়েও পশ্চিমবঙ্গের যে অগ্রগতি সেটা ওরা সব সময় ছোট করে দেখানোর চেষ্টা করেন। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি কয়েকটি পরিসংখ্যান দেব। স্যার, ওরা যে নয়া অর্থনীতি আমদানি করেছেন তার ফলে আমরা দেখছি ভারতবর্ষের ১৯৮৫-৮৬ সালে যেখানে জাতীয় গড় উৎপাদন ছিল ৫.৯৩ শতাংশ সেটা '৯১ সালে কমে দাঁড়িয়েছে ৫.৭৮ শতাংশ-এ। অপর দিকে পশ্চিমবঙ্গে সেই সময় গড় উৎপাদন ছিল ৬.৮৫ শতাংশ। এসব কথা কি ওরা অস্বীকার করতে পারেন? এই সব তথ্য তুলে ধরলে সহজেই ওদের বক্তব্যের অসারতা ধরা পড়ে যাবে তাই ওরা এইসব তথ্যের মধ্যে যান না। তারপর চিকিৎসার ক্ষেত্রে দেখুন। সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি গ্রাম, শহরের মানুষ এই পশ্চিমবঙ্গে সরকারি হাসপাতালগুলিতে চিকিৎসার সুযোগ পেয়ে থাকেন। ভারতবর্ষের কোনও রাজ্যেই পশ্চিমবঙ্গের মতন এত অধিক সংখ্যক মানুষ

সরকারি হাসপাতালের চিকিৎসার সুযোগ পান না। এ ক্ষেত্রে চিকিৎসার জন্য সাপ্লিমেন্টারি গ্রান্টে যে অর্থ ধরা হয়েছে এটাও কি ওরা সমর্থন করেন না? তারপর সোশ্যাল ওয়েলফেয়ার খাতে বরাদ্দ বাড়ানো হয়েছে। এগুলি নিশ্চয় সমর্থন করা উচিত। সৌগতবাবু এখানে যা বক্তব্য রাখলেন তাতে.আমি দেখলাম তিনি মোটামুটি ভাবে এই সাপ্লিমেন্টারি গ্রান্টকে সমর্থনই করলেন কিন্তু বিরোধী পক্ষের অপর বক্তা যা বললেন তাতে বুঝলাম তিনি এর সবটারই বিরোধিতা করে গেলেন। তবে তার বক্তব্যে বিশেষ কোনও সারবস্তু পেলাম না। দু/একটি বিষয়েই তিনি তার বক্তব্য সীমাবদ্ধ রাখলেন এবং সেই বস্তাপচা বুলিগুলি আউড়ে গেলেন—বামপন্থীদের কথা, কমিউনিস্টদের কথা ইত্যাদি। স্যার, উনি যা বললেন বা বলতে চাইলেন বামপন্থীরা, কমিউনিস্টরাই যেন সব কিছুর জন্য দায়ী। এই প্রসঙ্গে আমার কবির সেই কবিতাটা মনে পড়ে গেল,

'যেখানে যা কিছু ঘটে অনিশ্চিত

সকলের মূলে কমিউনিস্টি।

পাবনায় হাসি গিয়াছে সৃষ্টি

তার মূলে কে বা কমিউনিস্টি।

তাই বসে বসে করেছি লিস্টি

এ পাড়ায় কে কে কমিউনিস্টি।

এই যে কবিতার গদ সেই গদই বিভিন্ন সময় আউড়ে যাচ্ছেন তারা। এটা না করে বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে এখানে আলোচনা করতে হবে। তাহলে আলোচনাটা আলোচনা হবে।

মাননীয় সভাপতি মহাশয়, আজকে আমাদের পশ্চিমবঙ্গ খাদ্যশস্য উৎপাদনে প্রথম, এটা কি অস্বীকার করবেন ওঁরা? এই রাজ্য পাট উৎপাদনে প্রথম, এটা ওরা অস্বীকার করতে পারবেন? আলু উৎপাদনে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে হলেও পশ্চিমবঙ্গে মূল জমির পরিমাণ সারা ভারতবর্ষের ক্ষেত্রে ২.৫ শতাংশ। সুতরাং আলুর বিপুল উৎপাদনকে অস্বীকার করতে পারবেন ওঁরা? অথচ ওঁরা অস্বীকার করে যাচ্ছেন। আজকে সব্জী উৎপাদনে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে প্রথম হয়েছে। ১৯৯৫-৯৬ সালে রাজ্যে যেখানে সব্জী উৎপাদন হয়েছিল ৫ লক্ষ টন, সেটা ১৯৯৭-৯৮ সালে ৯০ লক্ষ টন হয়েছে। এরই জন্য চাই বিদ্যুৎ, এরই জন্য দরকার সেচ-ব্যবস্থার। এবং তারই জন্য উনি অতিরিক্ত অর্থ বরাদ্দ করেছেন। দেখতে হবে কোন খাতে উনি সবচেয়ে বেশি বরাদ্দ করেছেন। দেখবেন, সেচ, বিদ্যুৎ, গ্রাম উন্নয়ন, সোশ্যাল ওয়েলফেয়ার, অর্থাৎ গ্রামীণ মানুষের স্বার্থেই

বেশি টাকা বরাদ্দ করা হয়েছে। তাই মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারী বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের বক্তব্যের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[12-40 – 12-50 p.m.]

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী সাপ্লিমেন্টারী বাজেটকে সমর্থন করে দু'চারটি কথা বলব। আজকে পশ্চিমবঙ্গের কি পরিস্থিতি সেটা গত কয়েক দিনের বাজেট আলোচনার মধ্যে দিয়েই পরিস্ফুট হয়েছে। আমি প্রথমে বলতে চাই, পশ্চিমবঙ্গের প্রতি অতীতের বঞ্চনা এবং বর্তমানে রাজনৈতিক যে বিভ্রান্তি—সেটা কেন্দ্র রাজ্য সম্পর্কে তিক্ততা সৃষ্টি করবে এবং সেটা আমাদের দেশের পক্ষে ভাল হবে না। মেদিনীপুরে রিলিফ নিয়ে ওরা যে কেলেঙ্কারী করছেন, রাজনীতি করছেন, সেটাই তার প্রমান। মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গে প্রতিক্ষেত্রে উন্নয়ন সম্পর্কে গতকাল পরিসংখ্যান দিয়ে জানিয়ে দিয়েছেন। আমি লক্ষ্য করেছি, ভূমি সংস্কারের মধ্যে দিয়ে যে রাজ্যে উৎপাদনশীলতা বৃদ্ধি হয়েছে সেটা ওরা অস্বীকার করেছেন। সৌগতবাবু বারবার বলছিলেন যে, উৎপাদন বেশি হলেই উৎপাদনশীলতা বৃদ্ধি ঘটেনা। কিন্তু দেখা গেছে, বিগ ফার্মার থেকে ছোট জোতের চাষী যারা তাদের উৎপাদনশীলতা বেশি। এই যে স্বীকৃতি, সেটা ওঁরা না দিলেও কেন্দ্র আমাদের স্বীকৃতি দিয়েছেন। আমি বলতে চাই আজকে রাজ্যে ৫টি রুগ্ন শিল্প লাভজনক হয়েছে সেখানে লোকসান কমেছে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি বন্ধ কলকারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে ভাতা দেবার জন্য। ১৯৮৪ সাল থেকে আমাদের আর. এস. পির শ্রমিক সংগঠন ইউ. টি. ইউ. সির পক্ষ থেকে এই দাবি আমরা করে আসছিলাম। সেই দাবি স্বীকার করে নেওয়ায় আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তাদের ৫০০ টাকা করে দিয়েছেন বাজেটে, কিন্তু প্রভিডেন্ট ফাণ্ড এবং গ্র্যাচুইটি হচ্ছে তাদের ন্যায্য পাওনা। তাদের যে প্রভিডেন্ট ফাণ্ড গ্রাচুইটি তা থেকে তারা বঞ্চিত হয়েছে। এই ব্যাপারে মালিকদের বাধ্য করানোর ক্ষেত্রে আমাদের কিছুটা ব্যর্থতা অস্বীকার করার কোনও উপায় নেই। এর ব্যাপারে আইনগত সমস্যা থাকতে পারে এবং সেই আইনগত সমস্যা আমাদের দূর করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ চৌধুরি, এটা সাপ্লিমেন্টারী বাজেট, তার উপর আলোচনা করুন, এখানে এখন বাজেট নিয়ে আলোচনা করা যায় না।

**শ্রী অমর চৌধুরি ঃ** আমি বলতে চাইছি এই সমস্ত গণমুখী উন্নয়ন প্রকল্পের জন্য সাপ্লিমেন্টারী বাজেট আনতে হয়েছে, এ ছাড়া কোনও উপায় নেই। ঠিকাদারী প্রথার উপর মাননীয় অর্থমন্ত্রী গতকাল বলেছেন যে কিছু ঠিকাদারকে ব্লাক লিস্ট করা দরকার। আমি এই জন্য বলছি যে এর জন্য আর্থিক সঙ্গতির দরকার। এটা কি ভাবে করা হবে

সেটা বলা দরকার, ব্লাক লিস্ট কি ভাবে করা হবে সেটার একটা পদ্ধতি ঠিক করা দরকার। আমাদের এটা দেখতে হবে এর ক্রাইটেরিয়া কি হবে। প্রতিটি ডিপার্টমেন্টে এই রকম ঠিকাদারী প্রথা চালু আছে। পি. এইচ. ই-তে আছে, পি. ডব্লু. ডি-তে আছে হেলথে আছে সি. এম. ডি. এ-তে আছে এবং পঞ্চায়েতে আছে, সব জায়গাতে ঠিকাদারী প্রথা আছে। এই অবস্থাতে তিনি ব্লাকলিস্ট করার কথা বলেছেন। আরো বেশি করে দায়বদ্ধ করে তোলার জন্য তিনি এই প্রস্তাব দিয়েছেন। শুধু ব্লাক লিষ্ট করলেই হবে না ভিজিলেন্সও করতে হবে। এদের জন্য সরকারি অফিসার এবং কর্মচারিদের যোগসাজস থাকে। তা না হলে শুধু মাত্র অর্থের অপচয় হবে। সেই কারণে সেই দিকে আপনাকে নজর রেখে কাজগুলি করতে হবে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

আমার আর সময় নেই। ভবিষ্যতে অর্থের অপচয় যাতে না হয় সেই দিকে আপনাকে নজর দিতে হবে। এই কথা বলে সাপ্লিমেন্টারী বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমান আর্থিক বছরে অতিরিক্ত ব্যয় বরাদ্দের যে প্রস্তাব এখানে আমি এনেছি তাকে সমর্থন করে আর একবার আমার মূল বক্তব্যগুলি রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি সঠিক ভাবেই আমাদের সতর্ক করে দিয়েছেন যে এটা অতিরিক্ত ব্যয় বরাদ্দের উপর আলোচনা, তাই অতিরিক্ত ব্যয় বরাদ্দের উপর আলোচনাটা সীমাবদ্ধ রাখা উচিত্। বিরোধী দলের নেতা সৌগতবাবু কিছু সাধারণ বক্তব্য এখানে রেখেছেন, যদিও তার উত্তর ইতিমধ্যে দেওয়া হয়ে গেছে, কিন্তু এই বিষয়ে যদি আমি কিছু না বলি তাহলে মনে হবে এই বিষয়ে আমার উত্তর জানা নেই। তাই আপনার অনুমতি নিয়ে এই বিষয়ে কিছু উল্লেখ করে অতিরিক্ত ব্যায় বরাদ্দের উপর আলোচনায় ফিরে আসবো। বিরোধী দলের সদস্য সৌগত রায় অনেকগুলি সাধারণ বক্তব্য রাখলেন, রাখতে গিয়ে একটা জায়গায় বললেন যে পশ্চিমবাংলায় যে উন্নতি হয়েছে কৃষি ইত্যাদিতে এটা পাঞ্জাব হরিয়ানা মতো হয়নি। আমি কালকে শুধু তথ্য নয় উৎস পর্যন্ত বলে দিয়েছি এবং বইটাও দেখিয়ে দিয়েছিলাম। কেন্দ্রের অর্থমন্ত্রকের সর্ব শেষ যে তথ্য, ১৯৮০-৮৩ থেকে ১৯৯০-৯৩ এই ১০ বছরে সারা ভারতবর্ষে গড় খাদ্য শস্যের বৃদ্ধির হার হচ্ছে ২.৮ শতাংশ। আমরা দেখছি এই সময় পাঞ্জাবের গড় বৃদ্ধির হার হচ্ছে ৪.১ শতাংশ হরিয়ানার ৪.৪ শতাংশ প্রকাশিত তথ্য অনুযায়ী। সেখানে পশ্চিমবাংলার হচ্ছে সব চেয়ে বেশি, ৫.৯ শতাংশ। তাই আর একবার আমি মাননীয় সৌগতবাবুর প্রশ্নের উত্তর দিলাম।

[12-50 - 1-00 p.m.]

খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির সর্বোচ্চ স্তরে অবস্থান পশ্চিমবাংলার—কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য এটা। উনি আর একটা বক্তব্য রেখেছিলেন, যে দাবিগুলো আমরা রাখছি, এগুলো কি আগে কখনও রেখেছি? আমি আগেও বলেছি, আরও একবার বলছি। আন্তঃরাজ্য পর্ষদের কাছে এই দাবি আগেই, এখন থেকে দেড় বছর আগেই রেখেছি। আমি আরও একবার বললাম। এটা কারও সঙ্গে মিল নেই। আর এখন প্যাকেট-ট্যাকেজ সব যা শুনছি, তার সঙ্গে এই দাবির অনেকটারই মিল নেই। এগুলো আলাদা ভাবে রাখা হয়েছে। বিশেষ করে আমরা যেটা বলছি, কোল রয়্যালটির বিষয়ে ট্রেড ডিপোজিট রেশিও'র বিষয়ে এবং আমাদের যেটা আয়করের ভাগ পাওয়ার বিষয়, আমরা অনেকদিন ধরে বলছি। আমি আর একবার উল্লেখ করলাম। এটাকে গুলিয়ে ফেলা ঠিক নয়। আর একটা প্রশ্ন উঠেছে, যুক্তফ্রন্টের আমলে আপনারা কি কিছু পেয়েছেন? আমি ওখানে যেটা বলেছি, সবচেয়ে বেশি যেটা হয়েছে, কালোটাকা উদ্ধারের যে প্রকল্প, এটা কিন্তু রাজ্যস্তর থেকে আমরা রেখেছিলাম। এটা তখন যিনি কেন্দ্রীয় অর্থমন্ত্রী ছিলেন, তিনি বলেও ছিলেন—ভলান্টারি ডিসক্লোজার অফ ফিসক্যাল স্কীমে, তার থেকে সমস্ত রাজ্য উপকার পাবে। এটা নির্দিষ্ট পদ্ধতিতে একটা অর্থ আমাদের আসছে। দ্বিতীয়ত, এছাড়া আর একটা এসেছে, বেসিক মিনিমাম সার্ভিসেস, ন্যূনতম পরিষেবার ক্ষেত্রে বাড়তি অর্থ আমরা পেয়েছি। বস্তুত সেটাই সবচেয়ে বেশি এই সাপ্লিমেন্টারি গ্রান্টের বিষয়, সেটা কেউ উল্লেখ করেননি বলে আমি রাখছি আর একটা প্রশ্ন রেখেছেন, এই যে দক্ষ স্বনির্ভরতা প্রকল্প'র কথা আমরা বলি, স্বদেশি শিল্প বলা হয়, তার সঙ্গে মিল, অমিল ইত্যাদি। আমরা খুব স্পষ্ট করেই বলছি, দক্ষ স্বনির্ভরতার কথা আমরা ৭-৮ বছর লাগাতার ভাবে যেটা বলছি, তার মানে কিন্তু সমান প্রতিযোগিতার পদক্ষেপ। শুধু স্বদেশি বড়শিল্প নয়, দেশের অভ্যন্তরে সমান সুযোগ ছোট শিল্পোদ্যোগীদেরও দিতে হবে। কৃষির ক্ষেত্রে ছোট কৃষকদের দিতে হবে, মানে ভূমিসংস্কার। এই কথাগুলো আমরা অন্য কোনও দলের নীতি দিয়ে দেখছি না। আমাদের যেটা বিকল্প অর্থনীতি, তার ভিন্নতা আমি আর একবার বলে দিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আর একটা প্রশ্ন, বোধহয় সৌগত রায় মহাশয় বলেছিলেন। তিনি চলে গিয়েছেন। না থাকলে বলতে একটু অসুবিধা হয়। ইঞ্জিনিয়ারিং কলেজ ইত্যাদির ব্যাপারে আলোচনা হয়েছিল কি না? হ্যাঁ, এটা তো আমরা ঠিক বাজেটে গোপনীয়তা রেখে যেটুকু করা হয়, করেছি। আমরা বলেও দিয়েছি। প্রায় ১০-১১টি জেলায় যেগুলো খুলতে হবে, তার জমি জায়গা এখন যে পলিটেকনিক কলেজগুলো আছে, তার আওতায় তার মধ্যে আমরা এই কাজটা শুরু করব। এখানে তফাৎ হচ্ছে আগের থেকে এই যে, এখানে মাননীয় অধ্যাপকদের আমরা একটা চুক্তির ভিত্তিতে নিচ্ছি, তার নবীকরণ ইত্যাদি থাকবে। আর যারা ছাত্র হবে, তাদের ...

ঘরের ছাত্র, তাদের কোনও বেতন বৃদ্ধি ইত্যাদি হবে না। আর যারা তা নয়, তাদের বেতনটা সামাজিক ভাবে গ্রহণযোগ্য, কিন্তু একটু বেশি বৃদ্ধি হবে। এরমধ্যে থেকে যে অর্থটা রেখেছি, এই বিষয়টা নিয়ে দীর্ঘ আলোচনাও করেছি। শুধু আমাদের যিনি কারিগরি শিক্ষা বিষয়ক মন্ত্রী তিনি নন, আমাদের বিদ্যুৎমন্ত্রী, তিনি অনেকদিন যাদবপুর ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর ছিলেন, তাঁর সঙ্গেও আলোচনা হয়েছে। প্রাইমারী এডুকেশন সেন্টার সম্বন্ধে আমি খুব বিশদ ভাবে বলে দিয়েছি আগেরবার কোন জেলায় কতটা হয়েছে। নির্বাচন হওয়ার জন্য কোনটা থমকে যায়। সেখানে কি ভাবে কাজ করব, উন্নয়ন পর্ষদে এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে উত্তরবঙ্গ এবং অন্যান্য উন্নয়ন পর্ষদের বক্তব্য রাখা হয়। আর একটা বক্তব্য ছিল, দাঁতনের ব্যাপারে টাকা খরচ ইত্যাদি নিয়ে, আমার টাকা খরচের বিষয়টা বলা উচিত। রাজ্য সরকার ছ'কোটির মতো ইতিমধ্যেই বরাদ্দ করেছে। এখানে বলা উচিত, কতকগুলো জিনিস পরিষ্কার করে বলা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্নগুলো এসেছে, আমি তার উত্তর দিচ্ছি। দশম অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে এখন এই অর্থ দিয়ে দেবার বিষয়টি কারও দয়া দাক্ষিণ্যের উপরে নির্ভর করে না। সংবিধানে পরিষ্কার করে বলা আছে। এটা রাজ্যের যে প্রাকৃতিক দুর্যোগ তহবিল ৫৬ কোটি একটা বছরে, তার চারের তিন ভাগ দেওয়া হচ্ছে কেন্দ্রীয় সরকারের, সংবিধানে বলা আছে, ৪২ কোটি'র মতো, আর ১৪ কোটি রাজ্যের। এখন থেকে দু'তিন মাস আগে কেন্দ্র তার দেয়টা দিয়ে রেখেছে। তার কিছুটা বাকি আছে, তার থেকেই অর্থ বরাদ্দ আছে। আর এপ্রিলে ঠিক একই ভাবে আগামী বছরের ৫৬ কোটি, রাজ্যকে যেটা দেয় তা চারটি কিস্তিতে দেওয়া হয়। প্রথম কিস্তির টাকা যেটা আছে, কেন্দ্রীয় সরকারকে যেটা দিতে হবে, এটা একেবারে বাধ্যতামূলক. ১লা এপ্রিল দিতে হবে। আমরা যেটা শুনছি, ১০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার যেটা দিচ্ছে, ১লা এপ্রিল ওদের যেটা দেয় আছে, সেটা একদিন বা দু'দিন আগে যদি পাওয়া যায়, সেটা অতিরিক্ত নয়। এটা আমি বলে রাখছি, এটা একেবারে বাধ্যতামূলক। এটা কেউ যেন বাড়তি কথা না ধরে ফেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আমি নির্দ্দিষ্ট ভাবে একটা কথা বলছি: মাননীয় পঙ্কজ ব্যানার্জি মহাশয় আছেন, উনি প্রশ্ন রেখেছেন যে, আপনি যে কথাগুলো রাখেন, সেগুলো রাখতে পারেন কিনা? আমি আগের দিনই উত্তরে বলেছিলাম বোধহয় উনি ব্যস্ত ছিলেন চলে গেছিলেন। বিদ্যুতের ক্ষেত্রে যে ৭৫ কোটি টাকার কথা বলা হয়েছিল, ওটা তো বাজেটের বাইরেই দেওয়ার কথা। কিন্তু ওটা ৭৫ কোটি নয়, ৮১ কোটি টাকা দেওয়া হয়েছে। রাস্তার ক্ষেত্রেও দেওয়া হয়েছে। রাস্তার ক্ষেত্রে মাননীয় পূর্তমন্ত্রী এবং আমরা মিলে একত্রিত হয়ে কাজ করি। এই কাজের সঙ্গে পঞ্চায়েত কমিটি যুক্ত থাকবে। কাজের উপাদানগুলো পরীক্ষা করা হবে এবং কাজের উপাদান কিভাবে করা হবে সেটা পূর্ত দপ্তর বলে দেবে। সেখানে যদি কোনও গরমিল বেরোয় তাহলে তার ভিত্তিতে পূর্ত দপ্তর ব্ল্যাক লিস্ট করেন এবং সেটা যদি করার

প্রয়োজন বোধ হয় তবে পূর্ত দপ্তরই করবে। এক্ষেত্রে আমরাও একই ভাষায় কথা বলি কারণ মাঝে মাঝে দেখা যায় যে ভাল কাজ হল কিন্তু তবুও দপ্তরের সঙ্গে দপ্তরের ঝগড়া লাগিয়ে দিল। এ সম্বন্ধে আমাদের মত একেবারে এক সেটা আমি আরেকবারও বলে রেখেছিলাম। কাজকর্ম এখন যেভাবে রাস্তাঘাটের ক্ষেত্রে চলছে, যেভাবে আমরা উল্লেখ করেছি সেই ভাবেই কাজ চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঙ্কজ ব্যানার্জি পি. ডি. এস সম্পর্কে বা গণ বন্টন সম্পর্কে বলে গেলেন। উনি যেটা বললেন সেটা হচ্ছে জাতীয় স্তরে আমরা যেটা রেখে আসছি যে, জাতীয় স্তরে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের ক্ষেত্রে যিনিই সরকারে থাকবেন তাকে ভরতুকি দিয়ে দারিদ্র সীমার নিচে যারা তাদেরকে সেন্ট্রাল ইস্যুর যা প্রাইস তার অর্দ্ধেক দামে দিতে হবে। আগের যে সরকার তারা চালের ক্ষেত্রে দিতে পারেন মাত্র ১০ কে. জি., আর আমাদের দাবি ছিল অন্তত ২০ কে. জি., সেখানে তারা বাকিটা দিতে পারেননি। সেখানে বাকিটা রাজ্যের ক্ষেত্রে যে পাওনা তাতে যারা দায়িত্ব নিয়েছেন এখন এবং যাদের সঙ্গে আপনারাও জুটেছেন, তাদের কাছেও একই কথা আমরা রাখছি। ১৪টি নিত্য প্রয়োজনীয় ... ক্ষেত্রে আমাদের এই দাবি কেন্দ্রের সরকারের কাছে, যে সরকারই আসুন না কেন এই আমাদের রয়েছে। আরেকটা কথা চীট ফাণ্ড সম্পর্কে যে বলে গেলেন এই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাচ্ছি এবং হাউসকেও জানাই যে এই চীট ফাণ্ডের বিরুদ্ধে সবচেয়ে বেশি আক্রমণ পশ্চিমবঙ্গ থেকে গেছে। রিজার্ভ ব্যাঙ্ক আমাদের যা বলে সেই হিসাবেই বলছি এবং সেটা দেখেই অন্য রাজ্যও বলে। এই ব্যাপারে যদি আপনাদের কোনও অসুবিধা হয় জানাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার বলছি হাসপাতাল সম্পর্কে যে তথ্য দিলেন সেটা আগের দিনও বলে দিয়েছি ওই ৩.১২ সারণীতে। আসলে আপনি তো খুব ব্যস্ত মানুষ ৩.১২ সারণীটা পড়েছেন কিন্তু ওর নিচের নোটটা পড়েননি। সরণীতে যে লেখা আছে তার নোটটা দেখুন ১৯৯০-৯১ সালে যে অকজিলারী হসপিটাল কতগুলো ছিল সেগুলোকে বলতে খারাপ লাগছে আপনাদের সময়ে যে হাসপাতালগুলো তৈরি হয়েছিল, পরে কেন্দ্রীয় সরকার এগুলোকে বললেন ... হাসপাতাল শ্রেণীতে এদেরকে বিভক্ত হবে না, পাবলিক হেলথ সেন্টার বলা হবে। সুতরাং ওগুলোকে হাসপাতাল না বলে পি. এইচ. সি বলা হয়, সেই কারণেই এদের সংখ্যা বাড়ে আর হাসপাতালের সংখ্যা কমে। এবার আমি বাজেটের অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব এই ব্যাপারে আপনারা যা যা রেখেছেন তার প্রত্যেকটিরই জবাব দেব। এখানে মূল জায়গাতে যেটা সবচেয়ে বেশি যাচ্ছি তার উল্লেখ করেননি। মাননীয় বিধায়ক সৌগত রায় ঠিকই বলেছেন যে, এই অতিরিক্ত ব্যয় মঞ্জুরি মূলত মহার্ঘ্য ভাতা জনিত। যে অর্থ আমাদের দিতে হচ্ছে এটা মূলত প্রত্যেকবারই দেখবেন বাজেটে মহার্ঘ ভাতা বাবদ লাম্ব পোরশন প্রভিশন রাখতে হয়। একই সঙ্গে আর্থিক বিবরণীতে থাকে, দফাওয়ারী থাকে না। সেটা আমরা দফাওয়ারী কোনও কোনও দপ্তরে তাদের যে কর্মী আছে সেই

হিসাবে আমরা ভাগ করে দিই, তাই সাপলিমেন্টারী আসে। কিন্তু অ্যামাউন্টটা দেখান হয় মূলত ডি. এ জনিত। এটা বলছি এই কারণে যে এরসঙ্গে কর্মিদের ডি. এ. জড়িত আছে। আর যেহেতু সোশ্যাল ওয়েলফেয়ারের যে কর্মী সংখ্যা আর পুলিশের কর্মী সংখ্যার অনুপাতে যে ডি. এ. টি, তাতে কিন্তু সোশ্যাল সিকিউরিটির ক্ষেত্রে যে বড় জায়গা আছে সেটা বললেন না, এবার সেটায় আমরা আসছি। এরপরে একটা প্রশ্ন উনি রেখেছেন, যেরকমভাবে এসেছে বলছি। পরের প্রশ্ন মাননীয় সদস্য সৌগত রায় রেখে গেছেন। হেলিকপ্টার কেনার প্রশ্নে আমি একটু বলতে চাইছি যে, কংগ্রেস আমলে একটা প্লেন ছিল, একটা হেলিকপ্টার ছিল। প্লেনটা আমরা বেচে দিই। হেলিকপ্টার ২০ বছরের পুরনো চেতক, সিঙ্গল ইঞ্জিন। আমাদের বারবার বলা হয়েছে সিভিল এভিয়েশান থেকে যে সিঙ্গল ইঞ্জিন ২০ বছরের পুরনো, ওই হেলিকপ্টার ব্যবহার করা ঠিক হচ্ছে না। আমরা বিভিন্ন সময়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে হেলিকপ্টার ভাড়া করতে হয়। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ভাড়া করতে গিয়ে প্রচুর অর্থ দিতে হচ্ছে। ফ্লাডস একটার পর একটা যখন হয় তখন আর্মির কাছ থেকে এবং অন্য জায়গার থেকেও বেশি ভাড়া দিয়ে নিতে হচ্ছে। এই অবস্থায় যে ভাড়ার যে খরচ সেটা না করে আমরা কিনতে আগ্রহী। কিনতে যা লাগবে তাতে আরেকটা হেলিকপ্টার কেনা আর হবে না।

[1-00 – 1-10 p.m.]

এর পরের পয়েন্ট উনি তুলেছেন কমপিউটারাইজড নিয়ে, কমপিউটারাইজড ২টি ক্ষেত্রে আমরা করছি। বিক্রয়করের কথা আমরা আগেও বলেছি, যখন একটা গাড়ি ঢুকছে চেকপোস্টে তখন সেখানে ১২-১৩টি থাকছে, সেই গাড়িটি যখন ঢুকলো তখন চার্জ দিচ্ছে, যাতে সেটা সেন্ট্রালি মনিটর করা যায়, সেইজন্য আমরা একটা কমপিউটার সিস্টেমে উপগ্রহর মাধ্যমে ইনস্টল করছি। আর দ্বিতীয়ত আমরা সমস্ত ট্রেজারীগুলি কে কমপিউটারাইজেশন এর দিকে নিয়ে যাচ্ছি এটার কারণ হচ্ছে, যা খরচ হচ্ছে, একেবারে দফাওয়ারি আমরা বিকালের মধ্যেই যাতে জানতে পারি, হিসাবটা যাতে রাখতে পারি সেইজন্য এটা করে রাখছি। এর জন্য ৭ কোটি টাকার মতো একটা বড় প্রোগ্রাম আমরা নিয়েছি কমপিউটারাইজেশন এর ক্ষেত্রে প্রত্যেকটি ট্রেজারীতে। আমরা ৭২টি ট্রেজারীতেই যাব। আমরা অর্দ্ধেক এর মতো গিয়েছি। প্রশ্নটা ছিল, এই যে কমপিউটারাইজেশন করছেন, এই প্যাকেজটা কাকে অর্ডারটা দিচ্ছেন। এই প্যাকেজটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যুক্ত যে লিঙ্কনেট এন. আই. আছে, ওদের সঙ্গে আলোচনা করেই আমরা করছি। করার পরে যখন কেনার সময় হয় তখন ওয়েবেলকে বলি, আমাদের রাজ্য সরকারের নিয়মটাও দিচ্ছি, এই বলে যে আপনারা কিনুন। তবে এক্ষেত্রে যারা অর্ডারটা পাচ্ছেন সে কর্পোরেশন নয়, যেভাবে দেওয়া হয় টাটা-ইউলিস ওরা সেইভাবে পেয়েছেন, পারফরমেন্স খুব ভাল আমি শুনেছি।

যে কারণে আপনি চিন্তিত হয়ে বলছিলেন, সেইজন্য বলছি, এই ব্যাপারে চিন্তিত হওয়ার কারণ নেই। আমি চাইছি, এই বছরের মধ্যে সমস্ত ট্রেজারী আমাদের কমপিউটারাইজেশন হবে। এটা ৩ বছর ধরে চলছে। আমি চাইছি এটা শেষ করতে। এটাই আমি বলে দিলাম। এটার সবচেয়ে মূল পয়েন্ট হচ্ছে, সফ্ট ওয়ারটা করছি। আমরা লিঙ্কনেট এর সাথে আলোচনা করে করেছি। এর পরে একটা প্রশ্ন ইন্টারেস্ট পেমেন্ট সম্বন্ধে, আপনারাও প্রশ্নটা করেছেন, অধীর বাবুও প্রশ্নটা করেছেন। এই ইন্টারেস্ট পেমেন্ট কিসের জন্য? এটা হচ্ছে মাননীয় শিক্ষকদের যে বকেয়া ভাতা প্রভিডেন্ট ফাণ্ড এর মাধ্যমে আমরা দিচ্ছি। সরকারি কর্মিদের যেটা একটা বকেয়া ছিল, যেহেতু নূতন বেতন কমিশন আসছে, তার আগে এটা ক্লিয়ার করে দিতে চাইছি। এই টাকাটা যখন রাখছি তা পি. এফ. থাকছে বলে পি. এফ. এর যে অতিরিক্ত সুদ সেই বাবদ রাখা হচ্ছে। ম্যালেরিয়া ইরাডিকেশন প্রোগ্রাম এটা সেন্ট্রাল প্রোগ্রাম, এটা আমাদের শুধু নয়, গোটা ভারতবর্ষে বেড়েছে বলে ওরা বাজেটে বাড়িয়েছে, সেইজন্য আমরা বাড়িয়েছি। আর্সেনিক এর কথা বলতে গিয়ে আপনারা ব্যয় বরাদ্দের বিরোধিতার কথা বলেছেন। এই রাজ্যে গ্রাউণ্ড ওয়াটার ম্যাপিং হয়েছে কিনা জানতে চেয়েছিলেন, আমি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে জানাচ্ছি, আমরা গোটা কয়েক রাজ্যের মধ্যে প্রথম, এখানে মাননীয় জলসম্পদ মন্ত্রী উপস্থিত আছেন, '৮৪-'৮৫ সাল থেকে জিওলজিক্যাল সার্ভে অফ [illegible] এদের যুক্ত করে সেন্ট্রাল গ্রাউণ্ড ওয়াটার বোর্ডকে নিয়ে ডিটেল অ্যাকুয়াফার ম্যাপিং [illegible] প্রিজামশন, পি. জি. মেট্রিক ভ্যারিয়েশনে ৭টি রাজ্যকে ভাগ করি একটা হচ্ছে, বিভিন্ন সেকশন-এর ল্যাটেরাইট জোন, [illegible] ওল্ড অ্যালুভিয়াল সয়েল, নিউ অ্যালুভিয়াল সয়েল, আর একটা সুন্দরবনের অঞ্চল বালু অঞ্চল। এর সাধারণভাবে [illegible] এটা আমার মনে আছে, আমি বলে দিচ্ছি, যখন আপনি আমার ঘরে আলোচনার সময় আসবেন তখন দেখবেন, আমার ঘরের পিছনে যে ম্যাপটি আছে, সেটা হচ্ছে অ্যাকুযাফার ম্যাপিং আছে। এটা শুধু আমার ঘরে আছে তাই নয়, রাজ্য স্তরের আছে। প্রত্যেকটি জেলায় তার জেলার অ্যাকুয়াফার ম্যাপিং দেওয়া আছে। প্রত্যেকটি জেলায় ডিস্ট্রিক্ট জিওলজি আছে। আর্সেনিক এর উপর যেহেতু সমস্যা আছে, আর্সেনিক এর উপর আলাদা একটা কমিটি যেহেতু অন্য সংক্রামণ আসছে, রাজ্য পরিকল্পনা পর্যদ এবং সংশ্লিষ্ট দপ্তর এটা নিয়ে গভীরভাবে কাজ করে চলেছে। এটা বলে রাখলাম। এরপরে একটা প্রশ্ন আসছে, টি ডেভেলপমেন্ট কর্পোরেশন নিয়ে, টি ডেভেলপমেন্ট নূতন দুটো চা বাগান অতিরিক্ত যুক্ত করছে বলে ক্যাপিটাল আউটলে আসছে, আর কথাটা হচ্ছে, এই নূতন অ্যাডিশন হচ্ছে, তার জন্য পাওয়ারের ক্ষেত্রে বিদ্যুতে অতিরিক্ত ব্যয় বরাদ্দ আমরা করেছি। এটা বলে রাখা উচিত রুরাল ইলেক্ট্রিফিকেশনের জন্য আর একটা আসছে সি. এস. টি. সি. ইত্যাদির জন্য। মূলত সাবসিডির জন্য। টিটাগড় পেপার মিল সম্বন্ধে আপনি যেটা বলেছেন, বি. আই. এফ. আর. যেটা দেয় ওদের শেষ কিস্তিটা আমরা দিয়েছি, তবে

আপনি একটা প্রশ্ন রেখেছেন, সেটা আমি দপ্তরের মাধ্যমে অবশ্য দেখবো। আর এর পরে একটা প্রশ্ন স্ট্যাম্প অ্যাণ্ড রেজিস্ট্রেশনের উপর আপনি রেখেছেন। এখানে বরাদ্দের প্রয়োজন হয়েছে সেখানে যে কর্মচারিরা আছে তাদের ডি. এ. পেমেন্ট তার জন্য। যে লাম্প প্রভিশন রাখা হয়েছে তার জন্য। আপনারা আরেকটা প্রশ্ন করেছেন, ভ্যালুয়েশনের ব্যাপারে ডিটেইলস নির্দেশ নেই কেন। যখন আমি বলেছিলাম তখন আপনি ছিলেন না। সি. এম ডি. এ বা জেলার জন্য যেখানে দরকার চেয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মহামান্য সুপ্রীম কোর্টের রায়ে ১৯৯৬ সালে বলা হয় স্ট্যাম্প ডিউটি রেজিস্ট্রেশন কিনতে রাজ্য স্তর থেকে কোথাও যেন নির্দেশ না দেওয়া হয় সাব-রেজিস্ট্রারদের। তারা যেন স্থানীয় পরিস্থিতি বুঝে নির্ধারন করেন। আমাদের গাইডলাইনসটা আইনগত কারণ দেওয়া যায়নি। আমি লক্ষ্য করলাম একটা জিনিস আপনাদের দৃষ্টি এড়িয়ে গেছে, আমাদের মূল ক্ষেত্র, যেগুলোর জন্য আমরা সাপ্লিমেন্টারি চেয়েছি, তার সবগুলোরই প্রয়োজন হয়েছে কতগুলো গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় প্রকল্পে। যেগুলো সত্যিই আমরা বাড়তি বরাদ্দ পেয়েছিলাম। এতে আমাদের লাভই হয়েছে। ন্যূনতম পরিষেবার ক্ষেত্রে যেমন পানীয় জল, যোগাযোগকারী রাস্তা, প্রাথমিক শিক্ষা, এর থেকে আমরা বাড়তি ১০৭ কোটি টাকার মতো আমরা এই বছরে পেলাম। এটা বি. এম. এস, বেসিক মিনিমাম সার্ভিসে এটা আমরা পেলাম। জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্প, এটা কেন্দ্রীয় বাজেটে ঘোষণা করা হয়েছিল, কিন্তু আমরা যখন বাজেট রাখি তখন এই ঘোষণা আমাদের কাছে ছিলনা, এরজন্য আমরা অতিরিক্ত ৪৪ কোটি টাকা পাই। এরপরে জওহর রোজগার যোজনা, যে জেলাগুলো ভালো করে তারা একটা টাকা অতিরিক্ত পান, তার মধ্যে কেন্দ্রীয় অংশ এবং আমাদের অংশ যোগ করে আমরা ১৭ কোটি টাকার মতো পেয়েছি। এরপরে যেটা আসছে সেটা হল জেলার রাস্তা উন্নয়ন, আর. আই. ডি. এফের ক্ষেত্রে আমরা এত টাকা পাব ভাবিনি। কিন্তু পেয়ে যাই, ৫০ কোটি টাকা যুক্ত করতে হয়। বাড়তি অন্য যেটা যুক্ত হয়েছে সেটা আমি বলছি, গ্রামীণ বিদ্যুৎ ৫০ কোটি টাকা আর. আই. ডি. এফে আসে। রাজ্য বিদ্যুৎ পর্ষদের জন্য অতিরিক্ত ৩৪ কোটি টাকা বরাদ্দের কথা আমি আগেই বলেছি। সেচ এবং ভাঙ্গন রোধে, সেখানে মালদহ এবং মুর্শিদাবাদের জন্য অতিরিক্ত ১৮ কোটি টাকা বরাদ্দ চেয়েছি, যা চেয়েছি তার জন্য দরকার হয়েছে। আপনারা লক্ষ্য করেননি, জেলা পরিকল্পনা বাবদ ৩০ কোটি টাকা আমাদের বরাদ্দ দরকার হয়েছে। স্বল্প সঞ্চয় প্রকল্পগুলো থেকে আমরা যত অর্থ পাব, তার একটা ইনসেনটিভ জেলাগুলি পাবে। তবে আনন্দের খবর আমরা সেই লক্ষ্যমাত্রা অতিক্রম করেছি। অবসরকালীন ভাতা এবং ডিয়ারনেস রিলিফ ইত্যাদির জন্য ৩২ কোটি টাকা এবং সামাজিক প্রকল্পগুলো, যেখানে এই ধরনের ভাতাগুলো আছে সেখানে ১৮ কোটি টাকা, এইগুলো আমাদের দৃষ্টি এড়িয়ে গেছে। পঙ্কজ বাবুর প্রশ্নের ব্যাপারে বলি, দারিদ্র সীমার নিচে মানুষকে চাল দেওয়ার জন্য গত বছর ১৭ কোটি টাকা অতিরিক্ত আমাদের

লাগে। এইসমস্তগুলো যুক্ত করে এবারে যে প্রশ্নটা আসছে, ফিনান্সিয়াল ডিসিপ্লিন ইত্যাদি, এই সমস্ত যোগ করে এবং ডি. এ বাবদ ৯২৫ কোটি ৮৩ লক্ষর মত আমরা অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব রেখেছি। মাননীয় সৌগত বাবুর প্রশ্নের জবাব আমি একটা একটা করে দেব। অভ্যন্তরীণ সঞ্চয় এবং প্রয়োজন যেটা রয়েছে সেখান থেকে ৫৮২.৩৭ কোটি টাকা এই জেলাগুলো থেকে ইন্টারনাল সেভিংস জেনারেট হচ্ছে। একাধিক কারণে সেভিংস হয়, যেমন গাড়ি কেনার ক্ষেত্রে এমবার্গো। এই সেভিংসগুলো মূলত নন-প্লানড সেভিংস। এরপরে আরেকটা হচ্ছে আমাদের নিজেদের প্রারম্ভিক তহবিল এবং রিসিপটের ক্ষেত্রে বর্ধিত আয় হয় ৩৩৫.৪৬ কোটি টাকা। এর সঙ্গে ৫৮২.৩৭ কোটি টাকা যোগ করলে হয় ৯১৭.৮৩ কোটি টাকা। ঠিক উল্টো দিকে আমাদের আয় হল ৯২৫.৮৩ কোটি টাকা। এর থেকে ৯১৭.৮৩ কোটি টাকা বাদ দিলে আট কোটি টাকা আমাদের ঘাটতি হচ্ছে। আমরা বলেছিলাম আমাদের বাজেটে ঘাটতি থাকবে দশ কোটি টাকা, কিন্তু আমরা ঘাটতিটা আট কোটির মধ্যেই রেখেছি। এই বক্তব্যটা আমি বললাম। কিন্তু আপনারা প্রশ্ন করেছেন গোটা বাজেটের কত অংশ। এই যে বছরে বলেছি আমাদের পুরো বাজেট এই ১৬ হাজার ৭৯৮.৯৬ কোটি টাকা। ১৬ হাজার ৭৯৮.৯৬ কোটি অঙ্কটা যদি ঠিকমতো করা হয়, এটা গোটা বাজেটের হচ্ছে ৫.[illegible] শতাংশ। আমার একটু কৌতুহল আছে। আমি লক্ষ্য করেছিলাম, আপনারা যে বছরে শেষ ছিলেন অর্থাৎ ১৯৭৬-৭৭ সাল, আপনাদের শেষ বছর, আপনাদের বাজেটের কত অংশ সাপ্লিমেন্টারি ছিল? দেখেছি যে ৯.৮৪ শতাংশ, প্রায় ১০ শতাংশ। আমি সেটাকে ৫ শতাংশে নিয়ে এসেছি। আপনাদের যে উচ্ছৃঙ্খলতা সেটাকে অর্দ্ধেক করে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা যেহেতু সুশৃঙ্খলতা চেয়েছেন, আপনাদের উচ্ছৃঙ্খলতা সেখানে অর্দ্ধেক করে দিয়েছি, আপনারা আমাকে সমর্থন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও এর সঙ্গে ডি.এ. লাম্প প্রভিসন ধরা আছে। সেটা তো বলাই ছিল। আপনারা চেয়েছিলেন ডি.এ. দেওয়া হোক। সেটাকে যদি সরিয়ে রাখি তাহলে ২.৫ শতাংশ চলে আসবে। আমার মনে হয় এটা বলি আর্থিক সুশৃঙ্খলা বজায় রেখে প্রয়োজনীয় ক্ষেত্রে তার উপর আর্থিক বরাদ্দ রাখলাম। আপনারাও ছাঁটাই [illegible] আনেননি, বিরোধিতা করতে দু চার কথা বলেছেন, প্রত্যেকটা খন্ডন করে আমার বক্তব্য সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[illegible] [illegible]8 p.m.]

**Mr. Speaker :** Now there are various Demands which have been moved by Dr. Asim Kumar Dasgupta. I am not reading the Demands separately now. I am putting them to vote together. Unless there are Divisions sought on any one particular Demand, I will put the Demands to vote together.

**Demand No. 1**

**Major Head : 2011—State Legislatures**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 46,55,000 be granted for expenditure under Demand No. 1, Major Head "2011—State Legislatures" during the current year, was then put and agreed to.

**Demand No. 3**

**Major Head : 2013—Council of Ministers**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 47,50,000 be granted for expenditure under Demand No. 3, Major Head "2013—Council of Minister" during the current year, was then put and agreed to.

**Demand No. 4**

**Major Head : 2014—Administration of Justice**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,5[illegible] 000 be granted for expenditure under Demand No. 4, Major Head "2014—Administration of Justice" during the current year, was then put and agreed to.

**Demand No. 5**

**Major Head : 2015—Elections**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. [illegible] be granted for expenditure under Demand No. 5, Major Head "2015—Elections" during the current year, was then put and agreed to.

**Demand No. 6**

**Major Head : 2020—Collection of Taxes on Income and Expenditure**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 53,50,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current year, was then put and agreed to.

**Demand No. 7**

**Major Head : 2029—Land Revenue**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,56,04,000 be granted for expenditure under Demand No. 7, Major Head : "2029—Land Revenue" during the current year., was then put and agreed to.

**Demand No. 8**

**Major Head : 2030—Stamps and Registration**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,25,70,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "2030—Stamps and Registration" during the current year, was then put and agreed to.

**Demand No. 9**

**Major Head : 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,80,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : "2035—Collection of Other Taxes on Property and Capital Transactions" during the current year, was then put and agreed to.

**Demand No. 10**

**Major Head : 2039—State Excise**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,89,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "2039—State Excise" during the current year, was then put and agreed to.

**Demand No. 11**

**Major Head : 2040—Taxes on Sales, Trades etc.**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,42,90,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "2040—Taxes on Sales, Trades etc." during the current year, was then put and agreed to.

**Demand No. 12**

**Major Head : 2041—Taxes on Vehicles**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 38,15,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles" during the current year, was then put and agreed to.

**Demand No. 13**

**Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 10,48,86,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Services" during the current year, was then put and agreed to.

**Demand No. 14**

**Major Head : 2047—Other Fiscal Services**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 23,00,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2047—Other Fiscal Services" during the current year, was then put and agreed to.

**Demand No. 16**

**Major Head : 2049—Interest Payments**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,00,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "2049—Interest Payments" during the current year, was then put and agreed to.

**Demand No. 18**

**Major Head : 2052—Secretariat—General Services**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,97,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "2052—Secretariat—General Services" during the current year, was then put and agreed to.

**Demand No. 19**

**Major Head : 2053—District Administration**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 63,40,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053—District Administration" during the current year, was then put and agreed to.

**Demand No. 20**

**Major Head : 2054—Treasury and Accounts Administration**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 11,27,88,000 be granted for expenditure under Demand No. 20, Major

Head : "2054—Treasury and Accounts Administration" during the current year, was then put and agreed to.

**Demand No. 21**

**Major Head : 2055—Police**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 70,38,36,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police" during the current year, was then put and agreed to.

**Demand No. 22**

**Major Head : 2056—Jails**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,57,00,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2056—Jails" during the current year, was then put and agreed to.

**Demand No. 24**

**Major Head : 2058—Stationery and Printing**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 92,81,000 be granted for expenditure under Demand No. 24, Major Head : "2058—Stationery and Printing" during the current year, was then put and agreed to.

**Demand No. 25**

**Major Heads : 2059—Public Works, 2216—Housing (Buildings)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 8,86,70,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2059—Public Works, 2216—Housing (Buildings)" during the current year, was then put and agreed to.

**Demand No. 26**

**Major Head : 2070—Other Administrative Services (Fire Protection and Control)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,39,50,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the current year, was then put and agreed to.

**Demand No. 27**

**Major Head : 2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,60,51,000 be granted for expenditure under Demand No. 27, Major Head : "2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)" during the current year, was then put and agreed to.

**Demand No. 28**

**Major Head : 2071—Pensions and other Retirement Benefits**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 31,70,80,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits" during the current year, was then put and agreed to.

**Demand No. 29**

**Major Head : 2075—Miscellaneous General Services**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 73,84,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "2075—Miscellaneous General Services" during the current year, was then put and agreed to.

## Demand No. 30

### Major Heads : 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 179,14,97,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture" during the current year, was then put and agreed to.

## Demand No. 31

### Major Head : 2204—Sports and Youth Services

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 72,32,000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "2204—Sports and Youth Services" during the current year, was then put and agreed to.

## Demand No. 33

### Major Head : 2210—Medical and Public Health (Public Helath)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 12,28,78,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)" during the current year, was then put and agreed to.

## Demand No. 34

### Major Head : 2211—Family Welfare

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,90,52,000 be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211—Family Welfare" during the current year, was then put and agreed to.

**Demand No. 35**

**Major Head : 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 9,14,60,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" during the current year, was then put and agreed to.

**Demand No. 36**

**Major Head : 2216—Housing**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 33,53,000 be granted for expenditure under Demand No. 36, Major Head : "2216—Housing" during the current year, was then put and agreed to.

**Demand No. 37**

**Major Head : 2217—Urban Development, 6217—Loans for Urban Development**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 53,19,00,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "2217—Urban Development, 6217—Loans for Urban Development" during the current year, was then put and agreed to.

**Demand No. 39**

**Major Head : 2230—Labour and Employment**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,19,40,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment" during the current year, was then put and agreed to.

## Demand No. 40

### Major Head : 2235—Social Security and Welfare (Rehabilitation)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,79,01,000 be granted for expenditure under Demand No. 40, Major Head : "2235—Social Security and Welfare (Rehabilitation)" during the current year, was then put and agreed to.

## Demand No. 41

### Major Head : 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 27,68,000 be granted for expenditure under Demand No. 41, Major Head : "4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)" during the current year, was then put and agreed to.

## Demand No. 42

### Major Head : 2235—Social Security and Welfare (Social Welfare)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 30,87,86,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and welfare (Social Welfare)" during the current year, was then put and agreed to.

## Demand No. 43

### Major Head : 2236—Nutrition

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,21,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current year, was then put and agreed to.

## Demand No. 44

## Major Head : 2245—Relief on account of Natural Calamities

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities" during the current year, was then put and agreed to.

## Demand No. 45

## Major Head : 2251—Secretariat—Social Services

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,17,50,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251—Secretariat—Social Services" during the current year, was then put and agreed to.

## Demand No. 46

## Major Head : 2250—Other Social Services

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,60,92,000 be granted for expenditure under Demand No. 46, Major Head : "2250—Other Social Services" during the current year.

## Demand No. 47

## Major Head : 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 21,29,000 be granted for expenditure under Demand No. 47, Major Head : "2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops)" during the current year, was then put and agreed to.

## Demand No. 49

## Major Head : 2403—Animal Husbandry

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 3,14,50,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "2403—Animal Husbandry" during the current year, was then put and agreed to.

### Demand No. 50

### Major Head : 2404—Dairy Development

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,20,12,000 be granted for expenditure under Demand No. 50, Major Head : "2404—Dairy Development" during the current year, was then put and agreed to.

### Demand No. 51

### Major Head : 4405—Capital Outlay on Fisheries

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 15,40,000 be granted for expenditure under Demand No. 51, Major Head :" during the current year, was then put and agreed to.

### Demand No. 52

### Major Head : 2406—Forestry and Wild Life

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 1,75,20,000 be granted for expenditure under Demand No. 52, Major Head : "2406—Forestry and Wild Life" during the current year, was then put and agreed to.

### Demand No. 53

### Major Heads : 4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 40,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plan-

tations" during the current year, was then put and agreed to.

**Demand No. 54**

**Major Heads : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)**

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 20,30,35,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current year, was then put and agreed to.

**Demand No. 57**

**Major Head : 4425—Capital Outlay on Co-operation**

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 1,54,11,000 be granted for expenditure under Demand No. 57, Major Head : "4425—Capital Outlay on Co-operation" during the current year, was then put and agreed to.

**Demand No. 58**

**Major Head : 2435—Other Agricultural Programmes**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,70,000 be granted for expenditure under Demand No. 58, Major Head : "2435—Other Agricultural Programmes" during the current year, was then put and agreed to.

**Demand No. 59**

**Major Head : 2501—Special Programmes for Rural Development**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 1,19,38,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programmes for Rural Development" during the current year, was then put and agreed to.

### Demand No. 60

### Major Head : 2505—Rural Employment

**The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,55,62,00,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the current year, was then put and agreed to.**

### Demand No. 62

### Major Head : 2515—Other Rural Development Programmes (Panchayati Raj)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,68,60,000 be granted for expenditure under Demand No. 62, Major Head : "2515—Other Rural Development Programmes (Panchayati Raj)" during the current year, was then put and agreed to.

### Demand No. 63

### Major Head : 2515—Other Rural Development Programmes (Community Development)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,62,55,000 be granted for expenditure under Demand No. 63, Major Head : "2515—Other Rural Development Programmes (Community Development)" during the current year, was then put and agreed to.

### Demand No. 64

### Major Head : 6551—Loans for Hill Areas

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 64, Major Head : "6551—Loans for Hill Areas" during the current year, was then put and agreed to.

**Demand No. 66**

**Major Head : 2701—Major and Medium Irrigation**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 23,30,54,000 be granted for expenditure under Demand No. 66, Major Head : "2701—Major and Medium Irrigation" during the current year, was then put and agreed to.

**Demand No. 67**

**Major Heads : 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,05,90,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the current year, was then put and agreed to.

**Demand No. 68**

**Major Head : 2711—Flood Control**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,95,20,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "2711—Flood Control" during the current year, was then put and agreed to.

**Demand No. 69**

**Major Head : 2801—Power**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum. of

Rs. 33,69,00,000 be granted for expenditure under Demand No. 69, Major Head : "2801—Power" during the current year, was then put and agreed to.

**Demand No. 73**

**Major Heads : 2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings), (Village and Small Industries)**

The mtion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,89,30,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2851—Village and Small Industries (Excluding Publice Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings)" during the current year, was then put and agreed to.

**Demand No. 74**

**Major Head : 2852—Industries (Closed and Sick Industries)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,97,40,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "2852—Industries (Closed and Sick Industries)" during the current year, was then put and agreed to.

**Demand No. 75**

**Major Head : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 1,78,57,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food & Beverages)" during the current year, was then put and agreed to.

**Demand No. 76**

**Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 16,90,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the current year, was then put and agreed to.

**Demand No. 77**

**Major Head : 3051—Ports and Lighthouses**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 18,53,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses" during the current year, was then put and agreed to.

**Demand No. 78**

**Major Head : 3053—Civil Aviation**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,30,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation" during the current year, was then put and agreed to.

**Demand No. 79**

**Major Heads : 3054—Roads and Bridges, 5054—Capital Outlay on Roads and Bridges**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 49,63,75,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges, 5054—Capital Outlay on Roads and Bridges" during the current year, was then put and agreed to.

**Demand No. 80**

**Major Heads : 3055—Road Transport, 7055—Loans for Road Transport**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 10,90,88,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055—Road Transport, 7055—Loans for Road Transport" during the current year, was then put and agreed to.

**Demand No. 81**

**Major Head : 7075—Loans for Other Transport Services**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,53,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services" during the current year, was then put and agreed to.

**Demand No. 82**

**Major Head : 3425—Other Scientific Research**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,31,000 be granted for expenditure under Demand No. 82, Major Head : "3425—Other Scientific Research" during the current year, was then put and agreed to.

**Demand No. 83**

**Major Head : 3451—Secretariat—Economic Services**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,15,05,000 be granted for expenditure under Demand No. 83, Major Head : "3451—Secretariat—Economic Services" during the current

year, was then put and agreed to.

**Demand No. 86**

**Major Head : 3456—Civil Supplies**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 54,20,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current year, was then put and agreed to.

**Demand No. 89**

**Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,43,00,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : " 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current year, was then put and agreed to.

**Demand No. 92**

**Major Heads : 4858—Capital Outlay on Engineering Industries (Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Public Undertakings)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,64,00,000 be granted for expenditure under Demand No. 92, Major Heads : " 4858—Capital Outlay on Engineering Industries (Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Public Undertakings)" during the current year, was then put and agreed to.

**Demand No. 93**

**Major Head : 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings)**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 50,00,000

be granted for expenditure under Demand No. 93, Major Heads: "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings)" during the current year, was then put and agreed to.

## Demand No. 95

## Major Head : 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries)

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,00,000 be granted for expenditure under Demand No. 95, Major Head: "6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries)" during the current year, was then put and agreed to.

## FOR MOTION OF ALL PARTY COMMITTEE TO VISIT TORNADO AFFECTED AREA IN MIDNAPUR DISTRICT

**Mr. Speaker :** Now I am moving a motion that an all-party Committee be formed to visit the tornado affected areas in Midnapur to make an assessment and to give suggestions and to report back, as the House is not in session, to me. I am reading it cut and hope you will approve of it.

"This House resolves that a Committee comprising of representatives of all parties and groups represented in this House be formed with the following members :

1) Shri Gyan Singh Sohanpal, 2) Shri Rabin Deb, 3) Shri Chakradhar Maikap, 4) Shri Kripa Sındhu Saha, 5) Shri Rabindra Ghosh, 6) Shri Tapan Hore, 7) Shri Subhas Goswami, 8) Shri Prunendu Sengupta, 9) Shri Sailaja Kumar Das, 10) Smt. Nanda Rani Dal, 11) Shri Deba Prasad Sarkar, 12) Shri Brahmamoy Nanda, 13) Shri Ramapada Samanta, 14) Shri Makhanlal Bangal, 15) Shri Kamal Guha, 16) Shri Naren Hansda,

17) Smt. Shanta Chhetri and 18) Shri Samar Hazra.

to visit the tornado affected areas of Midnapur district comprising Egra Block-1, Dantan Block-1, Mohanpur Block.

This Committee will visit the affected areas and assess, (i) the loss of lives, (ii) number of prosons injured, (iii) loss of animal livestock, (iv) damage to houses and homes, (v) loss of agricultural crops, (vi) damage to school buildings and Government properties and such other losses as they may deem fit and proper.

The Committee will make appraisal of the relief works undertaken and suggest future relief works and steps to be taken in the matter.

The Committee will also try to ascertain and identify the people killed and untraced and total number of people killed.

The Committee will also suggest steps to be taken in future in such calamities.

The District Magistrate, Panchaya Dept., Health Dept., Relief Dept., PHE Dept., PW Dept. and Social Welfare Dept. may depute such officers as they may deem fit and proper to assist the Committee during their tour and assessment.

The District Magistrate will co-ordinate the tour and make necessary arrangement for the accommodation, transport etc. for the Committee as per programme.

The leader of the Committee will be Shri Gyan Singh Sohanpal.

The Committee will start enquiry on 10th April and continue on day to day basis if required and complete its task early.

The Report of the Committee will be submitted to the Speaker if the House is not in Session, by the 16th of April,

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Now I can only make further suggestion that the local MLAs of these areas, there are Ministers in the House—they are at liberty to be present over there. They won't form part of the Committee because they are part of the Government, but they can be there and assist the Committee in their work of what they are doing.

## Adjournment

The House was then adjourned at 1.15 p.m. till 11 a.m. on Monday, the 130th March, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 30th March, 1998 at 11-00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 5 Ministers of State and 105 Members.

[11-00 — 11-10 a.m.]

**Starred Questions**
**(to which Oral Answers were given)**

**সি ই এস সি-র অতিরিক্ত ফুয়েল সারচার্জ**

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সি ই এস সি-র কর্তৃপক্ষ গ্রাহকদের কাছ থেকে যে অতিরিক্ত ফুয়েল সারচার্জ আদায় করেছিল, তা গ্রাহকদের ফেরত দেওয়ার ক্ষেত্রে এ-পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

রাজ্য বিধানসভার সদস্যদের আগেই জানানো হয়েছে যে, সি ই এস সি-র ফুয়েল সারচার্জ নিয়ে গঠিত এক সদস্যের কমিটির সুপারিশ অতিরিক্ত আদায়ীকৃত ফুয়েল সারচার্জ ফেরৎ দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলে সি ই এস সি কমিটির কাছে সুপারিশ পুনর্বিবেচনার আবেদন জানায় এবং কমিটি বিষয়টিকে বিস্তারিতভাবে দেখাতে সম্মত হন। কমিটিকে সাহায্য করার জন্য বাটলিবয় অ্যান্ড কোং-কে অডিটর নিযুক্ত করা হয়। জানা গেছে যে, ফুয়েল সারচার্জ বিষয়ক এক সদস্যের কমিটির নিকট এস আর বাটলিবয় অ্যান্ড কোং তাদের রিপোর্ট জমা দিয়েছে। কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায়নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন এটা খুবই সেনসিটিভ ইস্যু এবং

গোটা বিধানসভা এলাকার মানুষ এনিয়ে বিক্ষোভ জানাচ্ছে। বিধানসভার গত অধিবেশনে এই নিয়ে অনেক আলোচনা হয়েছিল এবং মাননীয় মন্ত্রী মহোদয় বিস্তারিত বলেও ছিলেন। কিন্তু আজকে একটা জিনিস দেখা যাচ্ছে যে, সরকারি নীতি এবং সিদ্ধান্ত সি ই এস সি কর্তৃপক্ষের মনঃপূত না হলে, বিরুদ্ধে গেলে, তারা এব্যাপারে ওয়ান মেম্বার কমিটি করে দেবকুমার বসু মহাশয়কে দায়িত্ব দেওয়ার কথা ঠিক করে দেন। আর, সরকারও গোয়েঙ্কাদের কাছে আত্মসমর্পণ করে সেটা করল। কিন্তু সেই কমিটি যখন রিপোর্ট দিল তখন দেখা গেল সি ই এস সি কর্তৃপক্ষের তা মনঃপূত হল না। তখন তারা বাটলিবয়কে দিয়ে চেক করার কথা বলল। তারা কলকাতা ও পার্শ্ববর্তী এলাকার বহু মানুষের প্রায় ২০০ কোটি টাকার ফুয়েল সারচার্জ সংগ্রহ করেছেন এবং উইথ ইন্টারেস্ট সেই টাকা ফেরত দেওয়ার কথা। কিন্তু সেটা তো তারা করছেনই না উপরন্তু সরকার তাদের কাছে আত্মসমর্পণ করছেন। এই যে সরকার আজকে সি ই এস সি-র স্বার্থের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হচ্ছে তার কারণ কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট এবং ইলেক্ট্রিসিটি সাপ্লাই অ্যাক্ট এই বই দুটো অনুসারে রাজ্য সরকার চলে এবং বই দুটো আমার কাছে বাইবেল। তার বাইরে আমরা কোনও কিছু করতে রাজি নই। আর গোয়েঙ্কাদের কাছে আত্মসমর্পণের কোনও কথা আমার জানা নেই। মাননীয় স্পিকার মহাশয়ের আদেশে আমি এখানে দেবকুমার বাবুর রিপোর্ট জমা দিয়েছিলাম। তার উপর তিনি একটা রেকমেন্ডেশন করেছিলেন। এখন আবার আমরা অপেক্ষা করছি উনি কি রিপোর্ট দেন তার জন্য। সো ফার অ্যাজ দি গভর্নমেন্ট ইজ কনসার্নড, দেবকুমারবাবু ইন্ডিপেনডেন্ট রেগুলেটর। গভর্নমেন্ট তার কাজে কোনও ইন্টারফেয়ার করছে না। তিনি কোনও রিপোর্ট দেওয়ার পর আমরা ইমপ্লিমেন্ট করব এবং মাননীয় স্পিকার মহাশয় যদি আদেশ দেন তাহলে এখানে প্লেস করব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** সি ই এস সি-র কাছে ইলেক্ট্রিসিটি ডিউটি বাবদ কত টাকা রাজ্য সরকার পাবে এবং তার জন্য কোনও নোটিশ তাদের দেওয়া হয়েছে কি না?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ইলেক্ট্রিসিটি ডিউটি রয়েছে রাজ্য অর্থ দপ্তরের এক্তিয়ারে। বিদ্যুৎ দপ্তরের সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। এব্যাপারে আপনি অর্থ দপ্তরকে আলাদাভাবে প্রশ্ন করলে ওরা উত্তর দিতে পারবেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন বাটলিবয় কোম্পানি তাদের রিপোর্ট জমা দিয়েছে কমিশনের কাছে। কিন্তু সেই রিপোর্ট এখনও পাওয়া যায়নি। আমরা বিভিন্ন সংবাদপত্রে মাসখানেক আগে দেখলাম যে, বাটলিবয় কোম্পানি রিপোর্ট দিয়েছে, সত্যি কি মিথ্যে তা জানি না। কিন্তু আমরা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই

যে বাটলিবয় কোম্পানি তাদের রিপোর্ট কবে জমা দিয়েছে, এবং কতদিনে সেই রিপোর্ট আপনারা পাবলিকলি প্রকাশ করতে পারবেন? যারা ফুয়েল সারচার্জ দিয়েছে তাদের সেই টাকা ফেরত দেওয়ার ব্যাপারে রাজ্য সরকার গ্যারান্টি দেবেন কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমি যতদূর জানি বাটলিবয় কোম্পানি তাদের রিপোর্ট দেবকুমার বসুর কাছে জানুয়ারি মাসের শেষের দিকে জমা দিয়েছে। কিন্তু আমরা এখনও সেই রিপোর্ট পাইনি। দেবকুমার বসু রিপোর্ট স্টাডি করে আমাদের রিপোর্ট দেবেন। আমরা অপেক্ষায় আছি রিপোর্ট পেলে আমরা অ্যাকশন নেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমরা দেখছি সি ই এস সি-র কাছে দীর্ঘদিন ধরে টাকা বাকি পড়ে রয়েছে। ফুয়েল সারচার্জ ওদের দিয়ে দেওয়ার কথা। এ ব্যাপারে রাজ্য সরকারের তরফ থেকে বিদ্যুৎ দপ্তর যেখানে একটা আর্থিক দূরাবস্থার মধ্যে দিয়ে চলেছে সেখানে তাদের উপর কোনও চাপ দেবে কিনা টাকা ফেরত দেওয়ার জন্য? দেবকুমার বসুর যে ফাইন্ডিস সেটা প্রকাশ পাবেই। কিন্তু ১০০ কোটি টাকার মতো ওদের কাছে পাওনা আছে। ওরা ক্লেইম করা দূরে থাক ওদের টাকা ফেরত দেওয়ার কথা—এই বকেয়া টাকার ব্যাপারে বিদ্যুৎ দপ্তরের ইন্টারেস্টে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন? আপনারা অ্যাসেসমেন্ট করেছেন কি না, কত টাকা পাওনা আছে সে ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নেবেন কি না? গ্রাহকরা যাতে টাকা ফেরত পেতে পারে সে ব্যাপারে বিদ্যুৎ দপ্তর কি ব্যবস্থা নিচ্ছেন?

[11-10 — 11-20 a.m.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনার প্রশ্নের দুটো ভাগ আছে। একটা হল, রাজ্য বিদ্যুৎ দপ্তর সি ই এস সি-র কাছে কত টাকা পাবে? আরেকটা হল, রাজ্য বিদ্যুৎ পর্ষদ সি ই এস সিকে বিদ্যুৎ বিক্রি করে এবং সেখানে কত টাকা বাকি আছে? আমার কাছে জানুয়ারি মাসের যে শেষ হিসাব আছে তাতে দেখছি ২৩৪ কোটি টাকা ; এই টাকা সি ই এস সি না দেওয়ায় বিদ্যুৎ পর্ষদের কাজে অসুবিধা হচ্ছে। ফলে বিদ্যুৎ পর্ষদ ডব্লুউ বি পি ডি সি এল-এর কোলাঘাট পাওয়ার স্টেশন থেকে যে বিদ্যুৎ কেনে এবং এন টি পি সি-র ফরাক্কা থেকে যে বিদ্যুৎ কেনে তার দাম দিচ্ছে না, বকেয়া পড়ে যাচ্ছে। এর জন্য আমরা অধৈর্য হয়ে আছি। আসল সমস্যা হচ্ছে, সি ই এস সি রাজ্য বিদ্যুৎ দপ্তরের বিরুদ্ধে একটা কমপ্লেন করেছে। ওদের অ্যানুয়াল অ্যাকাউন্টস অনুয়ায়ী আমাদের অফিসাররা হিসাব করে ফুয়েল সারচার্জ ঠিক করেছিল। ওরা ওদের অ্যানুয়াল জেনারেল মিটিং-এ যে ছাপানো অ্যানুয়াল অ্যাকাউন্টস সার্কুলেট করেছিল তারই পরিপ্রেক্ষিতে ইলেকট্রিসিটি অ্যাক্ট মোতাবেক আমরা এনার্জি চার্জ বা ট্যারিফ ধার্য করি। আসল ব্যাপার

হচ্ছে, রাজ্য বিদ্যুৎ দপ্তরের বিরুদ্ধে বা আমাদের হিসাবের বিরুদ্ধে ওরা কমপ্লেন করেছে। এই অবস্থায় দেবকুমার বসুকে আমাদের চাপ দেওয়া ঠিক হবে না, উনি কাজ করছেন, ওকে কাজ করতে দিতে হবে। চাপ দিলে মনে হবে আমাদের স্বার্থ আছে—আমরা যেটা হিসাব করেছি সেটাই গ্রহণ করতে চাইছি। সুতরাং এ ক্ষেত্রে চাপ দেওয়া যায় না। আমি ব্যক্তিগতভাবে চাপ দিতে চাই না এবং আমি আমার দপ্তরকে নির্দেশ দিয়েছি, দেবকুমার বসুর কাজে ইন্টারফেয়ারেন্স করবেন না। কমপ্লেন হয়েছে ডিপার্টমেন্টের বিরুদ্ধে। ওরা ফুয়েল সারচার্জ অত হবে না, এত হবে বলেছে। সেজন্য ওয়ান-ম্যান কমিটি হয়েছে। এই অবস্থায় ঐ কমিটিকে প্রেসার দেওয়া ঠিক হবে না। সুতরাং আমি এর সঙ্গে ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট নই এবং দপ্তরকেও নির্দেশ দিয়েছি—তোমরাও সংশ্লিষ্ট থাকবে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বিদ্যুতের ফুয়েল সারচার্জ ১০০ কোটি টাকা না দেওয়ায় দেবকুমার বসু কমিটি গঠিত হয়েছিল এবং তারা বলেছেন ঐ টাকা দেয় নি। সি ই এস সি বাটলিবয়কে দিয়ে আলাদা একটা হিসাব করিয়েছে। আমরা দেখছি যে, ওরা সরকারকে অবজ্ঞা করছে, সরকারি সিদ্ধান্ত মানছে না এবং এই রকম অবস্থায় নতুন করে ফুয়েল সারচার্জ বাড়াচ্ছে। একদিকে ১০০ কোটি টাকা যেটা ওরা গ্রাহকদের কাছ থেকে নিয়েছিল তা ফেরত দিল না, অপর দিকে আবার ফুয়েল সারচার্জ বাড়িয়ে প্রতি ইউনিটে ৪৮ পয়সা করছে। একটা কমিশন গঠন করা হয়েছিল, কমিশন তার রিপোর্ট দিয়েছে, সেই রিপোর্ট নিয়ে ডিলি-ডালি করা হচ্ছে, আবার সরকারকে অস্বীকার করে নতুন করে সারচার্জ বাড়াবার সিদ্ধান্ত নিয়েছে। এটা কি করে সরকার বরদাস্ত করছে? সি ই এস সি এইভাবে বার বার গ্রাহকদের লুঠ করছে। গ্রাহকদের লুঠ করছে, আবার সরকারকে অগ্রাহ্য করছে। আমরা সি ই এস সি-র এই প্রবণতা লক্ষ্য করছি। এই অবস্থায় মাননীয় মন্ত্রী মহাশয় ওদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় সদস্য ১০০ কোটি টাকার কথা বললেন। আমরা রিপোর্টটি আপনাদের কাছে দিয়েছি, আপনারা নিশ্চয়ই দেখেছেন দেবকুমার বসু ১০০ কোটি টাকার কথা কোথাও বলেননি। ১০০ কোটি টাকার কথাটা অন্য কোথাও থেকে এসেছে। আমার দপ্তর থেকেও তা বলা হয়নি। দেবকুমার বসু যেটা বলেছেন তাতে বলা হয়েছে অত অমুক বছরের, অত অমুক বছরের ইত্যাদি। তারপর বললেন, রাজ্য সরকারকে না জানিয়ে সি ই এস সি নাকি পার ইউনিট সারচার্জ ৪৮ পয়সা করেছে! আমার কাছে কিন্তু এরকম কোনও খবর নেই। আমি সি ই এস সি-র গ্রাহক কয়েক দিন আগেই আমাকে ফেব্রুয়ারি মাসের বিল দিয়েছে, সেখানে ৪০ পয়সাই আছে। আমি ৪৮ পয়সার কথা জানি না। আমার দপ্তরেও এরকম কোনও খবর নেই। ৪৮ পয়সা করতে

বলেছে, এ রকম কোনও কাগজে আমি অন্তত সই করিনি।

**শ্রী জটু লাহিড়ি :** আপনি জানেন, হাওড়া জেলা ছোট ইন্ডাস্ট্রির জায়গা। এখানে ছোট ছোট শিল্প আছে। ইদানিং ইলেক্ট্রিক সাপ্লাই প্রায়ই হঠাৎ হঠাৎ এইসব কারখানায় হানা দিয়ে রেগুলার মিটার রিডিং অনুযায়ী বিল পেমেন্ট করা সত্ত্বেও অদ্ভুত টাকা ডিমান্ড করছে। যারা বিল পেমেন্ট করেছে তাদের কারও কাছ থেকে ৫০ হাজার টাকা আবার কারও কাছ থেকে ১ লক্ষ টাকা ফিক্সড ম্যানি ডিমান্ড করছে। শুধু ডিমান্ড নয়, অনেকের লাইন কেটে দিয়ে চলে যাচ্ছে। বহুক্ষেত্রে কারখানার মালিক বাধ্য হচ্ছে টাকা দিতে কারখানা চালানোর জন্য। কেউ কেউ টাকা দিতে না পারায় কারখানা বন্ধ হয়ে গেছে। এইরকম অবাস্তব দাবি তাদের মেটাতে হচ্ছে। আমার জিজ্ঞাস্য, ওরা মিটার রিডিং অনুযায়ী টাকা পেমেন্ট করার পরেও এই জাতীয় টাকা ডিমান্ড করতে পারে কিনা আর এইরকম টাকা আদায়ের ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও তদারকির ব্যবস্থা আছে কিনা ওদের এইরকম অন্যায় কাজের জন্য?

**ডঃ শঙ্করকুমার সেন :** আপনার প্রশ্নটা জেনারেল, আপনি হাওড়া জেলার কথা বলেছেন এবং ছোট ছোট কারখানার কথা বলেছেন। এইরকম ক্ষেত্রে সি ই এস সি হোক আর রাজ্য বিদ্যুৎ পর্ষদই হোক গ্রাহকরা সোজাসুজি যদি আমাকে চিঠি লেখেন তাহলে আমি ব্যবস্থা নেই। তবে আইন মোতাবেক সি ই এস সির হোক আর রাজ্য বিদ্যুৎ পর্ষদই হোক তারা ইন্সটলেশনে গিয়ে ভিজিট করে মিটার ঠিকমতো ঘুরছে কিনা, মিটার ট্যাম্পার হয়েছে কিনা এটা তারা গিয়ে খোঁজ করতে পারে। তবে আমি বলছি না, যেটা আপনি বলছেন- সেটা সঠিক হয়েছে। গত ৭ বছর ধরে গ্রাহকরা সোজাসুজি আমাকে চিঠি দেন বিলের কপি দিয়ে। এই ছিল আমার মিটার রিডিং আর ওরা এই চাচ্ছে। আমি সেই গ্রাহকের আবেদন অনুসারে ব্যবস্থা নেই। আর একটা বিধি আছে, গ্রাহকরা কনজিউমার কোর্টে যান আবার হাইকোর্টেও যান এবং রাজ্য সরকারের একটা সংস্থা আছে, ১ নম্বর হরিশ মুখার্জি রোডে, সেটা ডায়রেকটোরেট অব ইলেক্ট্রিসিটি, তার পূর্ণ সাংবিধানিক অধিকার আছে। সেখানেও গ্রাহকরা আবেদন করতে পারে। সি ই এস সি বা রাজ্য বিদ্যুৎ পর্ষদ যা করছে সেটা চেক করে হাইকোর্টে রিপোর্ট দেয় বা কনজিউমার কোর্টে রিপোর্ট দেয় দরকার হলে। এদের সাংবিধানিক ক্ষমতা আছে, তাদের মিটার রিডিং-এর যন্ত্রপাতি আছে। তারা সেইসব যন্ত্রপাতি দিয়ে দেখে একটা রেকমেনডেনশন দেন। সেই হিসাবে কনজিউমার কোর্টে বা হাই কোর্টেও যেতে পারে যদি কারও ক্ষোভ থাকে। আপনি যা বলছেন, যারা গ্রাহক তারা যদি আমাকে চিঠি দেন আমি তার অ্যাকশন নিই, আমি চিঠি পেলে তার উত্তর দিই গ্রাহকের কাছে যে এই অ্যাকশন হচ্ছে এবং তার সাথে পর্ষদ বা সি ই এস সি-কেও লিখবো এবং তার একটা কপি গ্রাহককে দিই। গ্রাহকরা জানবেন যে দপ্তর কি অ্যাকশন নিচ্ছে। আমি লুকিয়ে করি না।

আপনি গ্রাহকদের বলবেন বিলের জেরক্স কপি দিয়ে আমার নামে সোজাসুজি চিঠি দিতে। তারপর আমি ব্যবস্থা নেব।

**শ্রী অমর চৌধুরি ঃ** আমার কথা হল, সি ই এস সি সরকারের দেনা মেটাতে পারছে না এবং তারা ইচ্ছামতো চলছে। আমার প্রশ্ন হল, তাদের যে দেনা আছে সেই দেনা আদায়ের কি ব্যবস্থা করা হচ্ছে, সাথে সাথে ওরা আবার ফুয়েল সারচার্জ বাড়াবার একটা চক্রান্ত করছে—সেটা বন্ধ করার চেষ্টা করা যায় কি না?

[11-20 — 11-30 a.m.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ফুয়েল সারচার্জের একটা হিসাব আছে। যদি কয়লার দাম বাড়ে, পাওয়ার স্টেশন কয়লা নিয়ে যাওয়ার যে পরিবহন খরচ সেই পরিবহন খরচ যদি বাড়ে তাহলে ফুয়েল সারচার্জ বাড়ে। এই ফুয়েল সারচার্জ বাড়াবার বা কমাবার একটা নিয়ম আছে, একটা অঙ্ক আছে। অঙ্কটা হচ্ছে, কয়লার দাম যদি বাড়ে তাহলে গ্রাহকদের তার জন্য বেশি দিতে হয়, কয়লা পরিবহনের জন্য রেলওয়ে ফ্রেট যদি বাড়ে তাহলে গ্রাহকদের তা দিতে হয়। ফুয়েল সারচার্জ বাড়াবার সময় আমরা ঐ হিসাবটা দেখবো যে কয়লার দাম আগের চেয়ে বেড়েছে কিনা, কয়লা পরিবহনের যে খরচ সেটা বেড়েছে কিনা। এটা দেখে বাড়ে। অন্যভাবে বাড়াবার কোনও স্কোপ নেই।

**মোটরযান থেকে রাজস্ব সংগ্রহ**

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পরিবহন বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৬-৯৭ আর্থিক বছরে রাজ্যে মোটরযান রাজস্ব সংগ্রহের কোনও নির্দিষ্ট লক্ষ্যমাত্রা ছিল কি না ;

(খ) থাকলে, নির্দিষ্ট লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(গ) সংগৃহীত অর্থের পরিমাণ কত?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) [illegible]০ কোটি টাকা।

(গ) ১৩৫.৩০ কোটি টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৯৬-৯৭ সালে রাজ্যে মোটর যান রাজস্ব সংগ্রহ-এর লক্ষ্যমাত্রা ছিল ১৩০ কোটি টাকা, সংগ্রহ করা হয়েছে ১৩৫.৫৩ কোটি টাকা। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, লক্ষ্যমাত্রার চেয়ে এই যে ৫ কোটি ৩৩ লক্ষ টাকা বেশি আদায় হয়েছে এবং এক্ষেত্রে আপনি এবং আপনার দপ্তর যে উল্লেখযোগ্য সাফল্য দেখিয়েছেন তার কারণটা কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমার নিজের উপ[illegible] এবং বোধ থেকে বলতে পারি যে এটা আরও বাড়ানো সম্ভব। এবারে আমাদের যে লক্ষ্যমাত্রা থাকবে তার চেয়ে অনেক বেশি করব।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশি সংগ্রহ করবেন। আমাদের রাজ্যের সঙ্গে অন্য রাজ্যের যে সীমান্ত এলাকা সেই সীমান্ত এলাকা দিয়ে আমাদের রাজ্যে অন্য রাজ্য থেকে যে সমস্ত গাড়ি আমাদের রাজ্যে প্রবেশ করে তারা আগে উল্লেখযোগ্য ভাবে আমাদের রাজ্যের চেক পোস্টগুলিতে যে কর ফাঁকি দিত সেই ফাঁকি যাতে না দিতে পারে তার জন্য বিশেষ কোনও ব্যবস্থা নেওয়ার ফলেই কি আদায়টা বাড়ানো সম্ভব হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমরা কিছুটা করেছি। আমাদের পার্শ্ববর্তী রাজ্য বলতে উড়িষ্যা, বিহার ও আসাম। এরমধ্যে জি টি রোডের বিহার পার্টে কিছু কিছু হস্তান্তর করতে পেরেছি, উড়িষ্যাতে শীঘ্র করছি, আসামের ব্যাপারে এখনও ফলপ্রসু ব্যবস্থা নিতে পারিনি। বিহারে এটা করার ফলে সামান্য উন্নতি হয়েছে। বাকি দুটি রাজ্যের সঙ্গে ঠিক ঠিক মতন বোঝাপড়া করতে পারলে এই কর সংগ্রহ আরও বাড়বে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বর্ধমানের কুলটি চেক পোস্ট দিয়ে যে অসংখ্য গাড়ি চলাচল করে বিহার বর্ডার দিয়ে সেটা আঁটোসাঁটো করার নির্দেশ দেবার ফলেই এই সাফল্য এসেছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আসানসোলে আমাদের যে চেক পোস্ট হয়েছে তার [illegible] আমাদের এই অর্থ সংগ্রহ করার পরিমাণটা অনেক বেড়েছে। এটাকে আরও জোরদার করার ব্যাপার আছে এবং তার জন্য জেলা পরিষদের সঙ্গে কথা বলছি। সে ব্যবস্থা হয়ে গেলে এবং পরিকাঠামোগত ব্যবস্থা হয়ে গেলে এটা আরও বাড়ানো সম্ভব হবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, মোটর যান রাজস্ব সংগ্রহের পরিমাণ লক্ষ্যমাত্রাকে ছাড়িয়ে গিয়েছে। আজকাল বলা হয় যে ট্যাক্স কমপ্লায়েন্স ভাল করতে হলে ট্যাক্স রেটটা কম করতে হয়। যত ট্যাক্স কমবে তত আদায় বেশি হবে। এ বছর রাজ্য সরকার মোটর যানের উপরে ২০ শতাংশ ট্যাক্স বাড়িয়ে দেওয়ার ফলে

ট্যাক্স আদায় কমে যাবে বলে মন্ত্রী মহাশয় কি মনে করেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** না, ওভার অল কমবে না। আমাদের অভ্যাসগত ব্যবহারিক দিকে যান-বাহন বৃদ্ধির পরিমাণ যেভাবে বাড়ছে, সবটা বিবেচনা করে এটা করা হয়েছে। আমার বিশ্বাস এতে আমাদের কর সংগ্রহ-এর পরিমাণ অনেক বাড়বে।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আপনি মোটর যানের উপরে যে রাজস্ব আদায় তাতে সাফল্য অর্জন করেছেন। তাসত্ত্বেও আপনার পরিচালিত সি এস টি সি, এন বি এস টি সি এবং এস বি এস টি সি-এর যে সমস্ত ট্রান্সপোর্ট আপনার দায়িত্বে আছে, সেখানে এত ভরতুকি দিতে হচ্ছে কেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ভরতুকির যে কথা বলছেন, যাত্রী পরিবহনের ক্ষেত্রে মূলত বড় শহর বা পরিকাঠামো রক্ষা করতে গেলে যোগাযোগের ক্ষেত্রে এটা দিতে হয়। আমাদের যে আর্থ-সামাজিক ব্যবস্থা তাতে ভরতুকি না দিয়ে উপায় নেই। যে কোনও দায়িত্বশীল সরকারের এটা বহণ করতে হবে। যেহেতু কর্পোরেশনগুলি সরকারি তত্বাবধানে চলে তাদের কর্মচারিদের যে সুযোগ-সুবিধা আছে, সরকারি নিয়মে যেভাবে বৃদ্ধি পায়, অন্যান্য কর্মচারিদের ক্ষেত্রে মূলত আয় বাড়া সত্ত্বেও ভরতুকির পরিমাণ কমে না। যাত্রী পরিবহনের ক্ষেত্রে এটা করতেই হবে। এটা ছাড়া এই মুহূর্তে আর কোনও বিকল্প নেই।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, রাজস্বের লক্ষ্যমাত্রা যেটা মোটর যানের উপরে ছিল তার থেকে বেড়েছে। এই বাড়ার জন্য নতুন কোনও পরিকল্পনা বা কোনও বাস বাড়ানোর পরিকল্পনা আছে কিনা বা নতুন কোনও রুটে চালু হয়েছে কিনা, কারণ আমরা কাগজে দেখেছি যে বাংলাদেশের ঢাকায় সরাসরি বাস চালানো হবে। এই ধরনের কোনও পরিকল্পনা আছে কিনা সেটা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আয় বৃদ্ধির লক্ষ্যমাত্রা পূরণের ব্যাপারে পরিকল্পিত ব্যবস্থাগুলির সঙ্গে সরাসরি এই সম্পর্কে যুক্ত নয়। তাসত্ত্বেও আয় বৃদ্ধির ক্ষেত্রে যেমন উদ্যোগ থাকবে তেমনি পরিকল্পিতভাবে কিছু নতুন বাস লাইনে দেবার কথাও রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। ঢাকা-কলকাতার বিষয়টা দুই সরকার ভারত সরকার, আর বাংলাদেশ সরকারের আলাপ-আলোচনা এবং সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নির্ভর করছে। ভারত সরকার এবং বাংলাদেশ সরকারের মধ্যে যেভাবে প্রস্তাব আছে, তারা বসে সিদ্ধান্ত করে দিন তারিখ স্থির করবেন। বিষয়টি নির্বাচিত করায় বিলম্বিত হচ্ছে। ঐ রুট এখন চালু হবে কিনা জানিনা। আমাদের দিক থেকে সব রকম প্রস্তুতি আমরা ঠিক করে রেখেছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আপনি রাজস্ব আদায় করেছেন লক্ষ্যমাত্রার উপরে। আবার দেখা যাচ্ছে যে অনেক রুট আবার বন্ধ

হয়ে যাচ্ছে। আপনার কাছে আমার প্রশ্ন, যদি রাজস্ব আদায় বেশি করে থাকেন তাহলে যানবাহন অনেক রুটে বন্ধ করছে। কেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের কতকগুলি বিশেষ করে কলকাতা কর্পোরেশনের ক্ষেত্রে সি এস টি সি ; কয়েকটি রুট বন্ধ করতে হয়েছে এবং সেগুলির কিছুটা অনেকদিন আগে বন্ধ হয়েছে। গ্রীন বেঞ্চের নির্দেশে আমাদের প্রায় ২২০টি বাস বন্ধ করে দিতে হয়। ওদের পরামর্শ অনুযায়ী যেটা কার্যকর করবার কথা তার সবটা পারিনি, তারই জন্য সংখ্যাটা ঠিক নেই। তবে আশা করছি, যেসব রুটে বাস চলত সেগুলো তিন মাসের মধ্যে চালু করার ব্যবস্থা নিতে পারব।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী পেলব কবী ঃ** আসানসোল মহকুমার কোলিয়ারি অঞ্চল থেকে প্রতিদিন বিহার থেকে রিজার্ভ করা বাস এসে প্যাসেঞ্জার নিয়ে যাচ্ছে, অথচ ধানবাদ বিহার রুটে যদি সরকারি বাস চলে তাহলে অনেক বেশি লাভ জনক হতে পারে। প্রতিদিনই সেখানে বিহারের রিজার্ভ করা বাস ঢুকছে। এরফলে সরকারের ট্যাক্স মারা যাচ্ছে। এই ব্যাপার নিয়ে সরকার কোনও চিন্তা-ভাবনা করছেন কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** অনেকগুলো বিষয় নিয়ে বিহার সরকারের সঙ্গে আমাদের কিছু সমস্যা হচ্ছে, বিশেষ করে ওদের বাস এবং আমাদের বাস আসা যাওয়া নিয়ে। বিষয়টার প্রতি আমরা বিহার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। মাননীয় সদস্যকে অনুরোধ করব সময়ান্তরে সুযোগ করে এই বিষয়টা নিয়ে আমার সঙ্গে আলোচনা করবেন, তাহলে নিশ্চয়ই সাউথ বেঙ্গল ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাস থেকে অতিরিক্ত বাসের ব্যবস্থা করে এই ঘাটতি পূরণের ব্যবস্থা করব।

**শ্রী রামপদ সামন্ত ঃ** আপনি যা বলেছেন তাতে বুঝতে পেরেছি যে, ১৯৯৬-৯৭ সালে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থায় লাভ হয়েছে ৫ কোটি ৩৩ লক্ষ টাকা। অবশ্য এই লাভটাকে আরও বাড়াতে পারেন, কারণ অনেকে বলে থাকেন যে, প্রাইভেট যে অর্গানাইজেশনগুলি আছে তাতে যে পরিমাণ লাভ হয়, রাষ্ট্রীয় পরিবহনে লাভ সেরূপ হয় না, এমন কি অনেক সময় লস্‌ও হয়। কিন্তু আমরা দেখছি, অন্যক্ষেত্রে রাষ্ট্রীয় সংস্থাগুলি লাভ করছে। আমার প্রশ্ন এই লাভটা বাড়াবার জন্য পরিবহন কর্মিরা টিকিট বিক্রির মাধ্যমে যে আয় করেন সেক্ষেত্রে যারা ধারাবাহিক লক্ষ্যমাত্রার অতিরিক্ত আয় করেন তাদের দৈনিক ভিত্তিতে ইনসেনটিভ দেবার ব্যবস্থা আছে কি না? এটা করলে কিন্তু ইনকাম বাড়বে কর্পোরেশনের। আমার প্রশ্ন, আপনার এই ধরনের কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় সদস্য আমার এই প্রশ্নের উত্তর একটু বুঝতে বোধ হয় ভুল করেছেন। এটা লাভ নয়। আমাদের টার্গেট ছিল ১৩০ কোটি টাকা, আমরা ১৩৫ কোটি টাকার বেশি তুলেছি। এটা অতিরিক্ত সংগ্রহ বিভিন্ন কর থেকে আর কর্পোরেশনের যারা যাত্রী, যাদের কর্পোরেশন পরিবহন করেন, সেক্ষেত্রে নিশ্চয়ই আমাদের কিছু পরিকল্পনা আছে এবং সেক্ষেত্রে কার্যকর ব্যবস্থা নিচ্ছি। এব্যাপারে বোধ হয় সকলেই একমত, রাজ্য সরকারের পরিচালনাধীন কর্পোরেশন যা শহর এবং শহরতলীতে যাত্রী পরিবহন ব্যবস্থাকে রক্ষা করেন, সেই কর্পোরেশনকে লাভজনক করা একটা দুরূহ ব্যাপার। এক্ষেত্রে ব্যবস্থা চালু রাখতে ভরতুকি দিতেই হবে এটা বাস্তব সত্য। তবে এটা কমাতে আমরা চেষ্টা করছি। কর্পোরেশনগুলি আরও স্বচ্ছল এবং আরও স্বক্রিয় করার ব্যাপারে রাজ্য সরকারের উদ্যোগ আছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন আছে। রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় যে সমস্ত দূরপাল্লার বাসগুলি যায় সেই সমস্ত দূরপাল্লার বাসগুলিতে পুলিশের ব্যবস্থা থাকে কি না? কারণ এখন প্রায়ই দেখা যায় বাস থামিয়ে ডাকাতি লুঠপাট করা হচ্ছে। তাই আমি জানতে চাই রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় দূরপাল্লার বাস যেগুলি রাতের বেলায় বিভিন্ন জেলা থেকে বিভিন্ন জেলায় যায় তাতে পুলিশি ব্যবস্থা থাকে কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** নির্দিষ্টভাবে সেইভাবে প্রতিটি বাসে পুলিশি ব্যবস্থা নেই। তবে প্রশাসন এবং পুলিশের সঙ্গে যোগসূত্র রেখে যখন দূরপাল্লার বাসগুলি একসঙ্গে ছাড়ে তখন পুলিশের হাই-ওয়ে পেট্রল এবং সিকিউরিটি পেট্রল এই বাসগুলিকে নজর রাখার ব্যবস্থা নেয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে একটা বিষয় জানতে চাই। সরকারি উদ্যোগে কলকাতা শহরে স্বল্প পয়সায় ভাড়ার বাস যা ছিল তার সংখ্যা কমে আসছে সেখানে বেশি পয়সায় ভাড়ার বাসের সংখ্যা বেড়ে যাচ্ছে। ফলে নাগরিকদের দুর্ভোগ বেড়ে যাচ্ছে। আপনার মূল উদ্দেশ্য কি, অল্প পয়সার ভাড়া বাস তুলে দিয়ে বেশি পয়সার ভাড়ার বাসের সংখ্যা বাড়িয়ে (***) ব্যবস্থা করছেন? অল্প পয়সার ভাড়ার বাসের সংখ্যা কমাচ্ছেন কেন?

**মিঃ স্পিকার :** 'মানুষের পকেট কাটার' বাদ যাবে বাকি থাকবে।

**শ্রী সুভাষ চক্রবর্তী :** এটা ঠিকই ঘটনার গতিতে সাধারণ বাসের সংখ্যা রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা বা কর্পোরেশনগুলিতে অনেকটা কমে গিয়েছে। যাতে আর না কমে

Note * Expunged as ordered by the Chair

তার ব্যবস্থা করা হবে এবং এটা বৃদ্ধি করার চেষ্টা আমি করছি।

### সম্পূর্ণ স্টেডিয়ামের সংখ্যা

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০) শ্রী তপন হোড় ঃ ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট সম্পূর্ণ স্টেডিয়ামের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাবসহ) ;

(খ) ১৯৯৩ সাল থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত কতগুলি স্টেডিয়াম নির্মিত হয়েছে ;

(গ) উক্ত নির্মাণকার্যে কি পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ; এবং

(ঘ) রাজ্যে বর্তমানে নির্মীয়মান স্টেডিয়ামের সংখ্যা কত?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) ক্রীড়া দপ্তরে প্রাপ্ত তথ্য অনুযায়ী রাজ্যের এই জেলা শহরগুলিতে স্টেডিয়াম নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে ঃ-

| জেলা | স্টেডিয়াম |
|---|---|
| ১। হুগলি | —শ্রীরামপুর স্টেডিয়াম |
| ২। কুচবিহার | —কুচবিহার স্টেডিয়াম |
| ৩। জলপাইগুড়ি | —জলপাইগুড়ি স্টেডিয়াম |
| ৪। মালদহ | —মালদহ আউটডোর স্টেডিয়াম |
| ৫। নদীয়া | —কৃষ্ণনগর স্টেডিয়াম |
| ৬। হাওড়া | —উলুবেড়িয়া স্টেডিয়াম |
| ৭। মেদিনীপুর | —মেদিনীপুর স্টেডিয়াম |
| ৮। পুরুলিয়া | —পুরুলিয়া ভিক্টোরিয়া স্কুল গ্রাউন্ড স্টেডিয়াম |
| ৯। পুরুলিয়া | —পুরুলিয়া জেলা গ্রাউন্ড স্টেডিয়াম |
| ১০। শিলিগুড়ি | —শিলিগুড়ি (কাঞ্চনজংঘা) স্টেডিয়াম |

| | |
|---|---|
| ১১। বর্ধমান | —শ্রী অরবিন্দ স্টেডিয়াম (ইন্ডোর) |
| ১২। বর্ধমান | —রাধারানি স্টেডিয়াম |
| ১৩। বর্ধমান | —কালনা স্টেডিয়াম |
| ১৪। দক্ষিণ দিনাজপুর | —বালুরঘাট স্টেডিয়াম |
| ১৫। কলকাতা | —নেতাজি ইন্ডোর স্টেডিয়াম এবং যুব ভারতী ক্রীড়াঙ্গন |

(খ) ঐ সময়কালে কোনও নতুন স্টেডিয়াম নির্মিত হয়নি।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) বিভিন্ন জেলাশহরগুলিতে বর্তমানে নির্মিয়মান স্টেডিয়ামের সর্বমোট সংখ্যা ১৫ (পনের)।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী তপন হোড় ঃ** আপনি যা বললেন তাতে দেখা যাচ্ছে নির্মিয়মান স্টেডিয়ামের সংখ্যা ১৫। আমি জানি যে, বীরভূমে, সিউড়িতে, বোলপুরে একটা করে স্টেডিয়াম আসছে না তারপরে এখানে দেখা যাচ্ছে বাঁকুড়াতে স্টেডিয়ামটা নেই। আপনার হিসাবের মধ্যে এটা আসছে না। তারপরে মুর্শিদাবাদেরটাও আসছে না। কিছু কিছু জেলা শহরে এখনও পর্যন্ত দেখা যাচ্ছে স্টেডিয়াম করা যায়নি। এই নির্মিয়মান স্টেডিয়ামের মধ্যে কি এইসব স্টেডিয়াম পড়ছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটা আমি দেখব, আপনি যে স্টেডিয়ামগুলোর নাম উল্লেখ করলেন, এরমধ্যে সিউড়ি স্টেডিয়ামের নামটা থাকা উচিত ছিল। এটা নেই। তার সঙ্গে বহরমপুর স্টেডিয়ামও আছে।

**শ্রী তপন হোড় ঃ** আপনি যা বললেন তাতে দেখা যাচ্ছে, ১৫টি স্টেডিয়াম নির্মিয়মান। এগুলো কোন কোন জায়গায় আছে, এটা একটু বলুন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমি দুঃখিত প্রশ্নটা ঠিক যেভাবে, উত্তরটা সেইভাবে করা উচিত ছিল। সেইভাবে উত্তরটা হয়নি? নির্মিয়মান স্টেডিয়াম ১৫টা, এতগুলো স্টেডিয়াম হবে না। সংখ্যাটা কম হবে। আমি একজাক্ট সংখ্যাটা বলছি না। বোলপুরে, সিউড়িতে, বর্ধমানে, ডায়মন্ডহারবারে, বারাসাতে এবং চন্দননগরে আছে। এছাড়া বারুইপুরে প্রস্তাবিত আছে। আমি সংখ্যাটা পরে বলে দেব।

**শ্রী তপন হোড় ঃ** যে জেলা শহরগুলোতে স্টেডিয়াম নেই, সেখানে স্টেডিয়াম করার ব্যাপারে রাজ্য সরকারের একটা প্রিন্সিপল আছে যে, জেলা শহরগুলোতে স্টেডিয়াম হবে। তারপরে সাব-ডিভিসন স্তরে এবং তারপরে আরও গুরুত্বপূর্ণ স্তরে ব্লকস্তরে হবে। এইভাবে আপনার পরিকল্পনা, যে যে জেলাতে স্টেডিয়াম নেই বর্ধমান বা বাঁকুড়ার কথা বলা হচ্ছে না—সেখানে স্টেডিয়াম নির্মাণের ক্ষেত্রে আপনি কি পরিকল্পনা গ্রহণ করবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের যে নিয়মিত ব্যয় বরাদ্দ আছে, তার মধ্যে থেকেই আমাদের করতে হবে। রাজ্য সরকারের যে ভূমিকা আর্থিক দায়-দায়িত্ব পালনের ব্যাপারে, সেটা প্রধানত আমাদের বাজেটের মধ্যে থেকেই করতে হয়। সাধারণভাবে স্টেডিয়াম গড়ার ক্ষেত্রে যে কমিটি গঠন করা হয়, তাতে জেলা প্রশাসন, সংশ্লিষ্ট জেলার ক্রীড়ানুরাগী মানুষ তাদের সংযুক্ত করে করা হয়। তাদের নিজস্ব যে বিষয়টা থাকে, তিনভাগের এক ভাগ অর্থ যাতে লোকাল কালেকশন থেকে হয়, সেদিকে তাদের উদ্যোগ নিতে বলা হয়। কিন্তু অভিজ্ঞতায় দেখা যাচ্ছে যে, বেশিরভাগ ক্ষেত্রেই তারা এই দায়িত্ব পালন করতে পারছেন না। তারফলে রাজ্য সরকারের দিক থেকে তাদের পুনরায় অর্থ দেওয়া এবং কেন্দ্রীয় সাহায্য এযাবৎকাল আমরা যা পেয়েছি, সেটা ঠিকভাবে নিয়ে আসা, এটা ঠিকভাবে হচ্ছে না। সেজন্য বিলম্বিত হচ্ছে।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, আমাদের রাজ্যে একটা খেলাধূলার পরিবেশ তৈরি হয়েছে—ক্রিকেট বলুন, ফুটবল বলুন, জাতীয় লিগ বলুন সব ব্যাপারেই গর্বের ব্যাপার। ফিলিপস লিগে চ্যাম্পিয়ন হয়েছে এবং রানারস কাপও এখান থেকে পেয়েছে, এইক্ষেত্রে রাজ্য সরকার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং ক্রীড়া নীতির মধ্যে দিয়ে একটা দায়িত্বেরও দাবি আছে, কিন্তু সেটা ঠিক উঠতে পারছে না। অথচ করে ওঠা দরকার বলে মনে করি। সেই কারণে আমার জিজ্ঞাস্য যে টি এফ এ আপনারা করেছেন, তার একটা অ্যাকাডেমি করেছেন। এখানে সাই যুব ভারতী ক্রীড়াঙ্গনে করেছেন, সেই রকম মফস্বল শহরে বিশেষ করে উত্তরবঙ্গে একটা জোন, দক্ষিণবঙ্গের মতো মফস্বল শহরে একটা জোন ধরে অ্যাকাডেমি করার সিদ্ধান্ত নিয়েছেন কিনা, যাতে আপনার অ্যাথলেটিক্স বা ফুটবল এই ধরনের খেলা হতে পারবে। এটা করলে পরে আমাদের যে ধারণা অ্যাথলেটিকসে, ফুটবলে যেমন উন্নতি হয়েছে, তেমনি ইন্ডোর গেমসেও উন্নতি হবে, এক্ষেত্রে আমরা আরও কার্যকর ভূমিকা পালন করতে পারব এই বিষয়ে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

[11-50 — 12-00 Noon]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে এই বিষয়ে উল্লেখ করি যে ক্রীড়া প্রশাসনের যে ভূমিকা সেটা সারা পৃথিবীতেই একইভাবে গৃহীত ব্যবস্থা। ক্রীড়া প্রশাসনের যে পদ্ধতি,

প্রক্রিয়া নির্দেশিত সেটা সারা পৃথিবীতে একই। খেলাধূলার মানোন্নয়নের প্রশ্নে যে সমস্ত ব্যবস্থা করা হয় এবং দীর্ঘদিনের প্রেক্ষাপটে স্ব স্ব ব্যবস্থা করা হয়ে থাকে তাতে ব্যক্তিগত যেভাবেই বলুন রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের দায়-দায়িত্ব সেইভাবে নির্দিষ্ট আছে। সেটা হচ্ছে যে তার পরিকাঠামোর ব্যাপারে সাহায্য করবে। ক্রীড়া পরিকাঠামোয় রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা কিছু খেলাধূলার কেন্দ্র খুলি তাতে স্টেডিয়াম তৈরি করে তার যে পারিপার্শ্বিক দিকগুলোর প্রয়োজন সেটা শুধু শহরের মধ্যেই করার চেষ্টা করছি। জেলাস্তরে পর্যায়ক্রমে শুরু করছি। জেলা, মহকুমা ধরে করা হবে। তবে কোনও কোনও জায়গায় খেলাধূলার চাঞ্চল্য খুব গুরুত্ববহ ভাবে দেখা যাচ্ছে, সেখানে ক্রীড়া কেন্দ্র গড়ে তুলছি। আমাদের রাজ্যে ৩টি প্রধান কেন্দ্র রয়েছে—তারমধ্যে প্রথম স্বতস্ফূর্তভাবে বিকাশ ঘটেছে কলকাতার কেন্দ্রটি। এছাড়া উত্তরবঙ্গের শিলিগুড়িতে এবং দক্ষিণবঙ্গের বর্ধমানকে কেন্দ্র করে পরিকাঠামো গড়ে তোলার চেষ্টা করছি। এগুলো গড়ার ক্ষেত্রে শুধু রাজ্য সরকারের টাকায় সবটা হবে না, কেন্দ্রীয় সরকারও খরচ দেবেন। এই জিনিসটা সব সময়েই চলে আসছে। রাজ্য সরকারই এরই পরিপ্রেক্ষিতে বিভিন্ন স্কীম নিয়েছে, সেই স্কীম আমরা যে নিয়েছিলাম সেগুলো অর্ধপথে অসমাপ্ত হয়ে রয়েছে। বর্তমানে যে এরিয়ার ডেভেলপমেন্ট স্পোর্টর্স সেন্টার স্কীম রয়েছে তাতে মফস্বল শহরে আমরা আমাদের মনের মতো করার চেষ্টা করছি। কিন্তু সেগুলো আটকে গেছে যেমন শিলিগুড়িতে যেটা করছি সেটা কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব পালনের প্রতিশ্রুতি ছিল সেই প্রতিশ্রুতি পালন হয়নি। এটা হচ্ছে পরিকাঠামোগত দিক, আর যেটা ক্রীড়া প্রশাসনগত দিক সেখানে মানোন্নয়নের ক্ষেত্রে নিশ্চয় স্ব স্ব অ্যাশোসিয়েশন বা ফেডারেশনের যারা আছেন তারা আমাদের কাছে যে রকম সহযোগিতা, সাহায্য চাইছেন আমরা তা দেওয়ার চেষ্টা করে থাকি। এটা ঠিকই যে আমাদের রাজ্যে খেলাধূলার ক্ষেত্রে সব সময়ে একটা চাঞ্চলতা, আজকে বলে নয় আগেও ছিল। কলকাতায় ফুটবল খেলা বলুন সব খেলাতেই আমরা আমাদের মান রক্ষা করার চেষ্টা করেছি। আমাদের ছেলেরা ফুটবলের ক্ষেত্রে গত দু বছরে অভূতপূর্ব সাফল্য লাভ করেছে। এইবারও দেখছি জাতীয় লিগে প্রথম সারির আমাদের কলকাতার দুটো টিম প্রথম দুটি স্থান দখল করেছে। আমরা এই বছরে মোহনবাগান এবং ইস্টবেঙ্গল উভয় ক্লাবকে অভিনন্দন জানাচ্ছি এবং রাজ্য সরকারের পক্ষ থেকে ঠিকও করেছি এই দুই ক্লাবকে সম্বর্ধনা দেব যারা আমাদের এই জয়ের সম্মান এনে দিয়েছেন। এছাড়া আপনারা দেখেছেন সন্তোষ ট্রফিতে পরপর ৪ বার আমরা জিতেছি, এবারেও আই এফ এ কর্তৃপক্ষ তারা আশা করছেন জিতবেন। স্বাভাবিকভাবে আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে এই রকম কোনও সাহায্য বা সহযোগিতা চাইলে সর্বাত্মকভাবে আমরা দিতে চেষ্টা করব। কিন্তু খেলাধূলার মানোন্নয়নের ক্ষেত্রে কতকগুলি মৌলিক সমস্যা আছে, সেটা আমরা সাধারণত বুঝতে চাই না। বিশেষ করে যে খেলাগুলিতে সংঘর্ষের ব্যাপার আছে, সেখানে ভারতীয়দের শরীরের যে অবস্থা এবং

এখানকার যে পরিবেশ এবং পরিস্থিতি তাতে আমাদের সাধারণ মানুষদের কিছু প্রতিবন্ধকতা আছে। অথচ আমরা যদি লক্ষ্য করে দেখি সবচেয়ে জনপ্রিয় খেলা ফুটবল সেই ফুটবলকে নিয়ে যদি বিশ্লেষণ করি তাহলে দেখব আমাদের ছেলেরা সেই উন্নত ইউরোপ দেশের মতো হোক, কিম্বা ল্যাটিন আমেরিকার মতো হোক, শারীরিক দিক থেকে আমরা সবাই বঞ্চিত। আমরা যে পরিবেশে বাস করি, যে খাদ্য খাওয়ার অভ্যাস আমাদের, যে প্রজনন গত অবস্থান, সে জেনেটিক অবস্থান আমাদের, তাতে আমরা খানিকটা পিছিয়ে। আমাদের শারীরিক ক্ষমতা এবং যোগ্যতায় আফ্রিকান দেশ ইউরোপ দেশ-এর থেকে আমাদের খানিকটা কম। সব খেলাতেই আমরা সংঘর্ষের দিক থেকে পিছিয়ে, ক্ষমতায় আমরা এগুতে পারি না। বিশেষ করে ইন্ডিভিজুয়াল খেলায় আমরা এগুতে পারি। তবে এখন ভারতীয় ক্রিকেট বিশ্বের যে কোনও দেশের সঙ্গে মোকাবিলা করতে পারে। বিশ্বমানের জয় আমরা যেহেতু আনতে পেরেছি, ক্রিকেট নিয়ে আমাদের গর্ব আছে। খেলায় জয় আমাদের জাতীয় গৌরব এনে দেয়। সেই জন্য খেলাধূলার প্রতি আমাদের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা দরকার। এই কাজটা অ্যাশোসিয়েশন এবং ফেডারেশন এর করার কথা এবং দৈনন্দিন যে প্রশাসন সেই পরিকল্পিত প্রশাসনটা তারা চালান, সেটা তারা সাধ্যমতো চালাচ্ছেন।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি যে খেলাধূলাগুলিতে সংঘর্ষ আছে বলছেন, তার জন্য যে জলবায়ু আমাদের যে উপাদান তাতে আমাদের কিছু মৌলিক প্রতিবন্ধকতার কথা বলেছেন। এক্ষেত্রে কিছু বিতর্কও আছে। তবে একেবার ভাল বীরের মতো না হলেও আমরা অতীতে ফুটবলে ভাল ফল করেছি, কুস্তিতে গোবর বাবু তারা ভাল ফল করেছিলেন যাইহোক আমি সেই বিতর্কে যাচ্ছি না। তবে খেলাধূলার ব্যাপারটা কলকাতা কেন্দ্রীক হয়ে যাচ্ছে এর ফলে আরও বেশি বেশি করে মানুষ আমাদের যারা ট্রাইব্যাল সেক্টারে আছে, যাদের শারীরিক ক্ষমতা আছে, তাদের সেই সুযোগটা আসছে না। তার সঙ্গে সঙ্গে আমার যেটা জিজ্ঞাস্য যে সমস্ত ডি এস এ আছে তারা লিগগুলি চালু করার ব্যাপারে, তারা কিন্তু সেইভাবে তাদের ভূমিকাটা পালন করতে পারছে না। আমি মুর্শিদাবাদ বীরভূমের কথা বলতে পারি, সেখানে ডি এস এ-র লিগ বছরের পর বছর হচ্ছে না। ন্যাচারালি বহু লোকের পার্টিসিপেশন থাকছে না। এই ডি এস এ লিগের ব্যাপারে সরকারের যে নীতি আছে তার প্রতিফলন ঘটাবার ব্যাপারে কোনও বাস্তব পরিকল্পনা বা নির্দেশ আপনি দেবেন কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** খেলার জগতে রাজ্য সরকারের হস্তক্ষেপ করার সুযোগ খুব কম। তবে পরামর্শ তারা নিতে চাইলে নিশ্চয় আমরা দিতে পারি। ডি এস এ প্রসঙ্গে যেটা আপনি উপস্থিত করেছেন সেটা অনেক ক্ষেত্রেই প্রযোজ্য। তবে সেইভাবে মহকুমা স্তরে খেলাধূলা পরিচালনার ক্ষেত্রে খুব গুরুত্ব দিয়ে এটা করা হচ্ছে না। সংশ্লিষ্ট বিভিন্ন

যে বিভাগ বি ও এ তাদের এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করব এবং এটা যাতে চালু করা যায় তার জন্য তারা উদ্যোগ নেবে এই আশা করি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** হাওড়া জেলার ডুমুর জোলায় একটা বিরাট স্পোর্টস কমপ্লেক্স করার পরিকল্পনা আপনি নিয়েছেন। এই স্পোর্টস কমপ্লেক্সের মধ্যে ফুটবল স্টেডিয়াম করার কোনও পরিকল্পনা আপনি নিয়েছেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আপাতত ফুটবলের জন্য কোনও পরিকল্পনা আমরা নিইনি। সামগ্রিক খেলাধূলার কেন্দ্র হিসাবেই এটাকে গড়ে তোলা হয়েছে। ইন্ডোর এবং আউটডোর সমস্ত রকম খেলার জন্য এই প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হবে। ডালমিয়া পার্কে একটা ফুটবল স্টেডিয়াম আছে, সেটারই পূর্ণ সদ্ব্যবহার হচ্ছে না। সেইজন্য নতুন করে কোনও ফুটবল স্টেডিয়াম খোলার পরিকল্পনা আমাদের আপাতত নেই।

**শ্রী ইউনুস সরকার ঃ** আপনি প্রশ্নের উত্তরে জানালেন রাজ্যে নির্মিয়মান স্টেডিয়ামের সংখ্যা ১৫। তার মধ্যে মুর্শিদাবাদ জেলার উল্লেখ নেই। মুর্শিদাবাদ জেলার বহরমপুরে যে স্টেডিয়াম নির্মাণে কাজ শুরু হয়েছিল সেটা কবে হয়েছিল এবং কি অবস্থায় আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটার নির্মিয়মান কাজ শুরু হয়েছিল ১৯৭৬ সালে, এটা এখনও কমপ্লিট হয়নি।

**শ্রী অশোককুমার দেব ঃ** আপনি নির্মিয়মান যে স্টেডিয়ামের সংখ্যা জানিয়েছেন তার মধ্যে বজবজের সুভাষ উদ্যান স্টেডিয়ামটি পড়ে। এর কাজ কবে সম্পূর্ণ হবে বলতে পারেন।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটা আমার পক্ষে বলা মুশকিল। ওখানে জমি-জায়গা নিয়ে কিছু সমস্যা আছে। ক্ষেত্রান্তরে এই ব্যাপারে আপনি আমার সঙ্গে কথা বলবেন, আপনার সাহায্য দরকার।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** আপনি বলেছেন ফুটবল সংঘর্ষের খেলা, আপনার কথার আমি কন্ট্রডিকটারি করে বলতে চাই ফুটবল স্কিল এবং টেকনিকের খেলা, এটা আপনার জানা উচিত। আপনি বলেছেন, আমরা জিনগতভাবে দুর্বল। এক সময় বাংলার ছেলেরা এশিয়ার মুখ উজ্জ্বল করেছিল। আসলে পৃথিবীর অনেক বেশি দেশ ফুটবলে অংশগ্রহণ করে। সেই তুলনায় ক্রিকেট এখনও অংশগ্রহণে মানুষের সংখ্যা কম। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে হেলথ সেন্টারগুলি ক্ষেত্রে পপুলেশন রেশিও মেনটেন করেন, স্কুলের ক্ষেত্রে ছাত্র এবং টিচারের রেশিও মেনটেন করেন, সেই রকম কত পপুলেশন রেশিওর উপর স্টেডিয়াম হতে পারে, এই রকম ধরনের চিন্তা-ভাবনা করে স্টেডিয়াম নির্মাণের কোনও

ব্যবস্থা নিচ্ছেন কি?

[12-00 — 12-10 p.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য মন্তব্য সম্পর্কে যা বলেছেন, তা আমি বলছি না, কারণ বিতর্ক এবং তর্ক আমাদের আছে। আলোচনা করে সিদ্ধান্ত এক একজন এক একজন রকমের করবেন। সেইজন্য খেলার মান, গুণ ইত্যাদি নিয়ে আমার কোনও মন্তব্য নেই। আর দ্বিতীয় প্রশ্ন ব্যাপারে হচ্ছে যে, লোকসংখ্যাগত দিক থেকে রাজ্য সরকার যেটা ঠিক করেছেন, বহুবার এখানে আলোচিত হয়েছে, ঘোষিত হয়েছে। আগে আমরা জেলা শহরগুলিতে করব, অর্থাৎ ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার, তারপর সাব ডিভিশনাল হেড কোয়ার্টার, এইভাবে। রাজ্য সরকার স্বাধীন ভারতের সময় কাল থেকে যেভাবে স্থির করা হয়েছে, সেইভাবে কাজ করেন। এই ধারার আমরা পরিবর্তন করিনি। আমরা জেলা শহরগুলিতে প্রায় সবটাই হয় নির্মিয়মান, নয় হয়ে গেছে এবং আমরা মহকুমা শহরগুলিতে অনেকটাই ধরেছি।

## Starred Questions

## (to which Written Answers were laid on the Table)

### বিদ্যুতের দাম বৃদ্ধি

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯২) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে এই রাজ্যে কতবার বিদ্যুতের দাম বৃদ্ধি করা হয়েছে ; এবং

(খ) প্রতিবার কি হারে এই দাম বৃদ্ধি করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত পাঁচ বছরে এই রাজ্যে মোট তিনবার বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে। সেপ্টেম্বর ৯৩, জানুয়ারি ৯৫ এবং নভেম্বর ৯৬তে এই বৃদ্ধি কার্যকর হয়েছে।

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন এলাকায় এই বৃদ্ধির হার ভিন্ন ভিন্ন। এই বৃদ্ধির শতকরা হার নিম্নবর্ণিত ঃ

**রাজ্য বিদ্যুৎ পর্ষদ ঃ**

| | |
|---|---|
| সেপ্টেম্বর ৯৩ | ১৪.৯৭% |
| জানুয়ারি ৯৫ | ১৩% |
| নভেম্বর ৯৬ | ১৯% |

**সি ই এস সি ঃ-**

সেপ্টেম্বর ৯৩ ১৩.৭১%

জানুয়ারি ৯৫ ১৮.৯৪%

নভেম্বর ৯৬ ৮.৯%

## সরকারি উদ্যোগে গড়া স্টেডিয়াম

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৬) **শ্রী ইউনুস সরকার ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কতগুলি জেলা সদরে সরকারি উদ্যোগে খেলার স্টেডিয়াম গড়ে তোলা হয়েছে ; এবং

(খ) কতগুলি জেলায় ঐ ধরনের স্টেডিয়াম গড়ে তোলার কাজ চলছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ক্রীড়া দপ্তরে প্রাপ্ত তথ্য অনুযায়ী এই জেলা শহরগুলিতে সরকারি উদ্যোগে খেলার স্টেডিয়াম গড়ে তোলা হয়েছে ঃ

| জেলা | স্টেডিয়াম |
|---|---|
| ১। হুগলি | —শ্রীরামপুর স্টেডিয়াম |
| ২। কুচবিহার | —কুচবিহার স্টেডিয়াম |
| ৩। জলপাইগুড়ি | —জলপাইগুড়ি স্টেডিয়াম |
| ৪। মালদহ | —মালদহ আউটডোর স্টেডিয়াম |
| ৫। নদীয়া | —কৃষ্ণনগর স্টেডিয়াম |
| ৬। হাওড়া | —উলুবেড়িয়া স্টেডিয়াম |
| ৭। মেদিনীপুর | —মেদিনীপুর স্টেডিয়াম |
| ৮। পুরুলিয়া | —পুরুলিয়া ভিক্টোরিয়া স্কুল গ্রাউন্ড স্টেডিয়াম |
| ৯। পুরুলিয়া | —পুরুলিয়া জেলা গ্রাউন্ড স্টেডিয়াম |

| | |
|---|---|
| ১০। শিলিগুড়ি | —শিলিগুড়ি (কাঞ্চনজংঘা) স্টেডিয়াম |
| ১১। বর্ধমান | —শ্রী অরবিন্দ স্টেডিয়াম (ইন্ডোর) |
| ১২। বর্ধমান | —রাধারানি স্টেডিয়াম |
| ১৩। বর্ধমান | —কালনা স্টেডিয়াম |
| ১৪। দক্ষিণ দিনাজপুর | —বালুরঘাট স্টেডিয়াম |
| ১৫। কলকাতা | —নেতাজি ইন্ডোর স্টেডিয়াম এবং যুব ভারতী ক্রীড়াঙ্গন |

| | |
|---|---|
| (খ) ১) উত্তর ২৪ পরগনা | বারাসাত স্টেডিয়াম |
| ২) উত্তর ২৪ পরগনা | নৈহাটি স্টেডিয়াম |
| ৩) উত্তর ২৪ পরগনা | অশোকনগর স্টেডিয়াম |
| ৪) দক্ষিণ ২৪ পরগনা | যাদবপুর স্টেডিয়াম |
| ৫) দক্ষিণ ২৪ পরগনা | ডায়মন্ডহারবার |
| ৬) বীরভূম | সিউড়ি স্টেডিয়াম |
| ৭) বীরভূম | বোলপুর |
| ৮) হুগলি | চন্দননগর স্টেডিয়াম |
| ৯) মেদিনীপুর | কন্টাই স্টেডিয়াম |
| ১০) বর্ধমান | আসানসোল স্টেডিয়াম |
| ১১) মুর্শিদাবাদ | বহরমপুর স্টেডিয়াম |
| ১২) দার্জিলিং | দার্জিলিং স্টেডিয়াম |
| ১৩) বর্ধমান | কাটোয়া স্টেডিয়াম |
| ১৪) কুচবিহার | কুচবিহার স্টেডিয়াম (রয়্যাল প্যালেস গ্রাউন্ড) |
| ১৫) হাওড়া | হাওড়া স্টেডিয়াম |

## বিদ্যুৎ প্রকল্পের কাজ

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪) **শ্রী সুকুমার দাশ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বৈদেশিক অর্থানুকুল্যে কয়টি বিদ্যুৎ প্রকল্পের কাজ শুরু হতে চলেছে ; এবং

(খ) উক্ত অর্থের পরিমাণ কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে বৈদেশিক অর্থানুকুল্যে নিম্নলিখিত বিদ্যুৎ প্রকল্পগুলির কাজ শুরু হতে চলেছে ঃ-

১) বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পে ইউনিট নং ১, ২, ও ৩

২) বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্প ইউনিট নং ৪ ও ৫

৩) রাজ্য বিদ্যুৎ পর্ষদ ঃ-

(ক) পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্প-

(খ) বিদ্যুৎ সঞ্চালন ব্যবহার উন্নতি প্রকল্প-

(গ) ভি-স্যাট প্রযুক্তি প্রকল্প

৪) বলাগড় তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প।

(খ) উপরিউক্ত প্রকল্পগুলিতে বৈদেশিক অর্থের পরিমাণ নিম্নে বর্ণিত হল-

১) বক্রেশ্বর তাপ বিদ্যুৎ স্টেশন ইউনিট ১, ২, ৩— ৬৭,৪৪১ মি. ইয়েন বক্রেশ্বর সঞ্চালন প্রকল্পসহ আনুমানিক ১৯৮৭ কোটি টাকা।

২) ৪ ও ৫ আনুমানিক ১৭৫৫.৮৮ কোটি টাকা

৩) রাজ্য বিদ্যুৎ পর্ষদ ঃ

(ক) পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্প বৈদেশিক ঋণ ২৬১৯.৭০ কোটি টাকা

(খ) বিদ্যুৎ সঞ্চালন ব্যবহার উন্নতি প্রকল্প ৭১৩.৪০ কোটি টাকা

(গ) ভি-স্যাট প্রযুক্তি প্রকল্প ৫২.৪০ কোটি টাকা (পি এফ সি ঋণ)

৪) বলাগড় তাপ বিদ্যুৎ কেন্দ্র ১২০৬ কোটি টাকা।

**স্ব-নিযুক্তি প্রকল্পে ঋণদানে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ভূমিকা**

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি স্ব-নিযুক্তি প্রকল্পের জন্য ঋণ পেতে ইচ্ছুক বেকার যুবকদের ঋণদানের ক্ষেত্রে অসহযোগিতা করছেন ; এবং

(খ) সত্যি হলে, এই অবস্থার নিরসনে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কি না?

**ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ সম্পূর্ণ সহযোগিতা সব ব্যাঙ্ক থেকে পাওয়া যাচ্ছে না, আংশিক সহযোগিতা পাওয়া যাচ্ছে।

(খ) অবস্থার নিরসনে ব্যাঙ্ক ও অর্থলগ্নিকারী সংস্থার সঙ্গে ব্লক স্তর থেকে রাজ্যস্তর পর্যন্ত বিভিন্ন কমিটি নিয়মিতভাবে বৈঠক করে। বিষয়টি কেন্দ্রীয় সরকারের গোচরেও রাখা হয়েছে।

**রবীন্দ্র সরোবর স্টেডিয়ামের সংস্কার**

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৯) **শ্রী রবীন দেব ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রবীন্দ্র সরোবর স্টেডিয়ামের সংস্কার এবং সেখানে জাতীয় স্তরে খেলা সংগঠিত করার ক্ষেত্রে কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, তা কোন পর্যায়ে আছে ; এবং

(গ) উক্ত সংস্কারের জন্য বরাদ্দকৃত অর্থের উৎস ও পরিমাণ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) রবীন্দ্র সরোবর স্টেডিয়ামটি (সি আই টি) ১৯৮৩ সালে ক্রীড়া দপ্তরকে ৫০ বছরের জন্য লিজ হিসাবে ব্যবহার করতে দেয়। পশ্চিমবঙ্গ ক্রীড়া পর্ষদ এই স্টেডিয়ামের মাঠটির দেখভাল করে এবং সেটিকে বিভিন্ন খেলার বিশেষ

করে ফুটবল খেলার উপযোগী করার চেষ্টা করে। বর্তমানে মাঠটি ফুটবল খেলার পক্ষে যথেষ্ট উপযোগী এবং এই বছরে ঐখানে আই এফ এ সুপার ডিভিসন লিগ এর এবং এ আই এফ এফ কর্তৃক পরিচালিত বেশ কয়েকটি জাতীয় লিগের ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে।

(গ) ক্রীড়া দপ্তরের বাজেটে এই ধরনের কোনও বরাদ্দ নেই। তবে ক্রীড়া পর্ষদের উন্নয়ন খাত থেকে এই মাঠটির উন্নয়নের জন্য ১৯৯৫ থেকে ১৯৯৭ সাল পর্যন্ত আনুমানিক ৪ (চার) লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

এ ব্যতীত ক্রীড়া পর্ষদের অধীনে রবীন্দ্র সরোবর সাব কমিটির মাধ্যমে এই মাঠটিকে খেলার উপযোগী করার জন্য সবরকম প্রয়াস নেওয়া হয়ে থাকে।

## গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য ঋণ

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০) **শ্রী সুকুমার দাশ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কোনও ঋণ প্রদান করতে রাজি হয়েছেন কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কেন্দ্রীয় সরকারের সংস্থা গ্রামীণ বৈদ্যুতিকরণ নিগম (REC Ltd.) গ্রাম বৈদ্যুতিকরণের জন্য ঋণ দিয়ে থাকে। গত তিন বছর ধরে আর ই সি থেকে কোনও ঋণ পাওয়া যাচ্ছে না কারণ ঋণ ফেরৎ বাবদ আর ই সি-র প্রাপ্য টাকা মিটিয়ে দেওয়ার ব্যাপারে বিদ্যুৎ পর্ষদ কোনও পদক্ষেপ গ্রহণ করতে পারেনি। ঋণ ফেরৎ দেওয়ার ব্যবস্থা না করতে পারলে আর ই সি নতুন করে ঋণ দেবে না।

## Unstarred Questions
## (to which Written Answers were laid on the Table)

## বজবজের সুভাষ উদ্যান সংলগ্ন স্টেডিয়ামের কাজ

১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭) **শ্রী অশোককুমার দেব ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বজবজের সুভাষ উদ্যান সংলগ্ন স্টেডিয়াম নির্মাণের কাজে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উক্ত স্টেডিয়ামটির নির্মাণের কাজে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে এখনও পর্যন্ত কোনও অর্থ মঞ্জুর করা হয়নি।

**বজবজে প্লাইউড কারখানার উন্নয়ন**

২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬) **শ্রী অশোককুমার দেব ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ প্লাইউড কারখানাটির উন্নতি এবং শ্রমিকের স্বার্থে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কি?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) বজবজ প্লাইউড কারখানাটি (ওয়েস্ট বেঙ্গল প্লাইউড অ্যান্ড অ্যালায়েড প্রোডাক্টস্ লিঃ) পুনরুজ্জীবনের জন্য বর্তমান পরিচালকবর্গ একটি বড় মাপের প্রোজেক্ট তৈরির কাজ হাতে নিয়েছেন। তবে সেটি সম্পূর্ণ ও বাস্তবায়িত করতে আরও কিছুটা সময় লাগবে। ইত্যবসরে পরিচালকবর্গ ইউ এন ডি পি-এর সাহায্যে ও সহযোগিতায় একটি নতুন প্রোডাক্ট (মিডিয়াম ডেনসিটি জুট রিজিড বোর্ড) তৈরি করার সিদ্ধান্ত নিচ্ছেন। হুগলি জেলার খন্নানে অবস্থিত যন্ত্রপাতি সমৃদ্ধ অথচ আর্থিক কারণে বর্তমানে অচল একটি কারখানার সুযোগ-সুবিধা ব্যবহারের মাধ্যমে এই পরিকল্পনা নেওয়া হচ্ছে। এই উদ্দেশ্যে রাজ্য সরকার কার্যকর মূলধন হিসাবে দশ লক্ষ টাকা প্রদান করার একটি সিদ্ধান্ত নিতে চলেছেন চলতি আর্থিক বছরে।

**পূজালিতে পর্যটন কেন্দ্র চালু**

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭১) **শ্রী অশোককুমার দেব ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ থানা এলাকায় পূজালিতে পর্যটন কেন্দ্র চালু করার কোনও সরকারি পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু করা হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বজবজ স্পোর্টস কমপ্লেক্স নির্মাণ**

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩) **শ্রী অশোক দেব ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ স্পোর্টস কমপ্লেক্স নির্মাণের কোনও সরকারি পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) এই পরিকল্পনা খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বিষয়ে সরকারি স্তরে কোনও পরিকল্পনা নেই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে অনুন্নত সম্প্রদায়ের চাকরি**

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬ এবং ১৯৯৬-৯৭ আর্থিক বছরে রাজ্যে কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজন তফসিলি জাতি, তফসিলি উপজাতি ও ও. বি. সি. প্রার্থী চাকুরি পেয়েছেন?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উক্ত আর্থিক বছরে চাকুরি প্রাপকের পরিসংখ্যান নিম্নরূপ ঃ-

| আর্থিক বছর | তফসিলি জাতি | তফসিলি উপজাতি | ও.বি.সি |
|---|---|---|---|
| ১৯৯৪-৯৫ | ২৪৫৯ | ৪৮৮ | — |
| ১৯৯৫-৯৬ | ১৭৮৯ | ৪২০ | — |
| ১৯৯৬-৯৭ | ১৯২৫ | ৫৩২ | ২০৫ |

১৯৯৬ সাল থেকে ও বি সি সার্টিফিকেট চালু হয়েছে। তাই শুধুমাত্র ১৯৯৬-৯৭ সালের পরিসংখ্যান দেওয়া হল।

**বীরভূম জেলায় ভূগর্ভস্থ কয়লা উত্তোলন**

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩) **শ্রী তপন হোড় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার ভূগর্ভে প্রচুর পরিমাণে কয়লা মজুত আছে ; এবং

(খ) সত্যি হলে, ভূগর্ভস্থ কয়লা উত্তোলনে সরকারিভাবে কোনও উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, বীরভূম জেলার ভূগর্ভে কিছু পরিমাণ কয়লা মজুত আছে।

(খ) না।

**বাঁকুড়া জেলায় পাটিত গ্রামের গ্রন্থাগারের কর্মীসংখ্যা**

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার পাত্রসায়ের থানার পাটিত গ্রামের সরকার অনুদানপ্রাপ্ত গ্রন্থাগারটিতে বর্তমানে গ্রন্থাগারিকসহ অন্যান্য পদে কত জন কর্মরত রয়েছেন ;

(খ) উক্ত গ্রন্থাগারে মোট পুস্তক সংখ্যা এবং পাঠকসংখ্যা কত ; এবং

(গ) উক্ত গ্রন্থাগারটির উন্নয়নের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গ্রন্থাগারটি সরকার অনুমোদিত একটি গ্রামীণ গ্রন্থাগার। অনুমোদিত কর্মীসংখ্যা ২ জন। ১ জন গ্রন্থাগারিক ও ১ জন সাইকেল পিওন। বর্তমানে এই ২ জন কর্মী গ্রন্থাগারে কর্মরত রয়েছেন।

(খ) গ্রন্থাগারের মোট পুস্তকসংখ্যা-২,২৩৯। পাঠক সংখ্যা নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| সাধারণ সদস্য | ৩৯০ জন |
| শিশু সদস্য | ৪২ জন |
| নবসাক্ষর সদস্য | ১৩ জন |
| মোট সদস্য | ৪৪৫ জন |

(গ) গ্রন্থাগারের মোট জমির পরিমাণ ৮ ডেসিমেল। এখানে ৮২০ বর্গফুটের একটি কাঁচা মাটির তৈরি বাড়ি আছে। ১৯৯৪-৯৫ আর্থিক বছরে এখানে ৮৩০ বর্গফুটের তিন কক্ষবিশিষ্ট নতুন পাকা ভবন নির্মাণ করা হয়েছে। এই নির্মাণের মোট আর্থিক খরচ ১ লক্ষ ৮৩ হাজার টাকা। এই টাকা নিম্নলিখিতভাবে সংগৃহীত হয়েছে?

পশ্চিমবঙ্গের সরকারের অনুদান—১ লক্ষ ৮ হাজার টাকা। রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশনের অনুদান। (ম্যাচিং স্কীম থেকে অনুদান)—৫০ হাজার টাকা। (এর মধ্যে ২৫ হাজার টাকা পশ্চিমবঙ্গ সরকারের)। গ্রন্থগার থেকে স্থানীয় উদ্যোগে সংগৃহীত—২৫ হাজার টাকা। মোট—১ লক্ষ ৮৩ হাজার টাকা। গ্রন্থাগারটিতে শিশু বিভাগের জন্য রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশন হতে ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ৫ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

এছাড়া, গ্রন্থাগার ভবনে বৈদ্যুতিক ব্যবস্থার জন্য ৪৬ হাজার টাকার একটি প্রস্তাব আর্থিক বছরে রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশনে পাঠানো হয়েছে। প্রস্তাবটি বিবেচনাধীন।

**দক্ষিণ ২৪ পরগনায় সহায়তা প্রকল্পভুক্ত প্রাপক ও ব্লকের সংখ্যা**

৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৯০) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিস ডেভেলপমেন্ট অ্যান্ড ফাইনান্স কর্পোরেশন-এর মাধ্যমে ২৪ পরগনা জেলার কোন কোন ব্লকে কতজনকে সহায়তা প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পে ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক)

| ব্লক | উপকৃতের সংখ্যা |
|---|---|
| ১। সাগর | ৩ |
| ২। ক্যানিং ১নং ও ২নং | ৫ |
| ৩। ডায়মন্ডহারবার ১ নং ও ২নং | ৭ |
| ৪। কাকদ্বীপ | ১ |
| ৫। ভাঙ্গড় ১নং ও ২নং | ৪ |
| ৬। পাথরপ্রতিমা | ১ |
| ৭। বিষ্ণুপুর ২নং | ২৪ |
| মোট | ৪৫ |

(খ) ১৯৯৬-৯৭ আর্থিক বছরে কোনও অর্থ ব্যয় করা যায়নি।

**পাথরপ্রতিমা স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার, কম্পাউন্ডার ও শয্যা-বৃদ্ধি**

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩০০) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমা এলাকার মাধবনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা ও ডাক্তার সংখ্যা বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) ব্রজবল্লভপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের কোনও কম্পাউন্ডার পদ খালি আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত পদ পূরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই মুহূর্তে মাধবনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা ও ডাক্তার সংখ্যা বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের নেই।

(খ) বর্তমানে ব্রজবল্লভপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের ১ (এক)টি ফার্মাসিস্ট পদ খালি আছে।

(গ) উক্ত পদটি শীঘ্রই পূরণ করা হবে বলে আশা করা যায়। নতুন ফার্মাসিস্ট পদের জন্য তালিকা প্রস্তুতির পথে।

## সেসরু স্কীমে লোন

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০১) শ্রী গোপালকৃষ্ণ দে ঃ কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬-৯৭ আর্থিক বছরে সেসরু স্কীমে কতজনকে লোন দেওয়া সম্ভব হয়েছে?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উক্ত আর্থিক বছরে সেসরু স্কীমে ১০৫৩ জনকে লোন দেওয়া সম্ভব হয়েছে।

## দক্ষিণ ২৪ পরগনায় পাট্টাপ্রাপ্ত ভূমিহীন কৃষকের সংখ্যা

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৮) শ্রী গোপালকৃষ্ণ দে ঃ ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় পাট্টাপ্রাপ্ত ভূমিহীন কৃষকের সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত কত পরিমাণ খাস জমি বিলি করা সম্ভবপর হয় নি (ব্লকওয়ারি পরিসংখ্যান) ; এবং

(গ) ভূমিহীনদের মধ্যে উক্ত জমি কবে নাগাদ বিলি করা সম্ভব বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১,৪৫,৫৯৩ জন।

(খ)

| ব্লকের নাম | বিলিকরা বাকি এখন জমির পরিমাণ |
|---|---|
| ১। বারুইপুর | — |
| ২। ভাঙ্গড়-১ | ৬৬১.২৭ একর |
| ৩। ভাঙ্গড়-২ | — |
| ৪। বিষ্ণুপুর-১ | ৭.১৪ একর |
| ৫। বিষ্ণুপুর-২ | ২.৪৩ একর |
| ৬। বজবজ-১ | — |
| ৭। বজবজ-২ | — |
| ৮। ক্যানিং-১ | ২০৯.২৭ একর |
| ৯। ক্যানিং-২ | ১১৯.০১ একর |
| ১০। জয়নগর-১ | ১৩.৩৬ একর |
| ১১। জয়নগর-২ | — |
| ১২। বাসন্তী | ৮৫.৮৯ একর |
| ১৩। টি/এম | — |
| ১৪। কুলতলি | ৩৭৬.১৪ একর |
| ১৫। সোনারপুর | ২৫৫.৫৮ একর |
| ১৬। গোসাবা | ১০১.২২ একর |
| ১৭। ডায়মন্ডহারবার-১ | — |
| ১৮। ডায়মন্ডহারবার-২ | ২৮.২৩ একর |
| ১৯। মথুরাপুর-১ | — |
| ২০। মথুরাপুর-২ | ৩৪৭.৮৪ একর |
| ২১। মগরাহাট-১ | ১১.১১ একর |
| ২২। মগরাহাট-২ | ৩১.৭৫ একর |

| ব্লকের নাম | বিলিকরা বাকি এখন জমির পরিমাণ |
|---|---|
| ২৩। মন্দিরবাজার | ১২২.০৩ একর |
| ২৪। নামখানা | — |
| ২৫। কুলপি | ১২৩.৪৮ একর |
| ২৬। কাকদ্বীপ | ৬০১.১৭ একর |
| ২৭। পাথরপ্রতিমা | ৩২১.৮৪ একর |
| ২৮। ফলতা | ৩৭.৬৪ একর |
| ২৯। সাগর | ১০.৫০ একর |
| মোট | ৩৪৬৬.৯০ একর |

(গ) পঞ্চায়েত সমিতির (বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি) সুপারিশ সময়মতো পেলে এক বছরের মধ্যে আশা করা যায়।

### স্বাধীনতার সুবর্ণজয়ন্তীবর্ষে প্রতিষ্ঠিত ফলকের সংখ্যা

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৫) **শ্রী সুকুমার দাস ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীবর্ষে কতগুলি ফলক প্রতিষ্ঠা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং স্থানগুলির নাম কি?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পূর্তদপ্তর এরূপ কোনও পরিকল্পনা গ্রহণ করেনি।

### বাংলা ভাষায় ভারতীয় সংবিধান প্রকাশন

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাংলা ভাষায় ভারতীয় সংবিধানের তৃতীয় সংস্কারণ প্রকাশন বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত সংস্করণটি প্রকাশ করা যাবে বলে আশা করা যায়?

**আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যেহেতু এইরূপ প্রকাশনের মোট খরচ ভারত সরকারের বিধিমন্ত্রক বহন করেন সেহেতু, ঐ মন্ত্রকের সম্মতি ছাড়া সংস্করণটি প্রকাশ করার নির্দিষ্ট সময় বলা সম্ভব নয়।

## রাজ্যে রুগ্নশিল্পের পুনর্বাসন

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে কতগুলি রুগ্নশিল্প ও কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বি আই এফ আর-এর কাছে পাঠানো হয়েছে ;

(খ) তন্মধ্যে, উভয় ক্ষেত্রে কতগুলির ক্ষেত্রে পুনর্বাসন প্রস্তাব মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) সেগুলি কি কি?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাসহ রাজ্যের মোট ১৮৮টি সংস্থা বি আই এফ আর-এ নথিভুক্ত হয়েছে।

(খ) তন্মধ্যে বেসরকারি ক্ষেত্রে ৩৪টির ও কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত ৯টি সংস্থার ক্ষেত্রে পুনর্বাসন প্রস্তাব মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) **বেসরকারি ক্ষেত্র**

১। এ সি সি ব্যাবকক লিঃ
২। অনন্তপুর টেক্সটাইলস লিঃ
৩। এশিয়াটিক অক্সিজেন লিঃ
৪। বেঙ্গল ইনগট কোম্পানি লিঃ
৫। বজবজ রিফাইনারিজ লিঃ
৬। ক্যালকাটা কেমিক্যালস্ লিঃ
৭। ক্যালকাটা সিল্ক ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিঃ

১৮। জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
১৯। কাঞ্চন অয়েল ইন্ডাস্ট্রিজ
২০। খৈতান অ্যাগ্রো কমপ্লেক্স লিঃ
২১। কোলম্যাক্ কেমিক্যালস্ লিঃ
২২। ক্রেবস্ অ্যান্ড সাই লিঃ
২৩। লাইট মেটাল ইন্ডাস্ট্রিজ লিঃ
২৪। মেটাল বক্স লিঃ

৮। দিগ্বীজয় কোম্পানি লিঃ
৯। দুর্গাপুর ম্যানিয়েবলস্ প্রাঃ লিঃ
১০। ঈগল লিথোগ্রাফিক কোং প্রাঃ লিঃ
১১। এভারেস্ট পেপার মিলস্ লিঃ
১২। ফোর্ট উইলিয়াম কোং লিঃ (রোপ ওয়ার্কস)
১৩। গ্রামোফোন কোম্পানি অব ইন্ডিয়া লিঃ
১৪। গ্রাফিটেক ইন্ডিয়া লিঃ
১৫। গুলমোহর পেপারস লিঃ
১৬। হিমালয় রাবার প্রোডাক্টস লিঃ
১৭। ইন্ডিয়া হার্ড মেটালস লিঃ
২৫। নিফা স্টীলস লিঃ
২৬। সিল্ (ইন্ডিয়া) লিঃ
২৭। স্যাং কি হুইলস্ লিঃ
২৮। স্মলস টুলস ম্যানুফ্যাকচারি কোং লিঃ
২৯। সুপ্রীম পেপার মিলস্ লিঃ
৩০। সোয়ান মিলস্ লিঃ
৩১। টাটা ডেভি লিঃ
৩২। টিটাগড় পেপার মিলস্
৩৩। ইউনিভার্সাল পেপার মিলস্
৩৪। ভেজিটেবল্ প্রোডাক্টস লিঃ

**কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থা**

১। বেঙ্গল কেমিক্যাল অ্যান্ড ফার্মাসিউটিক্যালস লিঃ
২। বেঙ্গল ইমিউনিটি লিঃ
৩। ভারত ব্রেক্স অ্যান্ড ভালব্ লিঃ
৪। বিকো লরি লিঃ
৫। ব্রেথওয়েট অ্যান্ড কোম্পানি লিঃ
৬। দামোদর সিমেন্ট অ্যান্ড স্লাগ লিঃ
৭। রেরোল বার্ণ লিঃ
৮। স্মিথ স্টানিস্ট্রীট অ্যান্ড ফার্মাসিউটিক্যালস লিঃ
৯। টায়ার কর্পোরেশন অব ইন্ডিয়া লিঃ

**গ্রামাঞ্চলে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী পরিবারের সংখ্যা**

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ নির্ধারিত সমীক্ষা-তালিকা অনুযায়ী রাজ্যে গ্রামাঞ্চলে বসবাসকারী দারিদ্র্যসীমার নিচে পরিবারের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে 'ক' শ্রেণীভুক্ত পরিবারের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত তালিকা অনুয়ায়ী ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত মোট কতসংখ্যক পরিবারকে দারিদ্র্যসীমার উপরে উন্নীত করা সম্ভব হয়েছে (জেলওয়ারি)?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সর্বশেষ নির্ধারিত সমীক্ষা-তালিকা প্রকাশিত হয়েছিল অষ্টম পরিকল্পনা শেষে। অষ্টম পরিকল্পনাকালে নির্ধারিত সমীক্ষায় জানা যায় যে, ৯৫ লক্ষ ৯৯ হাজার ২ শত ৩৬টি গ্রামীণ পরিবারের মধ্যে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী পরিবারের সংখ্যা—৪৩,৮৯,৬৮৯ অর্থাৎ মোট গ্রামীণ পরিবারের ৪৫.৭৩ শতাংশ।

(খ) যেহেতু অষ্টম পরিকল্পনার সমীক্ষায় বর্তমান সীমাঙ্কার মতো 'ক' বা 'খ' শ্রেণী ছিল না তাই 'ক' শ্রেণীভুক্ত পরিবারের সংখ্যা কত বলা সম্ভব নয়। কিন্তু 'ক' শ্রেণীভুক্ত বলতে যদি দারিদ্র্যসীমার উপরের পরিবারগুলিকে বোঝায়, তাহলে প্রকাশিত সমীক্ষায় দেখা গেছে ৯৫,৯৯,২৩৬ পরিবারের মধ্যে ৫২,০৯,৫৫০ দারিদ্র্যসীমার উপরে অর্থাৎ 'ক' শ্রেণীভুক্ত ছিল। অর্থাৎ ৪৪.২৭ শতাংশ।

(গ) কোন সময়সীমাকে ভিত্তি করে প্রশ্নটি করা হয়েছে তা নির্দিষ্ট না থাকায় এ প্রশ্নের কোনও উত্তর দেওয়া সম্ভব নয়।

### ঝিকড়া সেতুর পুনঃ নির্মাণ

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার মেমারি-মন্তেশ্বর রোডে বাঁকা নদীর উপর ভেঙ্গে পড়া ঝিকড়া সেতুটির পুনঃ নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সেতুটি পুনর্নির্মাণের কাজ চলছে এবং এরজন্য প্রয়োজনীয় বোর্ পাইল (Bore Pile)-এর কাজ ইতিমধ্যে শেষ হয়েছে।

### পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেলগাছিয়া পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে পঠন-পাঠনের কাজ কবে থেকে আরম্ভ হয়েছে ;

(খ) আরম্ভের সময় আসন সংখ্যা কত ছিল ;

(গ) বর্তমানে আসন সংখ্যা কত ; এবং

(ঘ) বিষয়ভিত্তিক আসন সংখ্যা কত?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৫-৯৬ সালের শিক্ষাবর্ষ থেকে এই বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠনের কাজ আরম্ভ হয়েছে।

(খ) মোট ৩৭০টি।

(গ) মোট ৫৬৬টি।

(ঘ) বিষয়ভিত্তিক আসন সংখ্যা নিম্নরূপ ঃ

**১। প্রাথমিক পর্যায়ে আসন সংখ্যার বিন্যাস**

| বিষয় | স্নাতক পর্যায় | স্নাতকোত্তর পর্যায় | গবেষণা পর্যায় |
|---|---|---|---|
| (ক) পশুপালন ও প্রাণীবিজ্ঞান | ১০০ | ১০৮ | ৬০ |
| (খ) দোহ কারিগরি | ৩০ | ২৭ | ১৫ |
| (গ) মৎস্য বিজ্ঞান | ৩০ | — | — |

**২। বর্তমান পর্যায়ে আসন সংখ্যার বিন্যাস**

| | | | |
|---|---|---|---|
| (ক) পশুপালন ও প্রাণী-বিজ্ঞান | ১০০ | ১০৮ | ৬০ |
| (খ) দোহ কারিগরি | ১০০ | ১০৮ | ৬০ |
| (গ) মৎস্য বিজ্ঞান | ৩০ | — | — |

**ভূমিহীন কৃষকদের জন্য প্রভিডেন্ট ফান্ড প্রকল্প**

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৭-৯৮ আর্থিক বছর থেকে রাজ্যের ভূমিহীন কৃষকদের জন্য এক নতুন প্রভিডেন্ট ফান্ড প্রকল্প চালু করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ১৯৯৮ সালের ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত মোট কত সংখ্যক ভূমিহীন কৃষক উক্ত প্রকল্পের আওতায় এসেছেন?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এই বিভাগের অধীনে এরূপ কোনও প্রকল্প চালু হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলকাতা হাইকোর্ট আইন আধিকারিকদের পদ সৃষ্টি**

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের বিরুদ্ধে প্রতিটি মামলার আত্মপক্ষ সমর্থনের জন্য কলকাতা হাইকোর্টে আইন আধিকারিকদের কোনও পদ সৃষ্টি করা হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, মোট কতগুলি পদ সৃষ্টি করা হয়েছে ; এবং

(গ) উক্ত পদগুলি পূরণ করা হয়েছে/হচ্ছে কি না?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) দুটি অতিরিক্ত সরকারি উকিল (জি পি), পাঁচটি বরিষ্ঠ সরকারি আইনজীবী এবং সাতটি কনিষ্ঠ সরকারি আইনজীবীর পদ সৃষ্টি করা হয়েছে।

(গ) উক্ত পদগুলি পূরণ করা হয়েছে।

**রাজ্যে সিনেমা হলের সংখ্যা**

২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সিনেমা হলের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি সিনেমা হলে বাংলা ছবি দেখানো হয় না?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে সিনেমা হলের সংখ্যা ৭২২।

(খ) প্রায় ৭০ শতাংশ সিনেমা হলে বাংলা ছবি দেখানো হয় না।

## রাজ্যে প্রাথমিক বিদ্যালয় স্থাপন

২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিদ্যালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরের রাজ্যে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, প্রাথমিক বিদ্যালয় স্থাপনের নির্দিষ্ট কোনও লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে জেলাভিত্তিক সংখ্যা কত?

**বিদ্যালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

.) আছে।

(খ) এক হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

(গ) নিচের তালিকায় দেওয়া হল ঃ

**তালিকা**

| জেলা | নতুন প্রাথমিক বিদ্যালয় যা স্থাপিত হবে তার সংখ্যা |
|---|---|
| ১। কোচবিহার | ৩৯ |
| ২। জলপাইগুড়ি | ৪৫ |
| ৩। দার্জিলিং (ডি জি এইচ সি) | ১২ |
| ৪। শিলিগুড়ি (মহকুমা পরিষদ) এলাকা | ৬ |
| ৫। দক্ষিণ দিনাজপুর | ১৪ |
| ৬। মালদা | ৩০ |
| ৭। মুর্শিদাবাদ | ৭৫ |
| ৮। নদীয়া | ৭০ |
| ৯। উত্তর ২৪ পরগনা | ৯২ |
| ১০। দক্ষিণ ২৪ পরগনা | ১২০ |
| ১১। হাওড়া | ৫২ |
| ১২। হুগলি | ৬৬ |

| | জেলা | নতুন প্রাথমিক বিদ্যালয় যা স্থাপিত হবে তার সংখ্যা |
|---|---|---|
| ১৩। | মেদিনীপুর | ১১০ |
| ১৪। | বাঁকুড়া | ২৮ |
| ১৫। | পুরুলিয়া | ২২ |
| ১৬। | বর্ধমান | ৭৬ |
| ১৭। | বীরভূম | ৩২ |
| ১৮। | উত্তর দিনাজপুর | ২৩ |
| ১৯। | কলকাতা/জেলা/দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের শহরাঞ্চল | ৮৮ |
| ২০। | কলকাতা এবং অন্যান্য এলাকা | — |
| | | ১০০০ |

## বাংলা ভাষায় বিশ্বকোষ রচনা

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬) **শ্রী আবু আয়েশ মন্ডল :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাংলা ভাষায় বিশ্বকোষ রচনার কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, উক্ত পরিকল্পনাটি কিরূপ ; এবং

(গ) কবে নাগাদ উক্ত বিশ্বকোষ রচনার কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অধীন পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বাংলা ভাষায় বিশ্বকোষ রচনার পরিকল্পনা নিয়েছে।

(খ) আপাতত এক খন্ডে একটি বিশ্বকোষ প্রকাশের পরিকল্পনা হয়েছে। ইংরেজিতে কলিনস বা হ্যামলিন বিশ্বকোষ যেমন আছে অনেকটা ঐ ধরনের। সংক্ষিপ্ত অথচ নির্ভুল এবং সর্বশেষ তথ্যসম্বলিত একটি কাজের উপযোগী সংকলন। সাধারণ পাঠকের ক্রয় ক্ষমতা ও সংগ্রহ করার সীমাবদ্ধতার বিষয় মনে রেখেই এক খন্ডে বিশ্বকোষ রচনা ও প্রকাশের সিদ্ধান্ত করা হয়েছে। এটি যথাসম্ভব চিত্রসম্বলিত হবে।

(গ) রচনার কাজ চলছে। আশা করা যায় আগামী বছর দুয়েকের মধ্যে রচনা সম্পন্ন হয়ে প্রকাশ করা সম্ভব হবে।

**জাতীয় সড়কের সংস্কারের জন্য ঋণ**

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০) **শ্রী আবু আয়েশ মন্ডল :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার রানিগঞ্জ-বরাকর জাতীয় সড়কটি সংস্কারের জন্য বিশ্বব্যাঙ্কের ঋণ গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, সংশ্লিষ্ট কাজে বিশ্বব্যাঙ্কের ঋণের পরিমাণ কত ; এবং

(গ) কবে নাগাদ উক্ত কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। ভারত সরকারের ভূতল পরিবহন মন্ত্রক জাতীয় সড়ক (রানিগঞ্জ-বরাকর) সংস্কারের জন্য বিশ্বব্যাঙ্কের ঋণ গ্রহণ করেছে।

(খ) বিশ্বব্যাঙ্কের ঋণের পরিমাণ আনুমানিক ৭০ কোটি টাকা।

(গ) উক্ত সড়ক সংস্কারের কাজ ১৯৯৭ সালের অক্টোবর মাস থেকে শুরু হয়েছে।

**বর্ধমান জেলার মন্তেশ্বর-দেনুড় সড়ক নির্মাণ**

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১) **শ্রী আবু আয়েশ মন্ডল :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার মন্তেশ্বর-দেনুড় সড়কটি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত নির্মাণকাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) নির্মাণকাজ শুরু করার পূর্বে অনুক্রমিকভাবে জেলা পরিকল্পনা সমিতি, রাজ্য পরিকল্পনা পর্ষদ এবং অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন। প্রথম পর্যায়ে জেলা পরিকল্পনা সমিতির অনুমোদন চাওয়া হয়েছে। উক্ত তিন কর্তৃপক্ষের অনুমোদনলাভের পরেই রাস্তাটির নির্মাণকাজ শুরু করা হবে।

**রাজ্যে সাক্ষরতার হার**

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত এ রাজ্যে সাক্ষরতা অভিযানের বিভিন্ন পর্যায়ে মোট কত নিরক্ষর মানুষ সাক্ষর হয়েছেন ; এবং

(খ) এজন্য ব্যয়িত অর্থের মোট পরিমাণ কত (জেলাওয়ারি)?

**শিক্ষা (প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৭৯.১০ লক্ষ মানুষ সাক্ষর হয়েছেন।

(খ) মোট ৪,৮৪৯.৭০ লক্ষ টাকা।

**জেলাওয়ারি হিসাব (লক্ষ টাকায়)**

| | |
|---|---|
| বাঁকুড়া | ২৮৬.৭০ |
| কুচবিহার | ২৭১.৩২ |
| হাওড়া | ১৪১.৯৭ |
| জলপাইগুড়ি | ৪৬০.৩১ |

**জেলাওয়ারি হিসাব (লক্ষ টাকায়)**

| | |
|---|---|
| মেদিনীপুর | ৫১৩.৬০ |
| মুর্শিদাবাদ | ৪৫৫.৩৪ |
| নদীয়া | ৩৪১.০০ |
| উত্তর ২৪ পরগনা | ৫০৭.৪৬ |
| দক্ষিণ ২৪ পরগনা | ৪১৫.০০ |
| হুগলি | ৩৩৭.০০ |
| পুরুলিয়া | ২৯৯.০০ |
| বর্ধমান | ৪৭৫.০০ |
| বীরভূম | ৩৩৬.০০ |
| মোট | ৪,৮৪৯.৭০ |

**রাজ্যে গ্রামীণ গ্রন্থাগারে গ্রন্থাগারিকের শূন্যপদ**

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বহু গ্রামীণ গ্রন্থাগারের গ্রন্থাগারিকের পদ দীর্ঘদিন যাবত শূন্য আছে ;

(খ) সত্যি হলে, কতগুলি গ্রামীণ গ্রন্থাগারের উক্ত পদ শূন্য আছে ; এবং

(গ) উক্ত শূন্যপদগুলি পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২৪১টি গ্রামীণ গ্রন্থাগারে গ্রন্থাগারিকের পদ শূন্য আছে।

(গ) শূন্যপদগুলি সরাসরি (শতকরা ৫০ ভাগ) ও পদোন্নতির (শতকরা ৫০ ভাগ) মাধ্যমে পূরণ করার জন্য নিয়োগবিধি গত বছর প্রকাশিত হয়েছে। এই নিয়োগবিধি অনুযায়ী সংশ্লিষ্ট জেলা গ্রন্থাগার কৃত্যক (এল এল এ) নিয়োগ করবেন।

অনেক ক্ষেত্রে পদগুলি পূরণের হাইকোর্ট ও অন্যান্য আদালতে দাখিল মামলার আইনগত জটিলতা ও কিছু প্রশাসনিক জটিলতা আছে। তা সত্ত্বেও শূন্যপদগুলি পূরণ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। আগামী আর্থিক বছরের মধ্যে শূন্যপদগুলি পূরণ করা যাবে বলে আশা করা যায়।

**সংখ্যালঘু বেকারদের জন্য বিশেষ স্বনিযুক্তি প্রকল্প**

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৯) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে সংখ্যালঘু বেকারদের জন্য রাজ্য সরকার বিশেষ স্বনিযুক্তি প্রকল্প চালু করেছেন ;

(খ) সত্যি হলে, প্রকল্পটির সংক্ষিপ্ত রূপরেখা ;

(গ) কখন থেকে প্রকল্পটি চালু করা হয়েছে ; এবং

(ঘ) ২৮-২-৯৮ পর্যন্ত উপকৃতের সংখ্যা কত?

**সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের সহযোগিতায় বিজ্ঞাপিত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মানুষের আর্থিক উন্নয়নের নিমিত্ত স্বনিযুক্তি প্রকল্পে ঋণ প্রদানের জন্য পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম স্থাপন করা হয়েছে। এই প্রকল্পের আওতাভুক্ত তাঁরাই হবেন—(১) যারা সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা, (২) যাদের পরিবারের বার্ষিক আয় অনূর্ধ ২২,০০০.০০ (বাইশ হাজার) টাকা এবং (৩) যাদের সংশ্লিষ্ট প্রকল্পে পূর্বে অভিজ্ঞতা আছে।

প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থের ৮৫ শতাংশ যোগান দেবে জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম ১০ শতাংশ দেবে রাজ্য সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম এবং ৫ শতাংশ দেবে উপভোক্তা নিজে। ঋণের অর্থ ৫ (পাঁচ) বছরে পরিশোধযোগ্য এবং সুদের হার বার্ষিক ৭ শতাংশ। এখনও পর্যন্ত একজন ঋণগ্রহীতা সর্বোচ্চ ১ (এক) লক্ষ টাকা ঋণ পেতে পারেন।

(গ) ১৯৯৬ সালের ৮ই জানুয়ারি থেকে প্রকল্পটি চালু করা হয়েছে।

(ঘ) ২৮-২-৯৮ পর্যন্ত উপকৃতের সংখ্যা হল ৬৭২ জন।

## ১৯৯৭ বর্ষে রাজ্যে লোক-আদালতের সংখ্যা

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩১) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৭ পঞ্জিকা বর্ষে রাজ্যে কোনও লোক-আদালত অনুষ্ঠিত হয়েছিল কি না ;

(খ) হয়ে থাকলে, মোট কতগুলি লোক-আদালত অনুষ্ঠিত হয়েছিল ; এবং

(গ) সেগুলি কোথায় কোথায় অনুষ্ঠিত হয়েছিল?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) ১১টি।

(গ) বর্ধমান, পুরুলিয়া, কলকাতা, চুঁচুড়া, রায়গঞ্জ, বারাসাত, শিলিগুড়ি, মালদা, কল্যাণী এবং রানাঘাটে।

**রাজ্যে খাজনায় ছাড় পাওয়া জোতের সংখ্যা**

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ কৃষিসুমারি অনুযায়ী এ রাজ্যে খাজনা ছাড়ের আওতায় পড়ে এমন জোতের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, খাজনা ছাড়ের সার্টিফিকেটপ্রাপ্ত জোতের সংখ্যা কত (জেলাভিত্তিক)?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) খাজনা মকুবযোগ্য জোতের সংখ্যা নির্ণয় কৃষিসুমারির অন্তর্ভুক্ত নয়।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ অপ্রাসঙ্গিক।

**প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য সরকারি প্রশিক্ষণকেন্দ্র**

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৪১) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বভারতীয় বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষা বিষয়ে সহায়তার উদ্দেশ্যে এ রাজ্যে শিক্ষার্থীদের জন্য কোনও সরকারি প্রশিক্ষণকেন্দ্র চালু করা হয়েছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে এ ধরনের মোট কতগুলি কেন্দ্র চালু হয়েছে ; এবং

(গ) কেন্দ্রগুলি কি কি ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উচ্চশিক্ষা বিভাগের অধীনে এরূপ কোনও সরকারি প্রশিক্ষণকেন্দ্র চালু করা হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**পর্যটন শিক্ষায় বৃত্তি প্রকল্প**

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পর্যটন শিক্ষায় ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি প্রকল্প চালু হয়েছে ;

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত প্রকল্প চালু করা হয়েছে ; এবং

(গ) ছাত্র-ছাত্রীদের মধ্যে কারা এই সুযোগ পাবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এখনও কোনও বৃত্তি প্রকল্প চালু হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এখনই প্রশ্ন ওঠে না।

**বজবজ কলেজে নতুন অনার্স কোর্স চালুর পরিকল্পনা**

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৬১) **শ্রী অশোককুমার দেব ঃ** উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ কলেজে নতুন কোনও বিষয়ে পাঠনের ব্যবস্থা এবং অনার্স কোর্স চালু করার পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) পরিকল্পনা থাকলে,

(১) কোন কোন বিষয়ে এবং

(২) কতদিনে চালু হবে বলে আশা করা যায়?

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এই মুহূর্তে কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**আবাসনের ভাড়া হ্রাসের প্রস্তাব**

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭) **শ্রী অশোককুমার দেব ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারের অধীন আবাসনগুলির ভাড়া কমানোর জন্য কোনও প্রস্তাব

সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কয়েকটি আবাসনের ভাড়াবৃদ্ধি সংক্রান্ত কিছু অসঙ্গতি দূর করা ব্যতিরেকে এরকম কোনও প্রস্তাব নেই।

(খ) অসঙ্গতিগুলি সত্বর দূর করা হবে।

**বজবজ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ স্থানান্তরকরণের প্রস্তাব**

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭০) **শ্রী অশোককুমার দেব ঃ** কর্মবিনিয়োগ এবং কর্মচারী রাজ্য বিমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বেহালা থেকে বজবজে স্থানান্তরিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত স্থানান্তরকরণ হবে বলে আশা করা যায়?

**কর্মবিনিয়োগ এবং কর্মচারী রাজ্য বিমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বজবজে হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল স্থাপনের প্রস্তাব**

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪) **শ্রী অশোককুমার দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ এলাকায় নতুন কোনও হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বজবজে মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিকে উন্নীতকরণের প্রস্তাব**

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫) **শ্রী অশোককুমার দেব ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ বিধানসভা কেন্দ্রের অধীন কতগুলি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত করার পরিকল্পনা আছে ; এবং

(খ) তন্মধ্যে ২৮-২-৯৮ পর্যন্ত কয়টি স্কুল অনুমোদন পেয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিধানসভায় এলাকাভিত্তিক স্কুলের কোনও তথ্য শিক্ষা বিভাগের কিম্বা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে রাখা হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বজবজ গ্রন্থাগারগুলির সংস্কার**

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭) **শ্রী অশোককুমার দেব ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ এলাকার গ্রন্থাগারগুলি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, কোন কোন গ্রন্থাগারগুলি সংস্কার করা হবে ;

(গ) কবে নাগাদ কাজটি শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(ঘ) উক্ত কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে সরকারি ও সরকার পোষিত গ্রন্থাগারগুলির সংস্কার ও উন্নয়নের পরিকল্পনা সরকারের আছে। শুধু মাত্র বজবজ এলাকার জন্য কোনও পৃথক পরিকল্পনা নেই।

বিভাগীয় বাজেট বরাদ্দ অনুযায়ী গ্রন্থাগারগুলির সংস্কার ও উন্নয়নের জন্য অনুদান মঞ্জুর করা হয়। সংশ্লিষ্ট গ্রন্থাগারগুলি প্রয়োজনীয় তথ্য প্ল্যান ও এস্টিমেট, পূর্ববর্তী অনুদান শংসাপত্র ইত্যাদি দিয়ে সংশ্লিষ্ট জেলার জেলা গ্রন্থাগার আধিকারিকের কাছে প্রস্তাব পেশ করেন। সংশ্লিষ্ট জেলা গ্রন্থাগার কর্তৃক (এল এল এ)-এর সুপারিশসহ প্রস্তাবটি বিভাগীয় দপ্তর থেকে অর্থ দপ্তরে অনুমোদনের জন্য পেশ করা হয়। অনুমোদিত টাকা চেকের মাধ্যমে

সংশ্লিষ্ট গ্রন্থাগারকে দেওয়া হয়।

(খ) উপরিলিখিত উত্তর অনুযায়ী পরিকল্পনা সার্বিকভাবে সমস্ত রাজ্যের জন্য। বজবজ এলাকার গ্রন্থাগারগুলির সংস্কারের জন্য প্রস্তাব এলে বিবেচিত হবে।

(গ) প্রতি আর্থিক বছরে এই ধরনের সংস্কার কাজের জন্য অনুদান মঞ্জুর করা হয়।

(ঘ) প্রতি আর্থিক বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী গ্রন্থাগারগুলির সংস্কার করার জন্য প্রস্তাব মঞ্জুর করা হয়।

**বজবজ ট্রাম টার্মিনাল নির্মাণের পরিকল্পনা**

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮) **শ্রী অশোককুমার দেব ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ ট্রাম টার্মিনাল নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে ; এবং

(গ) উক্ত কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

লকআপে বন্দি-মৃত্যু

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩) **শ্রী অশোককুমার দেব ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১লা জানুয়ারি, ১৯৯৭ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত লকআপে-বন্দি মৃত্যুর সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে কতগুলির ক্ষেত্রে তদন্ত হয়েছে ; এবং

(গ) তদন্তে শাস্তিপ্রাপ্তির সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে বিচার-বিভাগীয় হেপাজতে ১লা জানুয়ারি, ১৯৯৭ থেকে ৩১শে

ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত মোট ৪১ জন মারা গেছে।

(খ) উল্লিখিত ৪১ জন মৃত বন্দির ক্ষেত্রেই তদন্ত হয়েছে।

(গ) তদন্তে কোনও ব্যক্তিই শাস্তি পায়নি।

## আলুচাষীদের উন্নতি ও হিমঘর বৃদ্ধি

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫) **শ্রী অশোককুমার দেব ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আলুচাষীদের উন্নতির জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(খ) বেশি সংখ্যায় আলু সংগ্রহের লক্ষ্যে সরকারের হিমঘর বৃদ্ধির কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) হয়ে থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আলুচাষীদের উন্নতির জন্য রাজ্যে আরও অধিক সংখ্যায় হিমঘর স্থাপনের অনুমতি দেওয়া হয়েছে। এ রাজ্য থেকে আলু রপ্তানির ব্যাপারে যে নিষেধাজ্ঞা ছিল পশ্চিমবঙ্গ সরকারের প্রয়াসে কেন্দ্রীয় সরকার সেই নিষেধাজ্ঞা তুলে নিয়েছেন। হিমঘরে যাতে কৃষকেরা অধিক পরিমাণে আলু রাখতে পারেন সেজন্য পশ্চিমবঙ্গ হিমঘর রুলের কিছু সংশোধন করা হয়েছে ;

(খ) না। তবে অধিক পরিমাণে আলু সংরক্ষণে সাহায্য করতে অধিক সংখ্যায় নতুন হিমঘর নির্মাণের অনুমতি দেওয়া হচ্ছে ; এবং

(গ) নতুন হিমঘরগুলির ১৯৯৮ সালের মধ্যে নির্মাণের কার্য শেষ হবে বলে আশা করা যায়

## পাথরপ্রতিমায় কলেজ স্থাপনের প্রস্তাব

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার অন্তর্গত পাথরপ্রতিমা থানা এলাকায় কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই মুহূর্তে এই রকম কোনও পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

**পশু-চিকিৎসকের শূন্য পদের সংখ্যা**

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮) **শ্রী তপন হোড় ঃ** প্রাণী-সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বেশ কিছু পশু-চিকিৎসকের পদ শূন্য আছে ;

(খ) সত্যি হলে, উক্ত শূন্য পদের সংখ্যা কত ; এবং

(গ) শূন্যপদ পূরণে রাজ্য সরকারের গৃহীত সিদ্ধান্ত কি?

**প্রাণী-সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৪৫টি।

(গ) ১৪৫টি শূন্য পদের মধ্যে ৯২টি পদ পূরণের জন্য পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগের (পি এস সি) সুপারিশমতো নিয়োগের ব্যবস্থা হচ্ছে। এবং এর মধ্যে ৬৭টি পদ পূরণের জন্য সমস্ত ব্যবস্থা সম্পূর্ণ হয়েছে। বাকি ২৫টি পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল রিপোর্টের অপেক্ষায় আছে। অবশিষ্ট ৫৩টি পদ পূরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শস্যবিমা প্রকল্পে উপকৃত কৃষকের সংখ্যা**

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯) **শ্রী তপন হোড় ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) "শস্যবিমা" প্রকল্প চালু করতে রাজ্য সরকার কোনও উদ্যোগ গ্রহণ করেছে কি না ; এবং

(খ) করে থাকলে, উক্ত উদ্যোগে কতজন কৃষক উপকৃত হয়েছেন।

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গে ১৯৮৫ সালের খারিফ মরশুম থেকে শস্যবিমা প্রকল্প চালু হয়েছে।

(খ) ১৯৮৫ সাল থেকে ১৯৯৬ সালের খারিফ মরশুম পর্যন্ত মোট ৫,৯১,৩২৪ জন কৃষক এই সময়ের মধ্যে ক্ষতিপূরণ বাবদ বিমার টাকা পেয়ে উপকৃত হয়েছেন।

**বেনফেডের মাধ্যমে কৃষকদের সার বিলি**

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২০) **শ্রী তপন হোড় :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেনফেডের মাধ্যমে রাজ্যে কত পরিমাণ সার ১৯৯৭-৯৮ আর্থিক বছরে (৩১-১২-৯৭ পর্যন্ত) কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

২,২১,৮৬৬ মেট্রিক টন।

**মহিলা কমিশন প্রদত্ত রিপোর্টের সংখ্যা**

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২১) **শ্রী তপন হোড় :** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত রাজ্যের "মহিলা কমিশন" কতগুলি রিপোর্ট রাজ্য সরকারের কাছে পেশ করেছে ; এবং

(খ) উক্ত রিপোর্টের ভিত্তিতে রাজ্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত রাজ্যের "মহিলা কমিশন' কোনও রিপোর্ট রাজ্য সরকারের কাছে পেশ করেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

**তৃতীয় হুগলি সেতু নির্মাণ**

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭) **শ্রী তপন হোড় :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রস্তাবিত তৃতীয় হুগলি সেতুর নির্মাণ কার্য বর্তমানে কোন পর্যায়ে আছে?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

প্রস্তাবিত দ্বিতীয় বিবেকানন্দ সেতুর প্রাথমিক কাজ অর্থাৎ জমি অধিগ্রহণ ও জল বিদ্যুৎ পয়ঃপ্রণালী টেলিফোন, গ্যাস পরিষেবা পরিকাঠামোগুলি স্থানান্তর

করণের কাজ আগামী এপ্রিল ১৯৯৮ থেকে শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

**Licence to Mechanised Boats in Sundarbans Area**

47. (Admitted Question No. 132) **Shri Tapan Hore :** Will the Minister-in-charge of Transport Department be pleased to State—

what the conditions of a granting licence to the mechanically operated boats in Sundarbans area are—

**The Minister-in-charge of the Transport Department :**

The Mechanically operated country boats planning in the Sundarban are popularly none as bhutbhuties. These are Inland Vessels, and being mechanically operated are required to be surveyed and registerred under the Inland Vessels Act. Because of inadequate provisions for safety, by way of stability and also by way of accordance precautionss, such vessels are not been registered under the Inland Vessels Act at present.

The State Government has already commissioned a study by IIT Kharagpur for modification of Hull design and Inland reversible gear for making such boats more safe and thereby rendering them eligible for registration under the IV Act.

Among the implications of registration under the IV Act is that the vessel is to be operated by trend crue. Government of India has been approached for allocation of funds under low interest subsidy scheme for vessel modification to the owners and for setting up a Crue Training Institute in West Bengal for turning our trend crue for manning such vessels. Until the bhutbhuties are modified they cannot be surveyed and registered under the Inland Vessels Act. The IV Act does not have any provison for granting permits two Inland Vessels. The State Government is in the Act of preparing the Bill for modification of bhutbhuties within a fixed time period.

## বোলপুর পানীয় জলসরবরাহ প্রকল্পে অগ্রগতি

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪) **শ্রী তপন হোড় ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জার্মান সাহায্যপুষ্ট "বোলপুর পানীয় জলসরবরাহ প্রকল্পটি"-র অগ্রগতি বর্তমানে কোন পর্যায়ে আছে ;

(খ) উক্ত প্রকল্পটি কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) প্রকল্পটি রূপায়ণে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৪টি জল উত্তোলক নলকূপ, ৬টি পর্যবেক্ষণ নলকূপ ও ৩টি সমীক্ষণ নলকূপ. স্থাপনের কাজ সম্পন্ন.হয়েছে এবং জমি অধিগ্রহণসহ প্রাথমিক পর্যায়ের কাজ শুরু করা হয়েছে। পরিশ্রুত জলের জন্য জলাধার, ওভারহেড জলাধার ও পাইপ লাইনের পরিকল্পনা ও অঙ্কনের কাজও শুরু হয়েছে। এছাড়া হস্ত চালিত নলকূপ বসানোর কাজও শুরু করা হচ্ছে।

(খ) ২০০০ সাল নাগাদ।

(গ) ১৪৮.৯৭ কোটি টাকা।

## রাইস মিল থেকে লেভি বাবদ চাল সংগ্রহ

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭) **শ্রী তপন হোড় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে (৩১-১২-৯৭) রাজ্যের রাইস মিলগুলি থেকে লেভি বাবদ কি পরিমাণ চাল রাজ্য সরকার সংগ্রহ করেছেন (জেলাওয়ারি হিসাবসহ) ; এবং

(খ) হাস্কিং মিলগুলিকে লেভির আওতায় আনার কোনও প্রস্তাব আছে কি না?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই রাজ্যে চাল সংগ্রহ হয় খারিফ বর্ষ অনুযায়ী (১লা অক্টোবর হইতে ৩০শে সেপ্টেম্বর)। ১৯৯৬ সালের ১লা অক্টোবর থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত লেভির মাধ্যমে রাজ্যের চালকলগুলি থেকে সংগৃহীত মোট চালের পরিমাণ ১,৬১,১৬৬ মেট্রিক টন। জেলাওয়াড়ি হিসাব নিচে দেওয়া হল ঃ-

| ১৬-১০-১৯৯৭ পর্যন্ত | মে. টন | ১৬-১০-৯৭ পর্যন্ত | মে. টন |
|---|---|---|---|
| ১। বর্ধমান | ৭৮,৬০৬ | ১০। মুর্শিদাবাদ | ৪৬১ |
| ২। হুগলি | ২১,১০৫ | ১১। ২৪-পরগনা (দক্ষিণ) | ৬১৯ |
| ৩। বীরভূম | ১৯,৭৫০ | ১২। কুচবিহার | — |
| ৪। বাঁকুড়া | ১৭,০৮৭ | ১৩। ২৪-পরগনা (উত্তর) | ৭১ |
| ৫। মেদিনীপুর | ১১,৭৬২ | ১৪। নদীয়া | ৭৭ |
| ৬। দক্ষিণ দিনাজপুর | ৫,৯২১ | ১৫। হাওড়া | — |
| ৭। পুরুলিয়া | ১,৪৬০ | ১৬। মিনি চাল কল | ৩,৬২৬ |
| ৮। উত্তর দিনাজপুর | ৬৫০ | | |
| ৯। জলপাইগুড়ি | ৬১ | | ১,৬১,১৬৬ |

রাজ্য সরকার ১৯৯৭-৯৮ খারিফ বর্ষে চাল সংগ্রহ বৃদ্ধির জন্য রাজ্যের হাস্কিং মিলগুলিকে লেভির আওতায় আনা হয়েছে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অনুমোদন প্রদান করেছে।

**বক্সার ব্যাঘ্র প্রকল্পে বাঘের সংখ্যা**

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১) **শ্রী তপন হোড় ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বক্সার বনে বর্তমানে বাঘের সংখ্যা কত?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৫ সালের গণনা অনুসারে বক্সা ব্যাঘ্র প্রকল্পে বাঘের সংখ্যা ৩১।

**চাকুরিপ্রাপ্ত প্রতিবন্ধীর সংখ্যা**

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০) **শ্রী তপন হোড় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২ জানুয়ারি মাস থেকে ১৯৯৭-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত কতজন প্রতিবন্ধীকে (১) সরকারি, (২) আধা-সরকারি ও (৩) সরকার পরিচালিত সংস্থাগুলিতে নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) উক্ত প্রতিবন্ধীদের মধ্যে নারী ও পুরুষের সংখ্যা কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত সময়ের প্রতিবন্ধীদের চাকুরিপ্রাপ্তির সংখ্যা নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| (১) সরকারি | ৪৭৭ জন |
| (২) আধা-সরকারি | ৩৭ জন |
| (৩) সরকারি পরিচালিত সংস্থায় | ৮ জন |
| | মোট ৫২২ জন |

(খ)

| | |
|---|---|
| নারী | ১১৯ জন |
| পুরুষ | ৪০৩ জন |
| | মোট ৫২২ জন |

**বালুরঘাটে আই টি আই স্কুল চালুর সিদ্ধান্ত**

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২) **শ্রী তপন হোড় ঃ** কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট শহরে একটি আই টি আই স্কুল চালু করা হবে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত স্কুলটি চালু করা হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত স্কুলটি চালু করতে কত টাকা ধার্য করা হয়েছে?

**কারিগরি ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান বৎসরের (১৯৯৮) এপ্রিল মাসে কয়েকটি স্বল্পমেয়াদী পাঠক্রম নিয়ে আই টি আই চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(গ) বর্তমানে ১০ (দশ) লক্ষ টাকা।

**ত্রিদিব চৌধুরি ও সত্যজিৎ রায়ের মর্মরমূর্তি স্থাপন**

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩) **শ্রী তপন হোড় ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রয়াত জননেতা ত্রিদিব চৌধুরি ও ভারতরত্ন সত্যজিৎ রায়ের মর্মরমূর্তি স্থাপনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্তমানে নেই।

**দিল্লি, মুম্বাই ও চেন্নাইতে যুব আবাস নির্মাণ**

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬) **শ্রী তপন হোড় ঃ** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দিল্লি, মুম্বাই ও চেন্নাইতে "যুব আবাস" তৈরি করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

দিল্লি ও মুম্বাইতে যুব আবাস তৈরির পরিকল্পনা যুব-কল্যাণ দপ্তরের বিবেচনাধীন।

চেন্নাইতে ১৯১ (একশত একানব্বই) জন আবাসিক থাকার উপযোগী একটি যুব আবাস গত ১৯৮৩ সাল থেকে এই দপ্তর দ্বারা পরিচালিত হচ্ছে।

**রাজ্যে কারাবন্দির সংখ্যা**

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২০) **শ্রী তপন হোড় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন কারাগারে কত সংখ্যক বন্দিকে রাখার ব্যবস্থা আছে ; এবং

(খ) ১লা জানুয়ারি ১৯৯৭ সাল থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত কত সংখ্যক সাজাপ্রাপ্ত বন্দি বিভিন্ন কারাগারে ছিল?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের বিভিন্ন কারাগারে পুরুষ ১৭,৫৮১ জন এবং মহিলা ১,১৭৬ জন, মোট ১৮,৭৬৩ জন বন্দিকে রাখার ব্যবস্থা আছে।

(খ) ১লা জানুয়ারি, ১৯৯৭ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত সাজাপ্রাপ্ত বন্দি পুরুষ ২,৩২২ জন এবং মহিলা বন্দি ৫৫ জন, মোট ২,৩৭৭ জন।

**সংবাদপত্রে সরকারি বিজ্ঞাপনে খরচ**

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫) **শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৭-৯৮ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত দৈনিক খবরের কাগজগুলিতে সরকারি বিজ্ঞাপন বাবদ মোট কত টাকা ব্যয়িত হয়েছে?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত দৈনিক খবরের কাগজগুলিতে সরকারি বিজ্ঞাপন বাবদ মোট ৩ কোটি ৭৭ লক্ষ ২৩ হাজার ৫৮৬ টাকা ৩৫ পয়সা ব্যয়িত হয়েছে (তিন কোটি সাতাত্তর লক্ষ তেইশ হাজার পাঁচশত ছিয়াশি টাকা পয়ত্রিশ পয়সা)

**Purchase of Soyabean Seeds**

57. (Admitted Question No. 252) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of Co-operation Department be pleased to State—

(a) The total quantity of soyabean seeds purchased/procured by the West Bengal State Co-op. Bank during the year 1995 and 1996;

(b) The total amount involved in (a);

(c) Whether it is a fact that unused soyabean seeds were resold to Arambagh Solvent Extraction Plant at a much lower rates; and

(d) If so, the total loss suffered by the bank on this account?

**The Minister-in-charge of the Co-operation Department :**

(a) (i) During 1994-95: 199.80 M.T. (ii) During 1995-96: 49.23 M.T.

(b) (i) During 1994-95: Rs. 46,12,983/- (ii) During 1995-96: Rs. 13,29,210/-

(c) Yes, sold to Arambagh Solvent Extraction Plant. Quantity of

soyabean sold is 94.48 M.T.

(d) The bank has not shown the transaction as trading activities. The amount has been spent from Social Development Fund created out of net profit for social development purpose by popularising cultivation of soyabean in tandem with the Agriculture Department. However, as is available from the inspection report of NABARD the loss on account of soyabean trade for the two years 1995 and 1996 has been estimated at Rs. 26.55 lakhs.

**উত্তর ২৪ পরগনায় বিশ্বব্যাঙ্কের টাকায় হাসপাতালের উন্নয়ন**

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭) **শ্রী নির্মল ঘোষ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর চব্বিশ পরগনা জেলায় বিশ্বব্যাঙ্কের টাকায় সরকারি হাসপাতালগুলির উন্নয়ন প্রকল্প (Health Project II) কত টাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) উক্ত মঞ্জুরীকৃত টাকায় কোন কোন হাসপাতালের জন্য কত টাকা ব্যয় করা হয়েছে (দফা-ওয়ারি)?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৪,২০,৪৪,৭২৪ (চার কোটি কুড়ি লক্ষ চুয়াল্লিশ হাজার সাতশো চব্বিশ) টাকা।

(খ) এ পর্যন্ত বরাদ্দের পরিমাণ (সিভিল ওয়ার্কস) বাবদ, নিম্নরূপ :

| | |
|---|---|
| (১) বলরাম সেবামন্দির | ৪৫.২০ লক্ষ |
| (২) বিধাননগর রাজ্য সাধারণ হাসপাতাল | ২৫.৩০ লক্ষ |
| (৩) অশোকনগর | ৪৫.০০ লক্ষ |
| (৪) গোপালপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | ২৫.০০ লক্ষ |
| (৫) ঘোলা | ২২.০০ লক্ষ |
| (৬) ভাটপাড়া রাজ্য সাধারণ হাসপাতাল | ৯০.০০ লক্ষ |
| মোট | ২৫২.৫০ লক্ষ |

এইসঙ্গে উত্তর চব্বিশ পরগনা থেকে প্রাপ্ত তথ্য ও বরাদ্দকৃত তথ্যের বিবরণ দেওয়া গেল

FORMAT FOR MONTHLY REPORT OF EXPENDITURE

**Monthly Expenditure Report in Respect of Expenditures for World Bank Assisted State Health Systems Development Project-II Incurred out of Fund Placed by Project Cell of Health & Family Welfare Department, Government of West Bengal**

To be Invariably Sent by 10th of the Month following the Month to which the Expenditure Related

Month : February, 1998. Name of Office Sending Report :

District Magistrate & Chief Project Manager, State Health Systems Development Project-II, North 24-Parganas

| Head of Account | Detailed Head of A/c. | Allotment recieved during this month | Allotment received up to this month (Cumulative) | Amount of expenditure during this month | Cumulative expenditure up to this month | Remarks |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | | Rs | Rs | Rs | Rs | |
| 2210-Medical & Public Health (Excluding Public Health)-01-Urban Health Services Allopathy 110-Hospitals & Dispensaries State Plan (Annual Plan & Ninth Plan) State-Health Systems Development Project-II Externally Aided Project | (a) Pay & Allowances | — | 3,50,000.00 | 14,883.00 | 1,64,682 00 | |
| | (b) T.E. (Travelling Expenses) | — | 30,000.00 | — | -- | |
| | (c) O.E. (Office Expension) | — | 2,00,000.00 | 2,082 00 | 1,01,931.00 | |
| | (d) O.C. (Office Cont. Equipment, Furniture) | — | 6,50,000.00 | 12,000 00 | 2,60,631.32 | |
| | (e) Vehicle Operation Ambulance of HMIS/IEC | - | 5,69,426 00 | — | - | |
| | (f) Training & Workshop | 26,000 00 | — | 26,000.00 | | |
| | (g) Salary, Establishment O.E.etc. | — | 5,00,000 00 | — | 2,49,309 00 | |
| | (h) Medicines, Equipment, Generator & Ambulance | — | 1,16,94,?16 00 | 9,04,757.00 | 18,43,825 00 | |
| | (i) Repair of Hospitals | — | 3,55,182 00 | — | — | |
| | (j) Printing of Forms | — | 8,20,000.00 | -- | 2,35,225 00 | |
| 4210-Capital Outlay on Medical & Public Health (Excluding Public Health) (Building)-01-Urban Health Services-110-Hospitals & Dispensaries State Plan (Annual Plan & Ninth Plan) State Health Systems Development Project-II Externally Aided Project | **CAPITAL OUTLAY** (1) Construction/Renovation/Electrification/Air Conditioning of Blood Bank | — | 15,00,000 00 | 3,04,136 00 | 13,84,150 00 | |
| | (2) Reconstruction & Extension Works of Hospitals | — | 2,52,50,000 00 | 13,56,000.00 | 50,76,600.00 | |
| | GRAND TOTAL : | — | 4,20,44,724 00 | 25,93,858.00 | 93,42,363.32 | |

Certified that all expenditures have been incurred having observed financial norms and rules of the Government and World Bank and relevant Vouchers/Bills are preserved in this office for inspection by World Bank of Official of Project Head Quarters.

*Chief Project Manager, SHSDP-II*
*and District Magistrate, North 24 Pags*

**Enclosure to G.O. No. 2436/HP/P/PC/1A-27/96 Dt. 19.2.96**

**Districtwise List of 15 (fifteen) Nos. of Hospitals for the Civil Construction (Renovation/Extension) of which an amount of Rs. 5.00 crore (Rupees Five crore) only sanctioned**

| Name of District | Name of Hospitals | Code No. of Hospital | Method of Procurement | Estimated cost in lakh of Rupees | Amount sanctioned in this G.O. in lakh of Rupees | |
|---|---|---|---|---|---|---|
| Howrah | 1. Uluberia SDH | 11201 | NCB** | 148.60 | 70.00 | |
| | 2. Belur SGH | 11202 | -do- | 61.46 | 30.00 | |
| | 3. Amraguri RH | 11304 | -do- | 34.45 | 16.00 | 116.00 |
| North 24-Parganas | 1. Balaram Seva Mandir SGH | 09210 | NCB** | 99.48 | 45.20 | |
| | 2. Salt Lake SGH | 09211 | -do- | 59.60 | 25.30 | |
| | 3. Ashoknagar SGH | 09205 | -do- | 97.48 | 45.00 | |
| | 4. Gopalpur PHC | 09501 | -do- | 51.00 | 25.00 | |
| | 5. Ghola PHC | 09505 | -do- | 49.00 | 22.00 | |
| | 6. Bhatpara SGH | 09206 | -do- | 198.58 | 90.00 | 252.50 |
| South 24-Parganas | 1. Godda Mathura PHC | 10502 | NCB** | 48.00 | 20.00 | |
| | 2. Baghajatin SGH | 10204 | -do- | 46.75 | 20.50 | |
| | 3 Ghutiary Sharif PHC | | -do- | 57.00 | 26.00 | 66.50 |
| Hooghly | 1. Singur RH | 12302 | NCB** | 73.45 | 35.00 | 35.00 |
| Birbhum | 1. Dubrajpur RH | 17304 | NCB** | 29.45 | 14.00 | 14.00 |
| Murshidabad | 1. Beldanga RH | 07307 | NCB** | 35.45 | 16.00 | 16.00 |
| Total | 15 Hospitals | | | 1090.25 | | 500.00 |

** National competitive bidding.

## মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে চিকিৎসকের শূন্যপদ

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে কতগুলি চিকিৎসকের পদ শূন্য আছে ; এবং

(খ) সেগুলি পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে চিকিৎসা শিক্ষা কৃত্যাধিকারের অধীন পদগুলির মধ্যে প্রতিবেদন অনুযায়ী ৩২৩টি পদ বর্তমানে শূন্য আছে।

(খ) উক্ত শূন্য পদগুলি পশ্চিমবঙ্গ কৃত্যনিয়োগাধিকারের মাধ্যমে নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে পূরণ করার ব্যবস্থা করা হচ্ছে।

## হুগলি জেলায় আলুচাষীর তালিকা

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৮১) **শ্রী আব্দুল মান্নান ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ সালে হুগলি জেলার ক্ষুদ্র ও প্রান্তিক আলুচাষীকে কোনও তালিকা ঐ জেলার পঞ্চায়েত সমিতিগুলি সরকারের কাছে পেশ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে উক্ত জেলার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সংখ্যা কত?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ রকম কোনও তালিকা পঞ্চায়েত সমিতিগুলি থেকে কৃষি বিভাগে আসেনি।

(খ) যেহেতু কোনও তালিকা পাওয়া যায়নি, তাই সংখ্যাটা বলা যাচ্ছে না।

## পলাশিতে চিনিকল মালিকদের কাছে আখচাষীদের দাবি

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮২) **শ্রী আব্দুল মান্নান ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার পলাশীতে অবস্থিত চিনিকলের মালিকের কাছে পেশ করা আখচাষীদের দাবিগুলি সম্বন্ধে রাজ্য সরকার ওয়াকিবহাল আছেন কি না ; এবং

(খ) থাকলে উক্ত বিষয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরূপ কোনও দাবিসনদ কৃষি বিভাগে নেই।

(খ) প্রশ্ন ওঠে না.

## গ্রন্থাগার প্রসারে ব্যবস্থা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে গ্রন্থাগার প্রসারকল্পে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ জনগ্রন্থাগার আইনের ১৬ 'এ' সংখ্যক ধারা অনুযায়ী সমস্ত সরকার পোষিত গ্রন্থাগারগুলিতে সরকার পোষিত জনগ্রন্থাগার হিসাবে ঘোষণা করে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

গ্রন্থাগারের শ্রেণী বিভাগ করা হয়েছে—(১) সরকারি গ্রন্থাগার, (২) সরকার পোষিত গ্রন্থাগার—(ক) জেলা গ্রন্থাগার, (খ) শহর গ্রন্থাগার, (গ) গ্রামীণ গ্রন্থাগার। বর্তমানে সরকারি গ্রন্থাগারের সংখ্যা ১১টি। সরকার পোষিত গ্রন্থাগারের সংখ্যা ২,২২৪টি।

গ্রন্থাগার প্রসারকল্পে সরকার সমস্ত শ্রেণীর জনগ্রন্থাগারের কর্মিদের পে-কমিশন নির্ধারিত হারে বেতন ও ভাতা দিয়ে থাকেন. ... গ্রন্থাগারের জন্য পৌনঃপুনিক অনুদান বৃদ্ধি করা হয়েছে। গৃহ নির্মাণ, পুস্তক ... আসবাবপত্র ক্রয়, রক্ষণাবেক্ষণ ইত্যাদি খাতেও সরকারি অনুদান দেওয়া হয়।

রাজ্য সরকারের সঙ্গে রাজা রামমোহন রায় গ্রন্থাগার প্রতিষ্ঠানের যৌথ প্রকল্পে রাজ্য সরকারের প্রদেয় অংশ বৃদ্ধি করে ৫০ লক্ষ টাকা করা হয়েছে।

এছাড়া কয়েকটি বেসরকারি প্রতিষ্ঠান পরিচালিত গ্রন্থাগারকে বেতন, আসবাব

ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি বাবদ সরকারি অনুদান দেওয়া হয়। এরকম গ্রন্থাগারের সংখ্যা ৭টি।

গ্রন্থাগার প্রসারকল্পে ১ম ধাপে ৪০টি ও ২য় ধাপে আরও ৪০টি উন্নীত শহর গ্রন্থাগারের জন্য কর্মীপদ সৃষ্টি করা হয়েছে।

রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগারে দৃষ্টিহীনদের জন্য 'ব্রেইল শাখা' চালু করা হয়েছে।

রাজ্য-কেন্দ্রীয় গ্রন্থাগারে কম্পিউটার চালিত পরিষেবা চালু করার ব্যবস্থা হচ্ছে।

সরকার পোষিত জনগ্রন্থাগার কর্মিদের জন্য একটি নতুন সাধারণ ভবিষ্যনিধি প্রকল্প চালু হয়েছে।

সর্বস্তরের গ্রন্থাগার কর্মিদের জন্য 'ওরিয়েন্টেশন' এবং 'রিফ্রেশার' কোর্সের ব্যবস্থা করা হচ্ছে।

**দক্ষিণ ২৪ পরগনায় সেচের জন্য ডিপটিউবওয়েলের সংখ্যা**

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১) **শ্রী গোপালকৃষ্ণ দে** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় সেচের জন্য মোট কতগুলি ডিপটিউবওয়েল (ব্লকওয়ারি) আছে ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলো চালু আছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় সেচের জন্য মোট ৩৮টি ডিপটিউবওয়েল আছে। ব্লকওয়ারি হিসাবে নিচে দেওয়া হল ঃ

| ক্রমিক নং | ব্লকের নাম | ডিপটিউবওয়েলের সংখ্যা | ক্রমিক নং | ব্লকের নাম | ডিপটিউবওয়েলের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১। | সোনারপুর | ২টি | ৭। | জয়নগর-১ | ২টি |
| ২। | বারুইপুর | ৬টি | ৮। | জয়নগর-২ | ১টি |
| ৩। | ভাঙ্গর-১ | ৩টি | ৯। | বিষ্ণুপুর-২ | ১টি |
| ৪। | ভাঙ্গর-২ | ৪টি | ১০। | ফলতা | ৩টি |
| ৫। | ক্যানিং-১ | ১টি | ১১। | কুলপি | ৩টি |
| ৬। | বজবজ-২ | ২টি | ১২। | মগরাহাট-১ | ১টি |

| ক্রমিক নং | ব্লকের নাম | ডিপটিউবওয়েলের সংখ্যা | ক্রমিক নং | ব্লকের নাম | ডিপটিউবওয়েলের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১৩। | মগরাহাট-২ | ২টি | ১৭। | মন্দিরবাজার | ১টি |
| ১৪। | ডায়মন্ডহারবার-১ | ২টি | ১৮। | নামখানা | ১টি |
| ১৫। | ডায়মন্ডহারবার-২ | ১টি | | | |
| ১৬। | মথুরাপুর-১ | ২টি | | মোট | ৩৮টি |

(খ) তন্মধ্যে ২৭টি টিউবওয়েল চালু আছে।

**জওহর রোজগার যোজনায় দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদের প্রাপ্য অর্থ**

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ থেকে ১৯৯৭-৯৮-এর আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদ জওহর রোজগার যোজনা খাতে কত টাকা পেয়েছে ; (পৃথকভাবে বরাদ্দ কত)

(খ) উক্ত সময়ে উক্ত যোজনার অন্তর্গত এম ডব্লু এস-এর জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কোনও খাতে ব্যয়িত হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, কি কাজে, কত পরিমাণ ও কোথায় কত খরচ হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক)

| | লক্ষ টাকায় |
|---|---|
| ১৯৯৩-৯৪ | ৬৯৫.৩১ |
| ১৯৯৪-৯৫ | ৯১৩.২৬ |
| ১৯৯৫-৯৬ | ১০৭৪.১০ |
| ১৯৯৬-৯৭ | ২৮০.৪০ |
| ১৯৯৭-৯৮ | — |

(খ) ও (গ) এম ডব্লু এস-এর জন্য বরাদ্দকৃত অর্থ কোনও খাতে ব্যয়িত হয়নি। তবে ঐ সময়ে প্রাপ্ত অর্থের মধ্যে মোট ৪ কোটি ২৪ লক্ষ টাকা দিয়ে বিভিন্ন নদীবাঁধ তৈরি ও মেরামত করা হয়েছে। এই সব বাঁধ চাষের জমির রক্ষণ

ও জমিতে সেচ কাজের মারফৎ গ্রামীণ দরিদ্র জনসাধারণের প্রভূত অর্থনৈতিক উপকার সাধন করেছে।

**দক্ষিণ ২৪ পরগনায় বন বিভাগের অফিস**

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৫) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় বন বিভাগের কোনও অফিস আছে কি না ;

(খ) থাকলে, কোথায় ঃ

(গ) উক্ত জেলায় বন বিভাগের কর্মীসংখ্যা কত (শ্রেণী বিন্যাসসহ) ; এবং

(ঘ) তন্মধ্যে তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত কর্মচারীর সংখ্যা কত?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প ক্যানিং টাউন, ক্যানিং।

২। বিভাগীয় বনাধিকারের করণ ঃ

(১) নামখানা

(২) বকখালি

(৩) ভগবতপুর

(৪) রামগঙ্গা

(৫) বারুইপুর

(৬) মাতলা

(৭) ডায়মন্ডহারবার

(৮) রায়দিঘী

(৯) গোসাবা

(১০) পাখীরালয়

(১১) বিদ্যা

(১২) বাগনা

(১৩) রামপুরা

(১৪) ডটর

(১৫) ক্যানিং

৩। ক্ষেত্রাধিকারিকের করণ ঃ

(১) শিকারপুর

(২) সপ্তমুখী

(৩) পাতিকালিয়া

(৪) চন্দনপিড়ি

(৫) লোথিয়ান

(৬) পাথরপ্রতিমা

(৭) ধঞ্চি

(৮) মথুরাপুর

(৯) পিয়ালী

(১০) ভাঙ্গড়

(১১) হেড়োভাঙ্গা

(১২) বিষ্ণুপুর

(১৩) মহেশতলা

(১৪) নলগড়া

(১৫) কুলতলি

(১৬) হলদিবাড়ি

(১৭) ঝিঙ্গাখালি

(১৮) সোনাখালি

(১৯) সজনেখালি

(২০) বাঘমারা

(গ) মোট কর্মীসংখ্যা ৪০৪ জন

| | |
|---|---|
| 'ক' শ্রেণীভুক্ত | ৪ জন |
| 'খ' শ্রেণীভুক্ত | ১৪ জন |
| 'গ' শ্রেণীভুক্ত | ৮৫ জন |
| 'ঘ' শ্রেণীভুক্ত | ৩০১ জন |
| মোট | ৪০৪ জন |
| (ঘ) তফসিলি জাতি | ১২২ জন |
| তফসিলি উপজাতি | ১১ জন |

## দুর্যোগকবলিত কাকদ্বীপে বরাদ্দকৃত অর্থ

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে কাকদ্বীপ মহকুমায় ১৯৯৭-৯৮ সালের বরাদ্দকৃত চার কোটি টাকা কোন কোন খাতে কত টাকা খরচ হয়েছে (ব্লকওয়ারি)?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ সালে দক্ষিণ ২৪ পরগনায় ত্রাণকার্যে চার কোটি টাকা বরাদ্দের তথ্য ত্রাণ বিভাগের গোচরে নেই। যা হোক, ১৯৯৭-৯৮ সালে প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে কাকদ্বীপ মহকুমায় বরাদ্দকৃত ত্রাণসামগ্রীর ব্লকওয়ারি হিসাব নিচে দেওয়া হল ঃ-

| ব্লক | ধুতি | শাড়ি | শিশুদের পোশাক | তারপলিন | লুঙ্গি | বিশেষ খয়রাতি সাহায্য চাল (কুঃ) | বিশেষ খয়রাতি সাহায্য গম (কুঃ) | বিশেষ খয়রাতি সাহায্য টাকা | কনটিন-জেন্সি টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কাকদ্বীপ | ৩৪৫ | ৩৮৫ | ৪২৫ | ৭২০ | ২৯৫ | ৪০ | ৯ | ৩,০০০ | ৩,০০০ |
| নামখানা | ৩৭৫ | ৩৯০ | ৪২৫ | ৯৬৫ | ৩৪৫ | ৫০ | ১৩.৩৫ | ৪,০০০ | ৩,০০০ |
| সাগর | ৪৯৫ | ৪১০ | ৪৯৫ | ১০১৫ | ৪২৬ | ৬০ | ১৪ | ৪,০০০ | ৩,০০০ |
| পাথর-প্রতিমা | ৪৬০ | ৩৯৫ | ৩৭৫ | ৯৮০ | ৩৭৫ | ৫০ | ১৩ | ২,০৬৮ | ৩,০০০ |

উপরিউক্ত সর্বপ্রকার খাতে মোট ব্যয়ের আনুমানিক পরিমাণ—২০,৮৫,৫৮৪.৩৫ টাকা।

এছাড়াও উল্লিখিত ব্লকগুলিসমেত দক্ষিণ ২৪ পরগনায় নদীবাঁধ মেরামত ও ক্ষয়-ক্ষতির জন্য নিম্নলিখিত বিভাগগুলিকে ত্রাণ বিভাগ থেকে নিম্নলিখিত পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছিল ঃ-

| বিভাগের নাম | পরিমাণ (টাকায়) |
|---|---|
| ১। সেচ ও জলপথ বিভাগ— | |
| (ক) কাকদ্বীপ সেচ বিভাগ | ৫০,০০,০০০ |
| (খ) জয়নগর সেচ বিভাগ | ৫০,০০,০০০ |
| (গ) ক্যানেল বিভাগ | ১০,০০,০০০ |
| ২। পূর্ত বিভাগ (সড়ক) | ১৯,৬২,০০০ |
| ৩। প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগ— | |
| (ক) পশুখাদ্য | ৩০,০০০ |
| (খ) ঔষধ | ৪৫,০০০ |
| ৪। জেলা স্বাস্থ্য সমিতি | |
| ঔষধ ক্রয়ের জন্য | ৩৮,৫৮,৭৪২ |
| ৫। কৃষি (মিনিকিটস্) | ১৮,৮৩,০০৪ |

**পাথরপ্রতিমার দক্ষিণ দুর্গাপুরে ডিপ টিউবওয়েল চালু করার প্রস্তাব**

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পাথরপ্রতিমা বিধানসভা এলাকার দিগম্বরপুর গ্রাম পঞ্চায়েতের অধীন দক্ষিণ দুর্গাপুরে স্থাপিত টিউবওয়েলটি কবে নাগাদ চালু করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

দিগম্বরপুর গ্রাম পঞ্চায়েতের অধীন দক্ষিণ দুর্গাপুরে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের কোনও ডিপ টিউবওয়েল নেই।

**ফ্যাক্টরি ইন্সপেকশন অফিস নির্মাণের পরিকল্পনা**

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ, ডায়মন্ডহারবার, ফলতা, যাদবপুর ও বেহালা এলাকায় পৃথক ফ্যাক্টরি ইন্সপেকশন অফিস তৈরির কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) বর্তমানে এমন কোনও পরিকল্পনা নেই।

**বিবেকানন্দ সেতু সংস্কার**

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বালি বিবেকানন্দ সেতু সংস্কারের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত কাজটি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রথম পর্যায়ের অর্থাৎ দিল্লি, কলকাতা যানপথটির কাজ আগামী জুন, ১৯৯৮-এর মধ্যে শেষ করা হবে। এরপর অর্থাৎ বর্ষার পর কলকাতা-দিল্লি যানপথটির কাজে পূর্বরেল হাত দেবে। পূর্বরেলের কাজের পর পূর্ত দপ্তর শেষ পর্যায়ের কাজ করবে।

(খ) সমগ্র কাজটি মার্চ, ১৯৯৯ নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

**বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণকেন্দ্র**

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৮) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কতগুলি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণকেন্দ্র খোলা হয়েছে (জেলাওয়ারি তথ্য ও বিদ্যালয়গুলির নাম) ; এবং

(খ) মোট কত জন ছাত্র-ছাত্রী এই প্রশিক্ষণকেন্দ্রগুলি থেকে প্রশিক্ষণ পেয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষ পর্যন্ত রাজ্যে মোট ৩২টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণ (ক্লাস প্রোজেক্টের আওতায়) দেওয়া হচ্ছে। জেলাওয়ারি তথ্য ও বিদ্যালয়গুলির নাম গ্রন্থাগার টেবিলে রাখা হল।

(খ) গত শিক্ষাবর্ষে মোট ৪০,২৩৬ জন ছাত্র-ছাত্রী এই প্রশিক্ষণ নিয়েছিল।

**Number of Schools Under 'Class' Project in 1997-98**

| Sl. No. | Name of the District | No. of Schools with B.B.C. Micros | No. of Schools with P.C.S. | No. of Students attended in 1996-97 |
|---|---|---|---|---|
| 1. | Burdwan | 19 | 1 | 2987 |
| 2. | Birbhum | 4 | 1 | 633 |
| 3. | Purulia | 8 | 1 | 1254 |
| 4. | Hooghly | 26 | 1 | 5182 |
| 5. | South 24 Parganas | 13 | 3 | 2644 |
| 6. | Howrah | 16 | 1 | 3147 |
| 7. | Darjeeling | 5 | 1 | 310 |
| 8. | Bankura | 10 | 2 | 2514 |
| 9. | North 24 Parganas | 24 | 1 | 4395 |
| 10. | Nadia | 14 | 1 | 2634 |
| 11. | Midnapore | 31 | 1 | 5079 |
| 12. | Calcutta | 36 | 2 | 9417 |
| 13. | Murshidabad | 1 | 1 | 40 |
| 14. | Dakshin Dinajpur | — | 1 | — |

| Sl. No. | Name of the District | No. of Schools with B.B.C. Micros | No. of Schools with P.C.S. | No. of Students attended in. 1996-97 |
|---|---|---|---|---|
| 15. | Uttar Dinajpur | — | 2 | — |
| 16. | Jalpaiguri | — | 2 | — |
| 17. | Malda | — | 1 | — |
| 18. | Coochbehar | — | 2 | — |
| | **Total** | **207** | **25** | **40,236** |

### হাওড়া-জগদীশপুর রুটে বাস চলাচল

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০) **শ্রী পদ্মনিধি ধর ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া-জগদীশপুর রুটে কতগুলি সরকারি বাস চলাচল করে ;

(খ) ঐ রুটে বাসের বর্তমান সংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হাওড়া-জগদীশপুর রুটে সি টি সি-র ৬টি বাস চলে।

(খ) আপাতত নেই।

(গ) প্রশ্নই ওঠে না।

### Global Tender floated by W.B. Electricity Board

72. (Admitted Question No. 324) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge, Power Department be pleased to state—

whether the West Bengal State Electricity Board will soon float a Global tender to invite bids for revamping its extensive transmission network?

**Minister-in-charge of Power Department :**

The Global tender has already been floated by the West Bengal Electricity Board to invite bids for revamping its extensive transmission network. The project will be taken up with loan assistance from OECF, Japan for strengthening and expanding the transmission network throughout the State.

**জেলা পরিষদগুলির অডিট সংক্রান্ত কাজের অগ্রগতি**

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্ধমান, বীরভূম, বাঁকুড়া ও পুরুলিয়া জেলা পরিষদগুলির অডিটের কাজ কোন সাল অবধি সম্পন্ন হয়েছে ; এবং

(খ) উক্ত জেলা পরিষদের বকেয়া অডিট-এর কাজ সম্পন্ন করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে কি?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুসারে বর্ধমান, বীরভূম ও বাঁকুড়া জেলার ক্ষেত্রে ১৯৯২-৯৩ এবং পুরুলিয়া জেলার ক্ষেত্রে ১৯৯৫-৯৬ সাল অবধি অডিটের কাজ সম্পন্ন হয়েছে।

(খ) হ্যাঁ, নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার আশির দশকের গোড়াতেই জেলা পরিষদগুলির অডিটের জন্য পশ্চিমবঙ্গের মহাগাণনিক (নিরীক্ষা)-১-এর অধীন এক্সজামিনার অব লোকাল অ্যাকাউন্টস্কে নিযুক্ত করেছিলেন। জেলা পরিষদগুলির বকেয়া অডিটের কাজ নিষ্পন্ন করার জন্য উক্ত এক্সজামিনার অব লোকাল অ্যাকাউন্টসকে অনুরোধ করা হয়েছে। এই অনুরোধের উত্তরে এক্সজামিনার অব লোকাল অ্যাকাউন্টস তার ১.৯.৯৭ তারিখের এল/এ/অ্যাডমিন/গ্রুপ/১০৩৬/জেড পি এবং পি এস/১৫৩২ সংখ্যক পত্রে জানিয়েছেন যে রাজ্যের সমস্ত জেলা পরিষদগুলিই বকেয়া অডিটের কাজ ১৯৯৬-৯৭ আর্থিক বছর পর্যন্ত সম্পূর্ণ করার জন্য এক নিরবচ্ছিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**শূন্যপদ পূরণে নথিভুক্ত বেকারদের কললেটার বিলি**

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩০) **শ্রী আব্দুল মান্নান ঃ** কর্মবিনিয়োগ বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালে ফেব্রুয়ারি মাস পর্যন্ত কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির মাধ্যমে কতজন নথিভুক্ত বেকারকে শূন্যপদ পূরণের জন্য কললেটার দেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত 'কললেটার'-এর ভিত্তিতে কতজন চাকুরি লাভ করেছেন?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১.১.১৯৯৭ থেকে ৩১.১২.৯৭ পর্যন্ত কর্মবিনিয়োগ কেন্দ্র মারফৎ কললেটার প্রাপকের সংখ্যা ৩,৯০,৬২৭।

১৯৯৮ সালের জানুয়ারি মাসে কলপ্রাপকের সংখ্যা ১৯,১৬২। উক্ত বছরের ফেব্রুয়ারি মাসের পরিসংখ্যান এখনও পর্যন্ত সংগৃহীত হয়নি।

| (খ) সাল | চাকুরি প্রাপকের সংখ্যা |
|---|---|
| ১.১.১৯৯৭ থেকে ৩১.১২.৯৭ | ১০,৯৭১ |
| জানুয়ারি, ১৯৯৮ | ৫৭০ |

**পরিবার পরিকল্পনা আওতায় অন্তর্ভুক্তকরণ**

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৭ সালে পরিবার পরিকল্পনায় আওতায় কতজন মানুষকে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়েছে ; এবং

(খ) উক্ত সংখ্যার শতকরা হার সারা দেশের শতকরা হারের তুলনায় কিরূপ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে ১৯৯৭ সালে পরিবার পরিকল্পনার আওতায় ১১,৩৬,০৪১ জন দম্পতিকে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়েছে।

(খ) উক্ত সংখ্যায় শতকরা হার এই রাজ্যে প্রতি ১০০ দম্পতিতে ৯.৭।.১৯৯৭ সালের সারা দেশের অনুরূপ তথ্য আমাদের হাতে নেই। তবে ১৯৯৬-৯৭ সালের তথ্য অনুসারে এই শতকরা হার ১৩.৮।

### টি এল জয়সওয়াল হাসপাতাল

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাওড়ায় টি এল জয়সওয়াল হাসপাতালে দীর্ঘদিন কোনও মেডিক্যাল অফিসার নেই ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### কংসাবতী জলাধার প্রকল্পের মাধ্যমে জলসেচ

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪০) **শ্রী আব্দুল মান্নান ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭ সালের এপ্রিল থেকে ১৯৯৮ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কংসাবতী জলাধার প্রকল্পের প্রত্যন্ত অঞ্চলগুলিতে সেচ সামর্থ তৈরির কাজে যোজনা তহবিল থেকে ব্যয়ের পরিমাণ ;

(খ) উক্ত কাজ সম্পন্ন করার জন্য সরকার কোনও টেন্ডার ডেকেছিল কি না ; এবং

(গ) উক্ত কাজ চলাকালীন সময়ে ব্যবহৃত দ্রব্যসামগ্রীর গুণমান পরীক্ষার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭ সালের এপ্রিল থেকে ১৯৯৮ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কংসাবতী জলাধার প্রকল্পে সেচ সামর্থ তৈরির কাজে রাজ্য যোজনা খাতে মোট প্রায় ৭১৯.২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অবশ্য এর মধ্যে প্রায় ৩০০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে কাজে নিযুক্ত ওয়ার্কচার্জড কর্মচারিদের মাহিনা বাবদ।

(খ) উক্ত কাজ সম্পন্ন করার জন্য কংসাবতী সার্কেলের অধীন বিভিন্ন নির্বাহি বাস্তকারদের নিজ নিজ দপ্তর থেকে অনেক টেন্ডারই আহ্বান করা হয়েছিল।

(গ) কংসাবতী প্রকল্পের দুই জন অধীক্ষক বাস্তুকারের অধীনস্থ দশটি নির্বাহী বাস্তুকারের দপ্তর উক্ত কাজের সঙ্গে যুক্ত আছে। জনস্বার্থমূলক কাজকর্ম করার নিয়ম (P.W. System) অনুযায়ী নির্বাহি বাস্তুকারগণ, সহ বাস্তুকারগণ এবং অবর সহ বাস্তুকারগণ কাজগুলি চলাকালীন বিভিন্ন সময়ে কাজগুলি নিয়মিতভাবে পরিদর্শন করে থাকেন। এই পরিদর্শনের মাধ্যমে কাজে ব্যবহৃত দ্রব্যসামগ্রীর গুণমান এবং সকল কাজের গুণগতমান পরীক্ষার দায়িত্ব উল্লিখিত আধিকারিকগণের উপর ন্যস্ত আছে।

## কারিগরি শিক্ষায়তন বাড়ানোর প্রস্তাব

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৬) শ্রী আব্দুল মান্নান ঃ কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কারিগরি শিক্ষায়তনগুলির সংখ্যা কম আছে ; এবং

(খ) সত্যি হলে উক্ত শিক্ষায়তনের সংখ্যা বৃদ্ধির জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। বর্তমানে রাজ্যে পর্যাপ্ত সংখ্যায় কারিগরি শিক্ষায়তন রয়েছে। রাজ্যের বিভিন্ন স্তরের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলি নিম্নরূপ ঃ-

(১) ডিপ্লোমা স্তরের ৩টি মহিলা পলিটেকনিকসহ সর্বমোট ৩৪টি পলিটেকনিক প্রতিষ্ঠান আছে।

(২) রাষ্ট্রীয় বৃত্তি শিক্ষণ পরিষদ স্বীকৃত ট্রেড পাঠক্রম ৪টি মহিলা আই টি আই সহ ২৩টি শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে (আই টি আই) পড়ানো হয়।

(৩) আই টি আই সমতুল্য পাঠক্রম স্তরে সরকার পোষিত ২০টি জুনিয়র টেকনিক্যাল স্কুল রয়েছে।

(৪) ৩টি সরকারি জুনিয়র পলিটেকনিক প্রতিষ্ঠান রয়েছে যেখানে আই টি আই সমতুল্য পাঠক্রম পড়ানো হয়ে থাকে।

(৫) এছাড়া ১৬টি বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি সাহায্যপ্রাপ্ত) রয়েছে যেখানে ছাত্র-ছাত্রীরা বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ পেয়ে থাকে।

(খ) প্রশ্ন ওঠে না।

**স্টার থিয়েটার অধিগ্রহণ**

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮১) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবহিত আছে যে, দীর্ঘদিন ধরে এই রাজ্যের ঐতিহ্যমন্ডিত 'স্টার' থিয়েটারটি বন্ধ রয়েছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত হলটি অধিগ্রহণের কোনও চিন্তা সরকার করছে কি ; এবং

(গ) করে থাকলে, তা কবে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) প্রশ্ন ওঠে না।

**যুগান্তর ও অমৃতবাজার পত্রিকার পুনঃপ্রকাশ**

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮২) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা পুনরায় চালু করার জন্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কি ব্যবস্থা সরকার গ্রহণ করেছে?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পূর্বে এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা হয়েছিল, তবে ফলপ্রসূ কিছু হয়নি।

(খ) পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে এই মুহূর্তে সরকারের কোনও উদ্যোগ নেই।

**হাওড়ায় দূষণ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ**

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৮) **শ্রী তপন হোড় ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

**১৯৯৭-৯৮ সালে হাওড়ায় দূষণ প্রতিরোধে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?**

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ সালে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ হাওড়া জেলার দূষণ সংক্রান্ত সমস্যার বিস্তারিত সমীক্ষা করেছে এবং নিম্নলিখিত পদক্ষেপ পরিবেশ দূষণরোধে গ্রহণ করা হয়েছে।

১। **হাওড়া মর্গ**

মৃতদেহগুলি হাওড়া মর্গের ঠাণ্ডা ঘরে সংরক্ষিত করে রাখা হয়। মর্গের বাতানুকূল ব্যবস্থা উন্নতিকরণের কাজ চলছে। মর্গের ঠিক পশ্চিমপার্শ্বে ৩৪টি মৃতদেহ সংরক্ষণ করা যায় এমন একটি নতুন মর্গ গৃহ বর্তমানে তৈরি করা হচ্ছে। রাজ্য পর্ষদ নিয়মিতভাবে ঐ মর্গের সাপ্তাহিক নিষ্কাশন ও নতুন মর্গ গৃহ নির্মাণের কাজ তদারকি করছে।

২। **শিল্প দূষণ**

(ক) ফাউন্ড্রি শিল্প

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তৎপরতায় হাওড়া জেলায় ২০৫টি ফাউন্ড্রি শিল্পে বায়ুদূষণ রোধের যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। Cupola Furnace (গম্বুজাকার চুল্লী) ও Core Drying Room (মূল শুষ্ককরণ কক্ষ) উপযুক্ত বায়ুদূষণ রোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(খ) রিরোলিং শিল্প

হাওড়া জেলায় ৭৫টি রিরোলিং (Rerolling) কারখানার মধ্যে বেশিরভাগই তাদের কয়লা চুল্লীগুলোকে তেল তথা গ্যাস চুল্লীতে পরিবর্তন ঘটিয়েছে। যেসব রিরোলিং মিল গ্যাস পাইপ লাইন থেকে অনেক দূরে অবস্থিত তাদের এই পরিবর্তনের কাজ চলছে। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ তাদের যথাযোগ্য বায়ুদূষণ নিয়ন্ত্রণের জন্য নির্দেশ দিয়েছে।

(গ) গ্যালভানাইজিং শিল্প

এই অঞ্চলের ৪০টি ক্ষুদ্রায়তন গ্যালভানাইজিং (Small Scale Galvanizing) প্রকল্পে স্বল্প খরচে দূষণ নিয়ন্ত্রণের কারিগরি উদ্ভাবনের ব্যবস্থা চলছে। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এইসব ক্ষুদ্রায়তন গ্যালভানাইজিং শিল্পে দূষণ নিয়ন্ত্রণের জন্য তদারকি করে চলেছে।

৩। **পয়ঃপ্রণালীর বর্জ্য জল শুদ্ধিকরণের ব্যবস্থা**

পয়ঃপ্রণালীর বর্জ্য জলকে শুদ্ধিকরণের ব্যবস্থা GIP কলোনির আরুপাড়ায় স্থাপিত হয়েছে এবং CMWSA রক্ষণাবেক্ষণ করছে। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বালি STP ও হাওড়া STP-র তদারকি করছে।

৪। **বায়ুর গুণমান পরিধারণ**

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ হাওড়ার চারটি অঞ্চল যথাঃ বাতোর, ঘুসুরি, বাঁধাঘাট ও হাওড়া পৌরভবন অঞ্চল থেকে বায়ুর গুণগত তথ্য সংগ্রহ করে যাচ্ছে। এবং $SO_2$, $NO_x$ এবং SPM-এর পরিমাণ মাপা হচ্ছে।

৫। **শব্দের মাত্রা পরিধারণ**

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ উৎসবের দিনগুলিতে হাওড়া জেলায় শব্দমাত্রা পরিধারণ করেছে এবং শিল্পকে তাদের শব্দমাত্রা নিয়ন্ত্রণের ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছে।

৬। **বিপজ্জনক বর্জ্য পরিত্যাগের স্থান নির্ধারণ**

হাওড়া ও হুগলির সীমানায় বিপজ্জনক বর্জ্য পরিত্যাগের স্থান নির্ধারণের কাজ চলছে।

৭। হাওড়া পৌর অঞ্চলে কোনও নতুন দূষণকারী শিল্প যাতে স্থাপিত না হয় তার জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নির্দেশ দিয়েছে। দূষণকারী শিল্প ছাড়া অন্য শিল্প উদ্যোগকে অবশ্য এই নির্দেশের আওতায় আনা হয়নি।

**কারাবন্দিদের খাদ্যের জন্য বরাদ্দকৃত অর্থ**

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৪০০) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে এই রাজ্যের কারাগারগুলিতে বন্দিদের খাদ্যের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) রাজ্যের কারাগারগুলিতে মোট বন্দির সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই আর্থিক বছরে (১৯৯৭-৯৮) এই রাজ্যের কারাগারগুলিতে বন্দিদের খাদ্যের

জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৬,৮৫,০০,০০০ টাকা।

(খ) রাজ্যের কারাগারে মোট বন্দির সংখ্যা পুরুষ বন্দি—৯৮১৭ এবং মহিলা বন্দি—৪৭১। সর্বসমেত মোট বন্দির সংখ্যা—১০,২৮৮ জন।

**বিশ্বব্যাঙ্কের সহায়তায় স্বাস্থ্য পরিষেবা**

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৭) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় রাজ্যে স্বাস্থ্য পরিষেবার উন্নতিকল্পে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, এ বাবদ বরাদ্দ অর্থের পরিমাণ কত ; এবং

(গ) ৩১.১২.৯৭ পর্যন্ত কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।.

(খ) ৭০১,৪৬,০০,০০০ টাকা (সাতশো এক কোটি ছেচল্লিশ লক্ষ টাকা)

(গ) সংক্ষেপে নিম্নরূপ ঃ

(১) নির্মাণ সংক্রান্ত

(২) যন্ত্রপাতি, আসবাব, ঔষধপত্র, যানবাহন ব্যবস্থা

(৩) যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ,

(৪) সুন্দরবন সংক্রান্ত প্রকল্প

(৫) হাসপাতালজাত বর্জ্য পদার্থের স্বাস্থ্যসম্মত বিনাশকরণ,

(৬) স্বাস্থ্য পরিচালন তথ্য,

(৭) রোগ পর্যবেক্ষণ,

(৮) রেকারেল ব্যবস্থা রোগী প্রেরণ ব্যবস্থা

(৯) প্রশিক্ষণ,

(১০) তথ্য, শিক্ষা ও যোগযোগ।

**রাজ্যে হোমিওপ্যাথিক কলেজ হাসপাতাল**

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৩) **শ্রী জটু লাহিড়ি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে হোমিওপ্যাথিক কলেজ হাসপাতালের সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে হোমিওপ্যাথিক কলেজ হাসপাতালের সংখ্যা মোট ১২টা।

**হাওড়া-কোনা এক্সপ্রেসওয়ের কাজ**

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬২) **শ্রী জটু লাহিড়ি ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া-কোনা এক্সপ্রেসওয়ের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) ১৯৯৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত নির্মাণ প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিদ্যাসাগর সেতু থেকে ১.১৩ কি মি পর্যন্ত কাজ শেষ হয়েছে এবং রাস্তা চলাচলের জন্য ছেড়ে দেওয়া হয়েছে। বাকি ৬.০৪ কিমি এর ৭৬% কাজ শেষ। অবশিষ্টাংশের কাজ শীঘ্রই শেষ হবে।

(খ) ১৯৯৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ১৯.৪৮ কোটি টাকা খরচ হয়েছে।

**মুর্শিদাবাদে গবাদি পশুর মৃত্যু**

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮০) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রোগাক্রান্ত হয়ে কতগুলি গবাদি পশুর মৃত্যু হয়েছে ; এবং

(খ) উক্ত রোগটির নাম কি?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় রোগাক্রান্ত হয়ে মৃত গবাদি পশুর সংখ্যা—১,০৩২।

(খ) মুর্শিদাবাদ জেলায় যে রোগটির প্রাদুর্ভাব নিকট অতীতে হয়েছিল তা চিকিৎসা বিজ্ঞানে 'ডেকনেলা' রোগ নামে পরিচিত।

**মৃগ উদ্যানে মৃত মৃগের সংখ্যা**

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৩) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া—বাঁকুড়া সীমানায় বনপোখরিয়া মৃগ উদ্যানে একের পর এক মৃগের মৃত্যুর কারণ কি ;

(খ) উক্ত উদ্যানে এক কতগুলি মৃগ আছে ; এবং

(গ) রাজ্যের অন্য অভয়ারণ্যগুলিতে কৃষ্ণসার মৃগের সংখ্যা কত?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এক প্রকার উকুনজাতীয় পোকা (Tick) কামড় থেকে জ্বর হাওয়ার কারণে বনপোখরিয়ার চারটি হরিণের মৃত্যু হয়।

(খ) এই উদ্যানে বর্তমানে ৭৫টি হরিণ আছে।

(গ) রাজ্যে কৃষ্ণসার মৃগের সংখ্যা ঃ

| | |
|---|---|
| রামনাবাগান (বর্ধমান জেলা) | ৩টি |
| বল্লভপুর (বীরভূম জেলা) | ৪টি |
| ঝাড়গ্রাম (মেদিনীপুর জেলা) | ১টি |
| মোট | ৮টি |

**রাজ্যে উচ্চ মাধ্যমিক উন্নীত স্কুলের সংখ্যা**

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৫) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬ সালের জানুয়ারি থেকে ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে

কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে (জেলাভিত্তিক স্কুলের নামসহ)।

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১২৭টি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। (জেলাভিত্তিক স্কুলের নাম সংযুক্ত করা হল)।

**Statement referred to in reply of Unstarred Question No. 88 (Admitted Question No. 485) Dated 30th March, 1998**

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to February 1998 |
|---|---|
| Birbhum (6) | 1. Rajnagar High School, P.O. Rajnagar |
| | 2. Barhra High School, P.O. Barhra |
| | 3. Beluti Mahalabi Kalidas Memorial High School, P.O. Beluti |
| | 4. Jamalpur High School, P.O. Mollarpur |
| | 5. Deucha Gourangini High School, P.O. Deucha |
| | 6. Kerarpur Bhabananda High School, P.O. Kabirpur |
| Burdwan (11) | 1. Durgapur A.V.B. High School, P.O. Durgapur-6 |
| | 2. Bari Vidyalaya, P.O. Burnpur (Wagon Colony) |
| | 3. Nadanghat Rampuria High. School, P.O. Nadanghat |
| | 4. Sree Jaipuria High School, P.O. Pandabeswar |
| | 5. Khandoghosh High School, P.O. Khandoghosh |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to February 1998 |
|---|---|
| | 6. Ramgopalpur High School, P.O. Ramgopalpur |
| | 7. Chhotodighari Vidyapith, P.O. Chhotodighari |
| | 8. Andal Hindu Hindi Vidyalaya (High School), P.O. Andal |
| | 9. Asansol Dayanand Vidyalaya High School, P.O. Asansol |
| | 10. Debpur High School, P.O. Kanpur |
| | 11. Aklakhi High School, P.O. Aklakhi |
| Cooch Behar (5) | 1. Nazirhat Harkumari High School, P.O. Nazirhat |
| | 2. Mohanpur Sabitri Vidyamandir, P.O. Sikarpur |
| | 3. Gosairhat High School, P.O. Gosairhat Bandar |
| | 4. Tufanganj Newtown Netaji Bidyalaya, P.O. Tufanganj |
| | 5. Chilkirhat Kanteswari High School, P.O. Chilkirhat |
| Bankura (4) | 1. Gangajalghati High School, P.O. Gangajalghati |
| | 2. Susunia High School, P.O. Susunia |
| | 3. Chhagulia Sammilani Nehru High School, P.O. Chhagulia |
| | 4. Fulkushma High School, P.O. Fulkushma |
| Calcutta (8) | 1. Behala Sarada Vidyapith for Girls, P.O. Parnasree Palli |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to Feburary 1998 |
|---|---|
| | 2. Sir Ramesh Mitra Girls' High School, 15, Jogesh Mitra Road, Calcutta-25 |
| | 3. Kendua Mahendranath High School, Ashoke Road, Garia, Calcutta-84 |
| | 4. Carmel High School, 41, Gariahat Road (S), P.O. Dhakuria |
| | 5. Sir Doulatram Nopani Vidyalaya, P.O. Beadon Street, Jorasanko |
| | 6. Vivekananda Palli Kishore Bharati High School, P.O. Parnashree |
| | 7. Mukul Bose Memorial Institution for Girls, P.O. Naktala |
| | 8. Kamala Vidyamandir High School for Girls, P.O. Beliaghata, 81, K.G. Basu Sarani, Calcutta-85 |
| Derjeeling (7) | 1. Ambari High School, P.O. Kamala Bagan |
| | 2. Matigara Hara Sundar High School, P.O. Matigara |
| | 3. Hakimpara Balika Vidyalaya, P.O. Siliguri |
| | 4. Gairibas High School, P.O. Gairibas |
| | 5. Alphonsus High School, P.O. Kurseong |
| | 6. Ghoom Girls' High School, P.O. Ghoom |
| | 7. St. Joseph Girls' High School, P.O. Kurseong, Darjeeling |
| Dakshin Dinajpur (3) | 1. Mahipal High School, P.O. Mahipal |
| | 2. Chaloon High School, P.O. Pransagar |
| | 3. Rampur High School, P.O. Rampur |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to February 1998 |
|---|---|
| Uttar Dinajpur (5) | 1. Taranagpur N.K. High School, P.O. Taranagpur |
| | 2. Kaliaganj Milanmayee Girls' High School P.O. Kaliaganj |
| | 3. Rampur Indira Uchha Vidyapith, P.O. Lohanda |
| | 4. Raiganj Mohanbati High School, P.O. Raiganj |
| | 5. Debinagar Kailash Chandra Radharani Vidyapith, P.O. Debinagar |
| Hooghly (8) | 1. Chinsurah Desbandhu Memorial Girls' High School, P.O. Buro Shibtala |
| | 2. Madhubati Surabala Vidyamandir, P.O. Balarambati, Singur |
| | 3. Kapasdanga Satin Sen Vidyapith, P.O. Hooghly |
| | 4. Bhadrakali Deshapriya Balika Vidyamandir, P.O. Bhadrakali |
| | 5. Mathadanga R.K. High School, P.O. Mayapur |
| | 6. Jangalpara Krishnarampur Deshapran High School, P.O. Jangalpara |
| | 7. Bahirkhand Girish Institution, P.O. Bahirkand |
| | 8. Harishchak High School, P.O. Harishchak |
| Howrah (8) | 1. Shree Jain Vidyalaya for Boys, 25/1, Banbehari Bose Road, Howrah-1 |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to Feburary 1998 |
|---|---|
| | 2. Shri Jain Vidyalaya for Girls, 25/1, Banbehari Bose Road, Howrah-1 |
| | 3. Bargachia Union Priyanath Pathsala, P.O. Bargachia |
| | 4. Shibpur Dinabandhoo Institution (Branch), P.O. Shibpur |
| | 5. Bauria Girls' High School, P.O. Bauria, Uluberia |
| | 6. Nehru Balika Vidyalaya, P.O, Domjur, Howrah |
| | 7. Howrah Deshbandhu Balika Vidyalaya, 233/2, Netaji Subhas Road |
| | 8. Garh Bhawanipur Ram Prasanna Instn., P.O. Chitrasenpur |
| Jalpaiguri (2) | 1. Madarihat High School, P.O. Madarihat |
| | 2. Hasimara High School, P.O. Hasimara |
| Midnapore (15) | 1. Jafuly Deshapran High School, Jafuly |
| | 2. Aligurj Rishi Rajnarayan Balika Vidyalaya, Midnapur |
| | 3. Rohini C.R.D. High School, Rohini |
| | 4. Gomunda Suburbon High School, Gomunda |
| | 5. Turka High School, Turka Kasba |
| | 6. Narayanbarh High School, Narayanbarh |
| | 7. Keranitola Shree Shree Mahananda Vidyamandir, Midnapur |
| | 8. Khalseuli High School, Khalseuli |
| | 9. Gopalpur High School, P.O. Gopalpur |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to Feburary 1998 |
|---|---|
| | 10. Mansaka L.N. High School, Mansaka |
| | 11. Anantapur Baniniketan Girls' High School, Chansepur |
| | 12. Saria Tribal High School, Saria |
| | 13. Contai High School, Contai |
| | 14. Paranchak Siksha Niketan, Khanjachak |
| | 15. Kelomal Santoshini High School, Kelomal |
| Murshidabad (6) | 1. Kandi Raj High School, Kandi |
| | 2. Lalbag MMC Girls High School, Murshidabad |
| | 3. Teghari Nazirpur Institution, Nazirpur |
| | 4. Sahebnagar High School, Kankuria |
| | 5. Kalitala L.K. High School, Sammatinagar |
| | 6. Tungi Swami Swarupananda High School, Tungi |
| Malda (2) | 1. Baishnab Nagar High School, P.O. Baishnabnagar |
| | 2. Mashaldighi Shibabrati Vidyapith, P.O. Ahora |
| North 24 Parganas (16) | 1. Tapati Balika Vidyabithi, P.O. New Barrackpore |
| | 2. Khardah Priyanath Bilika Vidyalaya, P.O. Khardah |
| | 3. Chhoto Sehara High School, P.O. Chhoto Sehara |
| | 4. Salipur High School, P.O. Khalisadhy |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to Feburary 1998 |
|---|---|
| | 5. Dakshineswar High School, 7, A. C. Banerjee Road. P.O. Ariadaha, Calcutta -57 |
| | 6. Bhatpara Central Hindu Girls' High School, Babupara Road, P.O. Bhatpara |
| | 7. Bhebia High School, P.O. Bhebia |
| | 8. Banamalipur Priyanath Institution, P.O. Barasat |
| | 9. Nona Chandanpukur Manmatha Nath Girls' High School, P.O. Nona Chandanpukur |
| | 10. Dum Dum Motijheel Girls' High School, 20A, Dum Dum Road, Calcutta-74 |
| | 11. Bajitpur High School, P.O. Mangalganj |
| | 12. Dandpur H.L. Sikshaniketan, P.O. Dandpur Hatkhola |
| | 13. Panihati Balika Vidyalaya, P.O. Panihati |
| | 14. Maslandapur Bhudev Smriti Balika Vidyalaya, P.O. Maslandapur |
| | 15. Gopalpur Ram Kumar Kamala Vidyalaya, P.O. Rajarhat, Gopalpur |
| | 16. Prithiba Kumar Gokul Chandra Memorial High School, P.O. Prithiba |
| South 24-Parganas (10) | 1. Jamtala Bhagaban Chandra High School, P.O. Naskarpara |
| | 2. Usthi K.C.P.M. Institution, P.O. Usthi |
| | 3. Sodepur Sremanta Vidyapith, P.O. Haridevpur |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to Feburary 1998 |
|---|---|
| | 4. Raipur Sri Sri Ramkrishna Amrita Vidyalaya, P.O. Dakshin Raipur |
| | 5. Jagadishpur Silikantha Institution, P.O. Mandir Bazar |
| | 6. Brajaballavpur Brojomohan Tewari Sikshaniketan, P.O. Brajaballavpur |
| | 7. Nimpith Ramkrishna Vidyabhavan, P.O. Nimpith Ashram |
| | 8. Ghasiara Vidyapith (High School), P.O. Sonarpur |
| | 9. Udairampur Pallisree Sikshayatan, P.O. Kanyanagar, Bishnapur |
| | 10. Matherdighi High School, P.O. Matherdighi |
| Nadia (8) | 1. Kataganj Gokulpur Adarsha Sikshayatan, P.O. Kataganj |
| | 2. Krishnagar Lady Carmichael Girls' High School, R. N. Tagore Road, P.O. Krishnagar |
| | 3. Nimtala Vidyaniketan, P.O. Raghunathpur |
| | 4. Fatepur High School, P.O. Fatepur |
| | 5. Durganagar Bipin Behari Vidyapith, P.O. Chakdaha |
| | 6. Nabadwip Balika Vidyalaya, P.O. Nabadwip |
| | 7. Bhagirathi Vidyapith, P.O. Swarupganj |
| | 8. Shikarpur Vevekananda High School, P.O. Bhagirathi Silpasram |
| Purulia (3) | 1. Arsha High School, P.O. Arshra |

| Name of the District | Name of the recognised Higher Secondary Schools upgraded from January, 1996 to Feburary 1998 |
|---|---|
| | 2. Naragoria Durgadasi High School, P.O. Naragoria |
| | 3. Babugram Sammilani High School, P.O. Babugram |

**বাঁকুড়ার সিমলাপালে কৃষি মহাবিদ্যালয় খোলার পরিকল্পনা**

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৬) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলায় সিমলাপাল-এ কোনও কৃষি মহাবিদ্যালয় বা ক্যাম্পাস খোলার কোনও সরকারি পরিকল্পনা আছে কি?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, বাঁকুড়া জেলার সিমলাপাল-এ কোনও কৃষি মহাবিদ্যালয় বা ক্যাম্পাস খোলার কোনও সরকারি পরিকল্পনা বর্তমানে নেই।

**বোলপুরে মহিলা কলেজ স্থাপন**

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বীরভূম জেলায় বোলপুরে একটি মহিলা কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) রাজ্যে মহিলা কলেজের সংখ্যা কত?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বোলপুরে মহিলা কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের নেই।

(খ) রাজ্যে ডিগ্রি মহিলা কলেজের সংখ্যা ৫২।

**রাজ্যে পশুচিকিৎসালয়ের সংখ্যা**

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯১) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলো পশু চিকিৎসালয় আছে ; এবং

(খ) বর্তমানে নতুন কোনও পশু চিকিৎসালয় স্থাপনের প্রস্তাব রাজ্য সরকারের নিকট আছে কি না?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে মোট ৭২২টি পশু চিকিৎসালয় আছে।

(খ) আপাতত রাজ্যে নতুন কোনও পশু চিকিৎসালয় স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

**দূরদর্শনের মাধ্যমে রাজ্যের সংস্কৃতি**

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৪) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা দূরদর্শনের মাধ্যমে রাজ্যের সংস্কৃতি তুলে ধরার জন্য রাজ্য সরকার প্রসার ভারতী কর্তৃপক্ষকে কোনও প্রস্তাব দিয়েছেন কি না ; এবং

(খ) দিয়ে থাকলে উক্ত প্রস্তাব কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রসার ভারতীয় কর্পোরেশন চালু হওয়ার পর তথ্য ও সংস্কৃতি বিভাগের তরফ থেকে রাজ্যের সংস্কৃতি তুলে ধরার জন্য রাজ্য সরকার কলকাতা দূরদর্শনের মাধ্যমে এ পর্যন্ত কোনও প্রস্তাব দেয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

**সুন্দরবনে উন্নয়নমূলক কাজ**

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় ঃ** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৮৮ সাল থেকে এ পর্যন্ত সুন্দরবন উন্নয়ন বিভাগের মাধ্যমে—

(ক) (১) কত কিলোমিটার রাস্তা হয়েছে ;

(২) কত কিলোমিটার খাল কাটা হয়েছে ;

(৩) কতজন কৃষককে কৃষি সরঞ্জাম দেওয়া হয়েছে ;

(৪) কতগুলি জেটি তৈরি হয়েছে ; এবং

(৫) পানীয় জলের কি ব্যবস্থা হয়েছে।

(খ) উক্ত বিষয়গুলির জন্য কত টাকা ব্যয় হয়েছে? (প্রতিটি বিষয়ের জন্য আলাদা হিসাবসহ)

**সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৮৮ সালের এপ্রিল মাস থেকে ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সুন্দরবন বিষয়ক বিভাগের মাধ্যমে নিম্নলিখিত কাজ হয়েছে—

(ক) (১) ৮১২.৮৬৪ কিলোমিটার ইট/খোয়া বিছানো রাস্তা নির্মিত হয়েছে।

(২) ৮৭.৬৬৭ কিলোমিটার খাল কাটা হয়েছে।

(৩) ৫,৬০,০০৪ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে উন্নতজাতের বীজ ও রাসায়নিক সার ৫০ শতাংশ অনুদান হিসাবে দেওয়া হয়েছে।

(৪) ৪০টি পাকা জেটি তৈরি হয়েছে।

(৫) সুন্দরবন অঞ্চলের পানীয় জল সমস্যা সমাধানের উদ্দেশ্যে উপরোক্ত সময়ে ১৮৪টি নলকূপ খনন করা হয়েছে। এছাড়া ১৯৯০-৯১ সালে ১৮৭টি নলকূপ খননের জন্য উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ দুটিকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে।

(খ) উক্ত বিষয়গুলি রূপায়নে সর্বমোট ৪৮ কোটি ২১.৪৮ লক্ষ টাকা নথিভুক্ত ব্যয় হয়েছে। বিষয়ভিত্তিক নথিভুক্ত ব্যয় নিম্নরূপ—

(১) রাস্তা নির্মাণে ৩৭ কোটি ৭২.৮২ লক্ষ টাকা।

(২) খাল কাটায় ২ কোটি ৫২ হাজার টাকা।

(৩) কৃষি সরঞ্জাম সরবরাহে ৪ কোটি ১৫.০৩ লক্ষ টাকা।

(৪) জেটি নির্মাণে ৩ কোটি ২৩ হাজার টাকা।

(৫) পানীয় জল সরবরাহের জন্য নলকূপ খননে ৯৬.৪৪ লক্ষ টাকা। এছাড়া ১৯৯০-৯১ সালে নলকূপ খননের জন্য উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদকে মোট ৩৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**সংস্কৃতি জগতের দুস্থ শিল্পীদের ভাতা প্রদান**

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৪) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড়ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) দুস্থ চলচ্চিত্র, নাট্য এবং যাত্রা শিল্পীদের কোনও ভাতা দেওয়ার প্রস্তাব রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে উক্ত প্রস্তাব কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) দুস্থ লেখক, গায়ক, চিত্রকরদের মাসিক অনুদান দেওয়া হয়। এছাড়া দুস্থ চলচ্চিত্র শিল্পী, অভিনেতা/অভিনেত্রী, সঙ্গীতশিল্পী, চিত্রকর, ভাস্করদের বিশেষক্ষেত্রে এককালীন আর্থিক অনুদানও দেওয়া হয়।

(খ) কার্যকর রয়েছে।

**কলকারখানার শ্রমিকদের ই এস আই-এর অর্থের পরিমাণ**

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৯) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড়ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র ও ই এস আই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯৮-এর ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যের কতগুলি কারখানার কর্তৃপক্ষ শ্রমিকদের প্রাপ্য ই এস আই-এর টাকা জমা দেয়নি ; এবং

(খ) উক্ত টাকার পরিমাণ কত?

**কর্মবিনিয়োগ কেন্দ্র ও ই এস আই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) ৩,২৯২টি (২৮.২.৯৮ পর্যন্ত)।

(খ) টাকা ৯৮,৩৪,৫৯,৭৫৫.০০০।

**শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন পর্ষদকে বরাদ্দকৃত অর্থের পরিমাণ**

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫১০) **শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড়ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত

শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন পর্ষদকে রাজ্য সরকার মোট কত টাকা দিয়েছেন?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন পর্ষদকে রাজ্য সরকার নিম্নোক্ত টাকা দিয়েছেন ঃ

**১৯৯৬-৯৭**

| | | |
|---|---|---|
| অনুদান | ১। প্রতিষ্ঠানের খরচ ও কর্মচারিদের বেতন বাবদ | ২০.০০ লক্ষ টাকা |
| | ২। ল্যান্ড ইউজ সার্ভে ও ম্যাপ তৈরি বাবদ | ২.০০ লক্ষ টাকা |
| ঋণ | ১। উন্নয়ন প্রকল্প রূপায়ণের জন্য | ৭৫.০০ লক্ষ টাকা |

**১৯৯৭-৯৮ আর্থিক বছরের ৩১.১২.৯৭ পর্যন্ত**

| | | |
|---|---|---|
| অনুদান | প্রতিষ্ঠানের খরচ ও কর্মচারিদের বেতন বাবদ | ১৮.০০ লক্ষ টাকা |
| ঋণ | উন্নয়ন প্রকল্প রূপায়ণে | ৩৫.০০ লক্ষ টাকা |

**১৯৯৭-৯৮ আর্থিক বছরের মোট বরাদ্দকৃত অর্থ**

| | | |
|---|---|---|
| অনুদান | ১। প্রতিষ্ঠানের খরচ ও কর্মচারিদের বেতন বাবদ | ২২.০০ লক্ষ টাকা |
| | ২। ল্যান্ড ইউজ ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান তৈরি বাবদ | ২.২৫ লক্ষ টাকা |
| ঋণ | ১। উন্নয়ন প্রকল্প রূপায়ণ | ১০০. লক্ষ টাকা। |

**মুর্শিদাবাদে অচল সেচ প্রকল্পগুলির পুনরায় চালুকরণ**

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৫) **শ্রী মোজাম্মেল হক ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় অচল সেচ প্রকল্পগুলিকে পুনরায় চালু করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর ৯৭ পর্যন্ত নতুন সেচপ্রকল্প স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বৈদ্যুতিক তার, ট্রান্সফরমার ইত্যাদি চুরি যাওয়ার জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হওয়ার দরুন মুর্শিদাবাদ জেলায় যে ক্ষুদ্র সেচপ্রকল্পগুলি অচল হয়েছে সেগুলির ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ পুনঃপ্রতিষ্ঠা করার জন্য বিদ্যুৎ দপ্তরের সাথে যোগাযোগ করা হয়েছে। এবং ইতিমধ্যেই এ কাজ বাবদ প্রয়োজনীয় অগ্রিম অর্থ জমা দেওয়া হয়েছে।

অচল নদী জলোত্তলন প্রকল্পের ক্ষেত্রে প্রজোয়নীয় হোস্ পাইপ এতদিন কেনা সম্ভব হয়নি। কারণ বিষয়টি উচ্চ আদালতে বিচারধীন ছিল। বর্তমানে মামলা নিষ্পত্তি হওয়ায় প্রয়োজনীয় হোস্ পাইপ সংগ্রহের কাজ চূড়ান্ত পর্যায়। এছাড়া নিমজ্জিত বার্জটিও উদ্ধারের কাজে হাতে নেওয়া হয়েছে।

(খ) আর আই ডি এফ-২ পরিকল্পনায় নাবার্ড অনুমোদিত বিভিন্ন ক্ষুদ্র সেচ প্রকল্পে কাজ চলছে এবং নিম্নলিখিত প্রকল্পগুলির কাজ মার্চ ১৯৯৯-এর মধ্যে শেষ করতে হবে ঃ—

উচ্চক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ —৩৫টি

নদী জলোত্তলন প্রকল্প-বৃহৎ —১৮টি

ক্ষুদ্র —৩২টি

**ভাগীরথী মিল্ক প্রোডিউসারস্ ইউনিয়ন লিমিটেডের দুগ্ধ সংগ্রহের পরিমাণ**

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৭) **শ্রী মোজাম্মেল হক ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ভাগীরথী মিল্ক প্রোডিউসারস্ ইউনিয়ন লিমিটেডের বর্তমানে দুগ্ধ সংগ্রহের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত দুগ্ধ উৎপাদকদের দুগ্ধের দাম বাড়াবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গড়ে দৈনিক ৮০,০০০ লিটার।

(খ) এই মুহূর্তে নেই।

**মুর্শিদাবাদ জেলার সমস্ত কলেজকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্তর্ভুক্তিকরণ**

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১) **শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার সমস্ত কলেজকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা হবে ;

(খ) সত্যি হলে তা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায় ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার বহরমপুর কৃষ্ণনাথ কলেজে স্নাতকোত্তর পাঠদানের জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। এটা সত্যি যে, মুর্শিদাবাদ জেলার সমস্ত কলেজকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে আনার পরিকল্পনা আছে ;

(খ) কবে নাগাদ এই পরিকল্পনা কার্যকর হবে তা এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না ;

(গ) বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

**মুর্শিদাবাদে গ্রামীণ গ্রন্থাগার**

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৫২২) **শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে গ্রামীণ গ্রন্থাগারে সংখ্যা কত ;

(খ) কোথায় কোথায় আছে ;

(গ) উক্ত জেলায় গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা বাড়াবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না, এবং

(ঘ) উক্ত জেলায় কটি গ্রামীণ গ্রন্থাগারিকের পদ শূন্য আছে?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৪৬টি।

(খ) বহরমপুর সদর মহকুমায়—৪১টি

লালবাগ মহকুমায় —৩৯টি

কান্দি মহকুমায় —২৮টি

জঙ্গীপুর মহকুমায় —৩৮টি

(গ) আছে। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৯৭-২০০০) বাজেট বরাদ্দ অনুযায়ী রাজ্যে আরও গ্রামীণ/পঞ্চায়েত গ্রন্থাগার খোলার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন। শুধুমাত্র মুর্শিদাবাদ জেলার জন্য কোনও পৃথক পরিকল্পনা নেই।

(ঘ) ৫০টি

**বিভিন্ন উৎসবে বিধায়কদের মাধ্যমে বস্ত্রাদি বিতরণ**

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৩) **শ্রী মোজাম্মেল হক ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিভিন্ন উৎসবে দুঃস্থদের মধ্যে বিধায়কদের মাধ্যমে যে বস্ত্রাদি বিতরণ করা হয় তার ক্রয় প্রক্রিয়া কি ; এবং

(খ) উক্ত বস্ত্রাদির মান উন্নতিকরণের কোনও চিন্তাভাবনা সরকারের আছে কি না?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের আদেশ অনুযায়ী ত্রাণ দপ্তরের পার্চেজ কমিটি সিদ্ধান্ত অনুসারে ধুতি-শাড়ি এবং ছেলেমেয়েদের জামাকাপড় ইত্যাদি তন্তুজ, তন্তুশ্রী প্রভৃতি সরকারি নিগম থেকে কেনা হয়।

(খ) মান উন্নয়নের প্রয়াস সরকারের প্রতিক্ষণের ভাবনা ; এজন্য অর্থদপ্তর নির্ধারিত সরকারি নিগমের বাইরেও তন্তবায় সমিতিগুলোর উৎসমূল থেকে উন্নতমানের বস্ত্রাদি কেনার জন্য অর্থদপ্তরের অনুমতি নেওয়া হয়েছে। তাছাড়া পার্চেজ বোর্ডের নির্ধারিত নমুনা অনুযায়ী বস্ত্রাদির জন্য ত্রাণ অধিকারের ত্রাণদপ্তর নিযুক্ত একটি বাছাই কমিটি আছে।

**লালবাগে রেগুলেটেড মার্কেটে চেকপোস্ট**

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩০) **শ্রী মোজাম্মেল হক ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে লালবাগ রেগুলেটেড মার্কেটিং-এর অধীনে দুটি চেকপোস্ট খোলা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত চেকপোস্ট দুটিতে কর্মী নিয়োগের বিষয়ে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি। লালবাগ নিয়ন্ত্রিত বাজার সমিতির দুটি চেকপোস্টই চুনাখালিতে, লালবাগ, বহরমপুর রোডে ও জলঙ্গী বহরমপুর রোডে অবস্থিত।

(খ) লালবাগ নিয়ন্ত্রিত বাজার সমিতির আর্থিক সঙ্গতি এবং প্রয়োজনীয় পরিকাঠামো না থাকায় মুর্শিদাবাদ জেলার মধ্যে অবস্থিত অপর দুটি বাজার সমিতি—জঙ্গীপুর ও কাশিমবাজারের ক্যাজুয়াল কর্মিদের সাহায্যে আপাতত চেকপোস্ট দুটি চালানো হচ্ছে এবং কর্মিদের দৈনিক মজুরি বাবদ ব্যয়ভার সংশ্লিষ্ট বাজার সমিতির কর্তৃপক্ষই বহন করে থাকেন। বাজার সমিতির আর্থিক অবস্থা এবং পরিকাঠামোর উন্নতি ঘটলে কর্মী নিয়োগের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## সীমান্ত এলাকায় বর্ডার রোড

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪২) **শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া) ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভারত-বাংলাদেশ সীমান্তে (বি এ ডি পি)-র বর্ডার রোড তৈরি হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও রানীনগর ব্লকে উক্ত রাস্তায় কাজ কতদূর সম্পন্ন হয়েছে?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## কৃষকদের বার্ধক্যভাতা

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩) **শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক ঃ**

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

(ক) এটা কি সত্যি যে, সরকার কৃষকদের বার্ধক্যভাতা চালু করেছে ;

(খ) সত্যি হলে, উক্ত ভাতাপ্রাপকের সংখ্যা কত ; এবং

(গ) কৃষকরা উক্ত ভাতা কতদিন পর পর পেয়ে থাকেন?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২১,১৩২ জন।

(গ) তিন মাস অন্তর উক্ত ভাতা অনুমোদন করা হয়।

## ও বি সি-দের সার্টিফিকেট প্রদান

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৪) **শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক ঃ** অনুন্নত সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ও বি সি-দের সার্টিফিকেট প্রদান করছেন ; এবং

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলায় ১৯৯৭ সালের ডিসেম্বর পর্যন্ত কতজনকে ও. বি. সি. সার্টিফিকেট প্রদান করা হয়েছে?

**অনুন্নত সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৮,৪৮০ জনকে।

## রাজ্য স্কুল সার্ভিস কমিশন

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৫) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী মোজাম্মেল হক ঃ** বিদ্যালয় (শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে স্কুল সার্ভিস কমিশন চালু হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত কাজের জন্য কোথায় কোথায় দপ্তর খোলা হয়েছে ; এবং

(গ) শিক্ষিত বেকারদের আবেদন করার শেষ তারিখ এবং আবেদন করার পদ্ধতি কি?

**বিদ্যালয় (শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, (বিগত ১.১১.৯৭ থেকে রাজ্যে স্কুল সার্ভিস কমিশন চালু হয়েছে)।

(খ) এই কাজের জন্য একটি কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন [সদর দপ্তর—এ টি আই কমপ্লেক্স, অ্যানেক্স বিল্ডিং), ব্লক-এফ সি, সেক্টর-III বিধাননগর, কলকাতা-৭০০ ০৯১) এবং ৪টি আঞ্চলিক স্কুল সার্ভিস কমিশন—উত্তর অঞ্চল, দক্ষিণ অঞ্চল, পূর্ব অঞ্চল, পশ্চিম অঞ্চল সদর দপ্তর যথাক্রমে মালদা, কলকাতা, বর্ধমান এবং বাঁকুড়া] খোলা হয়েছে।

(গ) এ বিষয়ে সংবাদপত্রে বিজ্ঞাপনের শেষ তারিখ ১৬.৩.১৯৯৮/১৬.২.১৯৯৮ তারিখের প্রকাশিত সংবাদপত্রের বিজ্ঞাপন অনুযায়ী আবেদন করতে হবে।

## রাজ্যে আই সি ডি এস প্রকল্প

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৭) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অনেকগুলি আই সি ডি এস প্রকল্প চালু করা হয়েছে ;

(খ) সত্যি হলে, চলতি আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কতগুলি প্রকল্প চালু হয়েছে ; এবং

(গ) উক্ত জেলার পূর্বে চালু হওয়া প্রকল্পগুলি কি অবস্থায় আছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ৩৪৩টি আই সি ডি এস প্রকল্প চালু করার অনুমোদন দেওয়া হয়েছে। তন্মধ্যে ২২০টি প্রকল্প সম্পূর্ণভাবে চালু হয়েছে।

(খ) মুর্শিদাবাদ জেলায় ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত অনুমোদিত ২৪টি প্রকল্পের মধ্যে ১৫টি প্রকল্প চালু হয়েছে।

(গ) উক্ত জেলার পূর্বে চালু হওয়া প্রকল্পগুলি পুরোদমে কাজ করছে।

## পঞ্চায়েতের মাধ্যমে নিম্ন আয়ের মানুষদের জন্য খাদ্যদ্রব্য পরীক্ষা

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৫) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডিলারদের কাছে নিম্ন আয়ের মানুষদের জন্য অর্ধেক মূল্যে সরবরাহকৃত খাদ্যদ্রব্যের মজুত ও কাগজপত্র পঞ্চায়েতের মাধ্যমে নিয়মিত চেক-আপের ব্যবস্থা আছে কি না ; এবং

(খ) থাকলে, ব্যবস্থা কিরূপ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। এইরূপ কোনও ব্যবস্থা নেই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## ডানলপ টায়ার কারখানা বন্ধ

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৭) **শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলায় অবস্থিত ডানলপ টায়ার কারখানাটি বন্ধ হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কারখানাটি খোলার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) শ্রমমন্ত্রীর তত্ত্বাবধানে ৯.২.৯৮ তারিখে এক সমঝোতা সভার আয়োজন করা হয়, সেই সভায় মাননীয় অর্থমন্ত্রী উপস্থিত থাকেন। পূর্বনির্ধারিত এই সভায় শ্রমিকদের বকেয়া মজুরি প্রদান সম্পর্কিত আলোচনা হওয়ার কথা ছিল, কিন্তু ইতিমধ্যে ৭.২.৯৮ তারিখ থেকে কারখানাটি আচমকা বন্ধ করে দেওয়ায় এই সভায় শ্রমিকদের বকেয়া মজুরি প্রদান ও কোম্পানিতে 'সাসপেনশন অব ওয়ার্ক' তুলে নেওয়ার বিষয়টি বিশেষভাবে আলোচিত হয়। কিন্তু ঐ কোম্পানির পরিচালকমন্ডলীর তরফে মূল সমস্যার বিষয়ে ইতিবাচক কোনও কথা বলা হয়নি।

১৬.২.৯৮ তারিখে শ্রম কমিশনার কোম্পানির ম্যানেজিং ডিরেক্টরকে আলোচনার জন্য ডেকে পাঠান। ঐ আলোচনায় কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর শ্রী পি জে রাও কোম্পানির কার্যকর মূলধনের অভাবের বিষয়টি তোলেন।

এছাড়াও ২০.২.৯৮ ও ২৭.২.৯৮ ও ১১.৩.৯৮ তারিখে রাজ্যের শ্রম কমিশনারের তত্ত্বাবধানে পৃথক ও যুক্ত সভার আয়োজন করা হয় কিন্তু এখন পর্যন্ত কোনও সমাধান সূত্র পাওয়া যায়নি।

ইতিমধ্যে শ্রমিক কর্মচারিরা যাতে বকেয়া মজুরি বেতন পান তার জন্য মালিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করা হচ্ছে।

**আর আই ডি এফ (২)-এর মাধ্যমে সেচ প্রকল্প বাস্তবায়ন**

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৪) **শ্রী গোপালকৃষ্ণ দে** : জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আর আই ডি এফ (২)-এর মাধ্যমে সেচ প্রকল্পের কাজ ডি পি সি-র মাধ্যমে রাজ্যে ১৯৯৭-৯৮ সালের আর্থিক বছরে বাস্তবায়িত করা হয় নি ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্কের (নাবার্ড) পরিকাঠামো উন্নয়ন তহবিলের (আর আই ডি এফ (২) ঋণের টাকায় নিম্নলিখিত ৩টি জেলায় কেবলমাত্র ডি পি সি-র মাধ্যমে বিভিন্ন ধরনের ক্ষুদ্রসেচ প্রকল্পের কাজ রূপায়িত হওয়ার কথা। জেলাগুলি হল : বর্ধমান, দক্ষিণ দিনাজপুর ও মেদিনীপুর। ৯৭-৯৮ সালে এই ডি পি সি গুলি এখনও পর্যন্ত কোনও প্রকল্প করে উঠতে পারেনি।

(খ) ১৭.৩.৯৮ তারিখে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এই অবস্থা জানানো হল। এই প্রকল্পগুলি ডি পি সি-এরই স্বাধীনভাবে রূপায়িত করার কথা।

**কংসাবতী সেচ প্রকল্প**

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০) **শ্রী বুদ্ধদেব ভকত** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬ এপ্রিল থেকে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত কংসাবতী সেচ প্রকল্প রেভিনিউ বাবদ করে পরিমাণ অর্থ আদায় হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৯৬ সালের এপ্রিল থেকে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত কংসাবতী সেচ প্রকল্প রেভিনিউ বাবদ মোট ১৩,৩৬,১৬৬ টাকা আদায় হয়েছে।

## রাজ্যে মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৪) **শ্রী বুদ্ধদেব ভকত :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বর্ষে রাজ্যে কতগুলি নতুন মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন লাভ করেছে ; এবং

(খ) তন্মধ্যে, মেদিনীপুর জেলায় কতগুলি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ২৯টি।

(খ) ৩টি।

## বেলপাহাড়ী ব্লকে জল প্রকল্প

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৮) **শ্রী বুদ্ধদেব ভকত :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত বেলপাহাড়ি ব্লকে জল প্রকল্পের জন্য মোট কত টাকা খরচ হয়েছে ; এবং

(খ) উক্ত জল প্রকল্পের মাধ্যমে কোন কোন গ্রামে জল সরবরাহ হবে বলে আশা করা যায়?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩৫৭.৫৭ লক্ষ টাকা।

(খ) গ্রামগুলি হল : (১) বৈষ্টমপুর, (২) ঘাঘরা, (৩) কৃষ্ণপুর, (৪) ছোলাগরিয়া,

(৫) নেনাগোরা, (৬) বেলপাহাড়ি, (৭) আম্বাতুরী, (৮) কলাপাথর, (৯) কুলদিহা, (১০) বাঁশ কিত্যা, (১১) ডোমগড়, (১২) সংস৲ (১৩) কোদাপুরা, (১৪) নালাছুয়া, (১৫) গড় পাহাড়, (১৬) রাধামোহনপুর, (১৭) সোন্দাপাড়া, (১৮) দাইমারি, (১৯) জামবনী, (২০) মুরানশোল, (২১) বুড়ানডাঙ্গা, (২২) গন্দাপাল, (২৩), মীরাগুলি, (২৪) কুছাল পাহাড়ি, (২৫) দুলকি, (২৬) সিমলা, (২৭) বিদাকুরী, (২৮) খয়রাগুলি, (২৯) কুষ্টিলানী, (৩০) সাহানি, (৩১) মুজারাখালি, (৩২) জামদা, (৩৩), নারায়নপুর, (৩৪) মুচীবন্ধ, (৩৫) মাটিহানা, (৩৬) বাহিরডাঙ্গা, (৩৭) বাসাবেদা, (৩৮) ঘোড়াটোপা, (৩৯) শিল্দা এবং (৪০) বামুনদিহা।

## বুনোহাতির আক্রমণে নিহতের সংখ্যা

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪০) **শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া) এবং **শ্রী ইউনুস সরকার ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৭ সালে বুনোহাতির আক্রমণে কত সংখ্যক মানুষ মারা গেছে ; এবং

(খ) তন্মধ্যে কত সংখ্যক পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭ সালে রাজ্য বুনোহাতির আক্রমণে ৫১ জন মারা গেছেন।

(খ) উপরোক্ত প্রতিটি পরিবারকেই ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

## মুর্শিদাবাদ নতুন কলেজ

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৫) **শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া), এবং **শ্রী ইউনুস সরকার ঃ** শিক্ষা উচ্চতর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নতুন কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কোথায় তা স্থাপিত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা উচ্চতর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এব্যাপারে সরকার একটি প্রস্তাব খতিয়ে দেখছে ;

(খ) এখনও কোনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

**মুর্শিদাবাদ জেলায় দ্বারকা নদীর উপর গাঁতলাঘাটে সেতু নির্মাণ**

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬১২) **শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার গড়গ্রাম ব্লকের জীবন্তী-শোয়পুর রাস্তায় দ্বারকা নদীর উপর গাঁতলাঘাটে সেতু নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) প্রাথমিক পর্যায়ের কাজ শেষ হয়েছে, নির্মাণ কাজ শীঘ্র শুরু হবে।

**বিদ্যালয়ের উন্নতীকরণ**

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৯) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কিছু কিছু বিদ্যালয়কে অষ্টম শ্রেণী থেকে দশম শ্রেণীতে ও দশম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীতে উন্নীত করা হবে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, মুর্শিদাবাদ জেলার কোন কোন বিদ্যালয়কে এরূপভাবে উন্নীত করা হবে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ সত্যি।

(খ) এখনও কিছু ঠিক হয়নি।

**সীমান্ত এলাকায় বিভিন্ন সমস্যা**

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬২০) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সীমান্ত এলাকায় [illegible] সমস্যা সমাধানের জন্য স্থানীয় প্রশাসন, বি এস এফ ও পঞ্চায়েত প্রতিনিধিদের সমন্বয়ে কোনও কমিটি গঠিত হয়েছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত কমিটির সদস্য কারা ও কমিটির আহ্বায়ক কে ; এবং

(গ) উক্ত কমিটির ভূমিকা কি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) জেলা পর্যায়ের সমন্বয় কমিটি ও ব্লক পর্যায়ের সমন্বয় কমিটির গঠন নিম্নে দেওয়া হল ঃ—

**জেলা পর্যায়ের সমন্বয় কমিটি**

| | |
|---|---|
| সভাধিপতি, জেলা পরিষদ | চেয়ারম্যান |
| জেলাশাসক | সদস্য আহ্বায়ক |
| সুপারিনটেনডেন্ট অব্ পুলিশ | সদস্য |
| কম্যানডান্ট, বি এস এফ | সদস্য |
| বিধায়ক | সদস্য |
| অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস | সদস্য |

**ব্লক পর্যায়ের সমন্বয় কমিটি**

| | |
|---|---|
| সভাপতি, পঞ্চায়েত সমিতি | চেয়ারম্যান |
| ব্লক উন্নয়ন আধিকারিক | সদস্য |
| অফিসার-ইন-চার্জ স্থানীয় থানা/থানাসমূহ | সদস্য |
| কোম্পানি কমান্ডার, বি এস এফ | সদস্য |
| প্রধান গ্রাম পঞ্চায়েত/গ্রাম পঞ্চায়েতসমূহ | সদস্য |

এছাড়াও প্রয়োজনবোধে কাস্টমসের সুপারিনটেনডেন্ট ও এলাকার এম এল এ কিম্বা তার প্রতিনিধিকে প্রয়োজনবোধে আমন্ত্রণ জানানো যেতে পারে।

[illegible] কমিটিগুলির ভূমিকা মূলত স্থানীয় প্রশাসন, বি এস এফ ও পঞ্চায়েত

আধিকারিকদিগের মধ্যে সমন্বয় সাধন ও আলোচনার মাধ্যমে বিভিন্ন সমস্যার বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ ও সমাধান।

## ই এ এস ব্লক হিসাবে চিহ্নিত করা ব্লকের সংখ্যা

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৪) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কতগুলি ব্লককে ই এ এস ব্লক হিসাবে চিহ্নিত করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে মুর্শিদাবাদ জেলায় কোন কোন ব্লক উক্ত তালিকায় অন্তর্ভুক্ত?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মোট ৩৪১টি ই এ এস ব্লক আছে।

(খ) এই প্রকল্পের আওতায় মুর্শিদাবাদ জেলার ২৬টি ব্লকই অন্তর্ভুক্ত হয়েছে।

## পঞ্চায়েতের কাজের হিসাব পেশ

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৫) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চায়েতের কাজের হিসাব বৎসরে ২ বার জনগণের সামনে পেশ ও অনুমোদন করতে হয় ; এবং

(খ) সত্যি হলে, গত ১৯৯৭ সালের কতগুলি পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত উক্ত হিসাব পেশ করেছে ;

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এটা ঠিক যে, গ্রাম পঞ্চায়েতের কাজের হিসাব সেই গ্রাম পঞ্চায়েতের গ্রাম সংসদগুলির কাছে পেশ করতে হয়। গ্রাম সংসদের সভা বছরে ২ বার—মোটামুটি মে মাসে ও নভেম্বর মাসে অনুষ্ঠিত হয়। এই [illegible] [illegible] হিসাব পেশ করতে হয়। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে এইরকম কোনও নিয়ম নেই।

(খ) ১৯৯৭ সালে গ্রাম পঞ্চায়েতগুলিতে ৩৬,১৮৫টি গ্রাম সংসদের মধ্যে [illegible] গ্রাম সংসদের সভা অনুষ্ঠিত হয়েছে। পঞ্চায়েত সমিতিগুলির ক্ষেত্রে এ প্রশ্ন ওঠে না।

**পঞ্চায়েত নির্বাচনে আসন সংরক্ষণ**

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৬) **শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পঞ্চায়েত নির্বাচনে তফসিলি জাতি ও উপজাতি এবং মহিলাদের সংরক্ষণ নীতি কি পদ্ধতিতে নির্ধারিত হয়?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উল্লিখিত সংরক্ষণ নীতি সংবিধানের ২৪৩ডি অনুচ্ছেদ পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ৪, ৯৪ ও ১৪০ এবং ৯, ৯৮ ও ১৪৩ ধারা, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (নির্বাচন) নিয়মাবলী, ১৯৭৪-এর ৮, ৯, ১১ এবং ১২ নিয়ম এবং পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (সংগঠন) নিয়মাবলী, ১৯৭৫-এর ২এ ও ২বি নিয়ম অনুসৃত পদ্ধতিতে নির্ধারিত হয়।

**মাদার ডেয়ারি দুধের চাহিদা**

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৮) **শ্রী নীরোদ রায় চৌধুরি ঃ** প্রাণীসম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার অধিগৃহীত মাদার ডেয়ারি দুধের প্রতিদিনের চাহিদা ও যোগান কত ;

(খ) উত্তর ২৪-পরগনায় উক্ত প্রকল্পের ডিলারশিপ আছে কি না ; এবং

(গ) থাকলে, তা কোথায় কোথায়?

**প্রাণীসম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) যোগান—গড়ে দৈনিক ৩,৬৯,০০০ লিটার চাহিদা—সুনির্দিষ্টভাবে বলা সম্ভব নয়।

(খ) হ্যাঁ।

(গ) জেলার বিভিন্ন জায়গায় মোট ১২৭টি স্থানে বিক্রয়কেন্দ্র আছে। এরমধ্যে—

| | |
|---|---|
| ১। মিনি ডেয়ারি | —৩২টি |
| ২। অশীতল বুথ | —২টি |
| ৩। ইনসুলেটেড ট্যাঙ্ক | —২৫টি |
| ৪। পলিপাউচ প্যাকেট দুগ্ধকেন্দ্র | —৬৮টি |
| মোট | —১২৭টি |

## রাজ্যে কেরোসিন তেলের চাহিদা

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৫) **শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে (২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত) রাজ্যে কেরোসিন তেলের মোট চাহিদা এবং যোগান কত ছিল ;

(খ) পূর্ণ রেশনিং এলাকায় সাপ্তাহিক মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দ কত ; এবং

(গ) আংশিক রেশনিং এলাকায় সাপ্তাহিক মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে (২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত) রাজ্যে কেরোসিন তেলের চাহিদা এবং যোগান ছিল নিম্নরূপ ঃ

চাহিদা—১৭,৯৭,১৪৭ কিলোলিটার

যোগান— ৯,২৮,৪[illegible] কিলোলিটার

(খ) পূর্ণ রেশনিং এলাকায় (কলকাতা ব্যতীত) সাপ্তাহিক মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দ $\frac{১}{৪}$ লিটার। কলকাতার জন্য বরাদ্দ প্রতি সপ্তাহ মাথাপিছু $\frac{১}{২}$ লিটার। ইহা ব্যতীত প্রতি মাসে মাথাপিছু আরও $\frac{১}{২}$ লিটার তেল বেশি দেওয়া হয়।

(গ) আংশিক রেশনিং এলাকায় সাপ্তাহিক মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দ $\frac{১}{৪}$ লিটার।

## যোধপুর পার্কে নিরাময় হাসপাতাল

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬২) **শ্রী রবীন দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার যোধপুর পার্কে নিরাময় হাসপাতালকে যৌথ প্রকল্পে পরিণত করার কাজটি কি পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত যৌথ প্রকল্পে রাজ্য সরকারের অংশ কতটুকু?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতার গোলপার্কের সন্নিকটে নিরাময় হাসপাতালকে যৌথ প্রকল্পে পরিণত

করার কাজটি সম্পন্ন হয়েছে। এবং

(খ) উক্ত যৌথ প্রকল্পে রাজ্য সরকারের অংশ ২৬ শতাংশ।

## দুর্গাপুর ই এস আই হাসপাতাল চালু

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭০) **শ্রী দেবব্রত বানার্জি ঃ** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও ই এস আই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুর্গাপুরে ই এস আই হাসপাতাল চালু করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও ই এস আই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) যত দ্রুত চালু করা যায় তার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

## ফুয়েল সারচার্জ

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৮) **শ্রী সৌগত রায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রাহকদের ফুয়েল সারচার্জ ফেরত দেওয়ার ব্যাপারে সি ই এস সি বর্তমানে কি ব্যবস্থা নিয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সি ই এস সি-র ফুয়েল সারচার্জ নিয়ে গঠিত এক সদস্যের কমিটির সুপারিশ অনুযায়ী অতিরিক্ত আদায়ীকৃত ফুয়েল সারচার্জ ফেরত দেওয়ার জন্য সি ই এস সি-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হয়। পরবর্তীকালে সি ই এস সি একসদস্য কমিটির কাছে সুপারিশ পুনর্বিবেচনার আবেদন জানায় এবং কমিটি বিষয়টিকে বিস্তারিতভাবে দেখতে সম্মত হন। কমিটি একটি অডিট সংস্থার সাহায্য চান এবং সেই মোতাবেক কমিটিকে এই ব্যাপারে সহায়তা করার জন্য এস আর বাটলিবয় অ্যান্ড কোং-কে নিযুক্ত করা হয়। জানা গেছে যে ফুয়েল সারচার্জ বিষয়ক এক সদস্যের কমিটির নিকট এস আর বাটলিবয় অ্যান্ড কোং তাদের রিপোর্ট জমা দিয়েছে। একসদস্য

কমিটি রিপোর্ট এখনও পর্যন্ত পাওয়া যায় নি।

## Sub-Divisional Controller Office at Kharagpur

127. (Admitted Question No. 688) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that the Office of the Sub-Divisional Controller of F&S, Kharagpur Sub-Division is still functioning from Midnapore although Kharagpur Sub-Division was created on 01-01-96.

(b) if so, the reason (S) thereof; and

(c) the steps taken so far as proposed to be taken by the Government to shift the said office at Kharagpur?

**Minister-in-charge of the Food & Supplies Department :**

(a) Though Kharagpur Sub-Division was created on 01-01-96, the Office of the Sub-Divisional Controller, Food and Supplies has not yet been sanctioned and the area under Kharagpur Sub-Division is still under the control of the erstwhile S.C. F&S, Midnapore.

(b) The necessary approval for setting up of a new S.C. F&S Office at Kharagpur has not yet been received from Finance Department.

(c) A proposal for setting up a new S.C. F&S Office at Kharagpur has already been sent to the Finance Department and the matter is still under active consideraton of that Department.

## গভীর ও অগভীর নলকূপ স্থাপন

১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৯) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে রাজ্যে কতগুলি গভীর ও অগভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা সরকারের ছিল?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

নাবার্ড অনুমোদিত আর আই ডি এফ(২) পরিকল্পনায় এই দপ্তরের অধীনে রাজ্যে ১৫৯টি উচ্চ ক্ষমতাসম্পন্ন ৮৩টি মাঝারি ক্ষমতাসম্পন্ন ৩৬টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ এবং ১,৪৫২টি অগভীর নলকূপ স্থাপনের কাজ বর্তমান আর্থিক বছরে আরম্ভ করা হয়েছে। এই পরিকল্পনাগুলি আগামী আর্থিক বছরের মধ্যে কার্যকর করার কথা আছে।

## অকেজো গভীর নলকূপ

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭০০) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ১লা জানুয়ারি ১৯৯৭ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত কতগুলি গভীর নলকূপ অকেজো অবস্থায় আছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২৪৬টি।

## কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৯) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

## Water Supply Augmentation Scheme

131. (Admitted Question No. 688) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Public Health Engineering Department be pleased to state—

(a) whether it is a fact that the Public Health Engineering Directorate have submitted second revised estimate on water supply augmentation Scheme for Kharagpur Municipality for approval of the Government;

(b) if so, the cost of (i) the original estimate (ii) the first revised estimate and (iii) the second revised estimate ;

(c) the reason(s) assigned for the second revision;

(d) whether the second revised estimate has been approved by the Government ; and

(e) if not, the reason(s) thereof.

**Minister-in-charge of the Public Health Engineering Department :**

(a) Yes.

(b) (i) the original estimate was Rs. 814.00 lakhs.

(ii) the first revised estimate was of Rs. 2141.35 lakhs.

(iii) the second revised estimate is of Rs. 2652.40 lakhs

(c) (i) increase in command area and capacity.

(ii) escalation of time and cost.

(iii) payment of extra interest to HUDCO because of time escalation.

(d) Yes.

(e) Does not arise.

**বাগজোলা খাল সংস্কার**

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৭২০) **শ্রী অমর চৌধুরি ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার অন্তর্গত বাগজোলা খাল সংস্কারের কাজের অগ্রগতি কিরূপ ; এবং

(খ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উত্তর ২৪-পরগনা জেলার অন্তর্গত বাগজোলা খালটির দুটি অংশ আছে। উচ্চ (আপার) অংশটি বি টি রোড থেকে ভি আই পি রোড পর্যন্ত—যার দৈর্ঘ্য ৯.২ কি মি এবং নিম্ন (লোয়ার) অংশটি কৃষ্ণপুর ভি আই পি রোড থেকে কুলটি গাঙ পর্যন্ত—যার দৈর্ঘ্য হল ২৮.৫০ কিমি।

আপার বাগজোলা খালের সংস্কারের কাজটি সি এম ডি এ এবং সেচ ও জলপথ বিভাগের যৌথ প্রচেষ্টায় করা হচ্ছে। এই কাজের আনুমানিক ব্যয় ১৬৩ লক্ষ টাকা। ১৯৮৮ সালের মার্চ মাস পর্যন্ত এই কাজে প্রায় ১০৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

লোয়ার বাগজোলা খালটি সংস্কার ও পরিবর্ধনের জন্য ১৫২.৫০ কোটি টাকা একটি পরিকল্পনা রচনা করা হয়েছে। প্রকল্পটি বর্তমানে সি এম ডি এ-র বিবেচনাধীন অবস্থায় আছে। পরিকল্পনাটিকে নতুন কলকাতা (রাজারহাট টাউনশিপ)-এর নিকাশি ব্যবস্থার মধ্যেও অন্তর্ভুক্ত করা হয়েছে।

(খ) খালের পাড়ে অবৈধ দখলদারি উচ্ছেদ এবং খাটাল (যার অধিকাংশই বে-আইনি), কারখানা এবং বসতবাড়ি থেকে আপত্তিকর বর্জ্য পদার্থ নিয়ে খালে ফেলা বন্ধ করা গেলে আপার বাগজোলা খাল সংস্কারের অধিকাংশ কাজ ১৯৯৮-এর বর্ষার আগে শেষ করা যাবে বলে আশা করা যায়।

লোয়ার বাগজোলা খালের মূল কাজ শুরু করার প্রস্তাব এখনও প্রয়োজনীয় অনুমোদন লাভ করেনি। তবে বর্ষার সময় ঐ অঞ্চলের জলনিকাশি সমস্যা আশু লাঘব করার প্রয়াসে কিছু পলি অপসারণের কাজ ১৯৯৮-এর বর্ষার আগে সম্পূর্ণ করার একটি প্রস্তাব রাজ্য সরকার সম্প্রতি গ্রহণ করেছেন। এই কাজে আনুমানিক ব্যয় হবে ১ কোটি ৮০ লক্ষ টাকা।

## বেলঘরিয়া হাইওয়ে এক্সপ্রেস রাস্তাটির সংস্কার

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৩) **শ্রী অমর চৌধুরি :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেলঘরিয়া হাইওয়ে এক্সপ্রেস রাস্তাটির সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের কাজ পুনরায় শুরু করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন রাখা আছে।

(খ) এই মুহূর্তে নির্দিষ্ট কিছু বলা যাচ্ছে না।

## মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিকে উন্নীতকরণ

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৮) **শ্রী শৈলজাকুমার দাস :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৭-৯৮ শিক্ষা-বর্ষে কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

এই শিক্ষা-বর্ষে মোট ৬৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক উন্নীত করা হয়েছে।

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১) **শ্রী শৈলজাকুমার দাস :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে স্কুল সার্ভিস কমিশন শিক্ষক নিয়োগ শুরু করেছে কি ; এবং

(খ) উক্ত কমিশন রাজ্যে মোট স্কুলগুলির জন্য ইতিমধ্যে কতজন শিক্ষক নিয়োগ করেছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের প্রস্তুতি চলছে।

(খ) রাজ্যে আপাতত প্রায় ৩,৭০০ শূন্যপদের জন্য শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে

পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন গত ১৬.২.৯৮ তারিখে বিজ্ঞপ্তি জারি করেছে এবং প্রাপ্ত আবেদনপত্রগুলি এখন বাছাই করা চলছে।

**৬নং জাতীয় সড়ক প্রশস্তকরণ**

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৩) **শ্রী শৈলজাকুমার দাস :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

যানজট এড়াতে ৬ নং জাতীয় সড়ককে আরও চওড়া করার কোনও প্রস্তাব রাজ্য সরকারের কেন্দ্রের কাছে পাঠিয়েছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

প্রস্তাব পাঠানো হয়েছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার ঐ কাজ এন এইচ এ আই-এর উপর ন্যস্ত করেছেন।

**জওহর রোজগার যোজনা খাতে বরাদ্দ**

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৯) **শ্রী শৈলজাকুমার দাস :** পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে ১৯৯৭-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত গ্রামীণ উন্নয়নে কেন্দ্র কর্তৃক জওহর রোজগার যোজনা খাতে প্রাপ্ত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) তন্মধ্যে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) চলতি আর্থিক বছর ১৯৯৭-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে জওহর রোজগার যোজনা খাতে ৬,৯৫৮.৩৭ লক্ষ টাকা দিয়েছেন।

(খ) এই জাতীয় প্রকল্পে পূর্ব বছরে উদ্বৃত্ত টাকা পরের বছরে খরচ করা যায়। পূর্ব বছরের উদ্বৃত্ত টাকার সঙ্গে পরের বছরের প্রাপ্ত টাকা যুক্ত হয়ে যায় বলে শুধুমাত্র পরের বছরের প্রাপ্ত টাকার মধ্যে থেকে কত খরচ হল নির্ণয় করা যায় না। তাছাড়া যে কোনও বছরের মোট টাকার মধ্যে থাকে কেন্দ্র কর্তৃক দেওয়া টাকা এবং রাজ্য কর্তৃক দেওয়া টাকা। তারফলে শুধুমাত্র কেন্দ্র কর্তৃক দেওয়া টাকা থেকে কত খরচ হল এটাও নির্ণয় করা সম্ভব নয়।

জওহর রোজগার যোজনা খাতে রাজ্যের কাছে ১৯৯৬-৯৭ আর্থিক বছরের দরুন উদ্বৃত্ত ৫,৯২৬.৯৫ লক্ষ টাকা ছিল। এই টাকার সঙ্গে ১৯৯৭-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া উল্লিখিত টাকা বাদে

রাজ্য সরকার ঐ বছরের ঐ সময় পর্যন্ত ১,৭৩৯.৬০ লক্ষ টাকা দিয়েছেন। সব মিলে ঐ সময় পর্যন্ত প্রাপ্ত মোট ১,৪২৪.৬২ লক্ষ টাকার মধ্যে ঐ সময় পর্যন্ত ব্যয়িত টাকার পরিমাণ হল ৮,৩০২.৭০ লক্ষ।

**১৯৯৭-৯৮ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর ৯৭ পর্যন্ত বিভিন্ন প্রকল্পে কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক দেয় টাকা এবং খরচের বিবরণ**

লক্ষ টাকায়

| প্রকল্পের নাম | বিগত বছরের অব্যবহৃত উদ্বৃত্ত টাকা | বরাদ্দকৃত টাকা (৩১-১২-৯৭ পর্যন্ত) | | | বিগত বছরের উদ্বৃত্তসহ মোট টাকার পরিমাণ | খরচ | সাফল্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্র | রাজ্য | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| জে আর ওয়াই | ৫,৯২৬.৯৫ | ৬,৯৫৮.৩৭ | ১,৭৩৯.৬০ | ৮,৬৯৭.৯৭ | ১,৪৬২.৯২ | ৮,৩০২.৭০ | ১,০৭.৪৯ লক্ষ শ্রম দিবস সৃষ্ট হয়েছে |
| আই এ ওয়াই | ৪,৫০৪.৮৪ | ৪,৩২১.৪৪ | ১,০৭০.৩২ | ৫,৩৯১.৭৬ | ৯,৮৯৬.৬০ | ৪,৭৭৩.৬৪ | ২৭,২০৪টি গৃহ নির্মিত হয়েছে |
| এম ডব্লিউ এস | ২,৫৩৬.১১ | ১,৩৫৭.০০ | ৩৩৪.৭৫ | ১,৬৯১.৭৫ | ৪,২২৭.৮৬ | ২,১২০.০৫ | (ক্ষুদ্র সেচ সম্পর্কিত কাজের বিবরণ বার্ষিক প্রতিবেদন জানা যাবে) |
| জে আর ওয়াই (৩য় ধারা) | ৫৩৮.৪০ | — | — | — | ৫৩৮.৪০ | ৩৫৩.৭৯ | ৫.৮৭ লক্ষ শ্রম দিবস সৃষ্ট হয়েছে। |

## ভোটারদের পরিচয়পত্র বিতরণ

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪০) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট ভোটারের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, এ পর্যন্ত কতজনকে সচিত্র পরিচয়পত্র দেওয়া সম্ভব হয়েছে?

**স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মোট নির্বাচকের সংখ্যা—৪,৬৮,৫০,৬০২ জন (চার কোটি আটষট্টি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত দুজন)।

(খ) এ পর্যন্ত ৩,৩৫,৮৭,৫৬৩ জনকে (তিন কোটি পঁয়ত্রিশ লক্ষ সাতাশি হাজার পাঁচশ তেষট্টি জনকে) সচিত্র পরিচয়পত্র দেওয়া হয়েছে।

**আনুষঙ্গিক বিবরণী**

এ রাজ্যে সংক্ষিপ্ত সংশোধনীর পরে গত ৫/১/৯৮ যে নির্বাচন তালিকা চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে, সেই অনুযায়ী মোট নির্বাচকের সংখ্যা—৪,৬৮,৫০,৬০২ জন (চার কোটি আটষট্টি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শ দুই জন)। গত নির্বাচনের সময় এই সংখ্যাটি ছিল—৪,৫৫,৮৩,০৫৪ জন (চার কোটি পঞ্চান্ন লক্ষ তিরাশি হাজার চুয়ান্ন জন)। এখন অবধি ১৫/১২/৯৭) মোট ৪,০৮,২০,০৫৭ জনের (চার কোটি আট লক্ষ কুড়ি হাজার সাতান্ন জন) ছবি তোলার কাজ শেষ হয়েছে এবং তার মধ্যে ৩,৩৫,৮৭,৫৬৩ জনকে (তিন কোটি পঁয়ত্রিশ লক্ষ সাতাশি হাজার পাঁচশ তেষট্টি জন)-কে পরিচয়পত্র দেওয়া সম্ভব হয়েছে। এখন পর্যন্ত বিভিন্ন নির্বাচক নিবন্ধন আধিকারিকদের হাতে প্রায় ৪২,৪৬,৪৯৪ সংখ্যক (বিয়াল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার চারশ চুরানব্বই সংখ্যক) পরিচয়পত্র মজুত আছে। তার মধ্যে প্রায় ১০ লক্ষ (দশ লক্ষ) পরিচয়পত্র বিভিন্ন কারণে ত্রুটিপূর্ণ হওয়ার জন্য সংশ্লিষ্ট কোম্পানির কাছে সংশোধনের জন্য প্রেরণ করা হয়েছে। খুব শীঘ্রই সে সমস্ত কার্ড হাতে আসবে প্রদানযোগ্য অবস্থায়। যদিও এই সমস্ত পরিচয়পত্রগুলি নেবার ব্যাপারে নির্বাচকদের মধ্যে আগ্রহ খুব কম লক্ষ্য করা গেছে। গত জুন-জুলাই মাসে এক বিশেষ ব্যবস্থা নেওয়ার পর এ সংক্রান্ত যে তথ্য আমাদের কাছে এসেছে, তার পরিপ্রেক্ষিতে এ-কথা জানানো হচ্ছে। বর্তমান নির্বাচন-সংক্রান্ত কাজকর্মের জন্য পরিচয়পত্র প্রদানের কাজ সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। আগামী ১৫/৪/৯৮ তারিখ থেকে এ-কাজ পুনরায় চালু করার জন্য কমিশন ২৬/১২/৯৭ তারিখে এক আদেশবলে জানিয়েছেন। আশা করা যাচ্ছে অল্প সময়ের মধ্যে বাকি নির্বাচকদেরও সচিত্র পরিচয়পত্র দেওয়া সম্ভব হবে।

**রাজ্যে আর এল আই প্রকল্পের সংখ্যা**

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪১) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি, ১৯৯৭ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি আর এল আই প্রকল্প ছিল?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

৩,৩৫৩টি।

**পোস্টমর্টেম রিপোর্ট দেওয়ার নিয়ম**

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৯) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পোস্টমর্টেম রিপোর্ট দেওয়ার জন্য সরকারি নিয়ম কি ; এবং

(খ) উক্ত রিপোর্ট পাওয়ার জন্য সরকার কোনও সরলনীতি প্রণয়নের কথা ভাবছেন কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সুনির্দিষ্ট দরখাস্তের ভিত্তিতে কেসটির সঙ্গে যুক্ত পুলিশ কর্তৃপক্ষ শব-ব্যবচ্ছেদ প্রতিবেদন দেওয়া হয়।

(খ) হ্যাঁ

**মিড ডে মিল প্রকল্প**

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬১) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য মিড-ডে মিলে যে চাল দেওয়া হচ্ছে তা খাওয়ার অযোগ্য কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে উক্ত চাল সরবরাহকারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে/হয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কেন্দ্রীয় পুষ্টিপ্রকল্পে প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য যে চাল দেওয়া হচ্ছে তা খাওয়ার অযোগ্য নয়, যোগ্য মানের।

(খ) প্রশ্ন ওঠে না।

**দাঁইহাটা পৌরসভা এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা**

১৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৩) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাটোয়া এলাকায় দাঁইহাটা পৌরসভায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া জেলার আই সি ডি এস প্রকল্পের অচল গাড়িগুলির মেরামতিকরণ**

১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৮) **শ্রী অঙ্গদ বাউরী ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলার আই সি ডি এস প্রকল্পের অচল গাড়িগুলি মেরামত করিয়ে চালু করার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ বাঁকুড়া জেলার আই সি ডি এস প্রকল্পের অচল গাড়ি মেরামত করার ব্যাপারে সংশ্লিষ্ট সি ডি পি ও-দের নিকট থেকে যে যে প্রস্তাব সমাজ কল্যাণ বিভাগে গৃহীত হয়েছে সেগুলির উপর যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হচ্ছে।

**মেজিয়া সেতু থেকে বাঁকুড়া পর্যন্ত রাস্তার কাজ**

১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭০) **শ্রী অঙ্গদ বাউরী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া সেতু থেকে বাঁকুড়া পর্যন্ত রাস্তার কাজটি বর্তমানে কোন পর্যায়ে রয়েছে ;

(খ) উক্ত কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) কবে নাগাদ কাজটি শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জমি অধিগ্রহণ করার কাজ চলছে।

(খ) ২০৮.২৭ লক্ষ টাকা (প্রায়)।

(গ) এখনই বলা সম্ভব হচ্ছে না। জমি অধিগ্রহণ সম্পূর্ণ হলে ১৯৯৯ সালের জুন

মাসে শেষ হবে, আশা করা যাচ্ছে।

**বাঁকুড়া জেলার জন্য ক্রীড়া সরঞ্জাম**

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৩) **শ্রী অঙ্গদ বাউরী :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬-৯৭ সালে বাঁকুড়া জেলার জন্য কোনও ক্রীড়া সরঞ্জাম দেওয়া হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, (১) তা কি কি, (২) এর অর্থমূল্য কত?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ক্রীড়া দপ্তরের অধীনে পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ কর্তৃক স্থায়ী অনাবাসিক প্রশিক্ষণ শিবির প্রকল্পে কিছু কিছু ক্রীড়া সরঞ্জাম দেওয়া হয়েছে।

(খ) বাঁকুড়া জেলার অন্তর্গত সারেঙ্গা মাহাত্মাজি স্মৃতি বিদ্যাপীঠে এবং ঝিলিমিলি হাইস্কুলে এই দুটি প্রতিষ্ঠানে ফুটবল এবং ফুটবল খেলার বুট বাবদ আনুমানিক ১১,২০০ (এগার হাজার দুইশত) টাকার মতো দেওয়া হয়েছে।

**ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসারস ইউনিয়ন লিমিটেড**

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৪) **শ্রী অধীররঞ্জন চৌধুরি :** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসারস ইউনিয়ন লিমিটেডের অধীন প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতির সমস্ত কর্মচারিদের 'কমন ক্যাডার স্কীমের' আওতায় নিয়ে আসার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**সরকারিভাবে স্বীকৃত যৌনকর্মীর সংখ্যা**

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৮) **শ্রী অধীররঞ্জন চৌধুরি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২৮.২.৯৮ পর্যন্ত সরকারিভাবে স্বীকৃত যৌনকর্মীর সংখ্যা কত ; এবং

(খ) স্বাস্থ্য পরিষেবার দ্বারা উক্ত যৌনকর্মীদের দুরারোগ্য ব্যাধি প্রশমনের সরকারি পরিকল্পনা কিরূপ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) বর্তমান আইন মোতাবেক যৌনকর্মীর সরকারি স্বীকৃতির প্রশ্ন ওঠে না কিন্তু যৌন কর্মীদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা সম্পর্কে সরকার সম্পূর্ণভাবে ওয়াকিবহাল। বর্তমান এড্‌স রোগের সংক্রমণের পরিপ্রেক্ষিতে এই সমস্যা আরও প্রকট হয়ে ওঠায় বিশ্বব্যাঙ্ক সাহায্যপুষ্ট এড্‌স প্রকল্প জাতীয় এড্‌স নিয়ন্ত্রণ প্রকল্পে ও যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন বিভাগ (Department for International Development-DFID)-এর সাহায্যে মূলত বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় যৌনকর্মীদের মধ্যে স্বাস্থ্য ও শিক্ষা সচেতনতার বৃদ্ধি ও যৌন কর্মীদের চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। এই বিষয়ে All India Institute of Public Health & Hygiene-এর নির্দেশনায় যৌনকর্মীদের দ্বারা মূলত যৌনকর্মী পরিচালিত সোনাগাছি প্রকল্প উল্লেখযোগ্য।

## রাজ্যের পাঠাগারগুলিতে সরকারি অনুদান

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮১) **শ্রী অশোককুমার দেব ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলো পাঠাগার

(১) সরকারি অনুদান পেয়েছে ;

(২) অনুদানের পরিমাণ কত ; এবং

(খ) তন্মধ্যে দক্ষিণ ২৪ পরগনা জেলায় (১) কতগুলি পাঠাগার সরকারি অনুদান পেয়েছে, এবং (২) অনুদানের পরিমাণ কত?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে ১১টি সরকারি গ্রন্থাগার, ২,৪২৪টি সরকারপোষিত গ্রন্থাগার আছে। এই ২,৪২৪টি সরকারপোষিত গ্রন্থাগারই বিভিন্নখাতে নির্ধারিত হারে সরকারি অনুদান পেয়ে থাকে।

নিম্নলিখিত খাতে এই অনুদানে দেওয়া হয়—পে-কমিশন নির্ধারিতহারে কর্মিদের

জন্য বেতন ও অন্যান্য ভাতা বই, পত্র-পত্রিকা, খবরের কাগজ কেনা, আসবাবপত্র কেনা/মেরামতি সংরক্ষণ ও উপনিমিত্ত খাত বাবদ।

বিভিন্ন শ্রেণীর সরকারপোষিত গ্রন্থাগারে উপরিলিখিত অনুদানের হার একটি পৃথক তালিকায় সন্নিবেশিত করা হল—

(খ) দক্ষিণ-২৪ পরগনা জেলায় ১৫৫টি সরকারপোষিত গ্রন্থাগার আছে। তারমধ্যে জেলা গ্রন্থাগার ১টি, মহকুমা/শহর গ্রন্থাগার ১৮টি, গ্রামীণ ও অন্যান্য গ্রন্থাগার ১৩৬টি। কর্মিদের বেতন ও ভাতা ছাড়া জেলার ১৫৫টি গ্রন্থাগার তালিকায় উল্লিখিত হারে অনুদান পেয়েছে। তাছাড়া গ্রন্থাগার গৃহ নির্মাণ/মেরামত, অতিরিক্ত বই ও আসবাবপত্র ক্রয় ইত্যাদি খাতে আবেদনকারী গ্রন্থাগারের প্রস্তাব বিবেচনা করে অতিরিক্ত অনুদান মঞ্জুর করা হয়।

১৯৯৬-৯৭ আথিক বছরে জেলার ১টি গ্রন্থাগার এই বাবদ—৪৮,৫৯০ টাকা অতিরিক্ত অনুদান পেয়েছে। বর্তমান আর্থিক বছরে জেলায় ৫টি গ্রন্থাগার ৬,০২,৬০৪ টাকা অতিরিক্ত অনুদান পেয়েছে।

## 'বান্ধব পাঠাগার'-এ সরকারি অনুদান

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮২) **শ্রী অশোককুমার দেব ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত বজবজ এলাকায় সারেঙ্গাবাদে রাজ্য সরকারি গ্রন্থাগার 'বান্ধব পাঠাগার' কোনওরূপ সরকারি অনুদান লাভ করেছে কি না ; এবং

(খ) লাভ করলে, তার পরিমাণ কত?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত বজবজ এলাকায় সারেঙ্গাবাদের 'বান্ধব পাঠাগার' গ্রন্থাগারটি রাজ্য সরকারি গ্রন্থাগার নয়। এটি একটি সরকারপোষিত গ্রন্থাগার।

রাজ্যের সমস্ত সরকারপোষিত গ্রন্থাগারের মতো এই গ্রন্থাগারটি কর্মিদের জন্য পে-কমিশন নির্ধারিত হারে বেতন ও অন্যান্য ভাতা ছাড়াও বই, পত্র-পত্রিকা, খবরের কাগজ কেনা, সংরক্ষণ, উপনিমিত্ত খাত (কন্টিনজেন্সি) ইত্যাদি বাবদ নির্ধারিত হারে নিয়মিত অনুদান পেয়ে থাকে।

(খ) কর্মিদের বেতন ও ভাতা ছাড়া গ্রন্থাগারটি বর্তমান আর্থিক বছরে এ পর্যন্ত

আসবাবপত্রের জন্য ৬০০ টাকা (বর্তমান আর্থিক বছর হতে ১,৫০০ টাকা বৃদ্ধিপ্রাপ্ত হার সরকারের বিবেচনাধীন), বই, পত্র-পত্রিকা কেনা বাবদ ৮,০০০ টাকা, বই বাঁধাই ও সংরক্ষণ বাবদ ৬০০ টাকা (বর্তমানে আর্থিক বছর হতে ১,০০০ টাকা বৃদ্ধিপ্রাপ্তহার সরকারের বিবেচনাধীন), উপনির্মিত্ত বাবদ ১,১০০ টাকা (বর্তমান আর্থিক বছর হতে ২,০০০ টাকা বৃদ্ধিপ্রাপ্ত হার সরকারের বিবেচনাধীন) নিয়মিত অনুদান বাবদ পেয়েছে।

তাছাড়া বর্তমান আর্থিক বছরে (১৯৯৭-৯৮) গ্রন্থাগার হতে নতুন গৃহনির্মাণের জন্য ৭,৫২,৬০০ টাকা মঞ্জুরের আবেদন করা হয়েছে। বর্তমান বছরে ঐ জন্য (১ম দফায়) ১ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

**নদীয়া জেলায় কৃষ্ণগঞ্জে আই সি ডি এস প্রকল্প**

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৭) **শ্রী সুনীল বিশ্বাস ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলার কৃষ্ণগঞ্জে আই সি ডি এস প্রকল্পে সি ডি পি-ও নিয়োগের সম্ভাবনা আছে কি না ?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ। নদীয়া জেলার কৃষ্ণগঞ্জে আই সি ডি এস প্রকল্পের সি ডি পি-ও-র পদ পূরণ করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**বীরভূম জেলার রাজগ্রাম মহামায়া উচ্চ বিদ্যালয়**

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৫) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার রাজগ্রাম মহামায়া উচ্চ বিদ্যালয়টি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় উন্নীত করার পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজগ্রাম নয়—তবে রাজগাঁও মহামায়া উচ্চ বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক উন্নীত করার পরিকল্পনা আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

## শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে উন্নয়ন

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৭) **শ্রী অজয় দে ঃ** স্বাস্থ্য ও জনকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের সাহায্য প্রকল্পে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালের কি কি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও জনকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে বিশ্বব্যাঙ্কের সাহায্য প্রকল্পে হাসপাতাল সংস্কারের জন্য ৪৩.০০ (তেতাল্লিশ) লক্ষ টাকা, কর্মচারিদের বাসগৃহ সংস্কারের জন্য ৩.০০ (তিন) লক্ষ টাকা ও বর্জ্য পদার্থ পরিশোধনের পরিকাঠামোর জন্য ২৩.০০ (তেইশ) লক্ষ টাকা বরাদ্দ আছে। এছাড়া ঔষধপত্রাদি কেনা, ল্যাবরেটরির যন্ত্রপাতি কেনা, অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র কেনা, জেনারেটর বসানো, অ্যাম্বুলেন্স, কেনা, কপিয়ার বসানো ইত্যাদি বাবদ প্রয়োজনীয় অর্থ বরাদ্ধ করা হয়েছে। চিকিৎসক ও অন্যান্য কর্মচারিদের প্রশিক্ষণ, রেকারেল ব্যবস্থা ব্লাড ব্যাঙ্ক ইত্যাদির কাজও হাতে নেওয়া হয়েছে।

(খ) **নির্মাণ সংক্রান্ত**—পরিকল্পনা, নক্সা ইত্যাদির কাজ এপ্রিল ১৯৯৮-এর মধ্যে ও নির্মাণকার্য জানুয়ারি ১৯৯৯-এ শুরু হওয়ার জন্য নির্দিষ্ট করা আছে।

**চিকিৎসা সংক্রান্ত**— নির্মাণকার্যের অগ্রগতির সঙ্গে সঙ্গতি রেখে যথাসময়ে প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা হবে।

## রাজ্যে তহশীল মোহরার পদে ক্যাজুয়াল কর্মী নিয়োগ

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৪) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** ভূমি ও ভূমি-সংস্কাব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে তহশীল মোহরার পদে কত সংখ্যক ক্যাজুয়াল কর্মীকে সরকার নিয়োগপত্র দিয়েছেন ;

(খ) তন্মধ্যে কতজনকে উচ্চ আদালতের আদেশ মোতাবেক নিয়োগপত্র দেওয়া হয়েছে ; এবং

(গ) এখনও পর্যন্ত এরূপ ক্যাজুয়াল কতজন কর্মীকে নিয়োগপত্র দেয় নাই?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকার তহশীল মোহরার পদে কাউকে নিয়োগপত্র দেন না।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

**গ্রাম পঞ্চায়েতে ক্যাশিয়ার নিয়োগের প্রস্তাব**

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩১) **শ্রী ঈদ মহম্মদ ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রাম পঞ্চায়েত ক্যাশিয়ার নিয়োগের কোনও প্রস্তাব রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এরূপ কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে পারিবারিক রেশন কার্ড পুনঃপ্রবর্তন**

১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৩) **শ্রী ঈদ মহম্মদ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্যে পরিবারিক রেশন কার্ড পুনঃপ্রবর্তনের কোনও প্রস্তাব সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে কাজটি শুরু করা যাবে বলে আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পারিবারিক রেশন কার্ড পুনঃপ্রবর্তনের কোনও প্রস্তাব রাজ্য সরকারের নাই।

(খ) এ প্রশ্ন ওঠেনা।

**মুর্শিদাবাদে পর্যটনকেন্দ্র স্থাপন**

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৭) **শ্রী ঈদ মহম্মদ ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কোন সংস্থার মাধ্যমে মুর্শিদাবাদ পর্যটনকেন্দ্র গড়ে তোলা হচ্ছে ; এবং

(খ) কি কি শর্তে এই কেন্দ্র গড়ার দায়িত্ব দেওয়া হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোনও নির্দিষ্ট সংস্থাকে সামগ্রিকভাবে মুর্শিদাবাদ পর্যটনকেন্দ্র গড়ে তোলার দায়িত্ব দেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যের নতুন ট্যুরিস্ট লজ ও পান্থশালার বেসরকারিকরণ**

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯০০) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে নতুন ট্যুরিস্ট লজ ও পান্থশালাগুলির পরিচালনভার রাজ্য সরকার বেসরকারি সংস্থার হাতে তুলে দিতে আগ্রহী ; এবং

(খ) সত্যি হলে, এই বেসরকারি সংস্থাগুলিকে কি পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম আর্থিক সহায়তা দেবার ব্যবস্থা করছেন?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অবস্থা বিশেষে নতুন ট্যুরিস্ট ও পান্থশালাগুলির কোনও কোনটির পরিচালনার ভার বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়ার প্রস্তাব বিবেচিত হতে পারে। কিন্তু সাধারণভাবে এই ধরনের কোনও সিদ্ধান্ত নেই।

(খ) বেসরকারি সংস্থাগুলিকে কোনও আর্থিক সহায়তা দেওয়া হয় না।

**রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগ**

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৬) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সারা রাজ্যে বর্তমানে প্রাথমিক শিক্ষক নিয়োগ স্থগিত আছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, চুক্তি প্রথায় পঞ্চায়েত সমিতির মাধ্যমে প্রাথমিক শিক্ষক নিয়োগের পরিকল্পনা আছে কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলকাতায় বিদেশি কোম্পানির সহযোগিতায় রিসর্ট নির্মাণ**

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০০০) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী ইউসুন সরকার ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতায় এক বিদেশি কোম্পানির সহযোগিতায় একটি রিসর্ট তৈরি হচ্ছে ;

(খ) সত্যি হলে, উক্ত কোম্পানির নাম কি ;

(গ) প্রকল্পটিতে কত টাকা খরচ হতে পারে ; এবং

(ঘ) তারমধ্যে রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ কত?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আমাদের গোচরে নেই।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

**উত্তর ২৪ পরগনায় সুসংহত শিশু বিকাশ প্রকল্পের সংখ্যা**

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৩) **শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনায় সুসংহত শিশু বিকাশ প্রকল্পের সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় সুসংহত শিশু বিকাশ প্রকল্পের নতুন কোনও অনুমোদনের পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) থাকলে, কয়টি?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে উত্তর ২৪-পরগনা জেলায় অনুমোদিত সুসংহত শিশু বিকাশ প্রকল্পের সংখ্যা ২৭ (সাতাশ)টি।

(খ) হ্যাঁ, আছে।

(গ) কেন্দ্রীয় সরকার ১৯৯৫-৯৬ সালে উত্তর ২৪-পরগনা জেলার গোবরডাঙ্গা পৌরসভা এলাকায় একটি নতুন সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু করার অনুমোদন দিয়েছেন। বিষয়টি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন।

**Mr. Speaker :** Question Hour is over.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today, I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Deba Prasad Sarkar on the subject of enhancement of charges in the hospitals and the second one is from Shri Shyamadas Banerjee on the subject of deplorable condition of roads in some areas under Hirapur Assembly Constituency.

On the subject matter of first notice a Motion under Rule 85 was discussed in the House on 24.3.98. The motion is this out of order and I reject it.

The subject matter of the second Motion is not such that may call for adjournment of the business of the House. The Member may invite attention of the Minister concerned through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to this Motion.

The member may, however, read the text of his motion as amended.

**Shri Shyamadas Banerjee :** Not present.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received one notice of Calling Attention on the following subject :

| Subject | | Name |
|---|---|---|
| Alleged communal clash at Telenipara under Bhadreswar Police Station, Hooghly. | : | Shri Rabin Mukherjee |

The Minister-in-charge may please make a statement today, if possible or send a statement direct to the member concerned.

[30th March, 1998]

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the reply will be sent to the member concerned.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Irrigation & Waterways Department to make a statement on the subject of erosion of river Ganga-Padma in Murshidabad and Malda districts.

(Attention called by Shri Abu Sufian Sarkar on the 26th March, 1998)

[12-10 — 12-20 p.m.]

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ৩০/০৩/৯৮ তারিখের জবাবি বিবৃতি**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মুর্শিদাবাদ ও মালদা জেলায় গঙ্গা-পদ্মা নদীর ভাঙনের ভয়াবহতা সম্পর্কে রাজ্য সরকার সম্পূর্ণরূপে অবহিত আছেন এবং আর্থিক ক্ষমতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাও নিচ্ছেন।

১৯৯৭ সালে বর্ষার আগে কাজের মরশুমে মালদা ও মুর্শিদাবাদ জেলায় মোট ২৮ কোটি টাকার কাজ হাতে নিয়ে সম্পন্ন করা হয়েছে। মালদা জেলার কাজে ব্যয় হয়েছে ১২ কোটি ২০ লক্ষ টাকা এবং মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে ১৫ কোটি ৮০ লক্ষ টাকা। কাজ ভিত্তিক দুই জেলায় সম্পাদিত কাজগুলি নিম্নরূপ ঃ

**(ক) ফরাক্কা ব্যারেজের উজানে (অর্থাৎ মালদা জেলায়)**

| ক্রমিক সংখ্যা | কাজের বিবরণ | থানা | কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১. | ডোমহাট থেকে গোলকটোলা পর্যন্ত ৫ম রিটায়ার্ড বাঁধ নির্মাণ | মানিকচক | ৯৫২ |
| ২. | ডোমহাট ৪র্থ রিটায়ার্ড বাঁধের পুনর্নির্মাণ | ঐ | ৮৮ |
| ৩. | ভুতনি দিয়ারার নন্দীটোলায় ৩য় রিটায়ার্ড বাঁধ নির্মাণ | ঐ | ১১০ |
| ৪. | ২৪নং স্পার-এর পুনর্নির্মাণ | কালিয়াচক | ৭০ |
| | | | মোট ১,২২০ |

**(খ) ফরাক্কা ব্যারেজের ভাটিতে (অর্থাৎ মুর্শিদাবাদ জেলায়)**
নদীর ভাঙন-রোধের কাজ ঃ

| ক্রমিক সংখ্যা | কাজের জায়গা | থানা | কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১. | আখেরিগঞ্জ | ভগবানগোলা | ৮০০ |
| ২. | নলবোনা | রানিনগর | ৪০০ |
| ৩. | মহেশপুর | ফরাক্কা | ৮৮ |
| ৪. | শেখালিপুর | লালগোলা | ৫৯ |
| ৫. | চিন্তামণি | ঐ | ৭৫ |
| ৬. | হাজারপুর | ফরাক্কা | ২৩ |
| ৭. | বিশ্বাসপাড়া | জলঙ্গী | ৩১ |
| ৮. | সরকারপাড়া | ঐ | ২৭ |
| ৯. | তারানগর | লালগোলা | ৪৪ |
| ১০. | চন্দ্রপাড়া | সূতি | ২৮ |
| ১১. | দীপচাঁদপুর | ফরাক্কা | ৫ |
| | | | মোট :১,৫৮০ |

১৯৯৮ সালের বর্ষার আগে ও পরে মালদা জেলায় ১৬ কোটি ৯ লক্ষ টাকা এবং মুর্শিদাবাদ জেলায় ২৫ কোটি ৬৪ লক্ষ টাকা, অর্থাৎ দুই জেলা মিলিয়ে মোট ৪১ কোটি ৭৩ লক্ষ টাকার কাজ করার পরিকল্পনা আমার বিভাগ নিয়েছে। তবে এর মধ্যে কত পরিমাণ কাজ করা যাবে তা নির্ভর করবে সম্ভাব্য আর্থিক যোগানের ওপর। কাজগুলির বিবরণ এবং কাজভিত্তিক আনুমানিক ব্যয়ের হিসেব নিম্নরূপ ঃ

**(ক) ফরাক্কা ব্যারেজের উজানে (অর্থাৎ মালদা জেলায়)**

| ক্রমিক সংখ্যা | কাজের বিবরণ | থানা | কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১. | গোপালপুর এলাকায় গঙ্গার ভাঙনরোধের কাজ | মানিকচক | ৭৪৬ |
| ২. | গোপালপুর এলাকায় ৬ষ্ঠ রিটায়ার্ড বাঁধ নির্মাণ | ঐ | ৪১৬ |
| ৩. | ২৪, ২০ এবং ৯ নং স্পার-এর পুনর্নির্মাণ | কালিয়াচক | ১২৬ |
| ৪. | ভূতনি দিয়ারায় ৪র্থ রিটায়ার্ড বাঁধের পুনর্নির্মাণ | মানিকচক | ৩২১ |
| | | | মোট ১,৬০৯ |

| ক্রমিক সংখ্যা | কাজ ও কাজের জায়গা | থানা | কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১. | আখেরিগঞ্জ (সম্প্রসারণের কাজ) | ভগবানগোলা | ৮০০ |
| ২. | নলবোনা (ঐ) | রানীনগর | ৮০০ |
| ৩. | তারানগর (বাকি কাজ) | লালগোলা | ২৪৬ |
| ৪. | চিন্তামণি (ঐ) | ঐ | ৮০ |
| ৫. | বাজিতপুর (ঐ) | সূতি | ৬০ |
| ৬. | ধুলিয়ান | সামসেরগঞ্জ | ১০০ |
| ৭. | শেখালিপুর (সম্প্রসারণের কাজ) | লালগোলা | ২২৮ |
| ৮. | বিশ্বাস পাড়ার ভাঙন নিরোধক কাজের পুনর্নির্মাণ | জলঙ্গী | ৩৫০ |
| | | | মোট ঃ ২,৫৬৪ |

**দুই জেলার কাজের সাম্প্রতিক চিত্রটি নিম্নরূপ ঃ**

| ক্রমিক সংখ্যা | কাজ | মালদা জেলা | মুর্শিদাবাদ জেলা | মোট |
|---|---|---|---|---|
| ১. | ১৯৯৭ সালে যে কাজগুলি হাতে নেওয়া হয়েছিল এবং শেষ করা হয়েছে | ১,২২০ | ১,৫৮০ | ২,৮০০ |
| ২. | ১৯৯৮ সালের বর্ষার আগেও পরে যে কাজগুলি করার পরিকল্পনা নেওয়া হয়েছে | ১,৬০৯ | ২,৫৬৪ | ৪,১৭৩ |
| | | ২,৮২৯ | ৪,১৪৪ | ৬,৯৭৩ |

ভারত সরকারের যোজনা আয়োগ কর্তৃক গঠিত বিশেষজ্ঞদের কমিটি পশ্চিমবঙ্গের মালদা ও মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মা নদীর পাড় ভাঙনজনিত সমস্যার মোকাবিলার জন্য স্বল্প-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি যে ব্যবস্থাগুলি গ্রহণের জন্য সুপারিশ করে তার মোট আর্থিক দায় ৯২৭ কোটি টাকা (স্বল্প-মেয়াদি = ৩১৫ কোটি টাকা এবং দীর্ঘ-মেয়াদি = ৬১২ কোটি টাকা)। কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক বিশেষজ্ঞ কমিটির সুপারিশগুলি কার্যকর করার ক্ষেত্রে যে পর্যায়গত বিভাজন করেছেন সেই অনুসারে রাজ্য পর্যায়ের কাজ (যা রাজ্যের সেচ ও জলপথ বিভাগের করণীয়)-এর মূল্য ৭৫২ কোটি টাকা এবং কেন্দ্রীয়

পর্যায়ের কাজ (যা ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের করণীয়)-এর মূল্য ১৭৫ কোটি টাকা। রাজ্য সরকারের করণীয় স্বল্প-মেয়াদি কাজ ১৮৫ কোটি টাকা এবং দীর্ঘ-মেয়াদি কাজ ৫৬৭ কোটি টাকার। কেন্দ্রীয় পর্যায়ে করণীয় স্বল্প-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি কাজগুলি যথাক্রমে ১৩০ কোটি টাকার ও ৪৫ কোটি টাকার। কাজগুলির গুরুত্ব অনুযায়ী কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক স্বল্প-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি ব্যবস্থাগুলিকে আবার অগ্রাধিকার—১ এবং অগ্রাধিকার—২-তে ভাগ করেছেন। রাজ্য পর্যায়ে কাজগুলির ক্ষেত্রে চিত্রটি নিম্নরূপ ঃ

| ব্যবস্থা | অগ্রাধিকার-১ | অগ্রাধিকার-২ | (কোটি টাকায়) মোট |
|---|---|---|---|
| স্বল্প-মেয়াদি | ১৪৫ | ৪০ | ১৮৫ |
| দীর্ঘ-মেয়াদি | ৫৬৭ | — | ৫৬৭ |
| | ৭১২ | ৪০ | ৭৫২ |

রাজ্য পর্যায়ের কাজগুলির ক্ষেত্রে মালদা ও মুর্শিদাবাদ জেলায় স্বল্প-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি সুপারিশগুলির জেলা ভিত্তিক বিভাজন নিচের সারণিতে দেওয়া হল ঃ

| সুপারিশকৃত ব্যবস্থা | অগ্রাধিকার-১ | | | অগ্রাধিকার-২ | | | সর্বমোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মালদা | মুর্শিদাবাদ | মোট | মালদা | মুর্শিদাবাদ | মোট | মালদা | মুর্শিদাবাদ | মোট |
| স্বল্প-মেয়াদি | ১৭ | ১২৮ | ১৪৫ | — | ৪০ | ৪০ | — | — | ১৮৫ |
| দীর্ঘ-মেয়াদি | — | ৫৬৭ | ৫৬৭ | — | — | — | — | ৫৬৭ | ৫৬৭ |
| মোট | ১৭ | ৬৯৫ | ৭১২ | — | ৪০ | ৪০ | — | ৫৬৭ | ৭৫২ |

রাজ্য পর্যায়ে স্বল্প-মেয়াদি ব্যবস্থা হিসাবে বিশেষজ্ঞদের কমিটি কর্তৃক চিহ্নিত সমস্ত করণীয় কাজগুলিকে (অগ্রাধিকার-১ এবং অগ্রাধিকার-২) একত্রিত করে রাজ্য সরকারের সেচ ও জলপথ বিভাগ নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালের চার বছরের (১৯৯৭-৯৮ থেকে ২০০০-২০০১ সাল) মধ্যে সম্পন্ন করার একটি পরিকল্পনা নিয়েছে। এই কাজে মোট খরচ হবে ১৮৬ কোটি টাকা। এই পরিকল্পনার সম্ভাব্য ব্যয়ের উপর একটি স্মারকপত্র—এক্সপেনডিচার ফাইনান্স কমিটি মেমোরান্ডাম (ই. এফ. সি. মেমো)-রাজ্য সরকার সম্প্রতি ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকে পেশ করেছেন। ই. এফ. সি. মেমো-র প্রতিলিপি গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন (জি. এফ. সি. সি.) এবং যোজনা কমিশনেও দেওয়া হয়েছে।

ই. এফ. সি. মেমোটিতে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার-এর মূলধন বিনিয়োগে অংশীদারিত্ব ৭৫:২৫ হারে দেখানো হয়েছে। অর্থাৎ মোট ১৮৬ কোটি টাকার কাজ করার জন্য কেন্দ্রীয় সরকারের বিশেষ অনুদান হিসাবে ১৩৯.৫০ কোটি টাকা চাওয়া হয়েছে এবং রাজ্য সরকারের অংশে আছে ৪৬.৫০ কোটি টাকা দেওয়ার প্রস্তাব। কাজগুলি করার জন্য বছরভিত্তিক বিনিয়োগ, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের তরফে মূলধন বিনিয়োগ ইত্যাদি নিম্নরূপ ঃ

(কোটি টাকার হিসাবে)

| আর্থিক বছর | মোট বিনিয়োগ | রাজ্য সরকারের প্রদেয় অংশ | কেন্দ্রীয় সরকারের বিশেষ অনুদান |
|---|---|---|---|
| ১৯৯৭-৯৮ | ২৮.৪০ | ৭.১০ | ২১.৩০ |
| ১৯৯৮-৯৯ | ৬০.০০ | ১৫.০০ | ৪৫.০০ |
| ১৯৯৯-২০০০ | ৫০.৫০ | ১২.৬২ | ৩৭.৮৮ |
| ২০০০-২০০১ | ৪৭.১০ | ১১.৭৮ | ৩৫.৩২ |
| মোট | ১৮৬.০০ | ৪৬.৫০ | ১৩৯.৫০ |

মুর্শিদাবাদ জেলায় গঙ্গা/পদ্মা নদীর দক্ষিণ তীরবর্তী আলাইপুর (আখেরিগঞ্জ) এবং নলবোনায় দুটি ক্ষয়নিরোধক প্রকল্প, যথাক্রমে আনুমানিক ৩২.৭১ কোটি ও ২৬.৪০ কোটি টাকার, গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন (জি. এফ. সি. সি) কর্তৃক ভারত সরকারের কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের কাছে সুপারিশসহ প্রেরিত হয়েছে। কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক প্রকল্প দুটিকে যোজনা কমিশন-এর কাছে বিনিয়োগ সংক্রান্ত ছাড়পত্রের জন্য পাঠাবে বলে আশা করা যায়।

মালদা জেলায় ১২.৪০ কি. মি. দীর্ঘ পঞ্চম রিটায়ার্ড বাঁধ নির্মাণ সম্পর্কিত ৯.৬৭ কোটি টাকার একটি প্রকল্প গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন, কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রক ও যোজনা কমিশনের কাছে কেন্দ্রীয় অনুদান চেয়ে পাঠানো হয়েছে। কাজটি অবশ্য ১৯৯৭ সালের প্রাক-বর্ষার কাজের মরশুমে হাতে নিয়ে বর্ষার আগেই শেষ করা হয়েছে।

এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই ব্যাপারে কোনও অর্থ সাহায্য রাজ্য সরকার পায়নি। আশা রাখা যায় যে কেন্দ্রীয় সরকার এই বিষয়ে তাদের সাহায্যের হাত বাড়িয়ে দেবে। যদি এই কেন্দ্রীয় সাহায্য না পাওয়া যায়, রাজ্য সরকার তার সীমিত

আর্থিক ক্ষমতার মধ্যে যে কাজ হাতে নেওয়া সম্ভব তা সম্পন্ন করবে।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মালদা মুর্শিদাবাদের ভাঙনের ব্যাপারে উনি উত্তরে বলেছেন এবং উল্লেখ করেছেন ৪ বছরের মধ্যে আখেরিগঞ্জ - হনুমন্তনগরে ৪ কিঃ মিঃ কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন এবং কেন্দ্রীয় জল কমিশন বিভাগ এবং জল সম্পদ বিভাগ তাদের রিপোর্ট আমরা দেখেছি। কিন্তু কথা হচ্ছে এখনও ভাঙনের কাজ ত্বরান্বিত হয়নি। গত বছর মন্ত্রী মহাশয় এখানে উল্লেখ করেছেন ভগবানগোলায় ৮ কোটি টাকার কাজ শেষ হয়েছে, কিন্তু ২১শে সেপ্টেম্বর ১৯৯৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সেখানে গিয়ে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন ১৮০০ মিটারের কাজ করা হবে এবং ভাঙন কবলিত এলাকা প্রোটেকশন দেওয়া হবে। সেখানে কাজ বাকি আছে, অর্ধেক কাজ পদ্মাতে পড়ে আছে, আখেরিগঞ্জে ৪৫০টি পরিবার গৃহহীন হলেন, সেখানে এখনও পর্যন্ত কাজের ব্যবস্থা হয়নি। ভগবানগোলা-হনুমন্তনগরে ২৩৮টি পরিবার পদ্মায় চলে গেল। বীনপাড়া থেকে শুরু করে ৪ কিঃ মিঃ পদ্মার ভাঙনে সেখানকার মানুষ আতঙ্কিত হচ্ছে, প্রতি বছর হাজার হাজার লোক গৃহহীন হচ্ছে কিন্তু এখনও পর্যন্ত কাজের কোনও বন্দোবস্ত হয়নি। জানুয়ারি থেকে জুন মাসের মধ্যে কাজের সময়, কিন্তু জানুয়ারি, ফেব্রুয়ারি. মার্চ মাস চলে গেল। আমাদের আশঙ্কা কাজ যদি শেষ না হয় বর্ষার সময় যদি কাজ শুরু হয় তাহলে সম্পূর্ণ টাকাটা জলে পড়ে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন আখেরিগঞ্জের ভাঙনের ব্যাপারে কত কোটি টাকার কাজ হবে এবং এই মরসুমে কাজ হবে কি না এবং শুরু হলে কাজ শেষ হবে কি না? সেখানকার মানুষদের দুঃখ ঘুচবে কি না। মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত কাজের তার কোনও রূপরেখা - কেন্দ্রীয় সরকারের টাকা আসবে না জানি, কিন্তু রাজ্য সরকারের উদ্যোগে কতটা করতে পারবেন সেটা পরিষ্কার ভাবে জানতে চাইছি।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় সদস্য আবুসুফিয়ান সরকারের সাথে আমি একমত উদ্বেগের সঙ্গে, কিন্তু তিনি এটা সাজেশন করছেন না যে পরিমাণ টাকা লাগবে এই কাজ করতে সেটা আমাদের সামর্থের মধ্যে আছে কি না, সে টাকা কোথায় পাওয়া যাবে। ইতিমধ্যেই আমার দপ্তর গর্বিত যে কেন্দ্রীয় সরকারের থেকে টাকা না পাওয়া সত্ত্বেও মুর্শিদাবাদে মালদাতে আজ পর্যন্ত এরকম কাজ করা সম্ভব হয়নি, যা করা হয়েছে গত বছরে। সেইভাবে ২৮ কোটি টাকার কাজ করেছি। তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করছি এবং সেটা পেলে আমরা করব। তা সত্ত্বেও আমি বলেছি, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা না পেলেও আমাদের যা আছে তা দিয়ে কাজ শুরু করতে চলেছি। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা না পেলে আখেরিগঞ্জ বা অন্য যে কাজ করা উচিত তা করা যাবে না।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Irrigation and Waterways Department to make a statement on the subject of delay in progress of repairing works of the damages caused by sea high tide at Digha.

(Attention called by Shri Sailaja Kumar Das on the 27th March, 1998.)

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মেদিনীপুর জেলায় দীঘার ৭ কি.মি. দৈর্ঘ্যের সমুদ্রতটরেখা দীর্ঘদিন ধরে ভাঙনের সম্মুখীন। পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ সেচ ও জলপথ বিভাগ এবং উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের যৌথ প্রয়াসে ১৯৭৭ থেকে ১৯৮৩ সালের মধ্যে ৩,৯২৪ কি.মি. দীর্ঘ ভাঙনরোধকারি পাথরের তৈরি বাঁধ বা সী-ওয়াল (Sea-wall) তৈরি করা হয় বৃহৎ আকারের ল্যাটেরাইট পাথরের সাহায্যে পুণাতে অবস্থিত কেন্দ্রীয় জল ও শক্তি গবেষণাগারের বিশেষজ্ঞদের সুপারিশ অনুসারে এই সী-ওয়াল নির্মাণ করা হয়। ১৯৮৮-৮৯ পর্যন্ত এই সী-ওয়াল সামুদ্রিক জলোচ্ছ্বাসজনিত ভাঙনকে সার্থকভাবে প্রতিহত করে। কিন্তু পরবর্তী সময়ে ঐ সী-ওয়ালটি তীব্র ভাঙনের সম্মুখীন হয়। মাঝে মাঝেই এই সী-ওয়ালটিকে নতুন পাথর ফেলে মজবুত করা হয়েছে।

বিশেষজ্ঞদের সমীক্ষা অনুসারে দীঘার সমুদ্রতল ক্রমান্বয়ে নিচু হচ্ছে। সেই কারণে তীরে আছড়ে পড়া ঢেউয়ের উচ্চতাও ক্রমশ বাড়ছে এবং মাঝেমধ্যেই সমুদ্রের ঢেউ সী-ওয়ালের উপর দিয়ে উপচে পড়ে দীঘা শহরের ক্ষতি করছে।

১৯৯৭ সালের আগস্ট মাসে ১৯ থেকে ২১ তারিখে পূর্ণ জোয়ারের সময় সামুদ্রিক ঝড়ের প্রভাবে বিশাল আকারের ঢেউগুলি দীঘার সমুদ্রতটে আছড়ে পড়ে এবং সী-ওয়ালটির ব্যাপক ক্ষতি সাধন করে; দীঘা শহরে সমুদ্রের জল ঢুকে যায় এবং সী-হক (Sea Hawk) হোটেলের সম্মুখ ভাগের ওয়ালের অংশটি বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হয়।

বিশেষজ্ঞরা মনে করেন যে সমুদ্রতট নিচু হতে থাকার জন্য ঢেউয়ের আকার ক্রমশ বড় হতে থাকবে এবং এই পরিস্থিতির মোকাবিলায় ল্যাটেরাইট পাথরের পরিবর্তে আরও বড় আকারের (প্রতিটি ১৫০ কেজি ও তারও বড়) গ্রানাইট পাথর ব্যবহার

করার জন্য তাঁরা সুপারিশ করেন। কিন্তু গ্রানাইট পাথর সংগ্রহ করে, কায়িক শ্রমে সী-ওয়ালটির পুনর্গঠন শুধু সময়সাপেক্ষই নয় বিপজ্জনকও বটে।

একটি নতুন প্রযুক্তি ব্যবহার করে সেচ ও জলপথ বিভাগ সী-ওয়ালটি পুনর্গঠনের প্রথম পর্যায়ের কাজের জন্য ১৭২.৮৪ লক্ষ টাকা অনুমিত ব্যয়ের একটি প্রকল্প রচনা করেছে। রাজ্যের উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ অতি সম্প্রতি এই প্রকল্পটি প্রশাসনিক অনুমোদন দিয়ে ৬০ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। কাজ শুরু করার প্রাথমিক পদক্ষেপগুলি সম্পূর্ণ হওয়ার পথে এবং খুব শীঘ্রই কাজ শুরু হবে।

পুনর্গঠনের দ্বিতীয় পর্যায়ের কাজের প্রকল্প রচনার জন্য প্রয়োজনীয় সমীক্ষার কাজ চলছে। আশা করা যায় যে দ্বিতীয় পর্যায়ের কাজ আগামী বর্ষার পরে শুরু করা যাবে।

প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে দীঘা মোহনা পর্যন্ত সী-ওয়ালটিকে ১.৬ কিমি সম্প্রসারণের জন্য ৪২৪ লক্ষ টাকার অনুমিত ব্যয়ের একটি প্রকল্প কেন্দ্রীয় সরকারের কাছে 'জাতীয় তটভূমি রক্ষা প্রকল্প '(National Coastal Protection Project)'-এ অন্তর্ভুক্তি করে কেন্দ্রীয় আর্থিক সহায়তা লাভের জন্য পেশ করা হয়েছে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস :** স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, গত বছর দীঘায় সমুদ্রের জলোচ্ছ্বাসে এক বিস্তীর্ণ এলাকা ভেঙে চুরমার হয়ে গিয়েছিল। এই ব্যাপারটা নিয়ে গত আগস্ট মাসে মাননীয় অর্থমন্ত্রী, এবং আপনার দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মিলিত ভাবে বলেছিলেন যে দীঘার এই ভাঙনের ব্যাপারে এখন টেম্পোরারি ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং পরে স্থায়ী ব্যবস্থা নেওয়া হবে। আপনারা বলেছিলেন যে স্থায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষজ্ঞদের মতামত গ্রহণ করে স্থায়ীভাবে যাতে দীঘার ভাঙন রোধ করা যায় এবং দীঘাকে পর্যটন কেন্দ্র হিসাবে যাতে আরও ভালভাবে গড়ে তোলা যায় তার জন্য ব্যবস্থা নেবেন। এ ব্যাপারে বিশেষজ্ঞদের মতামত গ্রহণ করা হয়েছে কি এবং এব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা জানতে চাই।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমার লিখিত বিবৃতির মধ্যে এব্যাপারে বলা আছে। তবু আমি বলছি যে, আমরা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের এবং জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার বিশেষজ্ঞদের মতামত মেনে এই কাজটা শুরু করছি। স্থায়ী উন্নয়নের জন্য ন্যাশনাল কোস্টাল প্রটেকশন প্রোজেক্ট-৪ কোটি ২৪ লক্ষ টাকার কেন্দ্রীয় সরকারের কাছে জমা দিয়েছি। তারাও প্রসেস শুরু করেছে এবং তাঁরা যেভাবে বলবেন টাকা পেলে সেভাবে কাজ শুরু করব।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Transport Department will make a statement on the subject of setting up of a Truck Terminus at Budge Budge. (Attention called by Shri Ashok Kumar Deb on the 28th March, 1998).

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি মৌখিকভাবে খুব সংক্ষিপ্ত স্টেটমেন্ট করছি। শনিবার দিন হাউসে উল্লেখ করেছেন, আমি সে ব্যাপারে বলছি — বজবজে যে ট্রাকগুলো চলে তার ফলে সেখানকার রাস্তাঘাট সবসময়ে জ্যাম থাকে। বিশেষ করে ইন্ডিয়ান অয়েলের জন্য সেখানে যাত্রি চলাচল, সাধারণ যানবাহন চলাচল ব্যাহত হয়। এখানে একটা ট্রাক-টার্মিনাস করার ব্যাপারে আমরা পৌরসভাকে এবং ডি.এম. সাহেবকে অনুরোধ করেছি একটা জায়গা নির্দিষ্ট করার জন্য। কিন্তু তাঁরা কোনও সদর্থক উত্তর দেন নি। তাঁরা বলছেন যে তাঁরা বিবেচনা করছেন। এব্যাপারে আমরা ইন্ডিয়ান অয়েলের সঙ্গেও আলোচনা করেছি তাঁরা সম্মত হয়েছেন। বজবজের ট্রাক টার্মিনাস নির্মাণের বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে রাজ্যসরকার ভাবছে। এই ট্রাক টার্মিনাস করার ব্যাপারে জেলা কর্তৃপক্ষ এবং স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ রেখে রাজ্য সরকার দ্রুত করার জন্য ব্যবস্থা নেবে।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে দীর্ঘদিন ধরে এই ট্রাক টার্মিনাস করা নিয়ে আপনারা আলোচনা করেছেন, বলেছেন। তারমধ্যে ২-৩ বার আমি আপনাদের সঙ্গে কথা বলেছি। ওখানে অয়েল শিল্প থাকার জন্য প্রচুর ট্রাক দাঁড়িয়ে থাকে। যার ফলে সেখানে যাতায়াত করতে প্রচুর অসুবিধা হয়। এরজন্য সেখানে অনেক অ্যাক্সিডেন্ট হয়েছে, অনেকে মারা গেছে। আপনারা বলেছেন যে পৌরসভা জায়গা দিলে আপনারা নিশ্চয়ই চেষ্টা করবেন। কিন্তু পৌরসভা বলেছে তারা জায়গা দিতে রাজি আছে। যত তাড়াতাড়ি সম্ভব এই ট্রাক টার্মিনাস করলে সুবিধা হয়। ওখানে সি.ই.এস.সি.র অফিস আছে। ওদের প্রচুর গাড়ি আছে, ওখানে ৪টে জুট মিল আছে, তাদেরও গাড়ি যাতায়াত করে। সুতরাং ওখানে যাতায়াতের অসুবিধাগুলো দূর করার জন্য অবিলম্বে ট্রাক টার্মিনাস করা হোক।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমরা শীঘ্রই ব্যবস্থা নেব এবং আমি মাননীয় সদস্যকে জানাব। পৌরসভা, জেলা প্রশাসন এবং মাননীয় সদস্যকে ডেকে এপ্রিলের প্রথম সপ্তাহে একটা মিটিং করব।

## STATEMENT UNDER RULE 346

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আর্থিক ও পারিপার্শ্বিক অবস্থার বিবর্তনের পটভূমিকায় শিক্ষা ব্যবস্থার পুনর্মূল্যায়ণ ও সেখানে কাঙ্ক্ষিত পরিবর্তন সংগঠিত করা হয়। শিক্ষা জগতের এটাই চিরন্তন রীতি। এই রাজ্যে প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম ও শিক্ষাসূচী রচিত হয়েছিল সর্বশেষ ১৯৭৪ সালে গঠিত হিমাংশু বিমল মজুমদার নিযুক্ত কমিটির সুপারিশের উপর ভিত্তি করে। পরবর্তী সময়ে ১৯৯১ সালে ডঃ অশোক মিত্রের সভাপতিত্বে গঠিত কমিশনের সুপারিশের উপর ভিত্তি করে ৫ম শ্রেণী থেকে ইংরাজি অক্ষর ও শব্দ পরিচয় পাঠের ব্যবস্থা প্রবর্তিত হয়। ঐ কমিশনের সুপারিশের যে অংশগুলি গ্রহণ করা হয় তা ব্যাখ্যা করার সময় মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় ঘোষণা করেছিলেন যে শিক্ষার যে পরিবর্তনগুলি আনা হবে তা নির্দিষ্ট সময়ের পরে সেগুলির সাথে অন্যান্যগুলি পর্যালোচনা করে সরকার যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। এরই সূত্র ধরে প্রাথমিক শিক্ষাস্তরে কোন শ্রেণী থেকে ইংরাজি ২য় ভাষা হিসাবে পাঠ শুরু হবে এবং বর্তমান অবস্থায় কোনও পরিবর্তন সাধিত হলে অন্যান্য বিষয়ের শিক্ষাক্রমে ও পাঠ্যসূচিতে কি কি পরিবর্তন এবং কিভাবে সেই পরিবর্তন সাধন করা সঙ্গত হবে সে সম্পর্কে সুপারিশ করার জন্য এক সদস্যযুক্ত একটি কমিটি নিয়োগ করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে। উক্ত কমিটির সভাপতি হবেন ডঃ পবিত্র সরকার। ঐ কমিটিতে ২ মাসের মধ্যে তার প্রতিবেদন সরকারের নিকট পেশ করতে বলা হবে। পরবর্তী শিক্ষাবর্ষ ১৯৯৯-২০০০ সাল থেকে কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(প্রচন্ড গোলমাল)

(শ্রী কান্তি বিশ্বাসের বিবৃতি পাঠ চলাকালীন মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি নিজের আসন ত্যাগ করে ওয়েল ক্রস করে শ্রী কান্তি বিশ্বাসের হাত থেকে লিখিত বিবৃতিটি ছিনিয়ে নেন। ফলে সাময়িক বিবৃতি পাঠ বন্ধ থাকে। সরকারি চিফ হুইপ শ্রী রবীন্দ্রনাথ মন্ডল শ্রী সুব্রত মুখার্জির কাছ থেকে লিখিত বিবৃতিটি ফিরিয়ে নিয়ে আবার শ্রী কান্তি বিশ্বাসকে প্রদান করে এবং মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস বিবৃতিটি পাঠ করতে থাকেন। বিবৃতি পাঠ চলাকালীন আবার দেখা যায় মাননীয় সদস্য শ্রী রামজনম মাঝি ওয়েল ক্রস করে মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের নিকট উপস্থিত হবার চেষ্টা করেন, কিন্তু সরকার পক্ষের একাধিক সদস্য উপস্থিত হবার চেষ্টা করেন, কিন্তু সরকার পক্ষের একাধিক সদস্য তাঁকে বাধা দেন। এই সময় সভায় প্রচন্ড হৈ-হট্টগোল এবং চিৎকার চেঁচামেচি হয়। এরমধ্যেই শ্রী কান্তি বিশ্বাস তাঁর বিবৃতি পাঠ শেষ করেন।)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার আমি কান্তিবাবুর স্টেটমেন্টের ওপর একটা ডিসকাশন

দাবি করছি। বিষয়টি নিয়ে একটা পূর্ণাঙ্গ আলোচনা হোক।

## PRESENTATION OF REPORT

**Presentation of the 18th Report of the Subject Committee on 23 Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1997-98**

**Shri Saugata Roy :** Sir, I beg to present the 18th Report of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food processing & Horticulture and Fisheries, 1997-98.

## LAYING OF REPORT

**Annual Reports and Accounts of the Saraswaty Press Limited for the years 1995-96 and 1996-97.**

**Shri Mrinal Banerjee :** Sir, with your kind permission I beg to lay the Annual Reports and Accounts of the Saraswaty Press Limited for the years 1995-96 and 1996-97.

**Annual Report and Accounts of the Salimar Works (1980) Limited for the year 1994-95**

**Shri Mrinal Banerjee :** Sir, with your kind permission I beg to lay the Annual Report and Accounts of the Salimar Works (1980) Limited for the year 1994-95.

**The 72nd and the 73rd Annual Reports and Accounts of Westing house Saxby Farmer Limited for the years 1993-94 and 1994-95**

**Shri Mrinal Banerjee :** Sir, with your kind permission I beg to lay the Annual Reports and Accounts of Westinghouse Saxby Farmer Limited for the years 1993-94 & 1994-95.

[12-30 — 12-40 p.m.]

## Consideration of the First Report of the Committee of Privileges, 1997-98 of the Twelfth Legislative Assembly

**Shri Anil Mukherjee :** Sir, I beg to move that the First Report of the Committee on Privileges, 1997-98 of the Twelfth Legislative Assembly as presented to the House on the 27th March, 1998 be taken into consideration.

The Motion was then put and agreed to.

**Mr. Speaker :** Now, I call upon Shri Rabin Deb to move his motion.

**Shri Rabin Deb :** Sir, I hereby give notice of my intention to move the following motion in respect of the recommendations contained in the First Report of the Committee of Privileges 1997-98 after the motion that the report be taken into consideration to be moved in the House today, as agreed to.

...(At this stage Congress(I) member, Shri Dilip Das, was seen rushing towards hon'ble member, Shri Rabin Deb.)...

...(noise and interruption)...

এশিয়ান এজের এডিটর মিঃ এম.জে. আকবর যা প্লেসড করেছেন তাতে কোনওরকম অনুতাপের কোনও বিষয় উল্লেখ নেই। গত ২৪ ফেব্রুয়ারি, ১৯৯৭ তারিখে এশিয়ান এজের যে রিপোর্ট তারা প্লেসড করছে সেই সম্পর্কে কোনও অনুতাপের বিষয় নেই, এমন কি ত্রুটি স্বীকারের কোনও বিষয় নেই। তাই আমি বিষয়টি পুনরায় কমিটির কাছে রেফার করার জন্য অনুরোধ করছি যাতে এই সম্পর্কে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়।

"After consideration of the report of the Committee, the House accepts the findings of the Committee in respect of offence committed but finds no apology has been tendered and as such refers back to the Committee the report for review of the quantum of punishment to be awarded."

The Motion of Shri Rabin Deb was put and agreed to.

**Shri Anil Mukherjee : [**]**

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় বারেবারে বলেছি যে, পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবস্থা এমন জায়গায় পৌঁছেছে যে পশ্চিমবাংলার মানুষের ধন, মান, জীবন এবং সম্পত্তি দিনের পর দিন লুঠ হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু সাধারণ মানুষ কেন, এই মন্ত্রিসভার একজন মাননীয়া সদস্যা শ্রীমতী ছায়া বেরাকে সেদিন রাস্তার উপর আক্রমণ করে লুঠপাট করা হয়েছিল। আমরা এই সম্পর্কে এই সভায় উদ্বেগ প্রকাশ করেছিলাম। গতকাল রাত্রি ৯টার সময়ে একই জায়গায় একই কায়দায়, একই সময়ে মাননীয় সদস্য শ্রী সবুজ দত্ত যখন বাড়ি ফিরছিলেন তখন ওই একই জায়গায় বোম্বে রোডের উপর গাড়ি থামিয়ে যথাসর্বস্ব লুঠ করে নেওয়া হয়েছে। এই মন্ত্রিসভার সদস্যার গাড়ি লুঠ করা হয়েছে। আপনি শুনেছেন, দার্জিলিং জেলার সাংসদের বাড়িতেও রাতের বেলা ডাকাতি হয়ে গেছে। আজও পর্যন্ত তার কোনও কিনারা হয়নি। মাননীয়া মন্ত্রীর গাড়ি যারা লুঠ করেছিল তাদের আজও পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি, শাস্তিও হয়নি।

গতকাল এই সভার সদস্য শ্রী সবুজ দত্তের উপর একই জায়গায়, একই কায়দায়, একই সময় ডাকাতি করা হয়েছে। স্যার, দিনের পর দিন এখানে পুলিশখাতের টাকা বাড়িয়ে যাওয়া হচ্ছে, আজকেও অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মাধ্যমে পুলিশখাতে টাকা বাড়াবার কথা বলা হয়েছে, আমরা শুধু টাকাই অনুদান দিয়ে যাচ্ছি স্বরাষ্ট্র দপ্তরকে, অথচ আজকে পশ্চিমবঙ্গের মানুষের জীবনযাপন অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। আইনশৃঙ্খলার অবস্থা আজকে এখানে এরকম একটা অবস্থায় চলে গিয়েছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় এই সভায় উপস্থিত আছেন, তিনি বলুন, মাননীয় সদস্যদের জীবন রক্ষার জন্য তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন। এ ব্যাপারে তাকে আমি রিপোর্ট দিতে অনুরোধ জানাচ্ছি।

(গোলমাল)

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন। হাউসের একজন মাননীয় সদস্যের উপর আক্রমণ হয়েছে, এটা খুবই উদ্বেগের বিষয়। স্বরাষ্ট্রমন্ত্রী এখানে বিবৃতি দিন যে অ্যাকচুয়ালি কি হয়েছে, তিনি বিষয়টি জানান। আজকে [illegible] লাস্ট ডেট, একজন মাননীয় সদস্য তার এলাকাতেই আক্রান্ত হয়েছেন, [illegible] খুবই উদ্বেগের বিষয়। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন,

---

** Expunged as ordered by the Chair on 26.6.98 vide file no 4c - 76/97.

তিনি এ সম্পর্কে একটা বিবৃতি দিলে ভাল হয়। তাকে স্যার, আপনি বিবৃতি দিতে বলুন।

**Mr. Speaker :** এখন আমি যেটুকু no debate on this. Take your seat. Take your seat...take your seat... Take your seat. Take your seat. Take your seat... sit down...Take your seat... Mr. Sinha, are you helpless ? I am becoming helpless. Now, Mr. Buddhadeb Bhattacharjee, Mr. Pankaj Banerjee has drawn the attention of the House to an attack on Shri Sabuj Dutta, a member of this House. (Noise) It is impossible. Either Mr. Sinha, you control your members or I will control them. We will take steps against them. (Noise)

(At this stage, Shri Buddhadeb Bhattacharjee rose to Speak)

(Noise)

**Mr. Speaker :** Now, Mr. Bhattacharjee, the incident that was reported is serious. Because earlier, Shrimati Chhaya Bera, a Minister was also waylaid in the same place. And this Member too has been waylaid and his car was stopped and attacked. What I would want is that security be arranged for the member concerned and urgent enquiry be taken into the matter and the miscreants be brought to book as early as possible.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, এইসব ঘটনা বন্ধ করার জন্য উনি কি করছেন সেটা বলুন। অ্যাডিকোয়েট কি ব্যবস্থা নিচ্ছেন বলুন।

**Mr. Speaker :** Let him say what he has to say. please. please.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** স্যার, মাননীয় সদস্য শ্রী ব্যানার্জি যে উদ্বেগ প্রকাশ করেছেন তার সঙ্গে আমি একমত। আপনি যে কথা বললেন যে ঐ একই জায়গায়, একই ঘটনা দু বার কি করে ঘটলো— আমি প্রাথমিক রিপোর্ট-টা শুধু পেয়েছি, সম্পূর্ণ রিপোর্ট পাবার পর আমাকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। কিন্তু ইতিমধ্যে সংশ্লিষ্ট এম.এল.এ.-র নিরাপত্তার যে ব্যবস্থা সে ব্যবস্থা আমি নিশ্চয় করব। ওখান থেকে বিস্তৃত রিপোর্ট পাবার পর ঐ একই জায়গায় কি করে হচ্ছে, এই ঘটনাটা নিশ্চয় আমার কাছে খুবই উদ্বেগজনক। এই ব্যাপারে বিরোধীপক্ষ যা বলেছেন তাতে কোনও পার্থক্য নেই

আমার সঙ্গে। আমি সে ব্যাপারে যা উদ্যোগ নেবার তা নেব ২/১ দিনের মধ্যেই।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখ এবং পরিতাপের বিষয় এই যে বামফ্রন্ট সরকার ভাঙবেন তবু মচকাবেন না। স্যার, আপনি দেখেছেন সারা পশ্চিমবাংলার মানুষ উত্তাল যে প্রাথমিক শিক্ষায় ইংরাজি কবে থেকে শুরু হবে তা জানতে। এরজন্য পশ্চিমবঙ্গের মানুষের গত ২১ বছরে অনেক ক্ষতি হয়ে গিয়েছে। দুটি প্রজন্মই নষ্ট হয়ে গিয়েছে। এই সরকার এখনও এই ব্যাপারটা নিয়ে গড়িমসি করছেন। মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন যে এই সেশানের মধ্যেই তিনি জানাবেন যে কোন শিক্ষাবর্ষ থেকে, কোন ক্লাস থেকে ইংরাজি শুরু হবে অথচ দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে মাননীয় শিক্ষামন্ত্রী তিনি আজকে এই সেশানের শেষ দিনে একটা বিবৃতি দিয়ে বলছেন যে এরজন্য একটা ওয়ান-ম্যান কমিশন তৈরি হবে। এ স্যার, মানা যায় না।

(গোলমাল)

স্যার, আপনি জানেন যে যখন একটা জিনিসকে পোসপন্ড করার কোনও মতলব থাকে তখন এই কমিশন, কমিটি ইত্যাদি তৈরি হয়। আমরা আমাদের দীর্ঘ অভিজ্ঞতায় দেখেছি যে একটা জিনিসকে ঠান্ডা ঘরে পাঠিয়ে দেওয়ার এটা একটা অজুহাত। স্যার, আমাদের দলের সদস্য শ্রী সৌগত রায় ৩১৯ ধারাতে আজকে এটা ডিসকাশনের জন্য একটা মোশন এনেছেন কিন্তু দেখলাম মন্ত্রী মহাশয় একটা কমিশন গঠনের কথা শুধু ঘোষণা করলেন। আমরা আশা করেছিলাম, মন্ত্রী সুস্পষ্ট ভাষায় বলবেন যে অমুক বর্ষ, অমুক তারিখ, অমুক ক্লাস থেকে ইংরাজি শুরু হবে। এখনও পর্যন্ত আমরা সেটা জানিনা। তার পরিপ্রেক্ষিতে একটা ওয়ান ম্যান কমিটি সরকার পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় উপহার দিলেন। এই জিনিস পশ্চিমবঙ্গের মানুষ সহ্য করবেনা। আমাদের দলের তরফ থেকে অধ্যাপক সৌগত রায় যে মোশন এনেছেন ৩১৯-তে, আপনি সেটায় আলোচনার সুযোগ করে দেবেন। আমি আপনার কাছে জানতে চাই যে, সেই আলোচনার সুযোগ আমরা পাব কি না?

[12-40 — 12-50 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে অত্যন্ত বেদনা এবং ক্ষোভের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, পশ্চিমবাংলায় প্রাথমিক স্তর থেকে ইংরাজি করা এবং পাশ - ফেল চালু করার দাবিতে গত দেড় দশক ধরে আন্দোলন চলছে। প্রাথমিক স্তরে ইংরাজি চালু করার ব্যাপারে শিক্ষাবীদ থেকে আরম্ভ করে সমস্ত রাজ্যের মানুষ আপামর জনসাধারণ এর পক্ষে রায় দিয়েছে। গত ৩রা ফেব্রুয়ারি এই বিষয়ে

পশ্চিমবঙ্গে একটা ধর্মঘট হয়েছে, একটা ঐতিহাসিক বন্ধের মধ্যে দিয়ে মানুষ এর স্বপক্ষে রায় দিয়েছে। মুখ্যমন্ত্রী নিজেও এই ব্যাপারে বলেছেন। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি যে, মাননীয় শিক্ষামন্ত্রী এই ব্যাপারে যে বিবৃতি দিলেন, আবার একটা কমিটি করে এই বিষয়টাকে ঝুলিয়ে দিতে চলেছেন। এর ফলে প্রায় ৩।। কোটি শিশুর ভবিষ্যত নষ্ট হতে চলেছে। আরও এক বছর বিলম্বিত করে ঝুলিয়ে রেখে কয়েক লক্ষ শিশুর ভবিষ্যৎ নষ্ট করতে চলেছেন। আজকে ৯৯.৯ শতাংশ মানুষ যেখানে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা এবং পাশ - ফেল চালু করার পক্ষে রায় দিয়েছে সেখানে এই বিষয়ে সিদ্ধান্ত নেবার জন্য আবার একটা ওয়ান ম্যান কমিটি করে বিষয়টি টাল-বাহনা করে সরকার ঝুলিয়ে রাখতে চাইছেন যাতে সামনে পঞ্চায়েতের নির্বাচনে এটা নিয়ে যে বিক্ষোভ সেটাকে চাপা দেওয়া যায়। আমরা কোনও কমিটির কথা শুনতে চাই না। অবিলম্বে জনগণের যে রায় সেটাকে মানতে হবে। পশ্চিমবঙ্গে জনগণের যে দাবি সেটা এই সরকার উপেক্ষা করছেন। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমাদের দাবি অবিলম্বে সরকারকে এটা ঘোষণা করতে হবে। পশ্চিমবাংলার মানুষের দাবিকে মানতে হবে। সরকারের এই কালো সিদ্ধান্তের বিরুদ্ধে আমরা তীব্রভাবে প্রতিবাদ জানাচ্ছি এবং এই প্রতিবাদ জানিয়ে আমি সভা কক্ষ পরিত্যাগ করছি।

**(এই সময়ে এস.ইউ.সি সদস্য সভা ত্যাগ করে চলে যান)**

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিকে ইংরাজি প্রবর্তনের ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী দৃঢ়ভাবে বারবার ঘোষণা করেছেন।

**.....এই সময়ে প্রচন্ড গোলমাল শুরু হয়.....**

আপনারা বসুন। আমাকে বলতে দিন। .....গোলমাল..... আমার বক্তব্য আমাকে বলতে দিন। .....এই কংগ্রেস পক্ষ থেকে বাধা দিতে থাকে..... আমাকে কেন বলতে দেবেন না? এটা কি হচ্ছে, আমাকে বলতে দিতে হবে। .....প্রচন্ড গোলমাল চলতে থাকে..... **(এই সময়ে কংগ্রেসের সদস্যরা ওয়াক আউট করে সভা থেকে চলে যান)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী বিভিন্ন সময়ে বিভিন্ন বিবৃতির মধ্যে দিয়ে অত্যন্ত দৃঢ়ভাবে বারবার বলেছেন প্রাথমিক ইংরাজি প্রবর্তনের কথা এবং জনগণকে আশ্বস্ত করেছেন।

মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর কথা জানিয়েছেন। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সত্যসাধন চক্রবর্তী অশোক মিত্র কমিশনে প্রাথমিক ইংরাজি শিক্ষার কথা বলেছেন। এবং আমরা মনেকরি, রাজ্য সরকার গোটা বিষয়টা পুনর্বিবেচনা করতে সম্মত হয়েছেন। তাঁরা

নীতিগতভাবে এটা মেনে নিয়েছেন যে, প্রাথমিকে ইংরাজি চালু করা হবে। বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী বারবার বলেছেন এ-ব্যাপারে। তবে গোটা বিষয়টার সঙ্গে নানা বিষয় জড়িত। পাশ-ফেল প্রথা এলে পুনর্মূল্যায়নের ব্যবস্থা কতখানি কার্যকর হবে এসব নানা বিষয় সেখানে রয়েছে। তার জন্য এ বছর একটা কমিশন গঠন করে সেখানে পূর্ণাঙ্গ আলোচনা করে তারপর প্রাথমিক ইংরাজি প্রবর্তন করা হবে। এটা নীতিগতভাবে অস্বীকার করছি না। তা সত্ত্বেও ওরা জল ঘোলা করছেন। আমাদের পার্টির পক্ষ থেকে আমরা মনেকরি, এটা সঠিক সিদ্ধান্ত - কমিশন গঠন করাটা। তবে পশ্চিমবঙ্গের জনমত প্রাথমিক ইংরাজি প্রবর্তন করার পক্ষে, এ বিষয়ে সন্দেহ নেই। সেই নিরীখে প্রাথমিক ইংরাজি প্রবর্তন করা হবে — এটা নীতিগতভাবে সরকার স্বীকার করেছেন, যদিও আমাদের শিক্ষা সংগঠন ভিন্ন মত পোষণ করেন। এই বলে মন্ত্রীর বিবৃতিকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে দু'বার বলেছি এই বিষয়টা নিয়ে যে, প্রাথমিক স্তরে ইংরাজি কোন ক্লাস থেকে হবে, কোন শ্রেণী থেকে হবে সে সম্বন্ধে আমরা চিন্তা করছি। এবং আমি রাজ্যপালের বক্তৃতার উপর এখানে যে আলোচনা হয় সেখানেও বলেছিলাম 'কোন পদ্ধতিতে এটা করব সেটা আমরা ঠিক করব। সময় আছে। এ বছর এটা হবে না।' এটা আগেও বলেছি যে, এ বছর অসম্ভব, কারণ প্রথম, দ্বিতীয় বা তৃতীয়, যে ক্লাস থেকেই ইংরাজি পড়ান হোক না কেন, তার জন্য বই তৈরি করতে হবে ছোট ছোট ছেলেমেয়েদের জন্য। সেজন্য বলেছিলাম এ বছর অসম্ভব সেটা করা। একটা ঘোষণা করে দিলাম - বই পুস্তক নেই, মাস্টার নেই! সেক্ষেত্রে কিছুই তো করা যাবে না। আরও বলেছিলাম— এক টিচারের স্কুল আছে, সেটার ক্ষেত্রে ভাবতে হবে যে, সেটা থাকতে পারে কিনা। কাজেই এরসঙ্গে আনুসঙ্গিক ব্যাপারগুলো যা আছে সেসব ব্যাপার চিন্তা না করে আমরা কিছু করতে পারি না। বিরোধীরা চলে গেলেন। জোর করে একটা ব্যাপার চাপিয়ে দিলাম, তারপর ব্যবস্থা হ'ল না পড়াবার — এরকম দায়িত্ব জ্ঞানহীন সরকার আমাদের নয়। তাই আমরা, যারা সরকার পরিচালনা করছি, নিজেদের মধ্যে আলোচনা করেই এই সিদ্ধান্ত নিয়েছি। তবে এর পরের বছর থেকে যাতে হয় তার সমস্ত ব্যবস্থা আমাদের করে ফেলতে হবে। তারই জন্য ওয়ান ম্যান কমিশন করেছি এবং সময়সীমা বেঁধে দিয়েছি যে, দু'মাসের মধ্যে করে দিতে হবে। দু'মাস আমাদের এসেম্বলি থাকবে না। তারপর যখন আসব এই নিয়ে আলোচনা করবার সময় সবাই সেটা জেনে যাবেন। এতে অসুবিধা হবার কথা নয়। বিরোধী চেঁচালেন, বললেন যে, আমরা নাকি বলেছিলাম কোন ক্লাস চালু হবে। একবারও বলিনি। বলেছিলাম নামিয়ে আনতে হবে। প্রথম ক্লাস থেকে শুরু হোক — একটা মত, আবার তৃতীয় ক্লাস থেকে শুরু হোক — আর একটি মত। ভারতের অন্যান্য রাজ্যে কি আছে সেটা আমরা

দেখছি। তারপর রয়েছে জনগণের মতামত এবং আমাদের অভিজ্ঞতা। সেই অভিজ্ঞতা বলেই পরবর্তীকালে পঞ্চম শ্রেণী থেকে করেছি। তবে এটা আবারও পরিবর্তন করতে হবে এ বিষয়ে সন্দেহ নেই। কিন্তু কিছু রাজনৈতিক দল যা খুশি দাবি করবে সেটা হতে পারে না। সেজন্য অসুবিধা হবার কথা নয়। এ বছর থেকে এটা হবে না। এ বছর হলে অসুবিধা হ'ত। এ বছর এটা করা অসম্ভব; পরের বছর থেকে করব। কমিশন হয়েছে, সেখানে সবাই বলতে পারবেন, মতামত দিতে পারবেন। আমরা যারা বামপন্থী, যারা সরকার পরিচালনা করছি এবং বিরোধী দল — সবাই সেখানে বলতে পারব। তারপর সিদ্ধান্তে পৌঁছে যাব। এবং মনে হয়, পশ্চিমবঙ্গের মানুষ নিশ্চয়ই এটা মেনে নেবেন। এর বেশি আলোচনার প্রয়োজন আছে বলে মনে করি না।

[12-50 — 1-00 p.m.]

## Motion for extension of time for presentation of the Second Report of the Committee of Privileges, 1997-98

**Shri Anil Mukherjee :** Sir, I beg to move that the time for presentation of the Second Report of the Committee of Privileges, 1997-98, on the question of breach of privilege against 'BARTAMAN', as referred to it for investigation and report, be extended till the end of the next session of the House.

The motion was then put and agreed to.

## Presentation of the 18th Report of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1997-98

**Shri Rampada Samanta :** With your kind permission, I beg to present the 18th Report of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing). Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1997-98.

**শ্রী নীরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেসের প্রত্যক্ষ মদতে প্রত্যক্ষ সহযোগিতায় বি.জে.পি হাবড়ায় পৌরসভা বোর্ড গঠন করেছে। তারা প্রথম থেকে অনিয়ম করছে। হিসাবের কোনও বালাই নেই। রোলারের জন্য টাকা পশ্চিমবঙ্গ সরকার দিয়েছে, সেই টাকা তারা অন্যত্র

খরচ করেছে। যে সব কাজ হচ্ছে, রাস্তার কাজ, ইলেক্ট্রিকের কাজ এবং বিভিন্ন কাজ, টেন্ডার ছাড়াই কাজ হচ্ছে, টেন্ডার ছাড়াই জিনিস কেনা হচ্ছে। এই ধরনের তারা অনিয়ম করে চলেছে। সম্প্রতিকালে এন.আর.ই.পি.-তে যে ব্যবস্থাটা আছে সেই ব্যবস্থায় নেহেরু রোজগার যোজনা যে প্রকল্প আছে সেই প্রকল্পে একটা ট্রেনিং দেওয়ার ব্যবস্থা আছে। সেই ট্রেনিং-এ যারা ট্রেনার তারা পান দেড় হাজার টাকা আর যারা ট্রেনি তারা পাবে ৩০০ টাকা করে, এখানে ৩ মাস ট্রেনিং দেওয়া হয়। তারপর তারা স্বনিযুক্তিতে চলে যায়। এই ক্ষেত্রে তাদের যে সার্টিফিকেট দেওয়া হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখলে বুঝতে পারবেন - তাতে ওদের যে নির্বাচনি প্রতীক চিহ্ন সেই নির্বাচনি প্রতীক চিহ্ন দেওয়া একটি কাগজে সার্টিফিকেট দিচ্ছে। এটা নিয়ে স্যার ভীষণ বিক্ষোভ হচ্ছে। আমার কথা হচ্ছে সরকার স্বনির্ভর প্রকল্পে টাকা দিচ্ছে সেই টাকা দিয়ে মিউনিসিপ্যালিটি যে সার্টিফিকেট দেবে তাতে বি.জে.পি নির্বাচনি প্রতীক থাকবে কেন? আমি এর বিরোধিতা করছি। মিউনিসিপ্যালিটির সমস্ত হিসাব যাতে দেখা হয় এই মিউনিসিপ্যালিটির সমস্ত পরীক্ষা করার যাতে ব্যবস্থা করা হয়, যারা অন্যায় কাজ করছে, যাদের শাস্তি পাওয়া উচিত তারা যাতে শাস্তি পায় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী দিবাকান্ত রাউত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি ক্ষেত্র বলাগড়ের সোমড়াবাজারে পি.পি.এল নামে একটা কাগজের কারখানা আছে। এই কারখানায় স্থায়ী অস্থায়ী মিলিয়ে ২০০ শ্রমিক কাজ করে। ১লা ফেব্রুয়ারি থেকে এই কারখানাটি ওয়ার্ক সাপপেনশনের নামে বন্ধ করে দেওয়া হয়েছে। গত ২ মাস হয়ে গেল, এই চালু কারখানাটি খুলছে না। সেই কারণে কারখানার শ্রমিকরা কারখানা খোলার দাবিতে কারখানার গেটের সামনে অবস্থান শুরু করেছে। ওখানে মালিক শ্রমিকদের কাছ থেকে যে টাকাগুলো প্রভিডেন্ট ফান্ডের জন্য কাটছিল, সেগুলো ফান্ডে জমা দিচ্ছে না। এইজন্য শ্রমিকরা অনাহারে এবং অর্দ্ধাহারে দিন কাটাচ্ছেন। সেজন্য আমি মাননীয় মন্ত্রীদের নিকট দাবি জানাচ্ছি যাতে অবিলম্বে এই কারখানাটি খোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন। ধন্যবাদ।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** (অনুপস্থিত ছিলেন)।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বাগজোলা খালের বর্তমান যে দুরবস্থা তার কারণ নিরসনের জন্য আবেদন জানাচ্ছি। তার কারণ হচ্ছে, এখন যে ভাবে বৃষ্টি হচ্ছে, তাতে এখনই

সব ভরে গেছে। এবারে বর্ষায় কি অবস্থা হবে জানিনা। বাগজোলা খালের পাশে ১০-১৫ লক্ষ লোক যাঁরা বসবাস করেন, তাদের কথা বিবেচনা করে আমি বলছি যে বাগজোলা খালের পাশে যে তিনটি রেল লাইন আছে, এরজন্য একটা মাস্টার প্ল্যান দরকার। কারণ সেঞ্চুরি ওল্ড যে প্ল্যান আছে, সেখানে যে রেলের কালভার্ট আছে, সেখানে রেলব্রিজ দরকার আছে। রানাঘাট ৩৫নং যে রেলের কালভার্ট আছে, সেখানে অবিলম্বে একটি রেল ব্রিজ করা দরকার। তা নাহলে আগামি মরশুমে দুরবস্থা সৃষ্টি হবে। দমদম বেলঘরিয়ার মধ্যে মাঝখানে রেল লাইন আছে - রানাঘাট মেইন লাইনে একটি স্টেশন করার জন্য (ন'পাড়া স্টেশন) মানুষের মধ্যে ক্ষোভ বিক্ষোভ জেগে উঠেছে। এইসব দাবিতে রেল লাইন অবরোধ হচ্ছে। সেখানে অবিলম্বে একটি রেল স্টেশন করার জন্য দাবি জানাচ্ছি। আমরা আগে রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেছিলাম। তারা বলছেন যে টেকনিক্যালি তাদের অসুবিধা আছে। এরজন আমরা সার্ভে করেছি এবং একটি ব্লু প্রিন্ট তৈরি করেছি। সেটি আমি আপনার কাছে জমা দেব। এই দুটি বিষয়ে অবিলম্বে রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে, অবিলম্বে যাতে তারা এগুলি করেন তার ব্যবস্থা করে এই দুরবস্থা থেকে আমাদের মুক্তি দেবার ব্যবস্থা করুন।

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, গত ১২ই মার্চ হাওড়া জেলায় ভয়াবহ ও প্রবল শিলাবৃষ্টির ফলে হাওড়া জেলার তিনটি গ্রাম ভাটোয়া, ঘোড়াবেড়িয়া, চিৎনান এবং কাশমোলি এলাকায় যে ভয়াবহ প্রাকৃতিক ক্ষতি সংঘটিত হয়েছে, সে সম্পর্কে আমি মাননীয় ত্রাণমন্ত্রী, মাননীয় কৃষিমন্ত্রী এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই মার্চ যে প্রবল শিলাবৃষ্টি হয়েছে, তাতে কয়েক হাজার বিঘা জমির ধান সেখানে পুরোপুরি ভাবে নষ্ট হয়ে গেছে। শুধু তাই নয়, সেখানে যে ঘরবাড়ি ধ্বংস হয়েছে তার পরিমাণ কয়েক সহস্র এবং ১১টির মত স্কুলবাড়ি পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। বিষয়টি খুবই গুরুত্ব পাওয়া দরকার। কারণ রূপনারায়ণ, হুড়হুড়া, গরুমারা খাল মুন্ডেশ্বরি ব্রাঞ্চ পর্যন্ত যে পরিবেশ এবং ঐ এলাকার মানুষ দুর্গম এলাকায় যেভাবে বসবাস করেন, সাধারণ ভাবে যে প্রাকৃতিক ঘটে গেছে, তাতে মানুষ খুবই অসহায় হয়ে পড়েছেন। যদিও জেলা প্রশাসন থেকে পুনরুদ্ধারের চেষ্টা চলছে, কিন্তু ভয়াবহ বিপর্যয়ের ফলে যে প্রচুর সম্পত্তি নষ্ট হয়েছে, যেভাবে স্কুলবাড়ি পুনর্গঠন করা দরকার, তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সমস্তরকম সহযোগিতা নিয়ে যাতে দ্রুত পুনর্গঠিত হতে পারে, সেজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** (অনুপস্থিত ছিলেন)।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** (অনুপস্থিত ছিলেন)।

**শ্রী কিরিটি বাগদি ঃ** (অনুপস্থিত ছিলেন)।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার তথা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি কারণ বহু দিনের আকাঙ্খিত দীঘা-তমলুক রেলপথ এখনও অবধি বাস্তবায়িত না হবার ফলে যে বিধ্বংসী টর্নেডো বয়ে গেছে তারমধ্যে বহু জায়গা বিলীন হয়ে গেছে। এরফলে ওখানে কাঠমুন্ডি, ডেমোরিয়া, কোজাবার, পাইকপাড়া, বালিপুকুরিয়া, মান্দারপুর, উত্তর তেঁতুলতলা, চটা পদ্মপুর, মহম্মদপুর, মৈথনা পাইকবা - এই সমস্ত এলাকার মানুষ তেঁতুল গাছের উপরে দাঁড়িয়েও রক্ষা পায়নি। এলাকার পর এলাকাকে পুরো বিধ্বস্ত হয়ে গেছে। কয়েক কোটি টাকার ফসল নষ্ট হয়ে গেছে। মানুষ যার উপরে নির্ভর করে, সেই খাদ্যের আজকে অভাব। সেই কারণে আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওখানে ত্রাণ পৌঁছায়। গতকালও যে কাল বৈশাখি ঝড় উঠেছিল তাতেও শত শত মানুষ আকাশের নিচে, খোলা মাথায় আচ্ছাদনহীনভাবে বসে আছেন। দীঘি-পুকুরের জলে অবিলম্বে ওষুধ দেওয়ার দরকার। ব্লিচিং পাউডার প্রভৃতি দেওয়ার দরকার। বিভিন্ন মিডিয়া বলুন, ক্যামেরা বলুন ওই সমস্ত জায়গায় পৌঁছতে পারেনি। যারফলে ওই এলাকার মানুষে বলাবলি করছে যে, এতোবড় একটা ঘটনা ঘটে গেল কিন্তু কেউ জানতে পারল না, কোনও ত্রাণ সামগ্রি সেরকম পৌছায়নি, কোনও দিক থেকেই কোনও খবর নেই। আজকে যদি দীঘা-তমলুক রেলপথ থাকত তাহলে মিডিয়াগুলো পৌঁছে যেত, ত্রাণ সামগ্রি পৌঁছে যেত। আজকে রামনগর থেকে মেচেদায় ট্রেন ধরার জন্য কাতারে কাতারে মানুষ ছুটে আসছে। বাসগুলো ফাঁকা আসা-যাওয়া করছে। রামনগরের ১০টি এলাকার মধ্যে ৭টি এলাকা একবারে নিশ্চিৎ হয়ে গেছে। যাতে দ্রুত ত্রাণ সামগ্রি পৌঁছে যায় সেই দিকে নজর দিতে হবে এবং যারা আজকে আকাশের নিচে বেঁচে আছে তাদের পাশে দাঁড়াতে হবে। বাংলার ৪৯ এর বিধ্বংসী ঝড়ের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, সেই সময়ে ৩টি প্রাণকে রক্ষা করা গেছে। সেখানে যে এবারে গবাদি পশু নষ্ট হয়ে গেছে তাদের অন্ততপক্ষে ক্ষতিপূরণ দিতে হবে। প্রশাসনিক মিডিয়াগুলোকে পাঠানো হোক যাতে দ্রুত ত্রাণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী মন্মথ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে যে ঝড় এবং বিপুল বর্ষণ হল তারফলে বনগাঁ, বাগদা, গাইঘাটা, হাবড়া ১নং ব্লক, বাদুরিয়া, স্বরূপনগরের বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে গেছে। তার প্রধান কারণ হচ্ছে ইচ্ছামতী নদী এবং যমুনা নদী মজে গেছে। তারফলে আজকে নদীর নাব্যতা কমে গেছে এবং এলাকাগুলো

জলমগ্ন হয়ে পড়েছে। নদীর পাড়, নদীর সঙ্গে যুক্ত অসংখ্য যে সমস্ত বিল-নালা রয়েছে সেগুলোও মজে গেছে। তীরের যে সমস্ত হাজার হাজার একর জমি ছিল সেগুলোর ফসল নষ্ট হয়ে গেছে। যে সমস্ত কৃষক কোনওমতে ফসল তৈরি করেছে তারা আজকে সর্বশান্ত হয়ে গেছে। এগুলোর অবিলম্বে সংস্কার করা হোক। না হলে আসন্ন বর্ষাতে এখানকার অবস্থা আরও ভয়াবহ আকার ধারণ করবে। সুতরাং নদীগুলোর সংস্কার করা হোক এবং যে সমস্ত মানুষের ক্ষয়-ক্ষতি হয়েছে তাদের পর্যাপ্ত সাহায্য দেওয়া হোক এই দাবি আমি আপনার বিভাগীয় মন্ত্রীর কাছে পেশ করছি।

**শ্রী অশোক দেব ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী জটু লাহিড়ি ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতার ৫০ বছর পরেও মেদিনীপুর জেলার পঞ্চাশ ভাগ বিদ্যুতায়ন হয়নি। তবে সুখের কথা, মাননীয় বিদ্যুৎমন্ত্রী ২৮ তারিখে মেদিনীপুর জেলায় ধর্ম্মায় ১৩২।৩৩ কে.ভি. সাব-স্টেশন উদ্বোধন করেছেন। তমলুকে ১৩২।৩৩, ১১ কে.ভি. সাব-স্টেশন অবিলম্বে স্থাপনের জন্য অনুরোধ জানাচ্ছি। '৯১ সালে এই বিষয়ে ৭ একর জায়গা অধিগ্রহণ করে মাটি ভরাটের কাজটুকু হয়েছে মাত্র, এতে বেশ কয়েক লক্ষ টাকা খরচ হয়েছে। ৩০ বছর আগেকার কোলাঘাট তমলুক ৩৩ কে.ভি. লাইন খুব খারাপ অবস্থায় এসেছে, এরফলে তমলুক বিদ্যুৎ এর দিক দিয়ে বিপর্যস্ত। এখানে ১৩২। ৩৩ কে.ভি. সাব-স্টেশন হলে বিদ্যুতের দিক দিয়ে এই এলাকার মানুষের অশেষ উপকার হবে। শুধু তমলুক নয়, এর ফলে ময়না, মহিষাদল, রেপাড়া, চন্ডিপুর, দমলের উপকার হবে। তমলুকের ব্রেক ডাউন নীল হবে। ভোল্টেজ ইমপ্রুভ করবে তাতে রেভিনিউ বাড়বে। অনতিবিলম্বে তমলুক ডিস্ট্রিক্ট টাউন হবে, তার জন্যও এই ১৩২।৩৩, ১১ কে.ভি. সাব-স্টেশন একান্ত প্রয়োজন। তাই এই কাজটি যাতে ত্বরান্বিত হয় মাননীয় মন্ত্রী মহাশয়, সেটি আপনি দেখবেন।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের পৌরমন্ত্রী ও পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংগ্রেস পরিচালিত কোন্নগর পৌরসভা, কোন্নগর পৌরবোর্ড সম্পূর্ণ প্রমোটারের হাতে বিক্রি হয়ে গেছে। কোন্নগর অরবিন্দ রোড এর সেই রাস্তার উপরে মনিবাটি বলে একটি প্রাচীন বাগানবাড়ি ছিল, সেই বাগানবাড়ি ৮৬ কাঠা জায়গায়। যার দাগ নম্বর ২৬৬২, খতিয়ান নম্বর ১৫৬। সেই ৮৬ কাঠা জমির মধ্যে ১৪ কাঠা পুকুর, সেই জমির মালিকরা সেখানে ফ্ল্যাট তৈরি করবার জন্য সেখানে পৌরসভার কাছে আবেদন করে এবং পৌরসভা সেখানে

বেআইনিভাবে ১৪ কাঠা পুকুর বোজানোর অনুমতি দিয়েছে এবং সেই পুকুর তারা বুজিয়ে দিয়েছে। বিরোধী বামফ্রন্ট কাউন্সিলাররা তারা এই ব্যাপারে প্রতিবাদ করেছে, সেখান থেকে জেলা শাসক এবং এস.ডি.ও.কে জানিয়েছে। আমাদের রাজ্যের যেখানে আইন পরিবেশ রক্ষার জন্য জলাশয়কে রক্ষা করতে হবে, আজকে সেই আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে কংগ্রেস পরিচালিত পৌর বোর্ড সেই জলাশয়কে বুজিয়ে দিয়েছে। এতে এলাকার মানুষ ক্ষুব্ধ। তাই আমি বিষয়টি পৌরমন্ত্রী ও পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কোন্নগর পৌর বোর্ড এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলায় উলুবেড়িয়ার জেটি ঘাট থেকে কালিনগর পর্যন্ত ১ কি.মি. ভাগিরথীর নদী বাঁধ যে কোনও সময়ে ভেঙে যেতে পারে। অতীতে বাঁধ ভাঙার সময়ে হাজার হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছিলেন, ব্যবসায়িরা বাস্তুচ্যুত হয়েছিলেন, তার কিঞ্চিৎ আমরা ক্ষতিপূরণ করতে পেরেছিলাম উলুবেড়িয়া পৌরসভার মাধ্যমে। ওখানে বাঁধ ভাঙলে জগদীশপুর, কালিনগর, হাটকালিগঞ্জ, ফতেপুর, পারিজাত, বাহির গঙ্গারামপুর, এমন কি উলুবেড়িয়া শহর পর্যন্ত ক্ষতিগ্রস্ত হতে পারে। এতে গ্রাম শুধু ডুববে না, উলুবেড়িয়া শহরও প্লাবিত হবে। সেচমন্ত্রীকে বারবার বলেছি, মন্ত্রীকে জানিয়েছি, কিন্তু ঐ এলাকায় স্থায়ী কিছু ব্যবস্থা হচ্ছে না। প্রাকৃতিক দুর্যোগ, বন্যা, ঘূর্ণিঝড়ের জন্য দাঁতন, বালেশ্বর, জলেশ্বরের ক্ষতি হয়েছে।

প্রাকৃতিক দুর্যোগের জন্য তাদের ঘরবাড়ি চলে গেছে। বন্যাক্লিষ্ট মানুষের যে কি অবস্থা হয় সেটা না দেখলে বিশ্বাস করা যায়না। আমরা তাদের কিছু রিলিফ দিতে পারি, কিন্তু কোনও স্থায়ী ব্যবস্থা আমরা করতে পারিনি। মাননীয় সেচমন্ত্রীর কাছে অনুরোধ উলুবেড়িয়ার মানুষের উপকারের জন্য উলুবেড়িয়ার জেটিঘাট থেকে কালিনগর এবং ভাগিরথীর বাঁধ পর্যন্ত মেরামতির ব্যবস্থা করা হোক।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী তথা বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলা ভাঙন কবলিত জেলা এবং ভাঙন আমাদের প্রতিনিয়ত সমস্যা। সেখানে প্রতিদিন ঘনবাড়ি ভাঙছে এবং মানুষকে অন্যত্র সরতে হচ্ছে। এই মুহূর্তে আমাদের দুটি ব্লক একটা হচ্ছে জলঙ্গি এবং রানীনগর সেখানকার মানুষ বিপদের সামনে দাঁড়িয়ে আছে। জলঙ্গির বিশ্বাসপাড়া রোড, যেটা করিমপুর থেকে কলকাতায় যাতায়াতের একমাত্র রাস্তা সেটা যেকোনও মুহূর্তে ভেঙে যেতে পারে আর রানীনগর এলাকাটি নদীর সামনে দাঁড়িয়ে আছে সেটা যেকোনও মুহূর্তে নদীগর্ভে চলে যেতে পারে। অবিলম্বে জলঙ্গির বিশ্বাস পাড়া, সরকার পাড়া, বামনবাঁধ থেকে রাজনগর পর্যন্ত মেরামতি করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন

প্যাচ ওয়ার্ক কাজের কথা বলা হয়েছে; কিন্তু কাজ কবে, কোথায় শুরু হবে তা নির্দিষ্ট করে বলেননি। বিশ্বাসপাড়ার সামনে যে পি.ডব্লু.ডি. রোড, যেখানে গত ১৩ই জানুয়ারি বাস দুর্ঘটনা ঘটেছিল এবং ৬৪ জন তাজা প্রাণ হারিয়েছিল, সেখানে রাস্তার কাজটা যেভাবে দেখা দরকার ছিল পি.ডব্লু.ডি রোর্ডস সেইভাবে কাজ করছে না। অবিলম্বে যদি সেই রাস্তাটিকে রক্ষা করার ব্যবস্থা না করা হয় তাহলে আমরা নদীয়া এবং কলকাতার সঙ্গে যোগাযোগ রক্ষা করতে পারব না।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জলসম্পদ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জামালপুরের কারালায় বি.এন ২৩২, দীর্ঘ চার বছর ধরে সেগুলো অকেজো অবস্থায় পড়ে আছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেও কোনও সাড়া পাওয়া যাচ্ছে না। এই অগভীর নলকূপটি থেকে ৭৫ একর জমি চাষ হয় এবং ৬০টি কৃষক পরিবার উপকৃত হয়। তাই মাননীয় জলসম্পদ মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যাতে দ্রুত মেরামতি করে সেচের ব্যবস্থা করা যায়।

**শ্রী দিলীপ দাস ঃ** (নট কল্ড)

**শ্রীমতী রুবী নূর ঃ** (নট কল্ড)

**শ্রী খাঁড়া সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট হইতে গঙ্গারামপুর, ভায়া তপন এই বিয়াল্লিশ কিলোমিটার রাস্তা, যেখান দিয়ে দু-তিনটি থানার লোক যাতায়াত করে এবং একটি গুরুত্বপূর্ণ রাস্তা, সেই রাস্তা চওড়া করার জন্য আমরা অনেক আবেদন করেছি, কিন্তু সেটা চওড়া হয়নি। মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যাত্রি সাধারণের সুবিধার জন্য রাস্তাটিকে অবিলম্বে চওড়া করে যাতায়াতের সুযোগ করে দেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর কাছে পিংলা থানার একটি দাবি উপস্থাপিত করতে চাই। এই মেদিনীপুর জেলায় পিংলা থানায় পাঁশথুবি খালের উপর মালিকগ্রাম এবং দর্ভশিলার মধ্যে যোগাযোগ কারি একটি পুল রয়েছে। প্রায় একশো বছর ধরে এই পুলের ব্যবস্থা রয়েছে কিন্তু এই পুলটি এক দুই বছর ছাড়াই ভেঙে যায় এবং সারাতে বহু সরকারি অর্থ ব্যয় হয়। এই পুল ভেঙে যাওয়ার ফলে উভয় অঞ্চলের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায় বিশেষ করে স্কুল কলেজের ছাত্রছাত্রিরা ঠিকমতো যেতে পারে না। তাছাড়া মালিকগ্রাম বাস স্ট্যান্ডে ৭ নম্বর অঞ্চলের মানুষরা সহজে আসতে পারে না। এই ভাবে মানুষকে অসুবিধার হাত থেকে রক্ষা করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে পাকা পুলের দাবি করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর আগে প্রশ্নের জবাবে, মাননীয় পূর্তমন্ত্রী জানিয়েছিলেন যে বালি ব্রিজের কাজ ৯৮ সালের সেপ্টেম্বর মাসে শেষ হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় মাঝখানে এই কাজ একেবারে বন্ধ ছিল এবং বারবার আমাদের দাবির ফলে আবার এই কাজ আরম্ভ হয়েছে। সুতরাং ১৯৯৮ সালের সেপ্টেম্বর মাসে এই কাজ শেষ করা কখনোই সম্ভব নয়। এই রাস্তা দিয়ে দীর্ঘদিন ধরে কোনও গাড়ি চলাচল হচ্ছিল না। আমাদের দাবিতে পরিবহনমন্ত্রী ওখান দিয়ে সারফেস বাস চালু করেছিলেন কিন্তু তা ওখানকার যাত্রিদের তুলনায় প্রচন্ড অপর্যাপ্ত। ৭ই এপ্রিল উচ্চ-মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হচ্ছে। প্রচুর পরীক্ষার্থি আছেন যাদের অন্য পাড়ে এসে পরীক্ষা দিতে হবে এবং ওখান দিয়ে প্রতিদিন লরি চলাচল করছে, অথচ বাস চলাচল করছে না। এটা এলাকার মানুষের ক্ষোভের কারণ হচ্ছে এবং আমি মনেকরি দ্বিতীয় হুগলি সেতু দিয়ে বাস চলাচল করা যেতে পারে। তাই আমার দাবি ৭ই এপ্রিলের আগে ওই অঞ্চলের রুট দিয়ে ৫৩, ৫১ এবং ৩ নম্বর বাস চালু করা হোক এবং লরি চলাচল সম্পূর্ণভাবে বন্ধ করা হোক।

[1-20 — 2-10 p.m.](including adjournment)

## ZERO HOUR

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাবড়া থানা এবং তার আশেপাশে ২৩, ২৪ এবং ২৫শে — এই তিনদিন অবিশ্রান্ত বর্ষা এবং শিলাবৃষ্টির ফলে ব্যাপক ক্ষয় ক্ষতি হয়েছে বিশেষ করে হাবড়ার অংশে হাজার বিঘা জমি জলের তলায় রয়েছে। ধান নষ্ট হয়ে গেছে। ধান এর উপর দিয়ে ঢেউ খেলে যাচ্ছে, সবজি নষ্ট হয়ে গেছে। বহু কাঁচা বাড়ি ভেঙে গেছে। যমুনা নদী এবং বিদ্যাধরি নদীর জলটা সুবর্ণরেখা নদীর পাশ দিয়ে বেরোতে পারছে না। এই নদী অবিলম্বে সংস্কার করা হোক।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** (অনুপস্থিত)

**শ্রী অশোককুমার দেব ঃ** (অনুপস্থিত)

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** (অনুপস্থিত)

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** (অনুপস্থিত)

**শ্রী নির্মল ঘোষ ঃ** (অনুপস্থিত)

**শ্রী শোভনদেব চ্যাটার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী জটু লাহিড়ি ঃ** (অনুপস্থিত)

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী এখানে আছেন। আমাদের জেলায় চরম বিদ্যুৎ সঙ্কট চলছে এবং তার উপর ভোল্টেজ নেই। এইরকম চরম সঙ্কট। একদিকে বোরো চাষ, মার খাচ্ছে মাধ্যমিক পরীক্ষা হয়ে গেছে, উচ্চ-মাধ্যমিক পরীক্ষা আসছে, সবদিক থেকে জেলাতে এমন অবস্থা চলছে যে যেকোনও মুহূর্তে আইন-শৃঙ্খলা ভেঙে পড়তে পারে। বিদ্যুৎমন্ত্রী তো আছেন। উনি যদি অন্ততপক্ষে বলেন যে কি ব্যবস্থা গ্রহণ করা হবে। আজকে সাব-স্টেশনগুলো খারাপ হচ্ছে। সমস্ত বিদ্যুৎ ব্যবস্থা ভেঙে পড়েছে।

**শ্রী রামপদ সামন্ত ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের জলসম্পদ উন্নয়ন বিভাগের মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পিংলা ৮ নম্বর এলাকায় দীর্ঘদিন যাবত বিশেষ করে বর্ষাকালে শত বছরের ঐতিহ্য—জলবন্দি হয়ে থাকে ভৌগলিক কারণে। ধান নষ্ট হয়ে যায়, পুকুর ভেসে যায়, রাস্তাঘাট নষ্ট হয়ে যায়। সেজন্য চন্ডিয়া নদী বারবার সংস্কারের দাবি আমি করছি। এই প্রসঙ্গে বলি চন্ডিয়া নদী সংস্কার হলেও পিংলা ছাড়া আরও কয়েকটা অঞ্চলে ৮ নম্বর, ৯ নম্বর, ৭ নম্বর, ৬ নম্বর এবং ৫ নম্বর অংশে দীর্ঘদিন ধরে জল বন্দি থাকে। এইগুলো বন্ধ করার জন্য পিংলা ৮ নম্বর ছাড়া পিঁদড়োই অঞ্চলে দুটো ওয়াটার লিফ্ট রিভার পাম্প যাতে বসানো যায় তাহলে উপরের জলটা কিছুটা বন্ধ করা যাবে বলে আমি মনে করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের উচ্চ-শিক্ষামন্ত্রীর কাছেও দৃষ্টি আকর্ষণ করছি। বিধানচন্দ্র কৃষি বিশ্ব বিদ্যালয়ে ছাত্র সংসদের নির্বাচনকে ঘিরে একটি প্রতিক্রিয়াশীল ইউ.এস.এফ এবং ছাত্রপরিষদ ওখানে একটা অরাজকতা করছে। এরা দীর্ঘদিন ধরে ছাত্র সংসদ দখল করে রেখেছে। ২৩শে মার্চ নমিনেশন স্ক্রুটিনী হয়। দেখা গেছে নমিনেশন পেপারে বহু ভূল আছে। নামের বানান ভূল আছে, ক্লাস মেনশন ঠিক নেই। সমস্ত ভুল। এস.এফ.আই এর পক্ষ থেকে প্রতিবাদ করা হয়েছিল। তা সত্ত্বেও ওরা ওখানকার আভাস কুমা সিন্হা এবং উজ্জ্বলকে আক্রমণ করেছে। **(এই সময়ে তিনি একটা রক্তাক্ত জ্যাকেট দেখাতে থাকেন)**। স্যার, সমস্ত জায়গায় এস.এফ.আই জিতছে। ছাত্র পরিষদ এবং সমস্ত প্রতিক্রিয়াশীল

ছাত্র সংগঠন মিলে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে অরাজকতা করবার জন্য চক্রান্ত চালায়। উচ্চশিক্ষা মন্ত্রীও জানেন। সারা রাজ্যে এস.এফ.আই জিতছে। যাদবপুর নকশালদের হাত থেকে ছাত্র সংসদ ছিনিয়ে নিয়েছে। তার জন্য তারা ক্ষেপে গিয়ে এইরকম অরাজকতা করবার চেষ্টা করছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের যোগাযোগ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শহিদ মাতঙ্গিনী হাজরার কথা আমরা সবাই জানি সেই বীরাঙ্গনা মাতঙ্গিনী হাজরা ১৯৩০ সাল থেকে আরম্ভ করে লবন আন্দোলন থেকে আরম্ভ করে ১৯৪২ সালের আন্দোলনেও অংশ গ্রহণ করেছিলেন এবং জীবন দিয়েছিলেন দেশ স্বাধীনতার জন্য। সেইজন্য আমি কেন্দ্রীয় সরকারের মাননীয় যোগাযোগ মন্ত্রীর নিকট আবেদন জানাচ্ছি দেশ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তি বর্ষে মাতঙ্গিনী হাজরার ছবিসহ ডাক টিকিট প্রকাশের জন্য।

## LEGISLATION

### The West Bengal Appropriation Bill, 1998

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1998.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1998 be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India no moneys out of the consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

The West Bengal Appropriation (No.2) Act, 1997, authorised the payment and appropriation of certain sums from and out of this Consolidated Fund of the State of West Bengal towards defraying the several charges which came and will come in course of payment during the financial year 1997-98.

During the present session, the Assembly voted certain further grants

for the purposes of the year 1997-98 under the provisions of Article 203 read with Article 205 of the Constitution of India. The present bill is accordingly being introduced under the provisions of Article 204 read with Article 205 of the Constitution to provide for the Appropriation out of the Consolidated Fund of West Bengal of all the moneys required to meet the further grants which have been so voted by the Assembly and also to meet further expenditure charged on the Consolidated fund of the State in accordance with the provisions of the Constitution.

Constitution provides that no amendment shall be proposed to this Bill, having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State.

The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these words, I commend my motion for acceptance by the House.

**Shri Saugata Roy :** (Absent)

[2-10 — 2-20 p.m.]

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ৯২৫ কোটি ৮৩ লক্ষ ৩৭ হাজার ৪৬১ টাকার যে অ্যাপ্রপ্রিয়েশন বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। তিনি এই বিলের হেতু সম্বন্ধে এখানে ব্যাখ্যা করেছেন। কারণ এই টাকা খরচের অনুমতি চেয়ে উনি যে বিল নিয়ে এসেছেন তা আমি অত্যন্ত গুরুত্ব সহকারে দেখেছি। প্রত্যেকটি ডিমান্ড খুবই যুক্তি-যুক্ত। গ্রামোন্নয়ণের খরচার জন্য অনুমতি চাওয়া হয়েছে। বিশেষ করে ভূমি সংস্কার, গ্রামোন্নয়ণ ইত্যাদি খুবই জরুরি ব্যাপার। আমাদের পশ্চিমবঙ্গে এই ২১ বছরে উন্নয়ন বলতে আমরা বুঝি কর্ম-সংস্থান, ভূমি-সংস্কার। তার মানে গ্রামান্নয়ণ তার সঙ্গে আছে। ক্ষুদ্র সেচ এবং সেখানে কর্মসংস্থান বৃদ্ধি, প্রযুক্তি বৃদ্ধি ইত্যাদি ব্যাপারগুলো আছে। কংগ্রেস আমলে এই গ্রামান্নয়ণ বলতে কিছু ছিল না। ১৯৪৬ সালে গণপরিষদে গ্রামান্নয়নের কথা উল্লেখিত হয়নি। ১৯৪৮ সালে খসড়া সংবিধান নেহেরু উত্থাপিত করলেন, কিন্তু সেখানে পঞ্চায়েত বা গ্রামোন্নয়নের কথা বাদ দেওয়া

হল। গান্ধী বার বার বললেন যে, গ্রামের কথা, পঞ্চায়েতের কথা উল্লেখ করতে। কারণ এর মাধ্যমে ভারতের বিকাশ ঘটবে বলেছিলেন। ৭ লক্ষ গ্রাম আছে। স্বাধীনতার কষ্ঠি পাথরে এই ৭ লক্ষ গ্রামের উন্নয়ন না হলে ভারতের বিকাশ ঘটবে না। কিন্তু খসড়া সংবিধানে পঞ্চায়েত বা গ্রামের কথা উল্লেখিত হয়নি। তারপর অনেক আলোচনা হয়েছে, অনেক কমিটি হয়েছে, সুপারিশ হয়েছে, বিতর্ক হয়েছে—এর ভিতর দিয়ে পঞ্চায়েতের কথা এসেছে। কিন্তু কংগ্রেস আমলে পঞ্চায়েত ঠুঁটো জগন্নাথ ছিল। তখন পঞ্চায়েতের মাধ্যমে কোনও কাজ হত না বললেই চলে। তখন মানুষ ভাবতেই পারত না যে পঞ্চায়েতের কাছ থেকে কিছু পাওয়া যেতে পারে। পঞ্চায়েতের সঙ্গে মানুষের কোনও সম্পর্ক ছিল না। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর পঞ্চায়েতের সঙ্গে গ্রামের মানুষের যোগসূত্র স্থাপিত হয়েছে। মানুষ আজকে জানে গ্রামের উন্নয়ন মানেই পঞ্চায়েত। পঞ্চায়েতের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে এবং প্রকৃতপক্ষে পঞ্চায়েতের জন্য আজকে কৃষির উৎপাদন বেড়েছে। বিশেষ করে গ্রামীণ সম্পদ বিকাশের ক্ষেত্রে আমরা দেখছি যে উৎপাদনের হার বেড়েছে। পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচ বেড়েছে। এখানে ভূনিম্ন থেকে জল নিয়ে চাষের পরিমাণ বেড়েছে। চাষের জমির পরিমাণ বেড়েছে। কিন্তু কংগ্রেসের আমলে এই জিনিস ছিল না। এখন শিক্ষাক্ষেত্রে বাজেটের মোট ২৫ পারসেন্টের বেশি ব্যয় করা হয়েছে, সেখানে ১৯৭৬-৭৭ সালে শিক্ষাক্ষেত্রে জন্য বরাদ্দ ছিল ১১৪ কোটি টাকা। কিন্তু ১৯৯৬-৯৭ সালে শিক্ষাক্ষেত্রের জন্য খরচা করা হয়েছে ২ হাজার ২৬৫ কোটি ৮০ লক্ষ টাকা। এখন পশ্চিমবঙ্গে নতুন নতুন স্কুল খোলা হয়েছে, কলেজ স্থাপিত হয়েছে। এখন পশ্চিমবঙ্গে উচ্চ শিক্ষায় ছাত্রিরা বেশি করে ভর্তি হচ্ছে। ১৯৯১-৯২ সালে উচ্চ শিক্ষার ক্ষেত্রে সারা ভারতের মধ্যে পশ্চিমবঙ্গে ৩৩.৫ পারসেন্ট ছাত্রি আসত, সেখানে এই রাজ্যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে ছাত্রি আসত ৪০ পারসেন্ট। এখানে ভাষা নিয়ে প্রশ্ন উঠেছে। এস.ইউ.সি.আই. প্রথম থেকে ইংরাজি ইংরাজি করে আসছে। প্রাথমিক স্তরে ইংরাজি প্রবর্তন নিয়ে কথা উঠেছে। এস.ইউ.সি.আই. বলছে, কংগ্রেস বলছে এবং আমরাও বলছি। আমি ৩৫ বছর মাধ্যমিক স্কুলে শিক্ষকতা করেছি। আমার অভিজ্ঞতা হচ্ছে যখন ক্লাস ওয়ান থেকে ইংরাজি পড়ানো হ'ত, এ বি সি ডি বা অ্যালফাবিট শেখানো হ'ত এবং যে গতানুগতিক পদ্ধতিতে তা শেখানো হ'ত তাতে আমি লক্ষ্য করেছি ছেলে-মেয়েরা ইংরাজি ভাষা শিখতে চাইতনা—খুব অল্প কিছু ছেলে-মেয়ে ছাড়া। এখনো দশম শ্রেণী এবং দ্বাদশ শ্রেণীতে ইংরাজি বাধ্যতামূলক। তাহলে পুনরায় ইংরাজি প্রবর্তনের মানেটা কি? ইংরাজি তো এখনো আছে! কথাটা হচ্ছে ক্লাস ওয়ান থেকে, অর্থাৎ প্রাথমিক শিক্ষায় ইংরাজি প্রবর্তন। পৃথিবীর কোন দেশে প্রাথমিক স্তরে দুটো ভাষা শেখানো হয় বলে আমার ধারণা নেই। এমন কি ইংরাজের দেশেও প্রাথমিক স্তরে দুটো ভাষা শেখানো হয় না, সেখানেও একটা ভাষাই শেখানো হয়। স্বাধীনতার পর থেকে স্বাধীন ভারতবর্ষে

যতগুলো শিক্ষা কমিশন হয়েছে—'৪৮ সালের রাধাকৃষ্ণান কমিশন তথা বিশ্ববিদ্যালয় কমিশন, তাঁরা প্রাথমিক স্তর থেকে শিক্ষার জন্য কিছু সুপারিশ করেছিলেন। যোগাযোগ সংস্থাপনের কথাও রাধাকৃষ্ণান কমিশন সুন্দরভাবে ফুটিয়ে তুলেছিলেন। '৫২ সালের মুদালিয়ার কমিশন, মাধ্যমিক শিক্ষা কমিশন, '৬৪ থেকে '৬৬-র কোঠারি কমিশন বা জাতীয় শিক্ষা কমিশন প্রাথমিক স্তরে মাতৃভাষা ছাড়া অন্য কোনও ভাষায় শিক্ষাদানের বিরোধী ছিলেন। ইংরাজি ভাষা প্রবর্তনের বিরুদ্ধে তাঁরা মত দিয়ে গেছেন। তাঁরা দ্বিতীয় ভাষা বা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ সম্বন্ধে বলেছেন, সেকেন্ড ল্যাঙ্গুয়েজের প্রতি সেকেন্ড ল্যাঙ্গুয়েজের মতই আচরণ করতে হবে। অভিজ্ঞতায় দেখা গিয়েছে একটা ছেলে বা মেয়ে প্রাথমিক স্তরের প্রথম শ্রেণী থেকে ইংরাজি শিক্ষা গ্রহণ করার পর ১০ম শ্রেণীতে যখন গিয়ে পৌঁছচ্ছে তখন তার ইংরাজি জ্ঞান যে ছেলে বা মেয়ে ৫ম শ্রেণী থেকে ইংরাজি শিখে ১০-ম শ্রেণীতে গিয়ে পৌঁছচ্ছে তার চেয়ে বেশি নয়। উভয়ের ইংরাজি ভলিউম অব নলেজ একই। প্রথম শ্রেণী থেকে পড়ার জন্য বাড়েনা, পঞ্চম শ্রেণী থেকে পড়ার জন্য কমে না। যেসব অভিভাবকরা ৩ বছরের শিশুকে নার্সারি ক্লাসে ভর্তি করে ইংরাজি শেখাতে যান তাঁরা তাদের সর্বনাশ করেন। স্যার, আপনি খবর নিয়ে দেখবেন, গবেষণার ফলে জানা গেছে ৩/৪ বছর বয়স থেকে যারা নার্সারি স্কুলে পড়াশুনা শুরু করছে তারা কেউ বড় পন্ডিত হচ্ছেনা, বরঞ্চ তারা উঁচু ক্লাসে গিয়ে পিছিয়ে পড়ছে—যত ওপরে যাচ্ছে ততই পিছিয়ে পড়ছে। সুতরাং এই যে কথা বলা হচ্ছে, প্রাথমিক স্তরে ইংরাজি ভাষা শিক্ষার প্রবর্তন, এটা বিতর্কমূলক কথা, এবিষয়ে কোনও সন্দেহ নেই। আজই এখানে ঘোষিত হয়েছে, মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন—চিন্তা ভাবনা করে একজনের কমিশন গঠন করা হচ্ছে। এবিষয়ে ইতিপূর্বে মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন। সুতরাং তাড়াহুড়ো করে এখনই ক্লাস ওয়ান থেকে বা ক্লাস টু থেকে আবার অ্যালফাবিট শেখালেই শিক্ষা এগিয়ে যাবে, এটা ঠিক নয়। এটা হয় না। এবিষয়ে চিন্তা ভাবনা করার জন্য যে কমিশন গঠন করা হচ্ছে তা খুবই যুক্তি-যুক্ত, আমার এবিষয়ে কোনও সন্দেহ নেই। একটা কথা এই প্রসঙ্গে বলে রাখা ভাল, আমার নিজের অভিজ্ঞতা—অনেকেরই নিশ্চয়ই এবিষয়ে অভিজ্ঞতা আছে — শিক্ষা খাতে আমরা যত টাকা ব্যয় করছি ততটা ঠিকমতো রিটার্ন পাচ্ছিনা। কি স্কুলের ক্ষেত্রে, কি কলেজের ক্ষেত্রে, কোনও ক্ষেত্রেই সঠিক রিটার্ন পাচ্ছিনা এবং আজকে সময় এসেছে, এটা আর রেখে-ঢেকে লাভ নেই। আজকে স্কুল কলেজ থেকে শুরু করে সর্বত্র রাজ্য সরকার শিক্ষার জন্য যে অর্থ ব্যয় করছে তার উপযুক্ত রিটার্ন পাওয়া যাচ্ছেনা। শুধু মাত্র শিক্ষকদের বা কোনও এক পক্ষকে আমি দোষ দিচ্ছিনা; কিন্তু রিটার্ন আমরা ঠিকমতো পাচ্ছিনা। আমি একটা কলেজের পরিচালন সমিতির সঙ্গে অনেককাল থেকে যুক্ত আছি, আমি লক্ষ্য করছি পঠন-পাঠন যেভাবে হওয়া উচিত সেভাবে হয়না—পঠন-পাঠনে উৎসাহ অনেক কমে গেছে। বাড়ার কথা,

কিন্তু কমে গেছে। অবশ্য আমি সব জায়গার কথা বলতে পারব না। কিন্তু খবর নিয়ে দেখেছি, বেশিরভাগই হচ্ছে। আমার কাছে বিভিন্ন ডিমান্ডের উপর স্ট্যাটিসটিক্স আছে। আমি রাস্তা নিয়ে কয়েকটি কথা বলতে চাই। রাস্তার জন্য যে টাকা বাড়ানো হচ্ছে তা যুক্তিযুক্ত। এরজন্য যে অতিরিক্ত ব্যয় সেটা নিশ্চয়ই অনুমোদন করতে হবে। কিন্তু আমার অভিজ্ঞতা হচ্ছে, রাস্তার জন্য যে মেটিরিয়ালস কেনা হচ্ছে তা মাসের পর মাস রাস্তার দুইধারে পড়ে থাকে। দিন কতক পরে দেখা যাবে সেইসব মেটিরিয়ালস চুরি হয়ে গেছে। এগুলি সাধারণ মানুষ নিচ্ছে, না অন্য কেউ নিচ্ছে তা জানা যায় না। এক্ষেত্রে সুপারভিশনের অভাব দেখা যাচ্ছে। টাকা ব্যয় হচ্ছে ঠিকই কিন্তু সুপারভিশনের অভাবে যে ফল পাওয়া যাবে বলে আশা করছি সেই ফল আমরা পাচ্ছি না। এই কথা বলে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** (অনুপস্থিত)

[2-20 — 2-30 p.m.]

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে প্লেস করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে দু-একটি কথা বলব। আজকে বিরোধী দলের সদস্যরা নেই, থাকলে ভাল হতো। মাননীয় অর্থমন্ত্রী যে বিল আমাদের কাছে উপস্থাপিত করেছেন তাতে আমরা জেনেছি, বন্ধ কারখানার শ্রমিকদের মাসিক ৫০০ টাকা করে সহায়তা দেবার কথা উল্লেখ করা হয়েছে। এটা খুবই আনন্দের বিষয়, এটা আমাদের দেশে একটা নতুন নজির সৃষ্টি হল। এই ধরনের নজিরবিহীন ইতিহাস এর আগে কখনো হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, আমাদের রাজ্যে ৫০ লক্ষের উপর ক্ষেত-মজুর আছে। এই ক্ষেত-মজুরদের জন্য কিছুটা সহায়তার কাজ আমাদের শুরু হয়েছে অর্থাৎ বি.পি.এমের মাধ্যমে। কিন্তু বাস্তবে যেটা সেটা হচ্ছে, এরা অধিকাংশ দিন কাজ পায়না। আমাদের দেশে শ্রমিক-শ্রেণীর মধ্যে সব থেকে বঞ্চিত অসংগঠিত শ্রমিক। এই অসংগঠিত শ্রমিকদের মধ্যে আছে ক্ষেত-মজুররা। আমাদের দেশে দীর্ঘদিন ধরে যে ট্রেড-ইউনিয়ন আন্দোলন চলছে, সেই ট্রেড-ইউনিয়ন আন্দোলনের মধ্য দিয়ে কৃষি শ্রমিকদের সংগঠিত করতে পারেনি। অথচ ট্রেড-ইউনিয়ন নেতৃত্বের উচিত ছিল অসংগঠিত শ্রমিক বিশেষ করে ক্ষেত-মজুরদের সংগঠিত করা। এরাই সব থেকে শোষিত, বঞ্চিত। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলতে চাই, আমাদের রাজ্যের ক্ষেত-মজুররা বন্ধ কারখানার শ্রমিকদের মতো যাতে প্রতি মাসে যখন ওদের কাজ থাকে না তখন তাদের আর্থিক সহায়তা করা হোক এই আবেদন করছি। সাথে সাথে আমি আমার বিধানসভা এলাকাও পাশ্ববর্তী কয়েকটি বিধানসভা এলাকার একটি বড় সমস্যার প্রতি

মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বনের অনুরোধ জানাচ্ছি। জগদ্দল, আমডাঙ্গা, বারাসত, নৈহাটি বিধানসভা এলাকার মাঝখানে একটি বড় বিল আছে তার নাম বর্তির বিল। এটা তিন লক্ষ বিঘা জমির বিল। এখানে আগে আমন ধানের চাষ হত কিন্তু বর্তমানে সেখানে আর আমন ধান হয়না, বোরো ধানের চাষ হয়। এই বোরো চাষ করতে গিয়ে সেখানকার চাষিরা যেসব সমস্যার সম্মুখীন হন সেটাই আমি এই সভায় তুলে ধরছি। ব্যারাকপুর শিল্পাঞ্চলের যে জলটা পচা খাল দিয়ে এখানে এসে পড়ে সেই জলটি অ্যাসিডযুক্ত বিষাক্ত জল। এই দুষিত জলটা ঐ অঞ্চলে এসে পড়ায় এখানে চাষিরা যখন চাষ করতে যায় তখন এই দুষিত জল লেগে কৃষকদের হাতে পায়ে ঘা হয়ে যায় এবং ধানের গোড়া নষ্ট হয়ে যায়। তা ছাড়া অসময়ে প্রয়োজনের অতিরিক্ত জল আসায় ধান ডুবে যায় এবং ডুবে গিয়ে তা নষ্ট হয়ে যায়। এই বিলের একমাত্র জলনিকাশি খাল হচ্ছে নৈয়াই খাল। এই নৈয়াই খাল কার্যত মজে গিয়েছে। তা ছাড়া সেখানে মাছ ধরার জন্য জেলেরা যে বাড় পাতে তা ২০/২৫ ফুট অন্তর অন্তর এবং বাড় পাতার আগে প্লাস্টিক পাতার ফলে জলটা ঠিকমতন বেরুতে পারে না। এর ফলে সেখানে চাষ নষ্ট হচ্ছে, চাষিরা মার খাচ্ছে। গত ৫ বছর ধরে বোরো ধান বেশিরভাগই সেখানে নষ্ট হয়ে গিয়েছে। এই অঞ্চলের চাষের উপর সেখানে এক লক্ষ লোক নির্ভরশীল। এখানে যদি ঠিকমতন চাষ হয় তাহলে এই অঞ্চল গোটা ২৪ পরগনাকে এক মাস খাওয়াতে পারে। খড়দা বিধানসভা এলাকার বাবনপুর, শান্তিনগর এলাকাও এর সঙ্গে সংশ্লিষ্ট। কাঁকিনাড়া—আমডাঙ্গা রোড-এর মধ্যবর্তী জায়গা থেকে ত্রিমোহনী খাল শুরু হয়েছে। এই খাল থেকে নৈহাটি খালের মুখ পর্যন্ত পাকা ড্রেন অবিলম্বে করা দরকার এবং তার মাঝে মাঝে লকগেট করা দরকার। তা করলে এখানে পুরোপুরি চাষ করা সম্ভব হবে এবং দুটো করে ফসল হতে পারবে। মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি এ দিকে আকর্ষণ করে তার কাছে আবেদন জানাচ্ছি যে এই সমস্যার যাতে সমাধান হয় তার প্রতি দৃষ্টি দিন। পরিশেষে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে কেরল, ত্রিপুরার মতন ক্ষেতমজুরদের জন্য এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাসিওরেন্স স্কীম চালু করার আবেদন জানাচ্ছি

**শ্রী সোরেন খাড়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে এসেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার আপনি জানেন, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কাজকর্ম করার জন্য এখানে পঞ্চায়েতকে প্রাধান্য দেওয়া হয়েছে। তার ফলে এখানে ভূমি সংস্কার, ভূমি উন্নয়ন, ক্ষুদ্র সেচ, শিক্ষা স্বাস্থ্য, ক্রীড়া, সংস্কৃতি, রাস্তা, পানীয় জল ইত্যাদির ব্যাপারে পরিকল্পনা রূপায়ণের কাজ করা সম্ভব হচ্ছে। কংগ্রেস দল আজকে সভায় উপস্থিত নেই কিন্তু আমরা দেখেছি উন্নয়নের জন্য যেসব বিল এখানে নিয়ে আসা হয় তার প্রতিটির তারা বিরোধিতা করেন। আমরা বারবার এখানে বলেছি যে সীমিত ক্ষমতার মধ্যেও পশ্চিমবঙ্গ সরকার

পঞ্চায়েতকে গুরুত্ব দিয়ে কাজ করার চেষ্টা করে চলেছেন। পশ্চিমবঙ্গ একটি কৃষি ভিত্তিক রাজ্য। এখানে কৃষির উন্নতি না হলে পশ্চিমবঙ্গের উন্নয়ন হবে না। তাই গ্রামীণ উন্নয়নের স্বার্থে এখানে পঞ্চায়েতকে প্রাধান্য দেওয়া হয়েছে। স্যার, আপনি জানেন, বেকার শ্রমিকদের ভাতা দেওয়ার জন্য সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে। যাদের জমি নেই, যাদের বলা হয় ক্ষেতমজুর তারা কাজ পায় বর্ষার সময় দু মাস এবং ধান কাটার সময় দু মাস। সেচ এলাকা হলে কিছু বেশি কাজ পায়। কিন্তু অসেচ এলাকায় তারা হাত গুটিয়ে বসে আছে। সেই কারণে রাজ্য সরকারের অর্থমন্ত্রীর কাছে আবেদন করব যে, অসংগঠিত শ্রমিক যারা আছে তাদের জন্যও সেই ভাতা প্রবর্তন করা যায় কিনা সেটা আপনি দেখবেন। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এর আগেও সস্তা দরে চাল দেবার ব্যবস্থা করা হয়েছে ক্ষেতমজুরদের কিন্তু সেটা করলে তাদের অর্থ উপার্জনের ব্যবস্থা হবেনা। তারা কাজ না পেলে তাদের উপার্জন হবেনা, তারা চাল ইত্যাদি অন্যান্য জিনিস কিনতে পারবে না। সেজন্য এই ক্ষেতমজুরদের জন্য ভাতা দেবার আবেদন জানাচ্ছি। শুধু পশ্চিমবঙ্গেই নয়, গোটা ভারতবর্ষে সাধারণ মানুষের স্বার্থে গ্রামে-গঞ্জে, মাঠে-ময়দানে তারা ফসল উৎপাদনের কাজ করে। কাজেই তাদের ভাতা দেবার জন্য সরকারের কাছে আমি আবেদন রাখছি। এই কথা বলে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৯৮ সালের আর্থিক বছরের অতিরিক্ত ব্যয়-বরাদ্দের সমর্থনে আমি আর একবার আমার বক্তব্য রাখছি এবং মূল বিষয়গুলি খুব সংক্ষেপে উল্লেখ করছি। অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাব কিন্তু ঘাটতি পূরণের প্রস্তাব নয়। কতকগুলি প্রয়োজনীয় খাতে নির্দিষ্ট কারণে বিভিন্ন দপ্তরের অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাব আমরা আনি। ঠিক তার পাশাপাশি সেই সেই দপ্তরের কিছু সঞ্চয় থাকে, অভ্যন্তরীণ সঞ্চয়। আর থাকে রাজ্য বাজেটে সাধারণভাবে কিছু অতিরিক্ত আয়। তাই যে অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব আনা হয়েছে সামগ্রিকভাবে ৯২৫.৮৩ কোটি টাকা, এটা উল্লেখ করা প্রয়োজন আছে। ঠিক তার পাশাপাশি অতিরিক্ত আয়ের ব্যবস্থাও রাখা আছে। বিভিন্ন দপ্তরে যেখানে এই অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে, সেই দপ্তরগুলিরই অভ্যন্তরীণ সঞ্চয় যোগ করলে মোট অভ্যন্তরীণ সঞ্চয় ৫৮২.৩৭ কোটি টাকা, তার সঙ্গে রাজ্য বাজেটে এই বছর প্রারম্ভিক তহবিল এবং অতিরিক্ত আয় যোগ যদি করি তাহলে এর সঙ্গে আরও ৩৩৫.৪৬ কোটি টাকা যুক্ত করতে হবে। ৫৮২.৩৭ কোটি টাকা প্লাস ৩৩৫.৪৬ কোটি টাকা যোগ করলে মোট অতিরিক্ত আয় ৯১৭.৮৩ কোটি টাকা। অতিরিক্ত ৯২৫.৮৩ কোটি টাকা থেকে এই ৯১৭.৮৩ কোটি টাকা বাদ দিলে, ঘাটতি ঠিক ৮ কোটি

টাকা। আমি বাজেট বক্তৃতায় রেখেছিলাম যে এই ঘাটতি ১০ কোটি টাকার মধ্যে সীমিত করব। কিন্তু তার আরও একটু কমিয়ে ৮ কোটি টাকা আমাদের অতিরিক্ত ব্যয় এবং অতিরিক্ত সঞ্চয়ের প্রস্তাব একত্রিত যোগ করে রেখেছি। এখন প্রশ্ন হচ্ছে কোন কোন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দরকার হল? সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলি হচ্ছে, কেন্দ্রীয় সরকার কতকগুলি অতিরিক্ত বরাদ্দ করেন। এই বছর তারা ন্যুনতম পরিষেবার ক্ষেত্রে, যখন যুক্তফ্রন্ট সরকার দিল্লিতে ছিল, আমরা বারবার তাদের বলেছিলাম এবং আমাদের দাবি মানায় ১০৭ কোটি টাকা অতিরিক্ত অর্থ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই। সেটা খরচ করার জন্য যেহেতু মূল বাজেট উত্থাপনের সময় জানা ছিল না, তাই খরচ করার ব্যাপারে এই সভার অনুমোদন লাগে। দ্বিতীয়, জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্পে বস্তি এলাকার জন্য আমরা কেন্দ্র থেকে অতিরিক্ত ৪৫ কোটি টাকা পেয়েছি। তৃতীয়, জওহর রোজগার যোজনার ক্ষেত্রে যে জেলাগুলি ভাল কাজ করেছে তারা অতিরিক্ত ১৭ কোটি টাকা পেয়েছে। ম্যালেরিয়া প্রতিরোধে অতিরিক্ত ৩ কোটি টাকা পাওয়া গেছে। এছাড়া লোকসভা নির্বাচনের কোনও প্রস্তুতি ছিল না, বাজেটেও টাকা ধরা ছিল না। এরজন্য ৪৩ কোটি টাকা অতিরিক্ত লাগে। পঞ্চায়েত নির্বাচনের জন্য আগাম প্রস্তুতি হিসাবে প্রায় ৮ কোটির মতো লাগছে। রাস্তা উন্নয়নে যে টাকা ধরা ছিল তার চেয়ে অতিরিক্ত ৪৯ কোটি টাকা আর.আই.ডি.এফ.-এ রেখেছি। গ্রামীন বিদ্যুতের ক্ষেত্রে যা বরাদ্দ ছিল তার চেয়ে ৩৪ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ রেখেছি। মালদা এবং মুর্শিদাবাদের ভাঙন রোধে অতিরিক্ত ১৮ কোটি টাকা রেখেছি। জেলা পরিকল্পনা খাতে স্বল্প সঞ্চয়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করার জন্য নিয়মমাফিক ৩০ কোটি টাকা তারা পাবেন। এছাড়া অবসরকালীন ভাতার ক্ষেত্রে ৩২ কোটি টাকা অতিরিক্ত ধরা হয়েছে। সামাজিক ক্ষেত্র সম্পর্কে জনৈক বিধায়ক উল্লেখ করেছেন। দারিদ্র্য সীমার নিচে বসবাসকারিদের বিশেষ মাসে চাল দিতে শুরু করেছিলাম। এক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দের পরিমাণ ১৭ কোটি। আমরা ডি.এ. বাবদ কত দেব সেটা জানিয়ে রাখি একত্রিতভাবে। তারপর দপ্তরগুলিতে তা ভেঙে ভেঙে দেওয়া হয়। এসব কিছু যোগ করলে সামগ্রিকভাবে ৯২৫ কোটি ৮৩ লক্ষ টাকার বরাদ্দ রেখেছি যা গোটা বাজেটের ৫.৫১ শতাংশ। এটা উল্লেখ করছি যে, ১৯৭৬-৭৭ সালে কংগ্রেস সরকারের শেষ বছরে তাদের অতিরিক্ত বরাদ্দের পরিমাণ বাজেটের ৯.৮৪ শতাংশ ছিল। তার অর্ধেক আমরা করতে পেরেছি। যেহেতু মহার্ঘ ভাতা জানানো হ'ল, তাই বাস্তবিক ক্ষেত্রে শতাংশের হিসেবটা খুবই কম। হরিপদ বিশ্বাস মহাশয় এবং সোরেনবাবু ক্ষেতমজুরদের কথা উল্লেখ করেছেন। এই বাজেট বক্তৃতায় উল্লেখ করেছিলাম যে, ক্ষেতমজুরদের মজুরি বৃদ্ধির হারটা লক্ষ্যণীয়ভাবে বেড়েছে। ক্ষেতমজুরদের দৈনিক মজুরি যেখানে ১৯৭৬-৭৭ সালে ৫.৬৫ টাকা, সেটা ১০ বছর পরে ১৯৮৬-৮৭ সালে ১৩.৭৬ টাকা এবং তার ১০ বছর পরে ১৯৯৬-৯৭ সালে সেটা

৩৯.৪১ টাকায় দাঁড়ায়। এখন সেটা ৪০ টাকা হয়েছে। শুধু মজুরি বৃদ্ধি নয়, যে পরিমাণ মূল্যবৃদ্ধি হয়েছে তার চেয়ে মজুরি বৃদ্ধির হারটা বেশি হয়েছে। অর্থাৎ প্রকৃত মজুরি তাদের বেড়েছে। রিয়াল টার্মেই তাদের মজুরি বেড়েছে। এটা সবার ক্ষেত্রে সম্ভব হয়নি যেটা ক্ষেতমজুরদের ক্ষেত্রে করা হয়েছে। তাদের পি.এফ. স্কীম লাগু হয়ে গেছে। এরজন্য ১০ টাকা করে তারা দেবেন এবং বাকিটা সরকার দেবেন। এরজন্য গত বছর ৪০ কোটি ধরা হয়েছিল। এ বছর সেটা ৫০ কোটি টাকা করেছি। বর্তির বিল সম্পর্কে জানাচ্ছি যে, এটা জানা উচিত যে, আজকে সেটা হর্স স্যু লেকের মতো হয়ে গেছে। এটা মেগাসিটি প্রকল্পের অন্তর্ভুক্ত করা যায় কিনা গুরুত্বসহকারে তা নিয়ে আলোচনা চলছে। সেটা হলে স্থানীয় বিধায়ককে এরসঙ্গে অবশ্যই যুক্ত করব। এই কথা বলে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের সমর্থনে আর একবার বক্তব্য রেখে শেষ করছি।

The motion that the West Bengal Appropriation Bill, 1998 be taken into consideration was then put and agreed to.

## Clauses 1 - 3 and Schedule

The motion that clauses 1, 2, 3 and schedule do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The motion that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1998 as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1998

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1998

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1998 be taken into con-

sideration.

Sir, with your permission let me read out what is the Constitutional requirement.

Sir, under Article 266(3) of the Constitution of India no money out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

During the present session the Assembly voted a Consolidated Grant in advance in respect of the estimated expenditure for a part of the financial year 1998-99 under the provision of Article 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India, read with Article 206 thereof, to provide the appropriation out of the Consolidated Fund of West Bengal, of the moneys required to meet the expenditure charged on the Consolidated Fund and the Grant made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Government for a part of the financial year 1998-99. The amount included in the Bill on account of the charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of the grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill for expenditure during a part of the financial year 1998-99 is Rs.6590, 51.02,000 (Rupees six thousand five hundred ninety crores fifty one lakhs two thousand) the amount includes Rs.1895,94,45,000 (Rupees one thousand eight hundred ninety five crores ninety four lakhs forty five thousand) on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill."

Sir, with these words, I commend my motion for the acceptance of the House.

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1998 be taken into consideration was then put and agreed to.

[2-40 — 2-50 p.m.]

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation Vote on Account Bill, 1998 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Finance Bill, 1998**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 1998.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Finance Bill, 1998, be taken into consideration.

**Shri Saugata Roy :** (Not Present)

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী প্রস্তাবিত অর্থ বিল, ১৯৯৮কে আমি সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলছি। কিন্তু কাদের কাছে বলব? একটা গুরুত্বপূর্ণ অধিবেশন চলছে এবং একটা বিল নিয়ে আলোচনা হচ্ছে, তাতে বলার যে বিরোধীপক্ষের কিছু নেই তা বোঝা যাচ্ছে। কারণ অত্যন্ত অকারণে তাঁরা বিধানসভা থেকে বারবার বেরিয়ে যাচ্ছেন এবং লবিতে সার্কাস দেখাচ্ছেন। সাংবাদিকরা, মিডিয়া তাঁদের পিছনে ছুটছে। আমরা অত্যন্ত আশঙ্কিত, বিধানসভার যে

গুরুত্ব তা ১১৩ বছরের একটা রাজনৈতিক দল তাঁরা উপলব্ধি করতে পারছেন না। পশ্চিমবঙ্গের অর্থবিল যা এখানে উপস্থাপিত হয়েছে, তার গুরুত্ব কতখানি তা তাঁরা উপলব্ধি করতে পারছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিশ্ব অর্থনীতি যখন সঙ্কটের মধ্যে আবর্তিত হচ্ছে,,যখন আমরা দেখতে পাচ্ছি, এই সঙ্কট থেকে মুক্তি পাবার জন্য সাম্রাজ্যবাদি শক্তিগুলি তাদের সঙ্কটের বোঝা তৃতীয় বিশ্বের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছে, তারজন্যই তারা সৃষ্টি করেছে বিশ্বায়ন, বেসরকারিকরণ, উদারিকরণ এই সমস্ত গালভরা বুলির মাধ্যমে দেশের শোষণের দ্বারকে মুক্ত করে দিয়েছে। আমরা দেখতে পাচ্ছি, আন্তর্জাতিক অর্থ তহবিল সাম্রাজ্যবাদি চক্রকে কার্যকর করছে। আমরা তাই ভারতকে এই চক্রান্তের অংশীদার হতে দেখছি। ভারত এই ষড়যন্ত্রের অঙ্গীভূত হয়েছে। আমরা দেখছি, ভারত গ্যাট চুক্তিতে সই করেছে এবং ডব্লু.টি.ও.-ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশনের মাধ্যমে একটা অসম প্রতিযোগিতায় নামতে বাধ্য করেছে। আজকে টাকার অবমূল্যায়ন ঘটছে, এক ডলারের মূল্য ৪০ টাকার উপরে উঠে গেছে। এইভাবে ভারতের অর্থনীতিকে বিপর্যস্ত করার চেষ্টা গত কংগ্রেস সরকার করেছে এবং বর্তমানে বিজেপি'র যে সরকার এসেছে, তাদেরও সেই পথ ছাড়া অন্য গতি নেই। আমরা দেখতে পাচ্ছি ভারতীয় সাম্রাজ্যবাদি বহুজাতিক কর্পোরেশন এবং দেশের একচেটিয়া পুঁজিবাদি আগ্রাসির নেতৃত্বের ফলে এটা একটা মৃগয়া ক্ষেত্রে পরিণত হয়েছে। এখানে শোষণ এবং বঞ্চনার পাহাড় সৃষ্টি হয়েছে। ভারতের শাসকদল কংগ্রেস বা বি জে পি যৌথভাবে কোনও শিক্ষা এখানে সৃষ্টি করছে না। এশিয়ার যাকে ব্যাঘ্র বলে চিহ্নিত করা হয়েছিল সেই ইন্দোনেশিয়া, দক্ষিণ কোরিয়ার আজকে কি অবস্থা দাঁড়িয়েছে, ভেঙে চুরমার হয়ে যাচ্ছে। আজকে বস্তা বোঝাই টাকা নিয়ে চলে যাচ্ছে, পকেটভর্তি করে টাকা এখান থেকে চলে যাচ্ছে আর দক্ষিণ কোরিয়া বিক্ষোভে ভেঙে পড়ছে। ভারতবর্ষের মধ্যে অবস্থিত পশ্চিমবঙ্গ গোটা দেশের অর্থনীতির থেকে একেবারে বাইরে থাকতে পারে না। কিন্তু তবুও আমাদের অর্থমন্ত্রী গত ২৩ তারিখে যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন সেটা হল জনমুখি, বাস্তব সম্মত বিকল্প বাজেট। জনগণের শতকরা ৮০ থেকে ৮৫ ভাগ মানুষের জন্য রিলিফ তৈরি করার চেষ্টা করছেন। স্বাধীনতার পর থেকেই আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার ধীরে ধীরে প্রত্যক্ষ কর কমিয়ে দিয়ে পরোক্ষ কর বৃদ্ধি করছেন, বর্তমানে তার রেসিও ১৫:৮৫ গরিব মানুষের উপরে বর্তাচ্ছে। এই পরোক্ষ করের মাধ্যমে গরিব মানুষদের বঞ্চিত শোষিত করা হচ্ছে। জিনিসপত্রের মূল্যবৃদ্ধি করা হচ্ছে। ভারতবর্ষের অর্থনীতিতে সঙ্কট আমাদের দেশের উপরে ব্যাপকতর এবং তীব্র এবং অসহনীয় করে তুলেছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর সীমিত ঘাটতি বাজেট রাখতে গিয়ে যে কর স্থাপন বৃদ্ধি আদায়ের এবং তার কথা উপস্থাপিত করেছেন সেই সম্পর্কে আমি সংক্ষেপে উল্লেখ করছি। আপনি জানেন যে ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ৯৯ এর

উদ্দেশ্য হল The West Bengal Finance Bill 1998 to amend the Bengal Amusement Tax Act, 1992, the Bengal Electricity Duty Act 1935, the Bengal Agricultural Income Tax 1944, The West Bengal Entertainment cum Amusement Tax Act, 1982, the West Bengal Sales Tax Act, 1994. এগুলোর কিছু সংশোধনী চাওয়া হয়েছে। আমরা দেখতে পাচ্ছি বাজেট বক্তৃতার ৪.০১ অনুচ্ছেদের যে প্রস্তাবগুলো উপস্থাপিত করেছেন মূল উদ্দেশ্য হল যে (ক) নতুন শিল্পায়নকে উৎসাহিত করা এবং রুগ্ন ও বন্ধ শিল্পের পুনরুজ্জীবনের ক্ষেত্রে সহায়তা করা; (খ) কৃষির উন্নয়নের জন্য সুবিধাদান, (গ) রাজ্য ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটিয়ে পূর্বাঞ্চলের বাণিজ্য কেন্দ্র হিসাবে এ রাজ্যের গুরুত্ব বৃদ্ধি করা, (ঘ) সাধারণ মানুষকে রেহাই দেওয়া, (ঙ) উচ্চতর শ্রেণীর মানুষ ব্যবহার করে এমন কয়েকটি সামগ্রির ক্ষেত্রে করের হার বৃদ্ধি করা, (চ) করের পদ্ধতিগত দিকগুলির সরলিকরণ, যার ফলে কর প্রদানের মেনে চলার প্রবণতা বৃদ্ধি পায় এবং আইন মেনে চলা সহজ হয়, এবং (ছ) একই সঙ্গে কর ফাঁকি রোধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা। আমি আর বক্তব্য দীর্ঘায়িত করব না, মাননীয় অর্থমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল এখানে উপস্থাপিত করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** অনারেবল ডেপুটি স্পিকার স্যার, '৯৮ যে ফিনান্স বিল এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন জানিয়ে ২টি বিষয়ে আপনার মাধ্যমে তার দৃষ্টি আকর্ষণ করব। এবারে যে বাজেট তিনি ২৩ তারিখে বিধানসভায় পেশ করেছেন তা জনমুখি এবং আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন সমস্যার উপর দৃষ্টি রেখে তিনি এই বাজেট রচনা করেছেন। আমার বক্তব্য তার কাছে বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দ করা হয়েছে এবং চিন্তা-ভাবনা যা এই বাজেটে এসেছে এবং আজকে যে ফিনান্স বিল সেটার ব্যাপক প্রচার দরকার। কারণ আমাদের সরকারের পক্ষ থেকে বিভিন্ন পরিকল্পনা, বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হচ্ছে, অর্থ বরাদ্দ করা হচ্ছে, কিন্তু বিশেষ করে গ্রামবাসিদের কাছে আমরা যে উন্নয়ন এর কাজ করছি, ধারাবাহিকভাবে এবং বিশেষ করে গ্রামের মানুষের যে চিন্তা-ভাবনা বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে কাজ করা হচ্ছে, সেটা কিন্তু গ্রামের মানুষের কাছে পৌঁছাচ্ছে না। সেইজন্য আপনার মাধ্যমে বলতে চাই, উনি আমাদের কাছে যে তথ্য এবং সংস্কৃতি অর্থাৎ ইনফরমেশন এবং কালচারাল ডিপার্টমেন্ট এর পক্ষ থেকে আমাদের সরকার কি কি সিদ্ধান্ত নিয়ে কাজ করতে যাচ্ছে, যেসব কাজ কল্যাণমুখি, জনমুখি এবং বিপ্লবি স্বাভাবিক ভাবে সেটার ব্যাপক প্রচার দরকার। সেটা রেডিয়ো, টি.ভি. সংবাদপত্রের মাধ্যমে। কারণ এই মিডিয়া এখন ব্যাপকভাবে প্রতিপক্ষ,

বিরোধীপক্ষদের কুক্ষিগত হয়ে গেছে এবং তারা যে ভাবে প্রচার করছে, সেটা সংবাদপত্রে বলুন, রেডিয়োতে বলুন, টি.ভি.তে বলুন, এটা কিন্তু আমরা দেখছি, পশ্চিমবাংলায় যে এত কাজ করা হচ্ছে, সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রা নিয়ে যে কাজ করা হচ্ছে, সেটা কিন্তু প্রচার ঠিকমতো পাচ্ছে না, সেইজন্য আপনার মাধ্যমে তার কাছে অনুরোধ করি, এই বিলকে সমর্থন করে, এটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রীর আনীত এই অর্থবিলকে সমর্থন করে দু-চারটি কথা বলব। এই বিলে স্বাভাবিক কারণে মূল যে ৫টি অ্যাক্ট সংশোধন এর প্রয়োজন, সেইগুলির উল্লেখ আছে। তার মধ্যে সেলস ট্যাক্স অ্যামেন্ডমেন্ট প্রধান এবং এটা বলার অপেক্ষা রাখে না, এবারে বাজেটের মাধ্যমে যে উন্নয়নমুখি, পরিকল্পনার দিক তাকে গতিশীল করার লক্ষ্য রেখে যে বাজেট তৈরি হয়েছিল, সেইদিকে লক্ষ্য রেখে কিছু কিছু সংশোধন এর প্রয়োজন হয়েছে। এবারে তার জন্য মাননীয় অর্থমন্ত্রীর যে নূতন উৎভাবনা চিন্তার প্রকাশ পেয়েছে সেইগুলির সংযোজন করার প্রয়োজন। তার মধ্যে উল্লেখ করা দরকার রেজিস্টার্ড ডিলার, টার্নওভার এবং রানডান অ্যাসেসমেন্ট এটা অত্যন্ত সমর্থন করছি এবং ডিক্লারেশন ফর্ম পাওয়ার ক্ষেত্রে যে অসুবিধা, এটা দূর করার জন্য তিনি যে বিকল্প চিন্তা-ভাবনা করেছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি। এইগুলি না হলে ব্যবসা বাণিজ্যের যে অসুবিধাগুলি দূর করা সেইগুলির উল্লেখ করেছেন, লটারি ট্যাক্স, সেলস ট্যাক্স রাখার জন্য অভিনন্দন জানাচ্ছি, তার উপর ট্যাক্স এর সেট আপ এর সুবিধা দেওয়ার জন্য অভিনন্দন জানাচ্ছি। আপনি এটার সংশোধন প্রয়োজন মনে করেছেন, কিন্তু আমি এই বিষয়গুলো উল্লেখ করতে চাইনা। আমি এই ক্ষেত্রে একটা অনুরোধ করব তাহলে বিভিন্ন ক্ষেত্রে ইনসেনটিভ দিয়ে এটাকে অগ্রগতির দিকে নিয়ে যাওয়ার জন্য আমি একবার ওনার সঙ্গে আলোচনা করেছিলাম, তার রূপরেখা এখনো পাইনি। আরেকটা ব্যাপার হচ্ছে আমাদের এখানে বিস্কুট ম্যানুফ্যাকচার যারা করে তাদের সেলস ট্যাক্সের দিকটা চিন্তা-ভাবনা করা উচিত ছিল। অন্যান্য জায়গায় যেমন হরিয়ানা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ, দিল্লি এই জায়গায় বিস্কুটের উপর সেলস ট্যাক্স অত্যন্ত কম, হরিয়ানা পাঞ্জাবে প্রায় নিল। আমাদের এখানে বিস্কুটের ট্যাক্স অত্যন্ত বেশি। অনেক কোম্পানি আছে তারা উত্তরপ্রদেশ দিল্লি থেকে বিস্কুট তৈরি করে এখানে নিয়ে আসে। আমাদের এখানে ১২ পারসেন্ট ট্যাক্স আছে, এই ব্যাপারে চিন্তা-ভাবনা করার জন্য আমি অনুরোধ করছি। একটা বিষয়ে আমি বলছি, চুঙ্গিকর কর্মিদের উপর নজর রাখার জন্য বলছি, তারা বিভিন্ন রকম অসুবিধার মধ্যে আছে, ঠিক ঠিকমতো তাদের অ্যাসাইনমেন্ট হয়নি। এই কথা বলে তার এই উদ্ভাবিত বিল যেটা এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল ১৯৯৮, এই বিলের মূল বিষয়গুলো আমি সংক্ষেপে উল্লেখ করতে চাই। যেহেতু মাননীয় বিরোধী দলের কোনও সদস্য নেই, তাই তারা কোনও বক্তব্যও রাখেননি। সরকার পক্ষের বিধায়করা যে বক্তব্যগুলো রেখেছেন তার উপর আমি কতগুলো কথা বলছি। সাধারণভাবেই প্রচারের কথাটা ইয়াকুব সাহেব বললেন, এটা করা উচিত। মাননীয় বিধায়ক অমর চৌধুরি তার যেগুলো ভালো লেগেছে সেগুলো বলেছেন। একটা শিল্পের কথা তিনি বলেছেন, আমরা মনে রেখেছি, পরে কি করা যায় সেটা এখানে বলতে চাইনা, আপনার সঙ্গে আলোচনা করব। আর চুঙ্গি কর্মিদের আমরা একটা ভালো ব্যবস্থা চিন্তা করেছি, এটা আমি আপনাকে পরে জানাব। মাননীয় বিধায়ক পদ্মনিধিবাবু বলেছেন সাতটি উদ্দেশ্য মনে রেখেই এই কর প্রস্তাব আনা হয়েছে। প্রথমতঃ কৃষি উন্নতির জন্য, দ্বিতীয়ত শিল্পকে উৎসাহিত করার জন্য ও বন্ধ কলকারখানাকে পুনরুজ্জীবিত করার জন্য, তৃতীয়তঃ রাজ্যে ব্যবসা-বাণিজ্যের আরও প্রসার এবং গোটা পূর্ব ভারতকে ব্যবসা কেন্দ্র হিসাবে আরও গুরুত্বপূর্ণ জায়গায় এই রাজ্যকে নিয়ে যাওয়ার জন্য, চতুর্থত সাধারণ মানুষের ক্ষেত্রে কিছুটা রেহাই দেওয়া এবং উচ্চ আয়ের লোকেরা যেসব জিনিস ব্যবহার করে তার উপর কর বসানো এবং পঞ্চায়েত কর ব্যবস্থাকে সরলিকরণ করে যারা কর দিতে চাইছেন তারা যাতে হয়রানি না হয় তার ব্যবস্থা করা এবং একই সঙ্গে যারা কর ফাঁকি দিচ্ছেন তাদের ক্ষেত্রে কঠোর ব্যবস্থা নেওয়া। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে ৪৫টি ক্লজ আছে। আমি সাধারণ হোম ওয়ার্ক করে এসে প্রস্তুত থাকি ৪৫টি ক্লজই বলতে। যেহেতু বিরোধীরা এখানে নেই, তাই ৪৫টি ক্লজের দিকগুলো আমি স্থাপন করছি। প্রথমতঃ কোনদিন থেকে এই আইনকে সম্বলিত করা হচ্ছে সেটা বলা হয়েছে। দ্বিতীয়তঃ সিনেমা অ্যাটোগ্রাফি একজিবিশন করের আদায়ের অ্যাসেসমেন্ট ঠিকমতো করার জন্য নন-সিনেমা অ্যাটোগ্রাফিক একজিবিশন এই ক্ষেত্রেও এটাকে প্রসারিত করা হল। তৃতীয়তঃ বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি আইন অনুযায়ী ইলেকট্রিসিটি ব্যয় যেটা আমরা করছি তার শেষ দিন ৩১শে ডিসেম্বর, ১৯৯৮। তারমধ্যে যারা কোনও কারণে দিচ্ছেন না, দিতে পারেন, তাই এটাকে আরও দুই বছর সম্প্রসারিত করা হল। এটাকে রিলিফ বলতে পারেন। ক্লজ ফোর এগ্রিকালচারাল ইনকামট্যাক্স থেকে যেগুলি আদায় হয়, সেখানে ইন্টারেস্টের ক্ষেত্রে কিছু একজাম্পশন দেওয়ার ক্ষমতা কিছু নিচের স্তরেরও অফিসারদের ছিল, সেটা সঠিক আমাদের মনে হচ্ছিল না। আমরা এটা উপরের স্তরে নিয়ে এলাম। ক্লজ ফাইভ একটু লক্ষ্য করবেন। এটা পুরোনই। টিভির বিভিন্ন চ্যানেলের ব্যবহার হচ্ছে। এই কেবল টিভি যারা ব্যবহার করছেন, কেবল টিভির অপারেটর, যারা অপারেট করেন, তাদের উপর একটা কর ইতিমধ্যেই ছিল। সেটা ঠিকমতো আদায় করা যাচ্ছিল

না। কারণ আমরা চাইছি আদায় করতে যে মূল অপারেটর মানে পাড়াতে যে যুবকরা করেন, তাদের কাছ থেকে নয়, মাথার উপর যিনি বসে আছেন, যে বড় শিল্পপতি বড় অপারেটর, তাদের কাছ থেকে যাতে ঠিকমতো আদায় করা যায়, যারা লাভ টাভ করছেন, সেই দিক রেখেই এই ক্লজ ফাইভ আনা হয়েছে। যারা ছোট পাড়ায় যেসব অপারেটাররা কাজ করছেন, তাদের উপর এটা স্পর্শ করবে না। এরপরে যে ক্লজ আছে, এরই পরপর অনেকগুলি ছোট ছোট সাব ক্লজ হিসাবে আছে, এরজন্য রেজিস্ট্রেশন করতে হবে। অ্যাকাউন্টস রাখতে হবে। এগুলি পরপর চলে এসেছে এই আইনটাকে কেন্দ্র করে। সিক্স এ এই ব্লেন্ডিং এর ক্ষেত্রে শুধু চায়ের ক্ষেত্রে এই ব্লেন্ডিংটা আমরা অ্যালাউ করছি। আমরা এখানেই একমাত্র সুযোগটা দিচ্ছি। এটা উল্লেখ করে দিলাম। এই ক্লজ সিক্স এর অনেকগুলি পরপর সাব ক্লজ চলে আসছে। দ্বিতীয় সাবক্লজটা আছে যে, বন্ধ কলকারখানার ক্ষেত্রে কিছুটা সুবিধা দেওয়ার ক্ষেত্রে তারপর ক্লজগুলি আছে ওয়েলবিলকে কেন্দ্র করে। তারপর হচ্ছে যেখানে লক্ষার উপর পারচেজ ট্যাক্স তুলে দেওয়া হয়েছে। তারপর হচ্ছে যেখানে সারচার্জগুলি আমরা তুলে দিলাম বিশেষ বিশেষ ক্ষেত্রে। একই সঙ্গে মদের উপর যেখানে আমরা কর বসালাম সেটাও আছে। তারপর সাবক্লজ একটা আছে ৭এ। এই সাবক্লজ যেখানে কনসেশনাল রেটে ওই যারা কন্ট্রাক্টর, তারা কিছু অ্যাডভানটেজ পেতে পারেন, সেটা উল্লেখ করা হল। সাবক্লজ এইটে লটারির টিকিটের উপর শুধু কর বসানো তাই নয়, তার যে কমপাউন্ডিং এর সুবিধা সেটাও বলা হল। ক্লজ নাইন, যেখানে সিঙ্গল পয়েন্ট ট্যাক্স কিছু আছে, পাবলিক ইন্টারেস্টে, সেটা কিছুটা কমানোর ক্ষমতা আমরা গ্রহণ করলাম। ক্লজ এইটে ডিক্লারেশন ফর্ম দেওয়ার ক্ষেত্রে সুবিধা কন্ট্রাক্টররা পাবেন। সেটা উল্লেখ করা হল। সাবক্লজ ১১তে সেট অফ দেওয়ার কথাটা, পরিষ্কার করে এখানে আইনে উল্লেখ করে দেওয়া হল। ক্লজ ১২তে হচ্ছে তারই কনসিকোয়েনশনাল। ক্লজ ১৩ হচ্ছে আবার কন্ট্রাক্টরদের, তারা যে কতগুলি বেনিফিট পাবেন, আগের থেকে সেটা এখানে বলা হল। সাবক্লজ ১৪ হচ্ছে সরলীকরণের ক্ষেত্রে। সাবক্লজ ১৫ হচ্ছে ওয়েবিলের কথাটা বলে দেওয়া হল। সাবক্লজ ১৬ পেনাল্টি ওয়েভ করার ক্ষেত্রে ক্ষমতা কে ব্যবহার করতে পারেন, সেটা উল্লেখ করা হল। সাবক্লজ ১৭তে ওই কমপাউন্ডিং এর সুবিধা আর একবার বলে দেওয়া হয়েছে। পেনাল রেট অফ ইন্টারেস্টে কমানো হচ্ছে ক্লজ ১৮, ১৯, ২১এ। ২০তে হচ্ছে একই সঙ্গে কমপাউন্ডিং এর ক্ষেত্রে যদি কেউ না মানেন তাকে কি শাস্তি দেওয়া হবে। ২২ নাম্বার সাবক্লজ এ আছে, ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে কতগুলি সুবিধা — তারা যদি এক্সপ্যান করতে চান। ২৩ নাম্বার সাবক্লজে আছে যে, যেটা একটু আগে অমরবাবু বলছিলেন যে, যারা ছোট ব্যবসায়ি তাদের হয়রানি কমানোর জন্য কিছুটা স্যামপ্লিং এর ভিত্তিতে রান্ডাম স্যামপ্লিং এর ভিত্তিতে কোনও আরবিটরি নয়, তাদের আমরা পরীক্ষা করব মাত্র। এইরকম করে

ওয়েবিলের উপর আরও যেটা বক্তব্য সেটা রাখা আছে। এই করে সাবক্লজগুলি যেতে যেতে যেখানে কম হারগুলি কমানো হয়েছে, সেই সাবক্লজগুলি এসে যাচ্ছে। ক্লজ ৩৭ এ যেখানে ১৫ - ১২ শতাংশ কমানো হয়েছে। ক্লজ ৩৮এ হচ্ছে মাল্টিপয়েন্ট থেকে সিঙ্গল পয়েন্ট যেখানে করা হয়েছে। ক্লজ ৩৯এ যেখানে ১২ শতাংশ থেকে ৭ শতাংশ কমানো হয়েছে। ক্লজ ৪০এ ১৫-৫ শতাংশ যা কমানো হয়েছে। ক্লজ ৪১এ কতগুলি একজেম্পট করা হয়েছে। সেগুলি আলাদা করে বলা হয়েছে। পরপর যেগুলি কর ছাড়ের প্রস্তাব সেগুলি, তারপর লাগাতারভাবে চলছে। ক্লজ ৪৪এ এই পেনাল ইন্টারেস্টে কমানোর কথাটা আছে। ৪৪ এবং ৪৫ এ পেনাল রেট অফ ইন্টারেস্টে কমানোর কথাটা বলা আছে। এইভাবে ৪৫টি ক্লজ এবং সাবক্লজ মিলে আমরা যে প্রস্তাবগুলি বাজেটে রেখেছিলাম, যে যে উদ্দেশ্য মেনে, সেগুলি আইনসিদ্ধ করার জন্য এই প্রস্তাবগুলি রাখলাম। আমি আরও একবার এই বিলের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Finance Bill, 1998, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 6

**Mr. Speaker :** There are no amendment to Clauses 1 to 6.

The question, that Clauses 1 to 6 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

**Mr. Speaker :** There is no amendment to the Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Finance Bill, 1998, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### BREACH OF PRIVILEGE

**Mr. Speaker :** Before I adjourn the House, there are some matters which are pending. There was a notice of Breach of Privilege given against Shri Paresh Paul, Shri Tapas Banerjee, Shri Ram Janam Manjhi

and Shri Dilip Das—honourable member of this House—by Honourable Member, Shri Jyoti Krishna Chattopadhyay and Honourable Member, Shri Tapas Chattopadhyay. We have heard Shri Tapas Banerjee and Shri Ram Janam Manjhi on this issue. But Shri Paresh Paul did not appear, and Shri Dilip Das was present today. But apparently it appears that their party to which be belongs has staged a walk-out and is not present in the House today. But prima facie, I find that the case has been made out by Shri Jyoti Krishna Chattopadhyay and as such I am of the opinion that the matter should go to the Committee on Privileges to enquire and to report to this House by the next session, and as such, I move the motion that this notice given by Hon'ble Member, Shri Jyoti Krishna Chattopadhyay and Shri Tapas Chattopadhyay of a Breach of Privilege against Shri Paresh Paul, Shri Tapas Banerjee, Shri Ram Janam Manjhi and Shri Dilip Das, be sent to the Committee on Privileges for enquiry and report to this House by the next Session.

The motion was then put and agreed to.

There is a motion—pending. It was moved by Shri Abu Ayes Mondal, The motion was moved by Hon'ble Member, Shri Abu Ayes Mondal and the signatories were Shri Tapan Hore, Shri Rabin Deb, Shri Purnendu Sengupta and Shri Mehbub Mondal. The motion was in the context of the activities and conduct of Hon'ble Members, Shri Rabin Mukherjee, Shri Tapas Banerjee, Shri Ram Janam Manjhi, Shri Dilip Das and Shri Sudhir Bhattacharya when the Honourable Governor came to address the Members of this House on the 12th of this month. We have heard Shri Rabin Mukherjee, Shri Tapas Banerjee, Shri Ram Janam Manjhi, Shri Sudhir Bhattacharya. But Shri Dilip Das was not heard. He was present in the House today. He was requested to be present. But it apparently appears that his political party has staged a walk-out. So he is not present in the House now. As the motion has been admitted—it remains a pending motion, and will be taken up in the next Session.

[3-10 — 3-20 p.m.]

**শ্রী তপন হোড় :** স্যার, আজকে এই ৩০ তারিখে আজকাল পত্রিকায় একটা খবর বেরিয়েছে "স্পিকার ব্যবস্থা নিলে অনশন : হুমকি দিলেন কংগ্রেস বিধায়ক"। আমি এটা পড়ে শোনাচ্ছি "সি পি এম বিধায়ক শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় আনীত অধিকার ভঙ্গের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে রাজ্য বিধানসভার অধ্যক্ষ শ্রী হাসিম আব্দুল হালিম অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে অধ্যক্ষের ঘরের সামনে আমরণ অনশনে বসবেন রায়গঞ্জের কংগ্রেস বিধায়ক দিলীপ দাস। আজ এখানে একথা জানিয়ে দিলীপবাবু বলেন আগামী কাল অধিবেশনে যোগ দেব, সেখানে যা বলার তা তো বলবই, তবে তার আগে বলতে চাই কিসের অধিকার ভঙ্গ? আমি কারও অধিকার ভঙ্গ করি না। দিলীপবাবু আরও বলেন প্রশ্নোত্তরের পর্বে আমরা নতুন বিধায়করা হাত তুলে প্রশ্ন করতে চাইলে অধ্যক্ষ আমাদের দিকে নজরই দেন না, কিছু লিস্টেড নেতাকেই সুযোগ দেন প্রশ্ন করার। স্যার, এই খবরটা বেরিয়েছে এতে এই সভার মর্যাদা নষ্ট হয়েছে, আপনি যে চেয়ারে বসেন তার মর্যাদা—স্যার, আপনার আসনের দিকে তাকিয়ে যে ইঙ্গিত করা হয়েছে কাগজে যা বলা হয়েছে সেটাতে হাউসের অসম্মান হয়েছে, মর্যাদাকে কটাক্ষ করা হয়েছে। স্যার, আজকেও দেখেছি কংগ্রেসের এই আচরণ, প্রশ্নোত্তর পর্বের সময় ইংরাজি নিয়ে মাননীয় মন্ত্রী যখন বলছিলেন তখন যে আচরণ আমরা দেখেছি, বহু পুরাতন বিধায়ক সুব্রত মুখার্জি যেভাবে কাগজ ছিনিয়ে নিয়েছেন, দিলীপ দাস যেভাবে আক্রমণাত্মক মেজাজ দেখিয়েছেন এটাতে সভার মর্যাদা ক্ষুন্ন হয়েছে। আজকে প্রচন্ড হতাশা থেকেই তারা এই সব করছেন। এতে হাউসের মর্যাদা ক্ষুন্ন হয়েছে, আমরা প্রোটেকশন চাইছি, আপনি রুলিং দিন।

**মিঃ স্পিকার :** আমি রুলিং দিতাম যদি আপনি প্রিভিলেজ নোটিশ দিতেন, হাউস শুরু হওয়ার আগে নোটিশ দিতে হত। আজকে রবীনদেব একটা নোটিশ দিয়েছিলেন সেটা আমি খারিজ করে দিয়েছি, কারণ রুল অনুযায়ী হয় নি। এর কতগুলি ফর্মালিটি আছে, রুলস আছে সেগুলি মেনে চলতে হয়। আপনি অন্যদের বলবেন তারা আইন মেনে চলছে না, আর আপনি নিজেই আইন মানছেন না। আপনি যদি সকালে নোটিশটা দিতেন তাহলে আমি রুলিং দিতাম। এভাবে হয় না।

## Motion to be moved from the Chair to save the notices of Cut Motions from being lapsed on the prorogation of the current session of the Assembly

**Mr. Speaker :** Whereas the current session of the Assembly will

be adjourned Sine-die at the conclusion of its sitting on 30th March, 1998 and subsequently prorogued owing to the ensuing Panchayat Election in the State ;

. Whereas the Budget of the State Government for the year 1998-99 has already been presented and the Demands for Grants of all the Departments of the Government have already been moved in the House for discussion and voting ;

Whereas a large number of notices of Cut Motion from the opposition relating to said Demands have been recived in the Assembly Secretariat as usual under the Rules;

Whereas under Rule 312 of the Rules of Procedure these notices of Cut Motions shall lapse on the prorogation of the Session of the House;

Whereas the Assembly will be summoned to meet again after the Panchayat Election for discussion and voting of the Demands for Grants for 1998-99 ; and

Whereas in the interest of healthly democrative norms it is not desirable that the opposition should lose their right to move cut motions to Demands for grants.

This House, therefore, resolves that;

In partial suspension of Rule 312 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the notices of Cut Motions received by the Assembly Secretariat in respect of the Demands for Grants of 1998-99 and pending before the House be allowed not to be lapsed on the prorogating of the current session of the Assembly as a very special case.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** The cut motions remain pending till the next House.

**Motion for Extension of Time Limit for submitting Report on Budget Scrutiny by the Subject Committee**

**Mr. Speaker :** Whereas the rule provides that Subject Committees, shall submit their reports on Budget Scrutiny to the House within 8 (eight) weeks from the date of conclusion of the General Discusstion on Budget.

And whereas the aforesaid date shall be the 22nd May, 1998 for this year;

And whereas there shall be no sitting of the House before the third week of June, 1998

The House, therefore, resolves that—

Under the circumstances the time limit of 8 (eight) weeks for submitting reports on Budget Scrutiny by the Subject Committees, West Bengal Legislative Assembly be extended to 14 (fourteen) weeks, as a special case, for this year only.

The motion was then put and agreed to.

**পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সভায় মাননীয় সদস্য শ্রী তপন হোড় এবং আরও দু-একজন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করেছেন। কলকাতার এস এস কে এম হাসপাতালে বর্তমানে কি রকম পরিস্থিতি, বিশেষ করে নার্সিং স্টাফদের ব্যাপারে আমি এ সম্বন্ধে এখনও পর্যন্ত যা ঘটেছে সংক্ষেপে বলে দিচ্ছি।

শ্রীমতী ভাস্বতী মুখোপাধ্যায় স্টাফ নার্স, গ্রেড-২। তাঁকে কলকাতার এস এস কে এম হাসপাতাল থেকে ক্যালকাটা মেডিক্যাল কলেজ হাসপাতালে বদলি করা হয়। কিন্তু এই বদলিতে তিনি রাজি নন। এবং সেটা যাতে কার্যকর না হয় সে জন্য তিনি এবং তিনি যে সমিতির সদস্য তারা একটা বিক্ষোভ আন্দোলন করেন। এবং এখনও পর্যন্ত আমাদের কাছে যে খবর আছে তাতে ৪০ জন ট্রেইন্ড নার্সেস অ্যাশোসিয়েশন অব ইন্ডিয়ার সদস্যা ওখানে অনশন করে আছেন। এই খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ওখানে যাতে কেউ অসুস্থ হয়ে না পড়েন এবং অসুস্থ বলে দ্রুত চিকিৎসা করার জন্য হাসপাতালের কর্তৃপক্ষকে বলা হয়। তবে এখনও পর্যন্ত কেউ অসুস্থ হননি এবং আশাকরি

হবেন না। বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। বহু মানুষের চিকিৎসা ঐ হাসপাতালে হয়। সাম্প্রতিককালে প্রাকৃতিক বিপর্যয়ে বিপর্যস্ত বহু মানুষের চিকিৎসা ওখানে হচ্ছে। সেই জন্য গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে যাতে হাসপাতালের কার্যকলাপ ভাল ভাবে চলে এবং এজন্য ইতিমধ্যে প্রতিটি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। হাসপাতালের নার্সিং স্টাফ-সব অন্যান্য সমস্ত স্টাফ, চিকিৎসক মন্ডলী, শিক্ষক মন্ডলী খুব সহযোগিতা করছেন। এখনও পর্যন্ত হাসপাতালের কাজ-কর্ম ঠিকভাবে চলছে এবং ভবিষ্যতেও আশা করি চলবে। তা সত্ত্বেও এবিষয়টিকে গুরুত্ব সহকারে দেখা হচ্ছে। কার্যত আজ বিকালে এনিয়ে একটা সভা আছে এবং আশাকরি সেই আলোচনায় মধ্যে দিয়ে আমরা একটা সমাধান সূত্র পেয়ে যাব। ধন্যবাদ।

## BRIEF RESUME OF BUSINESS

**Mr. Speaker :** To-day the 30th March, 1998 is the last day of the 4th Session of the Twelfth Assembly. Before I adjourn the House sine-die I would like to make an announcement regarding Questions. Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as Un-starred ones and replies there to would be circulated to the Members .

Now, I shall narrate in brief about the business transacted during the Fourth (Budget, 1998) Session of the Twelfth Assembly.

(Position as on the 30th March, 1998)

**Questions :**

| | |
|---|---|
| 1. Total number of notices of Question received | -1057 |
| (a) Starred | -728 |
| (b) Un-starred | -329 |
| 2. Total number of Questions admitted | -493 |
| (a) Starrred | -265 |
| (b) Un-starred | -228 |
| Total number of Questions disallowed | -27 |

| | |
|---|---|
| 4. Total number of Questions replied as | -75 |
| (a) Starred | -65 |
| (b) Un-starred | -10 |
| 5. Total number of Questions replied in hand | -80 |
| Number of Questions pending with the Deptt. | -338 |

**Government Bills :**

| | |
|---|---|
| No. of Bills introduced | 3 |
| No. of Bills Passed | 3 |

**Adjournment Motion :**

| | |
|---|---|
| Notices received | 15 |
| Notices desallowed | 1 |
| Consent with held | 14 |

**Calling Attention Notice :**

| | |
|---|---|
| Notices received | 27 |
| Notices admitted | 9 |
| Statement made | 7 |
| Statements to be sent direct to the members concerned | 2 |

**Motion Under Rule 185 :**

| | |
|---|---|
| Notices received | 4 |
| Admitted | 4 |
| Discussed and adopted | 2 |
| Discussed and lost | 2 |

| | |
|---|---|
| **Motion Under Rule 319** | |
| Notices received | 1 |
| **Statement made under rule 346** | |
| Statement made | 1 |
| **Laying of annual reports and accounts of Governments companies and undertakings etc.** | |
| Reports laid | 6 |
| **Privilege Issues** | |
| Notice Received | 2 |
| Disallowed | 1 |
| Allowed | 1 |
| **Mention Cases** | 69 |
| **Zero Hour** | 73 |
| **Number of Sitting** | 14 |
| **Total Hour of Sitting** | 60 hrs. 31 Minutes (Upto 3.00 p.m) |

## FELICITATION

[3-20 — 3-30 p.m.]

Hon'ble members, today the House will adjourn. I would like to thank the Hon'ble Chief Minister, the members of his cabinet, the Leader of the Opposition, different party whips including Chief Government whip, the Hon'ble Deputy Speaker and all the hon'ble members of this House for the cooperation and assistance in helping me to run this House in this session. It has been a bit acrimonious and it has

been at times tumultuous. Unfortunately, Governors Address was disturbed. This should not take place at all. But what I have been saying over the years. I have been completing 16 years in office in a few weeks time, it pains me to see that there is a total deterioration in the parliamentary system in this country and in the parliamentary standard and it is unfortunate that we as a parliamentarian are not being able to live up to the ideals of the people who send us here. We have to understand their expectations, their aspirations and what they want from us. We have to perform here in a democrative manner. It has to be understand very well that if the parliament fails the Government even fails more. If the parliament performs better, the Government will perform better and in that the Opposition has a very important role to play. The Opposition has been using the parliamentary weapon to serve the people and commotion, disturbances, unruly behaviour, making a nuisance inside the parliament is not the use of the parliamentary weapon in the interest of the people. It may serve to get certain publicity to a certain member or party for a certain period of time but it is not going to serve the cause of the people or of the state or the country as a whole which has to be clearly understand and we all have to come together to meet on one common point that Parliament has to be made to function. A country cannot have a non-performing, non-functioning parliament. If amidst chase budgets are passed without a debate who benefits? The Government goes scot free. The Government is not taken to task, not called upon to reply. If the question hour cannot takes place because of disturbances, Government is not called upon to answer. We have to became responsible to the people. If the Governor is not allowed to deliver his address which he has to perform as a constitutional duty, who benefits? He was not came here because he wants to come here. He has to come here to perform his constitutional obligations. Under the constitution, the Governor has to come here on the first day of the first session of every year and also on the first day of the first session after the election. He has to come here and ad-

dress the members. No purpose can be served by heckling him, no purpose can be served by denigrating him. By denigrating him, we denigrate the Constitution.

I am sure in the next session better sense will prevail and we will function in a better performance in a better way. I know the Leader of the Opposition is sincare. There are many senior members the Opposition senior members and many brilliant junior members in the Opposition. They made valuable contribution but because of the number of people who create these disturbances, the greater interest of the people or the State should not be allowed to suffer. I am sure in the coming days the scene will change and West Bengal stands out to the country and the people of the country as a symbol of democracy and the parliamentary system. We have, in the past, done it. I am sure we will also do in future. With these words, I would like to thank you each and every one, once again. We are also going to panchayat Election again a lot of acrimony and debate........and whatever elections are there, I hope to meet all of you in a better atmosphere in the next Session. With these words, I thank you all.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য বিধানসভার এবারের বাজেট অধিবেশনের এই অংশটা অনুষ্ঠিত হয়েছে গোটা দেশের এক রাজনৈতিক দুর্যোগের সময়। আমরা আমাদের দেশে শতাব্দীর পর শতাব্দী ধরে বিভিন্ন সম্প্রদায়ের মানুষ পাশাপাশি বসবাস করছি। আমরা চাই এইভাবে শান্তিতে বসবাস করতে। কিন্তু সমগ্র দেশের ক্ষেত্রে একটা আশঙ্কা দেখা দিয়েছে—আমাদের ধর্ম নিরপেক্ষতার ওপর, সাম্প্রদায়িক সম্প্রীতির ওপর আঘাত আসার আশঙ্কার একটা কালো মেঘ দেখা দিয়েছে। রাজনৈতিক এই সংশয়পূর্ণ জায়গায় দাঁড়িয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের এই অংশটুকু আপনি পরিচালনা করেছেন শক্ত হাতে হাল ধরে অত্যন্ত বিচক্ষণতার মাধ্যমে, আমি আপনাকে তাই ধন্যবাদ জানাচ্ছি। যে সময়টুকু আপনাকে বিধানসভার এই কক্ষের বাইরে থাকতে হয়েছে সেই সময়টুকু মাননীয় উপাধ্যক্ষ মহাশয় খুবই যোগ্যতার সঙ্গে এই সভা পরিচালনা করেছেন। এই সুযোগে তাকেও আমি ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী দলের মাননীয় নেতা এবং সদস্যগণ কখনও কখনও সহযোগিতা করেছেন, কখনও কখনও অসহযোগিতা করেছেন। তারা যে সহযোগিতা করেছেন তার জন্য আমি তাদের ধন্যবাদ

জানাচ্ছি। আর আমি আশা করছি আগামী দিনে অসহযোগিতার ক্ষেত্রটা আরও কমিয়ে আনা যাবে আলোচনার মাধ্যমে। সরকার পক্ষের মাননীয় সদস্যরা বিভিন্ন বিষয়ে অত্যন্ত যুক্তিপূর্ণ প্রশ্ন উত্থাপন করেছেন। আমরা যতটা পেরেছি আপনার মাধ্যমে, আপনার অনুমতি নিয়ে জবাব দেওয়ার চেষ্টা করেছি। তাদেরও এই সুযোগে আমি ধন্যবাদ জানাচ্ছি। অক্লান্ত পরিশ্রম করেছেন এই বিধানসভার সঙ্গে যুক্ত প্রতিটি অফিসার এবং প্রতিটি কর্মী অতিরিক্ত সময় ধরে। এক একদিন সন্ধ্যা সাতটা, সাড়ে সাতটা পর্যন্ত অধিবেশন চলেছে—একদিন তো আটটার পরেও সভা চলেছিল। তাদের প্রত্যেককে আমি ধন্যবাদ জানাচ্ছি। গণমাধ্যমের প্রতিনিধিরা এবং সংবাদপত্রের প্রতিনিধিরা প্রতিদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পরিশ্রম করে এই সভার বক্তব্য জনসাধারণের সামনে তুলে ধরার চেষ্টা করেছেন, তার জন্য আমি তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি সাধারণ মানুষই গণতন্ত্রকে রক্ষা করে তাদের নিজেদের স্বার্থে। আমরা সাধারণ মানুষের প্রতিনিধি আমরা তাই গণতন্ত্রকে তো রক্ষা করবই। যারা সাধারণ মানুষের বিরুদ্ধে কায়েমি স্বার্থের প্রতিনিধিত্ব করেন তারা কিন্তু গণতন্ত্রকে আঘাত করেন কোনও না কোনও প্রক্রিয়ায়। তারা যত আঘাতই করুন—সারা দেশে এবং অন্যত্র—আমরা সাধারণ মানুষের প্রতিনিধি, তাই আমরা এই সভার ভেতরে এবং সভার বাইরে গণতন্ত্রের পতাকাকে উঁচু করে তুলে রাখবই। এই আশ্বাস আমি আপনাকে দিচ্ছি। এবং আপনাকে আরও একবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার বাজেট অধিবেশনের আজ প্রথম পর্যায় শেষ হয়েছে। এই অধিবেশন খুবই স্বল্প সময়ের জন্য হলেও গুরুত্বপূর্ণ ছিল এই কারণের জন্য, দেশের সাম্প্রতিক লোকসভা নির্বাচনের পরে রাজনৈতিক চিত্রের একটা বড় রকমের রদ-বদল ঘটেছে এবং সেই পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গ বিধানসভায় বিষয়টি নিয়ে আলোচনা করে এখানে আমাদের কি দৃষ্টিভঙ্গি তা নন-অফিসিয়াল বা বেসরকারি প্রস্তাবের মধ্য দিয়ে গৃহীত হয়েছে যেটা সারা দেশেব মানুষের কাছে একটা নতুন বার্তা পৌছেদেবে বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, আমরা সকলেই দেখেছি, এই স্বল্পকালীন অধিবেশনে বিভিন্ন সময়ের খুবই ঝঞ্ঝামুখর হয়ে উঠেছে বিশেষ করে রাজ্যপাল এবং মাননীয় অর্থমন্ত্রী তাদের ভাষণ পাঠ করার কালে যে প্রক্রিয়ায়, যে পদ্ধতিতে বাধা দান করা হয়েছে তা সংসদীয় রীতি-নীতির ক্ষেত্রে খুবই অশোভন এবং গ্রহণযোগ্য নয়। এটা অত্যন্ত দুঃখের। বিরোধীদল সংসদীয় ব্যবস্থাকে মজবুত করার পরিবর্তে সংসদের ভিতরে অসংসদীয় আচার-আচারণ করে বিধানসভার গুরুত্বকে হ্রাস করার যে প্রক্রিয়া, যে উদ্যোগ নিলেন সেটা খুবই দুঃখের বিষয়। আপনি

নানাভাবে নানা উদ্যোগ গ্রহণ করেছেন যাতে সংসদীয় রীতি-নীতি সম্পর্কে বিধানসভার সদস্যরা যথেষ্ট অবহিত হতে পারেন। এখানে ফোরাম অব পার্লামেন্টারি স্টাডিজ রয়েছে। আপনি নিয়মিত আলোচনাচক্রের ব্যবস্থা করে থাকেন। আপনি বারে বারে বলেছেন, আমি চাই না, বিধানসভা শ্মশানের নীরবতায় প্রতিষ্ঠিত হোক। সেখানে বাক্-বিতন্ডা হবে, তর্ক-বিতর্ক হবে, ক্ষোভ-বিক্ষোভের হয়তো বহিঃপ্রকাশ ঘটবে। কিন্তু এমন আচার-আচারণ করা উচিত নয় যেটা সংসদীয় রীতি-নীতিকে অবজ্ঞা করা হবে, যেটা অশালীন পর্যায়ে প্রতিষ্ঠিত হবে। কিন্তু সেই দুঃখজনক ঘটনা ঘটেছে। আমি সকলের কাছে আশা করব, পরবর্তী সময়ের অধিবেশনে এইরকম ধরনের আচার-আচারণের পুনরাবৃত্তি ঘটবে না। প্রত্যেকের অধিকার আছে নিজ নিজ মতামত ব্যক্ত করার যুক্তি-তথ্যের উপর নির্ভর করে যাতে দেশের মানুষ বিভিন্ন রাজনৈতিক দলের মতামত জেনে তাদের নিজস্ব মতামত যাতে তৈরি করতে পারে। কিন্তু বিধানসভার কার্যপরিচালনার ক্ষেত্রে হস্তক্ষেপ বা বাধাদান করা সংসদীয় ব্যবস্থায় এটা হওয়া উচিত নয়। যাইহোক, আমি বিরোধী দলের পক্ষ থেকে এইরকম দায়িত্বশীল আচরণ আগামীদিনের জন্য আশা করব। এই স্বল্পকালীন অধিবেশন দক্ষতার সাথে পরিচালনা করার জন্য আপনাকে আমি ব্যক্তিগতভাবে আন্তরিক অভিনন্দন এবং শ্রদ্ধা জ্ঞাপন করছি। অতীতে আমি বারে বারে বলেছি বিধানসভার অধ্যক্ষ হিসাবে বিধানসভার কাজকর্ম পরিচালনা করার ক্ষেত্রে যে দক্ষতার পরিচয় দেখিয়েছেন তা শুধু জাতীয় স্তরে নয়, আন্তর্জাতিক ক্ষেত্রেও আপনি নিজের দক্ষতা সুন্দরভাবে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন, সেইজন্য পুনরায় আপনাকে ধন্যবাদ জানাই আপনার অবর্তমানে মাননীয় ডেপুটি স্পিকার এবং প্যানেল চেয়ারম্যানরা যেভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য তাদের জানাই আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ। ধন্যবাদ জানাই এই হাউসের সমস্ত সদস্যদের, বিভিন্ন দলের হুইপ এবং মাননীয় চিফ হুইপকে, ওনারা নানাভাবে সহযোগিতা করেছেন এবং বিধানসভার কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ধন্যবাদ জানাই বিধানসভার আধিকারিক এবং কর্মচারিবৃন্দের। তারা যেভাবে বিধানসভার কর্মসূচি রূপায়ণ করার জন্য, বাস্তবায়িত করার জন্য যে শ্রম করেছেন তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। আর ধন্যবাদ জানাই সংবাদ মাধ্যমে এবং বৈদ্যুতিক মাধ্যমকে, তারা প্রথম থেকে বিধানসভার কার্যবিবরণী জনসাধারণের সামনে তুলে ধরার যে উদ্যোগ গ্রহণ করেছেন তার জন্য আমার পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাই। পরিশেষে আমি পুনরায় সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১২ই মার্চ এই অধিবেশন শুরু হয়েছিল, আজকে এখানকার মতো এই অধিবেশন শেষ হচ্ছে। স্যার, আপনি জানেন, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারই একমাত্র পঞ্চায়েত আইনকে সঠিকভাবে প্রয়োগ করতে পেরেছে। আগামী ২৮শে মে সেই পঞ্চায়েতের নির্বাচন, তারই জন্য

এখনকার মতো অধিবেশন শেষ হচ্ছে। স্যার এই প্রসঙ্গে বলতে গিয়ে এখানকার বিরোধীদের ভূমিকার কথাটাও স্বাভাবিক ভাবে এসে যায়। স্যার, স্বাধীনতার পর গোটা ভারতবর্ষ জুড়ে যখন কংগ্রেস রাজত্ব করছিল তখন এখানে যিনি বিরোধীদলের নেতা ছিলেন তিনি আজকের মুখ্যমন্ত্রী। সেই সময় আমরা দেখেছিলাম এখানে সঠিকভাবে, গণতান্ত্রিক উপায়ে বিরোধী দলের ভূমিকা পালন করা হত। আজকে কিন্তু তা আর হচ্ছে না। আজকে যারা বিরোধীদলে আছেন তারা যত দুর্বল হচ্ছেন ততই জনগণ থেকে দূরে সরে যাচ্ছেন, অপ্রিয় হচ্ছেন এবং সঠিকভাবে বিরোধীদলের ভূমিকা পালন করতে পারছেন না। ১১৩ বছরের কংগ্রেসের সেই ঐতিহ্য আর নেই, তাদের বিচ্যুতি ঘটেছে এবং তাই আমরা দেখতে পাচ্ছি তারা বিরোধীদলের ভূমিকা পালন করতে গিয়ে হটকারি পথ নিয়েছেন যা এই পবিত্র বিধানসভায় একেবারেই চলে না। জনগণের দ্বারা নির্বাচিত হয়ে আমরা সকলে এই পবিত্র বিধানসভায় এসেছি তাদের সমস্যার কথা তুলে ধরার জন্য। কিন্তু আমরা দেখছি তারা গণতান্ত্রিক অধিকারকে খর্ব করে নানান রকমের অপ্রিয় কাজ এই বিধানসভার মধ্যে ঘটাবার চেষ্টা করছেন যেটা অত্যন্ত নিন্দনীয়। ভারতবর্ষের মতন জায়গায় এটা হওয়া উচিত নয়। পশ্চিমবঙ্গের মানুষ তাদের শিক্ষা দিয়েছেন, আচরণের পরিবর্তন না করলে মানুষ তাদের আরও শিক্ষা দেবেন। স্যার, আপনার সম্বন্ধে বলার কিছু নেই, আপনি শুধু পশ্চিমবাংলা বিধানসভার অধ্যক্ষই নন, আপনি ভারতবর্ষ তথা সারা পৃথিবীতে নজির সৃষ্টি করেছেন। এই হাউসের সকল মাননীয় সদস্যকে আপনি গণতান্ত্রিক অধিকার দিয়েছেন। আপনার ব্যবহারে আমরা সকলেই মুগ্ধ আনন্দিত। সরকাপক্ষ, বিরোধীপক্ষ সকলকে আপনি মুগ্ধ করেছেন। আপনাকে আমি আমাদের পার্টি ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে ধন্যবাদ জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কেও আমি ধন্যবাদ জানাই। এই বিধানসভা সচিবালয়ের সচিব, সহ-সচিব, অন্যান্য কর্মিদেরও আমি ধন্যবাদ জানাই। আমার বন্ধু সরকারি দলের চিফ হুইপ, রবীনবাবুকেও ধন্যবাদ জানাই। বামফ্রন্ট সরকারের সকল মন্ত্রীকেও আমি ধন্যবাদ জানাই। এখানে সংবাদ মাধ্যমের প্রতিনিধি যারা অ ছেন তাদের ধন্যবাদ জানাই। আমরা গ্রামবাংলার মানুষদের কথা যা এখানে তুলে ধরি, সবটা না পারলেও যতটা পারেন তারা সংবাদ মাধ্যমে মধ্য দিয়ে তা তুলে ধরার চেষ্টা করেন। রেডিও টিভি সংবাদপত্রের সাংবাদিকদের সকলকে ধন্যবাদ জানাই। যাদের নির্বাচিত করে পশ্চিমবাংলার মানুষ বিধানসভায় পাঠিয়েছে, তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। তাছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে এবং অন্যান্য সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন অধিবেশন আপনি

প্রশ্নাতীত এবং সহজাত দক্ষতার সঙ্গে পরিচালনা করেছেন, এই সম্পর্কে নতুন করে কিছু বলার নেই। সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় সর্বজনীন ভোটাধিকার, এই সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গি খুব পরিষ্কার যে আমরা এই গণমাধ্যমগুলিকে, আইনসভাগুলিকে শ্রমজীবী মানুষের লড়াই, সংগ্রামের হাতিয়ার হিসাবে ব্যবহার করতে চাই। আর বিরোধীরা তারা গণতন্ত্রের প্রতি আস্থা, প্রত্যয় তারা কিভাবে গণতন্ত্রকে ব্যবহার করবে সেটা ওদের কথা। যদি ধ্বংস করেন তাহলে তার দায়-দায়িত্ব ওদেরই, আর যদি রক্ষা করেন তাহলেও তার দায়-দায়িত্ব ওদের। কিন্তু আমাদের বক্তব্য পরিষ্কার যে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় আমাদের সুনির্দিষ্ট দৃষ্টিভঙ্গি আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা বিষয় হচ্ছে আপনি অত্যন্ত ক্লান্ত। আপনি দীর্ঘদিন ধরে আপনি অসীম দক্ষতার সঙ্গে এই সভা পরিচালনা করছেন এবং এটা সকলের কাছেই গৃহীত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ও বিরোধী দলের নেতা, অতীশ সিনহা মহাশয় একই ট্রেনে করে আসছিলাম। সম্প্রতি লোকসভার টিকিটের ব্যাপারে দেখলাম যে ওখানে স্পিকার, চেয়ারম্যান, ওদের অবস্থা। এই সব দেশে বিরোধী দলের নেতা বলেছিলেন যে, হালিম সাহেব আমাদের গর্ব, পশ্চিমবাংলার গর্ব, এই ব্যাপারে কোনও প্রশ্ন নেই। আপনার সঙ্গে যেমন আচরণই ওরা করুন, এটা স্বীকার করতে বাধ্য হবেন। কিন্তু আপনি খুব ক্লান্ত। আপনি মাঝে মাঝেই বলে থাকেন যে বিধানসভার বিতর্কের মান নেমে গেছে। আমি ১৯৫২ সাল থেকে বিধানসভার কার্য বিবরণী দেখেছি, বহুবার পড়েছি, সব দেখেছি। অনেক কৃতবিদ্ধ মানুষ ছিলেন, বক্তৃতার মানও খুব উন্নত ছিল খুব তথ্যগত ভাবে থাকতো। কিন্তু সাধারণভাবে ইংরাজির বঙ্গানুবাদ করলে সেটা যে একটা বিশাল ব্যাপার ছিল তা নয়। আমার যেটা মনে হয়েছে অতীতের কার্য বিবরণী পড়ে এবং বর্তমানে সাধারণ মানুষের যে প্রতিনিধিত্ব এখানে করা হয় তাতে বিধানসভার অভ্যন্তরে জনসাধারণের দাবি-দাওয়া, অভাব-অভিযোগ, ক্ষোভ-বিক্ষোভের কথা অনেক বেশি প্রতিফলিত হয় আগের চেয়ে। আপনিও লক্ষ্য করবেন যে, তাদের বলার বচনভঙ্গিতে সেই রকম বাগ্মীতার অভাব ঘটতে পারে, কিন্তু গণতন্ত্রের প্লাটফর্ম হিসাবে, মঞ্চ হিসাবে এটা অনেক বেশি মাত্রায় ব্যবহৃত হয়, সাধারণ মানুষের কথাবার্তা অনেক বেশি মাত্রায় এখানে প্রতিধ্বনিত হয়, মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করা হয়। কাজেই সেদিক থেকে আপনি একটু উৎসাহিত করতে পারবেন আমাদের। বারবার ওটা শুনতে শুনতে আমরা একটা হিনমণ্যতায় ভুগতে শুরু করেছি। সে জন্য কার্য বিবরণী পাঠ করে এটা আমাদের উপলব্ধি হয়েছে যে ব্যাপারটা তা নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি বিষয় হচ্ছে, এখানে বিতর্ক করে প্রধানত দুটি দল। সংসদীয় গণতান্ত্রিক রীতিনীতি অনুসারে যারা বেশি সময় পান তারা ভাল বিতর্ক করতে পারেন। কারণ বক্তব্যে অলঙ্কার তার মধ্যে রসবোধ ইত্যাদি প্রকাশ করার সুযোগ তারা বেশি সময় পান। অপর দিকে আমরা যারা খুব অল্প সময় পাই, ৫-৭ মিনিট সময় পাই, তার

উপরে আবার কেটে দেওয়া হয় অনেক সময়ে বাস্তব প্রয়োজনে। কাজেই তারা কি বলবেন? প্রয়োজন অনুসারে বলার কথা ছাড়া আর কিছু থাকে না। স্বভাবতই বিতর্কের মান নেমে গেছে এটা বোধ হয় বলা ঠিক হবে না। এখন বাংলা ভাষায় বললেই বক্তব্যের জোর কমে যাবে, এটাও ঠিক কথা নয়। আমি এটা বলব যে, এই বিধানসভার মান উন্নত করার জন্য আপনি শুধু অধ্যক্ষ হিসাবে ভূমিকা পালন করেন না, আপনি আমাদের গাইডও করেন, আপনি আমাদের নেতৃত্ব দেন যাতে বিধানসভার বিতর্কের মান উন্নত হয়। আমি শুধু এইটুকু বলতে পারি যে, আপনি আমাদের গর্ব। এই কথা আমরা বার বার সর্বত্র বলি এবং ওনারাও স্বীকার করেন। যাইহোক, সেদিক থেকে এই স্বল্পকালীন অধিবেশন আপনি যোগ্যতার সঙ্গে পালন করলেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনিও খুব দায়িত্বের সঙ্গে সভার কাজ পরিচালনা করেছেন। আর এখানে যারা সরকারি কর্মচারী আছেন, তাদের নম্র, সুভদ্র আচরণ আমাদের মুগ্ধ করেছেন। তারা সব সময়েই আমাদের সহযোগিতা করেন। আমাদের বন্ধু মুখ্য সচেতক, রবীন মন্ডল মহাশয়, তিনি আমাদের সমস্ত দলকে একসঙ্গে নিয়ে একটা সুস্থ পরিবেশ রক্ষা করার জন্য সতত চেষ্টা করেন এবং প্রবোধ সিন্‌হা মহাশয়ের কথাও উল্লেখযোগ্য। আর বিরোধীরা, আপনি সঠিক ভাবেই উল্লেখ করেছেন যে, তারা অনেক সময়ে অত্যন্ত উল্লেখযোগ্য এবং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এখানে কিছু আছে যারা হৈ-হল্লা করেন, তারা বোধ হয় ঐ এস এস আলুয়ালিয়া এই সব দেখে অনুপ্রাণীত হন। তা সত্ত্বেও সামগ্রিকভাবে বিধানসভায় বিগত ১৫-২০ বছরের মধ্যে আবার একটা ব্যতিক্রম আমরা লক্ষ্য করছি। সেই কারণে সংবাদ মাধ্যমে তাদের ভূমিকা পালন করছেন। বিধানসভার কথা তারা জনগণের কাছে পৌঁছে দিচ্ছেন। এসব মিলিয়ে বিধানসভায় একটা উন্নত পরিবেশ রচনা হচ্ছে এটা মানতেই হবে। প্রতিনিয়ত এখানে কাজ করতে করতে আপনি ক্লান্ত। আপনাকে যা করতে হচ্ছে সত্যি সেটা কষ্টসাধ্য ব্যাপার। তাসত্ত্বেও আমরা আপনাকে চাইব। আপনি যেতে চাইলেও কেন যেতে দেব? যেতে নাহি দেব। আপনাকে থাকতে হবে। আপনি আরও গণতান্ত্রিক পরিবেশ রচনা করুন, এই প্রত্যাশা রেখে আবার সকলকে, মাননীয় মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের ধন্যবাদ জানাচ্ছি। আপনি এখানে মন্ত্রীদের উপস্থিতির বিষয়ে উল্লেখ করেছেন। নিশ্চয়ই মন্ত্রীদের বাড়তি কাজ করতে হয়, তবুও এখানে তাদের উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে আপনি বার বার সতর্কবাণী উচ্চারণ করেছেন। এই ব্যাপারটা মন্ত্রী মহাশয়দের দেখতে হবে, তাদের সভার কাজে অংশগ্রহণ করতে হবে। এই বলে আর এস পি-র পক্ষ থেকে আপনাকে এবং বিধানসভার কার্যপ্রণালীর সঙ্গে যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ব্যক্তিগতভাবে আপনাকে এবং আপনার মাধ্যমে সকলকে আমার পার্টির পক্ষ থেকে

ধন্যবাদ জানাচ্ছি। আপনি অত্যন্ত সচেতনভাবে বিধানসভার আলোচনাকে দায়িত্বশীল করবার জন্য নিরবচ্ছিন্নভাবে প্রয়াস নিয়ে চলেছেন। বার বার একটি কথাই বলেন যে, বিধানসভা দায়িত্বশীল হয়ে উঠতে পারে সদস্যরা যদি তাদের ভূমিকা যথাযথ পালন করেন। ভারতবর্ষের আজকে যে বিশেষ পরিস্থিতি, মাননীয় অর্থমন্ত্রী যার উল্লেখ এখানে করেছেন, তার পুনরাবৃত্তি আমি করতে চাই না। এই পরিবর্তিত রাজনৈতিক পটভূমিকায় দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার যে নীতি নিয়ে এগোতে চান তার ঘোষণা আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখলাম। দেখলাম, মাননীয় রাজ্যপালের ভাষণ এবং মাননীয় অর্থমন্ত্রীর বক্তৃতা প্রদানে তাদের বাধা দানের প্রয়াস। এ ব্যাপারে তাদের অশোভন আচরণ এবং দৃষ্টিভঙ্গি আমরা দেখতে পেয়েছি। আমরা দেখতে পাচ্ছি সংসদীয় গণতন্ত্রে কয়েকটি রাজ্যে বিধানসভাকে অচল করে দেবার প্রয়াস। কোন কোন রাজ্যে মন্ত্রীরা মারধোর করছেন এম এল এ-দের। এরফলে সেখানে বিধানসভা অচল হয়ে যাচ্ছে, বাজেট বন্ধ হয়ে যাচ্ছে। এইভাবে সংসদীয় গণতন্ত্রের পীঠস্থানে দাঁড়িয়ে সংসদীয় গণতন্ত্রকে ধ্বংসের ষড়যন্ত্র চলছে কোনও কোনও রাজ্যে। আমি বিরোধী নেতা অতীশবাবুকে শ্রদ্ধা করি। তাদের মধ্যে অনেক রেসপনসিবল সদস্যও আছেন। কিন্তু তাদের কয়েকজন সদস্যের অশোভন আচরণকে বন্ধ করতে তাদের কোনওরকম প্রয়াস দেখলাম না। আমার মনে হয়, বামপন্থীদের বিরোধিতা, কমিউনিস্টদের বিরোধিতাকে কত বেশি করতে পারেন, কে কত বেশি বি জে পি-র দাললি করতে পারেন, কে কত বেশি অ্যান্টি-কমিউনিস্ট, সেটা দেখবার কমপিটিশন চলছে। সেটা চালাতে গিয়ে সমস্ত কিছু নষ্ট করবার ষড়যন্ত্রে তারা লিপ্ত হয়েছেন কিনা জানি না। স্যার, আমি আপনার কাছে একটা বিষয় নিবেদন করতে চাই। আমরা দেখেছি আপনি বারে বারে অসীম ধৈর্যের পরিচয় দিয়েছেন। গণতন্ত্রের প্রতিপূর্ণ শ্রদ্ধা রেখে কংগ্রেসিদের প্রতি আপনি অসীম ধৈর্য দেখিয়েছেন, নিশ্চয়ই তার প্রয়োজনীয়তা আছে। কিন্তু আপনার ধৈর্যকে ক্ষমাকে অতিক্রম করে এই ধরনের ঘৃণ্য অপরাধ করবে আপনার এই সহানুভূতির সুযোগ নিয়ে এটা মানা যায় না। তারা এই অনৈতিক অসামাজিক এবং অগণতান্ত্রিক কার্যকলাপ এবং অসভ্য আচরণ করবে মেনে নেওয়া যায় না। আমার আবেদন এই ব্যাপারে আপনি আরও কঠোর হস্তে দৃঢ় হস্তে মোকাবিলা করবেন। এই কথা বলে আমার পার্টির পক্ষ থেকে আপনাকে শ্রদ্ধা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন বাজেট অধিবেশনের আপনি যেভাবে দৃঢ়চিত্রে সভার কাজ পরিচালনা করেছেন সেই জন্য আমি আমার সমাজবাদী পার্টির পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। গত ১২ তারিখের হাউসে

যে দৃশ্য দেখেছি, মাননীয় রাজ্যপাল যখন ভাষণ পাঠ করেছিলেন তখন বিরোধী দলের আচরণ এবং পরবর্তীকালে মাননীয় অর্থমন্ত্রী যখন বাজেট ভাষণ দিচ্ছিলেন সেই সময় বিরোধীদের যে আচরণ সেটা অত্যন্ত নিন্দনীয় আচরণ। সংসদীয় গণতন্ত্রের পক্ষে এটা অত্যন্ত মারাত্মক এবং ক্ষতিকারক। আমাদের যারা নির্বাচিত করে পাঠিয়েছেন তাদের আশা আকাঙ্খার কথা, তাদের অভাব অভিযোগের কথা, গণতান্ত্রিক উপায়ে তুলে ধরবার এবং সেটা সমাধান করবার এটাই হল একমাত্র জায়গায়। সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের একটা মর্যাদা আছে। সেটা তারা ভুলে গিয়ে এই ধরনের আচরণ করেছেন। এই বিষয়টা ছাত্র-ছাত্রীদের মনে খুব সাংঘাতিক রিঅ্যাক্ট করেছে। তারা দূরদর্শনে মারামারি দেখেছে, মন্ত্রীদের দিকে ছুটে যাওয়া সবটা না হলেও কিছুটা দেখেছে। তাতে ছেলে-মেয়েরা আশঙ্কা প্রকাশ করছে কবে হয়ত আমরা ব্যান্ডেজ বেঁধে বাড়ি ফিরব। এই সংসদীয় গণতন্ত্রকে রক্ষা করতে এই সমস্ত ঘটনা আপনি দৃঢ় চিত্তে দমন করেছেন এবং সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করেছেন। আজকে ভারতবর্ষের চারিদিকে যে অবস্থা চলছে তার মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবাংলার যে সংস্কৃতি যে কৃষ্টি তাকে নষ্ট হতে দিতে আমরা চাই না। জাতি-ধর্ম নির্বিশেষে এখানে সমান অধিকার নিয়ে আমরা বাস করি, আমাদের জাত-পাতের কোনও পরিচয় নেই। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে তিনি গ্রাম-গঞ্জের সর্বহারা খেটে খাওয়া মানুষের উন্নয়নের কথা বলেছেন। বিরোধী দল তার পরিবেশ নষ্ট করে দিতে চাইছেন। এই ব্যাপারে আমি আশা বিরোধী দলের মধ্যে প্রবীণ যারা রয়েছে তারা চিন্তা করবেন এবং তারা তাদের দলকে শৃঙ্খলা পরায়ন করবেন। এই শৃঙ্খলা পরায়ন না হওয়ার জন্য বিরোধী দলের যে মর্যাদা যেটা আপনি দিতে চান সেটা তারা পাওয়ার যোগ্য নয়। আশা করি পরবর্তীকালে তাদের আচার-আচারণ আরও পরিমার্জিত এবং পরিশিলিত হবে। আপনি যেভাবে সভার কাজ পরিচালনা করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার অবর্তমানে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে সময় সভার কাজ পরিচালনা করেছেন তা অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিচালনা করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাই মন্ত্রী মহাশয়দের, চিফ হুইপ, পরিষদীয় মন্ত্রী মহাশয়কে এবং বিধানসভার সদস্যগণকে। সরকারি কর্মচারী এবং যারা এই বিধানসভার কাজকে পরিচালনা করার জন্য সহযোগিতা করেছেন তাদের এবং গণ মাধ্যমে তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী সমর হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি ১৯৯৮-৯৯ সালের স্বল্পকালীন অধিবেশনের শেষ দিনে। আপনি যে দক্ষতার সঙ্গে সরকার এবং বিরোধী পক্ষের সদস্যদের নিয়ে এই সভাকে পরিচালনা করেছেন, এই সভায় সকল সদস্যকে আপনি বলার সুযোগ করে দিয়েছেন, তার জন্য আপনাকে

ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি ঐ চেয়ারকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং সভাপতিমন্ডলী মহাশয়দের। সেই সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি এই আইনসভার খবর যারা গ্রামের প্রতিটি মানুষের কাছে পৌঁছে দিয়েছেন, সেই সাংবাদিকদের, রেডিও এবং টেলিভিশনের তাদের। ধন্যবাদ জানাচ্ছি মন্ত্রিসভার সদস্যদের। আমি ধন্যবাদ জানাচ্ছি এই বিধানসভার সরকারি আধিকারিকদের এবং সেক্রেটারি মহাশয়কে। পরিশেষে আমি আর একবার আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী রবীননাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেট অধিবেশনের প্রথম পর্যায়ে এই শেষ দিনে আপনাকে সশ্রদ্ধা অভিনন্দন জানাতে গিয়ে আমার প্রথম কথা যেটা মনে পড়ে যে, এটা বিরোধীদলের কাছে প্রায় কনভেনশনাল হয়ে যাচ্ছে কয়েক বৎসর ধরে, বিধানসভার শেষ দিনে আমাদের এখানে একটা কনভেনশন আছে, স্পিকার সমেত ডেপুটি স্পিকার এবং অন্যান্যদের ধন্যবাদ জানানোর যে রেওয়াজ, এটা বিরোধী দল পালন করছেন না। তারা যে কোনও অজুহাতে যাতে ধন্যবাদ জানাতে না হয়, এই রকম একটা পরিস্থিতি তৈরি করছেন। এটা খুবই দুর্ভাগ্যের বিষয়। মাননীয় স্পিকার মহোদয়, আজকে আপনার বিরক্তি দেখেছি এবং এর আগের অধিবেশনেও, বিরোধী দল সম্পর্কে আজকে বক্তব্যের মধ্যে দিয়ে এটা আমরা দেখেছি। এতে করে বিরোধীপক্ষের মর্যাদা বাড়ে না, অন্ততপক্ষে বিধানসভার অভ্যন্তরে। এটা ঠিক যে, আজকে ভারতবর্ষের রাজনৈতিক ঝড় ঝাপটার পর যে পরিস্থিতি তৈরি হয়েছে, আমাদের রাজ্য ভারতবর্ষের বাইরে নয় যে সেই ঝড় ঝাপটা, তার আঁচটা এখানে এসে আছড়ে পড়বে না। এইসবের মধ্যে যতটা সম্ভব ক্ষমতার মধ্যে সামাল দেওয়া আমাদের রাজ্য বিধানসভার এক্তিয়ারের মধ্যে পড়ে। সকলে মিলে সেটাকে সামাল দিতে হবে, কাউকে ছোট ও বড় এই পরিমাপের মধ্যে না গিয়ে। আপনার কথা বার বার এই সভায় উচ্চারিত হয়েছে। আমরা বার বার বলছি, সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় এই রকম অগস্ট হাউসে স্পিকারের পদ, অন্তত সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় একটা সংস্কৃতি স্পিকারের পদ। সেটা আপনি এমন ভাবে পরিচালনা করেছেন, তাতে সর্বভারতীয় ক্ষেত্রে, অন্তত স্পিকারের যোগ্যতার প্রশ্নে আপনি অনেক কিছু সামনে ছাড়িয়ে অনেকদূর পর্যন্ত পৌঁছেছে। এটা আমাদের কাছে খুব গর্বের। আমি ৬৯ সাল থেকে অনেক স্পিকারকে দেখেছি। সকলকে সম্মান ও মর্যাদা জানিয়ে বলছি, নানা রকম পরিস্থিতি ধরে, অর্থাৎ যেটা বিরোধীপক্ষ থেকে হচ্ছে, সেটা নতুন কিছু নয়। বরং দু মাস পরে পঞ্চায়েত নির্বাচনের পর যখন আমরা পুনরায় এখানে আসব, তখন আর এক রকম চলছে দেখব। অর্থাৎ রাজনৈতিক পট পরিবর্তনের মধ্যে যে অবস্থা হবে, তাতে বিধানসভা উত্তাল হবে, অবস্থার পরিবর্তন

হবে। এটাকে আপনার সামাল দিতে হবে। সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় সঙ্কটের সঙ্গে সঙ্গে বিভিন্ন জায়গাতে এবং বিভিন্ন ক্ষেত্রে আমাদের দেশ আজকে বিপন্ন। যতক্ষণ পর্যন্ত তারা এই ব্যবস্থাকে কাজে লাগিয়ে আমাদের দেশের সর্বনাশ এবং শোষণ করে নিজেদের কালচারকে প্রতিষ্ঠা করে যাবে ততক্ষণ পর্যন্ত এ দেশের কোনও উন্নতি হবে না। যখন তারা এই ব্যবস্থাকে কাজে লাগিয়ে তাদের শ্রেণীকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করতে পারবে না তখনই আক্রমণ করবে। এটাই আমরা ধারাবাহিকভাবে দেখে আসছি এবং এটাই আমাদের অভিজ্ঞতা শ্রমিক শ্রেণী ও শোষিত মানুষের অধিকার আদায়ের জন্য আমাদের ত্যাগ তিতিক্ষা সংগ্রামের মধ্যে দিয়ে এগিয়ে যেতে হবে। বিরোধীদলের যেমন একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, সরকার পক্ষের ট্রেজারি বেঞ্চেরও আছে। ওরা যদি অরাজনৈতিকভাবে আক্রমণ করে সেখানে রাজনৈতিকভাবে মোকাবিলা করে এই ব্যবস্থাকে উন্নত করা যাবে না। সংসদীয় যে রীতি-নীতি এবং যে সমস্ত ব্যবস্থাবলি তাতে কেমনভাবে হাউসকে ব্যবহার করতে হবে সেই ব্যাপারে রাজ্য সরকার একেবারে সর্বোচ্চ স্থানে রয়েছে। আইনসভার মধ্যে যে নিয়মনীতি নির্ধারিত হয় তার সত্যতা নিয়েও আমরা গর্ববোধ করি। পশ্চিমবঙ্গে ৭ কোটি মানুষের এই সরকার সংসদীয় রীতি-নীতি ঠিকমতো মেনে চলার চেষ্টা করেছে। তথ্য সমৃদ্ধ যুক্ত অভিনব এই ব্যবস্থাগুলো যাতে নিজের জীবনে আমরা আত্ম অনুশীলনের চর্চার মধ্যে দিয়ে তা যদি গ্রহণ করতে পারি সেইদিকে দৃষ্টি দিতে হবে। এই যে ইন্টার অ্যাকশনই বলুন বা উদ্যোগই বলুন, যুক্তি তর্কের নিরীক্ষে সংসদীয় ব্যবস্থার মধ্যে এবং দায়বদ্ধতার মধ্যে কঠিনতর পরিস্থিতির মোকাবিলা আপনি করেছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই বিধানসভার ভেতরে কনিস্টিটিউশন বলুন কালচারই বলুন অনেক ক্ষেত্রে সাহায্য করেন এবং গাইড করেন, এটা বাস্তবিক পক্ষে একটা অদ্ভুত ব্যাপার। বিধানসভা চলাকালীন অনেক সময়ে খামতি দেখা যায় সেক্ষেত্রে আপনার একটা বিশেষ ভূমিকা আছে এবং সেটা আপনি পালনও করছেন আপনার চেয়ারে বসে। কখনও উচ্চাঙ্গ রসিকতা বোধ আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। যাইহোক স্বল্পকালীন সময়ে আপনি যেভাবে সভা চালাচ্ছেন এবং আগেও দেখেছি সুন্দরভাবে চালিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি ডেপুটি স্পিকার সাহেবকে, আমাদের সংসদীয় মন্ত্রী এবং বিধানসভার সেক্রেটারি, স্টাফ এবং রিপোর্টার যারা আছেন তাদেরকে। এছাড়া মাস মিডিয়াতে যারা আছেন তাদের অবস্থা সীমাবদ্ধ কিন্তু আপনাদের পরিশ্রমের মর্যাদা দিতে হয়। আমাদের মতো এই সভাতে আপনারা অংশগ্রহণ করতে পারেন না, আলোচনা করতে পারেন না কিন্তু তবুও বসে থাকতে হয়। আমরা খোলাখুলিভাবে অনেক সময়ে বিক্ষোভ দেখাই। দুরদর্শন আমাদের অনেক খবরই কার্টেল করে, সেই নিয়েও বিক্ষোভ দেখাই। এই মাস মিডিয়া প্রচারে এক শ্রেণীর দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে। আমরা যতই এদের বিরুদ্ধে অভিযোগ করি না

কেন এদের পরিশ্রমকে মর্যাদা দিতে হয়। সবাইকে ধন্যবাদ এবং শ্রদ্ধা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-18 p.m.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সঠিকভাবেই এই ছোট সেশনে হাউসের অবস্থা এবং তার জন্য যে উদ্বেগ প্রকাশ করেছেন, অন্যান্য মাননীয় মন্ত্রী বামফ্রন্টের বিভিন্ন শরিক দলের নেতৃত্ব সংসদীয় নেতৃত্ব সকলেই আপনার সঙ্গে একইভাবে সংসদীয় গণতন্ত্রের অবক্ষয় দেখে সকলেই উদ্বিগ্ন, সকলেই চিন্তাগ্রস্থ। কারণ আমরা দীর্ঘদিন ধরে একটা সংসদীয় রীতিনীতি আমরা দেশে সংগ্রহ করেছি, লালন পালন করেছি, আমরা অভ্যস্তও হয়েছি, কিন্তু এই বিংশ শতাব্দির শেষে উনবিংশ শতাব্দিতে যে সংসদীয় রীতিনীতির জন্ম হয়েছিল, বিংশ শতাব্দির শেষে এসে তার অবক্ষয় দেখে সারা ভারতবর্ষ শুধু নয়, পশ্চিমবঙ্গও নয়, সারা ভারতবর্ষের এই অবক্ষয় যেন একটা ভীষণ আকার ধারণ করেছে। সংসদীয় রীতিনীতিতে যারা গায়ের জোরে মাসল পাওয়ার দিয়ে একদিকে যেমন নির্বাচিত হয়েছেন, সংসদের বিভিন্ন সদস্যবৃন্দ আবার সেই গায়ের জোরে যেখানে হাউস অফ ডিবেটস, হাউস অফ ভায়োলেন্স ক্রমশ বাড়ছে এবং আপনি এই চেয়ারে ১৬ বছর আছেন এর মধ্যে দেখেছেন বিভিন্ন প্রিসাইডিং অফিসার্স কনফারেন্স এই নিয়ে আমরা আলোচনা করেছি, উদ্বেগ প্রকাশ করেছি শুরু থেকে। আজকে সেটা যেন কমার লক্ষণ নেই, ক্রমশ সেই মাসল পাওয়ার রাজনীতিতে দেখা যাচ্ছে, সেটা এই হাউসের মধ্যে যেন ঢুকে পড়েছে। এটা একদিকে যেমন সংসদের গলা টিপছে, অন্যদিকে একটা অশুভ ইঙ্গিত এর মধ্যে দিয়ে পাওয়া যাচ্ছে। আজকে একইভাবে রাজনৈতিক দল-বদল এর নানা বিচিত্র ঘটনা ঘটছে, আজকে জনগণ যে পক্ষকে রিজেক্ট করছে, সেই রিজেক্ট দল জনগণের দ্বারা উপেক্ষিত যাদেরকে সরকার চায় না, তারা নানাভাবে কায়দা করে ক্ষমতায় এসেছে। এই ক্ষমতায় আসাটা যেন রীতিনীতি লঙ্ঘন করে ক্ষমতায় আসা এটা যেন সকলের উদ্দেশ্য এতে মানবিকতার কথা, দেশের কথা, দেশের উন্নয়নের কথা সেটা বাদ পড়ছে ফলে দেশের বিপদ বাড়ছে। নিজেরা ব্যক্তিগত ক্ষমতার লোভে পড়েছে ফলে সংঘর্ষ আজকে প্রবল আকার ধারণ করছে। সেইজন্য আজকে আমরা যারা সংসদীয় রীতিনীতিতে দীর্ঘদিন ধরে আশ্বাস রেখেছি, আজকে নতুন করে সংসদে সংসদীয় কমিশন তৈরি হচ্ছে, কিন্তু কি উদ্দেশ্যে তৈরি হচ্ছে, আমরা তাও জানিনা। এই সংসদীয় গণতন্ত্র কি বদলে যাবে, এই আশঙ্কায় আমাদের মনের মধ্যে আসছে। খবরের কাগজে যখন দেখলাম তখন এই আশঙ্কায় আমাদের মনের মধ্যে উঁকিঝুকি মারছে, তাহলে কি এই প্রেসিডেনসিয়াল ফর্ম অফ গভর্নমেন্ট করার জন্য এই রীতিকে বদলে আরও উন্নততর নীতিকে আনার চেষ্টা চলছে। এই ঘটনায় বলে দিচ্ছে সংসদীয় রীতিনীতিকে চূড়ান্তভাবে ধ্বংস করে অন্য একটা চেষ্টা যেন শুরু হয়ে গিয়েছে। এটাকে বদলাও, এটা চলছে না।

ছোট ছোট দল দেখা দিচ্ছে, রাজ্যে রাজ্যে নানা সাম্প্রদায়িক শক্তির বিকাশ ঘটছে, নানারকম ছোটখাট প্রাদেশিক সংকীর্ণতা দেখা দিয়েছে। এই হাউসে যে ধরনের ঘটনা ঘটল, তা এই হাউসের ইতিহাসে কোনওদিন ঘটেনি এবং শুধু তাই নয়, তারা যেসব আচার-আচারণ করল, যে রকম ব্যবহার তারা করল মনে হয় না তারা এই সংসদীয় রীতিনীতিকে রক্ষা করতে এসেছে। আমি আশা করি তারা নিশ্চয়ই এই ভুল একদিন সংশোধন করবেন। আজকে যারা এই সংঘর্ষের নীতিকে বিশ্বাস করছেন, আগামী দিনে তারা ভাববেন এই বিধানসভায় শক্তি প্রয়োগের জায়গা নেই, এটা তর্ক-বিতর্কের জায়গা এবং সেই তর্ক-বিতর্ক জনগণের মঙ্গল করার জন্য, জনগণের কল্যাণ করার জন্য। যারা গরিব মানুষ আজকে যারা খেতে পাচ্ছে না, যারা নিরক্ষর, যারা শোষিত, বঞ্চিত আজকে তাদের জন্য এই হাউসের অভ্যন্তরে যে লড়াই শুরু হয়েছে সেটাকে আটকাবার জন্য একটা চক্রান্ত চলছে। তারা শোষিত মানুষের দলকে উচ্ছেদ করতে চাইছে, যে দল সংসদীয় রীতিনীতির মাধ্যমে কাজ করে থাকে। আজকে তারা এই বলপ্রয়োগের দ্বারা এই রীতি-নীতিকে ধ্বংস করে, গরিব মানুষের কথা যাতে আলোচিত না হয়, গরিব মানুষের কথা যাতে উল্লেখ না হয় সেই চেষ্টাই করছে, এটাই আমাদের আশঙ্কা ও উদ্বেগের কারণ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ছোট সেশন হলেও, এই সেশনের রীতিনীতি অনুযায়ী আমরা পরস্পর, পরস্পরকে ধন্যবাদজ্ঞাপন করি। কিন্তু এখানে দেখি একটা অংশ তারা সেই রীতিনীতিকে মানতে চায় না। দুর্গাপুজার সময় বিজয়ার দিনকে আমরা যেমন কোলাকুলি করি, ঈদের দিনে যেমন পারস্পরিক আলিঙ্গন করি, তেমন সেশনের শেষের দিনেও আমরা বিভিন্ন দলের সদস্যরা ধন্যবাদ জ্ঞাপন করি। সেই রীতি-নীতিকে আজকে উপেক্ষা করা হচ্ছে। যাই হোক আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং বিভিন্ন মন্ত্রীমন্ডলীকে আমি ধন্যবাদ জানাচ্ছি, মাননীয় সদস্যবৃন্দ এবং বিভিন্ন বিরোধী দলের নেতৃবৃন্দকে আমি ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এই সচিবালয়ের কর্মচারিবৃন্দকে যারা কঠোর পরিশ্রম করেছেন, ধন্যবাদ জানাচ্ছি সংবাদ মাধ্যমকে যারা এই হাউসের তথ্য জনগণের কাছে পৌঁছে দিতে সাহায্য করেছেন।

**Mr. Speaker :** Thank you, Mr. Mukherjee. Before I adjourn the House, I once again thank you all and wish you all healthy and hope to see you in the next session.

The House was adjourned at Sine die 4-18 p.m.

---

West Bengal Legislative Assembly do stand prorogued with effect from 31st March, 1998, as per Circular No. 14 (291) LA/MT dated 24-4-98.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

Vol: 111 No-II (One hundred and Eleventh Session, 1998)

(The 25th, 26th, 27th, 28th, & 30th March, 1998)

**Bill**

**The West Bengal Finance Bill, 1998** PP-1056-1082

(i) The West Bengal Appropriation Bill, 1998

(ii) The West Bengal Appropriation (Vote on Account Bill, 1998) PP-1046-1054

**Breach of Privilege** PP-817-818

PP-1062-1067

**Brief Resume of Business** PP-1067-1069

Budget of the Government of West Bengal for 1998-99 Demand Nos. 1, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 16, 18, 19, 20, 21, 22, 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96, 97 PP-323-394

Budget Speech for 1998-99 on Demand Nos. 25 & 79 relating to P.W. Deptt.

by—Shri Kshiti Goswami PP-396-402

Budget Speech on Demand No.26 relating to Administrative Service (Fire protection and control)

by—Shri Ashok Bhattacharya PP-402-407

Budget Speech on Demand No.27 relating to other Administrative Service (excluding fire protection and Control)

by—Shri Srikumar Mukherjee PP-407-413

Budget speech on Derhand No.28 relating to pension and other Retirement Benefit

by—Dr. Asim Kumar Dasgupta P-413

Budget Speech on Demand No.29 relating to Miscellaneous General Service

by—Dr. Asim Kumar Dasgupta PP-413-414

Budget Speech on Demand No.30 relating to General Education (Technical, Sports, Art and Culture)

by—Dr. Asim Kumar Dasgupta PP-414-436

Budget Speech on Demand No.31 relating to Sports and Youth services

by—Dr. Asim Kumar Dasgupta PP-436-446

Budget Speech on Demand No.32 & 33 relating to Medical and Public Health

by—Dr. Asim Kumar Dasgupta P-446

Budget Speech on Demand No.34 relating to Health and Family Welfare

by—Dr. Asim Kumar Dasgupta PP-446-447

Budget Speech on Demand No.35 relating to water supply and sanitation (excluding provision of Air and water pollution)

by—Dr. Asim Kumar Dasgupta PP-417-456

Budget Speech on Demand No.36 relating to Housing

by—Dr. Asim Kumar Dasgupta PP-456-465

Budget Speech on Demand No.37 relating to urban Development

by—Dr. Asim Kumar Dasgupta PP-465-475

Budget Speech on Demand No.38 relating to Information and Publicity

by—Dr. Asim Kumar Dasgupta PP-475-498

Budget Speech on Demand No.39 relating to Labour and Employment

by—Dr. Asim Kumar Dasgupta PP-498-520

Budget Speech on Demand No.46 relating to social security and Welfare

by—Dr. Asim Kumar Dasgupta PP-520-528

Budget Speech on Demand No.41 relating to General Education

by—Dr. Asim Kumar Dasgupta PP-528-537

Budget Speech on Demand No.42 & 43 relating to Social Security and Welfare (Social Welfare)

by—Dr. Asim Kumar Dasgupta PP-537-548

Budget Speech on Demand No.44 relating to Relief on account of Natural Calamities

by—Dr. Asim Kumar Dasgupta PP-548-554

Demand No.45 relating to social Service (Printed Budget Speech of on Demand No.45 has been printed alongwith Demand No.30)

by—Dr. Asim Kumar Dasgupta P-554

Demand No.46 relating to other Social Service

by—Dr. Asim Kumar Dasgupta P-554

Budget Speech on Demand No.47 relating to crop Husbandry (excluding Horticulture and vegetable crops)

by—Dr. Asim Kumar Dasgupta PP-554-573

Budget Speech on Demand No. 48 relating to Soil and Water Conservation

by—Dr. Asim Kumar Dasgupta PP-573-574

Budget Speech on Demand No. 49, 50 relating to Animal Husbandry

by—Dr. Asim Kumar Dasgupta PP-574-588

Budget Speech on Demand No.51 relating to Fisheries

by—Dr. Asim Kumar Dasgupta PP-588-596

Budget Speech on Demand No.52 relating to Forestry and Wildlife

by—Dr. Asim Kumar Dasgupta PP-596-602

Budget Speech on Demand No.53 relating to plantation (Budget Speech of Shri Bidyut Ganguly on Demand No.53 has been printed alongwith Budget Speech on Demand No.24)

by—Dr. Asim Kumar Dasgupta P-602

Budget Speech on Demand No.54 relating to Food storage and Ware housion (excluding public Undertaking)

by—Dr. Asim Kumar Dasgupta PP-602-610

Budget Speech on Demand No.55 relating to Agricultural Research and

Education (Excluding Public Undertakings)

by—Dr. Asim Kumar Dasgupta PP-610-611

Budget Speech on Demand No.56 relating to Crop Husbandry (Horticulture & Vegetable Crops), Industries (Foods and Beverages)

by—Dr. Asim Kumar Dasgupta PP-611-624

Budget Speech on Demand No.57 relating to Co-operation

by—Dr. Asim Kumar Dasgupta PP-624-634

Budget Speech on Demand No.58 relating to Agricultural Programmes

by—Dr. Asim Kumar Dasgupta PP-634-647

Budget Speech on Demand No.59 relating to Rural Development

by—Dr. Asim Kumar Dasgupta PP-648-660

Budget Speech on Demand No.60 relating to Rural Employment

by—Dr. Asim Kumar Dasgupta P-661

Budget Speech on Demand No.61 relating to Land Reforms

by—Dr. Asim Kumar Dasgupta P-661

Budget Speech on Demand No.62 relating to other Rural Development Programmes (Panchayati Raj)

by—Dr. Asim Kumar Dasgupta PP-661-662

Budget Speech on Demand No.63 relating to other Rural Development programmes (Community Development)

by—Dr. Asim Kumar Dasgupta P-662

Budget Speech on Demand No.64 relating to Capital Outlay on Hill Areas

by—Dr. Asim Kumar Dasgupta PP-662-667

Budget Speech on Demand No.65 relating to other Special Areas Programmes

by—Dr. Asim Kumar Dasgupta PP-667-668

Budget Speech on Demand No.66 relating to Major and Medium Irrigation

by—Dr. Asim Kumar Dasgupta PP-676-688

Budget Speech on Demand No.67 relating to Minor Irrigation and Command Area Development PP-688-697

Budget Speech on Demand No.68 relating to Food Control Projects P-697

Budget Speech on Demand No.69 relating to Power Projects and Consumer Industries PP-698-733

Budget Speech on Demand No.72 relating to Non-conventional Sources of Energy PP-733-739

Budget Speech on Demand No.73 relating to Village and Small Industries PP-737-750

Budget Speech on Demand No.74 relating to Engineering Industries (Closed & Sick Industries) PP-750-755

Budget Speech on Demand No.75 relating to Industries (Excluding public [illegible]takings and closed and Sick Industries and Food & Beverages)

by—Dr. Asim Kumar Dasgupta P-755

Budget Speech on Demand No.76 relating to Non-Ferrous Mining & Metallurgical Industries

by—Dr. Asim Kumar Dasgupta P-756

Budget Speech on Demand No.77 relating to Ports and Lighthouses

by—Dr. Asim Kumar Dasgupta P-756

Budget Speech on Demand No.78 relating to Civil Aviation

by—Dr. Asim Kumar Dasgupta PP-756-757

Budget Speech on Demand No.79 relating to Roads and Bridges

by—Dr. Asim Kumar Dasgupta P-757

Budget Speech on Demand No.80 relating to Road Transport

by—Dr. Asim Kumar Dasgupta PP-757-758

Budget Speech on Demand No.81 relating to loans for other Transport Services

by—Dr. Asim Kumar Dasgupta P-758

Budget Speech on Demand No.82 relating to other Scientific Research

by—Dr. Asim Kumar Dasgupta P-758

Budget Speech on Demand No.83 relating to Economic Services

by—Dr. Asim Kumar Dasgupta PP-758-763

Budget Speech on Demand No.84 relating to Tourism

by—Dr. Asim Kumar Dasgupta PP-763-779

Budget Speech on Demand No.85 relating to Census, Surveys & Statistics

by—Dr. Asim Kumar Dasgupta PP-779-780

Budget Speech on Demand No.86 relating to Civil Supplies

by—Dr. Asim Kumar Dasgupta P-780

Budget Speech on Demand No.87 relating to Imvestments & Loans in General Financial and Trading Institution

by—Dr. Asim Kumar Dasgupta P-780

Budget Speech on Demand No.88 relating to other General Economic Services

by—Dr. Asim Kumar Dasgupta P-781

Budget Speech on Demand No.89 relating to Supply and Sanifrition

by—Dr. Asim Kumar Dasgupta PP-781-789

Budget Speech on Demand No.90 relating to Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions

by—Dr. Asim Kumar Dasgupta PP-789-798

Budget Speech on Demand No.92 relating to Loans for Chemical and Pharmaceutical Industries, Engineering & other Industries

by—Dr. Asim Kumar Dasgupta PP-798-802

Budget Speech on Demand No.93 relating to Capital Outlay on Petro-chemical and Consumer Industries

by—Dr. Asim Kumar Dasgupta P-802

Budget Speech on Demand No.94 relating to Capital Outlay on Telecommunication and Electronics Industries

by—Dr. Asim Kumar Dasgupta P-803

Budget Speech on Demand No.95 relating to Capital Outlay on Consumer Industries

by—Dr. Asim Kumar Dasgupta PP-803-804

Budget Speech on Demand No.96 relating to loans for other Industries and Minerals

by—Dr. Asim Kumar Dasgupta P-804

Budget Speech on Demand No.97 relating to other Capital Outlay on Industries and Minerals

by—Dr. Asim Kumar Dasgupta PP-804-805

Budget Speech on Demand No.99 relating to loans to Government Servants

by—Dr. Asim Kumar Dasgupta P-805

**Consideration of the First Report of the Committee of privileges, 1997-98 of the Twelvth Legislative Assembly** PP-1031-1032

**Discussion on Motion Under Rule 185 Regarding the latest display of US belligerancy towards Iraq and Imposition of equally illegal economic sanctions under the grab of UN Mandate**

by—Shri Abdus Salam Munshi PP-84-85

by—Shri Asit Mitra PP-87-88

by—Shri Buddhadeb Bhattacharya PP-89-93

by—Shri Deba Prasad Sarkar PP-93-97, PP-82-84

by—Shri Jayanta Kumar Biswas PP-85-87

by—Shri Md. Sohrab PP-88-89

**Discussion on Motion Under Rule 185 Regarding the Government of India's bid to add the Tenth Schedule to the Constitution of India by the Constitution (Fifty-second Amendment) Act, 1985**

by—Shri Abdul Mannan PP-105-107

by—Shri Anil Mukherjee PP-104-105

by—Shri Atish Chandra Sinha PP-100-104

by—Shri Jyoti Basu PP-107-111

by—Shri Rabindra Nath Mondal PP-97-100, PP-98-100, PP-111-113

**Motion Under Rule-185 Regarding the degradation of the statas of Calcutta, a city of historical, cultural and political importance by the union Government**

by—Shri Abdul Mannan PP-118-119

by—Dr. Asim Kumar Dasgupta PP-120-124

by—Shri Kamalkanti Guha PP-119-120

by—Shri Pankaj Banerjee PP-113-116

by—Shri Rabin Deb PP-116-118

by—Shri Saugata Roy PP-125-128

**Discussion and Voting on Supplementary Estimates for 1997-98**

by—Shri Adhir Ranjan Choudhury PP-857-860

by—Shri Amar Choudhury PP-863-864

by—Dr. Asim Kumar Dasgupta PP-864-871

by—Shri Biswanath Mitra PP-860-863

by—Dr. Gauripada Dutta PP-845-851

by—Shri Hafiz Alam Sheirani PP-856-857

by—Shri Pankaj Banerjee PP-851-855

by—Shri Saugata Roy PP-837-845

**Discussion on Tarnado At Midnapur**

by—Shri Abdul Mannan PP-26-27

by—Shri Brahmamoy Nanda PP-30-31

by—Shri Debabrata Bandyopadhyay PP-33-35

by—Shri Deba Prasad Sarkar PP-31-32

by—Shri Kamalkanti Guha P-33

by—Shri Kanti Biswas P-35, PP-36-37

by—Shri Nazmul Haque PP-27-28

by—Shri Purnendu Sengupta PP-29-30

by—Shri Rabindra Ghose P-28

by—Shri Rabindranath Mondal PP-32-33

by—Shri Rampada Samanta P-31

by—Shri Sabhas Naskar PP-28-29

by—Shri Sushanta Ghose PP-37-38

**Point of Order on Tarnado In Midnapur**

by—Shri Ambica Banerjee PP-122-123

by—Shri Deba Prasad Sarkar PP-125-126

by—Shri Jayanta Kumar Biswas P-125

by—Shri Padmanidhi Dhar PP-123-124

by—Shri Pankaj Banerjee PP-124-125

by—Shri Rabindra Ghose P-126

**Discussion on the West Bengal Finance Bill, 1998**

by—Shri Amar Choudhury P-1059

by—Shri Anil Mukherjee PP-1081-1082

by—Dr. Asim Kumar Dasgupta PP-1071-1072, PP-1060-1062, P-1056

by—Shri Brahmamoy Nanda PP-1077-1078

by—Shri Jayanta Kumar Biswas PP-1074-1076

by—Shri Kamakshyananda Das Mahapatra PP-1076-1077

by—Shri Md. Yaqub PP-1058-1059

by—Shri Padmanidhi Dhar PP-1056-1058

by—Shri Prabodh Chandra Sinha PP-1072-1073

by—Shri Rabindra Ghose PP-1073-1074

by—Shri Rabindranath Mondal PP-1079-1081

by—Shri Samar Hazra PP-1078-1079

**Discussion on (i) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1998**

**(ii) The West Bengal Appropriation Bill, 1998**

by—Dr. Asim Kumar Dasgupta PP-1052-1054, PP-1054-1056, PP-1046-1047

by—Shri Haripada Biswas PP-1050-1051

by—Shri Khara Soren PP-1051-1052

by—Shri Narayan Mukherjee PP-1047-1050

**Felicitation** PP-1069-1071

**General Discussion on Budget**

by—Shri Abdus Salam Munshi PP-71-73

by—Shri Abu Sufian Sarkar PP-84-86

by—Shri Ashoke Kumar Deb PP-55-60

by—Dr. Asim Kumar Dasgupta PP-291-295

by—Shri Asit Kumar Mal PP-259-261

by—Shri Bijoy Bagdi PP-153-155

by—Shri Biren Ghose PP-176-180

by—Shri Brahmamoy Nanda PP-277-279

by—Shri Chittaranjan Das Thakur PP-164-166

by—Shri Deba Prasad Sarkar PP-180-184

by—Shri Gopal Krishna Dey PP-170-176

by—Shri Hafiz Alam Sairani PP-255-259

by—Shri Jatu Lahiri PP-252-254

by—Shri Jayanta Kumar Biswas PP-261-265

by—Shri Jyoti Krishna Chattopadhyay PP-79-84

by—Smt. Kamal Sengupta PP-143-148

by—Shri Kamalkanti Guha PP-167-170

by—Shri Krishna Prasad Duley PP-189-191

by—Smt. Kumkum Chakraborty PP-242-249

by—Shri Manik Upadhyay PP-89-91

by—Shri Md. Sohrab PP-268-270

by—Shri Mohammed Yaqub PP-60-64

by—Shri Nar Bahadur Chhetri PP-186-189

by—Shri Nirmal Ghose PP-161-164

by—Shri Pankaj Banerjee PP-135-142

by—Shri Paresh Nath Das PP-94-96

by—Shri Prabhanjan Mondal PP-49-55

by—Shri Pratyush Mukherjee PP-282-286

by—Shri Purnendu Sengupta PP-74-76

by—Shri Rabindranath Chatterjee PP-64-68

by—Shri Ramesh Roy PP-184-186

by—Shri Rampada Samanta PP-87-88

by—Shri Sailaja Kumar Das PP-273-277

by—Shri Saugata Roy PP-295-308

by—Smt. Shanta.Chhetri PP-155-157

by—Shri Shyamadas Banerjee PP-279-282

by—Shri Saugata Roy PP-39-49

by—Shri Sekh. Daulat Ali PP-76-79

by—Shri Sobhandeb Chattopadhyay PP-249-252

by—Shri Subhas Goswami PP-68-71

by—Shri Sudhir Bhattacharya PP-91-93

by—Shri Tapan Hore PP-157-161

by—Shri Tapas Banerjee PP-148-153

by—Shri Tapas Roy PP-253-242

by—Shri Tarak Bandyopadhyay PP-270-273

by—Shri Tushar Kanti Mondal PP-265-268

**Laying of Ordinance**

The West Bengal Taxation Laws (Amendment) Ordinance, 1997 P-82

**Laying of Report**

Annual Reports and Accounts of the Saraswaty Press Limited for the years 1995-96 and 1996-97 P-1030

Laying of supplementary Expenditure for 1997-98 PP-38-39

**Mention Cases** PP-1037-1044

**Motion for Vote on Account** PP-309-323

**Obituary Reference**

of—Shri PP-97-98

**Point of Information**

by—Shri Deba Prasad Sarkar P-265

**Presentation of Report**

Thirty-first Report of the Business Advisory Committee PP-86-87

Twenty-fifth Report of the Business Advisory Committee PP-77-79

Presentation of the first Report of the Committee on Estimates, 1996-97 P-113

Presentation of the First Report of the Committee of privileges, 1997-98 P-223

Presentation of the Fourth and the Fifth Reports of the Committee on public Accounts, 1997-98 PP-223-224

Annual Report and Accounts of the Salimar works (1980) Limited for the year 1994-95 P-1030

Presentation of the 18th Report of the Subject Committee on 23 agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1997-98 P-1030

The 72nd & the 73rd Annual Reports and Accounts of Westing House

Saxby farmer Limited for the years 1993-94 and 1994-95 P-1030

Presentation of the 18th Reports of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture & Fisheries, 1997-98 P-1037

**Privilege Motion** PP-131-135

Global Tender Floated by W.B. Electricity Board

by—Shri Abdul Mannan PP-961-962

Licence to Mechanised Boats in Sunderbans Area

by—Shri Tapan Hore P-942

Purchase of Soyabean Seeds

by—Shri Gyan Singh Sohanpal PP-947-948

Sub-Divisional Controller Office at Kharagpur

by—Shri Gyan Singh Sohanpal P-1001

Total Number of Registered Unemployed

by—Shri Gyan Singh Sohanpal P-211

Water Supply Augmentation Scheme

by—Shri Gyan Singh Sohanpal P-1003

অকেজো গভীর নলকূপ

—শ্রী শিবপ্রসাদ মালিক P-1002

আবাসনের ভাড়া হ্রাসের প্রস্তাব

—শ্রী অশোককুমার দেব PP-935-936

আলুচাষীদের উন্নতি ও হিমঘর বৃদ্ধি

—শ্রী অশোককুমার দেব P-939

আলু থেকে অ্যালকোহল তৈরি

—শ্রী শিবপ্রসাদ মালিক P-18

আর আই ডি এফ(২)-এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন

—শ্রী গোপালকৃষ্ণ দে P-992

ই এ এস ব্লক হিসাবে চিহ্নিত করা ব্লকের সংখ্যা

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল P-997

উত্তর ২৪ পরগনায় বিশ্বব্যাঙ্কের টাকায় হাসপাতালের উন্নয়ন

—শ্রী নির্মল ঘোষ PP-948-950

উত্তর ২৪ পরগনায় সুসংহত শিশু বিকাশ প্রকল্পের সংখ্যা

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-1018

ও.বি.সি.-দের সার্টিফিকেট প্রদান

—শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক P-989

কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে অনুন্নত সম্প্রদায়ের চাকরি

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-916-917

কলকাতায় বিদেশি কোম্পানির সহযোগিতায় রিসর্ট নির্মাণ

—শ্রী পরেশনাথ দাস ও শ্রী ইউনুস সরকার P-1018

কলকাতা হাইকোর্ট আইন আধিকারিকদের পদ সৃষ্টি

—শ্রী আবু আয়েশ মন্ডল P-927

কলকারখানার শ্রমিকদের ই এস আই-এর অর্থের পরিমাণ

—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় P-983

কংসাবতী জলাধার প্রকল্পের মাধ্যমে জলসেচ

—শ্রী আব্দুল মান্নান PP-964-965

কংসাবতী সেচ প্রকল্প

—শ্রী বুদ্ধদেব ভকত PP-992-993

কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী শিবপ্রসাদ মালিক P-1002

কারাবন্দিদের খাদ্যের জন্য বরাদ্দকৃত অর্থ

—শ্রী সুকুমার দাস PP-968-969

কালাজ্বর, ডেঙ্গু, ম্যালেরিয়া প্রভৃতি রোগে মৃত মানুষের সংখ্যা

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-198-210

কারিগরি শিক্ষায়তন বাড়ানোর প্রস্তাব

—শ্রী আব্দুল মান্নান PP-965-966

কৃষকদের বার্ধক্যভাতা

—শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক PP-988-989

গঙ্গানদী সংস্কার

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-19

গঙ্গা-পদ্মা ভাঙ্গনরোধে ব্যবস্থা

—শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় PP-15-18

গঙ্গার ভাঙ্গনরোধের পরিকল্পনা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-22-23

গভীর ও অগভীর নলকূপ স্থাপন

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-1001-1002

গ্রন্থাগার প্রসারে ব্যবস্থা

—শ্রী আব্দুল মান্নান PP-952-953

গ্রাম পঞ্চায়েতে ক্যাশিয়ার নিয়োগের প্রস্তাব

—শ্রী ঈদ মহম্মদ P-1016

গ্রামাঞ্চলে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী পরিবারের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-924-925

গ্রামীণ-বৈদ্যুতিকরণের জন্য ঋণ

—শ্রী সুকুমার দাস P-914

চাকুরিপ্রাপ্ত প্রতিবন্ধীর সংখ্যা

—শ্রী তপন হোড় PP-944-945

জওহর রোজগার যোজনা খাতে বরাদ্দ

—শ্রী শৈলজাকুমার দাস PP-1006-1007

জওহর রোজগার যোজনায় দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদের প্রাপ্য অর্থ

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-954-955

জাতীয় সড়ক নির্মাণের পরিকল্পনা

—শ্রী শিবপ্রসাদ মালিক P-216

৫নং জাতীয় সড়ক প্রশস্তকরণ

—শ্রী শৈলজাকুমার দাস P-1006

জাতীয় সড়কের সংস্কারের জন্য ঋণ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-930

জেলা পরিষদগুলির অডিট সংক্রান্ত কাজের অগ্রগতি

—শ্রী আব্দুল মান্নান P-962

ঝিকড়া সেতুর পুনঃ নির্মাণ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-925

টি এল জয়সওয়াল হাসপাতাল

—শ্রী আব্দুল মান্নান P-964

ডানলপ টায়ার কারখানা বন্ধ

—শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-991-992

ডি. ভি. সি. থেকে বোরো চাষে জল

—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-19

তৃতীয় হুগলি সেতু নির্মাণ

—শ্রী তপন হোড় PP-941-942

ত্রিদিব চৌধুরি ও সত্যজিৎ রায়ের মর্মরমূর্তি স্থাপন

—শ্রী তপন হোড় PP-945--946

দক্ষিণ ২৪ পরগনায় পাট্টাপ্রাপ্ত ভূমিহীন কৃষকের সংখ্যা

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-920-922

দক্ষিণ ২৪ পরগনায় বন বিভাগের অফিস

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-955-957

দক্ষিণ ২৪ পরগনায় সহায়তা প্রকল্পভুক্ত প্রাপক ও ব্লকের সংখ্যা

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-918-919

দক্ষিণ ২৪ পরগনায় সেচের জন্য ডিপটিউবওয়েলের সংখ্যা

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-953-954

দাঁইহাটা পৌরসভা এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি PP-1009-1010

দিল্লি, মুম্বাই ও চেন্নাইতে যুব আবাস নির্মাণ

—শ্রী তপন হোড় P-946

দুর্গাপুর ই এস আই হাসপাতাল চালু

—শ্রী দেবব্রত ব্যানার্জি P-1000

দুর্যোগকবলিত কাকদ্বীপে বরাদ্দকৃত অর্থ

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-957-958

দূরদর্শনের মাধ্যমে রাজ্যের সংস্কৃতি

—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় P-981

দ্বিতীয় বিবেকানন্দ সেতু তৈরির পরিকল্পনা

—শ্রী অমর চৌধুরি PP-216-217

নদীয়া জেলায় কৃষ্ণগঞ্জে আই সি ডি এস প্রকল্প

—শ্রী সুশীল বিশ্বাস P-1014

নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের উন্নয়ন

—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-21

নেতাজী বচনাবলী প্রকাশ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-19-20

পঞ্চায়েতের কাজের হিসাব পেশ

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল P-997

পঞ্চায়েত নির্বাচনে আসন সংরক্ষণ

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল P-998

পঞ্চায়েতের মাধ্যমে নিম্ন আয়ের মানুষদের জন্য খাদ্যদ্রব্য পরীক্ষা

—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-991

পর্যটন শিক্ষায় বৃত্তি প্রকল্প

—শ্রী আবু অয়েশ মন্ডল P-935

পরিবার পরিকল্পনা আওতায় অন্তর্ভুক্তকরণ

—শ্রী আব্দুল মান্নান P-963

পলাশিতে চিনিকল মালিকদের কাছে আখচাষীদের দাবি

—শ্রী আব্দুল মান্নান PP-951-952

পাথরপ্রতিমায় কলেজ স্থাপনের প্রস্তাব

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-939-940

পাথরপ্রতিমা স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার, কম্পাউন্ডার ও শয্যা বৃদ্ধি

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-919-920

পশু-চিকিৎসকদের শূন্য পদের সংখ্যা

—শ্রী তপন হোড় P-940

পাথরপ্রতিমার দক্ষিণ দুর্গাপুরে ডিপটিউবওয়েল চালু করার প্রস্তাব

—শ্রী গোপালকৃষ্ণ দে P-958

পুঞ্জালিতে পর্যটন কেন্দ্র চালু

—শ্রী অশোককুমার দেব PP-915-916

পোস্টমর্টেম রিপোর্ট দেওয়ার নিয়ম

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি P-1009

পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-925-926

প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য সরকারি প্রশিক্ষণকেন্দ্র

—শ্রী আবু আয়েশ মন্ডল P-934

প্রাথমিক বিদ্যালয়ে "আনন্দপাঠ" শিক্ষণ পদ্ধতি

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-20

ফুয়েল সারচার্জ

—শ্রী সৌগত রায় PP-1000-1001

ফ্যাক্টরি ইন্সপেকশন অফিস নির্মাণের পরিকল্পনা

—শ্রী গোপালকৃষ্ণ দে P-959

বক্সা ব্যাঘ্র গবেষণা প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-98-102

বক্সার ব্যাঘ্র প্রকল্পে বাঘের সংখ্যা

—শ্রী তপন হোড় P-944

বজবজ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ স্থানান্তরকরণের প্রস্তাব

—শ্রী অশোককুমার দেব P-936

বজবজ কলেজে নতুন অনার্স কোর্স চালুর পরিকল্পনা

—শ্রী অশোককুমার দেব P-935

বজবজ গ্রন্থাগারগুলির সংস্কার

—শ্রী অশোককুমার দেব PP-937-938

বজবজ ট্রাম টার্মিনাল নির্মাণের পরিকল্পনা

—শ্রী অশোককুমার দেব P-938

বজবজের সুভাষ উদ্যান সংলগ্ন স্টেডিয়ামের কাজ

—শ্রী অশোককুমার দেব PP-914-915

বজবজ স্পোর্টস কমপ্লেক্স নির্মাণ

—শ্রী অশোককুমার দেব P-916

বজবজে প্লাইউড কারখানার উন্নয়ন

—শ্রী অশোককুমার দেব P-915

বজবজে মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিকে উন্নীতকরণের প্রস্তাব

—শ্রী অশোককুমার দেব P-937

বজবজে হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল স্থাপনের প্রস্তাব

—শ্রী অশোককুমার দেব P-936

বর্ধমান জেলার মন্তেশ্বর দেনুড় সড়ক নির্মাণ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-930

বন্ধ-নন-ফর্ম্যাল ইউনিটগুলি চালু করার ব্যবস্থা

—শ্রী আব্দুল মান্নান PP-211-212

১৯৯৭ বর্ষে রাজ্যে লোক-আদালতের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-933-934

বহুতল বাড়িতে অগ্নিনির্বাপণ ব্যবস্থা

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-102-106

বাগজোলা খাল সংস্কার

—শ্রী অমর চৌধুরি P-1004

বাংলা ভাষায় বিশ্বকোষ রচনা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-929-930

বাংলা ভাষায় ভারতীয় সংবিধান প্রকাশন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-922-923

বাঁকুড়া জেলার আই সি ডি এস প্রকল্পের অচল গাড়িগুলির মেরামতকরণ

—শ্রী অঙ্গদ বাউরী P-1010

বাঁকুড়া জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ

—শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় P-21

বাঁকুড়া জেলার জন্য ক্রীড়া সরঞ্জাম

—শ্রী অঙ্গদ বাউরী P-1011

বাঁকুড়া জেলায় পাটিত গ্রামের গ্রন্থাগারের কর্মীসংখ্যা

—শ্রী আব্দুল মান্নান PP-917-918

বাঁকুড়ার সিমলাপালে কৃষিমহাবিদ্যালয় খোলার পরিকল্পনা

—শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় P-980

'বান্ধব-পাঠাগার'-এ সরকারি অনুদান

—শ্রী অশোককুমার দেব PP-1013-1014

বালুরঘাটে আই টি আই স্কুল চালুর সিদ্ধান্ত

—শ্রী তপন হোড় P-945

বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণকেন্দ্র

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-959-961

বিদ্যালয়ের উন্নতীকরণ

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল P-995

বিদ্যুৎ প্রকল্পের কাজ

—শ্রী সুকুমার দাশ PP-912-913

বিদ্যুতের দাম বৃদ্ধি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-909-910

বিবেকানন্দ সেতু সংস্কার

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-959

বিভিন্ন উৎসবে বিধায়কদের মাধ্যমে বস্ত্রাদি বিতরণ

—শ্রী মোজাম্মেল হক P-987'

বিশ্বব্যাঙ্কের সহায়তায় স্বাস্থ্যপরিষেবা

—শ্রী সুকুমার দাস P-969

বীরভূম জেলার রাজগ্রাম মহামায়া উচ্চ বিদ্যালয়

—ডাঃ মোতাহার হোসেন P-1014

বীরভূম জেলায় ভূগর্ভস্থ কয়লা উত্তোলন

—শ্রী তপন হোড় P-917

বুনোহাতির আক্রমণে নিহতের সংখ্যা

—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) এবং শ্রী ইউনুস সরকার P-994

বৃত্তিমূলক শিক্ষা প্রসারে সরকারের ভূমিকা

—শ্রী তপন হোড় PP-193-198

বেনফেডের মাধ্যমে কৃষকদের সার বিলি

—শ্রী তপন হোড় P-941

বেলঘরিয়া হাইওয়ে এক্সপ্রেস রাস্তাটির সংস্কার

—শ্রী অমর চৌধুরি P-1005

বেলপাহাড়ী ব্লকে জল প্রকল্প

—শ্রী বুদ্ধদেব ভকত PP-993-994

বৈদেশিক সহায়তায় পৌর উন্নয়ন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-110-113

বোলপুর পানীয় জলসরবরাহ প্রকল্পে অগ্রগতি

—শ্রী তপন হোড় P-943

বোলপুরে মহিলা কলেজ স্থাপন

—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় P-980

ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসারস ইউনিয়ন লিমিটেড

—শ্রী অধীররঞ্জন চৌধুরি P-1011

ভাগীরথী মিল্ক প্রোডিউসারস্ ইউনিয়ন লিমিটেডের দুগ্ধ সংগ্রহের পরিমাণ

—শ্রী মোজাম্মেল হক P-985

ভূমিহীন কৃষকদের জন্য প্রভিডেন্ট ফান্ড প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-926-927

ভৈরবনদীর ভাঙ্গনরোধে পরিকল্পনা

—শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) PP-20-21

ভোটারদের পরিচয়পত্র বিতরণ

—শ্রী শৈলজাকুমার দাস PP-1007-1008

মহিলা কমিশন প্রদত্ত রিপোর্টের সংখ্যা

—শ্রী তপন হোড় P-941

মাদার ডেয়ারির দুধের চাহিদা

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-998

মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিককে উন্নীতকরণ

—শ্রী শৈলজাকুমার দাস P-1005

মানবাধিকার সম্পর্কে পাঠক্রম চালু

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-5-10

মিড ডে মিল প্রকল্প

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি P-1009

মুর্শিদাবাদ অচল সেচ প্রকল্পগুলির পুনরায় চালুকরণ

—শ্রী মোজাম্মেল হক PP-984-985

মুর্শিদাবাদে গ্রামীণ গ্রন্থাগার

—শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) PP-986-987

মুর্শিদাবাদ জেলায় দ্বারকা নদীর উপর গাঁতলাঘাটে সেতু নির্মাণ

—শ্রী বিশ্বনাথ মন্ডল P-995

মুর্শিদাবাদ জেলার সমস্ত কলেজকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্তর্ভুক্তিকরণ

—শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) P-986

মুর্শিদাবাদ নতুন কলেজ

—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) এবং শ্রী ইউনুস সরকার PP-994-995

মুর্শিদাবাদে নতুন মহকুমা

—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) এবং শ্রী ইউনুস সরকার PP-114-115

মুর্শিদাবাদে পর্যটনকেন্দ্র স্থাপন

—শ্রী ঈদ মহম্মদ PP-1016-1017

মৃগ উদ্যানে মৃত মৃগের সংখ্যা

—শ্রী ব্রহ্মময় নন্দ P-971

মেজিয়া সেতু থেকে বাঁকুড়া পর্যন্ত রাস্তার কাজ

—শ্রী অঙ্গদ বাউরী PP-1010-1011

মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে চিকিৎসকের শূন্যপদ

—শ্রী আব্দুল মান্নান P-951

মেদিনীপুর জেলা বিভাজন

—শ্রী শৈলজাকুমার দাস P-114

মেদিনীপুর জেলায় হাই মাদ্রাসা বিদ্যালয়ের অনুমোদন

—শ্রী বুদ্ধদেব ভকত P-18

মোটরযান থেকে রাজস্ব সংগ্রহ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-898-903

যুগান্তর ও অমৃতবাজার পত্রিকার পুনঃ প্রকাশ

—শ্রী সঞ্জয় বক্সী P-966

যোধপুর পার্কে নিরাময় হাসপাতাল

—শ্রী রবীন দেব PP-999-1000

রবীন্দ্র সরোবরকে জাতীয় সরোবরে উন্নীতকরণ

—শ্রী রবীন দেব PP-106-110

রবীন্দ্র সরোবর স্টেডিয়ামের সংস্কার

—শ্রী রবীন দেব PP-913-914

রাইস মিল থেকে লেভি বাবদ চাল সংগ্রহ

—শ্রী তপন হোড় PP-943-944

রাজ্যে আই সি ডি এস প্রকল্প

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী মোজাম্মেল হক P-990

রাজ্যে আর এল আই প্রকল্পের সংখ্যা

—শ্রী শৈলজাকুমার দাস PP-1008-1009

রাজ্যে উচ্চ মাধ্যমিক উন্নীত স্কুলের সংখ্যা

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-971-980

রাজ্যে কারাবন্দির সংখ্যা

—শ্রী তপন হোড় P-946

রাজ্যে কোরোসিন তেলের চাহিদা

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-999

রাজ্যে খাজনায় ছাড় পাওয়া জোতের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-934

রাজ্যে তহশীল মোহরার পদে ক্যাজুয়াল কর্মী নিয়োগ

—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) PP-1015-1016

রাজ্যের নতুন ট্যুরিস্ট লজ ও পান্থশালার বেসরকারিকরণ

—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-1017

রাজ্যে পশুচিকিৎসালয়ের সংখ্যা

—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় PP-980-981

রাজ্যের পাঠাগারগুলিতে সরকারি অনুদান

—শ্রী অশোককুমার দেব PP-1012-1013

রাজ্যে পারিবারিক রেশন কার্ড পুনঃ প্রবর্তন

—শ্রী ঈদ মহম্মদ P-1016

রাজ্যে গ্রামীণ গ্রন্থাগারে গ্রন্থাগারিকের শূন্যপদ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-932

রাজ্যে প্রাথমিক বিদ্যালয় স্থাপন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-928-929

রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগ

—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস P-1017

রাজ্যে বিড়ি শ্রমিকের সংখ্যা

—শ্রী ইউনুস সরকার P-212

রাজ্যে মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন

—শ্রী বুদ্ধদেব ভকত P-993

রেশনের মাধ্যমে খাদ্যবস্তু সরবরাহে ভর্তুকির পরিমাণ

—শ্রী সুকুমার দাস PP-212-214

রাজ্যে রুগ্নশিল্পের পুনর্বাসন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-923-924

রাজ্যে সাক্ষরতার হার

—শ্রী আবু আয়েশ মন্ডল P-931

রাজ্যে সিনেমা হলের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-927

রাজ্যে স্কুল সার্ভিস কমিশন

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী মোজাম্মেল হক PP-989-990

লক-আপে বন্দি মৃ
—শ্রী অশোককুমার দেব PP-938-939

লালবাগে রেগুলেটেড মা চেকপোস্ট
—শ্রী মোজাম্মেল হক PP-987-988

লেকগার্ডেন্স ও বন্ডেলগেট লপুলের কাজ
—শ্রী রবীন দেব 15

শস্যবিমা প্রকল্পে উপকৃত কৃষকের সংখ্যা
—শ্রী তপন হোড় PP-940-941

শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে উন্নয়ন
—শ্রী অজয় দে P-1015

শূন্যপদ পূরণে নথিভুক্ত বেকারদের কললেটার বিলি
—শ্রী মান্নান PP-962-963

শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন পর্যদকে বরাদ্দকৃত অর্থের পরিমাণ
—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় PP-983-984

সম্পূর্ণ স্টেডিয়ামের সংখ্যা
—শ্রী তপন হোড় PP-903-909

সরকারি উদ্যোগে গড়া স্টেডিয়াম
—শ্রী ইউনুস রকার PP-910-911

সরকারিভাবে স্বীকৃত রি সংখ্যা
—শ্রী অধীররঞ্জন চৌধুরি PP-1011-1012

সংখ্যালঘু বেকারদের জন্য বিশেষ স্বনিযুক্তি প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-932-933

সংবাদপত্রে সরকারি বিজ্ঞাপনে খরচ

—শ্রী তপন হোড় P-947

সংস্কৃতি জগতের দুঃস্থ শিল্পীদের ভাতা প্রদান

—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় P-983

সি ই এস সি-র অতিরিক্ত ফুয়েল সারচার্জ

—শ্রী আব্দুল মান্নান PP-893-898

সীমান্ত এলাকায় বর্ডার রোড

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী মোজাম্মেল হক P-988

সীমান্ত এলাকায় বিভিন্ন সমস্যা

—শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মন্ডল PP-995-997

সুন্দরবনে উন্নয়নমূলক কাজ

—শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় PP-981-982

সেসরু স্কীমে লোন

—শ্রী গোপালকৃষ্ণ দে P-920

স্কুল সার্ভিস কমিশন কর্তৃক শিক্ষক/শিক্ষিকা নিয়োগ

—শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) PP-10-15

স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার জন্য আবেদন ফি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-1-5

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ

—শ্রী শৈলজাকুমার দাস PP-1005-1006

স্ব-নিযুক্তি প্রকল্পে ঋণদানে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ভূমিকা

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-913

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীবর্ষে প্রতিষ্ঠিত ফলকের সংখ্যা

—শ্রী সুকুমার দাস P-922

স্টার থিয়েটার অধিগ্রহণ

—শ্রী সঞ্জয় বক্সী P-966

হাওড়া কর্পোরেশনে অনুদান প্রাপ্ত অর্থ

—শ্রী জটু লাহিড়ী PP-113-114

হাওড়া-জগদীশপুর রুটে বাস চলাচল

—শ্রী পদ্মনিধি ধর P-961

হাওড়ায় দূষণ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ

—শ্রী তপন হোড় PP-966-968

হাসপাতালে রোগীদের পথ্যবাবদ বরাদ্দ অর্থ

—শ্রী দেবব্রত ব্যানার্জি ও শ্রী শ্যামাপ্রসাদ পাল P-216

হাসপাতালে রোগীদের পথ্য সরবরাহ বন্ধের কারণ

—শ্রী জটু লাহিড়ি PP-214-215

হাসপাতালে সরবরাহকৃত ঔষধের গুণগত মান পরীক্ষা

—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-214

হুগলি জেলায় আলুচাষীর তালিকা

—শ্রী আব্দুল মান্নান P-951

**Statement Under Rule-346**

Regarding revaluation and eisired alteration of the Prevailing Education system on the changing perspective of economic condition and neighbouring situation

by—Shri Kanti Biswas P-1029

Regarding Steps taken by the State Government to grant relief to people of 13 villages which are being badly affected by flood

by—Shri Buddhadeb Bhattacharya PP-128-131

**Statement on Calling Attention** regarding the closure of Bauria Cotton Mill in Howrah District and the consequential situation (Attention called by Shri Ramjaman Manjhi on 18-3-1998)

by—Shri Shanti Ranjan Ghatak PP-219-221

Statement on Calling Attention regarding the subject of closure of Bereja Pump Private

by—Shri Shanti Ranjan Ghatak PP-222-223

Statement on Calling Attention regarding the reported loss of lives and properties by Tarnado in Midnapore district on 24-3-98

by—Shri Surjya Kanta Mishra PP-224-236

Statement on Calling Attention regarding delay in progress repairing works of the damages caused by Sea high tide at Digha (Attention called by Shri Sailaja Kumar Das on the 29th March 1998)

by—Shri Debabrata Bandyopadhyay PP-1026-1027

Statement on Calling Attention regarding setting up of a Truck Terminus at Budge Budge (Attention called by the Shri Ashoke Kumar Deb on the 28th March 1998)

by—Shri Subhas Chakraborty P-1028

Statement on Calling Attention regarding the incident of gang-rape of one Bangladeshi woman in Howrah Yatrinibas

by—Shri Budhadeb Bhattacharya PP-121-122, PP-116-120

Statement on Calling Attention regarding the subject of errosion of river Ganga-Padma in Mushidabad and Malda district (Attention called by Shri Abu Sufian Sarkar on the 26th March 1998)

by—Shri Abu Sufian Sarkar P-1025

**Supplementary Estimates for the Year 1997-98**

Demand Nos. 1, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 16, 18, 19, 20, 21, 22, 24, 25, 26, 27, 28, 29, 30, 31, 33, 34, 35, 36, 37, 39, 40, 41, 42, 43, 44, 45, 46, 47, 49, 50, 51, 52, 53, 54, 57, 58, 59, 60, 62, 63, 64, 66, 67, 68, 69, 73, 74, 75, 76, 77, 78, 79, 80, 81, 82, 83, 86, 89, 92, 93, 95 PP-818-892

**Zero Hour**

PP-807-817, PP-1044-1046

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006